SRIMATHBHAGABATH GITA.

OR

THE SONG CELESTIAL.

With the original Sanskrit, English and Bengali translations,

Commentary by Sridhar Swami, including copious

foot-notes in English and Bengali from

Book I to Book VI.

Vol. I

COMPILED AND PUBLISHED BY

KALI PRASANNA SARKAR B. A.

Comilla:

PRINTED BY GOPAL CHANDRA DAS

AT THE SINHA PRESS.

1894.

Price Re. 1 one.

INTRODUCTION.

There are so many editions of "Bhagabath Gita" that a bilingual edition like this may appear superfluous. If indeed it is such, a plethora in books on religion is not at all undesirable. But the reader will perceive as he goes through this book that my principal aim has been to popularize the invaluable doctrines and instructions contained in this great National Song of the Aryas. Men following other religions and even the Hindus, find it a hard task to ascertain exactly what Hindu Religion means, as owing to a diversity of creeds and schools of thought and religion, the main doctrines of the Hindu Religion lie scattered over a boundless ocean of books. There are the four Vedas of which some portions are now extinct, the Sanhitas, the Upanishads, the Darshanas, the Puranas, and various other religious books. The doctrines found in these books not only clash with one another, but there has been an eternal warfare raging between the several schools of philosophy and Puranas. At an advanced stage of the Hindu history this struck Srikrishna who delivered a series of sermons to Arjuna, his beloved protege and pupil. It was on the Holy Land of Kurukshetra that the Universal Spirit spoke unto the embodied spirit and solved the great Asian mystery which owing to ignorance has troubled many a great mind. Srikrishna

reconciles all doctrines and opinions and lucidly explains the sphere and influence of the Hindu religion in three cantos, each canto consisting of six Books. In the first canto He explains the "ত্বং" or what is embodied soul; in the second canto He explains the "তৎ" or what is Universal Soul and in the third canto He explains the "অসি" or how the individual soul merges into the Supreme Soul, in other words, attains the *Nirvana* or a state of perpetual and ineffable bliss.

Any one therefore who wants to know what Hindu Religion is, ought to study the Gita. But as Vedavyash has composed the song in very dignified and difficult verse, it is impossible for a person to understand the Hindu scriptures unless he is well versed in the Sanskrit language. With a view to make the Gita intelligible to English and Bengali readers I have compiled this bilingual edition. I wish to publish it in three parts. Part I. is now presented to the public.

Regarding the probable date of the Gita it is difficult to say anything positively. Some assert that it is anterior to the Christian era, while others say that it has been inserted into the Mahabharatha at a later period. Mr. Kashi Nauth Telang has, I think, very clearly proved by conclusive arguments that it is much anterior to the Christian era. But a discussion in this point seems to me valueless. Whether the Gita is older than the Sermon on the Mount, or vice versa, there can be no doubt that Srikrishna and Christ delivered their sermons quite independent of each other's help. Both soared aloft and lifted

up the human race with them ; but a comparison of the Gita with the Bible will shew that Srikrishna attained a much higher region. He wanted to make man a God and to convert this "vale of tears" into a delightful elysium. As we, the Hindus have found a rich treasure of religious teachings in the Bible, so the Christians, it is hoped, will find in the Gita invaluable instruction for the salvation of the human soul. After a careful and patient study both will close these two books with a firm conviction that the teachings in both lead the pilgrim to the path of salvation only.

The plan adopted in this compilation is simple enough. The original verse appears on the top of the page. Then occurs a change of the verse into prose by a simple transposition of words, supplying an ellipsis here and there, as occasion requires. This is followed by a Bengali and an English translation. To enable my English readers to grasp the spirit of the verse I have appended English foot-notes. A Bengali explanation with a simple rendering of the Sanskrit commentary by Sridhar Shwami, the most popular commentator, has also been inserted. Each word of the verse has been explained in Sanskrit and Bengali, and in doing so I have adopted the explanations given by Sri Shankar Acharya and Pandit Madhoo Sudan Saraswati.

The reader must understand that throughout the Gita runs a grand metaphor in which Srikrishna appears as the Universal Spirit and Arjuna as an embodied Soul.

The first Book is called the survey of armies or the distress of Arjuna. When the Pandavas returned to their home after twelve years of exile and one year of secluded residence, they demanded a moiety of the empire then ruled by Duryodhan. The latter having refused to part with his kingdom and Yudhisthira, the eldest of the Pandavas wishing to avoid war expressed his willingness to remain satisfied, if he could obtain peaceful possession of five cities for five brothers. A council was held in which against the wish of all Duryodhan expressed his firm resolution not to give up an inch of land without war. Then preparations for war commenced and on the first day when Arjuna appeared in the battle-field on a chariot drawn by white horses driven by Srikrishna himself, he was suddenly moved by compassion on finding that he was required to kill his adored preceptor and dear relations for the sake of a few years of earthly greatness. He threw down his javelin and declined to fight..

Srikrishna pointed out to him that his duty as a Kshatriya soldier was to fight not for any selfish end but for freeing his father's land from the oppression of the tyrant.

In the second Book Srikrishna gives a brief survey of the sixteen Books which will compose his sermon. And therefore this Book has been styled the Book of doctrines.

In the third Book which is styled "Karma-Yog" or Religion by Work Srikrishna lays the foundation for the spiritual development of the aspirant after a higher existence. He

says that all greatness in this direction must be based on *work* done for the good of all. This must be accompanied with a total abnegation of self. The reader is referred to verse XXX, Book III which briefly yet pithily gives the purport of this Book.

By continually working in this wise the heart is purified and is cleansed of sins and sinful thoughts. Then man gains true knowledge which is the door to salvation.

Book IV treats of Religion by knowledge. This knowledge is briefly explained in the last stanza of verse XXXV.

When this knowledge has been gained and practically felt, it leads the neophyte to a total surrender of work. This has been clearly shewn in Book V. The spirit of this Book is given in Verse XI.

When the mind of the devotee (Yogee) has been purified, when he has gained the true knowledge that the universe is but an expansion of Brahma, when he feels the pleasure and pain of all animated creation as his own and when all motive to action has disappeared, the Yogee should select a secluded site and sit in *dhyan* or divine contemplation. The Sixth Book dwells on *dhyan*. The spirit of this Book is given in verse XIV.

With the Sixth Book ends the disquisition on the embodied soul. Making the Yogee sit in *dhyan*, Srikrishna commences to explain the nature of Brahma to which his mind should be concentrated. This leads the reader to the discussion of the theme of the second canto, viz. what God is.

I cannot conclude this introduction without acknowledging my warmest thanks to the following gentlemen who have helped me in this compilation.

Mr. Lokendra Nauth Palit of the Bengal Civil Service, Baboos Tripura Charan Mukheryi B. A., Dinesh Chandra Sen B. A. and Chinta Haran Chakravarty B. A. of the Education Department and Pandits Ananda Chandra Tharka-bagish, Shashadhar Smritibhushan and Devi Das Siromani.

I should also acknowledge that I have received much help from the English translation of the Gita by Sir Edwin Arnold and from the admirable compilation of Kumar Srikrishna Prasanna Sen.

Modandery,
FARIDPUR.
13th November,
1892.

Compiler.

উপক্রমণিকা।

মহাভারতান্তর্গত ভীষ্ম পর্ব্বের মধ্যে ভগদ্গীতানামক যে প্রকরণ উনত্রিংশ অধ্যায়রূপে সন্নিবেশিত হইয়াছে তন্মধ্যে শেষ অষ্টাদশ অধ্যায়কে শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদ বলিয়া থাকে। আর্য্যগণের প্রভূত গবেষণা যে সর্ব্বজাতির গৌরব স্থল তৎপ্রতি কোন সন্দেহ হইতে পারে না। মহর্ষিগণ এই গবেষণার বলে, যে সকল মহারত্ন সংগ্রহ করিয়াছিলেন তন্মধ্যে গীতা যে সর্ব্বোৎকৃষ্ট মহোজ্জ্বল মহারত্ন, তাহা সকল সম্প্রদায়ই স্বীকার করিয়া গিয়াছেন। আধুনিক মানব মস্তিষ্কের দুর্ব্বলতা প্রযুক্তই হউক অথবা সমাজের পূর্ণসংস্কারের অভাবেই হউক প্রায়শঃ ধর্ম্মগ্রন্থ মধ্যে ভ্রম ও প্রমাদ প্রবেশ করিয়াছে। অনেক স্থলে অসার বাক্যে ধর্ম্মের মহৎ জ্যোতিকেও তিমিরাবৃত করিয়াছে। ধর্ম্মের সত্য সকল সনাতন, সর্ব্ব-বিনাশক কাল তাহার অনুমাত্রও পরিবর্ত্তন করিতে সমর্থ হয় না। যেমন ধূমরাশি অগ্নিকে আবরণ করে, তদ্রূপ আমাদিগের অজ্ঞানতা ধর্ম্মের সত্য সকলকে লুক্কায়িত করিয়া রাখে।

ভগবান্ বলিয়াছেন—

"ব্যবসায়াত্মিকা বুদ্ধিরেকেহ কুরুনন্দন"। ৪১।২য় অ।

হেপার্থ! যে নিশ্চয়াত্মিকা বুদ্ধিদ্বারা ঈশ্বরকে লাভ করাযায় তাহা এক, কেবল মনুষ্যের ভ্রম ও প্রমাদ বশতঃ ধর্ম্ম নানাস্থানে নানারূপে প্রকাশিত হইয়াছে, তজ্জন্য আমাদিগের শ্রুতিবিপ্রতিপন্না বুদ্ধি নানাপ্রকার শাস্ত্রদ্বারা বিক্ষিপ্ত হইয়া ধর্ম্মের মহৎ সত্যসকলকে পরিগ্রহ করিতে অসমর্থ হইয়া থাকে। বিশেষতঃ অসংখ্য শাস্ত্রগ্রন্থে এই সকল ধর্ম্মের সত্য বিক্ষিপ্ত রহিয়াছে, তজ্জন্য পরম কারুণিক সর্ব্বলোকত্রাণকর্ত্তা ভগবান্ শ্রীকৃষ্ণ সমগ্র জগতের উপকারার্থে ধর্ম্মের বিশুদ্ধ সত্যগুলি অতিসংক্ষিপ্তভাবে এই অষ্টাদশাধ্যায়াত্মক গীতাশাস্ত্রে সন্নিবেশিত করিয়াছেন্।

অতি সুমধুর সরল ভাষায় এই গ্রন্থ রচনা করিয়া ভগবান্ ধার্ম্মিকগণের মুক্তিপথ পরিষ্কার করিয়া দিয়াছেন। গীতাতে কোনও অসার বাক্য কি ভ্রম প্রমাদ নাই। ধর্ম্মের মহোজ্জ্বল রত্নগুলি যথাস্থানে সংস্থাপিত হইয়াছে। ধর্ম্মশাস্ত্র কল্পতরুর অতিরসাল সুপক্ক ফলসকল ভগবান্ শ্রীকৃষ্ণের মুখামৃতদ্বারা দ্রবীভূত হইয়া মৃতসঞ্জিবনী অমৃতময়ী গীতারূপে পরিণত হইয়াছে, ধার্ম্মিকগণ অনুক্ষণ উহা পান করিয়া মুক্তিপথে অগ্রসর হইতেছেন। সমগ্রজগৎবাসীই এই সুধাপানে অধিকারী। ইহাতে কোন জাতিভেদ বা ধর্ম্মভেদ নাই, হিন্দু, মুসলমান্, জৈন খ্রীষ্টীয়ান্, ব্রাহ্ম সকল প্রকার ধর্ম্মাবলম্বিগণই এই গীতামৃত পান করিয়া অমরত্ব লাভ করিতে পারেন।

গীতা বেদোক্ত " তত্ত্বমসি " মহাবাক্যের বিস্তার। তৎ ত্বং অসি, তুমি তাই হইতেছ, অর্থাৎ কিরূপে মানব নির্ব্বাণমুক্তি লাভ করিয়া ব্রহ্মে লীন হইতে পারে তাহাই বিশদ-রূপে গীতাশাস্ত্রে প্রদর্শিত হইয়াছে।

গীতার প্রতি ষষ্ঠাধ্যায় এক একটী ষট্‌ক বা স্তবক নামে অভিহিত হইয়াছে। প্রথম ষট্‌কে ভগবান্ ত্বং পদার্থের অর্থাৎ মনুষ্য কি তাহার আলোচনা করিয়াছেন। দ্বিতীয় ষট্‌কে তৎপদার্থের অর্থাৎ ঈশ্বর কি তাঁহার শক্তি ও বিভূতি কি তাহাই নির্ণীত হইয়াছে। তৃতীয় ষট্‌কে কি প্রকারে জীবাত্মার সহিত পরমাত্মার মিলন হইয়া নির্ব্বাণ মুক্তি লাভ হয় তাহাই ভগবান্ সুন্দররূপে বর্ণন করিয়াছেন।

ইংরেজী, জার্ম্মান, ফরাসিস্, বাঙ্গালা, ইত্যাদি নানা ভাষায় গীতা প্রকাশিত হইয়াছে, কিন্তু সর্ব্বসাধারণের বোধগম্য করার জন্য বোধ হয় কেহই বিশেষ চেষ্টা করেন নাই। এই অভাব পূরণ করিবার মানসে বর্ত্তমান সংস্করণ করা হইতেছে। যাঁহারা সংস্কৃত, ইংরেজী, বা বাঙ্গালা ভাষায় তাদৃশ অধিকারী নহেন, তাঁহারা যেরূপে অনায়াসে গীতা পাঠ করিয়া মর্ম্মগ্রহ করিতে সমর্থ হন তাহাই বর্ত্তমান সংস্করণের মুখ্য উদ্দেশ্য। এই উদ্দেশ্য সংসাধিত হইলেই আমাদিগের সকল পরিশ্রম সার্থক হইবে।

গীতার তিনটী স্তবক পৃথক্ খণ্ডে প্রকাশিত হইতেছে, প্রথম খণ্ড যাহাতে প্রথমহইতে ষষ্ঠাধ্যায় পর্য্যন্ত সন্নিবিষ্ট হইয়াছে তাহা এইক্ষণ প্রচারিত হইল, এই প্রথম ষট্‌কে জীবাত্মার প্রকৃতি কি, কর্ত্তব্য কি, এবং কি উপায়ে পূর্ণাত্মা লাভ করিবে তাহাই প্রদর্শিত হইল। কেহ কেহ মনে করিয়া থাকেন যে এই যোগাধ্যায় মহাভারতের শান্তিপর্ব্বের মধ্যে সন্নি-বিষ্ট নাহইয়া কি কারণে যুদ্ধোদ্যম পর্ব্বে প্রবিষ্ট হইল, কি জন্যই বা ভগবান্ মহাকোলাহল-পরিপূর্ণ ভীষণ সমরক্ষেত্রে এই মহাশান্তি প্রদ উপদেশ সকল প্রদান করিয়াছিলেন। কার্য্যকারণ ও ক্ষেত্র এই ত্রিবিধ বিষয়ের এতাধিক বৈষম্য গীতায় কিজন্য পরিলক্ষিত হইতেছে। এত আনন্দময়.ধর্ম্মক্ষেত্র পৃথিবীতে কি জন্য এত পাপ ও বিষাদ বিচরণ করিতেছে, মায়াময় সংসার জানিয়াও কি জন্য সংযোগ ও বিয়োগে এত আনন্দ ও শোক হইতেছে, চরমোদ্দেশ্য জানিয়াও কি জন্য বিষতুল্য বিষয় লাভার্থে মনঃ নিতান্ত অধীর হইতেছে, এই সকল পার্থিব বৈচিত্র্যের কার্য্য, কারণ, ও সংঘাত, মানবীয় জ্ঞানের অধীন নহে। যিনি ভগবানের লীলা বুঝিতে পারেন তিনিই গীতার বাহ্যিক বৈষম্যের কারণ অনুভব করিতে সমর্থ হন।

কিন্তু একটু চিন্তা করিয়া দেখিলে স্পষ্টই প্রতীয়মান হইবেক যে গীতায় কোন বৈষম্য নাই, দুরাত্মা দুর্য্যোধনাদির ভীষণ অত্যাচারে ভারতমাতা তৎকালে অতীব প্রপীড়িত হইয়াছিলেন। কৌরবগণের নানাকপট কৌশলজালহইতে মুক্ত হইয়া ধর্ম্মাত্মা যুধিষ্ঠিরাদি যৎকালে হস্তিনাপুরে সমাগত হইয়া রাজ্যের অর্দ্ধভাগ দুর্য্যোধনের নিকট প্রার্থনা করিলেন তৎকালে তিনি নানাবিধ আপত্তি করিলেন। যুধিষ্ঠির যুদ্ধাদির অত্যন্ত বিরোধী-ছিলেন, স্বজন বধজনিত পাপ অতিশয় ঘৃণিত, তজ্জন্য তিনি রাজ্যলোভ পরিত্যাগ করিয়া

কেবল মাত্র বারণাবতাদি পঞ্চগ্রাম পাইলেই সন্তুষ্ট হইবেন এইরূপ অভিপ্রায় প্রকাশ করিলেন। এই বিষয় স্থির করিবার জন্য শ্রীকৃষ্ণের অনুরোধে একটী সভা আহূত হয়; উক্ত সভায় ভীষ্ম দ্রোণাদি সকলেই উপস্থিত ছিলেন, কিন্তু দুর্য্যোধন বিনাযুদ্ধে শুচ্যগ্র ভূমিও প্রদান করিবেন না বলিয়া প্রতিজ্ঞা করিলেন। তৎপরেই উভয় পক্ষ যুদ্ধার্থ কৃতনিশ্চয় হইয়া কুরুক্ষেত্র মহাপ্রান্তরে সৈন্য সমবেত করিতে আরম্ভ করিলেন। পাণ্ডবগণের পক্ষে এই মহাসমর ধর্ম্মযুদ্ধ বলিয়া ভগবান্ ব্যাখ্যা করিয়াছেন।

অথ চেত্ত্বমিমং ধর্ম্ম্যং, সংগ্রামং ন করিষ্যসি।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ, হিত্বা পাপমবাপ্স্যসি। ৩৩। ২য় অধ্যায়।

দুর্য্যোধনাদিকে বিনষ্ট করিয়া ভারতে পাণ্ডবগণদ্বারা ধর্ম্মরাজ্য সংস্থাপন করাই ভগবানের প্রধান উদ্দেশ্য ছিল। এবং তজ্জন্যই তিনি অর্জ্জুনকে এইযুদ্ধে উত্তেজিত করিয়াছিলেন। পরমাত্মারূপী শ্রীকৃষ্ণ সাধুগণের পরিত্রাণ ও পাপিগণের বিনাশ জন্য তৎকালে ভারতে অবতীর্ণ হইয়াছিলেন, এবং কৌরবগণ বিধ্বস্ত, পাণ্ডবগণের ভারতে আধিপত্য বিস্তার হইলে তিনি তিরোহিত হইয়াছিলেন। আততায়ী দুর্য্যোধনাদি যে তাঁহাদিগের স্বীয়-পাপজন্য অচিরে বিনষ্ট হইবেন তাহা ভগবান্ অগ্রেই অবগত ছিলেন, এইক্ষণ কেবল পাণ্ডবগণকে নিমিত্ত মাত্র অবলম্বন করিয়া উক্ত কার্য্য সাধন করিলেন।

ময়ৈবৈতে নিহতাঃ পূর্ব্বমেব,
নিমিত্তমাত্রং ভব সব্যসাচিন্। ৩৩। ১১ অধ্যায়।

অর্জ্জুন সমর ক্ষেত্রে সমাগত হইয়া স্বধর্ম্ম বৈরাগ্যজনিত মনোবিকারে আচ্ছন্ন হইয়া সেই মহাসমর প্রাঙ্গনে সমাগত বীরগণের সমক্ষে ধনুর্ব্বাণ পরিত্যাগপূর্ব্বক্ তুষ্ণীম্ভাব অবলম্বন করিলেন। অর্জ্জুনের তাদৃশী হৃদয়দুর্ব্বলতা সন্দর্শন করিয়া ভগবান্ ঈষৎ হাস্য করত তাঁহার বৈরাগ্য অপনয়ন করিতে চেষ্টা করিলেন।

কার্য্যকারণ সম্বন্ধে যৎকিঞ্চিৎ আমাদিগের বক্তব্য বিষয় অবতারণা করিলাম, ক্ষেত্র সম্বন্ধে আমাদিগের কিছুই বলিবার নাই। ভগবান্ কাহাদ্বারা কোন্ সময়ে কি কার্য্য সম্পাদন করেন তাহা মানবীয় জ্ঞানের অতীত। আমাদিগের মানসিক শক্তিদ্বারা অষ্টবিধ ঐশ্বর্য্য সম্পন্ন শ্রীকৃষ্ণের শক্তির পরিমাণ করা অতীব অসম্ভব।

কোলাহল পরিপূর্ণ সমরক্ষেত্রে ইদানীং নেপোলিয়ন্ বা ওয়েলিংটন স্থিরচিত্তে যে সকল কার্য্য করিয়াছিলেন তাহা আমাদিগের নিকট অলীক গল্প বলিয়া বোধ হয়। এমতাবস্থায় অলৌকিক বলবীর্য্য সম্পন্ন শ্রীকৃষ্ণ কুরুক্ষেত্রে কোলাহল মধ্যে তদীয় প্রিয়-শিষ্য অর্জ্জুনকে যোগ শিক্ষা প্রদান করিবেন ইহা আশ্চর্য্যের বিষয় কি পাঠক মহাশয়গণ বিবেচনা করিবেন।

প্রথমাধ্যায়ে গীতার অবতারণা করিয়া দ্বিতীয়াধ্যায়ে ভগবান্ সমগ্র গীতা শাস্ত্রের আলোচনা করিলেন, তজ্জন্য ইহাকে সাংখ্যযোগ আখ্যা দেওয়া হইয়াছে। এই অধ্যায়ের শ্লোক সকল এরূপ কৌশলে প্রস্তুত হইয়াছে যে ইহাদ্বারা সমগ্র অষ্টাদশ অধ্যায়ের আভাস

পাওয়া যায়। মনোযোগপূর্ব্বক এই অধ্যায় পাঠ করিলে অন্য কোন অধ্যায় পাঠ না করিলেও গীতা শাস্ত্রে সম্যক্ জ্ঞান লাভকরা যাইতে পারে। আত্মার অমরত্ব স্থির কবিবাব জন্য গীতা শাস্ত্র সংঘটিত হইয়াছে। যাঁহার আত্মার অমরত্বের প্রতি বিশ্বাস নাই তাঁহার পক্ষে গীতা পাঠ কেবল পণ্ডশ্রম।

ভগবান্ বলিয়াছেন—

——————সংশয়াত্মা বিনশ্যতি।

নায়ং লোকোঽস্তি ন পরো, ন সুখং সংশয়াত্মনঃ। ৪০। ৪র্থ অধ্যায়।

সংশয়াত্মার নিশ্চয়াত্মিকা বুদ্ধি এককালে লোপ হইয়া যায়। ইহলোকে বা পরলোকে কোন কালেই তিনি দুঃখের হস্তহইতে পরিত্রাণ লাভ করিতে পারেন না, এবং সুখ তাঁহার ভাগ্যে কখনও ঘটে না। এই পার্থিব জগতে পাপীর জয় ও নিষ্পাপের দুঃখ অনেক সময় পরিলক্ষিত হয়। অন্যান্য অনেক বিষয়েও এই প্রকার বিপরীত ভাব আমাদিগের নয়ন পথে আবির্ভূত হইতেছে। আত্মার অমরত্ব স্বীকার না করিলে এই বৈষম্যের নিগূঢ় তত্ত্ব অবধারণ করা যায় না। কিন্তু আত্মা স্বতই বিশুদ্ধ, পাপ কি মলিনতা তাঁহাকে কোন ক্রমেই স্পর্শ করিতে পারে না। তবে পাপ কি প্রকারে জগতে আসিল? তজ্জন্য বেদান্ত শাস্ত্রে মায়া স্বীকাব করিয়াছেন, মায়া অথবা ত্রিগুণাত্মিকা প্রকৃতিই সুখ ও দুঃখের কারণ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। যথা

ন কর্ত্তৃত্বং নকর্ম্মাণি, লোকস্য সৃজতি প্রভুঃ।

ন কর্ম্মফলসংযোগং, স্বভাবস্তু প্রবর্ত্ততে। ১৪। ৫ম অধ্যায়।

কিন্তু এই মায়া (Delusion) কুজ্ঝটিকার ন্যায় "আগমাপায়িনোঽনিত্যা,, অর্থাৎ অনিত্য ও ক্ষণকাল স্থায়ী। "আত্মা সাক্ষীভূতঃ কেবলো নির্গুণশ্চ,, আত্মা ও প্রকৃতির এই পৃথক্ পৃথক্ কার্য্য ও ভাব গীতার প্রথম ভিত্তি। আত্মার ও প্রকৃতির অবতারণা করিয়া ভগবান্ হিরণ্যগর্ভরূপী এক বিরাট মূর্ত্তির " যেন সর্ব্ব মিদং ততম্ " কথা উল্লেখ করিলেন।

এই বিরাট মূর্ত্তিকে একাদশ অধ্যায়ে বিশ্বেশ্বর বিশ্বরূপ বলিয়া কীর্ত্তন করিয়াছেন। এই বিরাটমূর্ত্তি মায়াজনিত আত্মার বিস্তার। আত্মা নিত্য কিন্তু এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান জগৎ মায়াপ্রপঞ্চ মাত্র, অনিত্য বলিয়া কথিত হইয়াছে। ভগবান্ দ্বিতীয় অধ্যায়ের অষ্টাদশ শ্লোকে সৎ ও অসৎ পদার্থের পার্থক্য অতিসুন্দররূপে বিচার করিয়াছেন। আত্মা সৎ পদার্থ, কিন্তু আত্মার প্রপঞ্চ অর্থাৎ বিস্তার অসৎ অর্থাৎ অন্তবন্ত। আত্মা অবিনাশী ও অপরিমেয়, কিন্তু মায়াজনিত বিস্তার নশ্বর ও পরিমেয়। একটী অসৎ পদার্থ।

যোগশাস্ত্রে মানবকে সপ্তভাগে বিভক্ত করিয়াছে। এই অনন্ত জগতে ভূতমাত্রই এই সাতটীর কোন না কোন উপাদানে বিনির্ম্মিত। কেবল মানবে ৭টীর একত্রে মিলন হইয়াছে। অন্য কোন ও ভূতে এই সপ্তপদার্থের একীকরণ পরিলক্ষিত হয় না। আমা-

দিগের রূপ (Gross body) অনিত্য হইলেও এক কালে বিনষ্ট (annihilation) হয় না। কারণ উহা যে পঞ্চভূতে গঠিত তাহা অবিনাশী। সৎ ও অসৎ পদার্থের ব্যাখ্যা করিয়া আত্মা কিরূপে দেহাদিতে বাস করেন তাহার উল্লেখ করিলেন। কেবল মায়াদ্বারা একটী নিত্য পদার্থের সহিত অনিত্য পদার্থের সংযোগ হইয়াছে।

একটী নিষ্ক্রিয় অপরটী ক্রিয়াপূর্ণ। যে পর্য্যন্ত মায়ার সম্পূর্ণ বিনাশ না হইবেক তাবৎ এই সংযোগ কদাপি বিছিন্ন হইতে পারে না। মায়া অথবা প্রকৃতিদ্বারা আমরা জন্ম মৃত্যুরূপ কর্ম্মবন্ধনচক্রে নিরন্তর বিঘূর্ণিত হইতেছি। দিব্যজ্ঞান লাভ হইলে কর্ম্মকন্ধন বিনষ্ট হইয়া যায়।

যদা তে মোহকলিলং. বুদ্ধির্ব্যতিতরিষ্যতি।

তদা গন্তাসি নির্ব্বেদং, শ্রোতব্যস্য শ্রুত স্যচ। ৫২। ২য় অধ্যায়।

যৎকালে এই মায়াময় সংসারের সকল বিষয়ে বৈরাগ্য উপস্থিত হইবেক তৎকালে এই কুহকময় নিবিড় কানন অতিক্রম করা যাইবেক। মায়া বিনষ্ট হইলে জীবাত্মা নির্ব্বাণ মুক্তি লাভ করেন। স্থিতপ্রজ্ঞ ব্যক্তি ভিন্ন এই মায়া জাল কেহই বিনষ্ট করিতে পারে না, তজ্জন্য ভগবান্ স্থিতপ্রজ্ঞ কাহাকে বলে তাহা প্রকাশ করিলেন। স্থিতপ্রজ্ঞ অথবা স্থিতধী কি প্রকার ব্যবহার করেন, কিরূপে তিনি আত্মসংযমব্রতের পরিপালন করেন, এবং পরিণামে তাঁহার কি গতি হয় তাহা এই দ্বিতীয় অধ্যায়ে সবিস্তারে ভগবান্ কীর্ত্তন করিলেন। যৎকালে মানব মায়াপ্রসূত মনোবৃত্তি সমস্ত পরিত্যাগপূর্ব্বক পরমাত্মা-চিন্তায় পরমানন্দ লাভ করেন তৎকালে তাঁহাকে স্থিতপ্রজ্ঞ বলা যায়।

শ্রীধর স্বামী তাঁহাকে আত্মারাম বলিয়াছেন। আত্মারাম জ্ঞানদ্বারা সমস্তই আত্মময় মনন করিয়া বিজ্ঞানদ্বারা "সর্ব্বংখল্বিদং ব্রহ্ম" অনুভব করিয়া থাকেন।

ঋগ্বেদে সৃষ্টির প্রারম্ভে ভগবান্ বলিয়াছেন।

"একোঽহং বহু স্যাম্ প্রজায়েতি"

আমি এক, সৃষ্টির জন্য বহু হইব। এতদ্দ্বারা সমস্ত ব্রহ্মাণ্ড পরব্রহ্মের প্রপঞ্চ ইহা স্থির করিয়া প্রজ্ঞালোকদ্বারা যিনি ঈশ্বরকে এইরূপ সন্দর্শন করেন তিনিই স্থিরপ্রজ্ঞ। তিনিই বাস্তবিক ধর্ম্মামৃত পানকরিয়া এই মরজগতে অমরত্ব লাভ করিয়াছেন। তিনিই

অদ্বেষ্টা সর্ব্বভূতানাং, মৈত্রঃ করুণ এব চ।

নির্মমো নিরহঙ্কারঃ, সমদুঃখসুখঃ ক্ষমী। ১৩। ১২শ অধ্যায় ইত্যাদি ইত্যাদি।

তিনি আরও——

দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ, সুখেষু বিগতস্পৃহঃ।

বীতরাগ ভয়ক্রোধঃ, স্থিতধীর্মুনিরুচ্যতে॥

যঃ সর্ব্বত্রানভিস্নেহঃ, তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।

নাভিনন্দতি ন দ্বেষ্টি, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা। ৫৬। ৫৭। ২য় অধ্যায়।

সংযত ও ব্যুত্থিত অবস্থায় স্থিতপ্রজ্ঞ কিপ্রকারে আত্মসংযম করেন তাহা ব্যাখ্যা করিয়

স্থিতধীর পরিণামে কি লাভ হয় তাহা ভগবান্ প্রকাশ করিলেন। তিনি রাগ দ্বেষ বিহীন হইয়া স্বীয় বশীকৃত ইন্দ্রিয়গণদ্বারা পরমানন্দ লাভ করিয়া দেবতার ন্যায় এই মরজগতে পরম সুখে বিচরণ করেন। আত্মসংযমদ্বারা যোগিগণ কীদৃশ সুখলাভ করিতে পারেন তাহাই বিশদরূপে ভগবান্ বর্ণন করিলেন। ফলতঃ সমস্ত যোগের মূলই আত্মনিরোধ। এই আত্মসংযমাত্মক প্রজ্ঞাদ্বারা সংযমী পার্থিব বিষয়ে পরম বৈরাগ্য লাভ করিয়া আধ্যাত্মিক বিষয়ে দিব্যজ্ঞান প্রাপ্ত হন।

যা নিশা সর্ব্বভূতানাং, তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি, সা নিশা পশ্যতো মুনেঃ। ৬৯। ২য় অধ্যায়।

তৎকালে সমস্ত কামনারাশি তাঁহার প্রশান্ত জ্ঞান সমুদ্রে বিলীন হয়, এবং তিনি পরিণামে নির্ব্বাণ সুখলাভ করিয়া থাকেন। আত্মজ্ঞান কিরূপে উৎপন্ন হয়, এবং আত্মজ্ঞানী ব্যক্তি পরিণামে কি লাভ করিয়া থাকেন তাহা ভগবান্ এই প্রথম ষট্‌কে ব্যাখ্যা করিলেন। তিনি তৃতীয় অধ্যায়ে কর্ম্মযোগ, চতুর্থে জ্ঞান যোগ, পঞ্চমে কর্ম্ম সংন্যাস যোগ ও ষষ্ঠে ধ্যান যোগ কীর্ত্তন করিয়া জীবাত্মার গুণ, ধর্ম্ম, কর্ত্তব্য, ও পরিণাম ব্যাখ্যা করিলেন। যাঁহার কৃপাবলে এই মরু কান্তাররূপ সংসার বিষাদ সমুদ্রে নিমগ্ন অর্জ্জুন পরিত্রাণ লাভ করিয়া জ্ঞান নিষ্ঠাদ্বারা কর্ম্মযোগানুষ্ঠান করিয়াছিলেন সেই শ্রীকৃষ্ণকে আমরা নিরন্তর ধ্যান করি। যে রূপ গার্হস্থ্য আশ্রম সমস্তাশ্রমের শ্রেষ্ঠ, তদ্রূপ কর্ম্মযোগ সমস্ত যোগের প্রধান। কারণ কর্ম্মযোগ সুচারুরূপে অনুষ্ঠিত না হইলে আত্মজ্ঞান লাভকরা যায় না, আত্মজ্ঞানের সম্যক্ স্ফুরণ না হইলে কর্ম্ম সন্ন্যাস হয় না।

কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য, য আস্তে মনসা স্মরন্।
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা, মিথ্যাচারঃ স উচ্যতে॥ ৬। ৩য় অধ্যায়।

বাহ্যিক কর্ম্মেন্দ্রিয়গণকে সংযত করিয়া যিনি মনেং ইন্দ্রিয় ভোগ্য কামিনী কাঞ্চনাদি বিষয় সকল চিন্তা করিয়া অবস্থান করেন তিনি একজন কপটাচারী ব্যক্তি সন্দেহ নাই। জিতেন্দ্রিয়তা কর্ম্মযোগ সিদ্ধির লক্ষণ। যতাত্মা অর্থাৎ কর্ম্মযোগ সিদ্ধি না হইলে আত্মজ্ঞানের স্ফুরণ হয় না, এবং আত্মজ্ঞানের পূর্ণ বিকাশ না হইলে কর্ম্ম সন্ন্যাস বা ধ্যান যোগের সম্ভাবনা হয় না, যোগী ধ্যানস্থ না হইলে ঈশ্বরে সমাধি হয় না, এবং সমাধি না হইলে জীবন্মুক্তি বা নির্ব্বাণমুক্তি লাভ দুর্ঘট।

অতএব

আরুরুক্ষোর্ম্মুনের্যোগং, কর্ম্ম কারণমুচ্যতে।
যোগারূঢ়স্য তস্যৈব, শমঃ কারণমুচ্যতে॥ ৩॥ ৬ষ্ঠ অধ্যায়।

যোগমঞ্চে আরোহণ করিতে হইলে কর্ম্মই তাহার সোপানাবলী। কিন্তু আত্মজ্ঞান লব্ধ হইলে সর্ব্ব কর্ম্ম ত্যাগজনিত শান্তি লাভ করিয়া প্রারব্ধ ক্ষয় করিতে হইবেক। আমাদিগের মধ্যে কর্ম্মযোগী নিতান্ত বিরল; কর্ম্মযোগ সম্বন্ধে দীর্ঘ প্রস্তাব কি দণ্ডায়মান হইয়া উচ্চৈঃস্বরে সুদীর্ঘ বক্তৃতা করিতে আধুনিক অনেক মহাত্মা অগ্রসর হইয়া থাকেন

বটে, কিন্তু কয় জন মহাত্মা তাহা কার্য্যে পরিণত করিয়া থাকেন! কার্যের সময় হইলে অথবা ত্যাগ স্বীকার করিতে হইলে অনেকেই দূরে পলায়ন করিয়া থাকেন। মহাত্মা রাম কৃষ্ণ পরমহংস বলিতেন যে "গীতা গীতা গীতা গীতা, কয়েক বার উচ্চারণ করিলে যে শব্দ নিঃসৃত হয় তাহাই গীতা শাস্ত্রের সার অর্থ। অর্থাৎ যিনি ত্যাগী,, হইতে অসমর্থ তাঁহার পক্ষে ভগবানের কর্ম্মযোগের উপদেশ নিষ্ফল হয়। কিরূপ অনাশক্ত ভাবে সর্ব্ব-ভূতের হিতের জন্য সর্ব্বত্যাগী হইয়া কর্ম্মযোগানুষ্ঠান করিতে হইবেক তাহাই ভগবান্ এই তৃতীয় অধ্যায়ে ব্যাখ্যা করিলেন।

সক্তাঃ কর্ম্মণ্য বিদ্বাংসো, যথা কুর্ব্বন্তি ভারত।

কুর্য্যাদ্বিদ্বাংস্তথাঽসক্তঃ চিকীর্ষুর্লোকসংগ্রহম্ ॥ ২৫ ॥ ৩য় অধ্যায়।

অজ্ঞানী মানবগণ কর্ম্মে আসক্ত হইয়া যে রূপে কর্ম্মানুষ্ঠান করেন, লোকসংগ্রহাভিলাষী জ্ঞানিগণ অনাসক্তভাবে তদ্রূপ কার্য্য করিবেন। আমরা নিজের স্বার্থ জন্য যে রূপ প্রাণপণে কার্য্য করিয়া থাকি তদ্রূপ আত্মজ্ঞানলাভার্থী সমস্ত কর্ম্মফল পরিত্যগপূর্ব্বক সর্ব্বভূতের মঙ্গলার্থে নিয়ত কার্য্য করিবেন। জনক, অশ্বপতি, ভগীরথ, অজাতশত্রু ইত্যাদি রাজর্ষিগণ কেবল কর্ম্মযোগানুষ্ঠান করিয়া জীবন্মুক্ত হইয়া ছিলেন। অর্থাৎ তাঁহারা গার্হস্থ্য আশ্রমে থাকিয়াই মুক্তিলাভ করিয়া ছিলেন সন্ন্যাস কি বানপ্রস্থাশ্রম স্বীকার করিতে হয় নাই। নারদ ও শুকদেবের ন্যায় ইহাদিগকে কর্ম্মসন্ন্যাসব্রতী হইতে হয় নাই ভারতে পুরা কালে বর্ণভেদে কর্ত্তব্য কর্ম্ম নির্ণীত হইয়াছিল, এবং ইহাই স্বধর্ম্ম বলিয়া কথিত হইয়াছে। মন্বাদি ধর্ম্মশাস্ত্র প্রণেতৃগণ সমাজ বন্ধন করেন।

চাতুর্ব্বর্ণ্যং ময়া সৃষ্টং, গুণকর্ম্ম বিভাগশঃ ॥ ১৩ ॥ ৪র্থ অধ্যায়।

বাস্তবিক পক্ষে বর্ণভেদ ছিলনা, কিন্তু সমাজ সংস্করণ জন্য গুণ ও কর্ম্মভেদ ৪টী বর্ণভেদ হইয়াছে। ব্রাহ্মণের ধর্ম্মপ্রচার, ক্ষত্রিয়ের ধর্ম্মযুদ্ধ, বৈশ্যের কৃষি বানিজ্য, এবং শূদ্রের শুশ্রূষাদি কর্ত্তব্য কর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছিল। ক্ষত্রিয়ের পক্ষে ধর্ম্মযুদ্ধকালে ধর্ম্ম প্রচার করা অথবা কর্ম্মযোগানুষ্ঠান কালে কর্ম্ম যোগীর কর্ম্মসন্ন্যাসে ব্রতী হওয়া নিতান্ত গর্হিত কর্ম্ম। যুদ্ধক্ষেত্রে উপস্থিত হইয়া অর্জ্জুনের স্বধর্ম্ম বিরোধী কর্ম্মসন্ন্যাস যোগানুষ্ঠানের উদ্যোগ করা নিতান্ত অন্যায় মনে করিয়া ভগবান্ বলিয়াছিলেন।

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ, পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।

স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ, পরধর্ম্মো ভয়াবহঃ। ৩৫ ॥ ৩য় অধ্যায়।

কর্ম্মযোগহইতে সর্ম্মসন্ন্যাস অথবা ধর্ম্মযুদ্ধহইতে ধর্ম্মপ্রচার গুণভেদে শ্রেষ্ঠ হইলেও কর্ম্মযোগীর পক্ষে কর্ম্মযোগ ও ক্ষত্রিয়ের পক্ষে ধর্ম্মযুদ্ধ করাই শ্রেয়ঃ। যদি নিঃস্বার্থভাবে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, ও শূদ্রগণ তাঁহাদিগের নিজ নিজ ধর্ম্ম প্রতিপালন করিতেন তবে আজ কি ভারতের এই হীনদশা উপস্থিত হইত। এইকর্ম্ম যোগের উপদেশসকল সম্যক্‌রূপে প্রতিপালন না করিয়াই আমাদিগের বর্ত্তমান হীনদশা উপস্থিত হইয়াছে, এবং এই যোগের পূর্ণানুষ্ঠান করিলে আমরা সকল জাতির মধ্যে শ্রেষ্ঠতম বলিয়া পরিগণিত হইতে পারি।

সৃষ্টির প্রারম্ভহইতে ভগবান্ লোক হিতার্থে কর্ম্মযোগের বিধানগুলি স্পষ্টাক্ষরে নির্দ্দিষ্ট করিয়াছেন। বর্ণাশ্রমোচিত ধর্ম্ম মানবগণ যথাবিধি পরিপালন করিলে আমাদের সুখের অবধি থাকিত না। এবং এই সংসার যাহা এইক্ষণে অত্যন্ত কষ্টের স্থান বলিয়া প্রতীয়মান হইতেছে তাহা স্বর্গতুল্য পরম সুখের বাসস্থান হইত। কর্ম্মদ্বারা জীবের উন্নতি ও অধোগতি হইতেছে, ইহা উত্তমরূপে জানিতে পারিয়াও জীব কি জন্য অনিচ্ছাপূর্ব্বক পাপকার্য্যে রত হইতেছে, তবে কি মানবের যাদৃচ্ছিক শক্তি নাই, মানবাত্মা কি পরাধীন? এই প্রশ্নের উত্তরে ভগবান্ বলিলেন।

কামএষ ক্রোধ এষ, রজোগুণ সমুদ্ভবঃ।

মহাশনো মহাপাপ্মা, বিদ্ধ্যেন মিহ বৈরিণম্॥ ৪৭॥ ৩য় অধ্যায়।

পার্থিব ভোগলালসা সঞ্জাত কমনা ও ক্রোধ মানবের পরম শত্রু। এবং ইহাদিগের জন্যই সংসার এত দুঃখের স্থান হইয়াছে। এইকাম এবং ক্রোধকে সম্যক্‌প্রকারে জয় করিতে না পারিলে জীব কোনমতে দুঃখের হাতহইতে পরিত্রাণ পাইতে পারে না। এই উভয় রিপুর প্রেরণাদ্বারা উত্তেজিত হইয়া জীব প্রারব্ধজনিত পাপকর্ম্মে লিপ্ত হইয়া পড়ে। ফলতঃ—

নাদত্তে কস্যচিৎ পাপং, নচৈব সুকৃতং বিভুঃ।

অজ্ঞানেনাবৃতং জ্ঞানং, তেন মুহ্যন্তি জন্তবঃ। ১৫। ৫ম অধ্যায়।

সর্ব্বপাপ পরিশূন্য ঈশ্বর আমাদিগকে পাপকার্য্যে নিযুক্ত করেন না, নিষ্ক্রিয় আত্মা আমাদিগের পাপ কি পুণ্য গ্রহণ করেন না। দেহী অহংকর্ত্তা অভিমানে মুগ্ধ হইয়া পাপকার্য্যে রত এবং ঐহিক সুখ ও পার লৌকিক মুক্তি জলাঞ্জলি দেয়। আমাদিগের ইচ্ছানুসারে আমরা স্বীয় প্রকৃতিকে প্রস্তুত করিতেছি। অপুরণীয় কামরূপ মানবের নিত্যবৈরি তাহাকে জয় করিয়া মানসশক্তিদ্বারা বিশুদ্ধ বুদ্ধির সাহায্যে আত্মাকে লাভ করিতে পারিলে মানবজন্মের সার্থকতা হয়। কর্ম্মনিষ্ঠাহইতে জ্ঞাননিষ্ঠার উৎপত্তি হয়, তজ্জন্য কর্ম্মযোগের বিষয় আলোচনা করিয়া পরে ৪র্থ অধ্যায়ে ভগবান্ জ্ঞান যোগের কীর্ত্তন করিলেন। যে কর্ম্ম নিষ্ঠাদ্বারা মানব দেবত্ব লাভ করিয়াছেন তাহার গুহ্যতত্ত্ব সকল যিনি মায়াবৃত দেহীর নিকট প্রকাশ করিয়া কর্ম্ম বন্ধন ছেদন করিয়াছেন সেই সর্ব্বলোক্ ত্রাণকর্ত্তা শ্রীকৃষ্ণকে আমরা নিরন্তর ধ্যানকরি। কর্ম্মযোগী ভিন্ন জ্ঞানযোগী হইতে পারে না, এবং জ্ঞানের পূর্ণ বিকাশ না হইলে কর্ম্মসন্ন্যাস সম্ভবেনা, কর্ম্মসন্ন্যাস ভিন্ন যোগী ধ্যানস্থ হইতে পারে না। এবং ধ্যানস্থ না হইলে আত্মাকে লাভ করিতে পারা যায় না। কর্ম্মযোগের অনুষ্ঠান করিতে ২ যোগীর যে জ্ঞান হয় তাহা ভগবান্ প্রকাশ করিলেন।

যজ্‌জ্ঞাত্বা ন পুনর্মোহং, এবং যাস্যসি পাণ্ডব।

যেন ভূতান্যশেষেণ, দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি॥ ৩৫। ৪র্থ অধ্যায়।

যে জ্ঞানলাভ করিলে মানব পুনর্ব্বার মায়াদ্বারা বিজড়িত হয় না, এবং যদ্দ্বারা অনন্ত প্রাণিজগৎ প্রথমতঃ স্বীয় আত্মার ন্যায় এবং তদনন্তর (পূর্ণজ্ঞানের স্ফূরণ হইলে)

পরমাত্মার ন্যায় সন্দর্শন করে সেই জ্ঞান ভিন্ন মুক্তিলাভ করিতে অসমর্থ হয়। ব্যুত্থিত অবস্থায় উক্ত জ্ঞানের নিদিধ্যাসনের কথা বলিয়া নিম্ন শ্লোকে ভগবান্ ধ্যানস্থ অবস্থায় উক্ত জ্ঞানের কি প্রকারে বিকাশ হয় তাহা প্রকাশ করিলেন।

সর্ব্বভূতস্থ মাত্মানং, সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা, সর্ব্বত্র সমদর্শনঃ ॥ ২৯। ৬ষ্ঠ অধ্যায়।

সমদর্শী যোগী আপনাকে সর্ব্বভূতস্থ, এবং ধ্যানকালে সর্ব্বভূতকে আত্মস্থ দর্শন করিয়া জীবন্মুক্তি লাভ করিয়া থাকেন। গীতাশাস্ত্রে যে জ্ঞানের কথা ভগবান্ উল্লেখ করিয়াছেন তাহা এই জ্ঞান। এই জ্ঞানের নিদিধ্যাসন ও বিজ্ঞান না হইলে দেহী মুক্তিপথে কোন-মতেই অগ্রসর হইতে পারে না। যেমন সূর্য্যরশ্মি সমস্ত পার্থিব জগৎকে আলোকিত করে তদ্রূপ এইজ্ঞানসূর্য্য মানবের হৃদয়াকাশে সমুদিত হইলে মায়ারূপ অন্ধকার বিনষ্ট হয়। তৎপর পরমাত্মার পরমানন্দ জ্যোতিঃ যোগীর হৃদয়ে প্রতিভাত হইতে থাকে। কর্ম্মনিষ্ঠা-বলে যোগীর মনঃ ক্রমে২ সমতাবাপন্ন হইয়া উঠে। এই সমতাদ্বারা তাঁহার নিকট এই জরামরণশীল সংসার স্বর্গতুল্য প্রতীয়মান হয়।

ইহৈব তৈর্জ্জিতঃ স্বর্গো, যেষাং সাম্যে স্থিতং মনঃ।
নির্দ্দোষং হি সমং ব্রহ্ম, তস্মাদ্‌, ব্রহ্মণি তে স্থিতাঃ ॥ ১৯ ॥ ৫ম অধ্যায়।

এই সমতা প্রভাবে যোগী এই মর জগৎকে আনন্দময় ব্রহ্মধাম করিয়া তুলেন। তাহার জন্ম মৃত্যুরূপ কর্ম্মচক্রে পরিভ্রমণ করিতে হয় না। যে জ্ঞানের প্রথম উদ্যমে সমগ্র জগৎ সমভাবাপন্ন হয়, তাহার চরমে যে ব্রহ্মময় হইবেক তাহার আর আশ্চর্য্য কি? যতদিন ব্রহ্মময় উপলব্ধি না হইবেক তত দিন উপাসনা, ভক্তি ও প্রেমের চরম উৎকর্ষ লাভ হইবেক না। যে জ্ঞানের বিকাশে সংসার কেবল সমভাবাপন্ন হইবে তাহা উচ্চ হইলেও অত্যন্ত নীরস, তাহাতে যোগীর মনঃ প্রেমানন্দে নৃত্য করে না, তজ্জন্য কর্ম্মের উৎকর্ষদ্বারা যোগী ক্রমে২ উচ্চ ভূমিকা আরোহণ করেন।

সুখেন ব্রহ্মসংস্পর্শং, অত্যন্তং সুখ মশ্নুতে ॥ ২৮ ॥ ৬ষ্ঠ অধ্যায়।

এই কর্ম্মযোগ যে অত্যন্ত পুরাতন ও সৃষ্টির প্রথমহইতে পরম্পরাগত তাহা চতুর্থ অধ্যায়ের প্রথমে কথিত হইয়াছে। বর্ত্তমান সপ্তম মন্বন্তরকে বৈবস্বত মনুর মন্বন্তর বলিয়া-থাকে। ইহার অগ্রে ছয়টী মন্বন্তর হইয়াগিয়াছে। যথা স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত ও চাক্ষুষ। বহুপুরাতন কাল হইতে রাজর্ষিগণ এই কর্ম্মযোগানুষ্ঠান করিয়া মুক্তিলাভ করিয়াছেন। কর্ম্মযোগ শিক্ষার জন্য ভগবান্ যুগে২ অবতাররূপে জন্ম গ্রহণ করিয়া ধার্ম্মিকগণের উদ্ধার ও পাপিগণের দুর্গতি বিধান করিয়া থাকেন। ধর্ম্ম ও পাপ দুইটী শক্তিদ্বারা মানব সমাজে প্রবল বেগে পরিচালিত হইতেছে।

যৎকালে ধর্ম্ম শক্তি মন্দীভূত হইয়া পাপের স্রোতঃ প্রবলবেগে প্রবাহিত হইয়া থাকে তৎকালে ভগবান্ অবতাররূপে পৃথিবীতে অবতীর্ণ হন। মায়া অবলম্বন করিয়া তাঁহার জন্ম গ্রহণ করিতে হয়, কিন্তু ভগবান্ স্বীয় অক্ষীণ বল বীর্য্যাদিদ্বারা মায়াকে বশীভূত করিয়া ভূমণ্ডলে অবতীর্ণ হইয়াছিলেন। তিনি তৎকালে সগুণ ও সাকার বলিয়া মানবের

উপাস্য হইয়াছিলেন। কিন্তু যৎকালে তিনি নিরাকার ও নির্গুণ তৎকালে তাঁহাকে আমরা মানসদ্বারা ও কল্পনা করিতে পারি না।

শ্রুতি বলিয়াছেন—

মায়া হ্যেষা ময়া সৃষ্টা, যন্মাং পশ্যসি নারদ।
সর্ব্বভূত গুণৈর্যুক্তং, ন তু মাং দ্রষ্টু মর্হসি॥

হে নারদ! যে হেতু সর্ব্বভূত গুণযুক্ত আমাকে তুমি দর্শন করিতে সমর্থ হওনা, সেই জন্য এই মায়াকে আমি সৃষ্টি করিয়াছি তদ্দ্বারা তুমি আমাকে দর্শন করিতে সমর্থ হইবে। এই স্থলে সগুণ ও নির্গুণ ব্রহ্মের উপাসনা ও বর্ণাশ্রমোচিত ধর্ম্মানুষ্ঠান সম্বন্ধে ভগবান্ উপদেশ প্রদান করিয়াছেন।

যে যথা মাং প্রপদ্যন্তে, তাংস্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্ত্তন্তে, মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ॥ ১১॥ ৪র্থ অধ্যায়।

যিনি আমাকে যে ভাবে উপাসনা করেন, আমি তাঁহাকে তদনুরূপ ফল প্রদান করি। সকলদিক্ হইতে মানবগণ আমার শান্তিরূপ নিকেতনে প্রবেশ করিতেছে। সগুণ ও সাকার বস্তু আমাদিগের কর্ম্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয়ের আয়ত্বাধীন, তজ্জন্য আমরা নির্গুণ ও নিরাকারে সম্যক্জ্ঞান লাভ করিতে অসমর্থ। যৎকালে সমগ্র বিশ্ব চিন্ময় ব্রহ্মের বিস্তার তখন কোন একটী সুন্দর পদার্থে মনঃসংযোগ করিয়া ঈশ্বরের উপাসনা, নিত্যাধিকারীর পক্ষে নিতান্ত মঙ্গল কর, ও পরিণামে মুক্তি ফলপ্রদ। বিশ্ব ব্রহ্মময় তজ্জন্য বিশ্বের যে কোন পদার্থে ব্রহ্মকে আরোপিত করিয়া পবিত্রমনে ও ভক্তিপূর্ণহৃদয়ে ঈশ্বরের উপাসনা করা যায় তাহাতেই ব্রহ্মলাভ হইতে পারে। কিন্তু কার্য্যে কারণ জ্ঞান ও অনিত্য বস্তুতে নিত্যজ্ঞান এই দ্বিবিধ বিপর্য্যয় দোষ সর্ব্বদা পরিহার করা কর্ত্তব্য। এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান জগতের ও হিরণ্য গর্ভের অতীত তুরীয় চিন্ময়ব্রহ্ম সমষ্টিরূপে কেবল প্রজ্ঞাদ্বারা লব্ধ, ইহাই সাধকের সত্যজ্ঞান। তজ্জন্য সমাধি অবস্থায় উহা লাভ করিতে হয়। কিন্তু স্বল্পাধিকারীর শীঘ্র ফল লাভ করিতে হইলে কর্ম্মের প্রয়োজন।

কাঙ্ক্ষন্তঃ কর্ম্মণাং সিদ্ধিং, যজন্ত ইহ দেবতাঃ।
ক্ষিপ্রংহি মানুষে লোকে, সিদ্ধির্ভবতি কর্ম্মজা॥ ১২। ৪র্থ অধ্যায়।

ইহ লোকে কর্ম্মফলাভিলাষী মানবগণ দেবতাগণের উপাসনা করিয়া থাকেন, কারণ তাহা হইলে কর্ম্মফল শীঘ্রই লাভ হইয়া থাকে। যেমন চিন্ময় ব্রহ্মের উপাসনা সমাধিদ্বারা, তদ্রূপ কর্ম্মদ্বারা সগুণ ও সাকার ব্রহ্মের আরাধনা করিতে হয়। ঈশ্বরকে সাকার ও সগুণ করিয়া সাধক অল্পকাল মধ্যেই ফললাভ করিয়া থাকেন। অতএব স্বল্পাধিকারীর জন্য প্রথমতঃ ইন্দ্রাদি দেবগণের পূজাই নিতান্ত কর্ত্তব্য। কিন্তু বর্ণাশ্রমভেদে এইরূপ উপাসনার অনেক তারতম্য লক্ষিত হয়। গুণ ও কর্ম্ম বিভাগদ্বারা ভগবান্ অতি পুরাতন কালহইতে চতুর্ব্বিধ জাতির সৃষ্টি করিয়াছেন।

পিতা ব্রাহ্মণ হইলেই তাঁহার পুত্র ব্রাহ্মণ পদবাচ্য হইতে পারেন না, ব্রহ্মতেজে জন্ম বলিয়া তিনি নমস্য বটেন, কিন্তু যদি তাঁহার শাস্ত্রাধ্যয়নদ্বারা আত্মজ্ঞান না হইয়া থাকে

তবে তাঁহাকে ব্রাহ্মণ বলাযাইতে পারে না। কারণ সত্ত্বগুণের আধিক্যদ্বারা যিনি ধর্ম্ম-প্রচার পরায়ণ তিনিই বাস্তবিক ব্রাহ্মণ।

তদ্রূপ ধর্ম্মযুদ্ধদ্বারা যিনি স্বীয় মাতৃভূমির স্বাধীনতা রক্ষা করেন, ও দুষ্টের দমন করিয়া সাধুগণের পরিপালন করেন তিনিই ক্ষত্রিয়। যিনি বাণিজ্য ও কৃষিকার্য্যে উৎকর্ষ সাধন করিয়া স্বদেশের ও বিদেশের মঙ্গল সাধন করেন তিনিই বৈশ্য। এবং দ্বিজশুশ্রূষা পরায়ণ হইয়া যিনি জীবিকা নির্ব্বাহ করেন তিনিই প্রকৃত শূদ্র। এইরূপ বর্ণাশ্রমোচিত ধর্ম্ম নিয়মিতরূপে পরিপালিত না হইলে সমাজ বন্ধন শিথিল হইয়া যায় বলিয়া মন্বাদি ধর্ম্মশাস্ত্রপ্রণেতৃগণ জীবনের প্রারম্ভে উপনয়নের বিধান করিয়াছেন। উদ্দেশ্য শূন্য জীবনে কর্ম্মযোগানুষ্ঠান হইতে পারে না, তজ্জন্য জীবনের প্রারম্ভে উদ্দেশ্য স্থিরকরা অতীব কর্ত্তব্য। জীবন ব্রতের স্থিরতা না হইলে তাহার অনুষ্ঠান কি প্রকারে হইতে পারে। নিষ্কাম হইয়া কর্ম্মযোগের অনুষ্ঠান করিলে তদ্দ্বারা আত্মা কর্ম্মপাশে আবদ্ধ হয় না। মানবাত্মা কর্ম্মফলে আবদ্ধ হয় না ও কর্ম্মফলে তাহার কোন স্পৃহা নাই আত্মার এইধর্ম্ম যিনি অবগত হইয়াছেন তাঁহারা আত্মা কর্ম্মবন্ধন বিচ্ছিন্ন করিতে সমর্থ হয়। পুরাতন কর্ম্মযোগিগণ এইরূপ জ্ঞান লাভ করিয়া অনবরত কর্ম্মযোগের অনুষ্ঠান করিয়াও কর্ম্মপাপে আবদ্ধ হন নাই। কি প্রকারে কর্ম্ম করিলে কর্ম্মফল বিনষ্ট হয় তাহা ভগবান্ বলিয়াছেন।

গতসঙ্গস্য মুক্তস্য, জ্ঞানাবস্থিতচেতসঃ।
যজ্ঞায়াচরতঃ কর্ম্ম, সমগ্রং প্রবিলীয়তে। ২৩। ৪র্থ অধ্যায়।

ফলকামনা বিরহিত অহংজ্ঞানপরিশূন্য ব্যক্তির চিত্ত সর্ব্বদাই পরব্রহ্মে স্থিত। এতাদৃশ ব্যক্তির কর্ম্মসকল ঈশ্বরোদ্দেশে সমাহিত হইয়া সমস্ত ফলের সহিত বিনষ্ট হইয়া থাকে। ৪র্থ অধ্যায়ে ভগবান্ দ্বাদশটী যজ্ঞের বিষয় কীর্ত্তন করিয়াছেন, গুরূপদেশদ্বারা যোগী এইসকল যজ্ঞানুষ্ঠান করিয়া পরম জ্ঞান লাভ করিয়া থাকেন। পূর্ব্বেই বলা হইয়াছে যে, গুরূপদেশ ভিন্ন কোন ব্যক্তিই কর্ম্মযোগানুষ্ঠান করিতে পারেন না। আত্মা নিষ্ক্রিয়, এবং আমাদিগের প্রকৃতি ভীষণ মায়াজালে আবৃত। নিত্যানিত্য বিষয় অবগত হইবার জন্য গুরূপদেশ নিতান্ত প্রয়োজন। অতএব ভক্তি ও শ্রদ্ধাদ্বারা গুরুকে প্রসন্ন করিয়া তাঁহার সহিত ধর্ম্মালোচনা করিবেক। মানব প্রকৃতি ব্যাঘ্রের সহিত দীর্ঘকাল সহবাস করিলে ব্যাঘ্রত্ব লাভ করিয়া থাকে, ও ধার্ম্মিকগণের সহিত অবস্থান করিলে ধর্ম্ম-জীবন লাভ করে। শ্রদ্ধাবান্ ও সংযতেন্দ্রিয় ব্যক্তি গুরূপদেশ গ্রহণ করিতে সম্যক্ অধিকারী। অপরদিকে সংশয়পূর্ণ মৃত আত্মা ধর্ম্মোপদেশের অধিকারী নহে, এবং তদ্দ্বারা কর্ম্মযোগের অনুষ্ঠান হইতে পারে না। ৪র্থ অধ্যায় উপসংহার করিয়া ভগবান্ বলিলেন হে মানব! সর্ব্বং খল্বিদং ব্রহ্ম এইজ্ঞানদ্বারা মায়াকে বিনষ্ট করত ঈশ্বরোদ্দেশে কর্ম্ম-যোগের অনুষ্ঠান কর, যিনি গীতার পঞ্চমাধ্যায়ে কর্ম্মযোগ ও কর্ম্মসন্ন্যাসযোগের বিষয় কীর্ত্তন করিয়া মুমুক্ষুদিগের মুক্তিপথ পরিষ্কার করিয়া দিয়াছেন সেই সর্ব্বলোক ত্রাণকর্ত্তা শ্রীকৃষ্ণকে আমরা নিরন্তর ধ্যানকরি।

ভগবানের অমৃতময় উপদেশের গভীর অর্থ পূর্ব্বাপর বিরোধি মনে করিয়া সংশয়িত-

চেতাঃ অর্জ্জুন শ্রীকৃষ্ণকে জিজ্ঞাসা করিলেন "ভগবন্! যেমন তিমির ও তেজঃ এক সময়ে একাধারে থাকিতে পারে না তদ্রূপ কর্ম্মযোগ ও কর্ম্মসন্ন্যাস কি প্রকারে এক সময়ে অনুষ্ঠিত হইতে পারে? আপনি এক সময়ে কর্ম্মযোগের ও অপর সময়ে কর্ম্মসন্ন্যাসের প্রশংসা করিতেছেন। অতএব ইহার কোনটীর অনুষ্ঠানদ্বারা আমি পরিণামে ফল লাভ করিতে পারিব তাহা আমাকে নিশ্চয় করিয়া বলুন। গীতার পঞ্চমাধ্যায়ে এই উভয়বিধ যোগানুষ্ঠানের বিষয় ভগবান্ বিশদরূপে কীর্ত্তন করিয়া মানবগণের সংশয় বিনষ্ট করিয়াছেন। কর্ম্ম তিন প্রকার যথা, কর্ম্ম, অকর্ম্ম, ও বিকর্ম্ম। সাত্বিকগুণোৎপন্ন কর্ম্ম, রজোগুণপ্রধান অকর্ম্ম, ও তমোগুণপ্রধান বিকর্ম্ম অর্থাৎ নিষিদ্ধ কর্ম্ম কিন্তু পর বৈরাগ্য উত্তেজিত কর্ম্মসন্ন্যাস ও সাত্বগুণপ্রধান কর্ম্মযোগ এতদুভয়ের মধ্যে কোন পার্থক্য নাই। অজ্ঞানীলোক ইহাদিগকে পৃথক্ মনে করিয়া থাকে।

সাংখ্যযোগৌ পৃথক্ বালাঃ, প্রবদন্তি ন পণ্ডিতাঃ।
একমপ্যাস্থিতঃ সম্যক্, উভয়োর্ব্বিন্দতে ফলম্ ॥ ৪ ॥ ৫ম অধ্যায়।

অজ্ঞানী লোক কর্ম্ম ও কর্ম্মসন্ন্যাসকে পৃথক্ মনে করেন, কিন্তু ইহা ভ্রমাত্মক। নৈষ্ঠিক কর্ম্ম ও কর্ম্মসন্ন্যাস উভয়ের মধ্যে কোনও পার্থক্য নাই, কারণ ফল কামনা শূন্য কর্ম্মই কর্ম্মসন্ন্যাস। কর্ম্মদ্বারা আমাদিগের আশাতৃষ্ণাদি কামনার জন্ম হয়, তজ্জন্য উহা আত্মবন্ধনের কারণ স্বরূপ, কিন্তু কেবল ঈশ্বরোদ্দেশে ফলকামনাশূন্য কর্ম্ম, কর্ম্মসন্ন্যাসের ন্যায় আত্মোৎকর্ষের একটী প্রধান উপায় বলিয়া কথিত হইয়াছে। ধর্ম্মশাস্ত্রে যে সকল কর্ম্মপাশ বলিয়া কথিত হইয়াছে তাহাই বিকর্ম্ম, উহা আমাদিগের তমোগুণদ্বারা উত্তেজিত হয়। ভোগলালসা সকল সম্যক্ প্রকারে বিনষ্ট হইবার অগ্রে কর্ম্মসন্ন্যাস ব্রতানুষ্ঠান কেবল বিড়ম্বনা মাত্র।

সন্ন্যাসস্তু মহাবাহো!, দুঃখমাপ্তুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্ব্রহ্ম, নচিরেণাধিগচ্ছতি ॥ ৬ ॥ ৫ম অধ্যায়।

কর্ম্মযোগ ব্যতীত কর্ম্মসন্ন্যাস কেবল দুঃখের কারণ হয়। কর্ম্মযোগী মুনি অচিরে ব্রহ্মকে প্রাপ্ত হন। কর্ম্মযোগী যোগানুষ্ঠান করিতে২ ব্রহ্ম জ্ঞান লাভ করেন, এবং আত্মাকে নির্লিপ্ত অবগত হইয়া প্রারব্ধ কর্ম্মের শেষ অপেক্ষা করিয়া থাকেন।

যোগী মহাত্মা বিশেষরূপে অবগত আছেন যে—

"ধর্ম্মাধর্ম্মৌ সুখং দুঃখং, মানসানি ন তে বিভো"

পাপ পুণ্যের ভোক্তা মনঃ. আত্মা নহে, তিনি সর্ব্বদাই নির্লিপ্ত। তজ্জন্য কর্ম্মযোগী সর্ব্বদা কর্ম্মকরিয়াও কর্ম্ম সন্ন্যাসী। যেমন পদ্মপত্র নিরন্তর জলে অবস্থান করিয়াও জলদ্বারা লিপ্ত হয় না, তদ্রূপ কর্ম্মকলদ্বারা পরিবেষ্টিত হইয়াও কর্ম্মযোগী সর্ব্বদাই নিঃসঙ্গ ও নির্লিপ্ত। বিশেষ সূক্ষ্মরূপে পর্য্যালোচনা না করিলেও ইহা স্পষ্ট প্রতীতি হইবেক যে আমাদিগের মধ্যে দ্বিবিধভাব সন্নিবিষ্ট হইয়াছে। প্রথম—ঈশ্বরভাব যদ্দ্বারা আমরা মায়াকে বশীভূত করিয়া নিঃস্বভাব সম্পন্ন হই। এবং দ্বিতীয়—প্রকৃতিভাব, যদ্দ্বারা অবিদ্যার বশীভূত থাকিয়া পাপ পুণ্য উভয়ের ফল ভোগ করিয়া থাকি। এই উভয়বিধ ভাবের গতি ও

ভিন্নং দিকে। ঈশ্বরভাবদ্বারা আমরা কর্ম্মবন্ধন ভেদ করিয়া শনৈঃ২ উর্দ্ধে গমন করি। এবং প্রকৃতিভাবদ্বারা আমরা সংসারে অধিকতর আকৃষ্ট হইয়া অধোদিকে গমন করিয়া থাকি। কর্ম্মযোগী এই ঈশ্বরভাব অবলম্বন করিয়া কর্ম্ম সন্ন্যাস ব্রতানুষ্ঠান করিয়া থাকেন।

কেহ২ মনে করেন যে কর্ম্মত্যাগ করিয়া কেবল দেশে২ তীর্থদর্শন ও ভিক্ষাদি করিয়া ভ্রমণ করিলে সন্ন্যাসী হওয়া যায়। ইহা অত্যন্ত ভ্রমাত্মক। কর্ম্মের উৎপত্তি ত্রিবিধ হইয়া থাকে, যথা কায়িক, বাচনিক, ও মানসিক। এই সকল কর্ম্ম সম্পূর্ণরূপে ত্যাগকরা কাহারও সম্ভবে না।

নহি দেহভৃতা শক্যং, ত্যক্তুং কর্ম্মাণ্যশেষতঃ।
যস্তু কর্ম্মফলত্যাগী, স ত্যাগীত্যভিধীয়তে॥ ১১ ॥ ১৮ ॥অধ্যায়।

জীব যত দিন শরীর ধারণ করে ততদিন সমস্ত কর্ম্ম পরিত্যাগ করিতে সমর্থ হয় না। এজন্য যে ব্যক্তি কর্ম্মফল পরিত্যাগ করে তাহাকেই ত্যাগী বলা যায়। সন্ন্যাসব্রতানুষ্ঠান করিবার অগ্রে সর্ব্ববিষয়ে সমজ্ঞান লাভ করা অতীব কর্ত্তব্য। কারণ যাঁহার সমজ্ঞান হয় নাই তিনি কর্ম্ম ও জ্ঞান উভয়মার্গহইতে স্খলিত হইয়া বিনষ্ট হন। পক্ষিগণ যেরূপ দুইটী পক্ষদ্বারা গগণমার্গে বিচরণ করে, মানব তদ্রূপ জ্ঞান ও কর্ম্মদ্বারা জীবন্মুক্তিলাভ করিয়া থাকে।

"উভাভ্যামেব পক্ষাভ্যাং, যথা খে পক্ষিণাং গতিঃ।
তথৈব জ্ঞানকর্ম্মভ্যাং, নরো মুচ্যেত রাঘব!।" যোগবাশিষ্ট।

জ্ঞান শূন্য কর্ম্ম অথবা কর্ম্মশূন্য জ্ঞান দ্বারা মানব মোক্ষমার্গে উত্থিত হইতে পারে না। এই উভয় বিধ পথের ভিত্তিভূমি সমতা, এই সমতার পূর্ণ মাত্রায়।

সর্ব্বভুতস্থমাত্মনং, সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা, সর্ব্বত্র সমদর্শনঃ। ২৯। ৬ষ্ঠ অধ্যায়।

যোগী স্বীয় আত্মাকে সমস্ত প্রাণীর মধ্যে এবং সমস্ত প্রাণীকে স্বীয় আত্মায় অবলোকন করিয়া অনুক্ষণ ব্রহ্মদর্শনরূপ পরমানন্দ উপভোগ করেন। এই সমজ্ঞানদ্বারা তাঁহার দ্বৈত বুদ্ধি ক্রমে২ বিনষ্ট হইয়া যায় এবং সমগ্রবিশ্ব তিনি ব্রহ্মময় অবলোকন করেন। এইরূপ মহাত্মার অন্তরে সুখ, আনন্দ, ও জ্যোতিঃ সর্ব্বদা বিরাজ করে। বাহ্যিক পদার্থদ্বারা যে আনন্দোৎপন্ন হয় তাহা উক্ত পদার্থের তিরোভাবে অবসান হইয়া থাকে। কিন্তু আন্তরিক সুখ শান্তি যাহা কোন পদার্থ বিশেষের উপর নির্ভর করে না তাহা অনন্তকাল স্থায়ী। যাঁহার সকল বস্তুতে ও সর্ব্বাবস্থায় আনন্দ হয় তিনিই সর্ব্বানন্দ। এইরূপ সমতাপ্রাপ্ত সর্ব্বানন্দ মহাত্মা ভিন্ন কেহই কর্ম্মযোগী বা কর্ম্মসন্ন্যাসী হইতে পারে না।

ভগবান্ জীবকে ছিন্নদ্বৈধ হইতে বারংবার উপদেশ দিয়াছেন। বাস্তবিক পক্ষে ধর্ম্মসম্বন্ধে সংশয়, যোগ ও সুখ বিঘ্নকর। ঈশ্বরের অস্তিত্ব, আত্মার অমরত্ব, পর ও পূর্ব্বজন্মের অস্তিত্ব, নির্ব্বাণ মুক্তি প্রভৃতি বিষয়ে সংশয় থাকিলে কোন প্রকারে আত্মোন্নতি সম্ভবে না। কেহ২ মনে করেন যে, এই সকল বিষয়ের স্থিরসিদ্ধান্ত মানবীয় বুদ্ধির অগোচর। এইরূপ আত্মাকে

মুক্ত আত্মা জ্ঞান করিতে হইবেক। এই সকল বিষয় মানবের ধর্ম্মোন্নতির দ্বারস্বরূপ, তজ্জন্য ভগবান্ আমাদিগের মনে এই সকল সত্য বীজ এরূপভাবে বপন করিয়াছেন যে সামান্য প্রয়াস হইলেই ইহাদিগের স্ফুরণ হইয়া থাকে। এইসকল নিত্যবিষয়ের সিদ্ধান্ত করিতে বিশেষ বুদ্ধি বা গবেষণার প্রয়োজন করে না। সামান্য জ্ঞানদ্বারা এইসকল বিষয়ে ব্যুৎপত্তি জন্মিয়া থাকে।

৪র্থ অধ্যায়ে যে সকল যজ্ঞের কথা উল্লেখ করিয়াছেন তন্মধ্যে মনঃস্থির করিবার জন্য প্রাণায়ামকে শ্রেষ্ঠত্ব প্রদান করিয়াছেন। ফলতঃ মনকে বিক্ষেপশূন্য করিবার প্রধান উপায় কুম্ভক। যোগী মহাত্মা এইরূপে প্রাণায়ামপরায়ণ হইয়া মনঃ ও বুদ্ধির সংযমপূর্ব্বক ইচ্ছা, ভয়, ও ক্রোধ সম্যকরূপে পরিত্যাগ করিয়া সন্ন্যাস ব্রতানুষ্ঠান করেন। সন্ন্যাসী ঈশ্বরকে সর্ব্বলোকত্রাণকর্ত্তা, পরিপালক, ও সুহৃদ্, এবং যজ্ঞ ও তপঃফলের ভোক্তা, মনে করিয়া কোন নির্জ্জন স্থানে উপবেশনপূর্ব্বক ব্রহ্ম চিন্তায় ধ্যানস্থ হইবেন। তদনন্তর ভগবান্ ষষ্ঠ অধ্যায়ের অবতারণা করিয়া ধ্যান যোগের বিষয় কীর্ত্তন করিলেন। এবং জীবাত্মার বিচার শেষ করিয়া গীতার প্রথম খণ্ডের উপসংহার করিলেন। সন্ন্যাসী সম্বন্ধে শ্রুতি বলিয়াছেন—

দেহন্যাসো হি সন্ন্যাসো, নৈব কাষায়বাসনা।
নাহং দেহোঽহমাত্মেতি, নিশ্চয়ো ন্যাসলক্ষণম্॥

যাঁহার শরীরে আত্মাভিমান নাই, যিনি পঞ্চকোষময় দেহে অহং জ্ঞান শূন্য, এবং যিনি মনে করেন যে সমস্ত বিশ্বই তাঁহার আত্মা, তিনিই প্রকৃত সন্ন্যাসী। গৈরিকবস্ত্র পরিধান করিলেই সন্ন্যাসী হওয়া যায় না। এইরূপ সমস্বরে ষষ্ঠাধ্যায়ের প্রথমে ভগবান্ বলিলেন যে,

অনাশ্রিতঃ কর্ম্মফলং, কার্য্যং কর্ম্ম করোতি যঃ।
স সন্ন্যাসী চ যোগী চ, ন নিরগ্নি র্নচাক্রিয়ঃ॥ ১॥ ৬ষ্ঠ অধ্যায়।

কর্ম্মফলে আকাঙ্ক্ষা পরিশূন্য হইয়া যিনি স্বকীয় কর্ত্তব্য কার্য্য সম্পাদন করেন তিনিই সন্ন্যাসী এবং যোগী। যাঁহারা অগ্নিকে স্পর্শ করেন না, অথবা কোন কর্ম্ম করেন না তাঁহাদিগকে সন্ন্যাসী কি যোগী বলা যাইতে পারে না। বৈরাগ্য, জ্ঞান ও উপরম এই ত্রিবিধ গুণদ্বারা সন্ন্যাসী গঠিত হইয়াছে। পার্থিব বিষয়ে বিতৃষ্ণাকে বৈরাগ্য বলে। আত্মতত্ত্ব বিচারদ্বারা যে "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" জ্ঞান জন্মে তাহাকে জ্ঞান বলে। যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান ও সমাধিদ্বারা চিন্মাত্রে বিশ্রাম জনিত যে সুখ লাভ হয় তাহাকে উপরম বলে। এই সকল গুণ কর্ম্মবলে লাভ করিতে হইবেক। তজ্জন্য ভগবান্ বলিলেন

আরুরুক্ষোর্ম্মুনে র্যোগং, কর্ম্ম কারণ মুচ্যতে।
যোগারূঢ়স্য তস্যৈব, শমঃ কারণ মুচ্যতে॥ ৩। ৬ষ্ঠ অধ্যায়।

কর্ম্মই যোগমঞ্চে আরোহণ করিবার সোপান স্বরূপ, কিন্তু আত্মজ্ঞানের সম্যক্ স্ফুরণ

হইলে কর্ম্ম সন্ন্যাসই প্রশস্ত। পরোপকার উপাসনাদি যোগীর নিত্য কর্ম্ম, তাহা কর্ম্ম-যোগী বা কর্ম্মসন্ন্যাসী উভয়েরই করিতে হইবেক। কিন্তু যাঁহার আত্মজ্ঞান জন্মিয়াছে তাঁহার পক্ষে হোম, যজ্ঞ, প্রাণায়ামাদি অনুষ্ঠানের প্রয়োজন থাকে না। যে পর্য্যন্ত মনহইতে বাসনাদি সম্যক্ প্রকারে তিরোহিত না হয়, এবং যে পর্য্যন্ত মানব ইন্দ্রিয়গণকে বশীভূত করিতে না পারেন তাবৎ ঈশ্বরোদ্দেশে যজ্ঞ, ও প্রাণায়ামাদি করিতে হইবেক।

বিদিতে চ পরে তত্বে, সমস্তৈর্নিয়মৈরলম।
তালবৃন্তেন কিং তস্য, লব্ধে মলয়মারুতে॥

এই সকল যজ্ঞাদি কার্য্য শিক্ষা ও অভ্যাস করিবার জন্য গুরূপদেশ আবশ্যক, অথচ স্বকীয় চেষ্টা ও উৎসাহ ভিন্ন কোন কার্য্যই সাধিত হয় না। শ্রবণ, মনন, ও নিদিধ্যাসনই জ্ঞানলাভের উপায় বলিয়া কথিত হইয়াছে। কিন্তু এইত্রিবিধ উপায়হইতেও আত্ম-চেষ্টা শ্রেষ্ঠ। ভগবান্ বলিয়াছেন—

উদ্ধরেদাত্মনাত্মানং, নাত্মান মবসাদয়েৎ।
আত্মৈব হ্যাত্মনো বন্ধুঃ, আত্মৈব রিপুরাত্মনঃ॥ ৫॥ ৬ষ্ঠ অধ্যায়।

আপনাকে আপনিই উদ্ধার করিবে, কদাপি আপনাকে অবসন্ন করিবে না। আপনিই আপনার বন্ধু, এবং আপনিই আপনার শত্রু। এই পৃথিবী মায়াময় ইহার সমস্ত কার্য্যই অনিত্য এইজ্ঞান লাভ করিয়া যোগী পুরুষ পার্থিব কোন বিষয়ের জন্য চিন্তিত কি ক্ষোভিত হন না। তিনি শীতোষ্ণ সুখদুঃখ মানাপমানাদি দ্বন্দ্বপরিশূন্য হইয়া ইন্দ্রিয়গণকে জয় করত কর্ম্মসন্ন্যাস ব্রতাবলম্বনপূর্ব্বক স্বীয় আত্মাকে ঈশ্বর চিন্তায় নিমগ্ন করেন।

জ্ঞান বিজ্ঞান তৃপ্তাত্মা, কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ।
যুক্ত ইত্যুচ্যতে যোগী, সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ॥ ৮॥ ৬ষ্ঠ অধ্যায়।

সমস্তবিশ্ব ব্রহ্মময় সন্দর্শন করিয়া যাঁহার মনহইতে সকল প্রকার সংশয় তিরোহিত হইয়াছে, তিনি নির্ব্বিকার ও জিতেন্দ্রিয়, এবং তাঁহাকে কামিনী কাঞ্চনাদি মোহিত করিতে পারে না, যোগীর মনের ভাব এইরূপ হইলে তিনি কোন নির্জ্জন প্রদেশে গমন করত যোগাসনে সমাসীন হইয়া আত্মধ্যানে মনকে নিযুক্ত করিবেন। গঙ্গাতীর কি পার্ব্বতীয় কোন নির্জ্জন স্থান মনোরম্য দেখিয়া আসন রচনা করিবেন। যে স্থানে প্রকৃতির শোভাদর্শন করিয়া স্বতই মনঃ ভক্তিরসে আপ্লুত হয়, এবং যে স্থানের বাহ্যিক শোভা সন্দর্শন করিয়া মনঃ স্বভাবতঃ ঈশ্বরেরদিকে প্রধাবিত হয় এইরূপ মনোজ্ঞ একটী স্থানে যোগী ঈশ্বর চিন্তায় রত হইবেন। তাঁহার আসন চেলাজিন কুশদ্বারা রচনা করিতে হইবেক।

উক্ত আসোনোপরি—

সমং কায়শিরোগ্রীবং, ধারয়ন্নচলং স্থিরম্।
সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং, দিশশ্চানবলোকয়ন্॥ ১৩॥ ৬ষ্ঠ অধ্যায়।

শরীর মস্তক ও গ্রীবাদেশ অচলভাবে উন্নত রাখিয়া অনন্য দৃষ্টিতে স্বীয় নাসাগ্র অবলোকন করত যোগী মহাত্মা ধ্যানস্থ হইবেন। উক্ত যোগী ব্যুত্থিত অবস্থায় কিরূপ

ব্যবহার করিবেন তাহা ভগবান্ নির্দ্দেশ করিলেন। নিয়মিত আহার, বিহার, নিদ্রা, কার্য্য ও চেষ্টাদ্বারা তিনি শরীর ও মনকে সুস্থ ও বলিষ্ঠ রাখিবেন। ফলতঃ যিনি অতি-ভোজনকারী কি নিরাহারী, অথবা অতিভ্রমণকারী, কি একেবারেই ভ্রমণ করেন না, অথবা অত্যন্ত নিদ্রাশীল, কি নিদ্রা একেবারে পরিত্যাগ করিয়াছেন এই প্রকার ব্যক্তির পক্ষে কর্ম্ম সন্ন্যাস যোগ অত্যন্ত দুঃখস্থল হইয়া থাকে। ধ্যানকালে যোগীর মনের অবস্থা-কিপ্রকার হওয়া উচিত তাহা ভগবান্ ষষ্ঠাধ্যায়ের ঊনবিংশ শ্লোকহইতে অষ্টাবিংশ শ্লোক-সমূহে কীর্ত্তন করিলেন। নির্ব্বাত দীপশিখার ন্যায় মনঃ বিক্ষেপ শূন্য হইয়া ঈশ্বরকে দর্শন করিবে। চঞ্চল মনদ্বারা যে জ্যোতিঃ নির্গত হয় তদ্দ্বারা আত্মদর্শন সম্ভবে না।

ভগবান্ বলিলেন—

যথা দীপো নিবাতস্থো, নেঙ্গতে সোপমা স্মৃতা।

যোগিনো যতচিত্তস্য, যুঞ্জতো যোগমাত্মনঃ ॥ ১৯ ॥ ৬ষ্ঠ অধ্যায়।

আত্মযোগস্থ যোগীর মনঃ নির্ব্বাত দীপশিখার ন্যায় স্থিরভাবে সংযত রাখা নিতান্ত কর্ত্তব্য। ব্যুত্থিত অবস্থায় মনের ভাব কি প্রকার হইবেক তাহা ভগবান্ উক্ত অধ্যায়ের ঊনবিংশ শ্লোক হইতে দ্বাত্রিংশ শ্লোকদ্বারা ব্যাখ্যা করিলেন।

এই সমতাপূর্ণ যোগ মানবীয় চঞ্চল মনদ্বারা হওয়া নিতান্ত অসম্ভব মনে করিয়া অর্জ্জুন ভগবান্‌কে জিজ্ঞাসা করিলেন, প্রভো! বায়ুর ন্যায় অতিচঞ্চল মনদ্বারা আপনার কথিত যোগ কিপ্রকারে অনুষ্ঠিত হইতে পারে তাহা আমাকে প্রকাশ করিয়া বলুন। তদুত্তরে সেই সর্ব্বলোক ত্রাণকর্ত্তা ভগবান্ কহিলেন—

অসংশয়ং মহাবাহো, মনো দুর্নিগ্রহং চলম্।

অভ্যাসেন তু কৌন্তেয়, বৈরাগ্যেণ চ গৃহ্যতে ॥ ৩৫ ॥ ৬ষ্ঠ অধ্যায়।

অভ্যাস ও বৈরাগ্য বলে মনকে আত্মসংস্থ করিতে হইবেক। এইদ্বিবিধ উপায় ভিন্ন অন্য উপায় নাই, তন্মধ্যে বৈরাগ্য বলই শ্রেষ্ঠ। আত্মবিবেক ও বৈরাগ্যদ্বারাই মনঃ শান্তি-পূর্ণ হইয়া থাকে। মানবীয় মনঃ চঞ্চল ও তন্নিরোধ অসাধ্য অবগত হইয়া অর্জ্জুন পুনর্ব্বার জিজ্ঞাসা করিলেন, ভগবান্! যদি কোন কর্ম্মসন্ন্যাসী শ্রদ্ধাযুক্ত হইয়া যোগানুষ্ঠান কালে মনের চাঞ্চল্য বশতঃ আত্মধ্যানে অসমর্থ হয় তবে তাঁহার গতি কি হইবে? তিনি কর্ম্মযোগ ও জ্ঞান যোগ উভয় যোগভ্রষ্ট হইয়া ছিন্নমেঘের ন্যায় বিনষ্ট হইবেন কি?

তদুত্তরে শ্রীকৃষ্ণ বলিলেন—

পার্থ নৈবেহ নামুত্র, বিনাশস্তস্য বিদ্যতে।

নহি কল্যাণকৃৎ কশ্চিৎ, দুর্গতিং তাত গচ্ছতি ॥ ৪০ ৬ষ্ঠ অধ্যায়।

হেতাত! শুভকর্ম্মানুষ্ঠাতার ইহলোকে কি পরলোকে কখনই দুর্গতি হয় না। ধান্য বপন করিলে ধান্যই হইবেক কণ্টক হইতে পারে না, তবে উপকরণের তারতম্য বিশেষে ফলের তারতম্য হইয়া থাকে। যোগভ্রষ্ট ব্যক্তি মৃত্যুর পর দেবাদি লোকে পুণ্যাত্মা মানবগণের সহিত অনেক দিন পরমসুখে বাস করিয়া ধনী কি যোগীদিগের কুলে জন্ম পরিগ্রহ করত যোগদ্বারা সিদ্ধিলাভ করেন। এবং পূর্ব্বাভ্যাস বলে অধিকতর

প্রযত্ন সহকারে মনঃসংযোগ করিয়া যোগাভ্যাস করত অপেক্ষাকৃত অনায়াস মোক্ষফল প্রাপ্তহন। এইরূপে অনেক জন্ম অতিক্রম করিয়া যোগী শনৈঃ শনৈঃ মুক্তিপথে অগ্রসর হইয়া থাকেন। এবং পরিশেষে নির্ব্বাণমুক্তি লাভ করেন।

তদনন্তর তপস্বী, জ্ঞানী, কর্ম্মী, ও যোগীদিগের শ্রেষ্ঠত্ব বিবেচনা করিয়া ভগবান্ শ্রীকৃষ্ণ ত্বংপদার্থের বিচার শেষ করিয়া গীতার প্রথম ষটকের উপসংহার করিলেন। ভগবান্ বলিলেন অর্জ্জুন! কঠোর তপস্যাদিদ্বারা মানব জ্ঞানলাভ করিয়া থাকে, শাস্ত্রাদি অধ্যয়ন জনিত জ্ঞানদ্বারা কর্ম্ম করিয়া যোগসিদ্ধ হইয়া থাকে। এইরূপ যোগিগণের মধ্যে যিনি শ্রদ্ধাবান্ হইয়া ব্রহ্মোপাসনা করেন তিনিই সর্ব্বশ্রেষ্ঠ।

যিনি অনন্ত দৈবশক্তি প্রভাবে জীবাত্মারূপী অর্জ্জুনকে তপস্যা, জ্ঞান, কর্ম্মসন্ন্যাস ও ভক্তিপূর্ণ ব্রহ্মনিষ্ঠা সম্বন্ধে উপদেশ প্রদান করিয়া ভবমায়ার্ণব নিমজ্জিত দেহীকে মোক্ষমার্গে উত্তোলিত করিয়াছিলেন সেই সর্ব্বলোক ত্রাণকর্ত্তা শ্রীকৃষ্ণকে আমরা নিরন্তর ধ্যান করি।

উপক্রমণিকার উপসংহারকালে কৃতজ্ঞতা সহকারে স্বীকার করিতেছি যে পূজ্যপাদ পণ্ডিতবর শ্রীযুক্ত আনন্দচন্দ্র তর্কবাগীশ মহাশয় ও শ্রীযুক্ত শশধর স্মৃতিভূষণ মহাশয় এই গ্রন্থের সংস্কৃত ও বাঙ্গালাভাগ আদ্যোপান্ত সংশোধন এবং ইহার সঙ্কলনে সর্ব্বপ্রকার সাহায্য করিয়া আমাকে চিরকৃতজ্ঞতা পাশে বদ্ধ করিয়াছেন। ইতি॥

ফরিদপুর।
১৬ই চৈত্র সন ১৩০০

শ্রীকালীপ্রসন্ন সরকার।

গীতামাহাত্ম্যম্।

মূল।

ওঁ নমো ভগবতে বাসুদেবায়।

শৌনক উবাচ।

গীতায়াশ্চৈব মাহাত্ম্যং, যথাবৎ সূতমেবদ।
পুরা নারায়ণ ক্ষেত্রে, ব্যাসেন মুনিনোদিতম্॥ ১॥

সূত উবাচ।

ভদ্রং ভগবতা পৃষ্টং, যদ্ধি গুহ্যতমং পরম্।
শক্যতে কেনতদ্বক্তুং, গীতামাহাত্ম্য মুত্তমম্॥ ২॥
কৃষ্ণোজানাতি বৈসম্যক্, কিঞ্চিৎ কুন্তী সুতঃ ফলম্।
ব্যাসো বা ব্যাসপুত্রো বা, যাজ্ঞবল্ক্যোঽথমৈথিলঃ॥ ৩।
অন্যে শ্রবণতঃ শ্রুত্বা, লেশং সঙ্কীর্ত্তয়ন্তি চ।
তস্মাৎ কিঞ্চিদ্বদাম্যত্র, ব্যাসস্যাস্যান্ময়াশ্রুতম্॥ ৪॥
সর্ব্বোপনিষদো গাবো, দোগ্ধা গোপালনন্দনঃ।
পার্থো বৎসঃ সুধীর্ভোক্তা, দুগ্ধং গীতামৃতং মহৎ॥ ৫॥
গীতা সুগীতা কর্ত্তব্যা, কিমন্যৈঃ শাস্ত্রবিস্তরৈঃ।
যা স্বয়ং পদ্মনাভস্য, মুখপদ্মাদ্বিনিঃসৃতা॥ ৬॥
সারথ্যমর্জ্জুনস্যাদৌ, কুর্ব্বন্ গীতামৃতং দদৌ।
লোকত্রয়োপকারায়, তস্মৈ কৃষ্ণাত্মনে নমঃ॥ ৭॥
সংসার সাগরং ঘোরং, তর্ত্তুমিচ্ছতি যো নরঃ।
গীতানাবং সমাসাদ্য, পারং যাতি সুখেন সঃ॥ ৮॥
গীতা জ্ঞানং শ্রুতং নৈব, সদৈবাভ্যাস যোগতঃ।
মোক্ষমিচ্ছন্তি মূঢ়াত্মা, যাতি বালক হাস্যতাম্॥ ৯॥

যে শৃণ্বন্তি পঠন্ত্যেব, গীতাশাস্ত্রমহর্নিশম্ ।
নতে বৈ মানুষা জ্ঞেয়া, দেবরূপা ন সংশয়ঃ ॥ ১০ ॥
গীতা জ্ঞানেন সম্বোধং, কৃষ্ণঃ প্রাহার্জ্জুনায়বৈ ।
ভক্তিতত্ত্বং পরং তত্র, সগুণং বাথ নির্গুণম্ ॥ ১১ ॥
সোপানাষ্টাদশৈরেবং, ভক্তি মুক্তি সমুচ্ছ্রিতৈঃ ।
ক্রমশশ্চিত্তশুদ্ধিঃ স্যাৎ, প্রেমভক্ত্যাদি কর্ম্মসু ॥ ১২ ॥
সাধোর্গীতাম্ভসি স্নানং, সংসার মলনাশনম্ ।
শ্রদ্ধাহীনস্য তৎকার্য্যং, হস্তি স্নানং বৃথৈবতৎ ॥১৩ ॥
গীতায়াশ্চ ন জানাতি, পঠনং নৈব পাঠনম্ ।
স এব মানুষে লোকে, মোঘ কর্ম্ম করোভবেৎ ॥ ১৪ ॥
তস্মাদ্ গীতাং ন জানাতি, নাধমস্তৎ পরোজনঃ ।
ধিক্ তস্য মানুষং দেহং, বিজ্ঞানং কুলশীলতাম্ ॥ ১৫ ॥
গীতার্থং ন বিজানাতি, নাধমস্তৎ পরোজনঃ ।
ধিক্ শরীরং শুভং শীলং, বিভবন্তদ্গৃহাশ্রমম্ ॥ ১৬ ॥
গীতাশাস্ত্রং ন জানাতি, নাধমস্তৎ পরোজনঃ ।
ধিক্ প্রালব্ধং প্রতিষ্ঠাঞ্চ, পূজাং মানং মহত্তমম্ ॥ ১৭ ॥
গীতাশাস্ত্রে মতির্নাস্তি, সর্ব্বং তন্নিষ্ফলং জগুঃ ।
ধিক্ তস্য জ্ঞানদাতারং, ব্রতং নিষ্ঠাং তপোযশঃ ॥ ১৮ ॥
গীতার্থ পঠনং নাস্তি, নাধমস্তৎ পরোজনঃ ।
গীতাগীতং ন যজ্জ্ঞানং, তদ্বিদ্ধ্যাসুরসম্মতম্ ।
তন্মোঘং ধর্ম্মরহিতং, বেদবেদান্তগর্হিতম্ ॥ ১৯ ॥
তস্মাদ্ধর্ম্মময়ী গীতা, সর্ব্বজ্ঞান প্রযোজিকা ।
সর্ব্বশাস্ত্র সারভূতা, বিশুদ্ধা সা বিশিষ্যতে ॥ ২০ ॥
যোঽধীতে বিষ্ণু পর্ব্বাহে, গীতাং শ্রীহরিবাসরে ।
স্বপন্ জাগ্রন্ চলং স্তিষ্ঠন্, শত্রুভির্নসহীয়তে ॥ ২১ ॥
শালগ্রামে শিলায়াং বা, দেবাগারে শিবালয়ে ।
তীর্থেনদ্যাং পঠেদ্গীতাং, সৌভাগ্যং লভতে ধ্রুবম্ ॥ ২২॥
দেবকীনন্দনঃ কৃষ্ণো, গীতা পাঠেন তুষ্যতি ।
যথা ন বেদৈর্দানেন, যজ্ঞ তীর্থ ব্রতাদিভিঃ ॥ ২৩ ॥
গীতা ধীতা চ যেনাপি, ভক্তিভাবেন চেতসা ।

বেদশাস্ত্রাপুরাণানি, তেনাধীতানি সর্ব্বশঃ ॥ ২৪ ॥
যোগস্থানে সিদ্ধ পীঠে, শিলাগ্রে সৎসভাসু চ।
যজ্ঞে চ বিষ্ণুভক্তাগ্রে, পঠন্ সিদ্ধিং পরাং লভেৎ ॥ ২৫
গীতাপাঠঞ্চ শ্রবণং, যঃ করোতি দিনে দিনে।
ক্রতবো বাজিমেধাদ্যাঃ, কৃতাস্তেন সদক্ষিণাঃ ॥ ২৬ ॥
যঃ শৃণোতি চ গীতার্থং, কীর্ত্তয়ত্যেব যঃ পরম্।
শ্রাবয়েচ্চ পরার্থং বৈ, সংপ্রয়াতি পরংপদম্ ॥ ২৭ ॥
গীতায়াঃ পুস্তকং শুদ্ধং, যোঽর্পয়ত্যেব সাদরাৎ।
বিধিনা ভক্তিভাবেন, তস্য ভার্য্যা প্রিয়াভবেৎ ॥ ২৮ ॥
যশঃ সৌভাগ্যমারোগ্যং, লভতে নাত্র সংশয়ঃ।
দয়িতানাং প্রিয়ো ভূত্বা, পরমং সুখমশ্নুতে ॥ ২৯ ॥
অভিচারোদ্ভবং দুঃখং, বরশাপাগতঞ্চ যৎ।
নোপসর্পতি তত্রৈব, যত্র গীতার্চ্চনং গৃহে ॥ ৩০ ॥
তাপত্রয়োদ্ভবা পীড়া, নৈবব্যাধির্ভবেৎ ক্বচিৎ।
ন শাপো নৈব পাপঞ্চ, দুর্গতির্নরকং ন চ ॥ ৩১ ॥
বিস্ফোটকাদয়ো দেহে, ন বাধন্তে কদাচন।
লভেৎ কৃষ্ণ পদে দাস্যং, ভক্তিঞ্চাব্যভিচারিণীম্ ॥ ৩২ ॥
জায়তে সততং সখ্যং, সর্ব্বজীবগণৈঃসহ।
প্রারব্ধং ভুঞ্জতোবাপি, গীতাভ্যাসরতস্য চ ॥ ৩৩ ॥
সমুক্তঃ স সুখী লোকে, কর্ম্মণা নোপলিপ্যতে।
মহাপাপাতি পাপানি, গীতাধ্যায়ী করোতি চেৎ।
ন কিঞ্চিৎ স্পৃশ্যতে তস্য নলিনীদলমম্ভসা ॥ ৩৪ ॥
অনাচারোদ্ভবং পাপং, অবাচ্যাদি কৃতঞ্চ যৎ।
অভক্ষ্য ভোক্ষজং দোষ, মস্পার্শ স্পার্শজং তথা ॥ ৩৫ ॥
জ্ঞানাজ্ঞানকৃতং নিত্য, মিন্দ্রিয়ৈর্জনিতঞ্চ যৎ।
তৎসর্ব্বং নাশমায়াতি, গীতাপাঠেন তৎক্ষণাৎ ॥ ৩৬ ॥
সর্ব্বত্র প্রতিভোক্তা চ, প্রতিগৃহ্য চ সর্ব্বশঃ।
গীতাপাঠং প্রকুর্ব্বাণো, ন লিপ্যেত কদাচন ॥ ৩৭ ॥
রত্নপূর্ণাং মহীংসর্ব্বাং, প্রতিগৃহ্যাবিধানতঃ।
গীতাপাঠেন চৈকেন, শুদ্ধ স্ফটিকবৎ সদা ॥ ৩৮ ॥

যস্যান্তঃকরণং নিত্যং, গীতায়াং রমতে সদা।
স সাগ্নিকঃ সদাজাপী, ক্রিয়াবান্ স চ পণ্ডিতঃ ॥ ৩৯ ॥
দর্শনীয়ঃ স ধনবান্, স যোগী জ্ঞানবানপি।
স এব যাজ্ঞিকোযাজী, সর্ব্ববেদার্থদর্শকঃ ॥ ৪০ ॥
গীতায়াঃ পুস্তকং যত্র, নিত্যপাঠশ্চ বর্ত্ততে।
তত্র সর্ব্বাণি তীর্থানি, প্রয়াগাদীনি ভূতলে ॥ ৪১ ॥
নিবসন্তি সদা দেহে, দেহশেষেঽপি সর্ব্বদা।
সর্ব্বেদেবাশ্চ ঋষয়ো, যোগিনো দেহরক্ষকাঃ ॥ ৪২ ॥
গোপালো বালকৃষ্ণোঽপি, নারদধ্রুবপার্শদৈঃ।
সহায়ো জায়তে শীঘ্রং, যত্র গীতা প্রবর্ত্ততে ॥ ৪৩ ॥
যত্র গীতা বিচারশ্চ, পঠনং পাঠনং তথা।
মোদতে তত্র শ্রীকৃষ্ণো, ভগবান্ রাধিকা সহ ॥ ৪৪ ॥

শ্রীকৃষ্ণো ভগবানুবাচ।

গীতা মে হৃদয়ং পার্থ, গীতা মে সারমুত্তমম্।
গীতা মে জ্ঞানমত্যুগ্রং, গীতা মে জ্ঞানমব্যয়ম্ ॥ ৪৫ ॥
গীতা মে চোত্তমং স্থানং, গীতা মে পরমং পদম্।
গীতা মে পরমং গুহ্যং, গীতা মে পরমোগুরুঃ ॥ ৪৬ ॥
গীতাশ্রেয়েঽহং তিষ্ঠামি, গীতা মে পরমং গৃহম্।
গীতা জ্ঞানং সমাশ্রিত্য, ত্রিলোকীং পালয়াম্যহম্ ॥ ৪৭ ॥
গীতা মে পরমাবিদ্যা, ব্রহ্মরূপা ন সংশয়ঃ।
অর্দ্ধমাত্রা পরানিত্যা, মনির্ব্বাচ্য পদাত্মিকা ॥ ৪৮ ॥
গীতানামানি বক্ষ্যামি, গুহ্যানি শৃণু পাণ্ডব।
কীর্ত্তনাৎ সর্ব্বপাপানি, বিলয়ং যান্তি তৎক্ষণাৎ ॥ ৪৯ ॥
গঙ্গা গীতা চ সাবিত্রী, সীতা সত্যা পতিব্রতা।
ব্রহ্মাবলির্ব্রহ্মবিদ্যা, ত্রিসন্ধ্যা মুক্তিগেহিনী ॥ ৫০ ॥
অর্দ্ধমাত্রা চিদানন্দা, ভবঘ্নী ভ্রান্তিনাশিনী।
বেদত্রয়ী পরানন্দা, তত্ত্বার্থ জ্ঞানমঞ্জরী ॥ ৫১ ॥
ইত্যেতানি জপেন্নিত্যং, নরো নিশ্চল মানসঃ।
জ্ঞানসিদ্ধিং লভেন্নিত্যং, তথান্তে পরমং পদম্ ॥ ৫২ ॥

শ্রীমদ্ভগবদ্গীতা ।

প্রথমোঽধ্যায়ঃ ॥

অর্জ্জুন বিষাদঃ অথবা সৈন্য দর্শনম্ ।

ধৃতরাষ্ট্র উবাচ ।

ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে, সমবেতা যুযুৎসবঃ ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব, কিমকুর্ব্বত সঞ্জয় ॥ ১ ॥

ধৃতরাষ্ট্রঃ উবাচ ।

ভোঃ সঞ্জয় ! ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে মামকাঃ পাণ্ডবাঃ চ এব যুযুৎসবঃ সমবেতাঃ (সন্তঃ) কিং অকুর্ব্বত ॥ ১ ॥

ধৃতরাষ্ট্র কহিলেন ।

হে সঞ্জয় ! ধর্ম্মভূমি কুরুক্ষেত্রে সমরেচ্ছু, আমার ও পাণ্ডুর পুত্রগণ মিলিত হইয়া কি করিল ? ॥ ১ ॥

DHRITARA'SHTRA SAID.

1. Tell me O Shanjaya ! What Pandu's sons and mine, now assembled on the sacred plains of Kurukhethra, on war intent, have been doing ?

শ্রীধর স্বামী । অত্র তাবৎ ধর্ম্মক্ষেত্রে ইত্যাদিনা বিষীদন্ ইদং অব্রবীৎ ইত্যন্তেন গ্রন্থেন শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদপ্রস্তাবায় কথা নিরূপ্যতে । ধৃতরাষ্ট্রঃ উবাচ ইতি । ধর্ম্মক্ষেত্রে ইতি । ভোঃ সঞ্জয় ! ধর্ম্মভূমৌ কুরুক্ষেত্রে, ধর্ম্মক্ষেত্রে ইতি কুরুক্ষেত্রবিশেষণং । এষাং আদিপুরুষঃ কুরুনামা বভূব, তস্য কুরোঃ ধর্ম্মস্থানে, মামকাঃ—মৎপুত্রাঃ, পাণ্ডবাঃ—পাণ্ডুপুত্রাঃ চ যুযুৎসবঃ—যোদ্ধুং ইচ্ছন্তঃ, সমবেতাঃ—মিলিতাঃ সন্তঃ কিং অকুর্ব্বত ॥ ১ ॥

ইহা একরূপ স্থিরীকৃত হইয়াছে যে, কুরুক্ষেত্রযুদ্ধ খ্রীষ্টাব্দের প্রায় ১৪০০ বৎসর পূর্ব্বে হইয়াছিল। তাহা হইলে অদ্য আমরা যে বিষয়ের আলোচনায় প্রবৃত্ত, তাহা প্রায় ৩২৯০ বৎসর পূর্ব্বে সঙ্ঘটিত হইয়াছিল। কুরু-রাজ অথবা কৌরবগণ যে মহা-প্রান্তরে ধর্ম্মানুষ্ঠান করিতেন তাহাকে ধর্ম্মক্ষেত্র কুরুক্ষেত্র কহে। পুরাতন ইন্দ্র-প্রস্থের (বর্ত্তমান দিল্লীনগর) উত্তর পূর্ব্বদিকে প্রায় ৬৫ ক্রোশ ব্যবধান যমুনা-নদীর পশ্চিমতীরে এই মহাপ্রান্তর (যাহাকে এক্ষণ পাণিপথ কহে) অদ্যাপি বর্ত্তমান আছে। এই মহা প্রান্তরে কয়েকটী ভারতীয় মহা-সমর হইয়াছিল। ১৫২৫ খ্রীষ্টাব্দে সম্রাট্ বাবর একটী

মহাযুদ্ধে এই স্থানে ইব্রাহীম লুদিকে পরাস্ত করিয়া পাঠান বংশের উচ্ছেদ সাধন করত মোগল সাম্রাজ্যের ভিত্তি-ভূমি সংস্থাপন করেন। তদনন্তর ১৫৫৬ খ্রীষ্টাব্দে দিগ্বিজয়ী আকবর চতুর্দ্দশ বৎসর বয়ঃক্রমে এই স্থানে পাঠান-বংশীয় আদিম সাহের সৈন্যগণকে পরাজিত করিয়া মোগল সাম্রাজ্যের অভ্যুত্থান সাধন করেন। অনন্তর ১৭৬১ খ্রীষ্টাব্দে আফ্গান দুরানী বংশীয় আহম্মদসাহ এই মহা-ক্ষেত্রে মহারাষ্ট্রীয়দিগকে যুদ্ধে পরাহত করিয়া ইংরেজ—সাম্রাজ্য সংস্থাপনের পথ পরিষ্কার করিয়া দেন।

কুরুক্ষেত্র যুদ্ধকালে হস্তিনাপুরে রাজধানী ছিল, এই মহানগরের পাদদেশদিয়া সুরধুনীগঙ্গা প্রবাহিত হইতেন। হস্তিনাপুর হইতে প্রায় ৭০ ক্রোশ ব্যবধান উত্তর-পশ্চিম দিকে কুরুক্ষেত্র বর্ত্তমান আছে।

সঞ্জয় ব্যাস-বরে দিব্য চক্ষু লাভ করিয়া হস্তিনাপুরে অন্ধ ধৃতরাষ্ট্রের নিকট সমর-ক্ষেত্রের যথাযথ বৃত্তান্ত বর্ণনা করিতেন, তজ্জন্য গীতার প্রারম্ভে ধৃতরাষ্ট্র সঞ্জয়কে জিজ্ঞাসা করিলেন ধর্ম্মক্ষেত্র ইত্যাদি।

কুরু পাণ্ডবদিগের সৈন্যগণ সুসজ্জিত হইয়া কুরুক্ষেত্রে যুদ্ধার্থে সমবেত হইলেও ধৃতরাষ্ট্রের এইরূপ বিশ্বাস ছিল যে, পুণ্য-ভূমি কুরুক্ষেত্রের মাহাত্ম্য বশতঃই হউক অথবা আত্মীয় স্বজন ও ভীষ্মদ্রোণাদি গুরুজনের বিনাশ আশঙ্কায়ই হউক ধর্ম্মনিরত যুধিষ্ঠিরাদি এই মহাসমরে প্রবৃত্ত হইবেক না।

"ধর্ম্মক্ষেত্রে" কুরুক্ষেত্রের বিশেষণ, এই বিশেষণ প্রয়োগ করিবার তাৎপর্য্য এই যে, ঈদৃশ তীর্থ স্থানে গমন করিলেই পরহিংসাদি মহাপাপ-জনক মনের বিজাতীয় ভাব-সমুদয় অপনীত হইয়া পরম ধর্ম্মভাব উদ্দীপিত হইতে থাকে। সুতরাং কুরুক্ষেত্রে যুদ্ধ হওয়া নিতান্ত অসম্ভব। এই মহাতীর্থ স্থানের যোগ-মাহাত্ম্য অনেক গ্রন্থে বর্ণিত আছে।

'যদনু কুরুক্ষেত্রং দেবানাং দেব যজনম্।
সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্ম সদনম্॥" ইতি।

(জাবালি উপনিষৎ)।

যে স্থান দেবগণের উপাসনা ভূমি এবং সাধারণের ব্রহ্ম-মন্দিরের কার্য্য সম্পাদন করে।

অন্ধ ধৃতরাষ্ট্র সঞ্জয়কে (যাহার চিত্ত সম্যক্ প্রকারে জিত) জিজ্ঞাসা করিলেন যে, এইরূপ মহাতীর্থ স্থানে মিলিত হইয়া উভয় পক্ষীয় সেনাপতিগণ সন্ধি-সংস্থাপন অথবা অন্যবিধ কোন উপায়ের অনুষ্ঠান করিতেছেন?

যেমন নির্ম্মল সলিলেই কমল বিকসিত হয়, অথবা নন্দন-কাননেই পারিজাতের উৎপত্তি হয় তদ্রূপ ভগবানের ইচ্ছায় সেই পরম পবিত্র মহাতীর্থস্থান হইতেই লোক সংগ্রহের উপকারার্থে এই কৃৎস্ন জগতের ঈদৃশ চরম ধর্ম্ম-গ্রন্থ আবিষ্কৃত হইয়াছিল।

যুযুৎসবঃ = (যুধ্ = যুদ্ধ করা + সন্ = ইচ্ছা + উ) = যুদ্ধ করিতে ইচ্ছুক।

ধৃতরাষ্ট্রঃ = (ধৃতং + রাষ্ট্রং যেন = ধৃতরাষ্ট্রঃ) = যিনি রাজ্যভার গ্রহণ করিয়াছিলেন॥ ১॥

1. The first book of the Gita opens with a narration of the view of the holy field of Kurukhetra with the assembled armies of the Kurus

সঞ্জয় উবাচ ।

দৃষ্ট্বা তু পাণ্ডবানীকং, ব্যূঢ়ং দুর্য্যোধনস্তদা ।
আচার্য্যমুপসঙ্গম্য, রাজা বচনমব্রবীৎ ॥ ২ ॥

সঞ্জয়ঃ উবাচ ।

তদা রাজা দুর্য্যোধনঃ পাণ্ডবানীকং ব্যূঢ়ং দৃষ্ট্বা তু আচার্য্যং উপসংগম্য বচনং অব্রবীৎ ॥ ২ ॥

সঞ্জয় কহিলেন ।

তৎকালে রাজা দুর্য্যোধন পাণ্ডব সৈন্যগণকে ব্যূহরূপে অবস্থিত দেখিয়া ভয়ে দ্রোণাচার্য্যের নিকট গমন করিয়া কহিলেন ॥ ২ ॥

2. Losing heart at the sight of the Pandava army drawn up in battle array, Prince Durjodhana went to his preceptor Drona´cha´rjya and addressed him thus.

স্বামী। দৃষ্ট্বা ইত্যাদি। পাণ্ডবানাং অনীকং—সৈন্যং, ব্যূঢ়ং—ব্যূহরচনয়া অধিষ্ঠিতং, দৃষ্ট্বা দ্রোণাচার্য্যসমীপং গত্বা রাজা দুর্য্যোধনঃ বক্ষ্যমাণং বচনং উবাচ ॥ ২ ॥

---

and Pandavas drawn up for battle. It is a large open field on the western bank of the Jamuna about 65 miles to the north-east of Delhi. It is now called the field of Panipatha. Many a decisive battle, big with the fate of the Bharatha land has been fought here.

It should be borne in mind that while the two rival armies, were assembled on the field of battle, Dhritharа´shtra, the father of Durjodhana, incapacitated by his blindness from watching the progress of the war, obtained from Vya´sh the boon that his relative Shanjya might, by a second sight, (clairvoyance) be enabled to observe from the capital all that took place in the battle field and describe them to him. Hence the first book which is styled "a survey of the armies" or "the sorrow of Arjuna" begins with a question to Shanjya by the blind king.

The field of Kurukhetra is called "sacred" because from time immemorial Kuru Rajah and his descendants used to perform their religious ceremonials at that place. Even at the time when war was declared and the rival armies were facing each other, the blind king entertained a last hope for reconciliation. He thought that at the very sight of the holy field recalling the memory of the devotional rites practised by their common ancestors, the thirst for blood would disappear, and peace would be re-established amongst the rival families.

পশ্যৈতাং পাণ্ডুপুত্রাণাং, আচার্য্য মহতীং চমূম্।
ব্যূঢ়াং দ্রুপদপুত্রেণ, তব শিষ্যেণ ধীমতা ॥ ৩॥

ভো আচার্য্য! ধীমতা তব শিষ্যেণ দ্রুপদপুত্রেণ ব্যূঢাং পাণ্ডুপুত্রাণাং এতাং মহতীং চমূং পশ্য ॥ ৩ ॥

হে আচার্য্য! আপনার বুদ্ধিমান্ শিষ্য দ্রুপদরাজতনয় (ধৃষ্টদ্যুম্ন) কর্ত্তৃক বিরচিত পাণ্ডু-নন্দনগণের এই অসংখ্য সৈন্য ব্যূহ অবলোকন করুন ॥ ৩ ॥

3. Behold O Master! the mighty army of the sons of Pandu, drawn up in battle array, by thy intelligent pupil Dhrishtyadumna—Drupada's son.

স্বামী। তৎ এব বচনং আহ "পশ্যৈতাং" ইত্যাদি নবভিঃ শ্লোকৈঃ। পশ্য ইত্যাদি হে আচার্য্য! পাণ্ডবানাং মহতীং-বিততাং, চমূং-সেনাং পশ্য, তব শিষ্যেণ দ্রুপদ পুত্রেণ-ধৃষ্টদ্যুম্নেন ব্যূঢ়াং-ব্যূহরচনয়া অধিষ্ঠিতাম্ ॥ ৩॥

পাণ্ডবগণের সৈন্য অবলোকন করিয়া দুর্য্যোধন ভয়ে আচার্য্য সমীপে গমন করত কহিলেন—হে আচার্য্য! আপনি পাণ্ডবদিগের চমূব্যূহ অবলোকন করুন। ঐ চমূব্যূহ মহামতি ধৃষ্টদ্যুম্ন কর্ত্তৃক যথাযথ সংস্থাপিত ও পর্য্যবেক্ষিত হইয়া অবস্থিত আছে। প্রত্যেক ব্যূহ এক একটী চমূ—৩৬৪৫ পদাতি, + ২১৮৭ অশ্ব + ৭২৯ হস্তী + ৭২৯ অশ্বযান—দ্বারা গঠিত হইয়াছিল। ইহার ত্রিগুণ এক অনিকিনী; তাহার ত্রিগুণ এক অক্ষৌহিণী; এক অক্ষৌহিণীতে নয়টী চমূব্যূহ পাণ্ডবগণ রচনা করিয়াছিলেন। এই গণনা অবলম্বন করিলে পাণ্ডবগণের সাত অক্ষৌহিণীতে ত্রিষষ্টিতম ব্যূহ রচিত হইয়াছিল। কিন্তু সকল সৈন্যই যে ব্যূহ রচনায় নিযুক্ত হইয়াছিল মহাভারতে তাহার কোন নিদর্শন নাই ॥ ৩ ॥

3. Drujodhana indirectly flatters his preceptor on the strength of whose arm he mainly reckons his victory. In rendering the word "ব্যূঢাং" by drawn up in battle array I have followed Mr Telang. It is difficult to ascertain clearly what was meant by a "ব্যূহ". From the descriptions contained in the Mohabharatha it would seem that the Hindu generals at

যুদ্ধকৌশলনিপুণ ধৃষ্টদ্যুম্নকর্ত্তৃক পাণ্ডবদিগের সৈন্য ব্যূহিত দেখিয়া দুর্য্যোধন ভীত-চিত্তে দ্রোণাচার্য্যের নিকট গমন করিলেন ও কহিলেন।

ভূ = ভীত হইয়া। অনীকং = (অনিতি = জীবতি) যাহাকে আশ্রয় করিয়া প্রজাবর্গ রক্ষিত হয়। ব্যূঢ় = (বি + বহ + ক্ত) শ্রেণীবদ্ধ ভাবে অবস্থিত সৈন্যগণ ॥ ২ ॥

2. Durjodhana, as described in the Moha´bha´ratha, was of a weak character. Finding the Pandava army skillfully drawn up in battle array, he became nervous and drove up to his preceptor.

অত্র শূরা মহেষ্বাসা, ভীমার্জ্জুন সমা যুধি।
যুযুধানো বিরাটশ্চ, দ্রুপদশ্চ মহারথঃ ॥ ৪ ॥

অত্র যুধি ভীমার্জ্জুনসমাঃ মহেষ্বাসাঃ শূরাঃ (সন্তি) যুযুধানঃ বিরাটঃ চ মহারথঃ দ্রুপদঃ চ ॥ ৪ ॥

এই ব্যূহমধ্যে যুদ্ধ বিষয়ে ভীম ও অর্জ্জুনের তুল্য মহাধনুর্দ্ধর বীরশ্রেষ্ঠ যুযুধান, (সাত্যকি) বিরাট এবং মহারথ দ্রুপদ প্রভৃতি বীরগণ বিদ্যমান রহিয়াছেন ॥ ৪ ॥

4. In that array may be seen such trained archers and valiant heroes as Jujudha´na, (*a*) Viratha and the great warriors Drupada—generals as great as Bhima and Arjuna.

---

that time, used to arrange their archer infantry in a certain form, geneally in the shape of a circle, a square, or a trangle in the midst of which remained the generals and other officers on horses and war chariots. The main body of the cavalry was kept in reserve at a convenient point within the space so fortified by the infantry. This fortification was called "Buhya." It was provided with entrances and exits. The greatest effort was made to preserve intact this fortification, from which issued troops of archers and cavalry armed with bows and arrows to attack the enmy. This fortification broke when a general charge was made, and then the principle of modern warfare was to a certain extent followed.

Dhrishtadumnnya was the eldest son of Drupada king of Drupadadesha or Pancha´la. His dominions extended between the Hima´laya´ on one side and the Chambal and the Ganges on the other. They were divided into two parts viz north Pancha´la and south Pancha´la. The north Pancha´la is the present Rohilcund. Its capital was Ahikheshtra now called Rampur. The south Pancha´la is the present Doa'b of the Ganges. Its capital was Kampilya now called Ka´mpil. Sometime before the great war, Drona´cha´rjya´ wrested the north Pancha´la from Drupada who retained the southern part of his kingdom. Drupada had five sons viz Drishtadumnya, Judhamunnya, Shikhandhi, Uttamouja and Shatyashena and one daughter—the famous Draupadi the wife of the five Pandavas. Shikhandi was a hermaphrodite. He was unusually strong. wore long tresses, but dressed himself like a man soldier. His long tresses protected him from his adversary's weapons, as under the rules of the Aryan warfare any sex but the male, was unassailable. It was he who killed Bhishma, who armless recrived his arrows. The Pancha´la family then remarkable for fair complexion and giant physique was of great use to the Pandavas in this war.

ধৃষ্টকেতু শ্চেকিতানঃ, কাশীরাজশ্চ বীর্য্যবান্।
পুরুজিৎ কুন্তিভোজশ্চ, শৈব্যশ্চ নরপুঙ্গবঃ ॥ ৫ ॥

ধৃষ্টকেতুঃ, চেকিতানঃ বীর্য্যবান্ কাশীরাজঃ, চ, পুরুজিৎ (চ) কুন্তিভোজঃ চ নরপুঙ্গবঃ শৈব্যঃ চ ॥ ৫ ॥

ধৃষ্টকেতু, চেকিতান, পরাক্রান্ত কাশীরাজ, পুরুজিৎ, কুন্তিভোজ এবং মানবশ্রেষ্ঠ শৈব্য ॥ ৫ ॥

5. In it are Dhrishtaketu (*a*) and Chekitan (*b*) and the most puissant king of Kashi, (*c*), Purujit, (*d*) and Kunthibhoj (*e*) and Shaibbya (*f*)—the chief of men;

স্বামী। কিঞ্চ ধৃষ্টকেতুঃ ইতি। চেকিতানঃ নাম একঃ রাজা, নরপুঙ্গবঃ—নরশ্রেষ্ঠঃ শৈব্যঃ ॥ ৫ ॥

ধৃষ্টকেতু = (ধৃষ্ট = বিপক্ষের ভয়াবহ + কেতু = ধ্বজা) যাঁহার রথ-পতাকা সন্দর্শন করিয়া শত্রুগণ ভয়ে বিহ্বল হয়। চেকিতান = প্রভাসের রাজা চিকিতানের পুত্র ॥ ৫ ॥

5. Durjadhana continues to name the principal generals of the Pandava army.

(*a*) Was the son of Shishupa´la, the great king of Chedidesha, the modern Jabbalpur and the Bhupal State. His capital was Tipperah now

স্বামী। অত্র ইত্যাদি। অত্র অস্যাং চম্বাং ইষবঃ—বাণাঃ, অস্যন্তে-ক্ষিপ্যন্তে এভিঃ ইতি ইষ্বাসাঃ—ধনুংষি, মহান্তঃ ইষ্বাসাঃ যেষাং তে মহেষ্বাসাঃ। ভীমার্জ্জুনৌ তাবৎ অত্র অতি প্রসিদ্ধৌ যোদ্ধারৌ তাভ্যাং সমাঃ শূরাঃ সন্তি। তান্ এব নামভিঃ নির্দ্দিশতি—যুযুধানঃ ইতি। যুযুধানঃ—সাত্যকিঃ ॥ ৪ ॥

প্রত্যেক বীরের সংক্ষিপ্ত জীবনী ইংরেজী টীকায় সন্নিবেশিত হইল।

মহেষ্বসাঃ = (ইষু = বাণ + আস = ক্ষেপণ) যদ্দ্বারা বাণ নিক্ষিপ্ত হয় অর্থাৎ ধনুঃ, মহৎ = ইষ্বাস = মহেষ্বাস,—যাহারা মহাধানুষ্ক।

এই শ্লোক হইতে একাদশ শ্লোক পর্য্যন্ত আচার্য্যের প্রতি দুর্য্যোধনের ভয়ব্যঞ্জক উক্তি। যুযুধান = যিনি মহারণে-অক্লান্ত। দ্রুপদ = (দ্রু = বৃক্ষ + পদ = চিহ্ন) যাঁহার রথোপরি বৃক্ষাঙ্কিত বিজয়পতাকা উড্ডীয়মান হইত ॥ ৪ ॥

4. (*a*) Vira´tha was the king of Matsyadesha which comprised the country near Mathura and Kurukhetra. In the sixth century after Christ the famous Chinese traveller Hinen Thsang visited the city of Viratha which was then the capital of Matsyadesha. This city is situated 83 miles west of Mathura. It was in the court of this king that the five Pandavas and their wife passed one year in secret exile.

যুধামন্যুশ্চ বিক্রান্ত, উত্তমৌজাশ্চ বীর্য্যবান্।
সৌভদ্রো দ্রৌপদেয়াশ্চ, সর্ব্ব এব মহারথঃ॥ ৬॥

বিক্রান্তঃ যুধামন্যুঃ চ, বীর্য্যবান্ উত্তমৌজাঃ, সৌভদ্রঃ, দ্রৌপদেয়াঃ চ (এতে) সর্ব্বে এব মহারথাঃ॥ ৬॥

এবং পরাক্রমশালী যুধামন্যু, বীর্য্যবান্ উত্তমৌজা, সুভদ্রা-তনয় অভিমন্যু এবং দ্রৌপদীর পঞ্চপুত্র ইহারা সকলেই মহারথ॥ ৬॥

6. And the powerful Judhamannu,(a) the brave Uttamouja, (b) Aubhimannu, (c) the son of Shubhadra and the five sons of Draupadi (d)— all great warriors.

স্বামী। যুধামন্যুঃ ইত্যাদি। বিক্রান্তঃ যুধামন্যুঃ নাম একঃ। সৌভদ্রঃ—অভিমন্যুঃ।

called Teor, beautifully situated on the sacred Narmadá river close to the Vindya range. Shishupála was the son of Dámu Ghosh, a milkman by caste. This low parentage did not prevent him from marrying Khetrya princesses, as caste was not then so strictly observed as it is now. On the occasion of the coronation of Judhisthira,called the Rájshua Jagna,Shishupala, having objected to Srikrishna's taking the first place of honor, was killed by him on the spot,

(b) Was the son of Chikitan king of Próvash. nothing more is known about him.

(c) Kashi is modern Benares. When the Kurus and Panchálas settled in the Gangetic Doab, the Kásis settled near Benares. They were a powerful race and cut a prominent figure in the Mohábháratha.

(d) King of Purusha, the modern Peshawar. Chinese travellers called it Purushapur. King Deba Putra Kanishka of Cashmere here deposited the sacred bag in which Buddha had collected his alms. It is a holy place to all Budhists.

(e) Was probably the king of Bhuj, the modern Cutch and the Baroda dominion. He was the son of a sister of Rajah Shurashena of the Jadu family. This Shurashena was the father of Shuraraj whose son Bashudeva was the father of Srikrishna. Kunthibhoj having no son, asked Shurashena his maternal uncle to give him one of his sons. Shurashena having no child till then, promised to give him his first born. A daughter was born whom Shurashena named Prithá. Kunthibhoj adopted her as his daughter and called her Kunthi after his own family name. She was married to king Pandu who was the father of the five Pandavas.

(f) Was the king of Shibi probably a portion of Oudh.

অস্মাকন্তু বিশিষ্টা যে, তান্নিবোধ দ্বিজোত্তম।
নায়কা মম সৈন্যস্য, সংজ্ঞার্থং তান্ ব্রবীমি তে ॥ ৭ ॥

ভো দ্বিজোত্তম! তু অস্মাকং যে বিশিষ্টাঃ মম সৈন্যস্য নায়কাঃ তান্ সংজ্ঞার্থং (অহং) তে ব্রবীমি। (ত্বং) তান্ নিবোধ ॥ ৭ ॥

দ্রৌপদেয়াঃ—দ্রৌপদ্যাং পঞ্চভ্যঃ যুধিষ্ঠিরাদিভ্যঃ জাতাঃ পুত্রাঃ প্রতিবিন্ধ্যাদয়ঃ পঞ্চ। মহারথাদীনাং লক্ষণম্।

"একোদশ সহস্রাণি, যোধয়েদ্যস্তু ধন্বিনাম্।
শস্ত্রশাস্ত্রপ্রবীণশ্চ, মহারথ ইতি স্মৃতঃ ॥
অমিতান্ যোধয়েদ্যস্তু, সংপ্রোক্তোঽতি রথস্তু সঃ।
রথী চৈকেন যো যোদ্ধা, তন্ন্যূনোঽর্দ্ধরথস্তু সঃ" ॥ ৬ ॥

যিনি একাকী দশসহস্র ধনুর্দ্ধরের সহিত সংগ্রাম করিতে সমর্থ ও শস্ত্র শাস্ত্রে অত্যন্ত প্রবীণ তাঁহাকে মহারথ বলে। যিনি অগণিত বীরের সহিত রণ করিতে সমর্থ হয়েন তাঁহাকে অতিরথ বলে। যিনি একজন যোদ্ধার সহিত রণ করেন তিনি রথী ও যিনি দুর্ব্বলের সহিত রণ করেন তাঁহাকে অর্দ্ধরথী বলে।

যুধামন্যু = (যুধা = যুদ্ধ + মন্যু = ক্রোধ) যিনি যুদ্ধ তেজে সর্ব্বদা উত্তেজিত। উত্তমৌজাঃ = (উত্তম + ওজস্) যাঁহার উত্তম যুদ্ধশক্তি ছিল। সৌভদ্র = সুভদ্রার গর্ভজাত (অভিমন্যু) দ্রৌপদেয় = দ্রৌপদীর পঞ্চপুত্র—প্রতিবিন্ধ্য, শ্রুতসোম, শ্রুতকর্ম্মা, শতানীক এবং শ্রুতসেন ॥ ৬ ॥

6. (a) and (b) were the sons of Drupada mentioned under 3.

(c) was the son of Arjuna and Shubhadrá the sister of Srikrishna. Balora´m, the eldest brother of Srikrishna, betrothed his sister to Durjodhana—the king of the Kurus. But Srikrishna wanted to marry her to Arjuna. On the occasion of the marriage when Durjodhana was coming in state from Hastina´pur to Dwa´rka´ in Guzrat, Arjuna eloped her away from the sea shore where she had gone to bathe. The couple fled away in a war-chariot and encountered in the way the Jadavas headed by Bolora´m. While Arjuna wielded his ponderous bow, Shubhadra´ then in her sixteenth year, drove the chariot at a furious speed and thus evaded their pursuers. The marriage of the couple was afterwards duly solemnised. Aubhimannu was killed in this war by seven warriors, who surrounded him when he was bravely fighting in the Buhya.

(d) Draupadi had five sons by her five husbands. When this war had lasted for 18 days and the Kurus were vanquished, Ashwathámá the son of Drona´cha´rjya made a night raid and killed these five sons when asleep in their beds. In the darkness of the night they were mistaken for their fathers.

ভবান্ ভীষ্মশ্চ কর্ণশ্চ, কৃপশ্চ সমিতিঞ্জয়ঃ।
অশ্বত্থামা বিকর্ণশ্চ, সৌমদত্তির্জয়দ্রথঃ॥ ৮॥

হেদ্বিজশ্রেষ্ঠ! আমাদিগের পক্ষে যে সকল খ্যাতনামা ব্যক্তি আমার সৈন্যনায়কতা করিতেছেন আপনার অবগতির জন্য আমি আপনার সমীপে তাহাদিগের নাম কীর্ত্তন করিতেছি শ্রবণ করুন॥ ৭॥

7. Hear O noblest of Brahmans! the names of those distinguished men who are generals of our army, which I shall now relate for thy knowledge.

স্বামী। অস্মাকং ইতি। নিবোধ—বুধ্যস্ব, নায়কাঃ—নেতারঃ, সংজ্ঞার্থং—সম্যক্ জ্ঞানার্থং ইত্যর্থঃ॥ ৭॥

বিশিষ্টাঃ=সর্ব্বেভ্যঃ সমুৎকৃষ্টাঃ। সকলের মধ্যে উৎকৃষ্ট। পাণ্ডব-সেনানায়কগণের নামোল্লেখ করায় পাছে দ্রোণাচার্য্য মনে করেন যে, দুর্য্যোধন ভয় পাইয়াছেন, এই আশঙ্কা দূর করিবারজন্য তিনি সদর্পে তাঁহার নিজপক্ষীয় বীরগণের নাম উল্লেখ করিলেন॥ ৭॥

7. The expression "তু" in this verse signifies that Durjodhana was trying to conceal his inward fears by wordy vaunts.

সমিতিঞ্জয়ঃ ভবান্, ভীষ্মঃ চ, কর্ণঃ চ, কৃপঃ চ, অশ্বত্থামা বিকর্ণঃ চ, সৌমদত্তিঃ জয়দ্রথঃ॥ ৮॥

আমাদিগের পক্ষে সমরবিজয়ী আপনি, ভীষ্ম, কর্ণ, কৃপ, অশ্বত্থামা, বিকর্ণ, সোমদত্তের পুত্র (ভূরিশ্রবা) এবং জয়দ্রথ আছেন্॥ ৮॥

8. We have on our side such conquerors as thyself, (*a*) Bhishma, (*b*) Karna, (*c*) Kripa, (*d*) Ashvatha´ma´, (*e*) Bikarna, (*f*) Bhurisraba´ (*g*)—the son of Shomdatta and Joyadratha. (*h*)

স্বামী। তান্ এব আহ—ভবান্ ইতি দ্বাভ্যাম্। ভবান্—দ্রোণঃ, সমিতিং—সংগ্রামং জয়তি ইতি তথা। সৌমদত্তিঃ—সোমদত্তস্য পুত্রঃ-ভূরিশ্রবাঃ॥ ৮॥

ধূর্ত্ত দুর্য্যোধন আচার্য্যকে পরিতুষ্ট করিবার জন্য প্রধান চারিজন সেনাপতির প্রথমেই দ্রোণাচার্য্যের নাম ও তৎপর বিকর্ণাদি সেনাপতিগণের অগ্রেই আচার্য্য পুত্র অশ্বত্থামার নাম উল্লেখ করিলেন॥ ৮॥

8. (*a*) Acharjya means a professor. He was the son of Bharadwaj Rishi a learned Bra´hman. Drona had mastered the science of war as then practised, the principal weapons being the arrow, the spear, the club

and the sharp-edged quoit (chackra). He was in the court of the Pancha'la King Drupada with whom he quarrelled. He left that king's court in disgust and came to Hastinapur where he was employed in teaching the princes the art of war. Drona was accredited with the power of forming impenetrable circles or phalanxes of infantry and cavalry. He killed his old enemy Drupada whose son Dhrishtadumnya killed him. He was second in command in the Kuru army which he valiantly led. Though a Bra'hman, he excelled many a Kheshtrya soldier in the use of arms.

(*b*) Bhishma—the terrible was by far the greatest warrior of the time. He was the commander-in-chief of the Kuru army. He was the son of Shantanu Rajah whose grandson was the father of the Pandavas. He was a bachelor and lived up to a good old age. His tall figure, clad in golden mail with his white turban (ushtish), on a war chariot was seen in the thickest of the fight, and while Drona was left to maintain order he valiantly led the charge. He was a strict disciplinarian, firmly adhered to the principles of righteous warfare and his word was inviolable. Arjuna standing behind Shikhandi mortally wounded him. Bhishma lingered in his bed for about six months and died after he had given instructions to Judhisthira whom he saw crowned as a king at the conclusion of the bloody war.

(*c*) Karna was a general of the Kuru army and was remarkable for his courage, his precision in archery and his unbounded liberality. He was the son of a carpenter named Ra'dha' who by profession was a charioteer. Having acquired, at an early age, a thorough mastery over the use of arms, he was retained in the court of Durjodhana whose right hand he was. His low parentage did not debar him from holding an equal rank with the Kheshtrya princes. When Judhisthira was crowned king. Karna was sent by Durjodhana to rule the Angadesha, a petty principality comprising the districts of Patna and Bhagulpur. In this war he inflicted serious losses on the Pandava army until he was killed by Arjuna.

(*d*) Kripa'charjya was the son of Sharadwaj Rishi who was the son of the great saint Goutama the founder of a system of Hindu philosophy. His sister Kripi Debi was married to Dronacharjya. Though a Bra'hman, he was like his famous brother-in-law, an adept in arms. He espoused the cause of Durjodhana, whom he served with all his might. He learned the art of war from Parashura'm, whose axe like sword was invincible. He was one of the few Kuru generals who survived this war. He accompanied Drona's son in the night raid in which the five sons of Draupadi were killed. At the conclusion of the war, he adopted the life of a Shaunyashi and spent his remaining days in prayers and penances.

অন্যে চ বহবঃ শূরাঃ, মদর্থে ত্যক্তজীবিতাঃ।
নানাশস্ত্রপ্রহরণাঃ, সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯ ॥

অন্যে চ বহবঃ শূরাঃ মদর্থে ত্যক্তজীবিতাঃ নানাশস্ত্রপ্রহরণাঃ (তে) সর্ব্বে যুদ্ধবিশারদাঃ ॥ ৯ ॥

আর অন্যান্য অনেক বীর বহুবিধ অস্ত্রশস্ত্র গ্রহণ করত আমার উপকারার্থে জীবনবিসর্জ্জনে কৃতসঙ্কল্প হইয়া এই রণক্ষেত্রে অবস্থান করিতেছেন তাঁহারা সকলেই যুদ্ধবিদ্যায় বিশারদ ॥ ৯ ॥

(e) Was the son of Drona´charjya by Kripi Debi. He was a highly trained archer and was considered invinicible. He was a cruel and relentless general and killed the five sons of Draupadi in cold blood. He received a severe wound on his head from the club of Bhima. He survived the war and like Kripacharjya devoted the rest of his life in meditation and prayer.

(f) Was Durjodhan's brother. Unlike his impetuous and unprincipled brother, he loved fair play and righteous warfare. He protested against the barbarous treatment of Draupadi when she was staked and lost in the game by Judhisthira. He was killed by Arjuna.

(g) Bhurisrava´ was the son of Shomdatta. He was killed by Arjuna.

(h) Was the king of Shindhu, the modern Scinde. Its capital Hyderabad stands on the river Shindhu (Indus). He married Dhusha´lla´ the only sister of Durjodhana. He was the son of Brihathkheshtra. When Aubhimannu, a young warrior scarcely 18 years old, was killed by seven generals in one of Drona's squares, Jayadratha stoutly defended the only entrance to the square and prevented Bhima from entering into it for his nephew's relief. When the news of his son's death reached Arjuna he swore to kill Jayadratha, before the sun had set that day and in case of failure to kill himself by ascending the funeral pyre. Throughout the battlefield a minute search was made for Jayadratha who on hearing Arjuna's vow, had kept himself concealed. Srikrishna knowing Arjuna's vows inviolable and perceiving his impending death, caused a temporary cloud to cover the sun's disk. To the numerous spectators who had assembled in the kurukheshtra on the occasion, the sun seemed to set. A funeral pile was erected and Arjuna was ascending it when Srikrishna pointed out to him, the place where Jayadratha was standing, he having come out of his hiding place to witness the self-immolation of Arjuna. All on a sudden the cloud disappeared, the sun shone brilliantly and Arjuna shot him dead.

অপর্য্যাপ্তং তদস্মাকং, বলং ভীষ্মাভিরক্ষিতম্।
পর্য্যাপ্তন্বিদমেতেষাং, বলং ভীমাভিরক্ষিতম্ ॥ ১০ ॥
অয়নেষু চ সর্ব্বেষু, যথাভাগমবস্থিতাঃ।

9. And other numerous heroes too, equipped with various weapons and well skilled in warfare, who have determined to lay down their lives for my sake.

স্বামী। মদর্থে—মৎপ্রয়োজনার্থং জীবিতং ত্যক্তুং অধ্যবসিতাঃ ইত্যর্থঃ। নানা—অনেকানি, শস্ত্রাণি—প্রহরণ-সাধনানি যেষাং তে, যুদ্ধে বিশারদাঃ—নিপুণাঃ ॥ ৯ ॥

শস্ত্র=(শস্=বধকরা)="যেন করধৃতেন হন্যতে তৎ শস্ত্রম্" যথা তরবারী ইত্যাদি।" "যেন ক্ষিপ্তেন হন্যতে তদস্ত্রম্"—যথা বাণাদি। দুর্য্যোধনের মনে ভয় উদয় হওয়াতে তিনি বাগাড়ম্বরদ্বারা নিজ বাহুবলের প্রশংসা করিয়া বলিলেন যে ইহা ব্যতীত আমার পক্ষে শৈল্য, কৃতবর্ম্মা, ভগদত্ত ও অন্যান্য অনেক বীর আছেন ॥ ৯ ॥

ভীষ্মাভিরক্ষিতং অস্মাকং তৎ বলং অপর্য্যাপ্তং (ভাতি)। তু ভীমাভিরক্ষিতং এতেষাং ইদং বলং পর্য্যাপ্তং (ভাতি) ॥ ১০ ॥

ভীষ্মরক্ষিত আমাদিগের প্রসিদ্ধ সৈন্য অপরিমিত বোধ হইতেছে, কিন্তু ভীমরক্ষিত এই পাণ্ডবসেনা অতিসামান্যবলিয়া প্রতীয়মান হইতেছে ॥ ১০ ॥

10. See how innumerable seems our renowned army under the command of Bhishma, while that of the Pandavas commanded by Bhima appears insignificant indeed.

স্বামী। ততঃ কিং অতঃ আহ—অপর্য্যাপ্তং ইত্যাদি। তৎ তথা ভূতৈঃ বীরৈঃ যুক্তং অপি ভীষ্মেণ অভিরক্ষিতং অপি অস্মাকং বলং—সৈন্যং, অপর্য্যাপ্তং—তৈঃ সহ যোদ্ধুং অসমর্থং, ভাতি। ইদং তু এতেষাং—পাণ্ডবানাং বলং—ভীমাভি-রক্ষিতং সৈন্যং, পর্য্যাপ্তং—সমর্থং ভাতি ॥ ১০ ॥

কোন কোন টীকাকার "অপর্য্যাপ্ত" ও "পর্য্যাপ্ত" শব্দের অর্থ অসমর্থ ও সমর্থ করিয়াছেন। কিন্তু দুর্য্যোধন যে প্রকৃতির লোক, তাহাতে তিনি যে স্বকীয় বলকে অসমর্থ বলিবেন এমত কদাপি বোধ হয় না। ফল কথা তাঁহার মনে ভয় ও মুখে বাগাড়ম্বরেরই সম্ভাবনা। বিশেষতঃ তাঁহার একাদশ অক্ষৌহিণী সেনা কিরূপে অসমর্থ হইবে? তৎ শব্দের অর্থ প্রসিদ্ধ ও ইদম্ শব্দের অর্থ এই অর্থাৎ সামান্য, সুতরাং পূর্ব্বোক্ত অর্থ সঙ্গত হইতে পারেনা। অপর্য্যাপ্তং=অনন্তং একাদশাক্ষৌহিণী। পর্য্যাপ্তং=পরিমিতং সপ্তাক্ষৌহিণী ॥১০॥

ভীষ্মমেবাভিরক্ষন্তু, ভবন্তঃ সর্ব্ব এব হি ॥ ১১ ॥
তস্য সঞ্জনয়ন্ হর্ষং, কুরুবৃদ্ধঃ পিতামহঃ।
সিংহনাদং বিনদ্যোচ্চৈঃ, শঙ্খং দধ্মৌ প্রতাপবান্ ॥ ১২ ॥

ভবন্তঃ সর্ব্বে এব হি, সর্ব্বেষু অয়নেষু চ যথাভাগং অবস্থিতাঃ (সন্তঃ) ভীষ্মং এব অভিরক্ষন্তু ॥ ১১ ॥

সেই নিমিত্ত আপনারা সকলেই ব্যূহপথে স্বস্ব নির্দ্দিষ্ট স্থানে অবস্থান করত ভীষ্মকেই রক্ষা করুন ॥ ১১ ॥

11. Therefore should you all guard the entrances of our fortifications and standing in your allotted positions defend Bhishma alone.

স্বামী। তস্মাৎ ভবদ্ভিঃ এবং বর্ত্তিতব্যং ইতিআহ—অয়নেষু ইতি। অয়নেষু—ব্যূহ প্রবেশ মার্গেষু, যথাভাগং—বিভক্তাং স্বাং স্বাং রণভূমিং অপরিত্যজ্য অবস্থিতাঃ সন্তঃ ভীষ্মং এব অভিরক্ষন্তু। যথা অন্যৈঃ যুধ্যমানঃ পৃষ্ঠতঃ কৈশ্চিৎ ন হন্যেত তথা রক্ষন্তু। ভীষ্ম বলেন এব অস্মাকং জীবনং ইতি ভাবঃ ॥ ১১ ॥

আচার্য্যের সহিত কথা বলিতেছেন, এমন সময়ে সেনাপতি ভীষ্ম তথায় উপস্থিত হইলে, দুর্য্যোধন ১০ম ও ১১শ শ্লোকদ্বারা তাঁহাকে পরিতুষ্ট করিয়া এই ভাবে কহিলেন। ভীষ্মের জীবনমরণের উপর আমাদিগের জয় পরাজয় নির্ভর করিতেছে, অতএব আপনারা সকলেই তাঁহাকে রক্ষা করুন ॥ ১১ ॥

প্রতাপবান্ কুরুবৃদ্ধঃ পিতামহঃ তস্য হর্ষং সঞ্জনয়ন্ উচ্চৈঃ সিংহনাদং বিনদ্য শঙ্খং দধ্মৌ ॥ ১২ ॥

তেজস্বী কৌরব বৃদ্ধ পিতামহ ভীষ্ম, রাজা দুর্য্যোধনের ভীতিগর্ভ মৌখিক উৎসাহপূর্ণবাক্য শ্রবণকরিয়া তাঁহাকে প্রোৎসাহিত করত উচ্চৈঃস্বরে সিংহনাদপূর্ব্বক হস্তস্থিত শঙ্খ-ধ্বনি করিতে লাগিলেন ॥ ১২ ॥

12. Seeing this anxiety of Prince Durjodhana to conceal his inward fears by wordy vaunt, Bhishma, the old and mighty grandsire of the Kurus, cheered him up with a warcry like the roar of a lion and began to blow his bugle.

স্বামী। তৎ এবং বহুমানযুক্তং রাজবাক্যং শ্রুত্বা ভীষ্মঃ কিং কৃতবান্ তৎ আহ—তস্য ইত্যাদি। তস্য রাজ্ঞঃ হর্ষং কুর্ব্বন্ পিতামহঃ ভীষ্মঃ উচ্চৈঃ—মহান্তং, সিংহনাদং কৃত্বা শঙ্খং দধ্মৌ—বাদিতবান্ ॥ ১২ ॥

ততঃ শঙ্খাশ্চ ভের্য্যশ্চ, পণবানকগোমুখাঃ।
সহসৈবাভ্যহন্যন্ত, স শব্দস্তুমুলোঽভবৎ ॥ ১৩ ॥

দ্বাদশশ্লোক হইতে বিংশশ্লোক পর্য্যন্ত ধৃতরাষ্ট্রের প্রতি সঞ্জয়ের উক্তি। বৃদ্ধগণ অনায়াসে অপরের মনের ভাব বুঝিতে পারেন এই জন্য বৃদ্ধ শব্দ ব্যবহার করা হইয়াছে। বিনদ্য—কৃত্বা ॥ ১২ ॥

12. Mr. Telang and others have rendered the word "শঙ্খ' by conch which means a sea shell. But from the subsequent descriptions of various wind instruments, it does not appear that these warriors blew any thing like the small conch shells which Hindu women now blow on the occasion of ceremonies. On the contrary, it would appear from verses 15 and 16 that these instruments, which the Hindoo generals blew, were much larger and made of various materials in various shapes. Hence we have rendered the word by bugle.

ততঃ শঙ্খাঃ চ ভের্য্যঃ চ পণবানকগোমুখাঃ এব, সহসা অভ্যহন্যন্ত। সঃ শব্দঃ তুমুলঃ অভবৎ ॥ ১৩ ॥

তদনন্তর অসংখ্য শঙ্খ, ভেরী, পণব, আনক এবং গোমুখপ্রভৃতি বাদ্য-যন্ত্র সহসা কুরু-সৈন্যগণমধ্যে বাদিত হইল। ঐ নানাবিধশব্দ মিলিত হইয়া অতিভয়ঙ্কর একটী শব্দ হইতেলাগিল ॥ ১৩ ॥

13. Then rose from the midst of the Kuru army, sounds of various musical instruments such as Bheri, Panaba, Anaka and Gomukha agitating the battlefield.

স্বামী। তৎ এবং সেনাপতেঃ ভীষ্মস্য যুদ্ধোৎসবং আলোক্য সর্ব্বতঃ যুদ্ধোৎসবঃ প্রবৃত্তঃ ইতি আহ—ততঃ ইত্যাদিনা। পণবাঃ—মর্দ্দলাঃ, আনকাঃ গোমুখাঃ চ—বাদ্য যন্ত্র বিশেষাঃ। সহসা—তৎক্ষণাৎ এব, অভ্যহন্যন্ত—বাদিতাঃ, সঃ শব্দঃ—শঙ্খাদিশব্দঃ, তুমুলঃ—মহান্, অভবৎ—অভূৎ ॥ ১৩ ॥

শঙ্খ—(শম্—শান্তি হওয়া + খ)—রণ-বাদ্য বিশেষ। পণব—(পণ—গমন করা)—ফুৎ-কার যন্ত্র বিশেষ। যে বাদ্য যন্ত্রের শব্দে সৈন্যগণ একস্থান হইতে অন্য স্থানে গমন করে। আনক—আনয়তি—উৎসাহ যুক্তান্ করোতি। (অন + ণিচ্ + খুন্) উৎসাহ—কারী বাদ্য-যন্ত্র বিশেষ। গোমুখ—গোরিব মুখং যস্য। গোমুখের ন্যায় ফুৎকারযন্ত্র বিশেষ ॥১৩ ॥

ততঃ শ্বেতৈর্হয়ৈর্যুক্তে, মহতি স্যন্দনে স্থিতৌ।
মাধবঃ পাণ্ডবশ্চৈব, দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥ ১৪ ॥
পাঞ্চজন্যং হৃষীকেশঃ, দেবদত্তং ধনঞ্জয়ঃ।
পৌণ্ড্রং দধ্মৌ মহাশঙ্খং, ভীমকর্ম্মা বৃকোদরঃ ॥ ১৫ ॥

ততঃ মাধবঃ পাণ্ডবঃ চ (তৌ) শ্বেতৈঃ হয়ৈঃ যুক্তে মহতি স্যন্দনে স্থিতৌ (সন্তৌ) দিব্যৌ শঙ্খৌ প্রদধ্মতুঃ ॥ ১৪ ॥

তদনন্তর শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন শ্বেতবর্ণঅশ্বযুক্ত মহারথে অবস্থিত হইয়া তাঁহাদিগের সুন্দর শঙ্খ-ধ্বনি করিতে আরম্ভ করিলেন ॥ ১৪ ॥

14. Then from their splendid war-chariot drawn by white horses, Srikrishna and Arjuna began to sound their beautiful bugles.

স্বামী। ততঃ পাণ্ডব-সৈন্য প্রবৃত্তং যুদ্ধোৎসবং আহ—ততঃ ইত্যাদি পঞ্চভিঃ। স্যন্দনে—রথে, স্থিতৌ সন্তৌ, কৃষ্ণার্জ্জুনৌ শঙ্খৌ প্রকর্ষেণ দধ্মতুঃ—বাদয়ামাসতুঃ ॥ ১৪ ॥

কৌরবসৈন্য মধ্যে যুদ্ধোৎসাহী তুমুলশব্দ শুনিয়া শ্রীকৃষ্ণ ও অর্জ্জুন স্বকীয়সৈন্যদিগকে প্রোৎসাহিত করিবার মানসে শঙ্খধ্বনি করিলেন।

স্যন্দন = (স্যন্দ্ + অন) যদ্দ্বারা গমন করা যায়, রথ। দিব্য = (দিব্ + য) স্বর্গীয় সুন্দর, অসাধারণ। হয়ৈঃ = (বহুবচন), তিনটী অশ্ব যোজিত করা যায় না অতএব বোধ হয় অর্জ্জুনের মহারথে চারিটী অশ্ব ছিল ॥ ১৪ ॥

14. In the text Srikrishna is called "Ma´dhaba." This name well fits the Propounder of the philosophy which He teaches in the later books. Srikrishna appeared in the battlefield not as a warrior or a charioteer of Arjuna but as "Ma´dhaba" *ie* ma´ + dhaba, ma´ is ma´ya´ or illusion. It covers the pure light within (atma or spirit) by the screen of earthly desires (kamrup or animal soul). Dhaba is husband or master. One who has been able to conquer ma´ya´ or illusion. In other words who lives in Spirit. In the whole Gita, Srikrishna is considered as a visible representation of the Universal Spirit (পরমাত্মনঃ) who reveals a universal religion to all mankind.

.. হৃষীকেশঃ পাঞ্চজন্যং, ধনঞ্জয়ঃ দেবদত্তং, ভীমকর্ম্মা বৃকোদরঃ পৌণ্ড্রং মহাশঙ্খং দধ্মৌ ॥ ১৫ ॥

অনন্তবিজয়ং রাজা, কুন্তীপুত্রো যুধিষ্ঠিরঃ।
নকুলঃ সহদেবশ্চ, সুঘোষমণিপুষ্পকৌ ॥ ১৬ ॥

হৃষীকেশ স্বকীয় পাঞ্চজন্যনামক, ধনঞ্জয় তাঁহার দেবদত্তনামক, এবং ভীমকর্ম্মা বৃকোদর পৌণ্ড্রাখ্য মহা-শঙ্খ-ধ্বনি করিতে আরম্ভ করিলেন ॥ ১৫ ॥

15. The Controller of the senses (*a*) blew his Whale,(*b*) the Despiser of wealth (*c*) his God-Given (*d*) and Bhima, the doer of dreadful deeds, his White Trumpet. (*e*)

স্বামী। তৎ এব বিভাগেন দর্শয়ন্ আহ—পাঞ্চজন্যং ইতি। পাঞ্চজন্যাদীনি নামানি শ্রীকৃষ্ণাদিশঙ্খানাং, ভীমং—ঘোরং কর্ম্ম যস্য সঃ ॥ ১৫ ॥

বৃকোদর=(বৃক=অগ্নি বিশেষ) যাঁহার জঠরাগ্নি অত্যন্ত প্রবল, অর্থাৎ অতিশয় ক্ষুধা বিশিষ্ট। হৃষীকেশঃ=(হৃষীক=ইন্দ্রিয়গণ+ঈশ=নিয়ামক) যিনি ইন্দ্রিয়গণের নিয়ন্তা অর্থাৎ জেতা। সংযতেন্দ্রিয়। ধনঞ্জয়ঃ=(ধন+জি+খ) যিনি ধনাধিপ কুবেরকে জয় করিয়াছিলেন, অর্থাৎ যিনি ধনকে তুচ্ছ করিতেন। ভীমকর্ম্মা=যাঁহার কার্য্যে লোক সকল ত্রাসিত হয়। সঞ্জয় ধৃতরাষ্ট্রকে ইঙ্গিত করিলেন যে, কুরুদিগের জয়াশা কোথায়? স্বয়ং হৃষীকেশ অর্জ্জুনের সারথি। কুবেরজেতা অর্জ্জুন এবং যাঁহার আশ্চর্য্য কার্য্যে ভুবন ত্রাসিত হয় এরূপ ভীম এই সমরে পাণ্ডবদিগের যোদ্ধা ॥ ১৫ ॥

15. (*a*) Srikrishna.

(*b*) I have literally translated the word "পাঞ্চজন্য" by Whale. Srikrishna when living in Dwarka on the sea shore killed a lage whale (তিমি) which had devoured several sons of Sha'ntipana muni. He converted the monster's head into a bugle having five holes in it. When blown, five shrill sounds issued from these holes. Professor Schlegel rendered it by Gigantea evidently alluding to the monsters' head.

(*c*) Arjuna.

(*d*) I have rendered "দেবদত্তং" by God-Given or the gift of god Indra. When Arjuna killed two giants called Nibatha and Kabacha who infested the wilderness of Khandava, he had with him this signal trumpet called "দেবদত্ত"। Prof. Schlegel rendered it by Theodotes.

(*e*) I have rendered "পৌণ্ড্রং" by white trumpet for its white color. Prof. Schlegel rendered it by Arundinea.

কাশ্যশ্চ পরমেষ্বাসঃ, শিখণ্ডী চ মহারথঃ।
ধৃষ্টদ্যুম্নো বিরাটশ্চ, সাত্যকিশ্চাপরাজিতঃ ॥ ১৭ ॥

কুন্তীপুত্রঃ রাজা যুধিষ্ঠিরঃ অনন্তবিজয়ং, (নাম শঙ্খং) নকুলঃ সহদেবঃ চ সুঘোষমণিপুষ্পকৌ (দধ্মৌ) ॥ ১৬ ॥

কুন্তীপুত্র রাজা যুধিষ্ঠির অনন্ত বিজয়, নকুল সুঘোষ এবং সহদেব মণি-পুষ্পক নামক শঙ্খধ্বনি করিতে প্রবৃত্ত হইলেন। ১৬ ॥

16. King Judhisthira son of Kunthi began to blow his trumpet called " Perpetual Victory. " (*a*) Nakula his " Far Sounding " (*b*) and Shahadeva his " Diamond Flower. " (*c*)

স্বামী। অনন্ত ইতি। নকুলঃ সুঘোষং নাম শঙ্খং দধ্মৌ, সহদেবঃ মণিপুষ্পকং নাম ॥ ১৬ ॥

যুধিষ্ঠির = (যুধি = যুদ্ধে + স্থির) যিনি যুদ্ধস্থানে অবিচলিত চিত্তে অবস্থান করিতেন। কুন্তীদেবী কঠোর তপঃপ্রভাবে যাঁহাকে লাভ করিয়াছিলেন এবং যিনি রাজসূয় যজ্ঞাদি করিয়া রাজ্যাভিষিক্ত হইয়াছিলেন তাদৃশ যুধিষ্ঠির তাঁহার শংঙ্খধ্বনি করিতে লাগিলেন। সঞ্জয় এই দুইটী ভাব প্রকাশ করিবার জন্য "কুন্তীপুত্র" ও "রাজা" শব্দ ব্যবহার করিলেন। পাণ্ডবগণ নানাদেশ পর্য্যটন করিয়া দিব্য শঙ্খ সকল সংগ্রহ করিয়াছিলেন, কুরুদলে এইরূপ শঙ্খ নাই, পাণ্ডবদিগের শঙ্খের নানাবিধ নাম উল্লেখ করিয়া সঞ্জয় ইহাই প্রকাশ করিলেন ॥ ১৬ ॥

16. (*a*) Schlegel rendered it by Triumphatrix
(*b*) Literally "sweet sounding" schlegels' rendering is Dulcisona.
(*c*) Inlaid with flowers of diamond. Schlegel rendered it by gemmi florea.

পরমেষ্বাসঃ কাশ্যঃ চ মহারথঃ শিখণ্ডী চ ধৃষ্টদ্যুম্নঃ বিরাটঃ চ অপরাজিতঃ সাত্যকিঃ (এতেষাং শঙ্খান্ প্রদধ্মুঃ) ॥ ১৭ ॥

মহাধনুর্দ্ধর কাশীরাজ, মহারথ শিখণ্ডী, ধৃষ্টদ্যুম্ন, বিরাট এবং অজেয় সাত্যকি ইহারা স্ব স্ব শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥ ১৭ ॥

17. And the great warrior King of the Ka´sis, general Shikhandi, Dhristadumnya, Viratha, and the invincible Shatyaki began to sound their bugles too.

স্বামী। কাশ্যশ্চ ইতি। কাশ্যঃ—কাশীরাজঃ, কথম্ভূতঃ পরমঃ—শ্রেষ্ঠঃ, ইষ্বাসঃ—ধনুঃ, যস্য সঃ ॥ ১৭ ॥

দ্রুপদো দ্রৌপদেয়াশ্চ, সর্ব্বশঃ পৃথিবীপতে।
সৌভদ্রশ্চ মহাবাহুঃ, শঙ্খান্ দধ্মুঃ পৃথক্ পৃথক্ ॥ ১৮ ॥
স ঘোষো ধার্ত্তরাষ্ট্রাণাং, হৃদয়ানি ব্যদারয়ৎ।
নভশ্চ পৃথিবীঞ্চৈব, তুমুলোঽভ্যনুনাদয়ন্ ॥ ১৯ ॥

শিখণ্ডী=(শিখণ্ড=ময়ূরপুচ্ছ+ইন্ অস্ত্যর্থে)। যাহার শিরস্ত্রাণ ময়ূরপুচ্ছে মণ্ডিত ছিল। অপরাজিতঃ=ন পরাজিতঃ, পারিজাত হরণ-বাণ-যুদ্ধাদি মহাসংগ্রামেষু, এতাদৃশঃ সাত্যকিঃ ॥ ১৭ ॥

ভোঃপৃথিবীপতে! দ্রুপদঃ দ্রৌপদেয়াঃ চ মহাবাহুঃ সৌভদ্রঃ সর্ব্বশঃ পৃথক্ পৃথক্ শঙ্খান্ দধ্মুঃ ॥ ১৮ ॥

হে ভারতেশ্বর ধৃতরাষ্ট্র! রাজা দ্রুপদ, পাঞ্চালীর পুত্রগণ এবং মহাযোদ্ধা সুভদ্রানন্দন অভিমন্যু ইহারা সকলেই আপন আপন শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥ ১৮ ॥

18. O Lord of the earth ! King Drupada, the five sons of Draupadi and the great warrior Aubhimannya, son of Shubhadra began to sound their bugles.

স্বামী। দ্রুপদঃ ইতি। হে পৃথিবীপতে—ধৃতরাষ্ট্র ॥ ১৮ ॥

কুরুক্ষেত্র যুদ্ধকালে ভারতই পৃথিবীর মধ্যে শ্রেষ্ঠতম সাম্রাজ্য ছিল। ভারতের অধিপতি হইলেই সমস্ত পৃথিবীর আধিপত্য করা হইত। তজ্জন্য পৃথিবীপতি শব্দকে ভারতেশ্বর শব্দদ্বারা অনুবাদ করা হইল। তৎকালে হিন্দু বিজয়পতাকা ভারতসীমা অতিক্রম করে নাই ॥ ১৮ ॥

সঃ তুমুলঃ ঘোষঃ পৃথিবীং চ নভঃ চ এব অভ্যনুনাদয়ন্, (সন্) ধার্ত্তরাষ্ট্রাণাং হৃদয়াণি ব্যদারয়ৎ ॥ ১৯ ॥

পাণ্ডব সেনাগণের সেই ভৈরব নিনাদ পৃথিবী এবং আকাশমণ্ডল প্রতিধ্বনিত করিয়া ধৃতরাষ্ট্রপুত্রদিগের হৃদয় বিদীর্ণ করিতে লাগিল ॥ ১৯ ॥

19. These mighty sounds of the Pandava army resounding heaven and earth struck terror in to the hearts of the Kurus.

স্বামী। সঃ চ শঙ্খানাং নাদঃ ত্বদীয়ানাং মহাভয়ং জনয়ামাস ইতি আহ—স ঘোষঃ ইত্যাদি। ধার্ত্তরাষ্ট্রাণাং ত্বদীয়ানাং হৃদয়ানি বিদারিতবান্ কিং কুর্ব্বন্ নভঃ চ পৃথিবীং চ অভ্যনুনাদয়ন্—প্রতিধ্বনিভিঃ আপুরয়ন্ ॥ ১৯ ॥

অথ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা, ধার্ত্তরাষ্ট্রান্ কপিধ্বজঃ।
প্রবৃত্তে শস্ত্রসংপাতে, ধনুরুদ্যম্য পাণ্ডবঃ।
হৃষীকেশং তদা বাক্যং, ইদমাহ মহীপতে ॥ ২০ ॥

অর্জ্জুন উবাচ।

সেনয়োরুভয়োর্ম্মধ্যে, রথং স্থাপয় মেঽচ্যুত ॥ ২১ ॥
যাবদেতান্নিরীক্ষেঽহং, যোদ্ধুকামানবস্থিতান্।
কৈর্ম্ময়া সহ যোদ্ধব্যং, অস্মিন্রণসমুদ্যমে ॥ ২২ ॥
যোৎস্যমানানবেক্ষেঽহং, য এতেঽত্র সমাগতাঃ।
ধার্ত্তরাষ্ট্রস্য দুর্ব্বুদ্ধেঃ, যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ ॥ ২৩ ॥

অভ্যনুনাদয়ন্=(অভি+অনু+নদ+ণিচ্+নাদি+শতৃ) প্রতিধ্বনিত করিয়া। পাণ্ডবেরা ধর্ম্মযুদ্ধ করিতেছিল, কুরুসেনার জয়কোলাহলে পাণ্ডব সেনা কিছুমাত্র ক্ষোভিত হয় নাই। কিন্তু অধর্ম্মযুদ্ধকারী কুরুসৈন্য পাণ্ডবদিগের জয়নিনাদ শ্রবণ করিয়া কম্পিত হইতে লাগিল। সঞ্জয় ধৃতরাষ্ট্রকে "যতোধর্ম্মস্ততোজয়ঃ" ইহারই ইঙ্গিত করিলেন ॥ ১৯ ॥

ভোমহীপতে! অথ কপিধ্বজঃ পাণ্ডবঃ শস্ত্র সম্পাতে প্রবৃত্তে ধার্ত্তরাষ্ট্রান্ ব্যবস্থিতান্ দৃষ্ট্বা, ধনুঃ উদ্যম্য তথা হৃষীকেশং ইদং বাক্যং আহ ॥ ২০ ॥

হে মহারাজ! অনন্তর কপিধ্বজযুক্ত মহারথে অধিষ্ঠিত ধনঞ্জয়, কুরুসৈন্য দিগকে শস্ত্র নিক্ষেপ করিতে দেখিয়া তদীয় গাণ্ডিব শরাসন উত্তোলনপূর্ব্বক বাসুদেবকে কহিলেন ॥ ২০ ॥

20. O Lord of the earth ! then Arjuna, from whose mighty war-chariot floated the Ape standard, seeing the Kuru army charge with their weapons, uplifted his bow and thus addressed Srikrishna.

স্বামী। এতস্মিন্ সময়ে শ্রীকৃষ্ণং অর্জ্জুনং বিজ্ঞাপয়ামাস ইতি আহ—অথ ইত্যাদি চতুর্ভিঃ শ্লোকৈঃ, অথ ইতি। অথ—অনন্তরং, ব্যবস্থিতান্—যুদ্ধোদ্যোগে অবস্থিতান্, কপিধ্বজঃ—অর্জ্জুনঃ ॥ ২০ ॥

কপিধ্বজঃ=(কপি=হনুমান্+ধ্বজ=চিহ্ন) যাঁহার রথচূড়ায় হনুমানের মূর্ত্তিছিল ॥ ২০ ॥

অর্জ্জুনঃ উবাচ।

ভোঅচ্যুত! অস্মিন্ রণসমুদ্যমে কৈঃ সহ ময়া যোদ্ধব্যং, যাবৎ যুদ্ধকামান্ অবস্থিতান্ এতান্ অহং নিরীক্ষে, অত্র যুদ্ধে দুর্ব্বুদ্ধেঃ ধার্ত্তরাষ্ট্রস্য প্রিয়চিকীর্ষবঃ যে এতে সমাগতাঃ (তান্) (যোৎস্যমানান্ (যাবৎ) অহং

সঞ্জয় উবাচ।

এবমুক্তো হৃষীকেশো, গুড়াকেশেন ভারত।

অবেক্ষে, (তাবৎ) উভয়োঃ সেনয়োঃ মধ্যে মে রথং স্থাপয় ॥২১॥২২॥২৩॥ ত্রয়াণামন্বয়ঃ।

অর্জ্জুন কহিলেন।

হেঅচ্যুত। এই যুদ্ধ প্রারম্ভে সমাগত বীরগণের মধ্যে কাহার সহিত আমাকে যুদ্ধ করিতে হইবে আমি যে কাল পর্য্যন্ত উহা স্থির করি, এবং এই যুদ্ধে দুরাত্মা দুর্য্যোধনের মঙ্গলাকাঙ্ক্ষী হইয়া যাহারা উপস্থিত হইয়াছে সেই যুদ্ধার্থিগণকে যে পর্য্যন্ত আমি নিরীক্ষণ করি, সেই কাল পর্য্যন্ত উভয় সেনা মধ্যে আপনি আমার রথ স্থাপন করুন ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥

ARJUNA SAID.

21.22.23. I pray thee, O unfallen One ! place my war-chariot between the two armies, while I observe, at the opening of the onset, the assembled warriors, with whom I am required to fight, and while I see those who have assembled here to fight for and to support in the war, the sinful son of Dhritharashtra.

স্বামী। তৎ এব বাক্যং আহ-সেনয়োঃ ইত্যাদি ॥ ননু ত্বং যোদ্ধা নতু যুদ্ধপ্রেক্ষকঃ তত্র আহ—কৈর্ম্ময়া ইত্যাদি। কৈঃ সহ ময়াযোদ্ধব্যম্ ॥ যোৎস্যমানান্ ইতি। ধার্ত্তরাষ্ট্রস্য—দুর্য্যোধনস্য, প্রিয়ং কর্ত্তুং ইচ্ছন্তঃ যে ইহ সমাগতাঃ তান্ অহং দ্রক্ষ্যামি যাবৎ, তাবৎ উভয়োঃ সেনয়োঃ মধ্যে মে রথং স্থাপয় ইতি অন্বয়ঃ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥

অচ্যুত=(ন+চ্যুত=ক্ষরিত হওয়া) যিনি স্বীয় স্বভাব হইতে অবিচলিত। সর্ব্বদা নির্ব্বিকার। অর্জ্জুন কর্ত্তৃক সারথ্যকার্য্যে নিয়োগ নিমিত্ত রোষ পরিশূন্য ॥ তৎকালে প্রধান প্রধান যোদ্ধারা নিজ নিজ সমকক্ষ যোদ্ধার সহিত যুদ্ধ করিতেন। কোন্ কোন্ সমকক্ষ বীরের সহিত তাঁহার যুদ্ধ করিতে হইবে তাহা ই স্থির করিবার জন্য অর্জ্জুন ভগবান্‌কে উভয় সেনামধ্যে রথস্থাপন করিতে কহিলেন ॥ দুর্ব্বুদ্ধেঃ=স্বরক্ষণোপায়ং অজানতঃ। মন্দবুদ্ধির। যিনি স্বীয় হিত বুঝিতে অসমর্থ তাহার। অর্জ্জুন প্রথমতঃ কোন্ কোন্ যোদ্ধা দুর্য্যোধনের পক্ষসমর্থন করিতে অত্র রণস্থলে সমাগত হইয়াছে। দ্বিতীয়তঃ কোন্ কোন্ প্রতিদ্বন্দ্বী বীরের সহিত তাঁহার সংগ্রাম করিতে হইবে এই দুইটী বিষয় জানিতে ইচ্ছা করিলেন। যোৎস্যমানান্=সংগ্রাম সমুৎসুকান্ ॥ ২১ ॥ ২২ ॥ ২৩ ॥

21. অচ্যুত Literally an unfallen being whose inherent purity of the soul is not dimmed by Ma'ya' or illusion. The Gita holds that the human soul is as much one with the Universal Soul as is the wave with the ocean. It is therefore incapable of corruption though illusion may dim its brightness for a while.

সেনয়োরুভয়োর্মধ্যে, স্থাপয়িত্বা রথোত্তমম্ ॥ ২৪ ॥
ভীষ্মদ্রোণপ্রমুখতঃ, সর্ব্বেষাঞ্চ মহীক্ষিতাম্।
উবাচ পার্থ পশ্যৈতান্, সমবেতান্ কুরূনীতি ॥ ২৫ ॥

সঞ্জয়ঃ উবাচ।

ভোভারত! গুড়াকেশেন হৃষীকেশঃ এবং উক্তঃ (সন্) উভয়োঃ সেনয়োঃ মধ্যে ভীষ্মস্য, দ্রোণস্য, সর্ব্বেষাং মহীক্ষিতাং চ প্রমুখতঃ উত্তমং রথং স্থাপয়িত্বা "ভোঃপার্থ! এতান্ সমবেতান্ কুরূন্ পশ্য" ইতি উবাচ ॥ ২৪ ॥ ২৫ ॥ দ্বয়োরন্বয়ঃ।

সঞ্জয় কহিলেন।

হেভরত বংশাবতংস! জিতনিদ্র অর্জ্জুনকর্ত্তৃক এইরূপে কথিত হইয়া, শ্রীকৃষ্ণ উভয় পক্ষীয় সৈন্য মধ্যে ভীষ্ম, দ্রোণ এবং অন্যান্য ভূপতিবর্গের সম্মুখে অর্জ্জুনের মহারথ সংস্থাপিত করিয়া ধনঞ্জয়কে কহিলেন "হে পার্থ! এই সমবেত কৌরবগণকে দর্শন কর" ॥ ২৪ ॥ ২৫ ॥

SHANJAYA SAID.

24. and 25. O Descendent of Bharatha! Srikrishna being thus addressed by Arjuna, placed his splendid war-chariot between the two armies in front of Bhishma, Drona, and other kings, and said to Arjuna, "behold O Partha! the assembled Kaurava army."

স্বামী। ততঃ কিং বৃত্তং ইতি অপেক্ষায়াং সঞ্জয়ঃ উবাচ—এবমুক্তঃ ইত্যাদি। গুড়াকা—নিদ্রা, তস্যাঃ ঈশেন—জিতনিদ্রেণ অর্জ্জুনেন এবং উক্তঃ সন্, হেভারত! হেধৃতরাষ্ট্র! ভীষ্ম ইতি। মহীক্ষিতাং—রাজ্ঞাং, চ প্রমুখতঃ—সম্মুখে, রথং স্থাপয়িত্বা, "হেপার্থ! এতান্ কুরূন্ পশ্য" ইতি শ্রীভগবান্ উবাচ ॥ ২৪ ॥ ২৫ ॥

ভারত=ধৃতরাষ্ট্র। সঞ্জয় ধৃতরাষ্ট্রের স্মরণার্থে তদীয় আদিপুরুষ মহাত্মা ভরতের নাম উল্লেখ করিয়া ইহাই ইঙ্গিত করিলেন যে, এইরূপ বংশোদ্ভব হইয়া, বর্ত্তমান সমরাগ্নি নির্ব্বাণ করা আপনার কর্ত্তব্য ছিল। গুড়াকেশ=(গুড়াকা=নিদ্রা)=জিতনিদ্র।

রথোত্তমং=অগ্নিনা দত্তং দিব্যং রথং ভগবতা স্বয়মেব সারথ্যেনাধিষ্ঠিতম্। অগ্নিদত্ত স্বর্গীয়রথে স্বয়ং ভগবান্ সারথী। অর্জ্জুন যে, স্ত্রীজন সুলভ দুর্ব্বলতা প্রদর্শন করিবেন তাহা অন্তর্যামী ভগবান্ বুঝিতে পারিয়া ছিলেন, সেই জন্য তিনি অর্জ্জুনকে পার্থ সম্বোধন করিয়া তাহার মাতৃকুলের উল্লেখ করিলেন ॥ ২৪ ॥ ২৫ ॥

24 and 25. Bharatha was the son of Dushmanthya and Sacontola,

তত্রাপশ্যৎ স্থিতান্ পার্থঃ, পিতৄনথ পিতামহান্।
আচার্য্যান্ মাতুলান্ ভ্রাতৄন্, পুত্রান্ পৌত্রান্ সখীংস্তথা ॥
শ্বশুরান্ সুহৃদশ্চৈব, সেনয়োরুভয়োরপি ॥ ২৬ ॥
তান্ সমীক্ষ্য স কৌন্তেয়ঃ, সর্ব্বান্ বন্ধূনবস্থিতান্।
কৃপয়া পরয়াবিষ্টঃ,বিষীদন্নিদমব্রবীৎ ॥ ২৭ ॥

after whom India is called the Bharatha-land. This verse is addressed by Shanjaya to Dhritharashtra who is called Bharatha, being a descendent of the Bharatha family. Later on Srikrishna addressed Arjuna with the name of Bharatha.

অথ পার্থঃ তত্র উভয়োঃ অপি সেনয়োঃ (মধ্যে) স্থিতান্ পিতৄন্, পিতামহান্, আচার্য্যান্, মাতুলান্, ভ্রাতৄন্, পুত্রান্, পৌত্রান্, তথা সখীন্, শ্বশুরান্, সুহৃদঃ চ এব অপশ্যৎ ॥ ২৬ ॥

অনন্তর অর্জ্জুন সেই সমর প্রারম্ভে, উভয় পক্ষীয় সৈন্যগণ মধ্যে স্বকীয় পিতৃব্য, পিতামহ, আচার্য্য, মাতুল, ভ্রাতা, পুত্র, পৌত্র, বন্ধু, শ্বশুর এবং সুহৃদ্বর্গকে অবলোকন করিলেন ॥ ২৬ ॥

26. Arjuna then beheld in the two armies, his uncles, grandsires, preceptors, brothers, sons, grandsons, comrades, fathers-in-law and friends.

স্বামী। ততঃ কিং বৃত্তং ইতি আহ—তত্র ইত্যাদি। পিতন্—পিতৃব্যান্ ইত্যর্থঃ। পুত্রান্ পৌত্রান্ ইতি দুর্য্যোধনাদীনাং যে পুত্রাঃ পৌত্রাঃ চ তান্ ইত্যর্থঃ। সখীন্—মিত্রাণি। সুহৃদঃ—কৃতোপকারান্ চ অপশ্যৎ ॥ ২৬ ॥

সখীন্=সমান আত্মা যাহাদের, এক প্রকার মনের গতি বিশিষ্ট। সুহৃদঃ=হিতকারিগণ। যাহারা অনুগত থাকিয়া হিতানুষ্ঠান করে। তত্র=সমরসমারম্ভার্থ সৈন্য দর্শনে। পিতৄন=পিতৃব্যভূরিশ্রবাদীন্। পিতামহান্=ভীষ্ম সোমদত্তপ্রভৃতীন্। আচার্য্যান্=দ্রোণকৃপপ্রভৃতীন্। মাতুলান্=শল্য শকুনি প্রভৃতীন্। ভ্রাতৄন=দুর্য্যোধনাদীন্। পুত্রান্=দুর্য্যোধনসুত লক্ষণ প্রভৃতীন্। পৌত্রান্=লক্ষণাদীনাং পুত্রগণান্। সখীন্=অশ্বত্থামজয়দ্রথাদীন্। সুহৃদঃ=কৃতবর্ম্ম ভগদত্তাদীন্।

অর্জ্জুন তৎকালে শোক ও মোহে অভিভূত হইয়া কৌরবসেনা মধ্যে কোনও শত্রু অবলোকন করিলেন না, কেবল আত্মীয় স্বজন বান্ধবাদি সন্দর্শন করিতে লাগিলেন ॥ ২৬ ॥

সঃ কৌন্তেয়ঃ তান্ সর্ব্বান্ বন্ধূন্ অবস্থিতান্ সমীক্ষ্য পরয়া কৃপয়া আবিষ্টঃ বিষীদন্ (সন্) ইদং অব্রবীৎ ॥ ২৭ ॥

অর্জ্জুনঃ উবাচ।

দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ, যুযুৎসূন্ সমবস্থিতান্।
সীদন্তি মম গাত্রাণি, মুখঞ্চ পরিশুষ্যতি ॥ ২৮ ॥

কুন্তীপুত্র অর্জ্জুন সেই সকল বন্ধুগণকে যুদ্ধার্থে অবস্থিত দেখিয়া কৃপা-পরবশ হইলেন এবং বিষন্নভাবে শ্রীকৃষ্ণকে এইরূপ বলিতে লাগিলেন ॥ ২৭ ॥

27. Arjuna, seeing all his friends and relations thus assembled for war, was moved by extreme compassion, and in dejected spirits thus addressed Srikrishna.

স্বামী। ততঃ কিং কৃতবান্ ইতি আহ—তান্ ইতি। সেনয়োঃ উভয়োঃ এবং সমীক্ষ্য কৃপয়া মহত্যা গৃহীতঃ বিষণ্ণঃ সন্ ইদং অর্জ্জুনঃ অব্রবীৎ ইতি উত্তরার্দ্ধশ্লোকবাক্যার্থঃ। আবিষ্টঃ—ব্যাপ্তঃ ॥ ২৭ ॥

এই সমস্ত প্রিয় বান্ধবগণকে নিহত করিয়া রাজ্যলাভ করিতে হইবে, এই ভাবিয়া অর্জ্জুন অধীর হইয়া পড়িলেন। এই শ্লোকের তাৎপর্য্য বশতই এই অধ্যায়ের নাম "অর্জ্জুনবিষাদ" হইয়াছে। কোন কোন মহাত্মা ইহার আধ্যাত্মিক ব্যাখ্যা করিয়া থাকেন। ইন্দ্রিয়গণকে দমন করিবার জন্য সকল প্রকার ভোগ্য বস্তু পরিত্যাগ করিতে হইবে, মোক্ষাভিলাষী ইহাই চিন্তা করিয়া প্রথমতঃ অধীর ও বিষণ্ণ হন্। গীতার নানাপ্রকার অর্থ করা যাইতে পারে কিন্তু আমরা যেরূপে সাধারণের বোধগম্য করিতে পারি তদ্বিষয়েই বিশেষ যত্ন করিলাম ॥ ২৭ ॥

অর্জ্জুনঃ উবাচ।

ভোঃকৃষ্ণ! ইমান্ যুযুৎসূন্ স্বজনান্ অবস্থিতান্ দৃষ্ট্বা মম গাত্রাণি সীদন্তি মুখং চ পরিশুষ্যতি ॥ ২৮ ॥

অর্জ্জুন কহিলেন।

হে কৃষ্ণ! সমরেচ্ছু এই আত্মীয়বর্গকে অবস্থিত দেখিয়া আমার শরীর অবশপ্রায় এবং মুখ শুষ্ক হইতেছে ॥ ২৮ ॥

ARJUNA SAID.

28. O Krishna! beholding my own dear kindred here assembled for war, my limbs fail me, and my face withereth.

স্বামী। কিং অব্রবীৎ ইতি অপেক্ষায়াং আহ—দৃষ্ট্বেমান্ ইত্যাদি যাবৎ অধ্যায় সমাপ্তি। হে কৃষ্ণ! যোদ্ধুং ইচ্ছতঃ পুরতঃ সম্যক্ অবস্থিতান্ স্বজনান্ দৃষ্ট্বা, মদীয়ানি গাত্রাণি—কর চরণাদীনি সীদন্তি—বিকীর্য্যন্তে ॥ ২৮ ॥

বেপথুশ্চ শরীরে মে, রোমহর্ষশ্চ জায়তে।
গাণ্ডীবং স্রংসতে হস্তাৎ, ত্বক্‌ চৈব পরিদহ্যতে ॥ ২৯ ॥
নচ শক্নোম্যবস্থাতুং, ভ্রমতীব চ মে মনঃ।
নিমিত্তানি চ পশ্যামি, বিপরীতানি কেশব ॥ ৩০ ॥

যুযুৎসূন্=(যুধ=যুদ্ধ+সন্‌ ইচ্ছার্থে=যুযুৎস+উ) যুযুৎসু যুদ্ধেচ্ছুগণ।

সীদন্তি—(সদ্—ক্লেশ+অন্তি) ক্লিষ্টহইতেছে। কোন কোন ভাষ্যকার মহাত্মাগণ বলেন যে এই সময়ে অর্জ্জুনের মন সাত্তিকভাবে পরিপূর্ণ হইয়াছিল। সাত্তিকভাব হইলে তাঁহার কি জন্য শরীরের অবসন্নতা ও কম্পাদি হইবে? সাত্তিক ভাবের এই সকল লক্ষণ নহে। বাস্তবিক অর্জ্জুনের হৃদয়ে সাত্তিক ভাব উদয়ের সম্ভাবনা হইলে সংগ্রাম ভূমিতে আসিবার অগ্রেই তাহা হইত। যুদ্ধ করিবার জন্য রণ-ভূমিতে সমাগত হইয়া আত্মীয় কুটুম্বাদি দর্শনে তাঁহার মনে শোকপূর্ণ মোহের আবির্ভাব হইয়াছিল। নিষ্কাম ধর্ম্মযুদ্ধ যে, ক্ষত্রিয়ের কর্ত্তব্য কার্য্য তাহা তিনি বিস্মৃত হইয়া স্ত্রীজন সুলভ দুর্ব্বলতায় নিতান্ত অধীর হইয়া ছিলেন॥ ২৮ ॥

মে শরীরে বেপথুঃ রোমহর্ষঃ চ জায়তে, হস্তাৎ গাণ্ডীবং স্রংসতে, ত্বক্‌ চ পরিদহ্যতে এব। ২৯ ॥

আমার শরীর কম্পিত ও রোমাঞ্চিত হইতেছে, হস্ত হইতে গাণ্ডীব স্খলিত এবং আমার গাত্র দগ্ধ হইতেছে ॥ ২৯ ॥

29. All my frame trembleth, my hair standeth on its end, my Ga´ndiva bow falleth from my hand and my skin burneth.

স্বামী। কিঞ্চ বেপথুশ্চ ইত্যাদি। বেপথুঃ—কম্পঃ, রোমহর্ষঃ—রোমাঞ্চ, স্রংসতে—নিপততি, পরিদহ্যতে—সর্ব্বতঃ সন্তপ্যতে॥ ২৯॥

বেপথুঃ—(বেপ—কম্প+অথু)। গাণ্ডীব—(গণ্ডা) (১) যে ধনুর জ্যা চতুর্হস্ত পরিমিত ছিল। (২) গাণ্ডি—(গ্রন্থি+ব) যে ধনুতে গ্রন্থিছিল। রোমহর্ষঃ—পুলকিতত্বং, রোমাঞ্চঃ। এই সমস্ত মনোবিকারের লক্ষণ সাত্তিক ভাবের লক্ষণ নহে॥ ২৯॥

ভোঃকেশব! (অহং) অবস্থাতুং ন শক্নোমি, মে মনঃ চ ভ্রমতি ইব, বিপরীতানি নিমিত্তানি চ পশ্যামি। ৩০ ॥

হেকেশব! আমি রথে অবস্থান করিতে পারিতেছি না, আমার মন যেন চতুর্দ্দিকে বিঘূর্ণিত হইতেছে, এবং অমঙ্গল চিহ্ন সকল দর্শন করিতেছি। ৩০ ॥

ন চ শ্রেয়োঽনুপশ্যামি, হত্বা স্বজনমাহবে।
ন কাঙ্ক্ষে বিজয়ং কৃষ্ণ, নচ রাজ্যং সুখানি চ ॥ ৩১ ॥

30. O Keshava ! I am not able to stand, my mind seemeth to wander and inauspicious omens haunt me.

স্বামী। অপিচ নচ শক্নোমি ইত্যাদি। বিপরীতানি নিমিত্তানি—অনিষ্টসূচকানি শকুনাদীনি পশ্যামি ॥ ৩০ ॥

অবস্থাতুং—শরীরং ধারয়িতুং। কেশব—(ক—ব্রহ্মা + ঈশ—রুদ্র) এতদুভয়কেও নিজ অনুগ্রহ পাত্র বোধে যিনি রক্ষা করেন অর্থাৎ জগৎরক্ষক। হেজগৎরক্ষক। আমি ঘোর মোহজালে জড়িত হইয়াছি, আমার মনঃ অবসন্ন হইতেছে, আমি অমঙ্গল চিহ্ন সকল দর্শন করিতেছি। মানবের মনঃ অতীব দুর্ব্বল। কোন মহৎকার্য্যের প্রারম্ভে এইরূপ মনের অবসন্নতা উপস্থিত হয়। জ্ঞানী লোক তাহাকে মোহ বলিয়া উপেক্ষা করেন।

বিষাদের ফল স্বরূপ অর্জ্জুনের মনে তামসিক জ্ঞানের আবির্ভাব হইয়াছিল তাহাই বর্ণিত হইতেছে। অষ্টাবিংশ শ্লোক হইতে ত্রিংশৎ শ্লোক পর্য্যন্ত আত্মজ্ঞানের বিঘ্নগুলি কথিত হইয়াছে। আত্মজ্ঞান এবং পরমার্থজ্ঞান লাভ না হইলে কখনই কোন মহৎ কার্য্য সম্পন্ন করা যায় না।

"দুঃখ দৌর্ম্মনস্যাঙ্গমেজয়ত্ব শ্বাস প্রশ্বাসা বিক্ষেপসহভুবঃ ॥"

পাতঞ্জল দর্শন সমাধি পাদ ॥ ৩১ সূত্র ॥

দুঃখ, দৌর্ম্মনস্য, অঙ্গকম্প, শ্বাস, প্রশ্বাস এবং চিত্তবিক্ষেপ। অর্জ্জুনের এই সমস্ত বিঘ্ন উপস্থিত হইয়াছিল। এই বিষাদ জনক যোগের বিঘ্ন সকল দূরীভূত করাই গীতার প্রধান উদ্দেশ্য। অর্জ্জুনের এতাদৃশ বিষাদই গীতাসৃষ্টির কারণ। পাঠক ও পাঠিকাগণ! যদি ইহ জীবনেই পরমশান্তি সুখ ভোগ করিতে ইচ্ছা কর, তাহাহইলে এই ষড়্‌বিধ বিঘ্ন অতিক্রম করিতে যত্নাতিশয়কর। কি উপায়ে উক্ত বিঘ্ন সকল নিবারিত হয় তাহা বর্ণিত হইবে ॥৩০॥

ভোঃ কৃষ্ণ! অত্র আহবে স্বজনং হত্বা শ্রেয়ঃ নচ অনুপশ্যামি। (অহং) বিজয়ং, রাজ্যং, সুখানি চ নচ কাঙ্ক্ষে ॥ ৩১ ॥

হেকৃষ্ণ! এই যুদ্ধে আমি আত্মীয় স্বজনকে নিধন করিয়া কোনও লাভ দেখিতেছি না। আমি যুদ্ধে জয়লাভ, রাজ্য ও সুখভোগ করিতে বাসনা করি না ॥ ৩১ ॥

31. O Krishna ! I see no good in the slaughter of my kin in this war, I long not for victory nor kingdoms nor pleasures.

স্বামী। কিঞ্চ নচ ইত্যাদি। আহবে—যুদ্ধে, স্বজনং হত্বা শ্রেয়ঃ—ফলং, ন পশ্যামি। বিজয়াদিকং ফলং কিং ন পশ্যসি ইতি চেৎ তত্র আহ—ন কাঙ্ক্ষে ইতি ॥ ৩১ ॥

কিং নো রাজ্যেন গোবিন্দ, কিং ভোগৈ র্জীবিতেন বা।
যেষামর্থে কাঙ্ক্ষিতং নঃ, রাজ্যং ভোগাঃ সুখানি চ ॥ ৩২ ॥
ত ইমেঽবস্থিতা যুদ্ধে, প্রাণাংস্ত্যক্ত্বা ধনানি চ।
আচার্য্যাঃ পিতরঃ পুত্রাঃ, তথৈব চ পিতামহাঃ ॥ ৩৩ ॥
মাতুলাঃ শ্বশুরাঃ পৌত্রাঃ, শ্যালাঃ সম্বন্ধিন স্তথা।
এতান্ ন হন্তুমিচ্ছামি, ঘ্নতোঽপি মধুসূদন ॥ ৩৪ ॥

বিষাদের ফল স্বরূপ অর্জ্জুনের কর্ম্মযোগে বৈরাগ্য। যদি ব্রাহ্মণের যজ্ঞ বৈরাগ্য, ক্ষত্রিয়ের ন্যায় যুদ্ধ বৈরাগ্য, বৈশ্যের বাণিজ্য বৈরাগ্য এবং অন্যান্য লোকের স্বধর্ম্ম বৈরাগ্য উপস্থিত হয়, তাহা হইলে মানব সমাজ রক্ষা হইতে পারে না। সেই জন্য অর্জ্জুনের এই ন্যায় যুদ্ধ বৈরাগ্য ঘোর তামসিক বৃত্তি প্রসূত ॥ ৩১ ॥
আহবে = (আ + হ্বে) = আহ্বান করা = যুদ্ধ।

ভো গোবিন্দ! নঃ রাজ্যেন কিং, ভোগৈঃ জীবিতেন বা কিং, যেষাং অর্থে নঃ রাজ্যং কাঙ্ক্ষিতং, ভোগাঃ কাঙ্ক্ষিতাঃ, সুখানি চ কাঙ্ক্ষিতানি তে আচার্য্যাঃ, পিতরঃ, পুত্রাঃ তথা পিতামহাঃ চ মাতুলাঃ, শ্বশুরাঃ, পৌত্রাঃ, শ্যালাঃ, তথা সম্বন্ধিনঃ ইমে প্রাণান্ ধনানিচ ত্যক্ত্বা যুদ্ধে অবস্থিতাঃ। ভো মধুসূদন! ঘ্নতঃ অপি এতান্ হন্তুং (অহং) ন ইচ্ছামি ॥ ৩২ ॥ ৩৩ ॥ ॥ ৩৪ ॥ ত্রয়াণামন্বয়ঃ ॥

হেগোবিন্দ! আমাদের রাজ্য, ঐশ্বর্য্য এবং জীবন ধারণেইবা ফল কি? কারণ যাহাদের নিমিত্ত রাজ্য, সম্পদ্ বা সুখ ভোগ করিতে ইচ্ছা, সেই সকল পরমাত্মীয় আচার্য্য, পিতৃব্য, পুত্র, পিতামহ, মাতুল, শ্বশুর, পৌত্র, শ্যালক, সম্বন্ধিগণ ধন ও প্রাণ বিসর্জ্জন দিয়া এই যুদ্ধে উপস্থিত আছেন। হে মধুসূদন! এই সকল ব্যক্তি আমাকে বধ করিলেও আমি ইহাদিগকে বধ করিতে ইচ্ছা করি না ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥ তিন শ্লোকের অর্থ।

32.33. and 34. O Govinda! what avails kingdom, enjoyment or life, while those for whom we covet dominion, wealth and pleasure, our preceptors, uncles, sons, grand-sires, fathers-in-law, grand-sons, brothers-in-law and others dear to us, abandoning life and fortune, stand ready for the fight. O Destroyer of demons! I desire not their death though they kill me.

স্বামী। এতং এব প্রপঞ্চয়তি—কিং নো রাজ্যেন ইত্যাদি সার্দ্ধদ্বয়েন ॥ তে ইমে ইতি।

অপি ত্রৈলোক্য রাজ্যস্য, হেতোঃ কিন্নু মহীকৃতে।
নিহত্য ধার্ত্তরাষ্ট্রান্নঃ, কা প্রীতিঃ স্যাজ্জনার্দ্দন ॥ ৩৫ ॥

যদর্থং অস্মাকং রাজ্য..দিকং অপেক্ষিতং তে এতে প্রাণধনাদিত্যাগং অঙ্গীকৃত্য যুদ্ধার্থং অবস্থিতাঃ, অতঃ কিং অস্মাকং রাজ্যাদিভিঃ কৃত্যং ইত্যর্থঃ ॥ নন্থ যদি কৃপয়া ত্বং এতান্ ন হংসি তর্হি ত্বাং এতে রাজ্যলোভেন হনিষ্যন্তি এব অতঃ ত্বং এব এতান্ হত্বা রাজ্যং ভুঙ্ক্ষ্ ইতি তত্র আহ—এতান্ ইত্যাদি সার্দ্ধেন। ঘ্নতঃ অপি—অস্মান্ মারয়তঃ অপি, এতান্ ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

অর্জ্জুনের মহাভ্রম উপস্থিত। যিনি পৃথিবীতে ধর্ম্মরাজ্য সংস্থাপন করিতে ইচ্ছা করেন তিনি আত্মীয় স্বজন অথবা নিজ সুখ ভোগের জন্য রাজত্ব করেন না। তিনি প্রজা-পালন জন্য রাজত্ব করেন। শ্রীরামচন্দ্র প্রজাবর্গের মনোরঞ্জনার্থে স্বীয় সাধ্বী স্ত্রী সীতাকে পরিত্যাগ করিয়া ছিলেন। কুরুপাণ্ডবের মনোবিবাদে সমগ্র ভারতে অশান্তি বিরাজ করিতেছিল। ধর্ম্মযুদ্ধে জয়লাভ করিয়া ধর্ম্মরাজ্য সংস্থাপন করাই অর্জ্জুনের অতীব কর্ত্তব্য। নঃ = অস্মাকং = আমাদিগের ॥ ৩২ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

32.33. and 34. In the following sense the words Govinda and Madhusudana were used. Govinda = গো = Vedas + বিন্দ = to know, one who is versed in the Vedas. O Krishna ! thou who art versed in the Vedas, know full well that it is a positive sin to kill these dear ones for the sake of kingdoms, wealth or pleasures. O Krishna ! for the peace of the Bharath-land, thou hast killed many a demon but hast thou ever desired the death of any one respected and loved by thee ?

ভোজনার্দ্দন! মহীকৃতে কিং? ত্রৈলোক্যরাজ্যস্য হেতোঃ অপি (এতান্ হন্তুং ন ইচ্ছামি) ধার্ত্তরাষ্ট্রান্ নিহত্য নঃ কা প্রীতিঃ স্যাৎ ॥ ৩৫ ॥

হেঅসুরনিসূদন। সামান্য পৃথিবীর কথাত দূরে থাকুক, স্বর্গ, মর্ত্ত ও পাতালের অধিকার নিমিত্ত ও আমি এই সকল পরম আত্মীয় ব্যক্তিদিগের প্রাণ বিনাশ করিতে ইচ্ছা করি না। কুরুকুল বিনাশ করিয়া আমাদের কি আনন্দ হইবেক ॥ ৩৫ ॥

35. O Krishna ! what for this earth, even for dominion over the three worlds, I would not wish for their destruction ? What pleasure can we derive by killing the sons of Dhritharashtra ?

স্বামী। অপি ইতি। ত্রৈলোক্যরাজ্যস্য অপি হেতোঃ—তৎপ্রাপ্ত্যর্থং অপি, হন্তুং ন ইচ্ছামি, কিং পুনঃ মহীমাত্র প্রাপ্তয়ে ইত্যর্থঃ ॥ ৩৫ ॥

পাপমেবাশ্রয়েদস্মান্, হত্বৈতানাততায়িনঃ।
তস্মান্নার্হা বয়ং হন্তুং, ধার্ত্তরাষ্ট্রান্ সবান্ধবান্।
স্বজনং হি কথং হত্বা, সুখিনঃ স্যাম মাধব ॥ ৩৬ ॥

জনার্দ্দন—(জন=দুর্জ্জন বা অসুরগণ+অর্দ্দন=পীড়ন করা) হেকৃষ্ণ! তুমিত কাল-রূপে পাপিগণকে বিনাশ কর। আততায়ী দুর্য্যোধনাদি'কে তুমিই বিনাশ করিবে আমার সে কার্য্য নহে। এইরূপ মনে করিয়া অর্জ্জুন শ্রীকৃষ্ণকে জনার্দ্দন বলিয়া সম্বোধন করিলেন ॥ ৩৫ ॥

ভো মাধব! এতান্ আততায়িনঃ হত্বা (বর্ত্তমানান্) অস্মান্ পাপং এব আশ্রয়েৎ। তস্মাৎ সবান্ধবান্ ধার্ত্তরাষ্ট্রান্ হন্তুং বয়ং ন অর্হাঃ। হি স্বজনং হত্বা কথং সুখিনঃ স্যাম? ॥ ৩৬ ॥

হে মাধব! দুর্য্যোধনাদি যে আততায়ী তদ্বিষয় অণুমাত্রও সংশয় নাই, তথাপি তাহাদিগকে বধ করিলে আমাদিগকে অবশ্যই পাপপঙ্কে নিমগ্ন হইতে হইবে। তজ্জন্য সবান্ধব ধৃষ্টরাষ্ট্রতনয় দিগকে বধ করা আমাদিগের কর্ত্তব্য হয় না। কারণ স্বজনগণকে হত্যাকরিয়া আমরা কিপ্রকারে সুখী হইব? ॥ ৩৬ ॥

36. O thou who dispelest the darkness of illusion! steeped in high crimes though the kurus are, nothing but sin can befall us by their destruction. Therefore, it behoves us not to kill them with their friends. How can we be happy by killing our own kin?

স্বামী। নমু চ "অগ্নিদো গরদশ্চৈব, শস্ত্রপাণির্দ্ধনাপহঃ।
ক্ষেত্রদারাপহারী চ, যড়েতে আততায়িনঃ॥"

ইতি স্মরণাৎ অগ্নি দাহাদিভিঃ ষড়্ভিঃ হেতুভিঃ এতে তাবৎ আততায়িনঃ, আততায়িনাং চ বধঃ যুক্তঃ এব ॥

"আততায়িন মায়ান্তং, হন্যাদেবাবিচারয়ন্।
নাততায়ি বধে দোষো, হন্তুর্ভবতি কশ্চন।"

ইতি বচনাৎ তত্র আহ—পাপং এব ইত্যাদি সার্দ্ধেন। আততায়িনমায়ান্তং ইত্যাদিকং অর্থ শাস্ত্রং তত্তু, ধর্ম্ম-শাস্ত্রাত্তু, দুর্ব্বলং যথা উক্তং যাজ্ঞবল্ক্যেন ॥

"স্মৃত্যোর্ব্বিরোধে ন্যায়স্তু, বলবান্ ব্যবহারতঃ।
অর্থ শাস্ত্রাত্তু, বলবৎ, ধর্ম্ম-শাস্ত্র মিতি স্থিতিঃ॥"

ইতি তস্মাৎ আততায়িনাং অপি এতেষাং আচার্য্যাদীনাং বধে অস্মাকং পাপং এব ভবেৎ

যদ্যপ্যেতে ন পশ্যন্তি, লোভোপহতচেতসঃ।
কুলক্ষয়কৃতং দোষং, মিত্রদ্রোহে চ পাতকম্ ॥ ৩৭ ॥
কথং ন জ্ঞেয়মস্মাভিঃ, পাপাদস্মান্নিবর্ত্তিতুম্।
কুলক্ষয়কৃতং দোষং, প্রপশ্যদ্ভির্জ্জনার্দ্দন ॥ ৩৮ ॥

অন্যায্যত্বাৎ অধর্ম্মত্বাৎ চ এতদ্বধস্য অমুত্র চ ইহ বা ন সুখং স্যাৎ ইতি আহ—স্বজনং হি ইতি ॥ ৩৬ ॥

আততায়িনঃ=যাহারা অন্যের গৃহে অগ্নি প্রদান করে, বিষ প্রয়োগে অন্যের প্রাণ বিনাশ করে, সর্ব্বদা শস্ত্রপাণি হইয়া অন্যের বধার্থ প্রস্তুত থাকে, এবং ধন, ক্ষেত্র ও স্ত্রী অপহরণ করে। অর্থ শাস্ত্রানুসারে এই সকল আততায়ী ব্যক্তিগণকে বধ করিলে পাপ হয় না। কিন্তু ধর্ম্মশাস্ত্রে ইহার বিপরীত বিধান আছে। "মাহিংস্যাৎ সর্ব্বা ভূতানি" কোন প্রাণীকে বধ করিবে না। "স এব পাপিষ্ঠতমো য়ঃ কুর্য্যাৎ কুলনাশনং"। যিনি নিজ কুল বিনাশ করেন তিনি পাপাধম। এইক্ষণ অর্থশাস্ত্রে ও ধর্ম্মশাস্ত্রে বিরোধ উপস্থিত। যাজ্ঞবল্ক্য বলিয়াছেন, অর্থ শাস্ত্রের সহিত স্মৃতির বিরোধ হইলে অর্থশাস্ত্রই বলবৎ হইবেক। কিন্তু অর্থ শাস্ত্রে ও ধর্ম্মশাস্ত্রে বিরোধ হইলে ধর্ম্মশাস্ত্রই বলবৎ। হেকৃষ্ণ! দুর্য্যোধনাদি আততায়ী হইলে ও ধর্ম্মশাস্ত্রানুসারে তাহারা আমাদিগের বধার্হ নহে। তুমি মাধব (মা=লক্ষ্মী+ধব=স্বামী) তুমি শ্রীপতি হইয়া আমাদিগকে কি জন্য কুলক্ষয় দ্বারা শ্রীহীন হইবার নিমিত্ত উপদেশ দিতেছ ॥ ৩৬ ॥

36. Arjuna says to the followiug effect, true our social code enjoins to kill an incendiary, a poisoner, one armed seeking the life of another, and one who steals others riches, land and wife. But our religious code lays it down " do not kill any one. " Our law-giver Jagnyabalka has said when religious code clashes with social code the former is to be oheyed. Although the kurus are guilty of the above named crimes, we cannot kill them.

ভো জনার্দ্দন! যদ্যপি এতে (দুর্য্যোধনাদয়ঃ) লোভোপহতচেতসঃ (সন্তঃ) কুলক্ষয়কৃতং দোষং মিত্রদ্রোহে পাতকং চ ন পশ্যন্তি, (তথাপি) কুলক্ষয়কৃতং দোষং প্রপশ্যদ্ভিঃ অস্মাভিঃ অস্মাৎ পাপাৎ নিবর্ত্তিতুং কথং ন জ্ঞেয়ং? ॥ ৩৭ ॥ ৩৮ ॥ দ্বয়োরন্বয়ঃ।

হেজনার্দ্দন! যদিও দুর্য্যোধনাদি রাজ্যলোভে হতবুদ্ধি হইয়া কুলক্ষয় ও আত্মীয় স্বজন বধজনিত মহাপাপ দেখিতেছে না, স্বজাতিবিনাশ জনিত মহাপাপ স্বরূপতঃ উপলব্ধি করিয়াও আমাদের কি জন্য এই বিষম পাপ হইতে বিরত হইতে বুদ্ধি হইতেছে না? ॥ ৩৭ ॥ ৩৮ ॥ দুই শ্লোকের অর্থ।

কুলক্ষয়ে প্রণশ্যন্তি, কুলধর্ম্মাঃ সনাতনাঃ।
ধর্ম্মে নষ্টে কুলং কৃৎস্নং, অধর্ম্মোঽভিভবত্যুত ॥ ৩৯ ॥

37 and 38. O Krishna ! though the sons of Dhritharáshtra, blinded by lust, perceive not the great sin of slaughtering friends and extirpating the race, yet why should not we, who fully perceive the crime refrain from such sinful acts ?

স্বামী। নমু চ এতেষাং অপি বন্ধু-বধ দোষে সমানে যথা এব এতে বন্ধুবধং অঙ্গীকৃত্য অপি যুদ্ধে প্রবর্ত্তন্তে তথা এব ভবান্ অপি প্রবর্ত্ততাং, কিং অনেন বিষাদেন ইতি আহ—যদ্যপিইতি দ্বাভ্যাং। রাজ্যলোভেন উপহতং—ভ্রষ্টবিবেকং,চেতঃ যেষাং তে এতে দুর্য্যোধনাদয়ঃ যদ্যপি দোষং ন পশ্যন্তি ॥ কথং ইতি তথাপি অস্মাভিঃ দোষং প্রপশ্যদ্ভিঃ অস্মাৎ পাপাৎ নিবর্ত্তিতুং কথং ন জ্ঞেয়ং—নিবৃত্তৌ এব বুদ্ধিঃ কর্ত্তব্যা ইত্যর্থঃ ॥ ৩৭ ॥ ৩৮ ॥

হেকৃষ্ণ ! রাজ্যলোভে অন্ধ হইয়া দুর্য্যোধনাদি কুলক্ষয় ও বন্ধুবধ জনিত মহাপাপ দর্শন করিতেছে না, কিন্তু আমারা স্পষ্ট দেখিতেছি যে এই মহাপাপে আমাদিগকে নরকগামী হইতে হইবে, তবে কি জন্য আমারা এই পাপকার্য্যে লিপ্ত হইব ? শ্রুতি বলিয়াছেন যে, শত্রু বিনাশের জন্য "শ্যেনেনাভিচরন্ যজেত" শ্যেনযজ্ঞ করিবে। কিন্তু ইহাও কথিত আছে যে, যাহারা এইরূপ যজ্ঞ দ্বারা শত্রুবিনাশ করে, তাহাদিগের পরিনামে নরক হয় ॥ ৩৭ ॥ ৩৮ ॥

কুলক্ষয়ে সনাতনাঃ কুলধর্ম্মাঃ প্রণশ্যন্তি। উত ধর্ম্মে নষ্টে অধর্ম্মঃ কৃৎস্নং কুলং অভিভবতি ॥ ৩৯ ॥

বংশ নাশ হইলে আমাদিগের বংশানুগত কুলধর্ম্ম একেবারে বিনষ্ট হইবেক। আবার কুলধর্ম্ম লুপ্ত হইলে সমগ্রকুল অধর্ম্মদ্বারা অভিভূত হইবেক ॥ ৩৯ ॥

39. With the destruction of a race disappear its religious rites handed from father to son. And when these disappear, the whole human race is over-whelmed with vice.

স্বামী। তং এব দোষং দর্শয়তি—কুলক্ষয়ে ইত্যাদি। সনাতনাঃ—পরম্পরাপ্রাপ্তাঃ ; উত অপি অবশিষ্টং কৃৎস্নং অপি কুলং অধর্ম্মঃ অভিভবতি প্রাপ্নোতি ইত্যর্থঃ ॥ ৩৯ ॥

একোনচত্বারিংশ শ্লোক হইতে ত্রিচত্বারিংশ শ্লোক পর্য্যন্ত অর্জ্জুন কর্ত্তৃক কুলক্ষয় জনিত মহাপাপ বর্ণিত হইতেছে। কুলক্ষয় হইলে কুলধর্ম্ম বিনষ্ট হইবে, কুলধর্ম্ম নষ্ট হইলে সমগ্রকুল অধর্ম্মস্রোতে প্লাবিত হইবে। তৎকালে কুলবধূগণ ব্যভিচারিণী হইয়া বর্ণসঙ্কর জাতি প্রসব করিবে,এই বর্ণসঙ্করগণ তাহাদের পূর্ব্বপুরুষদিগের শ্রাদ্ধ তর্পণাদি কার্য্যে বিরত থাকিয়া সমগ্রকুলকে নিরয়গামী করিবে। অতএব আমরা এই কুলক্ষয়কর যুদ্ধ দ্বারা সমগ্র আর্য্য জাতিকে নরকগামী করিব তদ্বিষয়ে আর সংশয় নাই।

অধর্ম্মাভিভবাৎ কৃষ্ণ, প্রদুষ্যন্তি কুলস্ত্রিয়ঃ।
স্ত্রীষু দুষ্টাসু বার্ষ্ণেয়, জায়তে বর্ণসঙ্করঃ॥ ৪০॥
সঙ্করো নরকায়ৈব, কুলঘ্নানাং কুলস্য চ।
পতন্তি পিতরোহ্যেষাং, লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ॥ ৪১॥

প্রণশ্যন্তি = বিলুপ্যন্তে। সনাতন = (সদা + তনট্) = নিত্য। কৃৎস্ন = (কৃত্ + স্নক্) = সমগ্র। উত = পাদ পূরণে অব্যয়॥ ৩৯॥

39. It is a doctrine of the Hindu shastars that the mind is purified by the performance of religious rites. This bloody war will extripate the Royal family of Hasthinapur which have been holding up examples of virtuous deeds and religious observances. When these deeds and observances disappear, the whole Hundu Aryan race will be overwhelmed with vice.

ভোঃকৃষ্ণ! অধর্ম্মাভিভবাৎ কুলস্ত্রিয়ঃ প্রদুষ্যন্তি। ভো বার্ষ্ণেয়! স্ত্রীষু দুষ্টাসু বর্ণসঙ্করঃ জায়তে॥ ৪০॥

হেকৃষ্ণ! অধর্ম্মের প্রাদুর্ভাব হইলে কুলাঙ্গনাগণ ব্যভিচারিণী হয়। হেবৃষ্ণিবংশাবতংস! স্ত্রীসকল দুষ্টা হইলে বর্ণসঙ্কর জাতির উৎপত্তি হয়॥৪০॥

40. O Krishna! when vice prevaileth, the woman of the family loseth her honor. O Descendant of the Vrishnies! when woman is corrupted, she bringeth forth degenerate offsprings called Varna Shankara.

স্বামী। ততঃ চ অধর্ম্মাভিভবাৎ ইত্যাদি॥ ৪০॥

প্রদুষ্যন্তি = দোষাশ্রয়াঃ ভবন্তি = ব্যভিচারিণ্যঃ সম্পদ্যন্তে। ব্যভিচারিণী হয়॥ ৪০॥

40. Arjuna by calling Srikrishna, a descendant of the noble family of Vrishnies, reminds Him of the family honor of His race.

সঙ্করঃ কুলঘ্নানাং কুলস্য চ নরকায় এব (ভবতি) এষাং (কুলঘ্নানাং) পিতরঃ হি লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ (সন্তঃ) পতন্তি॥ ৪১॥

বর্ণসঙ্করগণ কুলনাশক ব্যক্তিদিগের এবং তাহাদের কুলের নরকের কারণ হয়। এই কুলনাশক দুরাত্মাগণের পিতৃপুরুষ শ্রাদ্ধ তর্পণ বিহীন হইয়া ঘোর নরকে পতিত হয়॥ ৪১॥

41. These degenerate offsprings are the cause of hell to their family and to those who extirpated it. And their fore-

দোষৈরেতৈঃ কুলঘ্নানাং, বর্ণসঙ্করকারকৈঃ।
উৎসাদ্যন্তে জাতিধর্ম্মাঃ, কুলধর্ম্মাশ্চ শাশ্বতাঃ ॥ ৪২ ॥

---

fathers deprived of the offerings and libations of their descendants fall from heaven.

স্বামী। এবং সতি সঙ্করঃ ইত্যাদি। এষাং কুলঘ্নানাং পিতরঃ পতন্তি। হি—যস্মাৎ লুপ্তাঃ পিণ্ডোদক ক্রিয়াঃ যেষাং তে তথা ॥ ৪১ ॥

লুপ্তপিণ্ডোদকক্রিয়াঃ = পিণ্ড, তর্পণ ও শ্রাদ্ধ বিহীন ॥ ৪১ ॥

41. Arjuna shows how by this war of extirpation ruin will overtake not only the living but the dead. The degenerate descendants by discontinning the sradh, offerings, and libations will bring down the manes of their forefathers, to hell and their sinful acts will set bad examples to the living.

কুলঘ্নানাং এতৈঃ বর্ণসঙ্করকারকৈঃ দোষৈঃ শাশ্বতাঃ জাতিধর্ম্মাঃ কুলধর্ম্মাঃ চ উৎসাদ্যন্তে ॥ ৪২ ॥

কুলনাশক ব্যক্তিগণের এই বর্ণসঙ্কর জাতির উৎপত্তিদোষে তাহাদিগের চিরন্তন জাতিধর্ম্ম এবং কুলধর্ম্ম সকল বিনষ্ট হয় ॥ ৪২ ॥

42. These destroyers of there own race, by becoming the real cause of degenerate offsprings, bring ruin on their time-honored caste and family virtues.

স্বামী। উক্ত দোষং উপসংহরতি—দোষৈঃ ইত্যাদি দ্বাভ্যাং। উৎসাদ্যন্তে—লুপ্যন্তে; জাতি ধর্ম্মাঃ—বর্ণধর্ম্মাঃ; কুলধর্ম্মাঃ চ ইতি চকারাৎ আশ্রম-ধর্ম্মাদয়ঃ অপি গৃহ্যন্তে ॥ ৪২ ॥

অর্জ্জুন কুলনাশক দোষের উপসংহার করিতেছেন। আমরা কুলক্ষয় করিয়া যে বর্ণ সঙ্কর জাতির উৎপত্তি করিব তদ্দ্বারা আমাদিগের জাতিধর্ম্ম এবং কুলধর্ম্ম বিনষ্ট হইবে। ফলে আমরা যে মহাপাপ কার্য্যে প্রবৃত্ত, তজ্জন্য আমাদের সমস্ত ধর্ম্মবিনষ্ট হইবে। জাতিধর্ম্মাঃ = ব্রাহ্মণ ক্ষত্রিয়দিগের ধর্ম্ম। কুলধর্ম্মাঃ = কুলাচারাদি। শাশ্বতাঃ = (শশ্বৎ + অণ) সর্ব্বদা = নিত্য = নিরন্তর। বর্ণসঙ্করঃ = (বর্ণ = জাতি + সঙ্কর = মিশ্রণ) মিশ্রিত জাতি। বর্ণসঙ্কর দ্বিবিধ = (১ম) অনুলোম = উত্তম বর্ণের ঔরসে অধম বর্ণ স্ত্রী সম্ভূত। (২য়) প্রতিলোম = অধম বর্ণের ঔরসে উত্তম বর্ণ স্ত্রী সম্ভূত ॥ ৪২ ॥

উৎসন্ন কুলধর্ম্মাণাং, মনুষ্যাণাং জনার্দ্দন।
নরকে নিয়তং বাসঃ, ভবতীত্যনুশুশ্রুম ॥ ৪৩ ॥
অহোবত মহৎ পাপং, কর্ত্তুং ব্যবসিতা বয়ম্।
যদ্রাজ্য সুখ লোভেন, হন্তুং স্বজনমুদ্যতাঃ ॥ ৪৪ ॥

ভো জনার্দ্দন! উৎসন্নকুলধর্ম্মাণাং মনুষ্যাণাং নিয়তং নরকে বাসঃ ভবতি ইতি (বয়ং) অনুশুশ্রুম ॥ ৪৩ ॥

হেবিশ্বজনপূজ্য! যে সকল মানবের কুলধর্ম্ম বিনষ্ট হয় তাহারা দীর্ঘকাল নরকে বাস করে ইহা আমরা শুনিয়াছি ॥ ৪৩ ॥

43. O God of world's adoration ! we have heard that hell is the habitation of those in whose race family virtues have become extinct.

স্বামী। উৎসন্ন ইত্যাদি। উৎসন্নাঃ কুলধর্ম্মাঃ যেষাং ইতি উৎসন্নজাতি ধর্ম্মাদীনাং অপি উপলক্ষণং। অনুশুশ্রুম—শ্রুতবন্তঃ বয়ং।

"প্রায়শ্চিত্ত মকুর্ব্বাণাঃ, পাপেষভিরতা নরাঃ।
অপশ্চাত্তাপিনঃ পাপাঃ, নিরয়ান্ যান্তি দারুণান্॥"

ইত্যাদি বচনেভ্যঃ ॥ ৪৩ ॥

অনুশুশ্রুম=(অনু+শ্রু+ম)=শ্রবণ করিয়াছি ॥ ৪৩ ॥

43. Hell and Heaven are relative astral stages of existence between death and reincarnation. The different subjective stages in the kamaloca may be called Hell, and the various astral planes between Devaja´na and Nirvana may be called Heaven. The reader is referred to Mr. Sinnet's Esoteric Buddhism.

HERE ENDS CHAP. I OF THE ENGLISH COMMENTARY ON BHAGABATH GITA.

অহো! বত বয়ং মহৎ পাপং কর্ত্তুং ব্যবসিতাঃ; যৎ রাজ্য সুখলোভেন স্বজনং হন্তুং উদ্যতাঃ ॥ ৪৪ ॥

হায় কি কষ্ট! আমরা কি মহাপাপ করিতে সঙ্কল্প করিয়াছি। তুচ্ছ রাজ্য সুখভোগ প্রলোভনে প্রমত্ত হইয়া পরমাত্মীয় স্বজনের বিনাশ মানসে উদ্যত হইয়াছি ॥ ৪৪ ॥

44. Alas woe is me ! what an awful sin we have resolved to commit, that for the lust of dominions, we stand ready to shed the blood of our kindred.

যদি মামপ্রতীকারং, অশস্ত্রং শস্ত্রপাণয়ঃ।
ধার্ত্তরাষ্ট্রা রণে হন্যুঃ, তন্মে ক্ষেমতরং ভবেৎ ॥ ৪৫ ॥

সঞ্জয় উবাচ।

এব মুক্ত্বার্জ্জুনঃ সংখ্যে, রথোপস্থ উপাবিশৎ।
বিসৃজ্য সশরং চাপং, শোকসংবিগ্নমানসঃ ॥ ৪৬ ॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্ম-বিদ্যায়াং যোগ-শাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে অর্জ্জুন বিষাদো বা সৈন্যদর্শনো নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

যদি শস্ত্রপাণয়ঃ ধার্ত্তরাষ্ট্রাঃ অপ্রতীকারং অশস্ত্রং (চ) মাং রণে হন্যুঃ তৎ মে ক্ষেমতরং ভবেৎ ॥ ৪৫ ॥

যদি শস্ত্রধারী দুর্য্যোধনাদি, আমাকে প্রতিবিধানে অনিচ্ছু ও নিরস্ত্র দেখিয়াও নিহত করে, তবে তাহাই আমার পক্ষে মঙ্গল জনক ॥ ৪৫ ॥

45. Better far for me if the armed sons of Dhritharashtra, were to slay me unarmed and unresisting.

স্বামী। বন্ধুবধাধ্যবসায়েন সন্তপ্যমানঃ আহ—অহো বত ইত্যাদি। স্বজনং হন্তুং উদ্যতাঃ ইতি যৎ মহৎ পাপং কর্ত্তুং অধ্যবসায়ং কৃতবন্তঃ বয়ং অহো বত বৃহৎ কষ্টং ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

অর্জ্জুনের মনে কষ্ট হইবার কারণ ছিল। কারণ সকলেরই কর্ম্মানুগত ফল প্রাপ্তি হয়। রাজ্য লোভে অভিভূত হইয়া অর্জ্জুন এই সংগ্রাম ভূমিতে উপস্থিত হইয়াছিলেন। নিষ্কাম কর্ম্মযোগ তিনি এককালে বিস্মৃত হইয়াছিলেন। ভগবান্ তাঁহাকে সেই কর্ম্মযোগের উপদেশ দিবেন। অহো = আশ্চর্য্য প্রকাশক উক্তি। বত = খেদোক্তি। কর্ত্তুং ব্যবসিতাঃ = বিধাতুং প্রবৃত্তাঃ। করিতে উদ্যত ॥ ৪৪ ॥

স্বামী। এবং সন্তপ্তঃ সন্ মৃত্যুং এব আশংসমানঃ আহ—যদি মাং ইত্যাদি। অকৃতপ্রতীকারং দৃষ্ট্বা তুষ্ণীং উপবিষ্টং মাং যদি হনিষ্যন্তি তর্হি তৎ—হননং, মম ক্ষেমতরং—অত্যন্তহিতং, ভবেৎ পাপাৎ নিষ্পত্তেঃ ॥ ৪৫ ॥

অপ্রতীকারং = প্রতিবিধানে অনুদ্যতং। ক্ষেমতরং = ক্ষেম + তর = অতিশয়মঙ্গলং। ক্ষেম = স্থিতরক্ষণ, লব্ধবস্তুর রক্ষা। অর্জ্জুন মনে মনে ইহাই চিন্তা করিলেন যে আমি যদি আত্মীয় স্বজনের প্রাণরক্ষা করিতে পারি তাহা আমার পক্ষে মঙ্গল, এবং আমার প্রাণ বিসর্জ্জন দিয়াও যদি আমাদিগের পরম্পরাগত কুলধর্ম্ম রক্ষা করিতে পারি তাহা আমার পক্ষে ক্ষেমতর ॥ ৪৫ ॥

সঞ্জয়ঃ উবাচ।

অর্জ্জুনঃ এবং উক্ত্বা সংখ্যে সশরং চাপং বিসৃজ্য শোকসংবিগ্নমানসঃ (সন্) রথোপস্থে উপাবিশৎ ॥ ৪৬ ॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতান্বয়ে প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

সঞ্জয় বলিলেন।

অর্জ্জুন শ্রীকৃষ্ণকে এইরূপ সম্বোধন করিয়া শোকে একান্ত বিকল-চিত্ত হইলেন এবং হস্তস্থিত শরেরসহিত গাণ্ডীব ধনুঃ পরিত্যাগপূর্ব্বক সেই সমর-প্রাঙ্গনে রথের উপর উপবেশন করিলেন ॥ ৪৬ ॥

বেদব্যাস প্রণীত শতসহস্র শ্লোক পূর্ণ ধর্ম্মশাস্ত্রে শ্রীমহাভারত গ্রন্থে
ভীষ্মপর্ব্বাধ্যায়ে বেদের শাখাস্বরূপ শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীকৃষ্ণার্জ্জুন
সংবাদে যোগ-শাস্ত্রে ব্রহ্মবিদ্যায় অর্জ্জুন বিষাদ অথবা
সৈন্যদর্শন নামক প্রথম অধ্যায় সমাপ্ত ॥ ১ ॥

SHANJAYA SAID.

46. Speaking thus, Arjuna, his heart heavy with sorrow, cast away his bow and arrows and in the battlefield sat dejected on his chariot.

HERE ENDETH CHAP. I OF THE BHAGABATH GITA
CALLED THE BOOK OF THE SURVEY OF ARMIES
OR THE DISTRESS OF ARJUNA.

স্বামী। ততঃ কিং বৃত্তং ইতি অপেক্ষায়াং সঞ্জয় উবাচ ইতি। এবং উক্ত্বা ইত্যাদি। সংখ্যে—সংগ্রামে, রথোপস্থে রথস্য উপরি, উপাবিশৎ—উপবিবেশ, শোকেন সংবিগ্নং—প্রকম্পিতং, মানসং—চিত্তং, যস্য সঃ তথা ॥ ৪৬ ॥

ইতি শ্রীধরস্বামি-কৃতটীকায়াং সৈন্যদর্শনো নাম প্রথমোঽধ্যায়ঃ ॥ ১ ॥

সংখ্যে=(সম্+খ্যা)=পরস্পরের নাম উচ্চারণ পূর্ব্বক সংগ্রাম। চাপং (চপ+অণ্=বংশ)=বাঁশ বিশেষ বিনির্ম্মিত ধনুঃ ॥ ৪৬ ॥

বৈয়াসিক্যাং=(ব্যাস+ইকন্)=ব্যাসদেবকৃত। সংহিতায়াং=(সম্=সম্যক্+হিতং=প্রতিপাদ্যং যস্যাঃ)=ধর্ম্মশাস্ত্রে। উপনিষদ্=(উপ+নি+সদ্+ক্বিপ্)=উপনিষীদতি প্রাপ্নোতি=বেদের শাখা, যদ্দ্বারা আত্মজ্ঞান লাভ করাযায়। ব্রহ্মবিদ্যা=যে বিদ্যা প্রভাবে ব্রহ্মের স্বরূপ জানাযায়।

ইতি "গীতার্থপ্রবোধ" নামক বাঙ্গালা ভাষ্যের প্রথম অধ্যায় সমাপ্ত ॥ ১ ॥

দ্বিতীয়োঽধ্যায়ঃ।

Book II.

সাংখ্য-যোগঃ।

THE BOOK OF DOCTRINES.

সঞ্জয় উবাচ।

তং তথা কৃপয়াবিষ্টং, অশ্রু-পূর্ণাকুলেক্ষণম্
বিষীদন্তমিদং বাক্যং, উবাচ মধুসূদনঃ ॥ ১।

সঞ্জয়ঃ উবাচ।

মধুসূদনঃ তথা কৃপয়া আবিষ্টং অশ্রু-পূর্ণাকুলেক্ষণং বিষীদন্তং তং (অর্জ্জুনং) ইদং বাক্যং উবাচ ॥ ১ ॥

মধুসূদন, কৃপাপরবশ, অশ্রুপূর্ণ-লোচন এবং বিষণ্ণমনাঃ অর্জ্জুনকে এই বাক্য বলিতে লাগিলেন ॥ ১ ॥

SHANJAYA SAID.

1. Madhusudan beholding Arjuna thus deeply moved by compassion, his eyes suffused with tears and his mind afflicted with sorrow, addressed him thus.

শ্রীধরস্বামী। দ্বিতীয়ে শোক সন্তপ্তং অর্জ্জুনং ব্রহ্ম-বিদ্যয়া প্রতিবোধ্য হরিঃ স্থিতপ্রজ্ঞস্য লক্ষণং চক্রে। ততঃ কিং বৃত্তং ইতি অপেক্ষায়াং সঞ্জয়ঃ উবাচ—তং তথা ইত্যাদি। অশ্রুভিঃ পূর্ণে আকুলে চ ঈক্ষণে যস্য তং, তথা উক্ত প্রকারেণ বিষীদন্তং অর্জ্জুনং প্রতি মধুসূদনঃ ইদং বাক্যং উবাচ ॥ ১ ॥

অশ্রুপূর্ণাকুলেক্ষণং = (অশ্রু + পূর্ণ + আকুল + ঈক্ষণম্) = অশ্রুব্যাপ্ত লোচনং। বিষীদন্তং = (বি + সদ + শতৃ) = শোচন্তং।

"অহিংসা পরমো ধর্ম্মঃ" এই মহৎধর্ম্ম পরায়ণ এবং ভিক্ষুধর্ম্মোৎসুক অর্জ্জুনকে যুদ্ধে পরাঙ্মুখ ও কৃপাবিষণ্ণ জানিয়া ধৃতরাষ্ট্রের মনে পুত্রগণের জয়াশা-বলবতী হইতেছে দেখিয়া তন্নিবারণার্থ সঞ্জয় কহিতে লাগিলেন। তৎকালে ভগবান্ অর্জ্জুনকে সমর বিমুখ দেখিয়া ধর্ম্ম-যুদ্ধ হইতে বিরত হওয়া যে নিতান্ত অন্যায় উহা সুচারুরূপে বুঝাইতে লাগিলেন। ফলে অর্জ্জুনের মনোবিকার যে আত্মবিবেকযুক্ত বৈরাগ্য নহে, তাহা শ্রীকৃষ্ণ

শ্রীভগবানুবাচ।

কুতস্ত্বা কশ্মলমিদং, বিষমে সমুপস্থিতম্।
অনার্য্যজুষ্টমস্বর্গ্যং, অকীর্ত্তিকরমর্জ্জুন॥ ২॥

শ্রীভগবান্ উবাচ।

ভো অর্জ্জুন। (অত্র) বিষমে ত্বা ইদং অনার্য্যজুষ্টং, অস্বর্গ্যং, অকীর্ত্তিকরং, কশ্মলং কুতঃ সমুপস্থিতং?॥ ২॥

ভগবান কহিলেন।

হে অর্জ্জুন। এই ভীষণ সমর কালে তোমার ঈদৃশ অনার্য্য জনোচিত, অধর্ম্ম জনক ও অযশস্কর মোহ কি জন্য উপস্থিত হইল?॥ ২॥

SRIKRISHNA SAID.

2. Whence O Arjuna! at this awful moment of war cometh unto thee this weakness, unbecoming an Aryan, destroying thy prospects in heaven and thy fame?

বিশেষ রূপে অবধারণ করিয়াছিলেন। বিশুদ্ধ বৈরাগ্যের লক্ষণ আত্মপ্রসাদ এবং মনের দৃঢ়তা। কম্প, রোমহর্ষ ও দেহাবসাদ তাহার চিহ্ন নহে। ভগবান্ তাহা অবগত হইয়া অর্জ্জুনের এই ব্যাধি বিশেষ নিরাকরণে চেষ্টা করিলেন॥ ১॥

1. The readers of the Mohabharatha are cognizant of the painful circumstances which had thrust this war on the Pandavas. It was forced on them by the uncompromising attitude of Durjadhana who thirsted for an undisputed sway over the Bharatha-land. The whole empire was groaning under his injustice and oppression and the people were impatient of his rule. Their sympathy was therefore on the side of the Pandavas. It was a religious war for the Pandavas whose object was to save the empire from the tyranny of the Kurus. Animated with this noble desire the Pandavas had come to the battle-field, but when Srikrishna their chief adviser and supporter perceived Arjuna giving way under compassion at the sight of his dear relations, he considered it was a weakness, and tried to infuse Aryan vigour into his mind.

The second Book introduces the doctrines which are described in the following sixteen books, and therefore it is called the Book of Doctrines.

স্বামী। তৎ এব বাক্যং আহ—কুতঃ ইতি। কুতঃ—হেতোঃ, ত্বা—ত্বাং, বিষমে—সঙ্কটে, ইদং কশ্মলং উপস্থিতং—অয়ং মোহঃ প্রাপ্তঃ, আর্য্যৈঃ অসেবিতং, অস্বর্গ্যং—অধর্ম্যং, অযশস্করং চ॥ ২॥

মা ক্লৈব্যং গচ্ছ কৌন্তেয়, নৈতত্ত্বয্যুপপদ্যতে !
ক্ষুদ্রং হৃদয় দৌর্ব্বল্যং, ত্যক্ত্বোত্তিষ্ঠ পরন্তপ ॥ ৩ ॥

ভোঃ কৌন্তেয় ! ক্লৈব্যং মাগচ্ছ। এতৎ (ক্লৈব্যং) ত্বয়ি ন উপপদ্যতে। ভোঃ পরন্তপ ! (ত্বং) ক্ষুদ্রং হৃদয়দৌর্ব্বল্যং ত্যক্ত্বা উত্তিষ্ঠ ॥ ৩ ॥

হে কুন্তীনন্দন ! এইরূপ ক্লীব ভাব অবলম্বন করিও না। ইহা তোমার উপযুক্তও নহে। হে অরিন্দম ! মনের ঈদৃশ দুর্ব্বলতা পরিত্যাগ করিয়া তুমি যুদ্ধার্থ উত্থিত হও ॥ ৩ ॥

3. O son of Kunthi ! cast off this cowardice, it ill becometh thee. O destroyer of foes ! forsake this feebleness of thy heart and rise up for war.

ঐশ্বর্য্য, ধর্ম্ম, যশঃ, শ্রী, বৈরাগ্য ও জ্ঞান এই ছয়টী সাত্বিক বলের সমষ্টির নাম "ভগ" ভগ আছে যাহাতে তিনি ভগবান্।

অনার্য্য = (ঋ + ণৎ) আর্য্য =

"কর্ত্তব্যমাচরন্ কামং, অকর্ত্তব্য মনাচরন্।
তিষ্ঠতি প্রকৃতাচারে, স বা আর্য্য ইতীরিতঃ ॥"

যাহারা আর্য্যজাতি নহে। সমগ্র হিন্দুজাতিকে আর্য্য জাতি বলিয়া থাকে।

জুষ্টং = সেবিতং। অনার্য্যজাতি কর্ত্তৃক সেবিত। কশ্মলং = মোহঃ।

ভগবান্ বলিলেন, হে অর্জ্জুন ! তোমার মনে এইরূপ মোহ কি কারণে উপস্থিত হইল। সমর-ক্ষেত্রে আর্য্য বংশোদ্ভব ক্ষত্রিয়গণের মনে এতাদৃশী দুর্ব্বলতা কখন ও উপস্থিত হয় না। ইহাতে তোমর সাধিত কীর্ত্তি বিলুপ্ত হইবেক, ও ভাবী স্বর্গপথ রুদ্ধ হইবেক। কারণ কর্ম্ম-যোগ সিদ্ধ না হইলে জ্ঞান-যোগ সিদ্ধ হয় না, এবং জ্ঞান-যোগ সিদ্ধ না হইলে মুক্তি লাভ করা যায় না। এইরূপে ক্লীবতাও তোমার ন্যায় ক্ষত্রিয় বীরের উপযুক্ত নহে ॥ ২ ॥

2. অনার্য্যজুষ্টং = The weakness shewn by the non-Aryan races. The Hindus were the only Aryan race then known. This weakness would cost Arjuna his heaven and his fame. These points will be gradually elucidated.

স্বামী। মাক্লৈব্যং ইতি। তস্মাৎ হে পার্থ! ক্লৈব্যং—কাতর্য্যং, মা গচ্ছ—ন প্রাপ্নুহি, যতঃ ত্বয়ি এতৎ ন উপপদ্যতে—যোগ্যং ন ভবতি। ক্ষুদ্রং—তুচ্ছং, হৃদয়দৌর্ব্বল্যং-কাতর্য্যং, ত্যক্ত্বা যুদ্ধায় উত্তিষ্ঠ। হে পরন্তপ,=শত্রুতাপন ॥ ৩ ॥

ভগবান্ অর্জ্জুনকে যুদ্ধার্থে উৎসাহ প্রদান করিবার জন্য কৌন্তেয় (অর্থাৎ কুন্তীনন্দন) বলিয়া সম্বোধন করিলেন। তোমার মাতা কুন্তীদেবী মহাতেজস্বী দেবতার আরাধনা করিয়া তোমাকে প্রাপ্ত হইয়াছিলেন। তুমি সম্মুখ যুদ্ধে কিরাতরূপী মহাদেবকে পরাজিত

অর্জ্জুন উবাচ।

কথং ভীষ্ম মহং সংখ্যে; দ্রোণঞ্চ মধুসূদন।
ইষুভিঃ প্রতিযোৎস্যামি, পূজার্হাবরি সূদন ॥ ৪ ॥

অর্জ্জুনঃ উবাচ।

ভো অরিসূদন! ভো মধুসূদন! (অত্র) সংখ্যে অহং পূজার্হৌ ভীষ্মং দ্রোনং চ প্রতি কথং ইষুভিঃ যোৎস্যামি ॥ ৪ ॥

অর্জ্জুন কহিলেন।

হে অরিন্দম। হে মধুসূদন! এই সমরে পূজনীয় ভীষ্ম ও দ্রোণের প্রতি আমি কি প্রকারে বাণ বর্ষণ করিব? ॥ ৪ ॥

ARJUNA SAID.

4. O scourge of foes! O destroyer of demons! How can I in this battle, rain arrows on Bhishma and Drona both deserving my adoration?

করিয়াছিলে, তোমার অসাধ্য কিছুই নাই। এই সামান্য দুর্ব্বলতা পরিত্যাগ কর, ভগবান্ অর্জ্জুনের মনে তদীয় অতীত বীরত্বের স্মৃতি উত্তেজিত করিতেছেন, হে পরন্তপ! (পরং শত্রুং তাপয়তি) তোমার নামের অন্বর্থ সার্থক করিবার নিমিত্ত ধর্ম্মযুদ্ধ করিতে সমুৎসুক হও। অর্জ্জুনের মনে যে ভাব উপস্থিত হইয়াছে তাহা অর্জ্জুন প্রকাশ করিতেছেন ॥ ৩ ॥

3. Arjuna's mother Kunthi Debi was a woman of great courage, hence Srikrishna, by addressing him as Kunthi's son, tried to recall to his mind his past glorious deeds. Then he addresses him as "পরন্তপ" which Edwin Arnold has rendered by "Scourge of thy foes" thereby recalling to his mind his past victories.

স্বামী। ন অহং কাতরত্বেন যুদ্ধাৎ উপরতঃ অস্মি; কিন্তু যুদ্ধস্য অন্যায্যত্বাৎ অধর্ম্মত্বাৎ চ ইতি আহ—অর্জ্জুনঃ উবাচ। কথং ইতি। ভীষ্মদ্রোণৌ পূজার্হৌ—পূজায়াং অর্হৌ—যোগ্যৌ, তৌ প্রতি কথং অহং যোৎস্যামি, তত্র অপি ইষুভিঃ, যত্র "বাচা অপি যোৎস্যামি" ইতি বক্তুং অনুচিতং তত্র বাণৈঃ কথং যোৎস্যামি ইত্যর্থঃ, হে অরি সূদন!—শত্রু বিমর্দ্দন ॥ ৪ ॥

ইষুভিঃ=(ইষ্ গমন করা+উ) যাহারা হিংসার জন্য গমন করে, বাণ সকল।

পূজার্হৌ=কুসুমাদিভিঃ অর্চ্চন যোগ্যৌ।

অর্জ্জুন শ্রীকৃষ্ণকে মধুসূদন অরিসূদন; বলিয়া দুইবার সম্বোধন করিলেন। তিনি বলিলেন, ভগবন্! আপনি শত্রু বিনাশ ও দুষ্টের দমন করেন, কিন্তু পূজ্যপাদ শ্রদ্ধাস্পদ গুরুজনকে এখনও বিনাশ করেন নাই। আমি পরম পূজনীয় ভীষ্মের ও দ্রোণের অঙ্গে কিরূপে বাণ বর্ষণ করিব ॥ ৪ ॥

গুরূনহত্বা হি মহানুভাবান্, শ্রেয়ো ভোক্তুং ভক্ষ্যমপীহলোকে।
হত্বার্থকামাংস্তু গুরূনিহৈব, ভুঞ্জীয় ভোগান্ রুধির প্রদিগ্ধান্॥ ৫॥

ইহ লোকে মহানুভাবান্ গুরূন্ অহত্বা হি ভক্ষ্যং অপি ভোক্তুং শ্রেয়ঃ। তু গুরূন্ হত্বা ইহ (লোকে) এব রুধিরপ্রদিগ্ধান্ অর্থকামান্ ভোগান্ (অহং) ভুঞ্জীয়॥ ৫॥

ইহ লোকে এই সকল মহানুভব গুরুগণকে হত্যা না করিয়া যদি ভিক্ষান্নদ্বারা ও জীবন ধারণ করিতে হয় তাহাও আমার পক্ষে মঙ্গল জনক। কিন্তু পর লোকের কথা'ত দূরে থাকুক, গুরুগণকে বধ করিলে ইহলোকেই আমাদিগকে তাঁহাদিগের শোনিতসিক্ত অভিলষিত বিষয় সকলের উপভোগ করিতে হইবেক॥ ৫॥

5. I would rather in this life live on beggar's alms, than kill these honored preceptors. Not to speak of the life to come, even in this life by killing them, I should acquire wealth and possessions polluted with their gore.

---

4. Srikrishna killed a giant called madhu, hence He was called the Madhusudana. Arjuna says in effect I am shewing weakness no doubt, but how can. I shoot with arrows such worshipful men as Bhishma and Drona who nursed me and trained me in the art of war.

স্বামী। তর্হি তান্ অহত্বা তব দেহযাত্রা অপি ন স্যাৎ ইতি চেৎ তত্র আহ—গুরূন্ ইতি। গুরূন্—দ্রোণাচার্য্যাদীন্,অহত্বা—পরলোক বিরুদ্ধং গুরুবধং অকৃত্বা, ইহ লোকে ভিক্ষান্নংঅপি ভোক্তুং শ্রেয়ঃ—উচিতং। বিপক্ষেতু ন কেবলং পরত্র দুঃখং কিন্তু ইহ এব চ নরকদুঃখং অনুভবেয়ং ইতি আহ-হত্বা ইতি। গুরূন্ হত্বা ইহ এব রুধিরেণ প্রদিগ্ধান্—প্রকর্ষেণ লিপ্তান্, অর্থ কামাত্মকান্ ভোগান্ অহং ভুঞ্জীয়-অশ্নীয়াং। যদ্বা অর্থকামান্ ইতি গুরূণাং বিশেষণং, অর্থ তৃষ্ণাকুলত্বাৎ এতে তাবৎ যুদ্ধাৎ ন নিবর্ত্তেরন্, তস্মাৎ এতদ্বধঃ প্রসজ্যেত এব ইত্যর্থঃ। তথাচ যুধিষ্ঠিরং প্রতি ভীষ্মেণ উক্তং "অর্থস্য পুরুষোদাসঃ, দাসস্ত্বর্থো ন কস্যচিৎ। ইতি সত্যং মহারাজ, বদ্ধঃ স্বার্থেন কৌরবৈঃ"। ইতি॥ ৫॥

মহানুভাবান্=যাঁহারা শ্রবণ,অধ্যয়ন এবং তপস্যাদি কার্য্যে নিরত। মধুসূদন সরস্বতী হিমহানুভাবান্ একপদ করিয়া ইহার অর্থ এইরূপ করিয়াছেন যে, হিমহা=সূর্য্য কি অগ্নি, যাঁহারা হিম অর্থাৎ জড়তা বিনাশ করেন এইরূপ সামর্থ্য সম্পন্ন ব্যক্তিগণই হিমহানুভাব শব্দ প্রতিপাদ্য। ভক্ষ্যং=ভিক্ষাণাং সমূহং। রুধিরপ্রদিগ্ধান্=লোহিত লিপ্তান্ ইব, অত্যন্ত গর্হিতান্। অতীব নিন্দিত।

গুরু-জনকে বধ না করিলে তোমায় ভিক্ষান্নদ্বারা জীবনধারণ করিতে হইবে,

ন চৈতদ্বিদ্মঃ কতরন্নো গরীয়ঃ,
যদ্বা জয়েম যদি বা নো জয়েয়ুঃ।
যানেব হত্বা ন জিজীবিষামঃ,
তেঽবস্থিতাঃ প্রমুখে ধার্ত্তরাষ্ট্রাঃ॥ ৬॥

নঃ (যুদ্ধভিক্ষাটনয়োঃ মধ্যে) কতরৎ গরীয়ঃ এতৎ (বয়ং) নচ বিদ্মঃ, যদ্বা (এতান্) জয়েম, যদিবা (এতে) নঃ জয়েয়ুঃ (বয়ং) যান্ এব হত্বা ন জিজীবিষামঃ তে ধার্ত্তরাষ্ট্রাঃ প্রমুখে অবস্থিতাঃ॥ ৬॥

যুদ্ধভিক্ষাটনাদির মধ্যে কোন্‌টী আমাদিগের পক্ষে অধিকতর শ্রেয়ঃ, তাহা আমরা বুঝিতে পারিতেছি না। যদি আমরা অধর্ম্মস্বীকার করিয়া যুদ্ধ করি, তাহাহইলেও আমাদিগের জয় কি পরাজয় হইবে তাহার কোন স্থিরতা নাই। জয়লাভ হইলেও আমাদের বাস্তবিক পরাজয়ই হইবে। কারণ আমরা যাহাদিগকে বধ করিয়া জীবন ধারণ করিতে ইচ্ছা করিনা সেই ধৃতরাষ্ট্রপুত্রগণ আমাদিগের সম্মুখে যুদ্ধার্থ উপস্থিত আছে॥ ৬॥

6. We cannot understand whether fighting or begging is more desirable. Were we to fight sacrificing virtue, victory or defeat is alike uncertain. Even if we conquer them, it will be infact a defeat to us, for those sons of Dhritharashtra, without whom we do not wish to live, are here confronting us in battle.

ভগবানের এই আশঙ্কা নিবারণ মানসে অর্জ্জুন বলিতেছেন ভগবন্! আমি জানিতেছি যে যুদ্ধে জয়লাভ করিতে না পারিলে, আমার ভিক্ষা করিতে হইবে। পর লোকের কথাও আমি মনে করি না, কিন্তু এই সকল মহানুভব গুরু-জনকে বধ করিলে ইহ লোকেই তাঁহাদিগের রুধির-যুক্ত অর্থ সম্পত্তি আমাদিগকে উপভোগ করিতে হইবে॥ ৫॥

5. মহানুভাবান্ = Persons devoted to religious deeds. Arjuna says he would prefer a beggar's life living in peace with those whom he reveres most, to possessions which must be purchased with their blood. If these be the miseries of the present life, what awful doom awaits him in the next.

স্বামী। কিঞ্চ যদি অধর্ম্মান্ অঙ্গীকরিষ্যামঃ তথাপি কিং অস্মাকং জয়ঃ পরাজয়ঃ বা গরীয়ান্ ভবেৎ ইতি ন জ্ঞায়তে ইতি আহ—নচ এতৎ ইতি। দ্বয়োঃ মধ্যে নঃ—অস্মাকং, কতরৎ—কিং নাম, গরীয়ঃ—অধিকতরং, ভবিষ্যতি ইতি ন বিদ্মঃ। তৎ এব দ্বয়ং দর্শয়তি—যদ্বা ইতি। যদ্বা এতান্ বয়ং জয়েম—জেষ্যামঃ, যদি বা, নঃ—অস্মান্ এতে

কার্পণ্যদোষোপহত স্বভাবঃ,
পৃচ্ছামি ত্বাং ধর্ম্ম-সম্মূঢ়-চেতাঃ।
যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে,
শিষ্যস্তেঽহং শাধি মাং ত্বাং প্রপন্নম্॥ ৭ ॥

কার্পণ্য দোষোপহতস্বভাবঃ ধর্ম্মসমূঢ়চেতাঃ (অহং) ত্বাং পৃচ্ছামি। যৎ শ্রেয়ঃ স্যাৎ তৎ মে নিশ্চিতং ব্রূহি; অহং তে শিষ্যঃ, ত্বাং প্রপন্নং মাং শাধি॥ ৭ ॥

আমি কুলক্ষয় জনিত দোষে নিতান্ত কাতর হইয়া ও নিজ কর্ত্তব্য কর্ম্মে বিবেক শূণ্য হইয়া আপনাকে জিজ্ঞাসা করিতেছি যাহা শ্রেয়স্কর নিশ্চয় করিয়া আমাকে বলুন। আমি আপনার শিষ্য, আপনার শরণ লইলাম আমাকে শিক্ষা প্রদন করুন॥ ৭ ॥

7. The prospect of extirpating my kindred distracteth me, and a confused idea of my duty overpowereth my reason. O Tell me truly what is best for me to do ? I am thy disciple, I place myself under thy protection ! O Instruct me !

জয়েযুঃ, জেষ্যন্তি—ইতি। কিঞ্চ অস্মাকং জয়ঃ অপি ফলতঃ পরাজয়ঃ এব ইতি আহ—যান্ ইতি। যান্ এব হত্বা জীবিতুং ন ইচ্ছামঃ, তে এব এতে সম্মুখে অবস্থিতাঃ॥ ৬॥

নঃ=অস্মাকং। গরীয়ঃ=শ্রেষ্ঠং। ভৈক্ষ্যং=ভিক্ষান্নং, ধার্ত্তরাষ্ট্রাঃ=ধৃতরাষ্ট্র সম্বন্ধিনঃ ভীষ্ম-দ্রোণাদয়ঃ। যান্=বন্ধূন্। জিজীবিষামঃ=জীবিতুং ইচ্ছামঃ।

অর্জ্জুন বলিলেন, ভগবন্! যদি আমরা যুদ্ধে পরাজিত হই তাহা হইলে নিশ্চয়ই আমাদিগের স্বধর্ম্ম পরিত্যাগপূর্ব্বক ভিক্ষাটনাদিদ্বারা জীবন ধারণ করিতে হইবে। পক্ষান্তরে যদি জয়লাভ ও করিতে পারি তাহা হইলে আত্মীয়গণের বিনাশ জনিত শোক ও মোহে অভিভূত হইয়া আমরা রাজত্ব-ভোগে অসমর্থ হইব এবং পরিণামে স্বধর্ম্মোচিত কার্য্য পরিত্যাগ করিয়া বানপ্রস্থ ধর্ম্ম অবলম্বন করিতে হইবে। অতএব যুদ্ধ করিয়া আমাদিগের কি লাভ হইবে আমি তাহা বুঝিতে পরিতেছি না॥ ৬॥

6. In the preceding verse Arjuna preferred begging to this fight. In this verse he gives further reasons for this preference. He says to the following effect. If we were to fight vilating the dictates of religion and conscience, there is no knowing that we would come out victorious. But supposing we conquer, we shall gain the empire killing those who are dear and near to us. Their loss would make our lives insupportable and the glories of a triumph would be converted into the miseries of a defeat.

ন হি প্রপশ্যামি মমাপনুদ্যাৎ,
যচ্ছোক মুচ্ছোষণ মিন্দ্রিয়াণাম্।

স্বামী। কার্পণ্যইতি। তস্মাৎ এতান্ হত্বা কথং জীবিষ্যামঃ ইতি। কার্পণ্যং দোষঃ—কুলক্ষয়-কৃতঃ, তাভ্যাং উপহতঃ—অভিভূতঃ স্বভাবঃ শৌর্য্যলক্ষণঃ যস্য সঃ অহং ত্বাং পৃচ্ছামি, তথা ধর্ম্মে সমূঢ়ং চেতঃ যস্য সঃ যুদ্ধং ত্যক্ত্বা ভিক্ষাটনং অপি ক্ষত্রিয়স্য ধর্ম্মঃ অধর্ম্মঃ বা ইতি সন্দিগ্ধচিত্তঃ সন্ ইত্যর্থঃ। অতঃ মে যৎ নিশ্চিতং শ্রেয়ঃ স্যাৎ তৎ ব্রূহি কিঞ্চ তে অহং শিষ্যঃ—শাসনার্হঃ, অতঃ ত্বাং প্রপন্নং—শরণং গতং, মাং শাধি—শিক্ষয় ॥৭॥

কার্পণ্যদোষঃ = কুলক্ষয় সম্ভাবনা হেতু দীনতা। উপহতঃ = দূষিতঃ। ধর্ম্ম সংমূঢ়তাঃ = ধর্ম্ম বিষয়ে নির্ণায়ক প্রমানাদর্শনাৎ সংমূঢ়ং—কিং এতেষাং বধঃ ধর্ম্মঃ, কিং এতৎ পরিপালনং ধর্ম্মঃ, তথা কিং পৃথিবী পরিপালনং ধর্ম্মঃ, কিংবা যথাবস্থিতং অরণ্যনিবাস এব ধর্ম্ম ইত্যাদি সংশয়ৈঃ ব্যাপ্তং, চেতোযস্য সঃ। প্রপন্নং = শরণাগতং। শাধি = শিক্ষয়।

অর্জ্জুন কহিতেছেন, ভগবন্! এই মহাসমরে পরমপূজ্য গুরুদিগকে বিনাশ করিতে হইবে, তাহাতে আমাদিগের কুরুকুল উৎসন্ন হইবে আমি এই চিন্তায় নিতান্ত কিং-কর্ত্তব্য-বিমূঢ় হইয়াছি। এইক্ষণ আমি কি ক্ষত্রিয়-ধর্ম্মানুগামী হইয়া আত্মীয়গণকে নিধন করিব, অথবা ব্রাহ্মণের ধর্ম্মাবলম্বন করিয়া ভিক্ষাটনাদিদ্বারা জীবিকা নির্ব্বাহ করিয়া আমার জীবনের অবশিষ্টাংশ ব্রহ্মোপাসনায় অতিবাহিত করিব, ইহার মধ্যে কোন্ পক্ষ আমার মঙ্গলকর আমি তাহা বুঝিতে পারিতেছিনা; ভগবন্! আপনি সময়ে সময়ে আমাকে সখা বলিয়া সম্বোধন করিয়া থাকেন, কিন্তু অদ্য আমি আপনার শিষ্যত্ব গ্রহণ করিলাম; যাহা শ্রেয়ঃ তদ্বিষয় আমাকে উপদেশ প্রদান করুন।

শ্রুতি বলিয়াছেন—"যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বা হস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণঃ॥"

হে গার্গি! যে ব্যক্তি এই অক্ষর ব্রহ্মকে অবগত না হইয়া ইহলোকহইতে, প্রস্থান করে তাহাকে কৃপণ বলে। স্মৃতি বলিয়াছেন, "অজিতেন্দ্রিয়ঃ পুরুষঃ কৃপণঃ"। আত্মজ্ঞান রহিত ও অজিতেন্দ্রিয় ব্যক্তি যেমন সর্ব্বদাই সন্দিগ্ধচিত্ত, তদ্রূপ অর্জ্জুন স্বধর্ম্মজ্ঞান বিরহিত হইয়া কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়াছিলেন। ধর্ম্মশাস্ত্রে শ্রেয়ঃ দুইপ্রকার কথিত হইয়াছে ঐকান্তিক ও আত্যন্তিক। যাহার শুভ ফলের নিশ্চয়তা নাই এবং শুভ ফল লাভ হইলে ও যাহার স্থায়িত্ব নাই তাহাকে ঐকান্তিক শ্রেয়ঃ বলে। যাহার শুভ ফলের নিশ্চয়তা ও লব্ধ ফলের স্থায়িত্ব আছে তাহাকে আত্যন্তিক শ্রেয়ঃ বলে ॥ ৭ ॥

7. ধর্ম্মসংমূঢ় চেতাঃ = One who has not a clear idea of his own duties, ie whether Arjuna should fight and kill his dear relations or retire from public life giving up battle. This verse introduces the various subjects which the Gita treats of. Arjuna frankly admits his incapacity to realize the nature of his duty on the present occasion, and he surrenders himself to the guidance of Srikrishna. The question he puts is this—whether he should fight and commit the crime of killing his kindred or abandoning

অবাপ্য ভূমাবসপত্ন মৃদ্ধম্,
রাজ্যং সুরাণামপি চাধিপত্যম্ ॥ ৮ ॥

ভূমৌ অসপত্নংঋদ্ধং রাজ্যং, সুরাণাং আধিপত্যং চ অপি অবাপ্য যৎমম ইন্দ্রিয়াণাং উচ্ছোষণং শোকং অপনুদ্যাৎ (তৎ) অহং নহি প্রপশ্যামি ॥ ৮ ॥

পৃথিবীতে নিষ্কণ্টক সমৃদ্ধিসম্পন্ন সাম্রাজ্য, এমনকি দেবগণের আধিপত্য, লাভ করিতে পারিলে ও যে আমার ইন্দ্রিয়গণের শোষণকারী শোকের অপনোদন হইবেক এরূপ আমি কিছুই দেখিতেছি না ॥ ৮ ॥

8. I cannot see, that a rule without a rival over a prosperous empire or like the gods a dominion over the heavens, can assuage the great grief that must dry up all the faculties of my body and mind.

the world, adopt the life of a retired pious man. In the face of Durjadhana's promise that he would not part with an inch of land, until he was vanquished, Arjuna had no alternative but to fight, abiding by the results of war or to retire to seclusion, devoting the rest of his career to prayer and religious acts.

স্বামী। ত্বং এব বিচার্য্য যৎযুক্তং তৎকুরু ইতি চেৎ তত্র আহ— নহি প্রপশ্যামি ইতি। ইন্দ্রিয়াণাং উচ্ছোষণং—অতি শোষকরং, মদীয়ং শোকং যৎ কর্ম্ম অপনুদ্যাৎ—অপনয়েৎ, তৎ অহং ন পশ্যামি ইতি যদ্যপি ভূমৌ নিষ্কণ্টকং সমৃদ্ধং রাজ্যং প্রাপ্স্যামি তথা সুরেন্দ্রত্বং অপি যদি প্রাপ্স্যামি এবং অভীষ্টং তৎ সর্ব্বং অবাপ্য অপি শোকাপনোদনোপায়ং ন প্রপশ্যামি ইতি অন্বয়ঃ ॥ ৮ ॥

অসপত্নং=শত্রুশূন্যং। ঋদ্ধং=(ঋধ্=বৃদ্ধি পাওয়া) শস্যাদি সম্পন্নং। সুরাণামপিচাধিপত্যং=হিরণ্য গর্ভত্ব পর্য্যন্তং ঐশ্বর্য্যং। অবাপ্য=প্রাপ্য। উচ্ছোষণং=সর্ব্বদা সন্তাপকরং। মনে শোক ও মোহ উপস্থিত হইলে জ্ঞানিগণ তদ্বিষয় চিন্তা করেন না, কিন্তু অর্জ্জুনের মনোবিকার হইয়াছিল, তিনি আত্মীয় স্বজনের বিনাশ বিষয় চিন্তা করিতে লাগিলেন। তাহাতেই তাঁহার মনঃ শোক ও মোহে অভিভূত হইতে লাগিল। তিনি অস্থির হইয়া বলিলেন, ভগবন্! কুলক্ষয় জনিত দুঃখ আমার নিকট এতই অসহনীয় হইতেছে যে, সমগ্র ভারতের নিষ্কণ্টক সাম্রাজ্য এবং ইন্দ্রত্ব পর্য্যন্ত লাভ করিতে পারিলেও আমার সেই শোকের অপনোদন হইবে না। শোক ও মোহের এমনই আশ্চর্য্য শক্তি যে জ্ঞানময় স্বয়ং ভগবান্ সম্মুখে থাকা সত্বে ও অর্জ্জুন সন্তপ্তচিত্ত হইয়া অস্থির হইলেন। জ্ঞান লাভ করিলেই যে শোকের হস্ত হইতে পরিত্রাণ পাওয়া যায় এমত নহে। মহাজ্ঞানী দেবর্ষি নারদব্রহ্মার মানস-পুত্র সনৎকুমারকে কহিয়াছিলেন।

"সোঽহং ভগবন্ শোচামি তং মাং ভগবান্ শোকস্য পারং তারয়তু ॥"

সঞ্জয় উবাচ।

এবমুক্ত্বা হৃষীকেশং, গুড়াকেশঃ পরন্তপঃ।
ন যোৎস্য ইতি গোবিন্দং, উক্ত্বা তূষ্ণীং বভূব হ ॥ ৯ ॥

সঞ্জয়ঃ উবাচ।

পরন্তপঃ গুড়াকেশঃ হৃষীকেশং এবং উক্ত্বা (অহং) ন যোৎস্যে ইতি গোবিন্দং উক্ত্বা তূষ্ণীং বভূব হ ॥ ৯ ॥

সঞ্জয় কহিলেন।

অরিন্দম জিতনিদ্র অর্জ্জুন, জিতেন্দ্রিয় শ্রীকৃষ্ণকে এইরূপ কহিয়া "আমি যুদ্ধ করিব না" গোবিন্দকে এই কথা বলিয়া নিঃশব্দে রহিলেন ॥ ৯ ॥

SHANJAYA SAID.

9. The slayer of foes and the conquerer of sleep addressing thus to the Lord of senses, said "I will not fight" and in silence sat.

হে ভগবন্! আমি শোক সন্তপ্ত, আমাকে শোকহইতে পরিত্রাণ করুন ॥ ৮ ॥

8. Arjuna was so much overpowered with grief that the prospects of an undisputed sway over a rich empire like the Bharatha-land could not give him any consolation for the bereavements he was about to suffer from this war. It is said that grief acts on the mind in the same way as heat on the body. Hence he says that this grief will dry up all the faculties of his mind.

স্বামী। এবং উক্ত্বা অর্জ্জুনঃ কিং কৃতবান্ ইতি অপেক্ষায়াং সঞ্জয়ঃ উবাচ—এবং ইত্যাদি ॥ ৯ ॥

গুড়াকেশঃ=অনলসঃ। পরন্তপঃ=শত্রুতাপনঃ অর্জ্জুনঃ। হৃষীকেশং=সর্ব্বেন্দ্রিয় প্রবর্ত্তকত্বেন অন্তর্য্যামিনং।

গোবিন্দং=গাং তত্ত্বমসি মহাবাক্যং বেদাখ্যং বা বিন্দতি যঃ তং। যিনি উক্ত মহাবাক্যের কি বেদের তত্ত্ব-সকল উত্তম রূপে অবগত হইয়াছিলেন। অর্থাৎ যিনি সর্ব্বজ্ঞ।

যুদ্ধ বীর অর্জ্জুন সর্ব্বদা শত্রুবধে অলসতাশূন্য হইয়াও অদ্য শোক ও মনোবিকারে অভিভূত হইয়া "আমি যুদ্ধ করিব না" বলিয়া নিঃশব্দে উপবেশন করিলেন, কিন্তু পাছে ধৃতরাষ্ট্রের জয়াশা উদ্দীপিত হয় তন্নিবারণার্থে সঞ্জয় "হৃষীকেশ" ও "গোবিন্দ" শব্দ ব্যবহার করিলেন। অর্থাৎ এইরূপ মনোবিকার যাঁহার নিকট প্রদর্শিত হইল তিনি গোবিন্দ, সর্ব্ব-শাস্ত্রজ্ঞ এবং হৃষীকেশ, স্বীয় ও অন্যের ইন্দ্রিয়গণের নিয়ামক। সঞ্জয় পূর্ব্বোক্ত শব্দদ্বয়ের উল্লেখ করিয়া অর্জ্জুনের মনোবিকার অধিকক্ষণ থাকিতে পারে না, ইহাই ইঙ্গিত করিলেন ॥ ৯ ॥

তমুবাচ হৃষীকেশঃ, প্রহসন্নিব ভারত।
সেনয়োরুভয়োর্ম্মধ্যে, বিষীদন্তমিদং বচঃ ॥ ১০ ॥

ভো ভারত! হৃষীকেশঃ প্রহসন্ ইব উভয়োঃ সেনয়োঃ মধ্যে বিষীদন্তং তং (অর্জ্জুনং) ইদং বচঃ উবাচ ॥ ১০ ॥

হেভরতবংশাবতংস! জিতেন্দ্রিয় শ্রীকৃষ্ণ ঈষৎ হাস্য করিয়া উভয়-পক্ষীয় সেনাদল মধ্যে বিষণ্ণভাবে অবস্থিত অর্জ্জুনকে কহিলেন ॥ ১০ ॥

10. O descendant of Bharatha! then Srikrishna with a tender smile, thus addressed Arjuna who sat disconsolate betwixt two hosts.

---

9. Like Napoleon the Great, Arjuna is said to have mastered sleep. Hence he was called the conquerer of sleep. Shanjaya says to the following effect. This great hero who could abstain from sleep for a long time when engaged in battle, was so much overpowered with sorrow on the present occasion, that he gave up fighting and sat in sleepy silence on his war-chariot. But fortunately this display of weakness took place in the presence of oue who was Govinda (omniscient) and who had the power to control others hearts.

স্বামী। ততঃ কিং বৃত্তং ইতি অতঃ আহ—তং উবাচ ইতি। প্রহসন্ ইব ইতি-প্রসন্ন-মুখঃ সন্ ইত্যর্থঃ ॥ ১০ ॥

প্রহসন্ ইব = অনুচিতাচরণপ্রকাশনেন লজ্জাম্বুধৌ মজ্জয়ন্নিব। অন্যায় আচরণ দর্শন করিয়া অর্জ্জুনকে যেন লজ্জাসমুদ্রে নিমজ্জিত করিলেন। হৃষীকেশঃ = সর্ব্বান্তর্য্যামী ভগবান্।

হে ভারতেশ্বর! অর্জ্জুনের এতাদৃশী মনোবিকার অবলোকন করিয়া হৃষীকেশ শ্রীকৃষ্ণ, অর্জ্জুনের দুঃখ আকাশকুসুমবৎ অবস্তু মনে করিয়া ঈষৎ হাস্য করিলেন। যুদ্ধক্ষেত্রে আসিবার পূর্ব্বে যদি তাঁহার এরূপ মনস্তাপ হইত তাহা হইলে সম্ভবতঃ ভগবান্ তাঁহাকে যুদ্ধ করিতে নিষেধ করিতেন, কিন্তু সমর-ক্ষেত্রে উভয় পক্ষীয় সেনা মধ্যে তাহার এইরূপ দুর্ব্বলতা দর্শন করিয়া ভগবান্ অর্জ্জুনের মনস্তাপ যে, নিতান্ত অসার তাহাই দেখাইবার জন্য ঈষৎ হাস্য করিলেন। গীতার ঐতিহাসিকভাগ এইস্থানে শেষ হইল। একাদশ শ্লোক হইতে গীতার যোগভাগ আরম্ভ হইল। এই মহা-গ্রন্থের শিরোভূষণ বাক্য "সত্যাৎ নাস্তি পরো ধর্ম্মঃ।" ইহাতে যে সকল রত্নরাজি ও গুহ্যতত্ত্ব সকল নিহিত রহিয়াছে তাহা বিজ্ঞান দ্বারা প্রমাণীকৃত হইয়াছে। পরমকারুণিক ভগবান্ লোক সংগ্রহার্থে সমগ্র বেদ ও দর্শন শাস্ত্রের সারতত্ত্ব সকল এই মহাগ্রন্থে সপ্তদশ অধ্যায়ে যথাযথ সন্নিবেশিত করিয়াছেন। মুমুক্ষুগণ নিরন্তর এই শ্রীমদ্ভগবদ্গীতা ক্ষরিত সুধাপান করিয়া অমরত্ব লাভ করিয়া থাকেন ॥ ১০ ॥

10. **Verses 9 and 10 are addressed to Dhritharashtra by Shanjaya.**

শ্রীভগবান উবাচ।

অশোচ্যানন্বশোচস্ত্বং, প্রজ্ঞাবাদাংশ্চ ভাষসে।
গতাসূন গতাসূংশ্চ, নানুশোচন্তি পণ্ডিতাঃ ॥ ১১ ॥

শ্রীভগবান্ উবাচ।

ত্বং অশোচ্যান্ অন্বশোচঃ প্রজ্ঞাবাদন্ ভাষসে চ পণ্ডিতাঃ গতাসূন্ অগতাসূন্ চ ন অনুশোচন্তি ॥ ১১ ॥

ভগবান্ কহিলেন।

যাহাদিগের জন্য শোক করা কর্ত্তব্য নহে তাহাদিগের নিমিত্ত তুমি শোক করিতেছ এবং পণ্ডিতের ন্যায় কথা কহিতেছ। যাঁহারা বাস্তবিক পণ্ডিত তাঁহারা কখনও মৃত বা জীবিতগণের জন্য শোক করেন না ॥ ১১ ॥

SRIKRISHNA SAID.

11. Thou art mourning for those who deserve not thy grief and yet thou speakest words of wisdom. But truly wise is he who never weepeth for the dead or the living.

The tender smile of the Divine Charioteer was full of meaning. He knew the indomitable martial spirit of his hero, the mastery he had acquired over arms, and the preparations he had made for this awful day. He was, therefore, much surprised to find that Arjuna was losing heart when the time came to strike a decisive blow. He smiled to shew how foolish were his fears, and how sadly He was disappointed. The historical sketch in the Gita ends here, and we enter into its religious portion. All the doctrines which these seventeen chapters unfold, are based on the motto "There is no religion higher than truth." Infact the philosophy it teaches is based on the rock of eternal truth. It shews three things (I) what is man, (II) what is God and (III) how can man be indentified with God.

স্বামী। দেহাত্মনঃ অবিবেকাৎ অস্য এবং শোকঃ ভবতি ইতি তদ্বিবেক প্রদর্শনার্থং শ্রীভগবান্ উবাচ।—অশোচ্যান্ ইত্যাদি। অশোচ্যান—শোকস্য অবিষয়ীভূতান্ এব বন্ধূন্, অন্বশোচঃ—অনুশোচিতবান্ অসি, "দৃষ্ট্বেমান্ স্বজনান্ কৃষ্ণ" ইত্যাদিনা, তত্র "কুতস্ত্বা কশ্মল মিদং বিষমে সমুপস্থিতং" ইত্যাদিনা ময়া বোধিতঃ অপি পুনশ্চ প্রজ্ঞাবতাং পণ্ডিতানাং, বাদান্-শব্দান্ "কথং ভীষ্ম মহং সংখ্যে" ইত্যাদীন্ কেবলং ভাষসে, নতু পণ্ডিতঃ অসি যতঃ পণ্ডিতাঃ গতাসূন্—গতপ্রাণান্, অগতাসূন্ চ—জীবতঃ অপি "বন্ধু হীনা এতে কথং জীবিষ্যন্তি" ইতি ন অনুশোচন্তি, পণ্ডিতাঃ—বিবেকিনঃ ॥ ১১ ॥

অশোচ্যান্=ভীষ্মদ্রোণাদীন্ সদ্বৃত্তত্বাৎ পরমাত্মরূপেন নিত্যত্বাৎ। অন্বশোচঃ= অনুশোচিতবান্ অসি। প্রজ্ঞাবাদান্=বুদ্ধিমতাং বাদান্ বচনানি।

নত্বেবাহং জাতু নাসং, ন ত্বং নেমে জনাধিপাঃ।
ন চৈব ন ভবিষ্যামঃ, সর্ব্বে বয় মতঃ পরম্ ॥ ১২ ॥

অহং জাতু ন আসং, ত্বং ন (আসীঃ), ইমে জনাধিপাঃ (ন আসন্) ইতি এব নতু ন। অতঃপরং সর্ব্বে বয়ং ন ভবিষ্যামঃ (ইত্যপি নৈব) ॥ ১২ ॥

আমি কখনও ছিলাম না, তুমিও ছিলে না, এই ভূপতিগণ ও ছিলেন না এইরূপ নহে, এবং অতঃপর আমরা সকলে যে থাকিব না ইহাও নহে ॥ ১২ ॥

12. It is not correct to say that I myself never was, thou never wast, or these kings never existed; and that we all will never afterwards be,

গতাসূন্ = হতপ্রাণান্ মৃতান্। অগতাসূন্ = অগত প্রাণান্ জীবিতান্।
পণ্ডিতাঃ = পণ্ডা আত্ম-বিষয়া বুদ্ধিঃ যেষাম্। পণ্ডা = (সঞ্জাতার্থে) ইত।

ভগবান্ কহিলেন অর্জ্জুন! তুমি মধ্যে মধ্যে পণ্ডিতের ন্যায় বাক্য বলিতেছ পরক্ষণেই পুনর্ব্বার যাহাদিগের জন্য তোমার শোক করা অবিধেয় তাহাদিগকে স্মরণ করিয়া শোকে ও মোহে অভিভূত হইতেছ। "নরকে নিয়তং বাসঃ" ইত্যাদি বলিয়া আত্মার অমরত্বে তুমি বিশ্বাস প্রকাশ করিয়াছ। "গুরূন হত্বা হি মহানুভাবান্" ইত্যাদি পণ্ডিতের ন্যায় বলিয়াছ। পুনর্ব্বার ভীষ্ম ও দ্রোণের জন্য অযথা বিলাপ করিতেছ। জীবাত্মা অমর ও নিত্য, ভীষ্ম দ্রোণের দেহাদি বিনষ্ট হইবে তুমি তাহা বিনাশ করিতে পার, কিন্তু তুমি তাঁহাদিগের আত্মার বিনাশ করিতে পারিবে না। দেহ অশোচ্য পদার্থ, সুতরাং লোকে তাহার জন্য বিলাপ করে, কিন্তু পণ্ডিতগণ মৃত কি জীবিত ব্যক্তির জন্য দুঃখ করেন না ॥ ১১ ॥

11. The main doctrine which this and the subsequent verses unfold is the immortality of the soul. Srikrishna says to the following effect, you are speaking like a wiseman but you are acting like one who has no wisdom. When you said "you would rather live on beggar's bread than kill your elders" you certainly spoke words of wisdom, but immediately after, you gave expression to grief for which there was no occasion. The material body of Bhishma, Drona and others you can destroy for it is mortal, but you cannot injure the soul which is immortal. For truly wise is he who never mourns for the living or the dead, knowing full well that the soul is the same in both these conditions.

স্বামী। অশোচ্যত্বে হেতুং আহ—নত্বে বাহং ইতি। যথা অহং—পরমেশ্বরঃ, জাতু—কদাচিৎ, লীলাবিগ্রহস্য আবির্ভাব তিরোভাবতঃ ন আসং ইতি তু ন এব, অপি তু আসং এব অনাদিত্বাৎ, ন চ ত্বং ন আসীঃ—ন অভূঃ অপি তু আসীঃ এব, ইমেচ জনাধিপাঃ—নৃপাঃ, ন, আসন্ ইতি তু ন, অপি তু আসন্ এব মদংশত্বাৎ, তথা অতঃ পরং—ইতঃ

দেহিনোঽস্মিন্ যথাদেহে, কৌমারং যৌবনং জরা।
তথা দেহান্তর প্রাপ্তি, ধীরস্তত্র ন মুহ্যতি ॥ ১৩ ॥

যথা দেহিনঃ অস্মিন্ দেহে কৌমারং, যৌবনং, জরা (জায়তে) ; তথা (আত্মনঃ) দেহান্তরপ্রাপ্তিঃ; ধীরঃ তত্র ন মুহ্যতি ॥ ১৩ ॥

যে প্রকারে দেহী এই স্থূলদেহেই প্রথমে বাল্যাবস্থা, তদুত্তর যৌবন, এবং তদনন্তর বৃদ্ধাবস্থা প্রাপ্ত হয়, তদ্রূপ আত্মারও দেহান্তর প্রাপ্তি হয়। অতএব পণ্ডিতগণ এই দেহান্তরে বিমুগ্ধ হন না ॥ ১৩ ॥

13. As the mortal frame of a living being passeth through infancy, youth and age, so doth the soul pass from one body to another. Therefore wise men have no reason to mourn for this transition.

উপরি, ন ভবিষ্যমঃ—ন স্থাস্যামঃ, ইতি চ ন এব অপি তু স্থাস্যামঃ এব ইতি, জন্ম মরণ-শূন্যত্বাৎ অশোচ্যাঃ ইত্যর্থঃ ॥ ১২ ॥

তুঃ = দেহাদিভ্যঃ ব্যতিরেকং সূচয়তি। জাতু = কদাচিদপি।

আসং = (অস্ ধাতু পরস্মৈ পদ লঙ্ উত্তম পুরুষ একবচন) ছিলাম।

আত্মা অমর, প্রকৃতির সংযোগে একবার সগুণ হইলে নির্ব্বাণ মুক্তি লাভ না হওয়া পর্য্যন্ত এই পৃথিবীতে অথবা অন্য গ্রহ ও উপগ্রহে ইহার জন্ম গ্রহণ করিতে হয়, সেই জন্য ভগবান্ নির্দ্দেশ করিলেন যে, আমাদিগের বর্ত্তমান দেহ ধারণের পূর্ব্বে আত্মার প্রাগ্ভাব ছিল ও পরেও ভবিষ্যদ্ ভাব থাকিবে। অর্জ্জুনের বিষাদের কোন কারণ নাই। আমাদিগের আত্মা অবিনাশী, স্থূল দেহ বিনাশে ইহার ধ্বংশ হয় না, ভগবান্ বাসুদেব অর্জ্জুন এবং ভীষ্ম দ্রোণাদি সকলেরই পূর্ব্বজন্ম ছিল এবং পরেও জন্ম হইবেক। স্থূল দেহ বিনাশে আত্মার কোন পরিবর্ত্তন হইবেক না, অতএব বিষাদের কোন কারণ পরিলক্ষিত হইতেছে না ইহাই দর্শাইলেন ॥ ১২ ॥

12. Srikrishna says there is no cause for the distress of Arjuna. The soul being immortal it has passed through various births and will assume various forms in its subsequent migrations. These births, deaths and rebirths called transmigrations occur until the blessed condition known as the Nirvana is obtained.

স্বামী। নমু ঈশ্বরস্য তব জন্ম মরণ শূন্যত্বং সত্যং এব জীবানাং তু জন্মমরণে প্রসিদ্ধে তত্র আহ—দেহিনঃ ইতি। দেহিনঃ-দেহাভিমানিনঃ জীবস্য, যথা অস্মিন্ স্থূলদেহে কৌমারাদ্যবস্থাঃ তদ্দেহ নিবন্ধনাঃ এব নতু স্বতঃ, "পূর্ব্বাবস্থানাশে অবস্থান্তরোৎপত্তৌ অপি সঃ এব অহং" ইতি প্রত্যভিজ্ঞানাৎ তথা এব এতদ্দেহ নাশে দেহান্তর প্রাপ্তিঃ অপি

লিঙ্গদেহ নিবন্ধনা এব নতু তাবতা আত্মনঃ নাশঃ জাতমাত্রস্য পূর্ব্ব সংস্কারেণ স্তন্যপানাদৌ প্রবৃত্তিদর্শনাৎ, অতঃ ধীরঃ—ধীমান্, তত্র—তয়োঃ দেহনাশোৎপত্ত্যোঃ, ন মুহ্যতি—আত্মা এব মৃতঃ জাতঃ চ ইতি ন মন্যতে ইতি ॥ ১৩ ॥

কৌমারং=কুমারভাবঃ, বাল্যাবস্থা; জন্ম হইতে ষোড়শবর্ষ পর্য্যন্ত। যৌবনং=যূনো ভাবঃ, যুবদশা; সপ্তদশবর্ষ হইতে সপ্ততিবর্ষ পর্য্যন্ত। জরা=(জৄ+অ) বার্দ্ধক্যং, বৃদ্ধাবস্থা। এক সপ্ততিবর্ষ হইতে নবতিবর্ষ পর্য্যন্ত।

"আষোড়শাদ্ভবেদ্বাল, স্তরুণস্তত উচ্যতে।
বৃদ্ধঃ স্যাৎ সপ্ততেরূর্দ্ধং, বর্ষীয়ান্নবতেঃ পরম্॥" স্মৃতি

কৌমার, যৌবন, জরা এক মানবশরীরে যেরূপ অবস্থা ভেদ মাত্র, দেহান্তর প্রাপ্তি আত্মার তাদৃশ অবস্থা পরিবর্ত্তন বিশেষ। আমি বাল্যকাল হইতে উত্তীর্ণ হইয়া যৌবন সীমায় পদার্পণ করিলাম, আমার অবয়ব সম্পূর্ণরূপে ভিন্নাকার ধারণ করিল, কিন্তু আমি সেই রহিলাম। তদ্রূপ মরণোত্তর দেহান্তরে আমার আত্মার কোন পরিবর্ত্তন হইবেক না, দেহান্তরেও আমার সেই আত্মাই থাকিবেক। মানব দেহতত্ত্ববেত্তারা স্থির করিয়াছেন যে, মানবদেহ সপ্তবৎসরানন্তর নূতন পরমাণুসমষ্টি দ্বারা বিনির্ম্মিত হয়, কিন্তু তজ্জন্য "সেই আমি" এরূপ প্রত্যভিজ্ঞানের কোন পরিবর্ত্তন হয় না। তদ্রূপ আমাদের মৃত্যু হইলে আত্মা নূতন দেহে প্রবেশ করে মাত্র, ফলে আত্মার কোন পরিবর্ত্তন কি বিনাশ হয় না। এই মরণ রূপ অবস্থান্তরে পণ্ডিতগণ বিমুগ্ধ হন না ॥ ১৩ ॥

13. The doctrines which this verse unfolds are the evolution and transmigration of souls. A living being remains the same though its body passes through various stages from infancy to age. So doth the Ego remains unchanged in its passage through various briths. If we can compare spiritual things with earthly objects, we might say that as we, passing through various vicissitudes of life, eventually find repose in old age, so doth the soul of man, marching in its upward career through the halting abodes of Kamaloca, Devaloca, and Bramhaloca ultimately find repose in the blessed Nirvana. Following the Darwinian theory of evolution we may say that the gross body of man is the result of a gradually arranged progression from the vegetable kingdom. It is said that the human seed in the mother's womb first assumes the shape of a tree, then it resembles a serpent, a fish, and a monkey-like thing with a tail, until at last it assumes the form of a man. Hence a tree is called a rooted-man, a fish a swimming-man, a bird a flying-man and so forth. One uniform principle of evolution pervades the universe alike in spirit and matter. This is very clearly indicated in this verse.

মাত্রাস্পর্শাস্তু কৌন্তেয়, শীতোষ্ণ সুখদুঃখদাঃ।
আগমাপায়িনোঽনিত্যা, স্তাং তিতিক্ষস্ব ভারত ॥ ১৪ ॥

ভোঃ কৌন্তেয়! মাত্রাস্পর্শাঃ শীতোষ্ণসুখদুঃখদাঃ আগমাপায়িনঃ, অনিত্যাঃ, ভোভারত! তান্ তিতিক্ষস্ব ॥ ১৪ ॥

হে কুন্তীনন্দন! বাহ্যবস্তুর সহিত মনঃ ও কর্ম্মেন্দ্রিয়গণের সংযোগে আমাদিগের শীত, উষ্ণ, সুখ ও দুঃখের উৎপত্তি হয়। ইহারা ক্ষণকালস্থায়ী ও অনিত্য। হেভারত! ইহাদিগকে তুমি স্থিরভাবে সহ্য করিবে ॥ ১৪ ॥

14. O son of Kunthi ! faculties of sensations produce cold and heat, pain and pleasure. They are transient and unreal. O descendant of Bharatha ! bear them with patience.

স্বামী। নন্থ তান্ অহং ন শোচামি, কিন্তু তদ্বিয়োগাদি দুঃখভাজং মাং এব ইতি চেৎ তত্র আহ—মাত্রাস্পর্শাঃ ইত্যাদি। মীয়ন্তে—জ্ঞায়ন্তে, বিষয়াঃ আভিঃ ইতি মাত্রাঃ—ইন্দ্রিয় বৃত্তয়ঃ, তাসাং স্পর্শাঃ—বিষয়ৈঃ সহ সম্বন্ধাঃ, যে শীতোষ্ণাদিপ্রদাঃ ভবন্তি তে তু আগমাপায়িত্বাৎ অনিত্যাঃ—অস্থিরাঃ, অতঃ তান্ তিতিক্ষস্ব—সহস্ব, যথা জলাতপাদি-সংসর্গাঃ তৎতৎ কালকৃতাঃ স্বভাবতঃ শীতোষ্ণাদি প্রযচ্ছন্তি, এবং ইষ্টসংযোগ বিয়োগাঃ অপি সুখদুঃখাদি প্রযচ্ছন্তি তেষাং চ অস্থিরত্বাৎ সহনং তব ধীরস্য উচিতং নতু তন্নিমিত্ত হর্ষবিষাদ পারবশ্যং ইত্যর্থঃ ।। ১৪ ।।

তুঃ=পাদ পূরণে। মাত্রা=(ইন্দ্রিয়-বৃত্তি)=মনঃ চক্ষুঃ ও কর্ণ প্রভৃতির শক্তি। মাত্রাস্পর্শাঃ=ইন্দ্রিয় বৃত্তির সহিত বাহ্য বস্তুর সংযোগ। আগমাপায়িনঃ=(আগম+অপ+ইণ্+ইন্), আগম=উৎপত্তি, অপায়=এক স্থান হইতে অন্য স্থানে গমন (বিনাশ), আগমাপায়িনঃ=উৎপত্তি ধ্বংস ধর্ম্ম বিশিষ্টস্য। ভগবান্ এস্থানে কিরূপে আমাদিগের শীতোষ্ণ ও সুখ দুঃখের উৎপত্তি ও লয় হয় তাহা নির্দ্দেশ করিতেছেন। ইন্দ্রিয়গণের সহিত রূপ, রস, গন্ধ ইত্যাদির সংযোগ জনিত ক্ষণকালস্থায়ি শীতোষ্ণ সুখ দুঃখের উৎপত্তি হয়। পুনর্ব্বার সংযোগের অভাব হইলেই উহারা বিলীন হয়। ভীষ্ম দ্রোণাদির সংযোগে সুখ ও বিয়োগে দুঃখ ও তদ্রূপ জানিবে। ইহারাও ক্ষণকাল-স্থায়ী ও বিনাশ ধর্ম্মশীল। ভীষ্মদ্রোণের জন্য দুঃখ করিতেছি না তাহাদিগের বিয়োগে দুঃখ হইবেক, অর্জ্জুনের এই আশঙ্কানিবারণ জন্য ভগবান্ বলিতেছেন সুখ দুঃখ সকলই মনের ধর্ম্ম। বাস্তবিক উহা অনিত্য পদার্থ, আত্মার ধর্ম্ম নহে, আত্মা "সাক্ষীভূতঃ কেবলো নির্গুণশ্চ" ইতি শ্রুতেঃ—আত্মা নির্গুণ কেবল সাক্ষীরূপে অবস্থান করেন। নির্ম্মল স্ফটিকমণির ন্যায় আত্মা। তাঁহার সহিত এই অনিত্য মাত্রাস্পর্শাদির কোন সম্বন্ধ নাই। অতএব শীতোষ্ণের ন্যায় তোমার পরিতাপ ও অত্যন্ত অলীক পদার্থ।

ভগবান্ অর্জ্জুনকে কৌন্তেয় ও ভারত বলিয়া সম্বোধন করিয়া ইহাই ইঙ্গিত করিলেন

যং হি ন ব্যথয়ন্ত্যেতে, পুরুষং পুরুষর্ষভ।
সম দুঃখ সুখং ধীরং, সোঽমৃতত্বায় কল্পতে ॥ ১৫ ॥

ভোঃপুরুষর্ষভ! হি এতে (মাত্রাস্পর্শাঃ) যং সমদুঃখসুখং পুরুষং ন ব্যথয়ন্তি সঃ (পুরুষঃ) অমৃতত্বায় কল্পতে ॥ ১৫ ॥

হেপুরুষশ্রেষ্ঠ! যে মহাপুরুষ বাহ্যবস্তুর সহিত ইন্দ্রিয়গণের সংযোগ জন্য এই সকল ক্ষণস্থায়ি সুখ অথবা দুঃখে অবিচলিত থাকেন তিনিই মোক্ষ-লাভের যোগ্য ॥ ১৫ ॥

15. O Best of men! the wise man, who is unmoved by these transient pleasures and pains, is destined to attain salvation.

যে, তোমার পিতৃকুল ও মাতৃকুল অত্যন্ত পবিত্র। অতএব তোমার ন্যায় মহাত্মাই এইরূপ মাত্রাস্পর্শ সহ্য করিতে পারে।। ১৪ ।।

14. The transient nature of earthly pains and pleasures is here described. Like heat and cold they are generated by the contacts of sensory nerves with external objects. They disappear when the objects which called them forth vanish away. The spirit of man is like the crystal, pure and colorless. Heat and cold, pleasure and pain cannot affect the spirit, in the same way as external objects cannot change the purity of the crystal. Therefore, says Govinda, "O Arjuna! thy sorrows are unreal They are as transient and fleeting as the sensations of heat and cold."

স্বামী। তৎ প্রতীকার প্রযত্নাৎ অপি তৎসহনঃ এব উচিতঃ মহাফলত্বাৎ ইতি আহ—যং হি ইত্যাদি। এতে-মাত্রাস্পর্শাঃ, যং পুরুষং ন ব্যথয়ন্তি—ন অভিভবন্তি, সমে দুঃখ সুখে যস্য তং, সঃ তৈঃ অধিক্ষিপ্যমাণঃ ধর্ম্মজ্ঞান দ্বারা, অমৃতত্বায়—মোক্ষায়, কল্পতে—যোগ্যঃ ভবতি ॥ ১৫ ॥

পুরুষং—আত্মানং। অর্থাৎ যিনি অষ্টপুরে বাস করেন।

যথা—(১) জ্ঞানেন্দ্রিয়—চক্ষুঃ শ্রোত্র, নাসিকা, জিহ্বা, ত্বক্।
(২) কর্ম্মেন্দ্রিয়—বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ।
(৩) অন্তঃকরণ—মনঃ বুদ্ধি, চিত্ত ও অহংকার।
(৪) প্রাণ—প্রাণ, অপান, উদান, সমান, ও ব্যান।
(৫) ভূত—ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ও ব্যোম্।
(৬) কাম। (৭) কর্ম্ম। (৮) অবিদ্যা।

সম দুঃখ সুখং—সুখ দুঃখ প্রাপ্তৌ হর্ষ বিষাদ রহিতং। ধীরং—ধীমন্তং। ন ব্যথয়ন্তি—ক্লেশং ন অনুভাবয়ন্তি ন চালয়ন্তি। অমৃতত্বায়—মোক্ষায়

নাসতো বিদ্যতে ভাবো, না ভাবোবিদ্যতে সতঃ।
উভয়োরপি দৃষ্টোঽন্ত, স্তনয়োস্তত্ত্বদর্শিভিঃ ॥ ১৬ ॥

অসতঃ ভাবঃ ন বিদ্যতে, সতঃ অভাবঃ ন বিদ্যতে। তত্ত্বদর্শিভিঃ অনয়োঃ উভয়োঃ অপি তু অন্তঃ দৃষ্টঃ ॥ ১৬ ॥

অনিত্য পদার্থের অস্তিত্ব কখনও থাকেনা এবং নিত্য পদার্থের অস্তিত্বের অভাবও কখন হয়না। তত্ত্বজ্ঞানী ব্যক্তিগণ এই উভয়বিধ পদার্থের বিভিন্নতা নির্ণয় করিয়া থাকেন ॥ ১৬ ॥

16. A thing unreal cannot exist, and a thing real can never cease to exist. Philosophers discern their difference.

মাত্রাস্পর্শ দ্বারা অবিচলিত থাকিলে কি ফল লাভ হয় তাহাই ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। যে মহাত্মা বাহ্যবস্তুর সংযোগ ও বিয়োগে অবিচলিত থাকেন ও যিনি সুখ ও দুঃখে হর্ষ বিষাদ শূন্য, এইরূপ স্থির বুদ্ধি সম্পন্ন মহাত্মা মোক্ষরূপ অমরত্ব লাভ করিবার যোগ্য পাত্র। এইরূপ পুরুষ সর্ব্বদা মুক্ত, বুদ্ধ, ও চৈতন্য স্বরূপ। জগতে এমত কোন পদার্থই নাই যদ্দ্বারা তাঁহার মনঃ বিচলিত হইতে পারে। ভগবান্ অর্জ্জুনকে পুরুষর্ষভ পদ দ্বারা সম্বোধন করিয়া ইহাই ইঙ্গিত করিলেন যে, তুমি ঈদৃশ শুদ্ধ, মুক্ত পুরুষশ্রেষ্ঠ অতএব মাত্রাস্পর্শ তোমাকে কদাপি বিচলিত করিতে পারিবে না ॥ ১৫ ॥

15. The soul is immortal, it is always pure and sinless and its inherent nature is to rise upwards. Pleasures and pains retard its upward course. Therefore any one who wants to perform his uphill journey must learn to remain unmoved by these opposite feelings. অমৃতত্ত্বায় = literally the deathless stage or that blessed condition from which the soul does not descend to re-incarnate. This is called Bramha-loca.

স্বামী। নমু তথাপি শীতোষ্ণাদিকং অতি দুঃসহং কথং সোঢ়ব্যং, অত্যন্তং তৎসহনে চ কদাচিৎ আত্মনঃ নাশঃ স্যাৎ ইতি আশঙ্ক্য তত্ত্ববিচারতঃ সর্ব্বং সোঢ়ুং শক্যং ইতি আশয়েন আহ—নাসতোবিদ্যতে ইতি। অসতঃ—অনাত্মধর্ম্মত্বাৎ অবিদ্যমানস্য, শীতোষ্ণাদেঃ আত্মনি ভাবঃ সত্তা ন বিদ্যতে। তথা সতঃ—সৎস্বভাবস্য আত্মনঃ, অভাবঃ—বিনাশঃ, ন বিদ্যতে। এবং উভয়োঃ—সদসতোঃ অন্তঃ-নির্ণয়ঃ, দৃষ্টঃ কৈঃ তত্ত্বদর্শিভিঃ—বস্তুযাথার্থ্য-বেদিভিঃ, এবংভূতবিবেকেন সহস্ব ইত্যর্থঃ ॥ ১৬ ॥

শীতোষ্ণাদি ও সুখদুঃখাদি ঘটপটাদির ন্যায় অনিত্য ইহাদের সংযোগে উৎপত্তি ও বিয়োগে বিনাশ হয়। যেরূপ মরীচিকায় তেজঃ এবং কাচাদিতে জলের ভ্রম হওয়াতে ক্ষণকাল উহাদিগকে সত্য বলিয়া প্রতীয়মান হয়, তদ্রূপ ভ্রমবশাৎ সুখদুঃখাদিতে

অবিনাশি তু তদ্বিদ্ধি, যেন সর্ব্ব মিদং ততম্।
বিনাশ মব্যয়স্যাস্য, ন কশ্চিৎ কর্ত্তুমর্হতি॥ ১৭॥

যেন ইদং সর্ব্বং ততং তৎতু (ত্বং) অবিনাশি বিদ্ধি। অস্য অব্যয়স্য বিনাশং কর্ত্তুং কশ্চিং ন অর্হতি॥ ১৭॥

যিনি এই পরিদৃশ্যমান সমগ্র বিশ্বের বিস্তার করিয়াছেন তাঁহাকে তুমি অবিনাশী পরমাত্মা বলিয়া জানিবে। এই হ্রাস রহিত ব্রহ্মকে বিনাশ করিতে কেহই সক্ষম হয় না॥ ১৭॥

17. Know that the Great Spirit whose expansion is the universe is indestructible. No one can destroy this Spirit devoid of decay.

আমাদিগের সত্যজ্ঞান উপস্থিত হয়। বাস্তবিক মরীচিকাদির ন্যায় ইহাদিগের ও কোন অস্তিত্ব নাই। তবে সুখ দুঃখাদি এবং তেজঃ ও জলের অস্তিত্ব রূপ যে জ্ঞান তাহাই সত্য। সেই জ্ঞান আত্মসম্ভূত। অতএব আত্মাই সত্য। এই সম্বন্ধে শ্রীমদ্ভাগবত গ্রন্থের প্রথম শ্লোক "জন্মাদ্যস্য যতঃ" ইত্যাদি শ্লোক পাঠ ও আলোচনা করিলে বিশেষ জানিতে পারাযায়।

ভগবান্ অর্জ্জুনকে বলিতেছেন যে, শুক্তিতে রজত জ্ঞানের ন্যায় অসৎপাদর্থে তোমার সৎজ্ঞান হইয়াছে। জড়জগতে শীতোষ্ণাদি সুখ দুঃখাদি সমস্তই পরিবর্ত্তনশীল। ইহারা বিগত কল্য ছিল না, অদ্য আছে, এবং আগামী কল্য থাকিবেক না। যে সময় শুক্তিতে রজত ভ্রম হয় তৎকালে "রজত আছে" এইরূপ জ্ঞানের উদয় হয়। তদ্রূপ জগতে নিত্যজ্ঞান হওয়াতে ইহাই প্রতিপন্ন হইল যে নিত্য কোন না কোন বস্তু অবশ্যই আছে। জগৎ অত্যন্ত পরিবর্ত্তন শীল, তাহাকে নিত্য বলা যাইতে পারে না। অতএব জগৎ যাঁহার প্রপঞ্চ তিনিই সৎ। এই সৎ ও অসৎ উভয়ের পার্থক্য, তত্ত্বদর্শিগণ বিশেষ-রূপে অবগত আছেন। এই শ্লোকের অন্যবিধ অর্থ ও হইতে পারে। ধর্ম্মশাস্ত্রে মনুষ্যকে সপ্তভাগে বিভাগ করিয়াছে। তন্মধ্যে স্থূল শরীর, জীব, লিঙ্গশরীর ও কামরূপ ইহারা অসৎ এবং মানস, বুদ্ধি ও আত্মা ইহারা সৎপদার্থ। (দ্বাবিংশ শ্লোকের বাঙ্গালা ভাষ্য দেখ)॥ ১৬॥

16. Here the unreal thing is pleasure or pain and the real thing is the soul which is indestructible and is always present. A true philosopher abandons pains and pleasures as unreal things and concentrates his mind to the everlasting Spirit.

স্বামী। তত্র সৎস্বভাবং অবিনাশি বস্তু সামান্যেন উক্তং বিশেষতঃ দর্শয়তি—অবিনাশি তু ইতি। যেন সর্ব্বং ইদং—আগমাপায়ধর্ম্মাত্মকং দেহাদি, ততং—সাক্ষিত্বেন ব্যাপ্তং, তৎ তু আত্মস্বরূপং অবিনাশি—বিনাশ শূন্যং, বিদ্ধি—জানীহি। তত্র হেতুং আহ—বিনাশং ইতি॥ ১৭॥

অন্তবন্ত ইমে দেহা, নিত্যস্যোক্তাঃ শরীরিণঃ।
অনাশিনোঽপ্রমেয়স্য, তস্মাদ্‌যুধ্যস্ব ভারত ॥ ১৮ ॥

ভোভারত! নিত্যস্য অপ্রমেয়স্য অনাশিনঃ শরীরিণঃ ইমে দেহাঃ অন্তবন্তঃ উক্তাঃ। তস্মাৎ যুধ্যস্ব ॥ ১৮ ॥

হেভরতবংশজাত! সর্ব্বদা একরূপী অপরিমেয় অবিনাশী জীবাত্মার আধার স্বরূপ এই দেহাদি অন্তবিশিষ্ট কথিত হইয়াছে, অতএব ইহার জন্য শোক ত্যাগ করিয়া যুদ্ধ করিতে প্রবৃত্ত হওয়া তোমার একান্ত কর্ত্তব্য ॥ ১৮ ॥

18. O Descendant of Bharatha! it has been said that an immutable, infinite and immortal Spirit liveth in this finite frame. Hence abandon they sorrow and continue thy fight.

তু—সতঃ বিশেষার্থং। সৎপদার্থ অসৎ হইতে পৃথক্ তাহা প্রদর্শন জন্য তুশব্দ ব্যবহার করিয়াছেন। যেন=যৎকর্ত্তৃক। ইদং=জগৎ। ততং= ব্যাপ্তং।

এই সৎ ও অসৎ পদার্থ কি তাহা ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। সমগ্র বিশ্ব এই সৎপদার্থের বিস্তার। এই বিস্তারকে অনুলম্ব কহে। অনুলম্বই সৃষ্টির কারণ। আত্মা অবিনাশী, তাহার প্রপঞ্চ অর্থাৎ বিস্তার এই সৃষ্টি ও অনাদি। অনুলম্ব ও বিলম্ব দ্বারা সৃষ্টি ও বিলয় হইতেছে। সৃষ্টির কারণ স্বরূপ পরব্রহ্ম যখন স্বয়ং বিস্তৃত হন তখন কারণ হইতে বিন্দু, বিন্দু হইতে অর্দ্ধমাত্রা, অর্দ্ধমাত্রা হইতে মহাকাশ, মহাকাশ হইতে আকাশ, অথবা শব্দ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে অগ্নি, অগ্নি হইতে জল, এবং জল হইতে পৃথিবীর সৃষ্টি হয়। এই পরমাত্মার বিস্তার অসৎ পদার্থ। মানবের দেহাদি আগমাপায়ী তন্নিমিত্ত ইহা অনিত্য। ঈশ্বর সৎ তাঁহার বিস্তার সৎ হইবেনা কেন অর্জ্জুনের এই আশঙ্কা নিবারণার্থ ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। ভগবান্ নির্দ্দেশ করিলেন যে, সৃষ্টির প্রারম্ভে কারণ হইতে বিন্দুস্বরূপ ও তাহা হইতে এই জগৎ প্রসূত হইয়াছে। এইরূপ বিন্দু হইতে উৎপন্ন চরাচর বিশ্ব অসৎ, কিন্তু যে কারণ হইতে এই সৃষ্টি হইয়াছে তিনিই সৎ। এই অবিনাশী সৎপদার্থ সাক্ষীস্বরূপ আত্মা নামে অভিহিত হইয়া মানবদেহে ও সমগ্র বিশ্বে পরিব্যাপ্ত রহিয়াছেন ॥ ১৭ ॥

17. The Gita holds that the universe is an expansion of the Great Spirit. This Eternal spirit expands and the world is created; when it contracts the world disappears. This expansion and contraction are coeval with the Spirit. The spirit in man is but a part of the Great Spirit, hence it is indestructible and inexhaustable.

স্বামী। আগমাপায় ধর্ম্মকং সন্দর্শয়তি—অন্তবন্তঃ ইতি। নিত্যস্য—সর্ব্বদা একরূপস্য, অতএব অনাশিনঃ, অপ্রমেয়স্য—অপরিচ্ছিন্নস্য, আত্মনঃ ইমে—সুখদুঃখাদি ধর্ম্মকাঃ, দেহাঃ,

য এনং বেত্তি হন্তারং, যশ্চৈনং মন্যতে হতম্।
উভৌ তৌ ন বিজানীতো, নায়ং হন্তি ন হন্যতে॥ ১৯॥

যঃ এনং হন্তারং বেত্তি যঃ চ এনং হতং মন্যতে, তৌ উভৌ ন বিজানীতঃ। অয়ং ন হন্তি, ন হন্যতে। ১৯॥

যে ব্যক্তি এই আত্মাকে হননের কর্ত্তাবলিয়া জানেন এবং যে ব্যক্তি ইহা হত এইরূপ বিবেচনা করেন, তাঁহারা উভয়েই আত্মানভিজ্ঞ। কারণ এই আত্মা কাহাকেও হত্যা করেন না এবং কোন রূপে হত ও হন না॥ ১৯॥

19. The man who knoweth that this soul killeth, and he who believeth that the soul is slain " these both know naught." For this soul slayeth not nor is it slain.

উক্তাঃ তত্ত্বদর্শিভিঃ, যস্মাৎ এব আত্মনঃ ন বিনাশঃ নচ সুখদুঃখাদিসম্বন্ধঃ, তস্মাৎ মোহজং শোকং ত্যক্ত্বা যুধ্যস্ব স্বধর্ম্মং মা ত্যাক্ষীঃ ইত্যর্থঃ॥ ১৮॥

নিত্যস্য = সর্ব্বদা এক রূপস্য। যাহা পাপে তাপে মলিন হয় না। আত্মা নিষ্ক্রিয় সাক্ষী স্বরূপে অবস্থিতি করিতেছেন। জ্যোতিঃস্বরূপ জীবাত্মা সমগ্র প্রাণিমধ্যে একরূপে অবস্থান করিতেছেন। অপ্রমেয়স্য = নপ্রমেয়স্য। প্রত্যক্ষাদি প্রমাণেন অজ্ঞেয়স্য। যাহাকে প্রত্যক্ষাদি প্রমাণ দ্বারা নির্ণয় করা যায় না। অর্থাৎ স্বপ্রকাশিত। যাহার প্রকাশে সমস্ত জগৎ প্রকাশিত হইতেছে।

অনাশিনঃ = অবিনাশিনঃ। ভগবান্ প্রথমতঃ পরমাত্মার বিষয়বলিয়া এই শ্লোকে জীবাত্মার বিষয় বলিতেছেন। জীবাত্মা সর্ব্বদা একরূপী, স্বপ্রকাশ ও অবিনাশী। কিন্তু ইহার দেহাদি পরিবর্ত্তনশীল ও বিনাশী। অতএব পার্থ! তুমি যুদ্ধ করিতে রণক্ষেত্রে আগমন করিয়া এই মিথ্যা শোকপরবশ হইয়া প্রত্যাবর্ত্তন করিও না। ভগবান্ "যুধ্যস্ব" শব্দ ব্যবহার করিয়া অর্জ্জুনকে যুদ্ধ করিতে অনুজ্ঞা দিলেন না; আরব্ধ কর্ম্ম হইতে নিবৃত্ত হওয়া ক্ষত্রধর্ম্মোচিত কার্য্য নহে ইহাই প্রকাশ করিলেন। দেহাদি শব্দ ব্যবহার করিয়া ভগবান্ স্থূল, সূক্ষ্ম ও কারণ শরীর ও তদন্তর্গত পঞ্চকোষের উল্লেখ করিলেন। অন্নময় কোষ (স্থূল শরীর), প্রাণময়, মনোময়, ও বিজ্ঞানময় কোষ (সূক্ষ্ম শরীর) এবং আনন্দময় কোষ (কারণ শরীর)॥ ১৮॥

18. Having described the Great Spirit, Srikrishna says in this verse that the spirit which inhabits the human frame is infinite and immortal like the Great Spirit. Hence Arjuna's fears are groundless and he can continue his fight. By using the word " যুধ্যস্ব„ Srikrishna does not direct his hero to do a thing he never intended to do, but he asks him to complete the fight, he had begun. The following example is cited by the commentators to shew the force of the word. A man while taking his

ন জায়তে ম্রিয়তে বা কদাচিৎ,
নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ।

food finds a certain repulsive thing in it, and discontinues eating. His wiser companion removes his objection and asks him to continue his dinner.

স্বামী। তং এবং ভীষ্মাদি মৃত্যুনিমিত্তঃ শোকঃ নিবারিতঃ যৎ চ আত্মনঃ হন্তৃত্ব-নিমিত্তং দুঃখং উক্তং "এতান্ ন হন্তুমিচ্ছামি" ইত্যাদিনা তৎ অপি তত্ত্বৎএব নির্নিমিত্তং ইতি আহ—য এনং ইত্যাদি। এনং—আত্মানং, আত্মনঃ হনন ক্রিয়ায়াং কর্ম্মত্ববৎ কর্ত্তৃত্বং অপি ন অস্তি ইত্যর্থঃ। তত্র হেতুঃ নায়ং ইতি ॥ ১৯ ॥

নাঽবস্থাতো দেহধর্ম্মত্বাত্তস্যাঃ ॥ ১৩ ॥
অসঙ্গোঽয়ং পুরুষ ইতি শ্রুতিরস্তি সা বাধিতা স্যাৎ ॥ ১৪ ॥
ন কর্ম্মণাঽন্যধর্ম্মত্বা দতি প্রসক্তেশ্চ ॥ ১৫ ॥

সাংখ্যসূত্রম্। বিষয়াধ্যায়ঃ।

আত্মা কোনরূপ অবস্থায় আবদ্ধ হয় না। কারণ অবস্থা দেহের ধর্ম্ম, আত্মার ধর্ম্ম নহে ॥ ১৩ ॥

যদি ইহা সত্য না হইত তাহা হইলে "আত্মা সঙ্গ রহিত" অর্থাৎ নির্লিপ্ত এই শ্রুতি বাক্য মিথ্যা হয় ॥ ১৪ ॥

আর ইহাও স্বীকার করা যায় না যে কর্ম্মদ্বারা আত্মার বন্ধন হয়। কারণ কর্ম্ম দেহের ধর্ম্ম আত্মার নহে ॥ ১৫ ॥

আত্মা নিষ্ক্রিয়; শুদ্ধ মুক্ত ও চৈতন্য।

ন নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্তস্বভাবস্য তদ্যোগস্তদ্যোগাদৃতে ॥ ১৮ ॥

সাংখ্যসূত্রম্।

নিত্য, শুদ্ধ, বুদ্ধ ও মুক্তস্বভাব সম্পন্ন আত্মার প্রকৃতির সহিত যোগে তাহার বন্ধন দশা উপস্থিত হয়। যোগ বলে মানবগণ প্রকৃতির রূপত্রয় সত্ব রজঃ এবং তমহইতে নিষ্কৃতি লাভ করিয়া আত্মার ন্যায় শুদ্ধ বুদ্ধ ও মুক্ত স্বভাব সম্পন্ন হন। ইহাকেই "সোঽহং" বলে।

"য এনং বেত্তি হন্তারং" এই বাক্য দ্বারা ভগবান্ আত্মার কর্ত্তৃত্ব সম্বন্ধে নৈয়ায়িকদিগের মতের বিরুদ্ধ মত প্রকাশ করিয়াছেন। তদ্রূপ "যশ্চৈনং মন্যতে হতং" এই বাক্যদ্বারা আত্মা দেহাদির ন্যায় বিনাশী অনাত্মবাদী চার্ব্বাকের মত খণ্ডন করিয়াছেন। ভগবান্ মহর্ষি কপিল মতের প্রতিপোষণ করিয়া ইহাই নির্দ্দেশ করিলেন যে আত্মা নিষ্ক্রিয় ও অবিনাশী। আত্মা কাহাকেও বিনাশ করে না এবং আত্মাকেও কেহ বিনাশ করিতে পারে না। তিনি কহিলেন পার্থ! তুমি ভীষ্ম দ্রোণাদির আত্মাকে বধ করিতে পারিবে না। তাহাদিগের দেহ বিনাশী, তাহা অদ্য না হয় কল্য অবশ্যই বিনষ্ট হইবে। ধর্ম্মযুদ্ধ ক্ষত্রিয়ের কর্ত্তব্য কর্ম্ম, এই যুদ্ধ ও ধর্ম্মযুদ্ধই বটে। কারণ তুমি স্বদেশের হিতমানসে

অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণঃ,
ন হন্যতে হন্যমানে শরীরে ॥ ২০ ॥

অয়ং কদাচিৎ ন জায়তে, বাম্রিয়তে, বা ভূত্বা ভূয়ঃ ন ভবিতা। অয়ং অজঃ নিত্যঃ শাশ্বতঃ পুরাণঃ শরীরে হন্যমানে ন হন্যতে ॥ ২০ ॥

এই জীবাত্মা কখনও জন্ম গ্রহণ করেন না এবং ইহার বিনাশ ও হয় না অথবা উৎপন্ন হইয়া পুনঃপুনঃ অস্তিত্ব গ্রহণ করেন না। ইনি জন্মরহিত, সর্ব্বদা সমভাবে অবস্থিত, অবিনাশী হ্রাস ও বৃদ্ধি পরিশূন্য। দেহের ধ্বংশ হইলে ইহার ধ্বংশ হয় না ॥ ২০ ॥

20. Increate and immortal is this embodied soul. Never was it born to be born again. "Birthless, changeless and deathless", it never groweth nor fadeth away. It perisheth not with the body.

লোক সংগ্রাহার্থে এই যুদ্ধ করিতেছ। তুমি সময় সময় ত্রৈলোক্যরাজ্য প্রাপ্ত হইলেও এই যুদ্ধ করিবে না এইরূপ বলিয়াছ। ইহা অত্যন্ত ভ্রমাত্মক। কারণ রাজ্যলাভার্থ তুমি যুদ্ধ করিতেছ না। আততায়ী ধর্ম্মভ্রষ্ট ক্ষত্রিয়বীর-কলঙ্ক দুর্য্যোধনাদির দৌরাত্ম্য-হইতে ভারতমাতাকে উদ্ধার করিবার জন্য ই তুমি বদ্ধপরিকর হইয়াছ। তুমি গুরুতর কর্ত্তব্যজ্ঞানে জয় পরাজয় সমান জ্ঞান করিয়া নিষ্কাম ভাবে এই অপরিহার্য্য ধর্ম্মযুদ্ধ কর। এইরূপে যুদ্ধ করিলে তোমার কোন পাপ হইবে না। তোমার নির্ম্মল আত্মা কর্ম্মপাশে আবদ্ধ হইবে না ॥ ১৯ ॥

19. Srikrishna here repeats what Kapila said in his Shankhya philosophy. The soul of a man is but a part of the Universal soul (পরমাত্মনঃ). This embodied soul (জীবাত্মা) is immortal, changeless, pure, all-knowing and free from action. It acts when united with the principles (প্রকৃতি)

স্বামী। ন হন্যতে ইত্যেতৎ এব জড়ভাব বিকার শূন্যত্বেন দ্রঢ়য়তি—ন জায়তে ইতি। ন জায়তে ইতি জন্ম প্রতিষেধঃ, ন ম্রিয়তে ইতি বিনাশ প্রতিষেধঃ, বা শব্দৌ চার্থে, ন অয়ং ভূত্বা-উৎপাদ্য, ভবিতা—ভবতি অস্তিত্বং ভজতে, কিন্তু প্রাক্ এব স্বতঃ সদ্রূপঃ ইতি। জন্মান্তরাস্তিত্ব লক্ষণ দ্বিতীয় বিকার প্রতিষেধঃ, তত্র হেতুঃ যস্মাৎ অজঃ যঃ হি জায়তে সঃ জন্মান্তরং অস্তিত্বং ভজতে নতু যঃ স্বতঃ এব অস্তি সঃ ভূয়ঃ অপি অন্যৎ অস্তিত্বং ভজতে ইত্যর্থঃ। নিত্যঃ—সর্ব্বদা একরূপঃ ইতি বৃদ্ধি প্রতিষেধঃ, শাশ্বতঃ—শশ্বদ্ভবঃ ইতি অপক্ষয় প্রতিষেধঃ, পুরাণঃ ইতি বিপরিণাম প্রতিষেধঃ, পুরা অপি নবঃ এব নতু পরিণামতঃ রূপান্তরং প্রাপ্য নবঃ ভবতি ইত্যর্থঃ। যদ্বা ভবিতা ইত্যস্য অনুষঙ্গং কৃত্বা-ভূয়ঃ-অধিকং যথা ভবতি তথা ন ভবিতা ইতি বৃদ্ধি প্রতিষেধঃ। অজঃ নিত্যঃ ইতি চ উভয়ং

বেদাবিনাশিনং নিত্যং, য এনমজমব্যয়ম্ ।
কথং স পুরুষঃ পার্থ, কং ঘাতয়তি হন্তি কম্ ॥ ২১ ॥

ভোঃপার্থ! যঃ এনং অজং অব্যয়ং নিত্যং অবিনাশিনং বেদ সঃ পুরুষঃ কথং কং ঘাতয়তি (বা) কং হন্তি ॥ ২১ ॥

হেপার্থ! যে ব্যক্তি এই জীবাত্মাকে জন্মহীন, হ্রাস শূন্য, নিত্য ও অবিনাশী বলিয়া অবগত আছেন তিনি কিরূপে কাহাকে বধ করাইবেন কাহাকেই বা বধ করিবেন ॥ ২১ ॥

21. O Partha! the man who knoweth that this soul is increate, incorruptible, eternal and imperishable, how and whom can such a man kill or cause to kill.

বৃদ্ধ্যাদ্যভাবে হেতুঃ ইতি ন পৌনরুক্তং তৎ এবং জায়তে, অস্তি, বর্দ্ধতে, বিপরিণমতে, অপক্ষীয়তে নশ্যতি ইত্যেবং সাংখ্যাদিভিঃ উক্তাঃ জড়ভাববিকারাঃ নিরস্তাঃ। যদর্থং এতে বিকারাঃ নিরস্তাঃ তং প্রস্তুতং বিনাশাভাবং উপসংহৃতি—ন হন্যতে হন্যমানে শরীরে ইতি ॥ ২০ ॥

অয়ং=জীবাত্মা। কদাচিৎ=কস্মিন্নপি কালে। কদাচিচ্ছব্দঃ সর্ব্ব বিক্রিয়া প্রতিষেধৈঃ সংবধ্যতে। ন জায়তে=নোৎপদ্যতে। ভূত্বা ভূয়ঃ ন ভবিতা=অয়মাত্মা ভবন ক্রিয়াং অনুভূয় পশ্চাৎ ন ভবিতা অভাবং গন্তা ন। অয়ং কল্পাদৌ ভূত্বা ভূয়ঃ কল্পান্তে চ ন ভবিতা। অজঃ=জন্ম মরণ রহিতঃ। নিত্যঃ=নির্গুণঃ, সর্ব্বদা একরূপী। শাশ্বতঃ=(শশ্বৎ+ষ্ণ) সর্ব্বদা একরূপঃ। পুরাণঃ=পুরাপি নবঃ সর্ব্বদা অপূর্ব্ববৎ অনুভাব্যঃ।

ভগবান্ জীবাত্মার গুণ সকল আর ও বিশেষ রূপে নির্দ্দেশ করিতেছেন। ইহার জন্ম মৃত্যু হয় না। দেহের ন্যায় ইহার একবার উৎপত্তি হইয়া পুনর্ব্বার অস্তিত্ব হয় না। "নায়ং ভূত্বা ভবিতা বা ন ভূয়ঃ" ইহা কল্পারম্ভে উৎপন্ন হইয়া পুনর্ব্বার কল্পশেষে বিনষ্ট হয় না। অথবা জন্মগ্রহণ করিয়া মরণান্তে পুনর্ব্বার জন্মগ্রহণ করে না। জন্ম, অস্তিত্ব, বৃদ্ধি, পরিণাম, অপক্ষয় ও বিনাশ এই ষড়্‌বিধবিকার শাস্ত্রে কথিত আছে। ক্রমে জন্ম তদুত্তর বৃদ্ধি, তৎপর অস্তিত্ব, তৎপশ্চাৎ পরিণাম, তৎপর অপক্ষয়, তদুত্তর বিনাশ ইহার একটী ও আত্মাতে নাই। আত্মা জন্ম, বৃদ্ধি, ক্ষয় ও বিনাশ রহিত তাহার সাময়িক অস্তিত্ব নাই ॥ ২০ ॥

20. This verse describes the nature of the human soul. The soul is not subject to birth and decay. Like the animal soul (Kamrupa) it does not pass through numerous and repeated births. It was never born, hence it underwent no change, hence it ever remains in the same condition, and therefore it is always new though existing from time eternal. The words "অজঃ" "নিত্যঃ" "শাশ্বতঃ" and "পুরাণঃ" are so elegantly

বাসাংসি জীর্ণানি যথা বিহায়,
নবানি গৃহ্লাতি নরোঽপরাণি।
তথা শরীরাণি বিহায় জীর্ণা,
ন্যন্যানি সংযাতি নবানি দেহী ॥ ২২ ॥

নরঃ যথা জীর্ণানি বাসাংসি বিহায় অপরাণি নবানি (বাসাংসি) গৃহ্লাতি, তথা দেহী জীর্ণানি শরীরাণি বিহায় অন্যানি নবানি (শরীরাণি) সংযাতি ॥ ২২ ॥

মনুষ্য যেরূপ জীর্ণবস্ত্র পরিত্যাগ করিয়া অন্য নূতন বস্ত্র সমূহ গ্রহণ করে, তদ্রূপ জীবাত্মা জীর্ণশরীর পরিত্যাগ পূর্ব্বক অন্য নূতনদেহ আশ্রয় করেন ॥ ২২ ॥

22. As a man casteth off his torn garments and putteth on new ones, so doth the soul quit its rotten frame and enter into a new existence.

---

strung together like so many gems that the lustre of the one glows by reflection from the other.

স্বামী। অতএব হন্তৃত্বাভাবঃ অপি পূর্ব্বোক্তঃ সিদ্ধঃ ইত্যাহ—বেদ ইত্যাদি। নিত্যং বৃদ্ধিশূন্যং, অব্যয়ং-অপক্ষয় শূন্যং, অজং—অবিনাশিনং চ যঃ বেদ সঃ পুরুষঃ কং হন্তি কথং বা হন্তি এবং ভূতস্য বধে সাধনাভাবাৎ, তথা স্বয়ং প্রয়োজকঃ ভূত্বা অন্যেন কং ঘাতয়তি ন কিঞ্চিৎ অপি ন কথঞ্চিৎ অপি ইত্যর্থঃ। অনেন ময়ি অপি প্রযোজকত্ব দোষ—দৃষ্টিং মাকার্ষীঃ ইতি উক্তং ভবতি ॥ ২১ ॥

শ্রুতি বলিয়াছেন,—

"আত্মানঞ্চেদ্বিজানীয়াৎ, অয়মস্মীতি পুরুষঃ।
কিমিচ্ছন্ কস্য কামায়, শরীর মনুসংজ্বরেৎ ॥"

যৎকালে আত্মজ্ঞানীর "আমিই ব্রহ্ম" এই জ্ঞান হয়, তৎকালে তিনি কোন্ কামনার বশবর্ত্তী হইয়া শরীরকে ক্লেশ দিবেন? আত্মজ্ঞানীর অহং মম এই জ্ঞানের অভাব হইলে তৎসঙ্গেই কর্ত্তৃত্ব জ্ঞানের তিরোভাব হয়। এইরূপ ব্যক্তির "অর্জ্জুন বধের কর্ত্তা, কি ভগবান্ শ্রীকৃষ্ণ বধের উত্তেজক" এইরূপ ভয়ানক জ্ঞান হইতে পারে না। পার্থ! যৎকালে তুমি অবগত হইলে যে, আত্মা জন্ম রহিত, একরূপী ও ক্ষয়শূন্য তখন তুমি ভীষ্মদ্রোণকে বধ করিতেছ, কি তাহারা তোমার বধ্য ও আমি এই বধের উত্তেজক ইহা তোমার কি প্রকারে জ্ঞান হইবে? ॥ ২১ ॥

21. When a man is fully convinced that he is the Spirit of God, he

cannot conceive that Arjuna is killing the Kurus, or that Srikrishna is urging him to kill them. The soul is never born, it never dies, and it is therefore changeless and imperishable. Sruthi says "Swayed by passions he never giveth pain to himself, who knoweth that he is the Spirit divine."

স্বামী। নমু আত্মনঃ অবিনাশে অপি তদীয় শরীর নাশং পর্য্যালোচ্য শোচসি ইতিচেৎ অত্র আহ-বাসাংসি ইতি। কর্ম্মনিবন্ধনানাং দেহানাং অবশ্যম্ভাবিত্বাৎ জীর্ণদেহ-নাশে ন শোকাবকাশঃ ইত্যর্থঃ॥ ২২॥

বাসাংসি = বস্ত্রাণি। জীর্ণানি = দুর্ব্বলতাং গতানি। বিহায় = পরিত্যজ্য। সংযাতি = গচ্ছতি। তথা = তদ্বৎ। তথা জীর্ণানি বয়সা তপসা চ কৃশানি ভীষ্মাদি শরীরাণি বিহায় অন্যানি দেবাদি শরীরাণি সর্ব্বোৎকৃষ্টানি চিরোপার্জ্জিত ধর্ম্মফল ভোগায় সংযাতি-সম্যক্ গর্ভবাসাদি ক্লেশ ব্যতিরেকেন প্রাপ্নোতি।

শ্রুতি বলিয়াছেন জীব পূর্ব্বশরীর পরিত্যাগ করিয়া কর্ম্মফলানুযায়ি নব শরীর প্রাপ্ত হইয়া ব্রহ্মলোকে, দেবলোকে, পিতৃলোকে বা গন্ধর্ব্বলোকে গমন করিয়া থাকেন। ভগবান্ সে জন্য বলিলেন যে, অর্জ্জুন! তুমি ভীষ্ম দ্রোণাদির বধ জনিত বৃথা শোক করিওনা। কারণ দেহপতন হইলে তাঁহাদিগের কোন ক্ষতি হইবে না। মনুষ্য যেরূপ জীর্ণবস্ত্র ত্যাগ করিয়া নূতন বস্ত্র পরিধানে আনন্দিত হয় তদ্রূপ জীবাত্মাও জীর্ণদেহ পরিত্যাগ পূর্ব্বক দেব দেহাদি ধারণ করিয়া পরম আহ্লাদিত হন।

যোগশাস্ত্রে মানবকে সাত ভাগে বিভক্ত করিয়াছেন। যথা

১। রূপ	(The gross body)
২। প্রাণ বা জীব	(Vitality)
৩। লিঙ্গ শরীর	(Astral body)
৪। কামরূপ	(Animal soul)
৫। মানস	(Human soul)
৬। বুদ্ধি	(Spiritual soul)
৭। আত্মা	(Spirit)

১। পঞ্চ কর্ম্মেন্দ্রিয় (বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ) এবং পঞ্চ জ্ঞানেন্দ্রিয় (শ্রোত্র, নেত্র, নাসা, জিহ্বা ও ত্বক্) দ্বারা স্থূল শরীর অর্থাৎ রূপ নির্ম্মিত হইয়াছে। মৃত্যু হইলে ইহা বিনাশ প্রাপ্ত হয়।

২। প্রাণ বা জীব = এতদ্দ্বারা স্থূল শরীর উত্তেজিত হয়। ইহা অবিনাশী, অন্য দেহে প্রবেশ করে।

৩। লিঙ্গ বা সূক্ষ্ম শরীর = ইহা জীবের অষ্টবিধ অবয়ব। মৃত্যুর পর সমাধি স্থানে কখন কখন যে সকল আকৃতি দেখা যায় তাহাই লিঙ্গ শরীর।

৪। কামরূপ = কামরূপ হইতে আমাদিগের কামনা ও সুখেচ্ছা উৎপন্ন হয়। ইহাকে জয় করা অত্যন্ত কঠিন। ইহার বশবর্ত্তী হইয়া জীবাত্মা জন্ম ধারণ করেন। যথা "জহি শত্রুং মহাবাহো কামরূপং দুরাসদং"।

নৈনং ছিন্দন্তি শস্ত্রাণি, নৈনং দহতি পাবকঃ।
ন চৈনং ক্লেদয়ন্ত্যাপো, ন শোষয়তি মারুতঃ॥ ২৩॥

এনং শস্ত্রাণি ন ছিন্দন্তি, এনং পাবকঃ ন দহতি, এনং আপঃ ন চ ক্লেদয়ন্তি, মারুতঃ ন শোষয়তি॥ ২৩॥

অস্ত্র শস্ত্রাদি এই জীবাত্মাকে ছেদন করিতে পারে না, অগ্নি ইহাকে দাহ করিতে পারে না, জল ইহাকে শিথিল করিতে পারে না এবং বায়ু ইহাকে শোষণ করিতে পারে না॥ ২৩॥

23. Weapons divide it not, fire burneth it not, water cannot melt it, and winds cannot dry it.

৫। মানস—ইহা জ্ঞান ও স্মৃতির আকর।

৬। বুদ্ধি—ইহা মানস হইতে শ্রেষ্ঠ "মনসস্তু পরা বুদ্ধিঃ" ইহার শক্তি প্রভাবে মানব ঈশ্বরত্ব প্রাপ্ত হন।

৭। আত্মা—ইনি বুদ্ধি হইতেও শ্রেষ্ঠ। যথা "বুদ্ধের্যঃ পরতস্তুসঃ"।

৪, ৫, ৬ এবং ৭ মৃত্যুর পর জীবের সহিত অবস্থান করে। চতুর্থ বিনষ্ট না হইলে পঞ্চমের স্ফুরণ হয় না। যোগী মহাত্মা পঞ্চম হইতে ষষ্ঠ ও তৎপর সপ্তমে নির্ব্বাণ মুক্তি লাভ করেন। পঞ্চম, ষষ্ঠ ও সপ্তমের একতার নাম নির্ব্বাণ মুক্তি॥ ২২॥

22. The above metaphor beautifully shews the passage of the soul through successive existences. As a man throws off his old robes and puts on new ones instead, so does the soul leave its "garb of flesh" and assuming new forms enter into new existences. This verse does not mean that the human soul, on the destruction of its mortal frame, enters into a material existence. The new existence which is regulated by Karma may be material or spiritual.

স্বামী। কথং হন্তি ইত্যনেন উক্তং বধ-সাধনাভাবং দর্শয়ন্ অবিনাশিত্বং আত্মনঃ স্ফুটী করোতি—নৈনং ইতি। আপঃ ন ক্লেদয়ন্তি—মৃদুকরণেন শিথিলং ন কুর্ব্বন্তি॥২৩॥

এনং—আত্মানং, প্রকৃত দেহিনং। ছিন্দন্তি—কৃন্তন্তি অবয়ব বিভাগেন দ্বিধা কর্ত্তুং ন শক্নুবন্তি। পাবকঃ ন দহতি—অগ্নিঃ অতি প্রজ্বলিতোঽপি ন এনং ভস্মী কর্ত্তুং শক্নোতি। আপো ন চ ক্লেদয়ন্তি—আপঃ অত্যন্তং বেগবত্যোপি আর্দ্রীকরণেন বিশ্লিষ্টাবয়বং কর্ত্তুং ন শক্নুবন্তি। মারুতঃ ন শোষয়তি—বায়ুঃ অতি প্রবলোপি ন এনং নীরসং কর্ত্তুং শক্নোতি।

ক্ষিতি, অপ্, তেজঃ ও মরুৎ অর্থাৎ জড়জগতের কোন পদার্থই আত্মাকে বিনষ্ট করিতে পারে না। ক্ষিতির বিকার শস্ত্রাদি। আকাশ আত্মার আবাস ভূমি বলিয়াই বোধ হয় ভগবান্ তাহার উল্লেখ করেন নাই। মৃত্যুর পর মানবদিগের রূপ, জীব, লিঙ্গশরীর

অচ্ছেদ্যোঽয় মদাহ্যোঽয়ং, অক্লেদ্যোঽশোষ্য এবচ।
নিত্যঃ সর্ব্বগতঃ স্থাণুঃ, অচলোঽয়ং সনাতনঃ ॥ ২৪ ॥

অয়ং অচ্ছেদ্যঃ, অয়ং অদাহ্যঃ, (অয়ং) অক্লেদ্যঃ, (অয়ং) অশোষ্য এব চ (অয়ং) নিত্যঃ, সর্ব্বগতঃ, স্থানুঃ, অচলঃ সনাতনঃ ॥ ২৪ ॥

এই জীবাত্মা অচ্ছেদ্য, অদাহ্য, অক্লেদ্য এবং অশোষ্য, ইহা নিত্য, সর্ব্বব্যাপী, স্থির-স্বভাব-সম্পন্ন, অচল এবং সনাতন ॥ ২৪ ॥

24. It is invulnerable, incombustible, insoluble, and undryable. It is changeless, capable of going everywhere, stable, firm and eternal.

পঞ্চমহাভূতে মিশ্রিত হয়, কিন্তু আত্মা অবিনাশী। পঞ্চমহাভূতে নির্ম্মিত এই জড়জগৎ ইহার উপর কখন ও কোনরূপ আধিপত্য করিতে পারে না।

গীতানুসারে উপাসনা করিবার সময় এই শ্লোক পাঠ করিয়া অঙ্গুষ্ঠন্যাস ও হৃদয় ন্যাস করিতে হয়। যোগ-শাস্ত্রে অঙ্গুষ্ঠকে পরমাত্মার ও তর্জ্জনীকে জীবাত্মার নিদর্শন স্বরূপ বলিয়া কথিত হইয়াছে। করাদি ন্যাস করিবার সময় "নৈনং ছিন্দন্তি" ইত্যাদি পাঠ করিয়া পরমাত্মার ধ্যান করিবে, তৎপর "ন চৈনং ক্লেদয়ন্ত্যাপঃ" ইত্যাদি পাঠ করিয়া জীবাত্মার ধ্যান করিবে। তদুত্তর অঙ্গুষ্ঠ তর্জ্জনীর সংযোগ দ্বারা "তত্ত্বমসি" এই মহাবাক্যের ধ্যান করিবে। এইরূপ হৃদয়াদি ন্যাসের সময়ে এই শ্লোকের প্রথম ভাগ পাঠ করিয়া হৃদয়ায় নমঃ বলিতে হইবে। অর্থাৎ সাধক তৎকালে আত্মা অবিনাশী ইহা মনে নিশ্চয় ধারণা করিবেন। শ্লোকের দ্বিতীয়ভাগ পাঠ করিয়া "শিরসে স্বাহা" বলিয়া শুভার্থে পরমাত্মাকে আবাহন করিবেন ॥ ২৩ ॥

23. This verse shews that the four elements whose union forms the body and disunion causes its destruction, have no influence on the soul. These elements are earth, water, fire and air. No mention is made of space (ব্যোম্) in this verse, as space is not considered an agent of destruction. As weapons are derived from earth, the latter is not specially mentioned. The human soul is not made of the elements and to the elements it can never return. It is said that so long as an equilibrium is maintained amongst the elements which compose the body, its destruction can never take place. But when one predominates over the others, it shews signs of decay until the hour of death when a separation of the elements gradually take place.

স্বামী। তত্র হেতুং আহ—অচ্ছেদ্যঃ ইতি সার্দ্ধেন। নিরবয়বত্বাৎ অচ্ছেদ্যঃ অক্লেদ্যঃ চ অমূর্ত্তত্বাৎ অদাহ্যঃ। দ্রবত্বাভাবাৎ অশোষ্যঃ ইতি ইতঃ চ ছেদাদি যোগ্যঃ ন ভবতি যতঃ নিত্যঃ, অবিনাশী, সর্ব্বগতঃ, স্থাণুঃ-স্থিরস্বভাবঃ-রূপান্তরাপত্তি শূন্যঃ। অচলঃ—

অব্যক্তোঽয়মচিন্ত্যোঽয়ং, অবিকার্য্যোঽয় মুচ্যতে।
তস্মাদেবং বিদিত্বৈনং, নানুশোচিতু মর্হসি ॥ ২৫ ॥

অয়ং অব্যক্তঃ, অয়ং অচিন্ত্যঃ, অয়ং অবিকার্য্যঃ উচ্যতে। তস্মাৎ এনং এবং বিদিত্বা (ত্বং) অনুশোচিতুং ন অর্হসি ॥ ২৫ ॥

কথিত হইয়াছে এই আত্মা চক্ষুরাদি বাহ্যেন্দ্রিয়ের অতীত, ইহাকে মানসেন্দ্রিয় দ্বারা ও উপলব্ধি করা যায় না। ইনি নিষ্ক্রিয় বলিয়া কর্ম্মফলে জড়িত হন না। তজ্জন্য এই আত্মাকে এইরূপ অবগত হইয়া তোমার বৃথা শোক করা কর্ত্তব্য হয় না ॥ ২৫ ॥

25. It has been said that this soul is beyond the compass of the external senses, that mind itself cannot conceive it and that *Karma* cannot contaminate it. Therefore knowing the soul to be such, thou shouldst not grieve.

পূর্ব্বরূপাপরিত্যাগী। সনাতনঃ—অনাদিঃ—অব্যক্তঃ-চক্ষুরাদ্যবিষয়ঃ, অচিন্ত্যঃ মনসঃ অপি অবিষয়ঃ। অবিকার্য্যঃ—কর্ম্মেন্দ্রিয়াণাং অপি অগোচরঃ ইত্যর্থঃ। উচ্যতে ইতি নিত্যত্বাৎ অভিযুক্তোক্তিং প্রমাণয়তি ॥ ২৪ ॥

ভগবান্ ত্রয়োবিংশতি শ্লোকের বিস্তার করিতেছেন। পৃথিবী, জল, অগ্নি ও বায়ু-দ্বারা আত্মার বিকার হয় না।

নিত্যঃ—ছিন্ন, দগ্ধ, ক্লিন্ন এবং শুষ্ক হয় না বলিয়া আত্মা নিত্য অর্থাৎ অবিনাশী বা সমভাব সম্পন্ন। সর্ব্বগতঃ—সর্ব্বব্যাপী। স্থাণুঃ—আত্মা প্রাণের উৎপত্তি ও স্থিতির কারণ এবং সমাধি দ্বারা সাক্ষীরূপ হইয়া অবিকৃত থাকেন তজ্জন্য তাহাকে স্থাণু বলে।

অচলঃ—যিনি কোন কালে কোন কারণে বিচলিত হন না।

সনাতনঃ—(সনা—নিত্য+তন)।

সর্ব্বকালে সনা প্রোক্তা, বিদ্যমানে তনীতি চ।
সর্ব্বত্র সর্ব্বকালেষু, বিদ্যমানঃ সনাতনঃ ॥

আত্মা নিত্য অর্থাৎ সর্ব্বস্থানে গমনক্ষম অথচ স্থির, এবং সর্ব্বকালে অবস্থান করেন অথচ কোন কালে তিনি চালিত হন না। ভগবান্ এক নিত্য শব্দ দ্বারা আত্মার এই বিরুদ্ধ ভাবাপন্ন চতুর্ব্বিধ গুণ প্রকাশ করিলেন। আত্মা সর্ব্বগত অথচ স্থাণু, অচল অথচ সনাতন।

"আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যো বৃক্ষ ইব স্তব্ধো দিবি তিষ্ঠত্যেকঃ। নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং ইতি শ্রুতিঃ।

আত্মা অনন্তাকাশের ন্যায় সর্ব্বব্যাপী, নিত্য, বৃক্ষের ন্যায় অটল অচল, ক্রিয়া রহিত ও শান্ত ॥ ২৪ ॥

অথ চৈনং নিত্যজাতং, নিত্যং বা মন্যসে মৃতম্।
তথাপি ত্বং মহাবাহো, নৈনং শোচিতু মর্হসি ॥ ২৬ ॥

অথচ (ত্বং) এনং (আত্মানং) নিত্যজাতং বা নিত্যং মৃতং মন্যসে, তথাপি ভো মহাবাহো ! ত্বং এবং শোচিতুং ন অর্হসি ॥ ২৬ ॥

আর যদি তুমি এই আত্মাকে সর্ব্বদা জাত ও সর্ব্বদা মৃত বলিয়া মনে কর, তথাপি হে মহাবাহো ! তোমার এইরূপ শোক করা কর্ত্তব্য নহে ॥ ২৬ ॥

26. And even if thou thinkest that this soul grows and dies like the mortal body, then O Prince of the mighty arm ! thou hast no cause to mourn.

---

24. The first part of this verse is considered to be a repetition of the preceding verse. It was repeated to impress more vividly on Arjuna the true nature of the human soul. It is নিত্য, i. e., not liable to change. It is always pure and sinless, though human nature is liable to corruption and vice. It is capable of going everywhere but can be made steady at any time. Naturally it is firm, it is like the unflickering lamp sheltered from winds, and it exists from time eternal. Such is the human soul. Earthly calamities, sorrows and miseries can never affect the soul. He who knows this can know all.

স্বামী। উপসংহরতি—তস্মাৎ এবং ইত্যাদি—তৎ এবং আত্মনঃ জন্ম বিনাশাভাবাৎ ন শোকঃ কার্য্যঃ ইতি উক্তং ॥ ২৫ ॥

অয়ং=আত্মা : অব্যক্তঃ=রূপাদিহীনত্বাৎ ইন্দ্রিয়াদীনাং অগোচরঃ। চক্ষুরাদি ইন্দ্রিয়ের অগোচর। অচিন্ত্যঃ=অনমুমেয়ঃ। যাহা মনের অগোচর, চিন্তাতীত। অবিকার্য্যঃ=বিকার রহিতঃ। যাহা কর্ম্মফলে আবদ্ধ হয় না।

ভগবান্ আত্মার গুণ সকল বর্ণন করিয়া উপসংহার করিতেছেন। আত্মা নিত্য, সর্ব্বগত ইত্যাদি উল্লেখ করিয়া শেষে বলিলেন যে আমি সম্যক্ এই জীবাত্মার গুণ সকল প্রকাশ করিতে সক্ষম হইলাম না; কারণ আত্মা, মনঃ এবং চক্ষুরাদি ইন্দ্রিয়ের অগোচর। আমার শেষ সিদ্ধান্ত এই যে জীবাত্মা বিকার রহিত, অর্থাৎ কর্ম্মফলে কিংবা পঞ্চভূত-দ্বারা বিকার প্রাপ্ত হন না ॥ ২৫ ॥

25. Srikrishna winds up His description of the soul. Having said it is stable, firm and eternal. He observes that the external senses cannot describe it fully, nor can the mind grasp it. It is beyond the range of the *Karmic* laws which create, sustain and destroy the universe.

জাতস্য হি ধ্রুবো মৃত্যুঃ, ধ্রুবং জন্ম মৃতস্য চ।
তস্মাদপরিহার্য্যেঽর্থে, ন ত্বং শোচিতু মর্হসি ॥ ২৭ ॥

হি জাতস্য মৃত্যুঃ ধ্রুবঃ, মৃতস্য চ জন্ম ধ্রুবং, তস্মাৎ অপরিহার্য্যে অর্থে ত্বং শোচিতুং ন অর্হসি ॥ ২৭ ॥

যেহেতু জীবের জন্ম হইলে তাহার নিশ্চয়ই মৃত্যু হইবে এবং মৃত্যু হইলে নিশ্চয়ই তাহার পুনর্জ্জন্ম হইবে, অতএব এরূপ অবশ্যম্ভাবী মৃত্যু-বিষয়ে তোমার শোক করা কর্ত্তব্য নহে ॥ ২৭ ॥

27. For, death is certain to all that are born and birth is certain to all that die. Therefore thou shouldst not mourn for this inevitable death.

স্বামী। ইদানীং দেহেন সহ আত্মনঃ জন্ম, তদ্বিনাশে চ বিনাশং অঙ্গীকৃত্য অপি শোকঃ ন কার্য্যঃ ইতি আহ—অথচ ইত্যাদি। অথ যদ্যপি এনং—আত্মানং, নিত্যং—সর্ব্বদা, তৎ-তদ্দেহে জাতে জাতং মন্যসে তথা তত্তদ্দেহে মৃতে মৃতং চ মন্যসে পুণ্যপাপয়োঃ তৎফল-ভূতয়োঃ চ জন্মমরণয়োঃ আত্মগামিত্বাৎ তথাপি ত্বং শোচিতুং ন অর্হসি ॥ ২৬ ॥

এনং=আত্মানং। নিত্যং=প্রতিক্ষণং, নিয়তং। শোচিতুং="অহো বত মহৎপাপং কর্ত্তুং ব্যবসিতা বয়ং ইত্যাদিনা" যথা শোচসি এবং প্রকারং অনুশোকং কর্ত্তুং।

ভগবান্ কহিলেন অর্জ্জুন! আমি বিশেষ বিস্তার করিয়া তোমাকে বুঝাইয়াছি যে, আত্মা অমর ও অবিনাশী। কিন্তু যদি আত্মাকে তুমি দেহের ন্যায় বিনাশী মনে কর তাহা হইলেও তোমার শোকের কোন কারণ নাই। কারণ, যে অবশ্য মরিবে তাহাকে বধ করিলে কোন প্রকার ক্ষতি নাই। বিশেষতঃ ক্ষণকালস্থায়ি বস্তুকে বিনাশ করিতে আবার শোক কি? তুমি যে ভাবেই চিন্তা কর তোমার স্বধর্ম্ম পালন করিয়া যুদ্ধকরা একান্ত কর্ত্তব্য। "মহাবাহো" বলিয়া সম্বোধন করিয়া ভগবান্ অর্জ্জুনের সাহস ও বীরত্বের স্মৃতির উদ্দীপনা করিয়া ইহাই ইঙ্গিত করিলেন যে, তুমি অন্যায় শোক পরিত্যাগ করিয়া যুদ্ধার্থে উত্থিত হও ॥ ২৬ ॥

26. Srikrishna says "I have told you in the preceding verses what our holy hymns—the Vedas—say about the immortality of the soul. But even if you accept the popular misconception that the soul is as mortal as the body, you have no cause to grieve. If in a battle like this, undertaken for the good of your motherland and in the discharge of your duties as a Kshetriya soldier you destroy objects whose destruction is inevitable, you have no reason to mourn. Approach the subject from whatever side you may, your sorrow is groundless."

অব্যক্তাদীনি ভূতানি, ব্যক্তমধ্যানি ভারত।
অব্যক্তনিধনান্যেব, তত্র কা পরিদেবনা ॥ ২৮ ॥

ভো ভারত! ভূতানি অব্যক্তাদীনি, ব্যক্তমধ্যানি, অব্যক্তনিধনানি এব তত্র কা পরিদেবনা ॥ ২৮ ॥

হে ভরতবংশজ! ভূতগণ উৎপত্তির অগ্রে অপ্রকাশ থাকে, মধ্যে কেবল প্রকাশিত হয়, মৃত্যুর পর পুনর্ব্বার অপ্রকাশিত হইয়া থাকে। অতএব এইরূপ ক্ষণকালের জন্য প্রকাশমান ভূতগণের নিমিত্ত তোমার বিলাপ করা কর্ত্তব্য নহে ॥ ২৮ ॥

28. O Descendant of Bharatha! before birth are beings unknown, after birth they are known and unknown they become after death. Therefore, for such a brief acquaintance why shouldst thou mourn?

স্বামী। কুতঃ ইতিঅতঃ আহ—জাতস্য ইতি। হি—যস্মাৎ, জাতস্য স্বারম্ভক কর্ম্মক্ষয়ে মৃত্যুঃ ধ্রুবঃ—নিশ্চিতঃ, মৃতস্য চ তদ্দেহকৃতেন কর্ম্মণা জন্ম অপি, ধ্রুবং এব। তস্মাৎ এবং অপরিহার্য্যে অর্থে—অবশ্যম্ভাবিনি জন্ম মরণ লক্ষণে অর্থে, ত্বং—বিদ্বান, শোচিতুং যোগ্যো ন ভবসি ॥ ২৭ ॥

হি=যস্মাৎ। জাতস্য=লব্ধজন্মনঃ। স্বকৃতধর্ম্মাধর্ম্মাদি বশানুকৃত শরীরেন্দ্রিয়াদি—সম্বন্ধস্য স্থিরস্য আত্মনঃ। মৃত্যুঃ=তচ্ছরীরাদি বিচ্ছেদঃ,। ধ্রুবঃ=নিশ্চিতঃ। অপরিহার্য্যে=পরিহর্ত্তুং অশক্যে। অর্থে=জন্মমরণ লক্ষণে বিষয়ে। ত্বং=বিদ্বান্।

জন্মমৃত্যু অবশ্যম্ভাবী এবং তজ্জন্য আমাদিগের শোক করা কর্ত্তব্য নহে, ইহা প্রদর্শন করিবার জন্য ভগবান্ কহিলেন অর্জ্জুন! আরও দেখ জন্ম হইলেই মৃত্যু এবং মৃত্যু হইলেই কর্ম্মফলানুসারে অবশ্যই জন্ম হইবেক। যে পর্য্যন্ত মানব নির্ব্বাণ মুক্তিলাভ করিতে না পারে, তাবৎ তাহার পাপ ও কামনা বিনাশ করিবার জন্য তাহাকে জন্মমৃত্যুরূপ আবর্ত্তে বিঘূর্ণিত হইতে হয়। অতএব মৃত্যুই মানবের নবজীবন। এই মৃত্যুরূপ নব-জীবন দ্বারা আমরা বিগতপাপ হই। আমাদিগের গত জীবনের পাপরাশি আমরা এইরূপ নবজীবনের ধর্ম্মকার্য্য দ্বারা ক্ষয়িত করি। অতএব এই মৃত্যুরূপ নবজীবনে তুমি শোকাবসন্ন হইওনা ॥ ২৭ ॥

27. Birth precedes death which precedes re-birth which again is followed by death. In this circle of births and deaths, does the human soul travel until it reaches the blessed Nirvana. This is called the *Karmic* cycle. In its upward career death is as much necessary as a rest-house to a tired traveller. By death the soul recruits itself for a

fresh journey. Therefore death is a blessing of God and we must never mourn for it.

স্বামী। কিঞ্চ দেহাদীনাং স্বভাবং পর্য্যালোচ্য তদুপাধিকে আত্মনঃ জন্মমরণে শোকঃ ন কার্য্যঃ ইতি আহ—অব্যক্তাদীনি ইতি। অব্যক্তং—প্রধানং, তৎএব আদিঃ—উৎপত্তেঃ পূর্ব্বরূপং, যেষাং তানি অব্যক্তাদীনি ভূতানি—শরীরাণি কারণাত্মনা স্থিতানাং এব, উৎপত্তেঃ, তথা ব্যক্তং—অভিব্যক্তং, মধ্যং—জন্মমরণান্তরালং, স্থিতিলক্ষণং যেষাং তানি ব্যক্তমধ্যানি। অব্যক্তে নিধনং—লয়ঃ, যেষাং তানি যানি এবং ভূতানি এব তত্র—তেষু, কা পরিদেবনা—কঃ শোক নিমিত্তঃ বিলাপঃ। প্রতিবুদ্ধস্য স্বপ্নদৃষ্টবস্তুষু ইব শোকঃ ন যুজ্যতে ইত্যর্থঃ ॥ ২৮ ॥

আদি, মধ্য ও নিধন=জন্মাগ্রে, ইহ জীবনে ও জীবনান্তে। অব্যক্তাদীনি=অব্যক্তং—অদর্শনং অনুপলব্ধিঃ আদিঃ যেষাং ভূতানাং পুত্রমিত্রাদি কার্য্যকারণ সংঘাতাত্মকানাং তানি। ব্যক্তমধ্যানি=গৃহীতজন্মানি উৎপন্নানি। অব্যক্তনিধনানি=অব্যক্তে স্বকারণে নিধনং প্রলয়ঃ যেষাং। পরিদেবনা=অদৃষ্ট দৃষ্ট বিনষ্ট ভ্রান্তিভূতেষু প্রলাপঃ।

হে ভারত! ভূতগণ স্বস্বকর্ম্মানুসারে নানাগ্রহ উপগ্রহে নানা যোনি পরিভ্রমণ করে, অতএব শতসহস্র জন্মগ্রহণ করিয়াও তাহারা নির্ব্বাণ মুক্তিলাভ করিতে পারে না। সাগর বক্ষে ঊর্ম্মিমালার ন্যায় জীবগণ উত্থিত হইয়া পরক্ষণেই পতিত হইতেছে পুনর্ব্বার উত্থিত হইতেছে। আমাদিগের সহিত জীবগণের সম্বন্ধ অতি অল্পকালের জন্য। তাহারা অগ্রে কোথায় ছিল, পরেই বা কোথায় থাকিবে, তাহা কে বলিতে পারে? ভীষ্ম দ্রোণাদির সহিত তোমার ও অল্প কালের সম্বন্ধ অতএব তুমি কিজন্য পরিতাপ করিতেছ।

মুনিগণ বলিয়াছেন,—

অদর্শনাদাপতিতঃ, পুনশ্চাদর্শনং গতঃ।
নাসৌ তব ন তস্য ত্বং, বৃথা কা পরিদেবনা॥

তুমি যাহার নিমিত্ত শোক করিতেছ সে তোমার দর্শন পথের অতীত ছিল এবং পুনর্ব্বার দর্শনাতীত হইবে অতএব সে ব্যক্তিও তোমার নহে, তুমিও তাহার নহ, তবে আর বৃথা বিলাপ করিবে কেন? ॥ ২৮ ॥

28. In comparison with the eternal existence of the soul, this span of life is like a drop in the ocean. Where this drop had been before we perceived it and where it will go when thrown again on the ocean's vast expanse none can say. We cannot say where this earth had existed before it formed a part of the universe and where it will go when destroyed. The only thing which is perceived for eternity is the universal soul (পরমাত্মা) or the Spirit of God. We should not therefore weep for things which are seen for a brief interval, but should concentrate our heart to that which is seen always. Some philosophers say that the duration of the human soul is coeval with a Kalpa which is equal to the Brahma's day.

আশ্চর্য্যবৎ পশ্যতি কশ্চিদেনম্,
আশ্চর্য্যবদ্বদতি তথৈব চান্যঃ।
আশ্চর্য্যবচ্চৈনমন্যঃ শৃণোতি,
শ্রুত্বাঽপ্যেনং বেদ ন চৈব কশ্চিৎ ॥ ২৯ ॥

কশ্চিৎ এনং আশ্চর্য্যবৎ পশ্যতি, তথা এব অন্যঃ চ আশ্চর্য্যবৎ বদতি. অন্যঃ চ এনং আশ্চর্য্যবৎ শৃণোতি, কশ্চিৎ শ্রুত্বা অপি এনং ন বেদ এব। ২৯ ॥

কোন ব্যক্তি এই আত্মাকে আশ্চর্য্যের ন্যায় দর্শন করে, অন্য কেহ বা আশ্চর্য্যের ন্যায় ইহাকে ব্যাখ্যাকরে, অপর কেহ বা আশ্চর্য্য কথার ন্যায় শ্রবণ করে এবং কেহ অন্যের নিকট শ্রবণ করিয়া ও ইহাকে বুঝিতে পারে না ॥২৯॥

29. Some see this soul as an object of wonder, others explain it as a marvel, some hear of it as a wonderful thing, whilst others fail to grasp it even when explained.

This comprises 4320000000 years. What is 50 years, the average duration of human life, to this vast immensity of time ?

স্বামী। কুতঃ তর্হি বিদ্বাংসঃ অপি লোকে শোচন্তি আত্মাজ্ঞানাৎ এব ইতি আশয়েন আত্মনঃ দুর্জ্ঞেয়তাং আহ—আশ্চর্য্যবৎ ইতি। কশ্চিৎ এনং—আত্মানং, শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং পশ্যন্ আশ্চর্য্যবৎ পশ্যতি—সর্ব্বগতস্য নিত্যজ্ঞানানন্দস্বভাবস্য আত্মনঃ অলৌকিকত্বাৎ ঐন্দ্রজালিকবৎ অঘটমানং পশ্যন্ ইব বিস্ময়েন পশ্যতি। অসম্ভাবনাভিভূতত্বাৎ, আশ্চর্য্যবৎ এব অন্যঃ বদতি, শৃণোতি চ অন্যঃ, কশ্চিৎ—পুনঃ বিপরীতভাবনাভিভূতঃ, শ্রুত্বা অপি ন বেদ, চ-শব্দাৎ উক্ত্বা অপি দৃষ্ট্বা অপি ন সম্যক্ বেদ ইতি দ্রষ্টব্যং ॥ ২৯ ॥

এনং=আত্মানং। আশ্চর্য্যবৎ=অদৃষ্টপূর্ব্বং অদ্ভুতং অকস্মাৎ দৃশ্যমানং।

ভগবান্ কহিতেছেন অর্জ্জুন! যে আত্মতত্ত্ব আমি তোমার নিকট কীর্ত্তন করিলাম তাহা উপলব্ধিকরা অত্যন্ত কঠিন। অনেক আশ্চর্য্য পদার্থ আছে কিন্তু আত্মতত্ত্ব সর্ব্বাপেক্ষা আশ্চর্য্য ও দুর্ব্বিজ্ঞেয়। সাধারণ লোক ইহাকে কি প্রকারে অনুভব করিবে। অপরোক্ষানুভূতি ব্যতীত আত্মদর্শন লাভ করাযায় না। মানব তাহার একাদশ ইন্দ্রিয়দ্বারা এই আত্মাকে উপলব্ধি করিতে সমর্থ হয় না। অন্তর্মুখ হইয়া মানস ও বুদ্ধিদ্বারা এই আত্মাকে দর্শন করাযায়। আত্মতত্ত্ববেত্তারা ইহাকে সম্যক্‌রূপে বুঝিতে না পারিয়া পরম আশ্চর্য্য পদার্থের ন্যায় ব্যাখ্যা করেন। যাঁহারা শ্রবণ করেন তাঁহারা ও বুঝিতে না পারিয়া আশ্চর্য্যান্বিত হন। অতএব তুমি ইহা সহজে বুঝিতে পারিবে না। যোগবলে সমাধি অবস্থায় এই তত্ত্বের উপলব্ধি করিতে পারিবে।

দেহী নিত্যমবধ্যোঽয়ং, দেহে সর্ব্বস্য ভারত।
তস্মাৎ সর্ব্বাণি ভূতানি, ন ত্বং শোচিতু মর্হসি ॥ ৩০ ॥

ভো ভারত! নিত্যং অবধ্যঃ অয়ং দেহী সর্ব্বস্য দেহে (তিষ্ঠতি) তস্মাৎ ত্বং সর্ব্বাণি ভূতানি শোচিতুং ন অর্হসি ॥ ৩০ ॥

হে ভরতবংশধর! সর্ব্বাবস্থায় অবধ্য এই জীবাত্মা সকলের শরীরেই বর্ত্তমান আছে, অতএব এইরূপ প্রাণিগণের জন্য তোমার শোক করা কর্ত্তব্য হয় না ॥ ৩০ ॥

30. O Descendant of Bharatha! this eternal and indestructible soul animates all living beings. Therefore, for all such beings thou shouldst not mourn.

শ্রুতি বলিতেছেন।—

শ্রবণায়াপি বহুভির্যো ন লভ্যঃ, শৃণ্বন্তো বহবো যং ন বিদ্যুঃ।
আশ্চর্য্যো বক্তা কুশলোঽস্য লব্ধঃ, আশ্চর্য্যো জ্ঞাতা কুশলানুশিষ্টঃ ॥

অনেক লোক এই আত্মতত্ত্ব আদৌ শ্রবণই করেন নাই। আবার যাঁহারা শ্রবণ করিয়াছেন তাঁহারাও বুঝিতে পারেন না, আত্মতত্ত্ববক্তা অতীব আশ্চর্য্য। আত্মসাক্ষাৎকারী পুরুষ অত্যন্ত কুশলী; গুরূপদিষ্ট হইয়া যিনি আত্মজ্ঞানলাভ করেন তিনি ও আশ্চর্য্য ॥ ২৯ ॥

29. Of the seven principles which form the human constitution, the Spirit is the seventh or the highest principle. So long as the animal soul (Kamarupa), predominates, it is impossible to grasp the nature and the capacity of the Spirit. It can only be known in a state of *Samadhi* when the objective world vanishes from the mind. It can only be grasped when the Ego is in Manasha (human soul) and in Buddhi (spiritual soul) ; in other words, by the aid of Manasha and Buddhi can the Spirit be known. It is, therefore, beyond the range of the external senses. Even the mind, when trembling like the flickering flame, cannot throw light upon it. Sir Edwin Arnold thus renders these lines in beautiful English verse. It is a liberal translation.

Wonderful, wistful to contemplate,
Difficult, doubtful to speak upon,
Strange and great for tongue to relate,
Mystical hearing for every one ;
Nor wotteth man this, what a marvel it is
When seeing, saying and hearing are done.

স্বধর্ম্মমপি চাবেক্ষ্য, ন বিকম্পিতু মর্হসি।
ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ, ক্ষত্রিয়স্য ন বিদ্যতে ॥ ৩১ ॥

অপি চ ত্বং স্বধর্ম্মং অবেক্ষ্য বিকম্পিতুং ন অর্হসি, হি ক্ষত্রিয়স্য ধর্ম্ম্যাৎ যুদ্ধাৎ অন্যৎ শ্রেয়ঃ ন বিদ্যতে ॥ ৩১ ॥

নিজ কর্ত্তব্য কার্য্যের প্রতি দৃষ্টি করিয়া ও তোমার বিচলিত হওয়া কর্ত্তব্য নহে। কারণ ক্ষত্রিয়ের পক্ষে ধর্ম্ম্যযুদ্ধ অপেক্ষা অধিক শ্রেয়স্কর কার্য্য আর কিছুই নাই ॥ ৩১ ॥

31. Further, thou shouldst not tremble at doing the duties of thy race. For, a Kshetriya soldier hath no duty higher than righteous war.

স্বামী। তৎ এবং অবধ্যত্বং আত্মনঃ সংক্ষেপেণ উপদিশন্ অশোচ্যত্বং উপসংহরতি—দেহী ইতি ॥ ৩০ ॥

দেহী=শরীরী জীবাত্মা। নিত্যং=সর্ব্বদা। অবধ্যঃ=নিরবয়বত্বাৎ নিত্যত্বাচ্চ হন্তুং অশক্যঃ। সর্ব্বস্য=প্রাণিজাতস্য। দেহে=শরীরে।

ক্ষুদ্র ক্ষুদ্র কীট ও মহাদ্রুমহইতে তৃণপর্য্যন্ত সমস্ত প্রাণিজগতে প্রাণ ও আত্মা অবস্থান করিতেছে, কিন্তু সকল পদার্থে তাহা সম্যক্‌রূপে প্রকাশিত নহে। আত্মার গুণ ও শক্তি-সকলের বর্ণনা উপসংহার করিয়া ভগবান্ কহিলেন অর্জ্জুন! এই অবিনাশী আত্মা মানব-হইতে ক্ষুদ্র ক্ষুদ্র কীট ও মহাদ্রুম হইতে তৃণ পর্য্যন্ত সমস্ত প্রাণিজগতে সর্ব্বকালে সমানভাবে অবস্থান করিতেছেন। তাহাকে তুমি কিপ্রকারে বধ করিবে? অতএব ভীষ্ম দ্রোণাদির বধ জন্য তুমি অনর্থক শোক করিও না। অর্জ্জুনের মনোবিকার ভ্রান্তিমূলক ও তামসিক-বৃত্তি প্রসূত। ভগবান্ তাহা বিশদরূপে সাংখ্যযোগাখ্য জ্ঞানদ্বারা বুঝাইয়া দিতেছেন। ধর্ম্মশাস্ত্রবেত্তারা উপনিষদে সদ্‌বস্তু পরমাত্মার যে ব্যাখ্যা করিয়াছেন, তাহাকে সাংখ্য বলিয়া থাকে। এইস্থানে একত্রিংশ শ্লোক হইতে অষ্টত্রিংশ শ্লোক-দ্বারা আধ্যাত্মিক ব্যাখ্যার উপসংহার করিয়া ভগবান্ স্বধর্ম্মরক্ষার্থ অর্জ্জুনকে উপদেশ দিতে লাগিলেন ॥ ৩০ ॥

30. Srikrishna concludes His description of the human soul (জীবাত্মা) by saying that it is changeless from eternity and immortal. This soul animates all living beings from the smallest grass to the largest tree and from the insignificant worm to the mighty man. Hence it is unreasonable to mourn for an immortal and all pervading soul. Having shewn how baseless was Arjuna's grief on spiritual grounds, Srikrishna now

proceeds to point out earthly considerations justifying his action in the field.

স্বামী। যৎ চ উক্তং অর্জ্জুনেন "বেপথুশ্চ শরীরে মে" ইতি তৎ অপি অযুক্তং ইতি আহ—"স্বধর্ম্মমপি" ইতি। আত্মনঃ নাশাভাবাৎ এব এতেষাং হননে অপি বিকম্পিতুং ন অর্হসি। কিঞ্চ স্বধর্ম্মং অপি অবেক্ষ্য বিকম্পিতুং ন অর্হসি ইতি সম্বন্ধঃ। যৎ চ উক্তং "ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে" ইতি অত্র আহ—ধর্ম্ম্যাৎ ইতি, ধর্ম্মাৎ অনপেতাৎ ন্যায্যাৎ যুদ্ধাৎ অন্যৎ ॥ ৩১ ॥

অপি—ন কেবলং পরমার্থতত্ত্বং অবেক্ষ্য, কিন্তু স্বধর্ম্মং অপি, ক্ষত্রিয়ধর্ম্মং অপি যুদ্ধে অপরাঙ্মুখত্বরূপং অবেক্ষ্য। স্বধর্ম্মং—ক্ষত্রিয়স্য ধর্ম্মং। অবেক্ষ্য—শাস্ত্রতঃ পর্য্যালোচ্য। বিকম্পিতুং—বিচলিতুং। শ্রেয়ঃ—শ্রেয়ঃসাধনং।

প্রথম অধ্যায়ে অর্জ্জুন বলিয়াছিলেন—"বেপথুশ্চ শরীরে মে" তাহাই লক্ষ্য করিয়া ভগবান্ তাঁহাকে বলিলেন যে তুমি ক্ষত্রিয়, কর্ত্তব্য কার্য্য সম্পাদন করিতে তুমি কি জন্য কম্পিত হইতেছ? তাহার পর বলিয়াছিলেন "ন চ শ্রেয়োঽনুপশ্যামি হত্বা স্বজনমাহবে" এবং এই অধ্যায়ে বলিয়াছিলেন "যচ্ছ্রেয়ঃ স্যান্নিশ্চিতং ব্রূহি তন্মে"। ইহার উত্তরে ভগবান্ নির্দ্দেশ করিলেন ক্ষত্রিয়ের পক্ষে ধর্ম্মযুদ্ধ হইতে অধিকতর শ্রেয়স্কর আর কি হইতে পারে। বর্ত্তমান যুদ্ধ ও ধর্ম্ম-যুদ্ধ, কারণ আততায়ী দুর্য্যোধনাদির অত্যাচার হইতে ভারতরক্ষা করিবার জন্য তুমি এই যুদ্ধে প্রবৃত্ত হইয়াছ। মনুও বলিয়াছেন—

সমোত্তমাধমৈ রাজা, চাহূতঃ পালয়ন্ প্রজাঃ।
ন নিবর্ত্তেত সংগ্রামাৎ, ক্ষাত্রং ধর্ম্ম মনুস্মরন্ ॥

প্রজা পালনতৎপর রাজা ক্ষত্রিয়ধর্ম্ম স্মরণ করিয়া উত্তম, সমান অথবা অধমব্যক্তি-কর্ত্তৃক আহূত হইলে যুদ্ধ হইতে প্রতিনিবৃত্ত হইবেন না। ভারতে স্বাধীন ক্ষত্রিয় রাজা এক্ষণ নাই। যে সকল পরাধীন রাজা আছেন তাঁহাদের এই ধর্ম্মোপদেশ স্মরণ রাখা অতীব কর্ত্তব্য। যে ক্ষত্রিয় রাজা যুদ্ধ বিশারদ নহেন ও ধর্ম্মযুদ্ধ করিতে কম্পিত হন তিনি কাপুরুষ বলিয়া ঘৃণিত ॥ ৩১ ॥

31. Righteous war (ধর্ম্মযুদ্ধ) is that war which is fought for freedom's sake, for the defence of one's fatherland or for enforcing one's just claims. It is distinguished from unrighteous war which is fought for bringing under subjection a weak race for the gratification of selfish motives. Srikrishna points out to His disciple the duty of a Kshetriya who is bound to fight a righteous war whenever national exigencies require it. The first line of this verse is in answer to Arjuna's remark in verse 29, Book I. and the second line answers his query in verse 31 of the same Book.

যদৃচ্ছয়া চোপপন্নং, স্বর্গদ্বারমপাবৃতম্।
সুখিনঃ ক্ষত্রিয়াঃ পার্থ, লভন্তে যুদ্ধমীদৃশম্ ॥ ৩২ ॥

ভোঃ পার্থ! সুখিনঃ ক্ষত্রিয়াঃ যদৃচ্ছয়া উপপন্নং অপাবৃতং স্বর্গদ্বারং (ইব) ঈদৃশং যুদ্ধং লভন্তে ॥ ৩২ ॥

হে পার্থ! সৌভাগ্যশালী ক্ষত্রিয়গণ স্বর্গের মুক্তদ্বার স্বরূপ ঈদৃশ অযাচিত যুদ্ধ লাভ করিয়া থাকেন ॥ ৩২ ॥

32. O Partha! blessed are the Kshattriya warriors who find as open gates of heaven an unsought-for battle like this.

স্বামী। কিঞ্চ মহতি শ্রেয়সি স্বয়ং এব উপস্থিতে সতি কুতঃ বিকম্পসে ইতি আহ— যদৃচ্ছয়া ইতি। যদৃচ্ছয়া—অপ্রার্থিতং এব, উপপন্নং—প্রাপ্তং, ঈদৃশং যুদ্ধং সুখিনঃ—সুভাগ্যাঃ এব লভন্তে, যতঃ অনিবারণং স্বর্গদ্বারং এব এতৎ। যদ্বা যঃ এবংবিধং যুদ্ধং লভন্তে তে এব সুখিনঃ ইত্যর্থঃ। এতেন "স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব" ইতি যৎ উক্তং তৎ নিরস্তং ভবতি ॥ ৩২ ॥

সুখিনঃ = পুণ্যবন্তঃ। যদৃচ্ছয়া = স্বপ্রযত্নব্যতিরেকেন। ঈদৃশং = ভীষ্মদ্রোণাদিবীর-পুরুষপ্রতিযোগিকং কীর্ত্তিরাজ্যলাভদৃষ্টফলসাধনং যুদ্ধং। অপাবৃতং স্বর্গদ্বারং = অপ্রতিবন্ধং স্বর্গসাধনং।

অর্জ্জুন প্রথম অধ্যায়ে বলিয়াছিলেন "স্বজনং হি কথং হত্বা সুখিনঃ স্যাম মাধব" উক্ত শ্লোকের উত্তরে ভগবান্ এই শ্লোকের অবতারণা করিয়া বলিলেন হে পার্থ আমি অগ্রেই বলিয়াছি যে এই যুদ্ধ ধর্ম্মযুদ্ধ। ইহাতে তুমি ইচ্ছাপূর্ব্বক নিযুক্ত হও নাই। দুর্বুদ্ধি দুর্য্যোধনাদির অত্যাচারে উত্তেজিত হইয়াই এই যুদ্ধ করিতে বাধ্য হইয়াছ। তোমার পক্ষে ইহা অযাচিত যুদ্ধ, ইহাতে তুমি জয়লাভ করিতে পারিলে ভারত সাম্রাজ্যের অধিপতি হইবে, আর যদি সংগ্রাম ভূমিতে তোমার নিধন হয় তবে মুক্ত পথে দেব-যানে গমন করিবে। অতএব তুমি ধন্য ও সৌভাগ্যবান্।

মনু বলিয়াছেন,—

আহবেষু মিথোঽন্যোন্যং, জিঘাংসন্তো মহীক্ষিতঃ।
যুধ্যমানাঃ পরং শক্ত্যা, স্বর্গংযান্ত্যপরাঙ্মুখাঃ ॥

অথ চেত্ত্বমিমং ধর্ম্ম্যং, সংগ্রামং ন করিষ্যসি।
ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিঞ্চ, হিত্বা পাপমবাপ্স্যসি ॥ ৩৩ ॥

অথ চেৎ ত্বং ইমং ধর্ম্ম্যং সংগ্রামং ন করিষ্যসি, ততঃ স্বধর্ম্মং কীর্ত্তিং চ হিত্বা পাপং অবাপ্স্যসি ॥ ৩৩ ॥

আর যদি তুমি এই ধর্ম্মযুদ্ধ না কর, তাহা হইলে ক্ষত্রিয় ধর্ম্ম এবং কীর্ত্তি-হইতে পরিভ্রষ্ট হইয়া পাপভাগী হইবে ॥ ৩৩ ॥

33. On the other hand, if thou wilt not fight this righteous battle, thou wilt forsake the duties of thy race and thy fame; and sin will overtake thee.

ক্ষত্রিয়রাজগণ পরস্পরের সহিত যুদ্ধ করিয়া পরাঙ্মুখ না হইলে তাঁহারা স্বর্গে গমন করেন। ভারতের ক্ষত্রিয়-রাজাদিগের এই ধর্ম্মোপদেশ স্মরণ রাখা অতীব কর্ত্তব্য ॥ ৩২ ॥

32. An unsought-for and a righteous battle like this is welcome to a Kshattriya soldier, for if he falls in the battle-field his soul is purified of all its sins and goes to heaven. He becomes a martyr, as he gives up his life in the cause of his country. A Kshattriya soldier cannot have a happier fate than this.

স্বামী। বিপক্ষে দোষং আহ অথ ইতি ॥ ৩৩ ॥

ধর্ম্ম্যং=ধর্ম্মাৎ অনপেতং। সংগ্রামং=যুদ্ধং। স্বধর্ম্মং=ক্ষত্রিয়স্য ধর্ম্মং। কীর্ত্তিং=মহাদেবাদিসমাগমনিমিত্তাং খ্যাতিং। কিরাতরূপী মহাদেবের সহিত অর্জ্জুনের বাহুযুদ্ধাদি-জনিত যশঃ। অবাপ্স্যসি=প্রাপ্স্যসি। পাপং=দুষ্কৃতং। চিরোপার্জ্জিত নিজ সুকৃত-পরিত্যাগেন পরোপার্জ্জিতদুষ্কৃতভাক্ মাভূঃ। স্বধর্ম্ম পালন না করিলে তোমার বহু জন্মার্জ্জিত পুণ্য বিনষ্ট হইবে এবং প্রতিপক্ষের পাপ তোমাকে আশ্রয় করিবে। যুদ্ধ করিলে কি ফল হইবে তাহা নির্দ্দেশ করিয়া, যুদ্ধে পরাঙ্মুখ হইলে কি হইবে ভগবান্ তাহাই প্রদর্শন করিতেছেন। লোকসংগ্রহার্থে যে যুদ্ধ করা হয় তাহাকে ধর্ম্ম যুদ্ধ বলে। ধর্ম্ম-যুদ্ধে রথবিহীন যোদ্ধা, ক্লীব, শরণাগত, মুক্তকেশ, নিদ্রিত, উলঙ্গ, যুদ্ধদর্শন জন্য সমাগত, যুদ্ধপরীক্ষার্থী, ভীত ও পলায়নপর ব্যক্তিদিগকে নিহত করিবে না। এইরূপে ধর্ম্মযুদ্ধ করিতে ভগবান অর্জ্জুনকে আদেশ করিলেন। তিনি বলিলেন অর্জ্জুন,

অকীর্ত্তিঞ্চাপি ভূতানি, কথয়িষ্যন্তি তেঽব্যয়াম্।
সম্ভাবিতস্য চাকীর্ত্তি, র্মরণাদতিরিচ্যতে ॥ ৩৪ ॥

অপিচ ভূতানি তে অব্যয়াং অকীর্ত্তিং চ কথয়িষ্যন্তি। সম্ভাবিতস্য অকীর্ত্তিঃ মরণাৎ অতিরিচ্যতে ॥ ৩৪ ॥

আর লোক সকল তোমার ঘোর অকীর্ত্তি ঘোষণা করিবেক। সম্মানিত ব্যক্তির অযশঃ মৃত্যু হইতে ও অধিকতর ক্লেশদায়ক ॥ ৩৪ ॥

34. Further, men will proclaim thy everlasting disgrace, and disgrace to an honorable man is worse than death itself.

যদি তুমি এইরূপ ধর্ম্ম সংগ্রাম না কর, তাহা হইলে তোমার ক্ষত্রিয় ধর্ম্ম ও ইহ জীবনের সঞ্চিত কীর্ত্তিকলাপ বিনষ্ট হইবে। মনু বলিয়াছেন যদি কোন ক্ষত্রিয় সম্মুখ যুদ্ধে ভীত হইয়া রণে পরাঙ্মুখ হয় তাহা হইলে তাহার প্রতিদ্বন্দ্বী তাহাকে নিহত করিলে হত্যাকারীর সমস্ত পাপ নিহত ব্যক্তিকে আশ্রয় করে এবং হত ব্যক্তির সমস্ত পুণ্য হত্যাকারীকে আশ্রয় করে। অর্জ্জুন! তুমি যুদ্ধে বিরত হইলে তোমার সঞ্চিত পুণ্য বিনষ্ট হইয়া অন্যের পাপ তোমাকে আশ্রয় করিবে ॥ ৩৩ ॥

33. This verse describes what would befall Arjuna if he were to forsake this righteous war. The honour of his race and the fame of his past achievements would disappear, and in their place sin would overtake him.

স্বামী। কিঞ্চ অকীর্ত্তিং ইত্যাদি। অব্যয়াং—শাশ্বতীং, সম্ভাবিতস্য—বহুমতস্য, অতিরিচ্যতে—অধিকা ভবতি ॥ ৩৪ ॥

ভূতানি = দেবর্ষিমনুষ্যাদীনি। অব্যয়াং = দীর্ঘকালস্থায়িনীং, সর্ব্বদেশকালব্যাপিনীং। সম্ভাবিতস্য = (সম্ভাবনা = পূজা) শৌর্য্যবীর্য্যপরাক্রমাদিভির্বহুমতস্য, বলবিক্রম জন্য যিনি লোক সমাজে পূজ্য তাঁহার।

এই ধর্ম্মযুদ্ধ পরিত্যাগ করিলে অর্জ্জুনের কেবল পারলৌকিক অমঙ্গল হইবে এমত নহে, ইহলোকেও তিনি লোক সমাজে ঘৃণিত হইবেন। তজ্জন্য ভগবান্ কহিলেন অর্জ্জুন! সকলে চিরকালের জন্য তোমার অকীর্ত্তি ঘোষণা করিবে। তোমার ন্যায় অর্থাৎ শৌর্য্য-বীর্য্যাদিগুণে বহুজন কর্ত্তৃক সমাদৃত,মহাত্মার অযশঃ মৃত্যু হইতেও অধিকতর ক্লেশ কর ॥ ৩৪ ॥

ভয়াদ্রণাদুপরতং, মংস্যন্তে ত্বাং মহারথাঃ।
যেষাঞ্চ ত্বং বহুমতো, ভূত্বা যাস্যসি লাঘবম্ ॥ ৩৫ ॥

মহারথাঃ ত্বাং ভয়াৎ রণাৎ উপরতং মংস্যন্তে। ত্বং যেষাং (পূর্ব্বং) বহুমতঃ ভূত্বা (ইদানীং) লাঘবং যাস্যসি ॥ ৩৫ ॥

তুমি ভয়ে সংগ্রামহইতে বিরত হইতেছ ভীষ্মদ্রোণাদি বীরগণ এইরূপ মনে করিবেন। তুমি যাঁহাদিগের নিকট নানারূপে সম্মানিত হইয়াছিলে তাঁহারা তোমাকে অনাদর করিবেন ॥ ৩৫ ॥

35. These generals will think that thou leavest the battle-field for fear, and thou wilt be despised by those who highly esteemed thee.

34. By forsaking a righteous war like this, Arjuna would not only lose his prospects in the world to come, but his honour, fame and reputation as a great warrior in this, would, for ever, disappear. In other words, he would be a loser both in this world and in the world to come.

স্বামী। কিঞ্চ ভয়াৎ ইতি। যেষাং বহুগুণত্বেন ত্বং পূর্ব্বং সম্মতঃ অভূঃ তে এব ভয়াৎ সংগ্রামাৎ ত্বাং নিবৃত্তং মন্যেরন্ ততঃ চ পূর্ব্বং বহুমতঃ ভূত্বা লাঘবং যাস্যসি ॥ ৩৫ ॥

মহারথাঃ = ভীষ্মদ্রোণাদয়ঃ। ভয়াৎ = কর্ণাদিভ্যো ভয়াৎ। রণাৎ = যুদ্ধাৎ। উপরতং = নিবৃত্তং। মংস্যন্তে = চিন্তয়িষ্যন্তি। বহুমতঃ = বহুভিগুর্ণৈর্যুক্তঃ। লাঘবং = হীনতাং লঘুভাবং।

সাধারণ লোকের মত গ্রাহ্য নহে অর্জ্জুন এইরূপ মনে করিলেও করিতে পারেন এই আশঙ্কায় ভগবান্ বীরগণের কি মত তাহাও প্রকাশ করিয়া বলিলেন।

অর্জ্জুন! তুমি যে বন্ধুগণের স্নেহে কৃপাপরবশ হইয়া সংগ্রাম বিমুখ হইতেছ এরূপ কেহই মনে করিবে না। অপিচ তুমি ভয়প্রযুক্ত রণে ভঙ্গদিয়া পলায়ন করিলে ভীষ্মদ্রোণাদিবীরগণ ইহাই মনে করিবে। তুমি এই সকল বীরগণের ঘৃণিত হইবে। অর্জ্জুন কর্ণাদির ভয়ে সম্মুখ সমরহইতে পলায়ন করিল তাঁহারা এইরূপই মনে করিবেন ॥ ৩৫ ॥

35. Srikrishna, as if reading the thought of Arjuna that he cared

আবাচ্য বাদাংশ্চ বহূন্, বদিষ্যন্তি তবাহিতাঃ।
নিন্দন্তস্তব সামর্থ্যং, ততো দুঃখতরং নু কিম্ ॥ ৩৬ ॥

অপিচ তব অহিতাঃ তব সামর্থ্যং নিন্দন্তঃ বহূন্ অবাচ্যবাদান্ বদিষ্যন্তি ততঃ দুঃখতরং কিং নু ? ॥ ৩৬ ॥

আর তোমার শত্রুগণ তোমার বল-বীর্য্যের নিন্দা করত তোমার সম্বন্ধে অনেক গ্লানি সূচক বাক্য প্রয়োগ করিবেন। বল দেখি, ইহা অপেক্ষা আর অধিক কষ্টকর বিষয় কি হইতে পারে ? ॥ ৩৬ ॥

36. And thy foemen despising thy strength, will speak many a vile thing against thee. O, tell me what can be more painful than that ?

---

but little for the opinion of the ignorant *masses*, said, " These assembled warriors, your comrades in arms, would think that your hasty retreat from the battle-field is for fear and not for compassion. You would be hated by those who respected you."

A warrior who can fight single-handed with ten thousand soldiers is called a মহারথ.

স্বামী। কিঞ্চ অবাচ্যবাদান্ ইত্যাদি অবাচ্যান্ বাদান্—বচনানর্হান্ শব্দান্, তব অহিতাঃ—ত্বচ্ছত্রবঃ, বদিষ্যন্তি ॥ ৩৬ ॥

অবাচ্যবাদান্=গর্হিতবাক্যানি, অকথ্য কথা। বহূন্=অনেকপ্রকারান্। অহিতাঃ— শত্রবঃ, শত্রুগণ। সামর্থ্যং=কিরাত রূপিনা শিবেন সহ যুদ্ধে শৌর্য্যবীর্য্যং।

আমি যুদ্ধ না করিলে ভীষ্মাদি আমাকে নিন্দা করিতে পারেন কিন্তু দুর্য্যোধনাদি আমাকে যুদ্ধে বিরত দেখিয়া সন্তুষ্ট হইবেক, অর্জ্জুনের এই ভ্রমাত্মক জ্ঞানের অপনয় করিবার মানসে ভগবান্ বলিলেন যে, শত্রুগণ ও তোমার বলবীর্য্যের ধিক্কার দিয়া তোমার নিন্দা করিবে। অনেক পরিশ্রম করিয়া যে আশ্চর্য্য যুদ্ধ কৌশল শিক্ষা করিয়াছ ও যে সামর্থ্য প্রভাবে তুমি নিবাত কবচাদিকে বধ ও স্বয়ং দেবাদিদেব মহাদেবের সহিত মল্লযুদ্ধ করিয়াছিলে তোমার শত্রুগণ তাহার নিন্দা করিবে। ভীষ্মদ্রোণাদির বধজনিত শোক হইতে এই নিন্দা কি অধিকতর কষ্টজনক নহে ? ॥ ৩৬ ॥

হতো বা প্রাপ্স্যসি স্বর্গং, জিত্বা বা ভোক্ষ্যসে মহীম্।
তস্মাদুত্তিষ্ঠ কৌন্তেয়, যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ ॥ ৩৭ ॥

হতঃ বা (ত্বং) স্বর্গং প্রাপ্স্যসি, জিত্বা বা মহীং ভোক্ষ্যসে তস্মাৎ ভোঃ কৌন্তেয়! যুদ্ধায় কৃতনিশ্চয়ঃ (সন্) উত্তিষ্ঠ ॥ ৩৭ ॥

তুমি যুদ্ধে হতহইলে স্বর্গভোগ করিবে, অথবা জয়লাভ করিলে পৃথিবীতে আধিপত্য করিবে, অতএব হে কৌন্তেয়! যুদ্ধার্থে দৃঢ়ব্রত হইয়া গাত্রোত্থান কর ॥ ৩৭ ॥

37. If thou be killed in battle thou enjoyest heaven, or if thou be victorious thou enjoyest the world. Therefore, O son of Kunthi! arise resolved to fight.

36. Srikrishna again reading the thought of Arjuna said "do not think that even your enemies would praise your compassion for them. They would say that you are running away for fear of life and that the strength of your arm which was irresistible has disappeared."

স্বামী। যৎ উক্তং "নচৈতদ্বিদ্ম" ইতি তত্র আহ—হতো বা ইত্যাদি। পক্ষদ্বয়ে অপি তব লাভঃ এব ইত্যর্থঃ ॥ ৩৭ ॥

দ্বিতীয় অধ্যায়ের ষষ্ঠ শ্লোকে অর্জ্জুন বলিয়াছেন—"নচৈতদ্বিদ্মঃ" ইত্যাদি তাহার উত্তরে ভগবান্ বলিতেছেন তুমি রণে নিহত হইলে স্বর্গে গমন করিবে। দুর্য্যোধনাদিকে জয় করিতে পারিলে ভারত সাম্রাজ্যের আধিপত্য করিবে। অতএব উভয় পক্ষে তোমার লাভ। যুদ্ধ না করিলে তোমার সকল প্রকার অমঙ্গল। অতএব স্থির নিশ্চয় হইয়া যুদ্ধার্থে উত্থান কর।

ভারতে ক্ষত্রিয়গণ মধ্যে সমর কুশলতা দিন দিন হীনতা প্রাপ্ত হইতেছে। সংগ্রাম ভূমিতে সম্মুখ সমরে পতিত হইলে ক্ষত্রিয় বীরগণের যে স্বর্গ লাভহয় তাহা ক্ষত্রিয়গণের মন হইতে ক্রমে ক্রমে তিরোহিত হইতেছে। ধর্ম্মশাস্ত্রের উপদেশ সকল উপেক্ষা করিয়া আমাদিগের বর্ত্তমান হীনাবস্থা হইয়াছে। কেহ কেহ বলিয়া থাকেন যে বঙ্গদেশবাসী কায়স্থগণও ক্ষত্রিয়বংশ সম্ভূত। যুদ্ধবিদ্যাই তাঁহাদিগের জাতীয় ধর্ম্মছিল। এই জাতীয় মহান্ ধর্ম্মের পুনরুত্থান না হইলে ভারতের ক্ষত্রিয় ও কায়স্থ জাতির উন্নতি হইবেক না ॥ ৩৭ ॥

37. This verse is in answer to Arjuna's query in verse 6, in which he declared that he would be a loser whether he were vanquished or victorious. Srikrishna says "in both these cases you would be a gainer provided you be killed in the battle-field when defeated. It is impossible to control the chances of victory and defeat, but when a Kshattriya soldier is defeated, he should fight to the last and sell his life dearly."

সুখ দুঃখে সমে কৃত্বা, লাভালাভৌ জয়াজয়ৌ।
ততো যুদ্ধায় যুজ্যস্ব, নৈনং পাপমবাপ্স্যসি ॥ ৩৮ ॥

সুখদুঃখে সমে কৃত্বা, লাভালাভৌ জয়াজয়ৌ (সমৌ কৃত্বা) যুদ্ধায় যুজ্যস্ব ততঃ এনং পাপং ন অবাপ্স্যসি ॥ ৩৮ ॥

এই ধর্ম্মযুদ্ধে কোন ফললাভের আশা না করিয়া সুখে ও দুঃখে, লাভে ও অলাভে, জয়ে এবং পরাজয়ে সমান জ্ঞান করিয়া যুদ্ধে প্রবৃত্ত হও। এইরূপ নিষ্কাম হইয়া যুদ্ধ করিলে জ্ঞাতিবধ জনিত কোন পাপ তোমাকে স্পর্শ করিবে না ॥ ৩৮ ॥

38. Equally balancing pleasure and pain, profit and loss, victory and defeat continue thy fight. Then the sin of slaughtering thy kin will not touch thee.

স্বামী। যৎ অপি উক্তং "পাপমেবাশ্রয়ে দস্মান্" ইতি তত্র আহ—সুখদুঃখে ইত্যাদি। সুখদুঃখে; সমে কৃত্বা তথা তয়োঃ চ কারণভূতৌ লাভালাভৌ অপি তৎকারণভূতৌ জয়াজয়ৌ অপি সমৌ কৃত্বা এতেষাং সমত্বে কারণং হর্ষবিষাদরাহিত্যং, যুজ্যস্ব—সন্নদ্ধঃ ভব, সুখদুঃখাদ্যভিলাষং হিত্বা স্বধর্ম্মবুদ্ধ্যা যুধ্যমানঃ পাপং ন প্রাপ্স্যসি ইত্যর্থঃ ॥ ৩৮ ॥

সুখদুঃখে সমেকৃত্বা = সুখে চ দুঃখে চ রাগদ্বেষরহিতঃ, সুহৃজ্জীবনমরণাদি নিমিত্তয়োঃ সুখ দুঃখয়োঃ সমতাং বিধায়, স্বর্গাদি ফলাভিসন্ধি রহিতঃ কেবলং কার্য্যবুদ্ধ্যা। লাভঃ = শত্রুকোষাদি প্রাপ্তিঃ। অলাভঃ = তদ্বিপর্য্যয়ঃ। জয়ঃ = ন্যায়েন যুদ্ধেন অপরিভূতেন পরস্য পরিভবঃ। অজয়ঃ = তদ্বিপর্য্যয়ঃ। পাপং = গুরু ব্রাহ্মণাদি বধ জনিতং দুষ্কৃতং, অথবা সুখ দুঃখ স্বরূপং সংসার বন্ধনং।

প্রথম অধ্যায়ের ষট্‌ত্রিংশ শ্লোকে অর্জ্জুন বলিয়াছেন "পাপমেবাশ্রয়েদস্মান্" তাহার উত্তরে সাংখ্যযোগের পার্থিব ব্যাখ্যা উপসংহার করিয়া ভগবান্ কহিলেন হে অর্জ্জুন! তুমি সুখ দুঃখ, লাভ অলাভ, জয় ও পরাজয় ইত্যাদি ফলাভিসন্ধি সম্যক্ পরিত্যাগ করিয়া এই মহাসমরে ব্রতী হও। নিজ স্বার্থত্যাগ না করিলে কোন মহৎ কার্য্য সুসম্পন্ন হয় না। তুমি লোক সংগ্রহার্থে এই মহৎ কার্য্যে প্রবৃত্ত হইয়াছ, যুদ্ধের ফলের সহিত তোমার কোন ও সংশ্রব নাই। তুমি আত্মবিসর্জ্জন দিয়া এই কার্য্যে প্রবৃত্ত হও। আমি তোমার স্বর্গাদি ফলের কথা উল্লেখ করিয়াছি বটে, কিন্তু ইহা আনুসঙ্গিক ফল মাত্র। লোকে যে রূপ ফল পাইবার মানসে আম্রবৃক্ষ রোপণ করে, কিন্তু উহাদ্বারা ছায়া প্রভৃতি অনেক আনুসঙ্গিক ফলও লাভ করে তদ্রূপ স্বধর্ম্ম রক্ষা তোমার এক মাত্র উদ্দেশ্য স্থির করিয়া নিষ্কামভাবে যুদ্ধে নিযুক্ত হও। তাহা হইলে গুরু ও বন্ধুজনবধজনিত পাপ তোমাকে স্পর্শ করিতে পারিবে না ॥ ৩৮ ॥

এষা তেঽভিহিতা সাংখ্যে, বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু।
বুদ্ধ্যা যুক্তো যয়া পার্থ, কর্ম্মবন্ধং প্রহাস্যসি ॥ ৩৯ ॥

ভোঃ পার্থ! (ময়া) সাংখ্যে এষা বুদ্ধিঃ তে অভিহিতা। তু যোগে (ত্বং) ইমাং শৃণু। যয়া বুদ্ধ্যা যুক্তঃ (সন্) কর্ম্ম বন্ধং প্রহাস্যসি ॥ ৩৯ ॥

হে পার্থ! আমি তোমাকে সাংখ্য-যোগ নামক জ্ঞান-যোগের উপদেশ করিলাম। এক্ষণ কর্ম্মযোগ বলিতেছি শ্রবণ কর। তুমি যে জ্ঞান লাভ করিলে কর্ম্ম বন্ধন হইতে মুক্তি লাভ করিবে ॥ ৩৯ ॥

39. O Partha! thus far have I spoken to thee the philosophy of the soul. Now hear the doctrines of practical philosophy by knowing which thou shalt be able to sever the bonds of *Karma*.

---

38. In verse 36, Book I., Arjuna said that though the Kurus were guilty of high crimes still nothing but sin would befall him by slaughtering them. This verse shews that his fear was not well-grounded. Arjuna is asked to sacrifice all personal motives, to hold alike pleasure and pain, defeat and victory and to fight for the sake of his motherland. Srikrishna says "O Arjuna! if you are solely actuated by this high resolve and if all base motives, revenge, lust of pelf and pleasure of victory, have left you, no sin can befall you." Here end the earthly considerations justifying the war.

স্বামী। উপদিষ্টং জ্ঞানযোগং উপসংহরন্ তৎসাধনং কর্ম্মযোগং প্রস্তৌতি—এষা ইতি। সম্যক্ খ্যায়তে—প্রকাশ্যতে, বস্তুতত্ত্বং অনয়াইতি, সংখ্যা—সম্যক্ জ্ঞানং, তস্যাং প্রকাশমনং আত্মতত্ত্বং সাংখ্যং তস্মিন্ করণীয়া বুদ্ধিঃ এষা তব অভিহিতা এবং অভিহিতায়াং অপি তব চেৎ আত্মতত্ত্বং অপরোক্ষং ন ভবতি তর্হি অন্তঃকরণশুদ্ধিদ্বারা আত্মতত্ত্বাপরোক্ষার্থং কর্ম্মযোগে তু ইমাং বুদ্ধিং শৃণু, যয়া বুদ্ধ্যা যুক্তঃ—পরমেশ্বরার্পিত-কর্ম্মযোগেন শুদ্ধান্তঃকরণঃ, সন্ তৎপ্রসাদলব্ধাপরোক্ষজ্ঞানেন কর্ম্মাত্মকং বন্ধং প্রকর্ষেণ হাস্যসি—ত্যক্ষ্যসি ॥ ৩৯ ॥

সাংখ্য=(সম্—সম্যক্+খ্যা=প্রকাশ বস্তুতত্ত্ব) পরমার্থ বস্তুবিবেক। যে শাস্ত্রদ্বারা উপনিষদের প্রতিপাদ্য পরমাত্মা বিষয়ক সম্যক্ জ্ঞানলাভ করায় তাহাকে সাংখ্যশাস্ত্র কহে। বুদ্ধিঃ=জ্ঞানং, সাক্ষাৎ শোক মোহাদি সংসার হেতু দোষে নিবৃত্তি কারনণং।

যোগে=কর্ম্মযোগে, ফলাভিসন্ধি ত্যাগ লক্ষণ কর্ম্মানুষ্ঠানে। বুদ্ধ্যা=পরমেশ্বরার্পিত-

নেহাতিক্রমনাশোঽস্তি, প্রত্যবায়ো ন বিদ্যতে।
স্বল্পমপ্যস্য ধর্ম্মস্য, ত্রায়তে মহতো ভয়াৎ ॥ ৪০ ॥

ইহ অতিক্রমনাশঃ ন অস্তি, প্রত্যবায়ঃ ন বিদ্যতে, অস্য ধর্ম্মস্য স্বল্পং অপি মহতঃ ভয়াৎ ত্রায়তে ॥ ৪০ ॥

এই নিষ্কাম কর্ম্মযোগের প্রারম্ভ কখনও নিষ্ফল হয় না। ইহা বিশুদ্ধ ভাবে না করিতে পারিলে ও কোন দোষ হয় না। এই ধর্ম্মের অত্যল্প অনুষ্ঠান করিতে পারিলেও সংসারের বিষম কষ্ট হইতে পরিত্রাণ লাভ করিতে পারা যায় ॥ ৪০ ॥

40. Even the initial efforts of this Yog can never end without fruit. No sin befalleth if it is not performed in perfection. A little of this devotion saveth man from the great troubles of this life.

কর্ম্মযোগেন। কর্ম্মবন্ধং=কর্ম্মৈব ধর্ম্মাধর্ম্মাখ্যো বন্ধঃ তং। প্রহাস্যসি=ঈশ্বর প্রসাদ নিমিত্ত জ্ঞানপ্রাপ্ত্যা ত্যক্ষ্যসি।

এই অধ্যায়ের দ্বাদশ শ্লোক হইতে ত্রিশ শ্লোকদ্বারা ভগবান্ সাংখ্যযোগের ব্যাখ্যা করিয়া বলিলেন অর্জ্জুন! আমি এযাবৎ তোমাকে তত্ত্বজ্ঞানের কথা কহিলাম। ইহাতেও যদি তোমার সম্যক্ জ্ঞানোদয় না হইয়া থাকে তবে তোমাকে কর্ম্মযোগের কথা বলিতেছি, তাহা শ্রবণ কর। ফলে ঈশ্বরার্পিত কর্ম্মযোগ ভিন্ন কখনও জ্ঞানযোগ হইতে পারে না। যাঁহারা জ্ঞানযোগী, তাঁহাদের পক্ষে কর্ম্মযোগের অনুষ্ঠান অনাবশ্যক। তৃতীয় অধ্যায়ের তৃতীয় শ্লোকে ভগবান্ দ্বিবিধ নিষ্ঠার কথা বলিয়াছেন। জ্ঞান—যোগীদিগকে সাংখ্য এবং কর্ম্মযোগীদিগকে যোগী বলা হয় ॥ ৩৯ ॥

39. Srikrishna found that His disciple had not been able to grasp His teachings regarding the Universal Soul, contained in verses from 12 to 30. In fact, it was impossible for Arjuna who had acquired no self-knowledge to realize by an inward concentration of thought that blissful state of Nirvana referred to in verse 15. The first thing necessary was to awaken in him the divine germ of spirituality by

the practice of good work. But this good work must be done without any motive of reward either in this life or in the lives to come. By working disinterestedly for the good of humanity the soul may gradually free itself from the bonds of Karma or as it is called Karma-Bandhan. A spiritually advanced man whether in his physical or astral body, who has found a paradise in his own soul, need not practise the Karma Yog for the elevation or the purification of his soul. But the practice of this Yog is absolutely necessary for those who aspire to spiritual greatness.

স্বামী। ননু কৃষ্যাদিবৎ কর্ম্মণাং কদাচিৎ বিঘ্নবাহুল্যেন ফলে ব্যভিচারাৎ মন্ত্রাদ্যঙ্গ বৈগুণ্যেন চ প্রত্যবায়সম্ভবাৎ কুতঃ কর্ম্মযোগেন কর্ম্মবন্ধপ্রহরণং তত্র আহ—নেহইতি। ইহ—নিষ্কামকর্ম্মযোগে, অতিক্রমস্য—প্রারম্ভস্য, নাশঃ—নিষ্ফলত্বং, ন অস্তি, প্রত্যবায়ঃ চ ন বিদ্যতে ঈশ্বরোদ্দেশেন এব বিঘ্নবৈগুণ্যাদ্যসম্ভবাৎ। কিঞ্চ অস্য ধর্ম্মস্য—ঈশ্বরারাধনার্থ কর্ম্মযোগস্য, স্বল্পং অপি কৃতং মহতঃ ভয়াৎ—সংসারলক্ষণাৎ, ত্রায়তে—রক্ষতি, নতু কাম্য-কর্ম্মবৎ কিঞ্চিৎ অঙ্গবৈগুণ্যাদিনা নৈষ্ফল্যং অস্য ইত্যর্থঃ॥ ৪০॥

ইহ=কর্ম্মযোগে। অতিক্রমঃ=(অতি=সম্বন্ধ+ক্রম=করা) কর্ম্মণা প্রারভ্যতে যৎফলং সঃ, প্রারম্ভঃ। নাশঃ=ফলসাধনাভাবঃ। প্রত্যবায়ঃ=অঙ্গবৈকল্যনিবন্ধনং বৈগুণ্যং। নিষ্কামভাবে ঈশ্বরারাধনা ও লোকসংগ্রহের উপকার করার নাম কর্ম্মযোগ। এই কর্ম্মযোগের আরম্ভ কখনও নিষ্ফল হয় না। কর্ম্মযোগের অনুষ্ঠানদ্বারা সমাজের ও দেশের মঙ্গল সাধিত হয় ও দয়া, ধৈর্য্য, ক্ষমা ইত্যাদি মহান্ গুণসমূহ পরিচালিত হইয়া কর্ম্মযোগীর মনঃ পবিত্র হয়।

ইহার অনুষ্ঠান মাত্রেই মঙ্গল হয়। ইহা কখন ও নিষ্ফল হয় না। কারণ কর্ম্মযোগী কোন ফলাকাঙ্ক্ষা করেন না। কামনাপূর্ণ ব্যক্তিরাই জগতে বিষম কষ্ট পাইয়া থাকে। পাছে অভীষ্ট নষ্ট হয় সেই ভয়ে তাহারা ভীত ও সর্ব্বদা উদ্বিগ্ন থাকে। যিনি নিষ্কামভাবে ঈশ্বরার্পিত কর্ম্মযোগের অনুষ্ঠান করেন, তাঁহার ভয় কি কোন প্রকার চিন্তার আশঙ্কা থাকেনা॥ ৪০॥

40. This verse says in effect "Every one shall work according to his capacity, however humble it might be." The man who works this "Karma Yog" believes that the sole object of his existence on this physical plane is to do good to humanity. Srikrishna says that however imperfect and humble the initial effort might be, it cannot be fruitless. It will, in every case

ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ, একেহ কুরুনন্দন।

বহুশাখা হ্যনন্তাশ্চ, বুদ্ধয়োঽব্যবসায়িনাম্ ॥ ৪১ ॥

ভোঃ কুরুনন্দন! ইহ ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ একা (ভবতি), অব্যবসায়িনাং বুদ্ধয়ঃ হি অনন্তাঃ বহুশাখাঃ চ (ভবন্তি) ॥ ৪১ ॥

হে কুরুনন্দন! ইহ লোকে পরমার্থতত্ত্বজ্ঞানযুক্ত বুদ্ধি একটী মাত্র জানিবে। কামীদিগের কামনাযুক্ত বুদ্ধি অসংখ্য ও বহুশাখাবিশিষ্ট ॥ ৪১ ॥

41. O Descendant of Kuru! in this world there is but one religion—the worship of the Spirit of God. But the religion of those who seek in it the gratification of their desires is endless and has numerous branches.

---

serve a double purpose viz (*i*) it will purify the mind, and expand the heart of the doer, and (*ii*) it will produce some benefit on society. It will also save the doer from the great miseries and disappointments of this world. Ordinarily, unspiritual men always work with a desire, and all their sorrows and mortifications arise whenever they meet with reverses. But Karma Yogees who work without a motive, have nothing to gain or lose, and are therefore free from the troubles of this world. But how many such workers have we in our midst? We shall leave our readers to answer.

স্বামী। কুতঃ ইতি অপেক্ষায়াং উভয়োঃ বৈষম্যং আহ—ব্যবসায়াত্মিকা ইতি। ইহ—ঈশ্বরারাধনলক্ষণে কর্ম্মযোগে, ব্যবসায়াত্মিকা—"পরমেশ্বরভক্ত্যা এব ধ্রুবং তরিষ্যামি" ইতি নিশ্চয়াত্মিকা, একাএব—একনিষ্ঠা এব বুদ্ধিঃ ভবতি। অব্যবসায়িনাং—তু ঈশ্বরারাধনবহির্মুখানাং কামিনাং, কামানাং আনন্ত্যাৎ অনন্তাঃ, তত্র অপি কর্ম্মফলগুণফলত্বাদিপ্রকারভেদাৎ বহুশাখাঃ চ বুদ্ধয়ঃ ভবন্তি, ঈশ্বরারাধনার্থং হি নিত্যং নৈমিত্তিকং চ কর্ম্ম কিঞ্চিৎ অঙ্গবৈগুণ্যে অপি ন নশ্যতি "যথা শক্নুয়াৎ তথা কুর্য্যাৎ" ইতি হি তৎ বিধীয়তে। নচ বৈগুণ্যং অপি ঈশ্বরোদ্দেশেন এব বৈগুণ্যোপশমাৎ নতু তথা কাম্যং কর্ম্ম অতঃ মহৎ বৈষম্যং ইতি ভাবঃ ॥ ৪১ ॥

ইহ = অস্মিন্ লোকে। অথবা নিষ্কাম কর্ম্মযোগে।

ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ = পরমেশ্বরারাধনেনৈব সংসারং তরিষ্যামি ইতি নিশ্চয়াত্মিকা একনিষ্ঠৈব বুদ্ধিঃ। কেবল পরমেশ্বরআরাধনাদ্বারা এবং তাঁহার প্রিয়কার্য্য সাধনদ্বারা আমি দুস্তর সংসারসাগর পার হইতে পারিব এইরূপ নিশ্চয়াত্মিকা বুদ্ধিকে ব্যবসায়াত্মিকা বুদ্ধি বলে। অব্যবসায়িনাং = ঈশ্বরারাধনবহির্মুখানাং কামিনাং। ঈশ্বর আরাধনা করিয়া স্বর্গপুত্রাদি কামনায় যজ্ঞাদির অনুষ্ঠাতাদিগের। অনন্তাঃ = অশেষবিধাঃ। বহুশাখাঃ = কামানাং অনেকভেদাঃ।

ভগবান্ এই শ্লোকে নিষ্কাম ও সকাম কর্ম্মযোগের পার্থক্য প্রদর্শন করিতেছেন। তিনি বলিলেন, হে অর্জ্জুন! যে কর্ম্মযোগের কথা আমি এই স্থানে উল্লেখ করিলাম ও যাহা বিস্তারিত রূপে তৃতীয় অধ্যায়ে বলিব তাহার অনুষ্ঠান করত সমস্ত কামনা পরিত্যাগ পূর্ব্বক কেবল পরমেশ্বরে ভক্তি করিলেই এই দুস্তর সংসারসাগরহইতে নিস্তার পাইবে এই জ্ঞান তোমার মনোমধ্যে দৃঢ় কর। এই নিষ্কাম তত্ত্বজ্ঞানলাভার্থ কর্ম্মযোগ, জীবকে অন্য কোন দিকে না লইয়া ব্রহ্মেতে আনয়ন করে, ইহার বিপরীত কামনাপূর্ণকর্ম্মযোগের অনুষ্ঠান করিলে জীব নানা কামনার বশবর্ত্তী হইয়া নানাদিকে বিচ্ছিন্ন হইয়া পড়ে, কর্ম্মযোগের মুখ্য উদ্দেশ্য পরমার্থলাভ তাহার পক্ষে ঘটিয়া উঠে না, সে ছিন্ন মেঘের ন্যায় নানাদিকে ভ্রমণ করে। হেঅর্জ্জুন! নিষ্কাম কর্ম্মযোগীর বুদ্ধি কেবল একদিকেই ধাবিত হয়। তিনি পার্থিব কামনা পরিশূন্য হইয়া কেবল জগদীশ্বরের উপাসনারূপ নিষ্কাম কর্ম্মযোগের অনুষ্ঠান করেন। পক্ষান্তরে কামী কর্ম্মিগণ বেদবিহিত যজ্ঞাদির অনুষ্ঠান করিয়া মোক্ষমার্গ লাভ করিতে পারেন না। নিষ্কামকর্ম্মযোগীর চরম লক্ষ্য নির্ব্বাণ মুক্তি তাঁহারা লাভ করিতে পারে না। তাঁহারা অনিশ্চয়াত্মিকা বুদ্ধি অবলম্বন করিয়া জন্মমরণরূপ সংসারচক্রে পরিভ্রমণ করেন॥ ৪১॥

41. Madhusudan explains this verse in the following way—"By practising this Karma Yog the divine intelligence of man becomes fixed to the Spirit of God; while those who worship Him with a motive are carried away to different directions according to their desires." There is but one way to reach the Nirvana and that is by worshipping God without any motive. But those who worship Him with a motive and whose desires remain unsatisfied must go round the circle of births and rebirths until they practise this Karma Yog.

যামিমাং পুষ্পিতাং বাচং, প্রবদন্ত্যবিপশ্চিতঃ।
বেদবাদরতাঃ পার্থ, নান্যদস্তীতি বাদিনঃ ॥ ৪২ ॥
কামাত্মানঃ স্বর্গপরাঃ, জন্মকর্ম্মফল প্রদাং।
ক্রিয়াবিশেষবহুলাং, ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ॥ ৪৩ ॥
ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং, তয়াপহৃতচেতসাম্।
ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ, সমাধৌ ন বিধীয়তে ॥ ৪৪ ॥

ভোঃ পার্থ! অবিপশ্চিতঃ বেদবাদরতাঃ, অন্যৎ ন অস্তি ইতি বাদিনঃ, কামাত্মানঃ, স্বর্গপরাঃ, "ভোগৈশ্বর্য্যগতিং প্রতি ক্রিয়াবিশেষবহুলাং" যাং জন্মকর্ম্মফলপ্রদাং ইমাং পুষ্পিতাং বাচং প্রবদন্তি; তয়া অপহৃত-চেতসাং ভোগৈশ্বর্য্যপ্রসক্তানাং, (তেষাং) ব্যবসায়াত্মিকাবুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে ॥ ৪২ ॥ ৪৩ ॥ ৪৪ ॥ ত্রয়াণামন্বয়ঃ।

হে পার্থ! যে সকল মূঢ় ব্যক্তিগণ "সুকৃত কর্ম্মফলে স্বর্গ ভোগ হয়" এই বেদবাক্যে বিশেষ অনুরক্ত ও যাঁহারা "এইরূপ বেদোক্ত কর্ম্ম ব্যতীত ঈশ্বর তত্ত্ব লাভ করিবার অন্য উপায় নাই" এইরূপে বলিয়া থাকেন, যাঁহারা কামনা পূর্ণ হৃদয়ে কার্য্য করেন এবং যাঁহারা কার্য্যফলে স্বর্গলাভ বাসনা করেন এবং "বহু যাগ যজ্ঞাদি ক্রিয়া বিশেষ দ্বারা ইহ কালে ঐশ্বর্য্য ও পর-কালে ইন্দ্রত্বাদি লাভ করা যায়" এইরূপ জন্মকর্ম্মফলপ্রদ কিন্তু আপাত মনোহর বাক্য বলেন তাঁহারা এবং এইরূপ প্রলোভন বাক্যে হতচিত্ত ব্যক্তিরা, যাঁহারা ভোগ ঐশ্বর্য্যের জন্য নিতান্ত কাতর, এই উভয়বিধ ব্যক্তিদিগের চিত্তে নিশ্চয়াত্মিকা বুদ্ধির অভ্যুদয় হয় না ॥ ৪২ ॥ ৪৩ ॥ ৪৪ ॥

42, 43, and 44. O Partha! true spiritual wisdom can never spring from the minds of those unwise men who are devotedly attached to the Vedic doctrine that "Virtuous deeds are rewarded", who believe that true salvation cannot be obtained without the performance of Vedic rites, whose minds are full of desires, who long evermore for heaven as a reward for their virtuous deeds, and who beguile themselves with the flowery speech "that prosperity here and a heaven hereafter can be secured by performing the numerous rites prescribed in the Vedas." Neither can that spirituality find place in the hearts of those who are addicted to worldly riches and are deluded by such flowery speech.

স্বামী। নন্থ কামিনঃ অপি কষ্টান্ কামান্ বিহায় ব্যবসায়াত্মিকাং এব বুদ্ধিং কিং ইতি ন কুর্ব্বন্তি তত্র আহ—যাং ইমাং ইতি। যাং ইমাং পুষ্পিতাং—বিষলতাবৎ আপাততঃ রমণীয়াং, প্রকৃষ্টাং পরমার্থফলপরাং এব বদন্তি। বাচং—স্বর্গাদি ফলশ্রুতিং, তেষাং তয়া—বাচা, অপহৃতচেতসাং "ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে" ইতি তৃতীয়শ্লোকেন অন্বয়ঃ। কিং ইতি তথা বদন্তি যতঃ অবিপশ্চিতঃ—মূঢ়াঃ। তত্র হেতুঃ বেদবাদরতাঃ বেদে যে বাদাঃ—অর্থবাদাঃ,—"অক্ষয্যং হি বৈ চাতুর্ম্মাস্যযাজিনঃ স্নকৃতং ভবতি" তথা "অপাম সোমমমৃতা অভূম" ইত্যাদ্যাঃ, তেষু এব রতাঃ—প্রীতাঃ, অতএব অতঃপরং অন্যৎ—ঈশ্বরতত্ত্বং প্রাপ্যং ন অস্তি ইতি বদনশীলাঃ। অতএব কামাত্মানঃ ইতি। কামাত্মানঃ—কামাকুলিত চিত্তাঃ, অতঃ স্বর্গঃএব পরঃ পুরুষার্থঃ যেষাং তে। জন্ম চ তত্র কর্ম্মাণি চ তৎফলানি চ প্রদদাতি ইতি তথা তাং, ভোগৈশ্বর্য্যয়োঃ গতিং—প্রাপ্তিং, প্রতি সাধনভূতাঃ যে ক্রিয়াবিশেষাঃ তে বহুলাঃ যস্যাং তাং প্রবদন্তি ইতি অনুষঙ্গঃ। ততঃ চ ভোগৈশ্বর্য্য প্রসক্তানাং ইতি। ভোগৈশ্বর্য্যয়োঃ প্রসক্তানাং—অভিনিবিষ্টানাং তয়া—পুষ্পিতয়া বাচা, অপহৃতং—আকৃষ্টং চেতঃ যেষাং। সমাধিঃ—চিত্তৈকাগ্র্যং, পরমেশ্বরাভিমুখত্বং ইতি যাবৎ তস্মিন্ নিশ্চয়াত্মিকা বুদ্ধিঃ ন বিধীয়তে (কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ) সা ন উৎপদ্যতে ইত্যর্থঃ ॥ ৪২ ॥ ৪৩ ॥ ৪৪ ॥

বিপশ্চিৎ = বিপ্রকৃষ্টং চেততি, (বি + প্র + চিত্ = ক্বিপ্) যিনি দূরবর্ত্তী বিষয় সম্যক্ অবগত অর্থাৎ আত্মদর্শী মোক্ষপ্রেপ্সু পণ্ডিত। অবিপশ্চিতঃ = অবিবেকিনঃ। মূঢ়, জড়। বেদবাদরতাঃ = বহ্বর্থবাদফলসাধনপ্রকাশকেষু বেদবাক্যেষু রতঃ। বেদেষু যে স্বর্গাদিফলসক্তাঃ। পুণ্যকর্ম্মদ্বারা স্বর্গাদি লাভকরাযায় এই বেদবাক্যে অনুরক্ত ব্যক্তিগণ। নান্যদস্তীতি বাদিনঃ = অতঃপরং অন্যদীশ্বরতত্ত্বং প্রাপ্যং নাস্তি ইতি বদনশীলাঃ। যাহারা "অন্য উপায়ে ঈশ্বর তত্ত্ব লাভ করা যায় না" এই রূপ বলেন। কামাত্মানঃ = কামপ্রবণমনসঃ কামাকুলিতচিত্তাঃ। যাহাদের মনঃ কামনা পূর্ণ। স্বর্গপরাঃ = স্বর্গএব পরঃ পুরুষার্থঃ যেষাং তে স্বর্গপ্রধানাঃ। যাহাদিগের স্বর্গলাভই পরম পুরুষার্থ। ভোগৈশ্বর্য্যগতিং প্রতি = ভোগশ্চ ঐশ্বর্য্যঞ্চ ভোগৈশ্বর্য্যে তয়োঃ গতিঃ প্রাপ্তিঃ। ইহকালে ঐশ্বর্য্য ও পরকালে সুখ ভোগে যাহাদের মনঃ লিপ্ত। ক্রিয়াবিশেষবহুলাং = তত্ত্বজ্ঞানরহিততয়া ক্রিয়াবিশেষপ্রচুরাং। যজ্ঞাদি প্রচুরক্রিয়াদি দ্বারা ভোগৈশ্বর্য্য লাভ করা যায়। জন্মকর্ম্মফলপ্রদাং = পুনর্জ্জন্মকর্ম্মাখ্যফলদাত্রীং। যদ্দ্বারা পুনঃ পুনঃ জন্মকর্ম্মফল প্রদান করে। পুষ্পিতাং = শোভমানাং শ্রূয়মাণরমণীয়াং পলাশকুসুমবৎ আপাতমনোহরাং। তয়া = পুষ্পিতয়া বাচা (কর্ত্রা) বেদোক্ত আপাতরম্য জন্মকর্ম্মফলপ্রদ বাক্যদ্বারা। অপহৃতচেতসাং = আচ্ছাদিতবিবেকপ্রজ্ঞানাং, অপহৃতাত্মজ্ঞানানাং। যাহাদিগের আত্মজ্ঞান বা প্রজ্ঞা অপহৃত হইয়াছে। ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ সমাধৌ ন বিধীয়তে = সমাধিবিষয়া ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ তেষাং ন ভবতি। একাগ্রনিষ্ঠারূপ সমাধি অর্থাৎ নিশ্চয়াত্মিকা বুদ্ধির প্রকাশ হয় না।

সমস্ত ফলাভিসন্ধি ত্যাগ করিয়া কেবল ঈশ্বরারাধনা করত লোক সংগ্রহার্থে কার্য্যানুষ্ঠান করার নাম কর্ম্মযোগ। উক্ত কর্ম্মযোগ যে মোক্ষসাধনের এক মাত্র পন্থা ও কামনাপূর্ণ মানবগণের চিত্ত যে মুক্তিপথ রোধক, ভগবান্ তাহাই বিস্তার করিতেছেন। হে পার্থ! স্বর্গাদি ফলশ্রুতিযুক্ত বেদবাক্যে অনুরক্ত অবিবেকী মানবগণ বলিয়া থাকেন যে সকাম যজ্ঞাদির অনুষ্ঠান ভিন্ন পরমার্থ লাভের অন্য উপায় নাই, তাহাদের চিত্ত নিরন্তর কামনারদিকে প্রধাবিত হইতেছে, তাহারা ইহকালে মালা, চন্দন, কামিনীউপভোগ ও পরকালে নন্দনকাননজাত পারিজাত ও উর্ব্বশী সম্ভোগ জীবনের মুখ্য উদ্দেশ্য স্থির করিয়া বেদের কর্ম্মকাণ্ডীয় অগ্নিহোত্র, দর্শপূর্ণমাস, জ্যোতিষ্টোমাদি ক্রিয়া কলাপের অনুষ্ঠান করে। স্বর্গসুখভোগ যাহাদিগের মুক্তি, তাহারা "যজ্ঞাদি দ্বারা স্বর্গভোগ করা যায়" এইরূপ আপাততঃ মনোহর অথচ বারংবার জন্মমৃত্যুফলপ্রদ বাক্যের অনুগামী হয়। এতাদৃশ ব্যক্তিগণ এবং উক্ত উপদেশবাক্যে প্রতারিত মানবগণ যাহারা ভোগৈশ্বর্য্যে অনুরক্ত তাহারা কখনও পরমার্থতত্ত্বে চিত্তের একাগ্রতাসাধন করিতে সমর্থ হয় না ॥ ৪২ ॥ ৪৩ ॥ ৪৪ ॥

42, 43, and 44. The Vedas are divided into two principal parts, one treating of spiritual wisdom and the other of ritualistic ceremonies. The former is called the Gyankanda and the latter Karmakanda. This verse pronounces an anathema denouncing the unspirituality of the ritualism as prescribed in the Karmakanda of the Vedas. Those who worship the gods and perform the numerous ceremonies prescribed in the Shashtras with hopes of reward can never attain that spirituality without which religion is a mockery. There is no material difference between a devout man who performs religious ceremonies or executes useful works with the expectation of reward or fame and the sensualist who wastes his energy in seeking the gratification of his desires in this world. These men are moved by selfish desires and a difference in their occupation is of little consequence as far as the acquisition of spiritual wisdom is concerned. The doctrines of the Karmakanda appear from a distance like a beautiful tree gaudily decked with scentless flowers. The men who preach these doctrines and those who are deluded by them can never realize that spirituality of the soul without which the highest bliss can never be obtained.

ত্রৈগুণ্যবিষয়া বেদা, নিস্ত্রৈগুণ্যো ভবার্জ্জুন।
নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থঃ, নির্যোগক্ষেম আত্মবান্॥ ৪৫ ॥

ভোঃ অর্জ্জুন! বেদাঃ ত্রৈগুণ্যবিষয়াঃ, (ত্বং) নিস্ত্রৈগুণ্যঃ, নির্দ্বন্দ্বঃ, নিত্যসত্ত্বস্থঃ, নির্যোগক্ষেমঃ আত্মবান্ (চ) ভব॥ ৪৫ ॥

হে অর্জ্জুন! কর্ম্মকাণ্ডীয় বেদ সত্ত্ব রজঃ ও তমোগুণ বিষয়ক কিন্তু তুমি নিষ্কাম হও। উক্ত নিষ্কামধর্ম্ম লাভ করিতে হইলে তোমাকে শীতোষ্ণ সুখ দুঃখাদি সমভাবে সহ্য, সর্ব্বদা ধৈর্য্যাবলম্বন, লাভের আশা ও লব্ধ বস্তুরক্ষাকরিবার প্রবৃত্তি পরিত্যাগ করিতে হইবেক এবং সর্ব্বদা পরমাত্মায় অবস্থান করিতে হইবেক॥ ৪৫ ॥

45. O Arjuna! the Vedas describe the effects of three qualities. Be thou free from them. But to free thyself from their influence, thou shouldst bear equally heat and cold, pleasure and pain, possess a persevering nature, abandon hopes of gain, and desire to protect thy acquisitions and live always in the Spirit.

স্বামী। নন্বু স্বর্গাদিকং পরমং ফলং যদি ন ভবতি তর্হি কিং ইতি বেদৈঃ তৎসাধনতয়া কর্ম্মাণি বিধীয়ন্তে তত্র আহ—ত্রৈগুণ্যবিষয়াঃইতি। ত্রিগুণাত্মকাঃ সকামাঃ যে অধিকারিণঃ তদ্বিষয়াঃ কর্ম্মফলসম্বন্ধপ্রতিপাদকাঃ বেদাঃ, ত্বং তু নিস্ত্রৈগুণ্যঃ—নিষ্কামঃ, ভব। তত্র উপায়ং আহ—নির্দ্বন্দ্বঃ—সুখদুঃখশীতোষ্ণাদিযুগলানি—দ্বন্দ্বানি তদ্রহিতঃ, ভব—তানি সহস্ব, ইত্যর্থঃ। কথং ইতি অতঃ আহ—নিত্যসত্ত্বস্থঃ সন্—ধৈর্য্যং অবলম্ব্য ইত্যর্থঃ, তথা নির্যোগক্ষেমঃ—অপ্রাপ্তস্বীকারঃ—যোগঃ, প্রাপ্তপালনং—ক্ষেমঃ তদ্রহিতঃ; আত্মবান্—অপ্রমত্তঃ, নহি দ্বন্দ্বাকুলস্য যোগক্ষেমব্যাপৃতস্য চ প্রমাদিনঃ ত্রৈগুণ্যাতিক্রমঃ সম্ভবতি ইতি॥ ৪৫॥

বেদাঃ—কর্ম্মকাণ্ডাত্মকানি শাস্ত্রাণি। বেদের কর্ম্মকাণ্ডীয় অংশ। যে সকল শাস্ত্রে ক্রিয়াদিদ্বারা স্বর্গলাভ হয় এরূপ উপদেশ আছে। ত্রৈগুণ্যবিষয়াঃ=ত্রৈগুণ্যং সংসারঃ বিষয়ঃ প্রকাশয়িতব্যো যেষাং তে বেদাঃ ত্রৈগুণ্য বিষয়াঃ। নিস্ত্রৈগুণ্যঃ=নিকামঃ। সত্ত্বরজঃতমঃপূর্ণ কামনার অভাব যাহার। নির্দ্বন্দ্বঃ—শীতোষ্ণাদিদ্বন্দ্বসহিষ্ণুঃ। নিত্যসত্ত্বস্থঃ=সর্ব্বদা ধৈর্য্যপরায়ণঃ। নির্য্যোগক্ষেমঃ=(নিঃ+যোগ+ক্ষেমঃ) যোগঃ—অলব্ধলাভঃ। ক্ষেমঃ=লব্ধস্য পরিরক্ষণং। আত্মবান্=অপ্রমত্তঃ আত্মস্বরূপান্বেষণপরঃ। আত্মা পরমেশ্বরঃ ধ্যেয়ত্বেন যোগক্ষেমাদি নির্ব্বাহকত্বেন বর্ত্ততে যস্য। পরমেশ্বর সর্ব্বনিয়ন্তা ও সর্ব্বব্যাপী, আমাতে ও অবস্থান করিয়া সমস্ত কার্য্যে আমাকে নিয়োজিত করিতেছেন এই রূপ দৃঢ় ভাবে যাহার মনঃ অবস্থিত তিনিই আত্মবান্।

যাবানর্থ উদপানে, সর্ব্বতঃ সংপ্লুতোদকে।
তাবান্ সর্ব্বেষু বেদেষু, ব্রাহ্মণস্য বিজানতঃ ॥ ৪৬ ॥

উদপানে যাবান্ অর্থঃ (ভবতি), সর্ব্বতঃ সংপ্লুতোদকে তাবান্ (অর্থঃ ভবতি)। সর্ব্বেষু বেদেষু যাবান্ (অর্থঃ ভবতি), বিজানতঃ ব্রাহ্মণস্য তাবান্ (অর্থঃ ভবতি) ॥ ৪৬ ॥

যেমন সামান্য কূপে যে প্রয়োজন সাধিত হয়, মহাসমুদ্রে ও তৎসমুদয় সংসাধিত হইয়া থাকে; তদ্রূপ সকল বেদে যে প্রয়োজন সাধিত হয়, তত্ত্বজ্ঞানযুক্ত ব্রহ্মনিষ্ঠাদ্বারা সেই সকলপ্রকার প্রয়োজনই সংসাধিত হইয়া থাকে ॥ ৪৬ ॥

46. As a vast expanse of water serveth more completely the purposes served by a small reservoir, so doth the spiritual wisdom comprehend the purposes of all the Vedas.

ভগবান্ অর্জ্জুনকে বেদাদির কর্ম্মকাণ্ডভাগ পরিত্যাগ পুরঃসর জ্ঞানকাণ্ড অধ্যয়ন এবং নিষ্কাম ভাবে কর্ম্মযোগের অনুষ্ঠান করিতে উপদেশ দিতেছেন। কামনা সকল ত্রিগুণাত্মিকা। এই কামনা পরিত্যাগ করিতে পারিলে জীব নিস্ত্রৈগুণ্য হইতে পারে। এইরূপ নিষ্কাম কর্ম্মযোগের অনুষ্ঠান করিতে হইলে জীবের কোন্ কোন্ গুণের প্রয়োজন তাহা ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। শীতোষ্ণ সুখদুঃখ মান অপমান সমভাবে সহ্য করিতে হইবেক, ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক চিত্তবিক্ষেপনিবারণ নিজের লাভাশা ও স্থিতরক্ষণের চিন্তা পরিত্যাগ করিতে হইবে। আমি নিজে কিছুই করিতেছি না, ঈশ্বর আমাকে যে কার্য্যে নিযুক্ত করিতেছেন আমি তাঁহার আজ্ঞানুসারে কার্য্য করিতেছি এই জ্ঞান মনে দৃঢ় করিতে হইবে ॥ ৪৫ ॥

45. The Vedas referred to in this verse are the Karmakanda portion. It treats of three qualities viz the spiritual, the active and the carnal. All these qualities spring according to the nature of the prevailing desire, but he who looks for the good of humanity without any motive whatever is free from the influence of these qualities. But certain qualifications must be possessed by him who aspires to such an existence, viz (*i*) he should bear equally heat and cold, pleasure and pain, praise or dispraise and similar opposite feelings; (*ii*) he should possess an unflinching perseverance; (*iii*) he should cease to hanker after earthly possessions, and should be ready to give up even what he has got, and then he would reach the last stage of living in the Spirit. Some of these teachings strikingly coincide with the moralities contained in the sermon on the

mount in the New Testament. Compare (*iii*) with 25, Chap. VI., and 40, Chap. V., St. Matthew.

স্বামী। নমু বেদোক্তনানাফল ত্যাগেন নিষ্কামতয়া ঈশ্বরারাধনবিষয়া ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ কুবুদ্ধিঃ এব ইতি আশঙ্ক্য আহ—যাবান্ ইতি। উদকং পীয়তে যস্মিন্ তৎ উদপানং—বাপীকূপতড়াগাদি, তস্মিন্ স্বল্পোদকে একত্র কৃৎস্নার্থস্য অসম্ভবাৎ তত্র তত্র পরিভ্রমণেন বিভাগশঃ যাবান্—স্নানপানাদিঃ অর্থঃ—প্রয়োজনং,ভবতি তাবান্—সর্ব্বঃ অপি অর্থঃ,সর্ব্বতঃ-সংপ্লুতোদকে—মহাহ্রদে, একত্র এব যথা ভবতি এবং যাবান্ সর্ব্বেষু বেদেষু তত্তৎকর্ম্ম-ফলরূপঃ অর্থঃ তাবান্ সর্ব্বঃ অপি বিজানতঃ—ব্যবসায়াত্মিকাবুদ্ধিযুক্তস্য, ব্রাহ্মণস্য—ব্রহ্মনিষ্ঠস্য, ভবতি এব ব্রহ্মানন্দে ক্ষুদ্রানন্দানাং অন্তর্ভাবাৎ, "এতস্য এব আনন্দস্য অন্যানি ভূতানি মাত্রাং উপজীবন্তি" ইতিশ্রুতেঃ। তস্মাৎ ইয়ং এব বুদ্ধিঃ সুবুদ্ধিঃ ইত্যর্থঃ॥ ৪৬॥

উদপানে=(উদক=জল+পা=পানকরা) কূপতড়াগাদি ক্ষুদ্রজলাশয়। যাবান্=যৎ-পরিমাণঃ। তাবান্=তৎপরিমাণঃ। অর্থঃ = প্রয়োজনং। সংপ্লুতোদকে = মহতি জলাশয়ে। বিজানতঃ=ব্যবসায়াত্মিকাবুদ্ধিযুক্তস্য। ব্রাহ্মণস্য=ব্রহ্মনিষ্ঠস্য সন্ন্যাসিনঃ।

নিষ্কাম কর্ম্মযোগের অনুষ্ঠানদ্বারা বেদোক্ত কর্ম্মকাণ্ডীয়ফললাভের আশা কোথায়, অর্জ্জুনের এই আশঙ্কা নিবারণ মানসে ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। যেমন কূপ এবং সামান্য তড়াগাদিতে স্নান, পান, সন্তরণাদি কর্ম্ম সকল সাধিত হয়, নদ-নদী এবং মহার্ণবে সেই সকল প্রয়োজন আরও সম্পূর্ণরূপে সংসাধিত হইয়া থাকে তদ্রূপ বেদোক্ত অগ্নিহোত্র জ্যোতিষ্টোম, অশ্বমেধ ইত্যাদি কাম্য কর্ম্ম প্রসূত ক্ষণস্থায়ি ফল সকল নিষ্কাম কর্ম্মযোগপ্রসূত ব্রহ্মানন্দান্তর্গত। শ্রুতি বলিয়াছেন "এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রাং উপজীবন্তি", ক্ষুদ্রং কীট হইতে সমস্ত জীব এই ব্রহ্মানন্দের কণিকামাত্র লাভ করিয়া জীবন ধারণ করে। যেমন পর্ব্বতবাহি প্রস্রবণ সকল নানাদিক্ হইতে প্রবাহিত হইয়া মহাসাগরেই বিলীন হয়, তদ্রূপ ব্রহ্মানন্দ মহার্ণবে, কর্ম্মকাণ্ডীয় বেদ লিখিত সকাম কর্ম্মফলোৎপন্ন ক্ষণস্থায়ী স্বল্পানন্দ বিলীন হয়॥ ৪৬॥

46. As a small reservoir of water is to the ocean, so are the Vedas to the spiritual wisdom. As the ocean includes many a tank, so all the fruits gained by the performance of the ceremonies prescribed in the four Vedas would be within the reach of him who has gained the spiritual wisdom. The man who worships God and works for the good of all living beings, without any motive, eventually attains that blessed existence in the Spirit, in which are absorbed all transient delights of this life or the life to come. In other words, as a well is a mere drop in the vast expanse of the ocean, so the happiness derived by doing good to others with a motive is a mere drop in the boundless delight which is felt by doing good to all the living beings without any prospects of reward or gain. The Vedas here referred to are the Karmakanda portion in which is prescribed the ceremonial religion.

কর্ম্মণ্যেবাধিকারস্তে, মা ফলেষু কদাচন।
মা কর্ম্মফলহেতুর্ভূঃ, মা তে সঙ্গোঽস্ত্বকর্ম্মণি ॥ ৪৭ ॥

তে কর্ম্মণি এব অধিকারঃ, কদাচন ফলেষু মা, (অধিকারঃ, ত্বং) কর্ম্ম-ফলহেতুঃ মা ভূঃ, তে অকর্ম্মণি সঙ্গঃ মা অস্তু ॥ ৪৭ ॥

কর্ম্মেই তোমার অধিকার, কর্ম্ম ফলে কখনও তোমার অধিকার নাই। কর্ম্মের ফলার্থী হইও না, কর্ম্মত্যাগের প্রবৃত্তি যেন তোমার মনে উদয় না হয় ॥ ৪৭ ॥

47. With deeds alone art thou concerned, not with their fruits. Seek not the fruits of thy action, and to inaction be not attached.

স্বামী। তর্হি সর্ব্বাণি কর্ম্মফলানি পরমেশ্বরারাধনাৎ এব ভবিষ্যন্তি ইতি অভিসন্ধায় প্রবর্ত্তেত কিং কর্ম্মণা ইতি আশঙ্ক্য তৎ বারয়ন্ আহ—কর্ম্মণি ইতি। তে—তব তত্ত্ব-জ্ঞানার্থিনঃ, কর্ম্মণি এব অধিকারঃ তৎফলেষু বন্ধহেতুষু অধিকারঃ—কামঃ, মা অস্তু। ননু কর্ম্মণি কৃতে তৎফলং স্যাৎ এব ভোজনে কৃতে তৃপ্তিবৎ ইতি আশঙ্ক্য আহ—মা ইতি। মা কর্ম্মফলহেতুঃ ভূঃ, কর্ম্মফলং প্রবৃত্তিহেতুঃ যস্য সঃ তথাভূতঃ মা ভূঃ, কাম্যমানস্য এব—স্বর্গাদেঃ, নিযোজ্যবিশেষণত্বেন ফলত্বাৎ অকামিতং ফলং ন স্যাৎ ইতি ভাবঃ। অতএব ফলং বন্ধকং ভবিষ্যতি ইতি তস্মাৎ ভয়াৎ অকর্ম্মণি—কর্ম্মাকরণে, অপি তব সঙ্গঃ—নিষ্ঠা, মা অস্তু।

সঙ্গঃ=প্রীতিঃ; আসক্তি। অকর্ম্মণি সঙ্গঃ—কর্ম্মণি অকৃতে প্রীতিঃ; কর্ম্ম-পরিত্যাগে প্রীতি ॥ ৪৭ ॥

ভগবান্ অর্জ্জুনকে কাম্যকর্ম্ম পরিত্যাগ করিয়া নিষ্কাম পরমেশ্বরারাধনা করিতে উপদেশ দিলেন। "কর্ম্মের অনুষ্ঠান নিষ্প্রয়োজন" এই আশঙ্কা অর্জ্জুনের মনহইতে দূরীভূত করিবার জন্য ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। তিনি বলিলেন অর্জ্জুন! কর্ম্মের ফলার্থী না হইয়া নিষ্কাম ভাবে ঈশ্বরারাধনা ও লোক সংগ্রহার্থে তোমার কর্ত্তব্য কার্য্যের অনুষ্ঠান করিবে; আমি তোমাকে কর্ম্ম পরিত্যাগ করিতে কহিতেছি না, কারণ জ্ঞানযোগ সম্পূর্ণ না হইলে কর্ম্ম সন্ন্যাসযোগ হইতে পারে না। তুমি যতদিন আত্মজ্ঞান লাভ করিতে না পারিবে ততদিন নিষ্কাম কর্ম্মযোগের অনুষ্ঠান কর। সমস্ত প্রাণীর উপকার সাধন করাই জীবনের প্রধান উদ্দেশ্য ॥ ৪৭ ॥

47. Srikrishna instructs His disciple to work incessantly for the good of others, leaving the fruits of his action to God. He says "Action is yours but the fruits thereof are mine. But you should never give up action until you have gained the spiritual wisdom when renunciation is desirable."

যোগস্থঃ কুরু কর্ম্মাণি, সঙ্গং ত্যক্ত্বা ধনঞ্জয়।
সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমো ভূত্বা, সমত্বং যোগ উচ্যতে ॥ ৪৮ ॥

ভো ধনঞ্জয়! সঙ্গং ত্যক্ত্বা সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমঃ ভূত্বা যোগস্থঃ (সন্) কর্ম্মাণি কুরু, সমত্বং যোগঃ উচ্যতে ॥ ৪৮ ॥

হে ধনঞ্জয়! কর্ম্মফলের বাসনা পরিত্যাগপূর্ব্বক সিদ্ধি ও অসিদ্ধিতে তুল্যজ্ঞান করত যোগস্থ হইয়া কর্ত্তব্য কার্য্যের অনুষ্ঠান কর। (সর্ব্ব বিষয়ে) সমতাকেই যোগ কহে ॥৪৮॥

48. O Conqueror of Wealth! discharge thy duties abandoning hopes for the fruits thereof, and considering success and failure alike. Equability in all is Yog.

স্বামী। কিং তর্হি যোগস্থঃ ইতি। যোগঃ—পরমেশ্বরৈকাগ্রতা, তত্র স্থিতঃ কর্ম্মাণি কুরু, তথা সঙ্গং—কর্তৃত্বাভিনিবেশং, ত্যক্ত্বা কেবলং ঈশ্বরাশ্রয়েণ এব কুরু, তৎফলস্য জ্ঞানস্য অপি সিদ্ধ্যসিদ্ধ্যোঃ সমঃ ভূত্বা কেবলং ঈশ্বরার্পণেন এব কুরু, যতঃ এবং ভূতং সমত্বং এব যোগঃ উচ্যতে সদ্ভিঃ চিত্ত-সমাধান-রূপত্বাৎ ॥ ৪৮ ॥

সঙ্গং=ফলাভিলাষং; কর্তৃত্বাভিনিবেশং। সিদ্ধিঃ=ফলসিদ্ধিঃ। অসিদ্ধিঃ= ফলাসিদ্ধিঃ। সমত্বং=এতয়োঃ কস্যাপিলাভে হর্ষঃ তস্য অলাভে বিষাদঃ, তথা কস্যাপি অলাভে হর্ষঃ লাভে তু বিষাদঃ, তচ্ছূন্যত্বং।

ভগবান্ "কর্ম্মণ্যেবাধিকারস্তে" বলিয়া কি প্রকার কর্ম্ম তাহার নির্দ্দেশ করিয়া বলিতেছেন। অর্জ্জুন তুমি যোগস্থ হইয়া তোমার কর্ত্তব্য কার্য্যের অনুষ্ঠান কর। হর্ষবিষাদ, সুখ দুঃখ, লাভ অলাভ ইত্যাদিতে সমজ্ঞানের নাম যোগ। এইরূপ সমতাযোগানুষ্ঠান পূর্ব্বক তোমার কর্ত্তব্য কর্ম্ম সম্পাদন কর ॥ ৪৮ ॥

48. Srikrishna by using the word "Dhananjoy" reminds Arjuna that he should act according to the true significance of his name. It means one who has been able to lord over the lust of pelf. For a man like him it is easy to practise this Yog whereby he should perform his duties, regarding alike gain and loss, pleasure and pain, delight and misery.

The word "Yog" has various meanings. Patanjali says it is self-discipline or self-restraint. In this verse a higher meaning is given to this favourite term of the Hindu philosophy. That mental condition in which a man perceives no difference between friend and foe, master and servant, happiness and misery and so on is called Yog. One who wants to attain spirituality must practise this "Yog."

দূরেণ হ্যবরং কর্ম্ম, বুদ্ধিযোগাদ্ধনঞ্জয়।
বুদ্ধৌ শরণমন্বিচ্ছ, কৃপণাঃ ফলহেতবঃ ॥ ৪৯ ॥

ভো ধনঞ্জয়! বুদ্ধিযোগাৎ (অন্যৎ) কর্ম্ম দূরেণ অবরং. হি শরণং অন্বিচ্ছ. ফলহেতবঃ কৃপণাঃ ॥ ৪৯ ॥

হে ধনঞ্জয়! সকামকর্ম্ম নিষ্কামকর্ম্ম হইতে অত্যন্ত অপকৃষ্ট, অতএব এই নিষ্কাম কর্ম্মযোগের আশ্রয় গ্রহণ করিতে ইচ্ছা কর। যিনি ফল লাভের বাসনায় কর্ম্মানুষ্ঠান করেন তিনি কৃপার পাত্র ॥ ৪৯ ॥

49. O Despiser of Wealth! this spiritual devotion is far superior to self-seeking deeds. Therefore, in the former take refuge. He deserveth pity, whose deeds are full of desires.

স্বামী। কাম্যং তু কর্ম্ম অতিনিকৃষ্টং ইতি আহ—দূরেণ ইতি। বুদ্ধ্যা—ব্যবসায়াত্মিকয়া, কৃতঃ কর্ম্মযোগঃ, বুদ্ধিযোগঃ—বুদ্ধিসাধন ভূতঃ বা, তস্মাৎ সাধনভূতাৎ অন্যৎ সাধনভূতং কাম্যং কর্ম্ম, দূরেণ অবরং—অত্যন্তং অপকৃষ্টং, হি যস্মাৎ এবং তস্মাৎ বুদ্ধৌ—জ্ঞানে, শরণং—আশ্রয়ং, কর্ম্মযোগং অন্বিচ্ছ—অনুতিষ্ঠ, যদ্বা বুদ্ধৌ শরণং—ত্রাতারং ঈশ্বরং, আশ্রয় ইত্যর্থঃ। ফলহেতবঃ—তু সকামাঃ নরাঃ, কৃপণাঃ—দীনাঃ, "যো বা এতৎ অক্ষরং অবিদিত্বা গার্গ্যস্মাৎ লোকাৎ প্রৈতি সঃ কৃপণঃ" ইতি শ্রুতেঃ ॥ ৪৯ ॥

কর্ম্ম=সকামং কর্ম্ম। বুদ্ধিযোগঃ=আত্মবুদ্ধিসাধনভূত-নিষ্কামকর্ম্মযোগঃ। কামরূপ বিনাশ করিয়া বুদ্ধিদ্বারা কর্ম্মযোগ। বুদ্ধি ও কামরূপ কাহাকে বলে তজ্জন্য এই অধ্যায়ের ২২শ শ্লোকের বাঙ্গালাভাষ্য দেখুন। এই নিষ্কাম কর্ম্মযোগই মোক্ষলাভার্থে একমাত্র উপায়। দূরেণ=বিপ্রকৃষ্টেন। অবরং=(অবর—পশ্চাৎ) অধমং, নিকৃষ্টং। বুদ্ধৌ=যোগবিষয়ায়াং বুদ্ধৌ সাংখ্যবুদ্ধৌ। পরমাত্মতত্ত্বে মনঃ স্থির করিলে যে বুদ্ধি অথবা জ্ঞানের উদয় হয়। শরণং=আশ্রয়ং। অন্বিচ্ছ=কর্ত্তুং ইচ্ছ; করিতে ইচ্ছা কর। ফলহেতবঃ=ফলকামাঃ; ফলাকাঙ্ক্ষী। কৃপণাঃ=সর্ব্বদা জন্মমরণাদি ঘটীযন্ত্র ভ্রমণেন পরবশাঃ অত্যন্তদীনাঃ; যিনি কৃপণের ন্যায় ফল কামনা ত্যাগ করেন না।

নিষ্কাম কর্ম্মযোগ যে কাম্য কর্ম্মহইতে অনেক গুণে উৎকৃষ্ট তাহাই ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। নিশ্চয়াত্মিকা বুদ্ধিযুক্ত যে সকল যোগ তাহাই কর্ম্মযোগ। হে ধনঞ্জয়! তুমি এই মহাযোগের আশ্রয় গ্রহণ কর। যিনি ধনলিপ্সা পরিত্যাগ করিয়াছেন তাঁহাকেই ধনঞ্জয় বলে। ফলকামী মানবগণ অত্যন্ত কৃপণ। তাহারা নির্ব্বাণ মুক্তিলাভ করিতে অসমর্থ হইয়া অনবরত সংসারচক্রে পরিভ্রমণ করে। তুমি ধনকামনাকে জয় করিয়াছ, তোমার দ্বারাই এই মহাযোগের অনুষ্ঠান সম্ভব হইতে পারে।

শ্রুতি বলিয়াছেন।—

"যো বা এতদক্ষরং গার্গ্যবিদিত্বা অস্মাল্লোকাৎ প্রৈতি স কৃপণঃ"

বুদ্ধিযুক্তো জহাতীহ, উভে সুকৃতদুষ্কৃতে।
তস্মাদ্যোগায় যুজ্যস্ব, যোগঃ কর্ম্মসু কৌশলম্ ॥ ৫০ ॥

ইহ (লোকে) বুদ্ধিযুক্তঃ সুকৃতদুষ্কৃতে উভে জহাতি, তস্মাৎ (ত্বং) যোগায় যুজ্যস্ব, যোগঃ কর্ম্মসু কৌশলম্ ॥ ৫০ ॥

ইহলোকে নিষ্কাম ধর্ম্মাবলম্বীব্যক্তি পুণ্য ও পাপ এতদুভয়ভোগই পরিত্যাগ করেন, সেই হেতু তুমি এইনিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান কর। কর্ম্ম সকলের মধ্যে বুদ্ধিযুক্ত কর্ম্মযোগই কর্ম্মবন্ধন হইতে মুক্তি লাভের উপায়। ৫০ ॥

50. The man of spiritual devotion forsaketh in this life merit and sin alike. Therefore, unto this spiritual devotion devote thyself. Of all actions, that which is full of this devotion can alone sever the bonds of *Karma*.

হে গার্গি! যে ব্যক্তি এই অক্ষর পরমাত্মাকে না জানিয়া ইহলোকহইতে প্রস্থান করে সে কৃপণ ॥ ৪৯ ॥

49. The spiritual devotion here referred to is the spiritual life of a man devoted to the good of all living beings. Arjuna is asked to take refuge in Buddhi or the spiritual soul. A man who works for the good of his fellow-creatures for future prospects of gain in this life or in the life to come is compared to a miser (কৃপণঃ) who hoards his gold for future prosperity. Such a miser deserves pity.

স্বামী। বুদ্ধিযোগযুক্তঃ তু শ্রেষ্ঠঃ ইত্যাহ—বুদ্ধিযুক্তঃ ইতি। সুকৃতং—স্বর্গাদিপ্রাপকং, দুষ্কৃতং—নিরয়াদি প্রাপকং, তে উভে ইহএব জন্মনি পরমেশ্বরপ্রসাদেন ত্যজতি। তস্মাৎ—তদর্থায় কর্ম্মযোগায়, যুজ্যস্ব—ঘটস্ব, যতঃ কর্ম্মসু যৎ কৌশলং—বন্ধকানাং অপি তেষাং ঈশ্বরারাধনেন মোক্ষপরত্বসম্পাদক চাতুর্য্যং, সঃ এব যোগঃ ॥ ৫০ ॥

বুদ্ধিঃ = সকামত্ব কর্ম্মবিষয়া বুদ্ধিঃ। তয়া যুক্তঃ = বুদ্ধিযুক্তঃ। জহাতি = পরিত্যজতি। সুকৃতদুষ্কৃতে = পুণ্যপাপে। যুজ্যস্ব = উপযুক্তো ভব। কর্ম্মসু = ক্রিয়মাণেষু; কর্ম্ম সকলের মধ্যে। কৌশলং = চাতুর্য্যং; কর্ম্মবন্ধহইতে মুক্তির উপায়।

সমত্ব যোগানুষ্ঠান দ্বারা কি ফল লাভ হইতে পারে তাহা ভগবান্ কীর্ত্তন করিতেছেন। অষ্টচত্বারিংশ শ্লোকে লাভ ও অলাভকে সমান জ্ঞান করিয়া কর্ম্মযোগানুষ্ঠান করিতে নির্দ্দেশ করেন। এই শ্লোকে পাপ পুণ্যের সমত্ব করিয়া কর্ম্মযোগানুষ্ঠান করিতে উপদেশ দিতেছেন। ভগবান্ বলিলেন অর্জ্জুন! যদি মোক্ষাভিলাষী হইয়া থাক তবে লাভ অলাভ পাপ পুণ্যে সমান জ্ঞান করিয়া এই সমত্বযোগের অনুষ্ঠান কর। ঈশ্বরোদ্দেশে লোকসংগ্রহার্থে তুমি স্বধর্ম্মানুষ্ঠান করিবে, কিন্তু তোমার মনে তাহা পুণ্য বলিয়া যেন জ্ঞান না হয়। স্বর্গ প্রাপক কি নরক প্রাপক সকাম কর্ম্ম করিলে জীব কর্ম্মজালে জড়িত

কর্ম্মজং বুদ্ধিযুক্তা হি, ফলং ত্যক্ত্বা মনীষিণঃ।
জন্মবন্ধবিনির্ম্মুক্তাঃ, পদং গচ্ছন্ত্যনাময়ম্ ॥ ৫১ ॥

হি বুদ্ধিযুক্তাঃ, কর্ম্মজং ফলং ত্যক্ত্বা, মনীষিণঃ জন্মবন্ধ বিনির্ম্মুক্তাঃ, (সন্তঃ) অনাময়ং পদং গচ্ছন্তি ॥ ৫১ ॥

যেহেতুক তত্ত্বজ্ঞানসম্পন্ন মহাত্মাগণ, কর্ম্মজনিত ফলত্যাগ করিয়া জন্ম মৃত্যুরূপ কর্ম্ম হইতে মুক্তিলাভ করত সকল প্রকার শান্তিপূর্ণ মোক্ষধাম লাভ করেন ॥ ৫১ ॥

51. For, those who live in this spiritual devotion, are freed from the bondage of actions. They break the shackles of birth and death and eventually attain the stage of highest bliss.

হয়। কিন্তু তুমি এই সমত্বরূপ সুন্দর যোগ কৌশল অবলম্বন করিয়া সংসার বন্ধনের নিদানীভূত কর্ম্মকে মোক্ষমার্গে পরিণত কর ॥ ৫০ ॥

50. This verse is a continuation of verse 48, in which it is said "Equability in all is Yog." Success or failure, actions leading to heaven or to hell must alike be avoided. The man who practises this "Equable Yog" incessantly works for the good of humanity depending on God alone and never thinking that his efforts will be rewarded in this life or in the life to come. I have followed Mr. Telang in rendering সুকৃত and দুষ্কৃত by merit and sin, i. e., actions leading to heaven or to hell respectively,

স্বামী। কর্ম্মণাং মোক্ষসাধনত্ব প্রকারং আহ—কর্ম্মজং ইতি. কর্ম্মজং ফলং ত্যক্ত্বা কেবলং ঈশ্বরারাধনার্থং কর্ম্ম কুর্ব্বাণাঃ মনীষিণঃ—জ্ঞানিনঃ, ভূত্বা জন্মরূপেণ বন্ধেন বিনির্ম্মুক্তাঃ সন্তঃ অনাময়ং—সর্ব্বোপদ্রবরহিতং, বিষ্ণোঃ পদং মোক্ষাখ্যং গচ্ছন্তি ॥ ৫১।

বুদ্ধিযুক্তাঃ=সমত্ববুদ্ধিযুক্তাঃ; কামনাশূন্য বুদ্ধিযুক্ত হইয়া। মনীষিণঃ=জ্ঞানিনঃ। জ্ঞানী হইয়া। বিনির্ম্মুক্তাঃ=নিরবশেষং মুক্তাঃ; সম্পূর্ণরূপে মুক্ত হইয়া। পদং=বিষ্ণোর্ভোগাখ্যং পরমং পদং; বিষ্ণুর পরমপদ বৈকুণ্ঠ। অনাময়ং=আময়পরিশূন্যং; অবিদ্যা-তৎকার্য্যাত্মকরোগ রহিতং।

এই প্রকার নিষ্কাম কর্ম্মযোগের অনুষ্ঠান করিলে জীবের কি পরিণাম হইবে তাহাই ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। মানবাত্মা জন্ম-কর্ম্ম-বন্ধ বিমুক্ত হইয়া লিঙ্গশরীর ধারণ করত মহাত্মাদিগের আত্মার সহিত বহুকাল দেবযান নামক স্থানে অবস্থান করেন। দেবযান নির্ব্বান স্বর্গের দ্বারস্বরূপ, কিন্তু কামরূপ শত্রুকে বিনাশ না করিলে এই স্থানে

যদা তে মোহকলিলং, বুদ্ধির্ব্যতিতরিষ্যতি।
তদা গন্তাসি নির্ব্বেদং, শ্রোতব্যস্য শ্রুতস্য চ ॥ ৫২ ॥

যদা তে বুদ্ধিঃ মোহকলিলং ব্যতি তরিষ্যতি, তদা (ত্বং) শ্রোতব্যস্য শ্রুতস্য চ নির্ব্বেদং গন্তাসি ॥ ৫২ ॥

যৎকালে তোমার বুদ্ধি এই কুহকময় সংসারের গহন কানন অতিক্রম করিবে, তৎকালে যে সকল বিষয় তুমি শ্রবণযোগ্য মনে করিবে বা যাহা তুমি শ্রবণ করিয়াছ তাহাতে তোমার বৈরাগ্য উপস্থিত হইবেক ॥৫২॥

52. When thy soul has crossed this wilderness of delusion, thou wilt be indifferent to things which thou hast heard or considered worthy to hear.

গমন করা যায় না। কামরূপ এস্থানে নাই বলিয়াই ভগবান্ এই অবস্থাকে "অনাময়ং পদং" বলিয়া ব্যাখ্যা করিয়াছেন ॥ ৫১ ॥

51. Birth and re-incarnation are considered to be the effects of the deeds done in previous lives. Those, therefore, who aspire to "Nirvana" must forsake attachment to good or evil deeds. This verse does not instruct Arjuna to give up action. On the contrary it teaches him to do his duties for the good of his motherland without hoping for any reward in this or in the world to come. A soul devoid of desires on leaving its mortal coil, does not re-incarnate, but goes to Debajan which is considered to be a blissful stage of existence leading to Nirvana.

স্বামী। কদা অহং তৎপদং প্রাপ্স্যামি ইতি অপেক্ষায়াং আহ—যদা ইত্যাদি দ্বাভ্যাং। মোহঃ—দেহাদিষু আত্মবুদ্ধিঃ, তৎএব কলিলং—গহনং "কলিলং গহনং বিদুঃ" ইতি অভিধান কোষস্মৃতেঃ। ততঃ চ অয়ং অর্থঃ এবং পরমেশ্বরারাধনে ক্রিয়মাণে যদা তৎপ্রসাদেন তব বুদ্ধিঃ দেহাভিমানলক্ষণং মোহময়ং গহনং-দুর্গং, বিশেষেণ অতিতরিষ্যতি, তদা শ্রোতব্যস্য শ্রুতস্য চ অর্থস্য নির্ব্বেদং—বৈরাগ্যং, গন্তাসি—প্রাপ্স্যসি, তয়োঃ অনুপাদেয়ত্বেন জিজ্ঞাসাং ন করিষ্যসি ইত্যর্থঃ ॥ ৫২ ॥

বুদ্ধিঃ=যোগানুষ্ঠানজনিতসত্ত্বশুদ্ধিজা বুদ্ধিঃ; এই বুদ্ধিকে আশ্রয় করিয়া মানব আত্মলাভ করেন। কলিলং=গহনং; দুষ্প্রবেশ্য। মোহকলিলং=মোহাত্মকং অবিবেকরূপং কালুষ্যং; মলিন অবিবেক রূপমোহ; মোহস্বরূপ অবিদ্যা মালিন্য। ব্যতিতরিষ্যতি=(বি—অতি+তৃ+স্যতি) ব্যতিক্রমিষ্যতি অতীব শুদ্ধভাবং আপৎস্যতে; পরিত্যাগ করিবে; অতিক্রম করিবে। তদা=তস্মিন্ কালে; সেই সময়।

শ্রোতব্যস্য—শ্রুতস্য চ=যাহা তুমি শ্রবণ যোগ্য মনে করিবে এবং যাহা তুমি শ্রবণ করিয়াছ। এস্থানে ভগবান্ "চ" শব্দ ব্যবহার করিয়া চক্ষুঃ ও অন্যান্য ইন্দ্রিয় কার্য্যের আভাস

শ্রুতিবিপ্রতিপন্না তে, যদা স্থাস্যতি নিশ্চলা।
সমাধাবচলাবুদ্ধিঃ, তদা যোগমবাপ্স্যসি ॥ ৫৩॥

যদা তে শ্রুতিবিপ্রতিপন্না বুদ্ধিঃ সমাধৌ নিশ্চলা অচলা (সতী) স্থাস্যতি, তদা (ত্বং) যোগং অবাপ্স্যসি ॥ ৫৩ ॥

নানাবিধ শাস্ত্রালোচনা দ্বারা তোমার সংশয়যুক্ত বুদ্ধি যৎকালে নিশ্চল ও অচল ভাবে পরমাত্মায় স্থিতি করিবেক, তৎকালে তুমি তত্ত্বজ্ঞান লাভ করিবে ॥ ৫৩ ॥

53. When thy mind, distracted by various doctrinal lore, is firmly fixed in the Spirit of God, then thou shalt acquire spiritual wisdom.

প্রদান করিলেন। অর্থাৎ যৎকালে তুমি কামরূপ বিনাশ করিতে পারিবে তৎসময় কামনাময় জগতে যাহা করিয়াছিলে বা দেখিয়াছিলে কিংবা শুনিয়াছিলে তাহাতে তোমার বৈরাগ্য উপস্থিত হইবেক। নির্ব্বেদং=(নির্+বিদ=আপনাকে হেয় জ্ঞান করা) বৈরাগ্যং; বিতৃষ্ণা। কতদিনে এই অনাময় পদ লাভ করিতে পারিবেন অর্জ্জুনের ঈদৃশ প্রশ্নের উত্তর প্রদান উদ্দেশে ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। তিনি বলিলেন অর্জ্জুন! যৎকালে তোমার মনে এই কামনাময় সংসারের সকল বিষয়ে বৈরাগ্য উপস্থিত হইবেক, তৎকালে তুমি সেই উপদ্রব শূন্য শান্তিময় বিষ্ণু নিকেতনে প্রবেশের উপযুক্ত পাত্র হইবে ॥ ৫২ ॥

52. Srikrishna reading the thought of Arjuna points out the time when he may attain the stage of highest bliss. The material world is compared to a wilderness of delusion where unreal things appear in the light of reality. When you would no longer love to see, hear, feel and enjoy the objects which delighted you, you would then know that you have successfully crossed this world of delusion. In other words, when the tom-fooleries of this external world would appear to you as a delusion and when you would love to revel in the paradise of your soul, then you would obtain that spiritual life which would enable you to reach that stage where ignorance, death and disease cannot enter.

স্বামী। ততঃ চ শ্রুতিবিপ্রতিপন্না ইত্যাদি। শ্রুতিভিঃ—নানালৌকিক বৈদিকার্থ শ্রবণৈঃ, বিপ্রতিপন্না—ইতঃ পূর্ব্বং বিক্ষিপ্তা সতী, তব বুদ্ধিঃ যদা সমাধৌ স্থাস্যতি! সমাধীয়তে চিত্তং অস্মিন্ ইতি সমাধিঃ—পরমেশ্বরঃ, তস্মিন্ নিশ্চলা—বিষয়ান্তরানাকৃষ্টা, অতএব অচলা—অভ্যাস পাটবেন তত্র এব স্থিতা সতী তদা যোগং—যোগফলং তত্ত্বজ্ঞানং, অবাপ্স্যসি ॥ ৫৩ ॥

অর্জ্জুন উবাচ।

স্থিতপ্রজ্ঞস্য কা ভাষা, সমাধিস্থস্য কেশব।
স্থিতধীঃ কিং প্রভাষেত, কিমাসীত ব্রজেত কিম্ ॥ ৫৪ ॥

অর্জ্জুনঃ উবাচ।

ভোঃ কেশব! সমাধিস্থস্য স্থিতপ্রজ্ঞস্য ভাষা কা, স্থিতধীঃ কিংপ্রভাষেত, কিং আসীত, কিং ব্রজেত ॥ ৫৪ ॥

অর্জ্জুন কহিলেন।

হে কেশব! সমাধিস্থ স্থিতপ্রজ্ঞের লক্ষণ কি? স্থিতধী কিরূপ কথা বলেন, কিরূপে অবস্থান করেন এবং কিরূপ কার্য্য করেন? ॥৫৪॥

ARJUNA SAID.

54. O Destroyer of demons! what are the marks to distinguish him whose soul is firmly fixed in spiritual meditation? How behaveth he, how controlleth he his senses, and what gaineth he?

শ্রুতিভিঃ=নানাবিধ ফল শ্রবণৈনৈব বিচারিত তাৎপর্য্যৈঃ; অনেকবিধ শাস্ত্রালোচনা-দ্বারা। বিপ্রতিপন্নাঃ=অনেকবিধ সংশয়বিপর্য্যাস বত্বেন প্রাক্ বিক্ষিপ্তা; বহু প্রকার সংশয় ও বিপর্য্যয়দ্বারা অগ্রে বিক্ষিপ্ত। বুদ্ধিঃ=মনঃ। সমাধৌ=সমাধানং সমাধিঃ তস্মিন্; সমাধিতে। স্থাস্যতি=স্থিরভূতা ভবিষ্যতি। যোগং অবাপ্স্যসি=বিবেকরূপং সমাধিং প্রাপ্স্যসি।

বৈরাগ্য উদয় হইলে কি প্রকার সমাধি হইবে তাহাই ভগবান্ এই স্থলে নির্দ্দেশ করিতে-ছেন। মহাযোগী পতঞ্জলি ও বলিয়াছেন।

"অভ্যাসবৈরাগ্যাভ্যাং" সমাধি পাদে।

মনকে একাগ্র করিবার দ্বিবিধ উপায়, বৈরাগ্য ও অভ্যাস। কেবল বৈরাগ্যে কি কেবল অভ্যাসে মনঃ স্থির হয় না। আগে বৈরাগ্যদ্বারা সংসার মোহময়, সর্ব্বদা অনিত্যবস্তুতে নিত্য জ্ঞান হইতেছে ইহা দৃঢ় বিশ্বাস হইলে অভ্যাসদ্বারা মনকে অন্তর্ম্মুখীন করিতে পারিলে শনৈঃ শনৈঃ সমাধি লাভ হয়। ভগবান্ বলিলেন অর্জ্জুন! নানা লৌকিক ও বৈদিক শাস্ত্রালোচনাদ্বারা অনেক জন্মহইতে তোমার মনঃ বিক্ষিপ্ত ও সংশয়পূর্ণ হইয়াছে। যৎকালে এই সকল শ্রুত ও শ্রোতব্য বিষয়ে বৈরাগ্য উপস্থিত হইয়া তোমার মনঃ স্থির ভাবে স্থিতি করিবে, তৎকালে ক্রমেং তোমার তত্ত্বজ্ঞানের উদয় হইবেক অর্থাৎ তুমি স্থিতপ্রজ্ঞ হইবে ॥ ৫৩ ॥

53. Men's minds have been distracted during their manifold births by the raging conflicts of numerous philosopies and religious doctrines

Their minds have become full of doubt; atheism, positivism and agnosticism confuse them in various ways. When these doubts will vanish and men will concentrate their minds to the contemplation of the Spirit of God, then they will acquire true wisdom.

স্বামী। পূর্ব্বশ্লোকোক্তস্য আত্মতত্ত্বজ্ঞস্য লক্ষণং জিজ্ঞাসুঃ অর্জ্জুনঃ উবাচ—স্থিত-প্রজ্ঞ্য কা ভাষা ইত্যাদি। স্বাভাবিকে সমাধৌ স্থিতস্য অতএব স্থিতা—নিশ্চলা, প্রজ্ঞা—বুদ্ধিঃ, যস্য তস্য কা ভাষা, ভাষ্যতে অনয়া ইতি ভাষা—লক্ষণং ইতি যাবৎ, সঃ কেন লক্ষণেন স্থিতপ্রজ্ঞঃ উচ্যতে ইত্যর্থঃ তথা স্থিতধীঃ কিং—কথং, ভাষণং, আসনং ব্রজনং চ কুর্য্যাৎ ॥ ৫৪ ॥

কেশব=যিনি কেশী দৈত্যকে বিনাশ করিয়াছেন। কেহ২ ইহার অন্য অর্থও করিয়া থাকেন।

"যস্মাত্ত্বয়ৈব দুষ্টাত্মা, হতঃ কেশী জনার্দ্দন!।
তস্মাৎ কেশবনামা ত্বং, লোকে খ্যাতো ভবিষ্যসি" ॥ ইতি ॥

স্থিতপ্রজ্ঞস্য=ব্রহ্মণি যস্য প্রজ্ঞা স্থিতা; ব্রহ্মে যাহার প্রজ্ঞা অবস্থিত। প্রজ্ঞা কাহাকে বলে তাহা জানিবার জন্য ভগবান্ পতঞ্জলি যাহা বলিয়াছেন তাহা নিম্নে উদ্ধৃত হইল। অষ্টাঙ্গ যোগ মধ্যে ধারণা, ধ্যান ও সমাধি এই তিনটীই চরম অবস্থা।

"দেশ বন্ধ শ্চিত্তস্য ধারণা" ॥ ১ ॥ বিভূতিপাদ।

স্থান বিশেষে চিত্তকে বদ্ধ রাখার নাম ধারণা।

"তত্র প্রত্যয়ৈকতানতা ধ্যানং" ॥ ২ ॥

ধ্যেয় বস্তুতে চিত্তের একতানতার নাম ধ্যান।

"তদেবার্থ মাত্রনির্ভাসং স্বরূপ শূন্যমিব সমাধিঃ" ॥ ৩ ॥

উক্ত ধ্যান যৎকালে কেবল মাত্র ধ্যেয় বস্তুতেই প্রকাশিত হইয়া দ্রষ্টার অস্তিত্ব পর্য্যন্তও বিলুপ্ত করে তাহাকে সমাধি বলে। এই জন্যে পঞ্চদশীতে ও বলিয়াছেন।

"ধাতৃধ্যানে পরিত্যজ্য, ক্রমাদ্ধ্যেয়ৈক গোচরম্।
নির্ব্বাত দীপবচ্চিত্তং, সমাধিরভিধীয়তে" ॥

"ত্রয়মেকত্র সংযমঃ" ॥ ৪ ॥

ধারণা, ধ্যান ও সমাধি এই ত্রিবিধ মানসিক ক্রিয়ার যুগপৎ প্রয়োগের নাম সংযম।

"তজ্জয়াৎ প্রজ্ঞালোকঃ" ॥ ৫ ॥

উক্তত্রিবিধ ক্রিয়া জয় করিতে পারিলে অর্থাৎ শ্বাস প্রশ্বাসাদির ন্যায় স্বাভাবিক করিতে পারিলে প্রজ্ঞানামক এক প্রকার তীব্র বুদ্ধি উৎপন্ন হয়। যাহার এই প্রজ্ঞা ঈশ্বরে স্থিত তিনিই সমাধিস্থ স্থিতপ্রজ্ঞ ॥

ভাষা=লক্ষণং। স্থিতধীঃ=স্থিতপ্রজ্ঞঃ। কিং প্রভাষেত=কিং প্রবদেৎ; স্তুতিনিন্দাবাদাভিনন্দনদ্বেষাদিলক্ষণং কিং কথং; স্তুতি নিন্দা দ্বেষাদিতে তিনি কিরূপ করিয়া থাকেন। আসীত=ব্যুত্থিত চিত্তনিগ্রহায় কথং বহিরিন্দ্রিয়াণাং নিগ্রহং করোতি; সমাধি ভঙ্গ হইলে

শ্রীভগবানুবাচ।

প্রজহাতি যদা কামান্, সর্ব্বান্ পার্থ মনোগতান্।
আত্মন্যেবাত্মনা তুষ্টঃ, স্থিতপ্রজ্ঞস্তদোচ্যতে ॥ ৫৫ ॥

শ্রীভগবান্ উবাচ।

ভোঃপার্থ! যদা সর্ব্বান্ মনোগতান্ কামান্ প্রজহাতি, আত্মনি এব আত্মনা সন্তুষ্টঃ তদা স্থিতপ্রজ্ঞঃ উচ্যতে ॥ ৫৫ ॥

ভগবান্ কহিলেন।

হেপার্থ! যৎকালে যোগী মনোগত কামানা সকল পরিত্যাগ করিয়া নিজ আত্মাদ্বারা আত্মাতেই সন্তুষ্ট থাকেন তৎকালে তাঁহাকে স্থিতপ্রজ্ঞ কহে ॥ ৫৫ ॥

SRIKRISHNA SAID.

55. O Pritha's son! when abandoning all his desires, a man findeth happiness in his own soul, he is said to be fixed in spiritual meditation.

কি প্রকার তাহার বাহেন্দ্রিয় গণকে সংযত রাখেন। ব্রজেত=কীদৃশান্ বিষয়ান্ স প্রাপ্নোতি; তিনি কোন্ কোন্ বিষয় লাভ করেন।

অর্জ্জুন ভগবান্‌কে চতুর্ব্বিধ প্রশ্ন করিলেন। (১মপ্রঃ) সমাধিস্থ স্থিতপ্রজ্ঞ মহাত্মার লক্ষণ কি? (স্থিতপ্রজ্ঞ ও স্থিতধী এক অর্থে ব্যবহৃত হইয়াছে) অর্থাৎ স্থিতধী সমাধি অবস্থায় আছেন উহা কোন্ লক্ষণদ্বারা জানাযায়। ইহার উত্তর ৫৫ শং শ্লোকদ্বারা হইবে। (২য় প্রঃ) উক্ত স্থিতধী ব্যুত্থিত অবস্থায় অর্থাৎ সমাধির অবসানে কি প্রকার কার্য্য করেন? ইহার উত্তর ৫৬ শং ও ৫৭ শং শ্লোকে ব্যক্ত হইবে। (৩য়প্রঃ) উক্ত স্থিতধী ব্যুত্থিত অবস্থায় কি প্রকারে চিত্ত নিগ্রহ করেন? ইহার উত্তর ৫৯ টি হইতে ৬৩ টি শ্লোকে কথিত হইবে। (৪র্থ প্রঃ) উক্ত স্থিতধী ব্যুত্থিত অবস্থায় কি লাভ করেন? ইহার উত্তরে ৬৪টি শ্লোকহইতে অধ্যায় সমাপ্তি হইবে। প্রথম প্রশ্নে সমাধিস্থ স্থিতপ্রজ্ঞকে লক্ষ্য করা হইয়াছে। শেষ তিনটী দ্বারা ব্যুত্থিত স্থিতধীকে লক্ষ্য করা হইয়াছে ॥ ৫৪ ॥

54. Srikrishna in the preceding verse referred to the man whose soul is devoutly fixed on the Spirit of God. Arjuna taking up this hint puts four questions, viz., (*i*) What is the definition of a man whose soul is fixed in holy meditation? This is answered in verse 55. (*ii*) What is his mental condition when his meditation is over? This is answered in verses 56 and 57. (*iii*) In what way does such a man control his senses? This is answered in verses from 58 to 63. (*iv*) What does such a man

gain ? This is answered in verses from 64 to the end of this Book. The last three questions relate to the holy man when his meditation is over.

স্বামী। অত্র চ যানি সাধকস্ত জ্ঞানসাধকানি তানি এব স্বাভাবিকানি সিদ্ধস্য লক্ষণানি, অতঃ সিদ্ধস্য লক্ষণানি কথয়ন্ এব অন্তরঙ্গানি জ্ঞানসাধনানি আহ—যাবৎ অধ্যায়সমাপ্তি। তত্র প্রথমপ্রশ্নস্য উত্তরং আহ—প্রজহাতি ইতি দ্বাভ্যাং। মনসি স্থিতান কামান যদা প্রকর্ষেণ জহাতি। ত্যাগে হেতুং আহ—আত্মনি ইতি। আত্মনি এব—স্বস্মিন্ এব, আত্মনা—স্বয়ং এব, তুষ্টঃ—ইতি আত্মারামঃ সন্,যদা ক্ষুদ্রবিষয়াভিলাষান্ ত্যজতি তদা তেন লক্ষণেন মুনিঃ স্থিতপ্রজ্ঞঃ উচ্যতে॥ ৫৫॥

যদা=যস্মিন্ কালে। সর্ব্বান্=সমস্তান্। মনোগতান্=মনসি প্রবিষ্টান্, হৃদি প্রবিষ্টান্। কামান্=কামসঙ্কল্পাদীন্ মনোবৃত্তিবিশেষান্, প্রমাণ বিপর্য্যয় বিকল্প নিদ্রা স্মৃতি প্রভৃতীন্।প্রজহাতি=পরিত্যজতি, সর্ব্ববৃত্তি শূন্য এব ভবতি। আত্মনি=পরমাত্মনি; পরমাত্মায়। আত্মনা=স্বয়মেব, স্বপ্রকাশচিদ্রূপেণ। সন্তুষ্টঃ=পরিতুষ্টঃ।

ভগবান্ এইশ্লোকদ্বারা অর্জ্জুনের প্রথম প্রশ্নের উত্তর প্রদান করিতেছেন। পাতঞ্জল দর্শনে মনোবৃত্তিসকল পঞ্চপ্রকার বলিয়া উল্লিখিত হইয়াছে। যৎকালে মানব ঐ সমস্ত মনোবৃত্তি সম্যক্ প্রকারে নিরোধ করিয়া কেবল পরমাত্মার চিন্তায় রত থাকেন,ও তাহাতেই পরমানন্দ লাভ করেন তৎকালে তাহাকে স্থিতপ্রজ্ঞ বলাযাইতে পারে। এই কামনা সকল আত্মার ধর্ম্ম নহে, মনের ধর্ম্ম।

শ্রুতি বলিয়াছেন—

যদা সর্ব্বে প্রমুচ্যন্তে, কামা যেস্য হৃদি শ্রিতাঃ।
অথ মর্ত্ত্যোঽমৃতো ভবতি, অত্র ব্রহ্ম সমশ্নুতে॥

যখন হৃদয়ের সকল প্রকার কামনা বিনষ্ট হয়, তৎকালে এই জীব ইহলোকেই ব্রহ্মরূপ পরমানন্দ লাভ করিয়া অমরত্ব প্রাপ্ত হয়। এইরূপ আত্মবিবেকজা প্রজ্ঞা যাঁহার প্রতিষ্ঠিত হইয়াছে তিনিই সমাধিস্থ স্থিতপ্রজ্ঞ॥ ৫৫॥

55.. When a man abandoning all his desires, hopes, and aspirations, concentrates his soul to the contemplation of the Great Spirit, then he is said to be fixed in spiritual meditation. Patanjal divides the capacities of the mind and senses into five classes viz (*i*) the action of the mind and sensory nerves, (*ii*) false ideas (*iii*) fancy or imagination, (*iv*) sleep and (*v*) memory. When a man gives up all these actions of the mind and senses and concentrates his whole mind to the contemplation of God he is said to be fixed in spiritual meditation.

দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ, সুখেষু বিগতস্পৃহঃ।
বীতরাগভয়ক্রোধঃ, স্থিতধী র্মুনিরুচ্যতে ॥ ৫৬ ॥

(যঃ) দুঃখেষু অনুদ্বিগ্নমনাঃ, সুখেষু বিগতস্পৃহঃ বীতরাগভয়ক্রোধঃ (সঃ) মুনিঃ স্থিতধীঃ উচ্যতে। ৫৬ ॥

যাঁহার চিত্ত দুঃখে বিচলিত অথবা সুখভোগের জন্য অভিলাষি হয় না, এবং যিনি আসক্তি. ভয় ও ক্রোধ সম্যক্ রূপে পরিত্যাগ করিতে পারিয়াছেন. সেই মহাপুরুষকে স্থিতধী মুনি বলিয়া থাকে ॥ ৫৬ ॥

56. He who is not dejected in adversity or overjoyed in prosperity and who is free from attachments, fear and anger is called a steady-hearted sage.

স্বামী। কিঞ্চ দুঃখেষু ইতি। দুঃখেষু প্রাপ্তেষু অপি অনুদ্বিগ্নং—অক্ষুভিতং, মনঃ যস্য সঃ, সুখেষু বিগতা স্পৃহা যস্য সঃ। তত্র হেতুঃ বীতাঃ—অপগতাঃ, রাগভয়ক্রোধাঃ যস্মাৎ, তত্র রাগঃ—প্রীতিঃ। সঃ মুনিঃ স্থিতধীঃ উচ্যতে ॥ ৫৬ ॥

অনুদ্বিগ্নমনাঃ = অনুদ্বিগ্নং দুঃখপরিহারায় অব্যাকুলং মনো যস্য সঃ। দুঃখেষু = আধ্যাত্মিকাধি দৈবিকাধিভৌতিকেষু। সুখেষু বিগতস্পৃহঃ = প্রিয়েষু সন্নিহিতেষু অপি নিস্পৃহঃ। বীতরাগভয়ক্রোধঃ = বীতাঃ—বিগতাঃ রাগভয়ক্রোধাঃ যস্মাৎ সঃ। রাগঃ = (রঞ্জ—রঞ্জন) = অনুরাগঃ, অত্যাসক্তি। মুনিঃ = (মন্ = জানা) = মৌনব্রত সন্ন্যাসী।

সমাধিঅবসানে স্থিতধী মহাত্মার মনের অবস্থা কিরূপ তাহাই ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। দুঃখ ত্রিবিধ যথা শোক রোগ মোহাদি জনিত শারীরিক ও মানসিক দুঃখকে আধ্যাত্মিক দুঃখ বলে। ব্যাঘ্রাদি জনিত দুঃখকে আধিভৌতিক দুঃখ বলে। বজ্রপাতাদি জনিত দুঃখকে আধিদৈবিক দুঃখ বলে। তদ্রূপ সুখ ও ত্রিবিধ। (১) প্রিয় বস্তু চিন্তা ও অহংমমেতি অভিমানাদি আধ্যাত্মিক সুখ। (২) স্ত্রী পুত্র ঐশ্বর্য্যাদি ভোগ আধিভৌতিক সুখ। (৩) বায়ু অগ্নি বৃষ্ট্যাদি জনিত সুখকে আধিদৈবিক সুখ বলে। যিনি এই ত্রিবিধ সুখ ও দুঃখদ্বারা বিচলিত নহেন ও যিনি আসক্তি, ভয় ও ক্রোধ শূন্য তাহাকে স্থিতধী মুনি বলিয়াছেন ॥ ৫৬ ॥

56. The steady-minded sage keeps an equable temper in sorrows and joys, in adversity and prosperity. His mind is always free from attachments, from fear and from anger. One who has a constantly changing temper, who is attached to earthly object, and who is subject to fear and anger, can never attain Yog. Such a man can never enjoy the calm serenity of his soul. This state of mind is enjoyed by the man who lives in spirituality when his spiritual meditation is over.

যঃ সর্ব্বত্রানভিস্নেহঃ, তত্তৎ প্রাপ্য শুভাশুভম্।
নাভিনন্দতি ন দ্বেষ্টি, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭ ॥

যঃ সর্ব্বত্র অনভিস্নেহঃ (সন্) তৎতৎ শুভাশুভং প্রাপ্য ন অভিনন্দতি, ন দ্বেষ্টি, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৭ ॥

যিনি সর্ব্বপ্রকার ভৌতিক পদার্থে মমতাশূন্য, প্রিয় বা অপ্রিয় বস্তুদ্বারা আনন্দিত বা বিষণ্ণ হন না, তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত হইয়াছে ॥৫৭ ॥

57. In spiritual devotion his heart is firmly fixed who is free from attachment to earthly objects and who delighteth not in success nor sorroweth in distress.

স্বামী। কথং ভাষেত ইতি প্রশ্নোত্তরং আহ—যঃ ইতি। যঃ সর্ব্বত্র—পুত্রমিত্রাদিষু, অপি অনভিস্নেহঃ, অতএব বাধিতানুবৃত্ত্যা তৎতৎ শুভং—অনুকূলং, প্রাপ্য ন অভিনন্দতি—ন প্রশংসতি, অশুভং—প্রতিকূলং, প্রাপ্য ন দ্বেষ্টি—ন নিন্দতি; কিন্তু কেবলং উদাসীনঃ এব ভাষতে। তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ইত্যর্থঃ ॥ ৫৭ ॥

সর্ব্বত্র = সর্ব্বেষু দেহ জীবনাদিষু। অনভিস্নেহঃ = স্নেহ বর্জ্জিতঃ। তত্তৎ = প্রারব্ধকর্ম্ম। শুভং = সুখহেতুং বিষয়ং। প্রাপ্য = লব্ধ্বা। ন অভিনন্দতি = ন তুষ্যতি; অন্তরানুরাগপূর্ব্বকং ন প্রশংসতি। ন দ্বেষ্টি = অন্তরাসূয়াপূর্ব্বকং ন নিন্দতি।

ব্যুত্থিতচিত্ত স্থিতপ্রজ্ঞের মানসিক অবস্থা কি প্রকার তাহা ভগবান্ এই শ্লোকে উপসংহার করিলেন। পুত্র, মিত্র, কলত্র ও ধন সম্পত্তিতে যাঁহার মমতা বা স্নেহ নাই, যিনি অভীষ্টলাভে আনন্দিত ও অভীষ্ট বিনাশে বিষাদিত হন না, তাঁহার প্রজ্ঞা ব্যুত্থিত অবস্থাতেও প্রতিষ্ঠিত থাকে। স্থিত প্রজ্ঞের সংযমাত্মক বিবেকজ প্রজ্ঞা সমাধি অবসানেও প্রতিষ্ঠিত থাকে। তাঁহার নিকট শুভাশুভের তারতম্য নাই। তিনি সকল অবস্থাতেই ব্রহ্মে রমণ করেন। "প্রারব্ধকর্ম্মণাং ভোগাদেবক্ষয়ঃ" প্রারব্ধ কর্ম্মের ভোগ করিতেই হইবে, ভোগ সম্পূর্ণ না হইলে সুখ দুঃখ রূপ কর্ম্মবন্ধন হইতে মুক্তিলাভ করা যায় না এইরূপ স্থির করিয়া তিনি অবস্থান করেন ॥ ৫৭ ॥

57. This verse completes the answer to question second. It describes the mental condition of the spiritual man in his dealings with the outer world. The spiritual man has a second world, viz., the inner world, in which he lives in the Spirit of God. This is called the state of Samadhi. In this state the tom-fooleries of this objective world vanish before his mental sight and he enjoys the calm repose of his soul. But this Samadhi cannot last long. This verse describes his mental condition when the Samadhi is over.

যদা সংহরতে চায়ং, কূর্ম্মোঽঙ্গানীব সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৮ ॥

যদা চ কূর্ম্মঃ অঙ্গানি ইব, অয়ং ইন্দ্রিয়ার্থেভ্যঃ ইন্দ্রিয়াণি সর্ব্বশঃ সংহরতে, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৫৮ ॥

এবং যৎকালে কচ্ছপের অঙ্গেরন্যায় ইনি ইন্দ্রিয়গণকে সম্পূর্ণ রূপে সংযত করিয়া সমস্ত উপভোগ্য বিষয়হইতে প্রতিনিবৃত্ত হয়েন, তৎকালে তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত হয় ॥ ৫৮ ॥

58. And when, like the limbs of a tortoise, he draweth in all his senses from external objects, then his heart is firmly fixed in spiritual devotion.

স্বামী। কিঞ্চ যদা ইতি। যদা চ অয়ং—যোগী, ইন্দ্রিয়ার্থেভ্যঃ—শব্দাদিভ্যঃ, সকাশাৎ ইন্দ্রিয়াণি সংহরতে—প্রত্যাহরতি, অনায়াসেন। সংহারে দৃষ্টান্তং আহ—কূর্ম্মঃ ইতি। অঙ্গানি—করচরণাদীনি, কূর্ম্মঃ যথা স্বভাবেন এব আকর্ষতি তদ্বৎ ॥ ৫৮ ॥

যদা=যস্মিন্ কালে। সংহরতে=সঙ্কোচয়তি, সর্ব্বতঃ প্রতিসংহৃত্য আত্মন্যেব স্থাপয়তি। অয়ং=ব্যুত্থিতঃ। ইন্দ্রিয়ার্থেভ্যঃ=সর্ব্ববিষয়েভ্যঃ।

ভগবান্ এইক্ষণ "কিমাসীত" প্রশ্নের উত্তর প্রদান করিতেছেন। কূর্ম্ম যেমন তাহার শিরঃ পদাদি নিজ সুদৃঢ় আবরণ মধ্যে প্রাণ রক্ষার্থে সঙ্কোচ করিয়া লয়, তদ্রূপ ব্যুত্থিত স্থিতধী সমাধি অবসানে তাঁহার ইন্দ্রিয়গণকে, ইন্দ্রিয়ের উপভোগ্য বিষয়হইতে প্রতিনিবৃত্ত করিয়া, তদীয় আত্মজ্ঞানরূপ সুদৃঢ় বর্ম্ম মধ্যে সংযত রাখেন। স্থিতধী কূর্ম্ম-হইতে ত্রিবিধ উপদেশ লাভ করেন। (১ম) যিনি যদৃচ্ছাক্রমে নিজ ইন্দ্রিয়গণকে বিস্তার করিয়া সকল প্রকার জ্ঞান লাভ ও কার্য্য করিতে পারেন, (২য়) তিনি যদৃচ্ছায় ইন্দ্রিয়গণকে সংযত করিতে পারেন। (৩য়) তিনি আপনাকে আত্মজ্ঞানের সুদৃঢ় আবরণে আবৃত করিয়া একমাত্র ব্রহ্মে মনঃস্থির করিতে পারেন ॥ ৫৮ ॥

58. As the tortoise draws in his head and four legs safe within its shell, so does the spiritual man draw his five senses within the buckler of his spiritual wisdom. As the tortoise finds safety under its shield, so does the spiritual man find his full repose under the invulnerable armour of spiritual wisdom.

বিষয়া বিনিবর্ত্তন্তে, নিরাহারস্য দেহিনঃ।
রসবর্জ্জং রসোঽপ্যস্য, পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে ॥ ৫৯ ॥

নিরাহারস্য দেহিনঃ বিষয়াঃ, রসবর্জ্জং বিনিবর্ত্তন্তে; অস্য রসঃ অপি পরং দৃষ্ট্বা নিবর্ত্ততে ॥ ৫৯ ॥

রোগাদিদ্বারা অশক্ত ব্যক্তি বিষয়ের উপভোগ হইতে বিরত হইলেও তাহার বাসনা নিবৃত্ত হয় না, কিন্তু স্থিতপ্রজ্ঞ মহাত্মার আত্মদর্শনে বিষয়-বাসনা পর্য্যন্ত ও নিবৃত্ত হয় ॥ ৫৯ ॥

59. He who liveth in abstinence foregoeth the objects of his desires, but not the desires. But the devout person who seeth the Spirit of God renounceth his desires also.

স্বামী। নন্বু ন ইন্দ্রিয়াণাং বিষয়েষু অপ্রবৃত্তিঃ স্থিতপ্রজ্ঞস্য লক্ষণং ভবিতুং অর্হতি জড়ানাং আতুরাণাং উপবাসপরাণাং চ বিষয়েষু অপ্রবৃত্তেঃ অবিশেষাৎ, তত্র আহ—বিষয়াঃ ইতি। ইন্দ্রিয়ৈঃ বিষয়াণাং আহরণং গ্রহণং, আহারঃ, নিরাহারস্য—ইন্দ্রিয়ৈঃ বিষয়গ্রহণং অকুর্ব্বতঃ, দেহিনঃ—দেহাভিমানিনঃ অজ্ঞস্য, বিষয়াঃ প্রায়শঃ বিনিবর্ত্তন্তে তদনুভবঃ নিবর্ত্ততে ইত্যর্থঃ। কিন্তু রসঃ—রাগঃ অভিলাষঃ, তদ্বর্জ্জং অভিলাষঃ চ ন নিবর্ত্ততে ইত্যর্থঃ। রসঃ অপি—রাগঃ অপি, পরং—পরমাত্মানং দৃষ্ট্বা অস্য—স্থিতপ্রজ্ঞস্য, স্বতঃ নিবর্ত্ততে—নশ্যতি ইত্যর্থঃ। যদ্বা নিরাহারস্য—উপবাসপরস্য, বিষয়াঃ প্রায়শঃ নিবর্ত্তন্তে ক্ষুধাসন্তপ্তস্য শব্দস্পর্শাদাপেক্ষাভাবাৎ, কিন্তু রসবর্জ্জং, রসাপেক্ষা তু ন নিবর্ত্ততে ইত্যর্থঃ। শেষং সমানং ॥ ৫৯ ॥

নিরাহারস্য = ইন্দ্রিয়ৈঃ বিষয়ং অনাহরতঃ; রোগ, উপবাস ও ইন্দ্রিয়গণের শিথিলতা প্রযুক্ত যাহার ইন্দ্রিয়গণ বিষয় (রূপ রস গন্ধ প্রভৃতি) উপভোগে অসমর্থ। দেহিনঃ = দেহাভিমানিনো মূঢ়স্য। বিষয়াঃ = রূপাদয়ঃ, রূপ, রস, গন্ধ, স্পর্শ এবং শব্দ। বিনি-বর্ত্তন্তে = বিনিবৃত্তা ভবন্তি; বিরত হয়। রসবর্জ্জং = অনুরাগং বর্জ্জয়িত্বা; অনুরাগ ভিন্ন। পরং = পরমাত্মানং।

যেরূপ স্থিতপ্রজ্ঞ ব্যক্তির ইন্দ্রিয়বর্গ কূর্ম্মাঙ্গেরন্যায় প্রতিসংহৃত থাকে তদ্রূপ রোগী এবং উপবাসাদি দ্বারা অশক্ত ব্যক্তির ইন্দ্রিয়বর্গও সম্যক্ পরিচালনায় বিরত হইলেও উভয়ের মধ্যে যে প্রভেদ আছে তাহা দেখাইবার জন্য ভগবান্ বলিতেছেন—রোগাদিদ্বারা অশক্ত ব্যক্তি ইন্দ্রিয় সংযম করে সত্য, কিন্তু তাহার বাসনার বিলোপ হয় না কিন্তু স্থিতপ্রজ্ঞ

যততো হ্যপি কৌন্তেয়, পুরুষস্য বিপশ্চিতঃ।
ইন্দ্রিয়াণি প্রমাথীনি, হরন্তি প্রসভং মনঃ ॥ ৬০ ॥

ভোঃ কৌন্তেয়! হি যততঃ অপি বিপশ্চিতঃ পুরুষস্য মনঃ প্রমাথীনি ইন্দ্রিয়াণি প্রসভং হরন্তি ॥ ৬০ ॥

হে কুন্তীনন্দন! মোক্ষে যত্নপর এবং বিদ্বান্ পুরুষের ও মনঃ প্রমত্ত ইন্দ্রিয়গণ বলপূর্ব্বক হরণ করে ॥ ৬০ ॥

60. O son of Kunthi! the tumultuous senses occasionally steal away the mind of even the wise who carefully striveth after salvation.

ব্যক্তি পরমাত্মা সন্দর্শন জনিত পরম আনন্দানুভব করিয়া কামরূপ বাসনাকে সমূলে উন্মূলিত করেন ॥ ৫৯ ॥

59. The recluse or the saint who practises abstinence or religious austerities, but whose mind is not entirely free from earthly desires, may be likened to an invalid who is compelled to give up the gratification of his senses in consequence of his disease. But the spiritual man, who seeth the true Spirit of God, not only renounces the objects of his desires but his desires also.

স্বামী। ইন্দ্রিয়সংযমং বিনা স্থিতপ্রজ্ঞতা ন সম্ভবতি অতঃ সাধকাবস্থায়াং তত্র মহান্ প্রযত্নঃ কর্ত্তব্যঃ ইতি আহ—যততঃ ইত্যাদি দ্বাভ্যাং। যততঃ—মোক্ষার্থং প্রযতমানস্য। বিপশ্চিতঃ—বিবেকিনঃ অপি, মনঃ—ইন্দ্রিয়াণি প্রসভং—বলাৎ, হরন্তি যতঃ প্রমাথীনি—প্রমথনশীলানি ক্ষোভকানি ইত্যর্থঃ ॥ ৬০ ॥

যততঃ=(পরস্মৈপদং আর্ষং) যতমানস্য প্রযত্নং কুর্ব্বতোঽপি, ভূয়ো ভূয়ঃ বিষয়-দোষ দর্শনাত্মকং যত্নং বিদধতোপি। বিপশ্চিতঃ=অত্যন্তবিবেকিনোঽপি। প্রমাথীনি=প্রমথনশীলানি; মন্থনকারী। প্রসভং=বলাদিব; বলপূর্ব্বক। হরন্তি=বিকারং প্রাপয়ন্তি।

ইন্দ্রিয়গণকে সর্ব্বদা সংযত রাখা কতদূর দুঃসাধ্য তাহা ভগবান্ এই শ্লোকে প্রকাশ করিতেছেন। পণ্ডিতগণ বলিয়াছেন "মুনীনাঞ্চ মতিভ্রমঃ" যোগীরও সময়েং মতিভ্রম উপস্থিত হয়। যাঁহার ইন্দ্রিয়শক্তি দুর্ব্বল ও মনঃশক্তি সবল তিনিই প্রমত্ত ইন্দ্রিয়গণকে নিজ শাসনাধীনে রাখিতে পারেন। ইন্দ্রিয়গণ এমনই অস্থির ও দুর্দ্দমনীয় যে তাহারা

তানি সর্ব্বাণি সংযম্য, যুক্ত আসীত মৎপরঃ।
বশে হি যস্যেন্দ্রিয়াণি, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬১ ॥

যুক্তঃ তানি সর্ব্বাণি (ইন্দ্রিয়াণি) সংযম্য মৎপরঃ (সন্) আসীত। হি যস্য ইন্দ্রিয়াণি বশে তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬১ ॥

যোগীব্যক্তি সেই সকল ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া আমাতে (পরমাত্মায়) আত্মসমর্পণপূর্ব্বক অবস্থান করেন। যাহার ইন্দ্রিয়গণ বশীভূত তাহার প্রজ্ঞা স্থিরতা লাভ করিয়াছে ॥ ৬১ ॥

61. The devout man restraining all his senses, concentrates his mind to me (the Universal Spirit). His heart is firmly fixed in spiritual devotion, whose senses are under his entire control.

মোক্ষাভিলাষী মহাত্মার সংযত চিত্তকেও সময়ং বলপূর্ব্বক বিপথে আনয়ন করে। অবিবেকী অসংযতচিত্ত ব্যক্তির উপর ইন্দ্রিয়গণের কতদূর আধিপত্য তাহা অনায়াসেই বোধগম্য হইতে পারে ॥৬০ ॥

60. The mind of man has been from ages a difficult and complex study to philosophers. Its restlessness, its tendency to wander about is known to every one who has striven to make it steady. In spite of ceaseless drilling for years, the mind occasionally takes a sweep when it becomes hard to restrain it. An evil thought which we have long forgotten, suddenly rises up like a phantom and casts its gloomy shadow over the light of our thoughts. The best way to prevent this is to keep the mind always concentrated to some particular object and to remain engaged in some occupation. According to the Gita this occupation should be the doing of good to humanity, and the object the tip of the nose.

স্বামী। যস্মাৎ এবং তস্মাৎ তানি ইতি। যুক্তঃ—যোগী, তানি—ইন্দ্রিয়াণি, সংযম্য মৎপরঃ সন্ আসীত, যস্য বশে—বশবর্ত্তীনি ইন্দ্রিয়াণি। এতেন চ "কথং আসীত" ইতি প্রশ্নস্য "বশীকৃতেন্দ্রিয়ঃ সন্ আসীত" ইতি উত্তরং ভবতি ॥ ৬১ ॥

যুক্তঃ=সমাহিতচিত্তঃ; সন্ন্যাসী। তানি=ইন্দ্রিয়াণি। সংযম্য=বশীকৃত্য; বশীভূত করিয়া। মৎপরঃ=অহং সর্ব্বাত্মরূপী বাসুদেবঃ এব পরঃ উপাদেয়ঃ যস্য সঃ মৎপরঃ; পরমাত্মরূপী আমাকে (শ্রীকৃষ্ণ) যিনি সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া বোধ করেন। আসীত=নির্ব্যাপার-স্তিষ্ঠেৎ; নিশ্চিন্তভাবে অবস্থান করেন।

ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ, সঙ্গস্তেষূপজায়তে।
সঙ্গাৎ সংজায়তে কামঃ, কামাৎ ক্রোধো ঽভিজায়তে ॥৬২॥

বিষয়ান্ ধ্যায়তঃ পুংসঃ তেষু (বিষয়েষু) সঙ্গঃ উপজায়তে। সঙ্গাৎ কামঃ সংজায়তে। কামাৎ ক্রোধঃ অভিজায়তে ॥ ৬২ ॥

ইন্দ্রিয়গণের উপভোগ্য বিষয় চিন্তা করিতে করিতে মানবের তাহাতে আসক্তি জন্মে। আসক্তিহইতে ঐ সকল বিষয় ভোগের অভিলাষ হয় এবং কোন কারণে অভিলাষসিদ্ধির ব্যাঘাত হইলে ক্রোধ উপস্থিত হয় ॥ ৬২ ॥

62. The man who continually pondereth over objects of senses, becometh attached to them. Attachment begets desires, and defeated desire produceth anger.

স্থিতপ্রজ্ঞ এইরূপ প্রমাথী ইন্দ্রিয়গণকে স্ববশে আনয়ন করিয়া পরমাত্মায় চিত্তসমর্পণ করত সুখে অবস্থান করেন। আত্মা যে মানবের একমাত্র ধ্যেয় তাহা তাঁহার মনে দৃঢ়রূপে অঙ্কিত হয় ॥ ৬১ ॥

61. মৎপরঃ = Thinking me supreme. Srikrishna is identified with the Universal Soul. When all his senses have been brought under control, the aspirant for the spiritual life concentrates his mind to the contemplation of God's Spirit.

স্বামী। বাহ্যেন্দ্রিয় সংযমাভাবে দোষং উক্ত্বা মনঃ সংযমাভাবে দোষং আহ—ধ্যায়তঃ ইতি দ্বাভ্যাং। গুণবুদ্ধ্যা বিষয়ান্ ধ্যায়তঃ পুংসঃ তেষু সঙ্গঃ—আসক্তিঃ, ভবতি, আসক্ত্যা চ তেষু অধিকঃ কামঃ ভবতি, কামাৎ চ কেনচিৎ প্রতিহতাৎ ক্রোধঃ ভবতি ॥ ৬২ ॥

পুংসঃ = পুরুষস্য ; পুরুষের। বিষয়ান্ = রূপরসাদীন্। ধ্যায়তঃ = পুনঃ পুনশ্চিন্তয়তঃ ; এক বিষয় পুনঃপুনঃ চিন্তাকারীর। সঙ্গঃ = সুখহেতুত্ব জ্ঞানলক্ষণা আসক্তিঃ। উপজায়তে = সংজায়তে।

মোক্ষলাভার্থী ইন্দ্রিয়গণকে সংযত করিয়া পরমাত্মাকে ধ্যান করেন, পক্ষান্তরে অসংযতাত্মা ইন্দ্রিয়ের উপভোগ্য বিষয় সকল চিন্তা করিতে২ তাহাতেই আসক্ত হয়। আসক্তি আমাদিগের পরমশত্রু, ভগবান্ তাহাই নির্দ্দেশ করিতেছেন। আসক্তি হইতে বাসনার উৎপত্তি হয় এবং কোন প্রকারে কামনা প্রতিহত হইলে আমাদিগের ক্রোধের উদয় হয় ; কিন্তু, কোন একটী অন্যায় কর্ম্ম করিতে দেখিলে আমাদিগের মনে যে ক্রোধ হয় সেই ক্রোধের কথা ভগবান্ এস্থলে উল্লেখ করেন নাই। ৬২।

ক্রোধাদ্ভবতি সংমোহঃ, সংমোহাৎ স্মৃতিবিভ্রমঃ।
স্মৃতি ভ্রংশাদ্বুদ্ধিনাশঃ, বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥ ৬৩ ॥

ক্রোধাৎ সংমোহঃ ভবতি সংমোহাৎ স্মৃতিবিভ্রমঃ (ভবতি) স্মৃতি-ভ্রংশাৎ বুদ্ধিনাশঃ (ভবতি) বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি ॥ ৬৩ ॥

ক্রোধ হইলে বিবেকশক্তির বিনাশ হয়, বিবেকশক্তি বিনষ্ট হইলে গুরূপদেশ বিস্মৃত হয়, উপদেশ বিস্মৃত হইলে সদ্বুদ্ধি বিলুপ্ত হয়, বুদ্ধি বিলুপ্ত হইলে মানব অধঃপতিত হয় ॥ ৬৩ ॥

63. Anger produceth confusion, confusion causeth the loss of memory, the loss of memory produceth the loss of reason, and from the loss of reason springeth the loss of all.

স্বামী। কিঞ্চ ক্রোধাৎ ইতি। ক্রোধাৎ সংমোহঃ—কার্য্যাকার্য্য বিবেকাভাবঃ, ততঃ শাস্ত্রাচার্য্যোপদিষ্টার্থস্মৃতেঃ বিভ্রমঃ—বিচলনং ভ্রংশঃ, ততঃ বুদ্ধেঃ—চেতনায়াঃ, নাশঃ বৃক্ষাদিষু ইব অভিভবঃ, ততঃ প্রণশ্যতি—মৃততুল্যঃ ভবতি ॥ ৬৩ ॥

সংমোহঃ = অবিবেকঃ; কার্য্যাকার্য্য বিষয়ে ভ্রান্তি। স্মৃতিবিভ্রমঃ = শাস্ত্রাচার্য্যয়োঃ উপদিষ্টার্থানুসন্ধানস্য বিভ্রমঃ। বুদ্ধিনাশঃ = অন্তঃকরণস্য কার্য্যাকার্য্য বিষয় বিবেকা-যোগ্যতা বুদ্ধের্নাশ উচ্যতে। প্রণশ্যতি = সর্ব্বপুরুষার্থাযোগ্যো ভবতি; সকল পুরুষার্থের অযোগ্য হয়।

ক্রোধের উদয় হইলে শাস্ত্র ও আচার্য্যের উপদেশ সকল আমরা ভুলিয়া যাই। এইরূপ ভ্রম হইতে বিবেক বিনষ্ট হয় এবং এই বিবেক শক্তির ধ্বংস হইলে আমরা পশুর ন্যায় ব্যবহার করি। অতএব কামনারূপ আসক্তিই আমাদিগের সমস্ত পুরুষার্থ বিনাশের নিদান ॥ ৬৩ ॥

63. This verse completes the answer to question 3rd in verse 54. Verses 62 and 63 shew in detail the process by which man loses all from attachment to earthly objects. সংমোহঃ = want of judgment to distinguish good from evil; derangement of thought, recklessness. স্মৃতিবিভ্রমঃ = loss of memory, forgetfulness of religious and moral instruction learned from professors and preceptors. বুদ্ধিনাশঃ = loss of reason, wreck of that power by

রাগ দ্বেষবিমুক্তৈস্তু, বিষয়ানিন্দ্রিয়ৈশ্চরন্।
আত্মবশ্যৈর্ব্বিধেয়াত্মা, প্রসাদমধিগচ্ছতি ॥ ৬৪ ॥

তু বিধেয়াত্মা রাগদ্বেষবিমুক্তৈঃ আত্মবশ্যৈঃ ইন্দ্রিয়ৈঃ বিষয়ান্ চরন্ প্রসাদং অধিগচ্ছতি ॥ ৬৪ ॥

সংযতাত্মা আসক্তি ও বিদ্বেষ শূন্য হইয়া এবং আত্মবশীভূত-ইন্দ্রিয়গণ-দ্বারা সমস্ত বিসয়ে বিচরণ করত পরম আনন্দ অনুভব করেন ॥ ৬৪ ॥

64. The governed mind, freed from attachment and malice, enjoying objects with senses all controlled, obtaineth happiness supreme.

---

which we can discern the effects of our actions. প্রণশ্যতি = completes the ruin of every thing which distinguishes a human being from a beast.

স্বামী। নমু ইন্দ্রিয়াণাং বিষয় প্রবণস্বভাবানাং নিরোদ্ধুং অশক্যত্বাৎ অয়ং দোষঃ দুষ্পরিহারঃ ইতি স্থিতপ্রজ্ঞত্বং কথং স্যাৎ ইতি আশঙ্ক্য আহ—রাগদ্বেষ ইতি দ্বাভ্যাং। রাগদ্বেষরহিতৈঃ বিগতদর্পৈঃ ইন্দ্রিয়ৈঃ বিষয়ান্ চরন্—উপভুঞ্জানঃ অপি, প্রসাদং—শান্তিং, প্রাপ্নোতি। রাগদ্বেষ রাহিত্যং এব আহ—আত্ম ইতি। আত্মনঃ—মনসঃ, বশ্যৈঃ ইন্দ্রিয়ৈঃ বিধেয়ঃ—বশবর্ত্তী, আত্মা-মনঃ যস্য ইতি, অনেন এব "কথং ব্রজেত" ইত্যস্য চতুর্থ প্রশ্নস্য "স্বাধীনৈঃ ইন্দ্রিয়ৈঃ বিষয়ান্ গচ্ছতি" ইতি উত্তরং উক্তং ভবতি ॥ ৬৪ ॥

তুঃ = পূর্ব্বাদ্ব্যতিরেকার্থঃ। বিধেয়াত্মা = সমাহিতচেতাঃ; পবিত্রচিত্ত।

পূর্ব্ব শ্লোকে বিষয়ানুধ্যান যে সমস্ত অনর্থের মূলকারণ তাহা প্রদর্শন পূর্ব্বক ভগবান্ রাগদ্বেষবিমুক্ত সমাহিত চিত্ত ব্যক্তি যে কি লাভ করেন তাহা এই শ্লোকদ্বারা প্রদর্শন করিতেছেন। এই শ্লোক হইতে অধ্যায় শেষ পর্য্যন্ত ভগবান্ অর্জ্জুনের ৫৪ শ্লোকস্থ "ব্রজেত কিং" এই চতুর্থ প্রশ্নের উত্তর প্রদান করিলেন। রাগদ্বেষ পরিবর্জ্জিত স্থিতধী তদীয় সংযতেন্দ্রিয়গণদ্বারা ইন্দ্রিয়ের উপভোগ্য সমস্ত বিষয়ে বিচরণ করত মনের প্রসন্নতা লাভ করেন ॥ ৬৪ ॥

64. This verse and the eight subsequent verses to the end of this Book contain the answer to question fourth in verse 54. The ungoverned mind distracted by various desires, finds nothing but unrest in its

প্রসাদে সর্ব্বদুঃখানাং, হানিরস্যোপজায়তে।
প্রসন্নচেতসো হ্যাশু, বুদ্ধিঃ পর্য্যবতিষ্ঠতে ॥ ৬৫ ॥

অস্য প্রসাদে সর্ব্বদুঃখানাং হানিঃ উপজায়তে। হি প্রসন্নচেতসঃ বুদ্ধিঃ আশু পর্য্যবতিষ্ঠতে ॥ ৬৫ ॥

এইরূপ চিত্ত প্রসাদ লাভ করিলে সমস্ত দুঃখের অবসান হয়। যেহেতু প্রসন্নচিত্ত মানবের বুদ্ধি শীঘ্রই পরব্রহ্মে প্রতিষ্ঠিত হয় ॥ ৬৫ ॥

65. All miseries end, when this cheerfulness is obtained. For, the soul of him whose heart is full of joy, is easily fixed upon the Spirit of God.

---

downward career, but the well-regulated mind free from desires and attachments, enjoys supreme happiness in the discharge of its noble work—the good of humankind. The difference between a governed and an ungoverned mind is here shewn. দ্বেষঃ—malice or hatred. The governed mind which looks with an equal eye on all objects of this world, finds true happiness.

স্বামী। প্রসাদে সতি কিং স্যাৎ ইতি আহ-প্রসাদে ইতি। প্রসাদে সতি সর্ব্বদুঃখনাশঃ, ততঃ চ প্রসন্নচেতসঃ বুদ্ধিঃ প্রতিষ্ঠিতা ভবতি ইত্যর্থঃ ॥ ৬৫ ॥

অস্য—মনসঃ। সর্ব্বদুঃখানাং=আধ্যাত্মিকাদীনাং। (৫৬ শ্লোক দেখুন) হানিঃ= বিনাশঃ। প্রসন্নচেতসঃ=শুদ্ধান্তঃকরণস্য, স্বচ্ছান্তঃকরণস্য। হি—যস্মাৎ। আশু= শীঘ্রং। পর্যবতিষ্ঠতে=আকাশমিব সমন্তাৎ অবতিষ্ঠতে, আত্মস্বরূপেণ এব নিশ্চলী ভবতি; আকাশের ন্যায় নির্ম্মল ও স্থিরভাবে ঈশ্বরে অবস্থান করে।

রাগদ্বেষ বিমুক্ত সমাহিতচিত্ত মানবের যে আত্মপ্রসন্নতা উপস্থিত হয় তদ্দ্বারা আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক ত্রিবিধ দুঃখের বিনাশ হয়। আত্মা নির্ম্মল ও স্বচ্ছ না হইলে তাহাতে পরব্রহ্মের জ্যোতিঃ প্রতিবিম্বিত হয় না; আবার আত্মজ্ঞান না হইলে মনের চিরপ্রসন্নতা লাভ হয় না। অতএব নির্ম্মল আত্মাই প্রসন্নতা লাভ করে ॥ ৬৫ ॥

65. **Happiness is the end of life, but this happiness cannot be obtained until the mind is cleansed of all its impurities and until it becomes sufficiently transparent to reflect the light of spiritual wisdom. When**

নাস্তি বুদ্ধিরযুক্তস্য, নচাযুক্তস্য ভাবনা।
নচাভাবয়তঃ শান্তিঃ, অশান্তস্য কুতঃ সুখম্ ॥ ৬৬ ॥

অযুক্তস্য বুদ্ধিঃ ন অস্তি, অযুক্তস্য ভাবনা নচ (অস্তি) অভাবয়তঃ শান্তিঃ নচ (অস্তি) অশান্তস্য সুখং কুতঃ ॥ ৬৬ ॥

যাঁহার ইন্দ্রিয়গণ বিজিত হয় নাই তাঁহার আত্মবিষয়িনী বুদ্ধি থাকে না। অজিতেন্দ্রিয়ব্যক্তি আত্মধ্যান করিতে সমর্থ হয় না। আত্মধ্যানে অসমর্থ ব্যক্তি শান্তি লাভ করিতে পারে না। যাহার মনে শান্তি নাই তাহার সুখ কোথায়? ॥ ৬৬ ॥

66. He hath no spiritual knowledge whose senses are not under his control. The ungoverned mind is incapable of spiritual contemplation. He cannot have peace of mind whose heart cannot be fixed on God. And how can he hope for happiness supreme who hath no peace of mind?

this blissful state is reached, the mind feels a perpetual gladness which destroys all our earthly evils and miseries.

স্বামী। ইন্দ্রিয় নিগ্রহস্য স্থিতপ্রজ্ঞতাসাধনত্বং ব্যতিরেক মুখেন উপপাদয়তি—নাস্তি বুদ্ধিঃ ইত্যাদি। অযুক্তস্য—অবশীকৃতেন্দ্রিয়স্য, বুদ্ধিঃ—শাস্ত্রাচার্য্যোপদেশাভ্যাং আত্ম-বিষয়া বুদ্ধিঃ, ন অস্তি, প্রজ্ঞা এব ন উৎপদ্যতে। কুতঃ তস্য প্রতিষ্ঠাবার্ত্তা ইতি অত্র আহ—নচ ইতি নচ অযুক্তস্য ভাবনা—ধ্যানং, ভাবনয়া হি বুদ্ধেঃ আত্মনি প্রতিষ্ঠা ভবতি সা চ অযুক্তস্য যতঃ ন অস্তি। নচ অভাবয়তঃ—আত্মধ্যানং অকুর্ব্বতঃ, শান্তিঃ—আত্মনি চিত্তোপরমঃ, অশান্তস্য কুতঃ সুখং—মোক্ষানন্দঃ ইত্যর্থঃ ॥ ৬৬ ॥

অযুক্তস্য = অসমাহিতান্তঃকরণস্য। বুদ্ধিঃ = আত্মস্বরূপবিষয়া; আত্মবিষয়া শ্রবণমনমাখ্য বেদান্তবিচারজন্যা। নাস্তি = ন বিদ্যতে, ন উৎপদ্যতে। ভাবনা = আত্মজ্ঞানাভিনিবেশঃ; পরমাত্মায় মনোভিনিবেশ। অভাবয়তঃ = আত্মজ্ঞানাভিনিবেশং অকুর্ব্বতঃ; যিনি আত্মজ্ঞানে মনোভিনিবেশ করিতে পারেন না।

পক্ষান্তরে অযুক্তব্যক্তির যে চিত্তপ্রসাদ সম্ভাবনা হয়না তাহা ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। যাহার ইন্দ্রিয়গণ সম্যক্‌রূপে বিজিত হয় নাই তিনি সমগ্র শাস্ত্রালোচনা করিলেও তাঁহার আত্মবিষয়িনী বুদ্ধি জন্মে না এবং তিনি আত্মধ্যান করিতে অসমর্থ হন।

ইন্দ্রিয়াণাং হি চরতাং, যন্মনোঽনুবিধীয়তে।
তদস্য হরতি প্রজ্ঞাং, বায়ুর্নাবমিবাম্ভসি ॥ ৬৭ ॥

যৎ মনঃ চরতাং ইন্দ্রিয়াণাং অনুবিধীয়তে, হি তৎ (মনঃ) বায়ুঃ অম্ভসি নাবং ইব অস্য (যতেঃ) প্রজ্ঞাং হরতি ॥ ৬৭ ॥

যাহার মনঃ যথেচ্ছগামী ইন্দ্রিয়গণের অনুসরণ করে, সমুদ্রমধ্যস্থ নৌকা যেরূপ বায়ু কর্তৃক অপহৃত হয়, তদ্রূপ তাহার মনঃ প্রজ্ঞাকে হরণ করে ॥ ৬৭ ॥

67. As the whirlwind driveth astray the bark on the waters, so doth the ungoverned mind pursuing the senses, steal away spiritual will from the path of salvation.

তিনি সর্ব্বদা বহির্ম্মুখীন থাকিয়া পার্থিব বিষয়ে বিক্ষিপ্ত থাকেন। এইরূপ ব্যক্তি কদাপি শান্তি লাভ করিতে পারেন না। শান্তিলাভ না হইলে মোক্ষানন্দের উদয় হয় না ॥ ৬৬ ॥

66. Having described the nature of the happiness which the governed mind enjoys, the condition of the ungoverned mind is here described. One who has such a mind cannot have *spiritual knowledge* although he might have mastered all the philosophies of the world. He who has no spiritual knowledge, cannot fix his mind upon *spiritual contemplation.* Without spiritual contemplation the mind cannot enjoy *tranquillity.* And without tranquillity there can be no *true happiness.* First is knowledge, then comes contemplation, then comes the calmness of mind which yields supreme happiness.

স্বামী। "নাস্তি বুদ্ধিরযুক্তস্য" ইত্যত্র হেতুং আহ—ইন্দ্রিয়াণাং ইতি। ইন্দ্রিয়াণাং অবশীকৃতানাং স্বৈরং বিষয়েষু চরতাং মধ্যে যদা এব একং ইন্দ্রিয়ং মনঃ অনুবিধীয়তে—অবশীকৃতং সৎ ইন্দ্রিয়েণ সহ গচ্ছতি, তদা এব একং ইন্দ্রিয়স্য—মনসঃ পুরুষস্য বা প্রজ্ঞাং হরতি—বিষয় বিক্ষিপ্তাং করোতি, কিমু বক্তব্যং বহূনি প্রজ্ঞাং হরন্তি ইতি। যথা প্রমত্তস্য কর্ণধারস্য নাবং বায়ুঃ সমুদ্রে সর্ব্বতঃ পরিভ্রাময়তি তদ্বৎ ইতি ॥ ৬৭ ॥

চরতাং = স্ববিষয়েষু প্রবর্ত্তমানানাং; স্বস্ববিষয়ে প্রবৃত্ত ইন্দ্রিয়গণের। অনুবিধীয়তে = অনুপ্রবর্ত্ততে; অনুসরণ করে। ইন্দ্রিয়াণাং = চক্ষুঃশ্রোত্রাদীনাং। বায়ুঃ অম্ভসি নাবংইব = যথা অম্ভসি নীয়মানাং নাবং প্রাতিকূল্যেন বায়ুঃ হরতি; যেমন অনুকূলস্রোতে ভাসমান নৌকা প্রতিকূল বায়ু দ্বারা বিচলিত হয়।

প্রজ্ঞাং = আত্মবিবেকজাং। হরতি = অপনয়তি, নাশয়তি।

অযুক্ত ব্যক্তির কি পরিণাম তাহা ভগবান্ প্রদর্শন করিতেছেন। অনুকূল স্রোতে ভাসমান নৌকা যেমন প্রতিকূল বায়ু দ্বারা বিপথগামী হয় তদ্রূপ মোক্ষমার্গগামী বুদ্ধি, ইন্দ্রিয়োপভোগ্যবিষয়বিক্ষিপ্ত মনঃ দ্বারা বিপথে পরিচালিত হয়। এই শ্লোকে

তস্মাদ্যস্য মহাবাহো, নিগৃহীতানি সর্ব্বশঃ।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেভ্যঃ, তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ৬৮ ॥

ভো মহাবাহো ! তস্মাৎ যস্য ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেভ্যঃ সর্ব্বশঃ নিগৃহীতানি ভবন্তি তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ॥ ৬৮ ॥

হে মহাবাহো ! অতএব যাঁহার ইন্দ্রিয়গণ ইন্দ্রিয়ভোগ্য বিষয়হইতে সর্ব্বথা প্রতিনিবৃত্ত হয়, তাঁহার প্রজ্ঞা প্রতিষ্ঠিত জানিবে ॥ ৬৮ ॥

68. Therefore, O valiant Prince ! his spiritual devotion is firmly fixed whose senses are always restrained from their objects.

অনুকূল স্রোতে ভাসমান নৌকার সহিত পরমার্থতত্ত্বাভিমুখে গমনশীল প্রজ্ঞার তুলনা করা হইয়াছে এবং প্রতিকূল বায়ুর সহিত ইন্দ্রিয়ানুগত মনের তুলনা করা হইয়াছে। প্রজ্ঞা সংযমাত্মিকা। সংযম হইতেই প্রজ্ঞার উৎপত্তি হয়। অতএব ভগবান্ নির্দ্দেশ করিলেন যে বিক্ষিপ্তচেতার প্রজ্ঞা হয় না। প্রজ্ঞা না হইলে মোক্ষমার্গে গমন করা যাইতে পারে না ॥ ৬৭ ॥

67. Madhusudan and Sridhar give a different meaning to this verse. They say that if one of the senses go astray, the spiritual will of the pilgrim on the path of salvation is diverted and its power is lost for a while. It is impossible for a man to obtain spirituality when his mind pursues the objects of senses and when he is chained to the world by a desire or affection. If at the time of death he has a desire or affection ungratified, he shall have to go through reincarnations until his soul is free from all desires. The bark of the spiritual will floats straight obedient to the stream towards the ocean of Nirvana until a strong gust of unsatisfied passion diverts it to a different course.

স্বামী। ইন্দ্রিয় সংযমস্য স্থিতপ্রজ্ঞত্বে সাধনত্বং লক্ষণত্বং চ উক্তং উপসংহরতি—তস্মাৎ ইতি। সাধনত্বোপসংহারে তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা ভবতি ইত্যর্থঃ, লক্ষণত্বোপসংহারে তস্য প্রজ্ঞা প্রতিষ্ঠিতা জ্ঞাতব্যা ইত্যর্থঃ। মহাবাহো ইতি সম্বোধনং বৈরিনিগ্রহে সমর্থস্য তব অত্র অপি সামর্থ্যং ভবেৎ ইতি সূচয়তি ॥ ৬৮ ॥

মহাবাহো=ইতি সম্বোধনং সর্ব্বশত্রুনিবারণ ক্ষমত্বাৎ ইন্দ্রিয়শত্রু নিবারণেপি ত্বং ক্ষমোসীতি সূচয়তি। ইন্দ্রিয়াণি=সর্ব্বাণি মানসাদীনি; ইন্দ্রিয়গণ। ইন্দ্রিয়ার্থেভ্যঃ=রূপ রসাদিভ্যঃ; ইন্দ্রিয়ের উপভোগ্য রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দহইতে। সর্ব্বশঃ=সর্ব্বাণি মানসাদীনি।

স্থিতপ্রজ্ঞের লক্ষণ উপসংহার করিয়া ভগবান্ কহিলেন যে, যিনি স্বীয় ইন্দ্রিয়গণকে নিজ নিজ বিষয়হইতে সর্ব্বদা নিগৃহীত রাখেন তাঁহার প্রজ্ঞা স্থিরভাবে প্রতিষ্ঠিত হইয়াছে

যা নিশা সর্ব্বভূতানাং, তস্যাং জাগর্ত্তি সংযমী।
যস্যাং জাগ্রতি ভূতানি, সা নিশা পশ্যতো মুনেঃ ॥ ৬৯ ॥

যা সর্ব্বভূতানাং নিশা, সংযমী তস্যাং জাগর্ত্তি। যস্যাং ভূতানি জাগ্রতি, পশ্যতঃ মুনেঃ সা নিশা ॥ ৬৯ ॥

যাহা সকল প্রাণীর রাত্রি, সংযমী যোগী তাহাতে জাগরিত থাকেন। যাহাতে প্রাণিগণ জাগরিত থাকেন, তাহা তত্ত্বদর্শী স্থিতপ্রজ্ঞের রাত্রি ॥ ৬৯ ॥

69. The self-governed sage remaineth awake wherein the world is hushed in sleep; and the seer who seeth the Spirit of God, findeth darkness wherein the world remaineth awake.

বলিয়া জানিবে। এইরূপে প্রজ্ঞা স্থিরভাবাপন্ন হইলে, সংযমীর নিকট এই ইন্দ্রিয়ের উপভোগ্য প্রত্যক্ষ পরিদৃশ্যমান বাহ্যজগৎ ঘোর অন্ধকারময় প্রতীয়মান হয়। তৎকালে তিনি আধ্যাত্মিক অন্তর্জগতের গুহ্য আত্মতত্ত্ব সকল দিব্য মানস নয়নে সন্দর্শন করেন। ভগবান্ এইক্ষণে সেই মৌনী সংযমীর কথা বলিতেছেন ॥ ৬৮ ॥

68. This verse completes the description of the man of spiritual devotion. When his senses have been fully restrained and when they have ceased to wander on external objects, the self-restrained man lives within himself. Then the external world appears to him dark and the internal world as clear as day-light.

স্বামী। নমু ন কশ্চিৎ অপি প্রসুপ্তঃ ইব দর্শনাদি ব্যাপার শূন্যঃ সর্ব্বাত্মনা নিগৃহীতেন্দ্রিয়ঃ লোকে দৃশ্যতে অতঃ অসম্ভাবিতং ইদং লক্ষণং ইতি আশঙ্ক্য আহ—যানিশা ইতি। সর্ব্বেষাং ভূতানাং যা নিশা—নিশা ইব নিশা—আত্মনিষ্ঠা, অজ্ঞানধ্বান্তাবৃতমতীনাং তস্যাং দর্শনাদি ব্যাপারাভাবাৎ তস্যাং—আত্মনিষ্ঠায়াং, সংযমী—নিগৃহীতেন্দ্রিয়ঃ, জাগর্ত্তি—প্রবুধ্যতে। যস্যাং তু বিষয়নিষ্ঠায়াং ভূতানি জাগ্রতি—প্রবুধ্যন্তে, সা আত্মতত্ত্বং পশ্যতঃ মুনেঃ নিশা তস্যাং দর্শনাদি ব্যাপারঃ তস্য ন অস্তি ইত্যর্থঃ। এতৎ উক্তং ভবতি যথা দিবান্ধানাং উলূকাদীনাং রাত্রৌ এব দর্শনং ন তু দিবসে এবং ব্রহ্মজ্ঞস্য উন্মীলিতাক্ষস্য অপি ব্রহ্মণি এব দৃষ্টিঃ নতু বিষয়েষু অতঃ ন অসম্ভাবিতং ইদং লক্ষণং ইতি ॥ ৬৯ ॥

যা=বেদান্ত বাক্যজনিত সাক্ষাৎকাররূপা অহং ব্রহ্মাস্মীতি প্রজ্ঞা; বেদান্তবাক্যপ্রতিপাদ্য জীবব্রহ্মের অভেদ জ্ঞানরূপ প্রজ্ঞা। সর্ব্বভূতানাং=অবিবেকিলোকানাং, অজ্ঞানান্ধকারাবৃতমতীনাং। নিশা=রাত্রিঃ, অজ্ঞানরূপা। সংযমী=জিতেন্দ্রিয়ঃ, ইন্দ্রিয় সংযমবান্; স্থিতপ্রজ্ঞ। তস্যাং=ব্রহ্মবিদ্যালক্ষণায়াং সর্ব্বভূতনিশায়াং; তাহাতে, প্রজ্ঞারূপ সাধারণের নিশায়। জাগর্ত্তি=অজ্ঞাননিদ্রায়াঃ প্রবুদ্ধঃ সন্ সাবধানো বর্ত্ততে; অজ্ঞাননিদ্রা হইতে জাগরিত হইয়া সাবধানে থাকে। যস্যাং=দ্বৈতদর্শন লক্ষণায়াং অবিদ্যায়াং; আমরা

. আপূর্য্যমাণমচল প্রতিষ্ঠং,
সমুদ্রমাপঃ প্রবিশন্তি যদ্বৎ।
তদ্বৎ কামা যং প্রবিশন্তি সর্ব্বে,
স শান্তিমাপ্নোতি ন কামকামী ॥ ৭।

যদ্বৎ আপঃ আপূর্য্যমাণং অচলপ্রতিষ্ঠং সমুদ্রং প্রবিশন্তি, তদ্বৎ যং (পুরুষং) সর্ব্বে কামাঃ প্রবিশন্তি, সঃ শান্তিং আপ্নোতি। কামকামী ন (শান্তিং আপ্নোতি) ॥ ৭০ ॥

জল যেরূপ সর্ব্বদা পরিপূর্ণ ও অচলভাবে অবস্থিত মহাসমুদ্রে প্রবেশ করিয়া বিলীন হয়, সেইরূপ যখন কামনা সকল পুরুষের হৃদয় মধ্যে প্রবেশ করিয়া বিলীন হয় তৎকালে তিনি শান্তি লাভ করিতে পারেন। কামনা-পূর্ণ ব্যক্তি কখনই শান্তি সুখ লাভ করিতে পারে না ॥ ৭০ ॥

70. As waters are stilled when they pour into the over-flowing yet calm bosom of the ocean, so when all his desires enter into, and disappear in, his soul, the man of spiritual devo-tion findeth peace. He cannot enjoy peace whose mind is distracted by desires.

যে অবিদ্যা প্রভাবে জীবকে ব্রহ্মহইতে ভিন্ন দেখি তাহাতে। ভূতানি=অবিবেকিনো লোকাঃ; বিবেক শূন্য ব্যক্তিগণ। জাগ্রতি=স্বপ্নবৎ ব্যবহরন্তি; নিদ্রিতের ন্যায় ব্যবহার করে। পশ্যতঃ=অপরোক্ষতয়া স্থিতপ্রজ্ঞস্য; আত্মদর্শী স্থিতপ্রজ্ঞের। মুনেঃ=সংয-মিনঃ, সংযমী ব্যক্তির।

অবিবেকী লোকদিগের প্রজ্ঞা অজ্ঞানময় অন্ধকারে সমাবৃত। এই আত্মজ্ঞান একাদশ ইন্দ্রিয়ের অগোচর। প্রজ্ঞাদ্বারা ইহাকে দর্শন করা যায়। সংযমী ইহাতে জাগরিত থাকেন, অর্থাৎ তাঁহার নিকট আত্মতত্ত্ব প্রত্যক্ষবৎ প্রতীয়মান হয়। ভগবান্ ইহাকে "সবিজ্ঞান" বলিয়া সপ্তম অধ্যায়ে ব্যাখ্যা করিয়াছেন। যে অবিদ্যারূপ মায়ায় সাধারণ লোক জাগরিত, সংযমী তাহাকে মিথ্যাবোধে উপেক্ষা করেন। তিনি সংসারে নিদ্রিত হইয়াও আত্মজ্ঞানে সর্ব্বদা জাগরিত। সাধারণ লোক যে আত্মতত্ত্বে অন্ধ হইয়া সংসাররূপ ঘোর মোহান্ধকারে বিচরণ করে, সেই আত্মতত্ত্ব স্থিতপ্রজ্ঞের নিকট দিব্যালোক। আর জীব যে মায়াপূর্ণ সংসারকে সত্য বলিয়া তাহাতে বিহার করে, পরমাত্মদর্শী স্থিতপ্রজ্ঞ তাহাকে ঘোর তমসাচ্ছন্ন মায়া জ্ঞান করিয়া তুচ্ছ করেন। পর্ব্বতবিহারিণী নদী সমুদ্রে পতিত হইয়া যেরূপ স্থিরভাবাপন্ন হয় তদ্বৎ কামরূপ অবিদ্যা স্থিতপ্রজ্ঞের আত্মায় প্রবেশ করিয়া বিলীন হয় ॥ ৬৯ ॥

69. When the man of spiritual devotion succeeds in restraining his senses and in concentrating his mind to spiritual pursuits, the tom-fooleries of this objective world vanish before him and he enters into a spiritual life. This spiritual life is like the midnight gloom to the ignorant who recklessly pursue the objects of his desire. But the true saint perceives the universe as an expansion of the Spirit of God and sees all with an equal eye. A man pursues another man with vengeance, a nation tramples upon another nation, man kills beast and birds for his food and enjoyments, in brief, there is an eternal struggle for mastery—these appear to the saint as an illusion wrapped in midnight-gloom. To him this universe with its teeming lives appear as one object. The sun and the moon are his eyes, the stars his hairs, the nations are his arms, and the whole animated creation is his limbs. When any thing in Nature is injured he feels the injury as his own. This will be seen in Book XI where Srikrishna shows himself as a manifestation of the universe.

স্বামী। নম্থ বিষয়েষু দৃষ্টাভাবে কথং অসৌ তান্ ভুঙ্‌ক্তে ইতি অপেক্ষায়াং আহ—আপূর্য্যমাণং ইতি। নানানদনদীভিঃ আপূর্য্যমাণং অপি অচলপ্রতিষ্ঠং—অনতিক্রান্ত-মর্য্যাদং এব, সমুদ্রং পুনঃ অপি অন্যাঃ আপঃ যথা প্রবিশন্তি তথা কামাঃ বিষয়াঃ যং মুনিং অন্তর্দৃষ্টিং ভোগৈঃ অবিক্রিয়মাণং এব প্রারব্ধকর্ম্মভিঃ আক্ষিপ্তাঃ সন্তঃ প্রবিশন্তি, সঃ শান্তিং—কৈবল্যং, প্রাপ্নোতি। নতু কামকামী—ভোগ কামনাশীলঃ ॥ ৭০ ॥

আপূর্য্যমাণং = সর্ব্বাভিঃ নদীভিঃ সর্ব্বতঃ পূর্য্যমাণং ; পর্ব্বতবাহী নিম্নগাগণে পরিপূরিত। অচলপ্রতিষ্ঠং = স্থিরভাবেন অবস্থিতং ; স্থিরভাবে অবস্থিত। কামকামী = কামান্ বিষয়ান্ কাময়িতুং শীলং যস্য সঃ, কামনাভিভূতঃ। যদ্বৎ = যাদৃশং। তদ্বৎ = তাদৃশং।

স্থিতপ্রজ্ঞের মনঃ যৎকালে সর্ব্ববিক্ষেপশূন্য হইয়া পরমাত্মার দিকে প্রধাবিত হয় তৎকালে তাঁহার মনের অবস্থা কি প্রকার তাহার দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন। যেমন পর্ব্বত বাহিনী নদীর জলে সর্ব্বদা পরিপূর্ণ অথচ অচলভাবে স্থিত মহাসমুদ্রে বর্ষার বারিধারাও প্রবেশ করিয়া স্থিরভাবাপন্ন হয় তদ্রূপ নির্ব্বিকার স্থিতপ্রজ্ঞের আত্মায় শব্দাদি বিষয় সকল প্রবেশ করিলেও তাহাতে তাঁহার অশান্তি না হইয়া বরং শান্তিই হইয়া থাকে। অথবা যেরূপ পার্ব্বতীয় নদ নদীগণ অতি তীব্রভাবে প্রবাহিত হইয়া পরিশেষে অচল ও স্থির মহাসমুদ্রে প্রবেশ করত স্থিরভাবে অবস্থিতি করে তদ্রূপ মানবের তীব্র কামনা সকল খরতর বেগে কামরূপ পর্ব্বতহইতে নিষ্ক্রান্ত হইয়া অবশেষে স্থিত-প্রজ্ঞের আত্মায় প্রবেশ করত প্রত্যাহারদ্বারা বিলীন হয়। অথবা যেমন সমস্ত নদ নদী মহাসমুদ্রে প্রবেশ মাত্র স্থিরভাবাপন্ন হয় তদ্রূপ কামনা সকল ও সংযমীর প্রশান্ত মহাহ্রদয়ে প্রবেশমাত্র বিলীন হয় ॥ ৭০ ॥

70. In this verse an example is given to explain fully the mental

বিহায় কামান্ যঃ সর্ব্বান্, পুমাংশ্চরতি নিস্পৃহঃ।
নির্ম্মমো নিরহঙ্কারঃ, স শান্তি মধিগচ্ছতি ॥ ৭১ ॥

যঃ পুমান্ সর্ব্বান্ কামান্ বিহায় নিস্পৃহঃ, নির্ম্মমঃ, নিরহঙ্কারঃ (চ সন্) চরতি, সঃ (পুমান্) শান্তিং অধিগচ্ছতি ॥ ৭১ ॥

যে ব্যক্তি সর্ব্বপ্রকার কামনা পরিত্যাগপূর্ব্বক আসক্তি, মমতা এবং অহঙ্কার শূন্য হইয়া সংসারে বিচরণ করেন, তিনিই শান্তি সুখ লাভ করিতে পারেন ॥ ৭১ ॥

71. He who liveth in this world, renouncing all his desires, attachments, affections and pride obtaineth happiness supreme.

condition of the self-governed man. The objective world cannot in any way influence the man of spiritual devotion. As rushing streams and floods flow into the ocean and are stilled, so " the world of sense pours its streams" of trials and temptations into the ocean-like heart of the spiritual man, without producing any commotion. This state of tranquillity cannot be obtained by him whose mind is tossed by desires.

স্বামী। যস্মাৎ এবং তস্মাৎ বিহায় ইতি। প্রাপ্তান্ কামান্ বিহায়—ত্যক্ত্বা উপেক্ষ্য, অপ্রাপ্তেষু চ নিস্পৃহঃ যতঃ নিরহঙ্কারঃ অতঃ এব তদ্ভোগাবসানেষু নির্ম্মমঃ সন্ অন্তর্দৃষ্টিঃ ভূত্বা যঃ চরতি—প্রারব্ধবশেন ভোগান্ ভুঙ্ক্তে, যত্র কুত্র অপি গচ্ছতি বা সঃ শান্তিং প্রাপ্নোতি ॥ ৭১ ॥

পুমান্=পুরুষঃ, সন্ন্যাসী। বিহায়=পরিত্যজ্য। নিস্পৃহঃ=শরীরজীবনাদিভ্যোঽপি নির্গতা স্পৃহা যস্য তাদৃশঃ; শরীর ও জীবন রক্ষার আশাও যিনি পরিত্যাগ করেন। নির্ম্মমঃ=মমতাপরিশূন্যঃ। নিরহঙ্কারঃ=মমেদমিত্যনিত্যাভিমান বিবর্জিতঃ। "আমার ইহা" এইরূপ অনিত্য অভিমান রহিত। চরতি=প্রারব্ধকর্ম্মবশেন ভোগান্ ভুঙ্ক্তে, যাদৃচ্ছিকতয়া গচ্ছতি; পূর্ব্বজন্মের ফলক্ষয় করিবার জন্য সংসারে বিচরণ করেন। শান্তিং=সর্ব্বসংসারদুঃখোপরমত্বলক্ষণাং, নির্ব্বাণং; সমস্ত সংসারের দুঃখ নিবারক নির্ব্বাণ মুক্তি।

স্থিতপ্রজ্ঞ কি লাভ করেন ভগবান্ তাহা নির্দ্দেশ করিতেছেন। তিনি সকল প্রকার কামনা শূন্য, পুত্রকলত্রবিষয়াদির প্রতি মমতা বর্জ্জিত "আমি" ও "আমার" এই জ্ঞান বিরহিত হইয়া পরমেশ্বরোদ্দেশে লোক সংগ্রহার্থে তদীয় পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফলের ভোগাবসান করিয়া থাকেন। এইরূপ কর্ম্মযোগের অনুষ্ঠান করিয়া তিনি ইহলোকেই শান্তি লাভ করেন। পৃথিবীর সকলেই শান্তির জন্য লালায়িত। এই শান্তি সুখ অনায়াসলব্ধ নহে। এই শ্লোকের উপদেশানুসারে যিনি কর্ম্মযোগের অনুষ্ঠান করেন তিনিই কেবল শান্তি লাভ করিতে সমর্থ হন ॥ ৭১ ॥

এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ, নৈনাং প্রাপ্য বিমুহ্যতি।
স্থিত্বা স্যামন্তকালেঽপি, ব্রহ্মনির্ব্বাণমৃচ্ছতি ॥ ৭২ ॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্ম-বিদ্যায়াং
যোগ-শাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে সাঙ্খ্য-
যোগো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

ভোঃ পার্থ! এষা ব্রাহ্মীস্থিতিঃ, এনাং প্রাপ্য ন বিমুহ্যতি, অন্তকালে অপি, অস্যাং স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণং ঋচ্ছতি ॥ ৭২ ॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতান্বয়ে দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

হে পার্থ! এইরূপ অবস্থাই ব্রহ্মনিষ্ঠা, ইহাকে লাভ করিলে মোহে অভিভূত হইতে হয় না, মৃত্যুকালেও এই অবস্থাপ্রাপ্ত হইলে ব্রহ্মনির্ব্বাণ লাভ হয় ॥ ৭২ ॥

বেদব্যাস প্রণীত শতসহস্র শ্লোকপূর্ণ ধর্ম্মশাস্ত্রে শ্রীমহাভারত গ্রন্থে
ভীষ্মপর্ব্বাধ্যায়ে বেদের শাখাস্বরূপ শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীকৃষ্ণার্জ্জুন
সংবাদে যোগ-শাস্ত্রে ব্রহ্মবিদ্যায় সাংখ্য যোগ-
নামক দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥ ২ ॥

72. O Pritha's son! this is the state of spiritual devotion; attaining this the soul is never darkened by delusion. Even if reached at the hour of death, it leads the soul to blessed Nirvana.

HERE ENDETH CHAP. II OF THE BHAGBATH GITA
CALLED THE BOOK OF DOCTRINES.

---

71. This and the subsequent verse complete the answer to the last question "what is the gain of the man of spiritual devotion"? Devoid of desires, free from attachment to family and children, and abandoning all ideas of self, the man of spiritual devotion enjoys supreme happiness by worshipping God and by doing good to humanity. Neither enjoyment nor sorrow is the way or end of his life. With his heart turned to God, he works for the good of all.

স্বামী। উক্তাং জ্ঞাননিষ্ঠাং স্তবন্ উপসংহরতি—এষা ইতি। ব্রাহ্মী স্থিতিঃ—ব্রহ্মজ্ঞানে নিষ্ঠা, এষা—এবং বিধা, এনাং পরমেশ্বরারাধনেন বিশুদ্ধান্তঃকরণঃ পুমান্ প্রাপ্য ন মুহ্যতি—পুনঃ সংসারমোহং ন প্রাপ্নোতি। যতঃ অন্তকালে—মৃত্যুসময়ে অপি, যস্যাং ক্ষণমাত্রং

স্থিত্বা ব্রহ্মনির্ব্বাণং—ব্রহ্মণি লয়ং, ঋচ্ছতি—প্রাপ্নোতি, কিং পুনঃ বক্তব্যং বাল্যং আরভ্য স্থিত্বা প্রপ্নোতি ইতি।

শোকপঙ্কনিমগ্নং যঃ, সাংখ্যযোগোপদেশতঃ।
উজ্জহারার্জ্জুনং ভক্তং, স কৃষ্ণঃ শরণং মম ॥ ৭২ ॥

ইতি শ্রীধরস্বামি কৃত টীকায়াং সাংখ্যযোগো নাম দ্বিতীয়োঽধ্যায়ঃ ॥ ২ ॥

এষা=যথোক্তা, স্থিতপ্রজ্ঞ লক্ষণ ব্যাজেন কথিতা; স্থিতপ্রজ্ঞের লক্ষণচ্ছলে যাহা কথিত হইয়াছে। ব্রাহ্মী=ব্রহ্মবিষয়া। স্থিতিঃ=নিষ্ঠা। ব্রহ্মনির্ব্বাণং—ব্রহ্মসুখৈক-তানাধিগতিং; জন্ম, জরা, মৃত্যু ও দুঃখহইতে মুক্তি লাভ করিয়া পরম ব্রহ্মে অনন্ত কালের জন্য পরম সুখে অবস্থান। ঋচ্ছতি=গচ্ছতি।

এই অধ্যায়ের চতুঃপঞ্চাশৎ শ্লোকে অর্জ্জুনের "ব্রজেত কিং" প্রশ্নের উত্তরে, ভগবান্ স্থিতপ্রজ্ঞের চরম লাভের বিষয় এইস্থানে উপসংহার করিলেন। তিনি বলিলেন অর্জ্জুন! পূর্ব্ব শ্লোকে যে অবস্থার কথা কহিলাম তাহাকে ব্রহ্মনিষ্ঠা বলে। এইরূপ অবস্থা লাভ করিতে পারিলে রোগ, শোক, মোহ এবং জন্ম-মৃত্যাদিরূপ কর্ম্মবন্ধন তাহাকে স্পর্শ করিতে পারে না। সমস্ত জীবনের কথাত দূরে থাকুক, জীব যদি চরমকালেও এইরূপ অবস্থা লাভ করিতে পারে, তাহা হইলে সে নির্ব্বাণ মুক্তি লাভ করিতে সমর্থ হয়। অষ্টম অধ্যায়ের নবম ও দশম শ্লোক পাঠ করিয়া দেখুন।

জ্ঞানং তৎসাধনং কর্ম্ম, সত্ত্বশুদ্ধিশ্চ তৎফলম্।
তৎফলং জ্ঞাননিষ্ঠৈবে, ত্যধ্যায়েস্মিন্ প্রকীর্ত্তিতম্ ॥

জ্ঞান লাভদ্বারা নিষ্কাম কর্ম্মযোগ, নিষ্কাম কর্ম্মযোগদ্বারা অন্তঃকরণের শুদ্ধি এবং অন্তঃকরণের শুদ্ধিদ্বারা জ্ঞাননিষ্ঠা লাভ হয়। এই সকল বিষয় এই দ্বিতীয় অধ্যায়ে কথিত হইল। ৭২ ॥

ইতি "গীতার্থ প্রবোধ" নামক দ্বিতীয় অধ্যায় সমাপ্ত ॥ ২ ॥

72. When a man reaches the condition as described in the preceding verse, he is said to live in Brahma, i.e., God's Spirit. He who attains this condition can never be deluded by the witchery of this world. He may be compared to a man who standing on a vantage ground looks down on storm-beaten ships on a rolling sea. Safe in his own position he lends his powerful aid in helping those who are in distress. Such a man lives in the Spirit of God and his immortal soul freed from flesh, birth and death, lives in supreme happiness for time eternal.

HERE ENDS CHAP. II OF THE ENGLISH
COMMENTARY ON BHAGBATH GITA.

তৃতীয়োঽধ্যায়ঃ।

Book III.

কর্ম্ম-যোগঃ।

THE RELIGION OF WORK.

অর্জ্জুন উবাচ।

জ্যায়সী চেৎ কর্ম্মণস্তে, মতা বুদ্ধির্জনার্দ্দন।

তৎ কিং কর্ম্মণি ঘোরেমাং, নিয়োজয়সি কেশব ॥ ১ ॥

অর্জ্জুনঃ উবাচ।

ভো জনার্দ্দন! ভোঃ কেশব! কর্ম্মণঃ বুদ্ধিঃ জ্যায়সী চেৎ তে মতা, তৎ ঘোরে কর্ম্মণি (ত্বং) মাং কিং নিয়োজয়সি ॥ ১ ॥

অর্জ্জুন কহিলেন।

হে জনার্দ্দন! আপনার মতে কর্ম্ম হইতে যদি পরমার্থ তত্ত্বজ্ঞান অধিকতর শ্রেষ্ঠ, তবে হে কেশব! আপনি কি জন্য আমাকে এতাদৃশ হিংসাপূর্ণ কর্ম্মে নিযুক্ত করিতেছেন ॥ ১ ॥

ARJUNA SAID.

1. O god of world's adoration! if thou thinkest that devotion is superior to action, then O Keshava! why dost thou urge me on to an action so vicious as war?

শ্রীধরস্বামী। এবং তাবৎ "অশোচ্যান্ অন্বশোচস্ত্বং" ইত্যাদিনা প্রথমং মোক্ষসাধনত্বেন দেহাত্মবিবেক বুদ্ধিঃ উক্তা তদনন্তরং "এষা তেঽভিহিতা সাংখ্যে বুদ্ধির্যোগেত্বিমাং শৃণু" ইত্যাদিনা কর্ম্ম চ উক্তং নচ তয়োঃ গুণপ্রধানভাবঃ স্পষ্টং দর্শিতঃ, তত্র বুদ্ধিযুক্তস্য স্থিতপ্রজ্ঞস্য নিষ্ক্রিয়ত্ব-নিয়তেন্দ্রিয়ত্ব-নিরহঙ্কারত্বাদ্যভিমানাৎ "এষা ব্রাহ্মী স্থিতিঃ পার্থ" ইতি সপ্রশংসং উপসংহারাৎ চ বুদ্ধিকর্ম্মণোঃ মধ্যে বুদ্ধেঃ শ্রেষ্ঠত্বং ভগবতঃ অভিপ্রেতং মন্বানঃ অর্জ্জুনঃ উবাচ—জ্যায়সী চেৎ ইত্যাদি। কর্ম্মণঃ সকাশাৎ মোক্ষে অন্তরঙ্গত্বেন বুদ্ধিঃ জ্যায়সী-অধিকতরা শ্রেষ্ঠা, চেৎ তব সম্মতা তর্হি কিমর্থং "তস্মাৎ যুধ্যস্ব" ইতি "তস্মাৎ উত্তিষ্ঠ" ইতি চ বারংবারং বদন্ ঘোরে হিংসাত্মকে কর্ম্মণি মাং প্রবর্ত্তয়সি ॥ ১ ॥

জ্যায়সী—(প্রশস্য+ঈয়সু) শ্রেয়সী। বুদ্ধিঃ=ব্যবসায়াত্মিকা বুদ্ধিঃ। ঘোরে—

ভয়ানকে, হিংসাত্মকে কর্ম্মণি। মাং=অতিভক্তং। তে মতা=তব অভিপ্রেতা। জনার্দ্দন=সর্ব্বৈঃ জনৈঃ অর্দ্দ্যতে যাচ্যতে যঃ স্বাভিলষিতসিদ্ধয়ে সঃ; স্বীয়২ অভিলষিত বিষয়সিদ্ধির জন্য লোক সকল যাঁহাকে প্রার্থনা করে। অথবা জনং=জননং, তৎ-কারণমজ্ঞানঞ্চ সাক্ষাৎকারেণ অর্দ্দয়তি হিনস্তি যঃ সঃ; যিনি স্বীয় তেজঃপ্রভাবে সকল মানবের অজ্ঞানান্ধকার বিনাশ করেন।

ভগবান্ দ্বিতীয় অধ্যায়ের শেষ শ্লোকে "এষা ব্রাহ্মী স্থিতিঃ" ইত্যাদি উপদেশদ্বারা ইহাই নির্দ্দেশ করিলেন যে, যিনি সমস্ত কামনা পরিত্যাগ করিয়া ব্রহ্মে অবস্থান করেন, তিনিই ব্রহ্মনির্ব্বাণ লাভ করিতে পারেন। ভগবান্ অর্জ্জুনকে কামনা পরিত্যাগ করিতে উপদেশপ্রদান করিয়াছেন, কিন্তু কর্ম্মসন্ন্যাসের অনুষ্ঠান না করিলে তিনি কিপ্রকারে কামনাশূন্য হইতে পারিবেন এরূপ চিন্তা করিলেন। অর্জ্জুনকে ভগবান্ বারংবার "যুদ্ধ কর" বলিয়া উত্তেজিত করিতেছেন অথচ কামনা, মমতা এবং অহঙ্কার পরিত্যাগ করিয়া ব্রহ্মচিন্তা করিতে বলিতেছেন, এইরূপ পরস্পর বিরুদ্ধ উপদেশবাক্য শ্রবণ করিয়া অর্জ্জুনের মনে সন্দেহ উপস্থিত হইল, তিনি তৎকারণে এই প্রশ্ন জিজ্ঞাসা করিলেন। ফলতঃ কর্ম্মানুষ্ঠান-দ্বারা জ্ঞানলাভ করিলে কর্ম্ম পরিত্যক্ত হইতে পারে ইহাই ভগবান কর্ম্মযোগ, জ্ঞানযোগ এবং কর্ম্মসন্ন্যাসযোগদ্বারা অর্জ্জুনকে উত্তমরূপে বুঝাইতে প্রবৃত্ত হইলেন।

ভগবান্ দ্বিতীয় অধ্যায়ে সমগ্র গীতা শাস্ত্রের আলোচ্য বিষয়ের সংক্ষেপে উল্লেখ করিয়াছেন। অষ্টচত্বারিংশ শ্লোকে "যোগস্থঃ কুরু কর্ম্মাণি" ইত্যাদি বাক্যে ভগবান্ নিষ্কাম কর্ম্মানুষ্ঠানদ্বারা আত্মজ্ঞান লাভ করা যায় ইহার আভাস প্রদান করিলেন। এ বিষয় তৃতীয় এবং চতুর্থ অধ্যায়ে বিশেষরূপে প্রপঞ্চিত হইবে। তৎপর উক্ত অধ্যায়ের এক-সপ্ততিতম শ্লোকে "বিহায় কামান্" ইত্যাদিদ্বারা কর্ম্মসন্ন্যাসাখ্য পঞ্চম অধ্যায়ের সূত্রপাত করিলেন। একোনসপ্ততি শ্লোকে "যা নিশা সর্ব্বভূতানাং" ইত্যাদিদ্বারা ষষ্ঠ অধ্যায়ে লিখিত ধ্যানযোগের আভাস প্রদান করিলেন। প্রথমষট্কের "ত্বং" শব্দের ব্যাখ্যা করিয়া ভগবান্ একষষ্টিতম শ্লোকে "তানি সর্ব্বাণি সংযম্য যুক্ত আসীত মৎপরঃ" ইত্যাদিদ্বারা দ্বিতীয় ষট্কের প্রতিপাদ্য "তৎ" শব্দের সূচনা করিলেন। একবিংশ শ্লোকে "বেদাবিনাশিনং নিত্যং" ইত্যাদি শ্লোকদ্বারা ত্রয়োদশ অধ্যায়বর্ণিত প্রকৃতি-পুরুষ-বিবেক যোগের সূত্রপাত করিলেন। তৎপর পঞ্চচত্বারিংশ শ্লোকে "ত্রৈগুণ্যবিষয়া বেদা নিস্ত্রৈ-গুণ্যো ভবার্জ্জুন" ইত্যাদি দ্বারা চতুর্দ্দশ অধ্যায় বর্ণিত গুণত্রয়বিভাগযোগের আভাস প্রদান করিলেন। দ্বিপঞ্চাশ শ্লোকে "তদা গন্তাসি নির্ব্বেদং" ইত্যাদি দ্বারা পঞ্চদশ অধ্যায়োক্ত পুরুষোত্তম যোগের অনুবন্ধ করিলেন। তদনন্তর ষট্পঞ্চাশ শ্লোকে "দুঃখেষ্বনুদ্বিগ্নমনাঃ" ইত্যাদি স্থিতপ্রজ্ঞের লক্ষণ দ্বারা দৈবীসম্পৎরূপ পরমবৈরাগ্যের আবশ্যকতা ও দ্বিচত্বারিংশ শ্লোকে "যামিমাং পুষ্পিতাং বাচং" ইত্যাদি দ্বারা পরমবৈরাগ্যের বিরোধী আসুরী-সম্পৎ পরিত্যাগ করিবার প্রয়োজনীয়তা প্রদর্শনপূর্ব্বক ষোড়শ অধ্যায়ে দৈবাসুর সম্পদ্বিভাগ যোগের সূচনা করিলেন। তৎপর পঞ্চচত্বারিংশ শ্লোকে "নির্দ্বন্দ্বো নিত্যসত্ত্বস্থঃ" ইত্যাদি-দ্বারা শ্রদ্ধাত্রয়বিভাগ যোগাখ্য সপ্তদশ অধ্যায়ের আভাস প্রদান করিলেন।

ভগবান্ একবিংশ শ্লোকে "এষা তেঽভিহিতা সাংখ্যে" ও একোনপঞ্চাশ শ্লোকে "দূরেণ হ্যবরং কর্ম্ম'' এবং "বুদ্ধৌশরণমন্বিচ্ছ'' ইত্যাদি উপদেশ বাক্য দ্বারা জ্ঞান হইতে কর্ম্ম নিকৃষ্ট ইহাই প্রতিপন্ন করিয়াছেন। পুনর্ব্বার সপ্তত্রিংশ শ্লোকে "তস্মাৎত্বুত্তিষ্ঠ কৌন্তেয় যুদ্ধায় কৃত-নিশ্চয়ঃ'' ইত্যাদি বাক্যদ্বারা যুদ্ধকরিতে উপদেশ প্রদান করিলেন। অর্জ্জুন ইহার গূঢ়ার্থ বুঝিতে না পারিয়া সন্দেহব্যাকুলিত চিত্তে এই প্রশ্ন করিলেন ॥ ১ ॥

1. It seemed to Arjuna that the instructions contained in the preceding book were not all thoroughly consistent with each other, and that several were of a directly contradictory nature. For instance, in the penultimate verse of the Second Book Srikrisnna extols the man of spiritual devotion who abandons all desires, attachments, affections, and sin of self. In verse 49 He gave expression to a similar sentiment when He said " this spiritual devotion is far superior to self-seeking deeds. " And again in that verse He said " he deserveth pity whose deeds are full of desires." These instructions seemed to contradict the following. In verse 37 He said.

"Killed—thou gainest the Kingdom of heaven,
Victor—thou reignest an earthly king.
Therefore, arise, son of Kunthi ! brace
Thine arm for battle." E. Arnold.

Similar sentiments were expressed in 3, 38, 50 and several other verses. It was, therefore, very natural for Arjuna to be confounded by these dubious and contradictory opinions.

In the Second Book Srikrishna introduces the several doctrines which He unfolds in the subsequent books of the Gita. The following is a *resume´* of them :—

Verse 48 alludes to spiritual devotion as the outcome of action which has been detailed in Book III, the Religion of action, and Book IV. the Religion of knowledge. Verse 71 faintly alludes to the Religion of renouncing works as detailed in Book V. Verse 69 introduces the subject of spiritual contemplation contained in Book VI. These six books complete the elucidation of the word "Man." The second six books are devoted to the elucidation of the word "God." Verse 61 introduces these six chapters. The third six books explain the doctrine "How may man be identified with God." Verse 21 alludes to Book XIII which deals with the Religion by separation of matter and spirit. Verse 45 introduces Book XIV which dilates on the three qualities, viz. the Spiritual, Active and Carnal. Verse 52 introduces the Religion by attaining the Supreme which is described in Book XV. Verse 42 shews the necessity for abandoning the unspiritual inclinations of the mind and verse 56 alludes to the spiritual tendencies of the mind. These

ব্যামিশ্রেণেব বাক্যেন, বুদ্ধিং মোহয়সীব মে।
তদেকং বদ নিশ্চিত্য, যেন শ্রেয়োঽহমাপ্নুয়াম্ ॥ ২ ॥

ব্যামিশ্রেণ ইব বাক্যেন মে বুদ্ধিং (ত্বং) মোহয়সি ইব। তৎ একং নিশ্চিত্য বদ, যেন অহং শ্রেয়ঃ আপ্নুয়াং ॥ ২ ॥

আপনি যেন বিরুদ্ধ উপদেশ বাক্যদ্বারা আমার বুদ্ধি মোহজালে জড়িত করিতেছেন। অতএব একটী নিশ্চয় করিয়া বলুন্ যদ্দ্বারা আমি মোক্ষ লাভ করিতে পারি ॥ ২ ॥

2. It seemeth to me, as if thou art confounding my reason with dubious instructions. Therefore I pray thee, tell me one thing positively by which I may attain the bliss supreme.

---

spiritual and unspiritual inclinations of the mind have been described in Book XVI which treats of the separation of the spiritual and unspiritual. Verse 45 introduces the subject of threefold faith contained in Book XVII.

স্বামী। "ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্য ন বিদ্যতে" ইত্যাদিনা কর্ম্মণঃ অপি শ্রেষ্ঠত্বং উক্তং এব ইতি আশঙ্ক্য আহ—ব্যামিশ্রেণ ইতি। কচিৎ কর্ম্মপ্রশংসা কচিৎ জ্ঞান-প্রশংসা ইতি এবং ব্যামিশ্রং—সন্দেহোৎপাদকং ইব, যৎ বাক্যং তেন মে মতিং উভয়ত্র দোলায়িতাং কুর্ব্বন্ মোহয়সি ইব, পরমকারুণিকস্য তব মোহকত্বং ন অস্তি এব তথাপি ভ্রান্ত্যা মম এবং ভাতি ইতি "ইব" শব্দেন উক্তং, অতঃ উভয়োঃ মধ্যে যৎ ভদ্রং তৎ একং নিশ্চিত্য বদ ইতি। যদ্বা অহং ইদং এব শ্রেয়ঃ সাধনং ইতি নিশ্চিত্য যেন অনুষ্ঠিতেন শ্রেয়ঃ—মোক্ষং, অহং অপ্নুয়াং—প্রাপ্স্যামি, তৎ এব একং নিশ্চিত্য বদ ইত্যর্থঃ ॥ ২ ॥

ব্যামিশ্রেণ = সন্দেহোৎপাদকেন, সঙ্কীর্ণার্থেন; ভিন্ন বিষয়ের একীকরণদ্বারা। মে = মম মন্দবুদ্ধেঃ; ভবদ্বাক্যতাৎপর্য্যাপরিজ্ঞানস্য। বুদ্ধিং = অন্তঃকরণং। মোহয়সি ইব = ভ্রান্ত্যা যোজয়সি ইব। শ্রেয়ঃ = মোক্ষং।

ভগবান্ কোন স্থানে জ্ঞানের কোন স্থানে কর্ম্মের প্রশংসা করিয়াছেন। এই সন্দেহাস্পদ উপদেশ বাক্যে অর্জ্জুনের মনে আশঙ্কা উপস্থিত হওয়ায় তিনি বলিলেন ভগবন্! আপনি অভ্রান্ত উপদেষ্টা, মূঢ়বুদ্ধি আমি জ্ঞান ও কর্ম্মের উৎকর্ষতা বুঝিতে পারিতেছিনা। এক ব্যক্তি যুগপৎ জ্ঞানলাভ এবং কর্ম্মানুষ্ঠান কিরূপে করিতে পারে, আমি তাহা ধারণা করিতে পারিতেছিনা। কামরূপ বিনষ্ট না হইলে কিরূপে মানবাত্মা বুদ্ধিতে অবস্থান করিতে পারে? কর্ম্মানুষ্ঠানদ্বারা আমি কিরূপে নির্ব্বাণমুক্তি লাভ করিতে পারিব তাহা আমাকে সুচারুরূপে উপদেশ করুন ॥ ২ ॥

2. The nature of the dubious instructions has been clearly explained

শ্রীভগবানুবাচ।

লোকেঽস্মিন্ দ্বিবিধা নিষ্ঠা, পুরা প্রোক্তা ময়ানঘ।
জ্ঞানযোগেন সাংখ্যানাং, কর্ম্মযোগেন যোগিনাম্ ॥ ৩ ॥

শ্রীভগবান্ উবাচ।

ভো অনঘ! ময়া অস্মিন্ লোকে দ্বিবিধা নিষ্ঠা পুরা প্রোক্তা (তয়োঃ) জ্ঞানযোগেন সাংখ্যানাং (নিষ্ঠা); কর্ম্মযোগেন যোগিনাং (নিষ্ঠা) ॥ ৩ ॥

ভগবান্ কহিলেন।

হে নিষ্পাপ অর্জ্জুন! আমি পূর্ব্বাধ্যায়ে বলিয়াছি যে, এই সংসারে মোক্ষদায়ক জ্ঞানযোগ ও কর্ম্মযোগ নামে দুই প্রকার যোগ আছে। তন্মধ্যে জ্ঞানযোগ দ্বারা আত্মজ্ঞানীদিগের নিষ্ঠা এবং কর্ম্মযোগদ্বারা কর্ম্মীদিগের নিষ্ঠা উৎপন্ন হয় ॥ ৩ ॥

SRIKRISHNA SAID.

3. I have told thee, O sinless Prince! in the previous Book that in this world there are two ways of salvation, viz. divine wisdom for spiritual men, and action for practical men.

---

in the footnotes of the preceding verse. Arjuna says to the following effect:—"I admit, your instructions are infallible, but owing to my defective understanding, I am unable to comprehend them. In one place you admire spiritual devotion, while in another you consider that the door to the supreme happiness lies through action only. There must be, as I think, one door to it. Kindly tell me of *that* door by which door I may attain salvation."

স্বামী। অত্র উত্তরং শ্রীভগবান্ উবাচ, লোকেঽস্মিন্ ইতি অয়ং অর্থঃ যদি ময়া পরস্পরনিরপেক্ষং মোক্ষসাধনত্বেন কর্ম্মজ্ঞানযোগরূপং নিষ্ঠাদ্বয়ং উক্তং স্যাৎ তর্হি দ্বয়োঃ মধ্যে যৎ ভদ্রং স্যাৎ তৎ একং বদ ইতি তদীয়ঃ প্রশ্নঃ সঙ্গচ্ছতে নতু ময়া তথা উক্তং কিন্তু দ্বাভ্যাং একা এব ব্রহ্মনিষ্ঠা উক্তা গুণপ্রধানভূতয়োঃ তয়োঃ স্বাতন্ত্র্যানুপপত্তেঃ একস্যাঃ এব তু প্রকারভেদমাত্রং অধিকারিভেদেন উক্তং ইতি। অস্মিন্ শুদ্ধাশুদ্ধান্তঃ করণতয়া দ্বিবিধে লোকে—অধিকারিজনে, দ্বে বিধে—প্রকারে যস্যাঃ সা দ্বিবিধা, নিষ্ঠা—মোক্ষপরতা, পুরা—পূর্ব্বাধ্যায়ে, ময়া—সর্ব্বজ্ঞেন, প্রোক্তা—স্পষ্টং এব উক্তা। প্রকারদ্বয়ং এব নির্দ্দিশতি—সাংখ্যানাং—শুদ্ধান্তঃকরণানাং, জ্ঞানভূমিকারূঢ়ানাং জ্ঞানপরিপাকার্থং জ্ঞানযোগেন—ধ্যানাদিনা, নিষ্ঠা—ব্রহ্মপরতা, উক্তা "তানি সর্ব্বাণি সংযম্য, যুক্ত আসীত মৎপরঃ" ইত্যাদিনা সাংখ্যভূমিকাং অনারূঢ়ানাং তু অন্তঃকরণশুদ্ধিদ্বারা তদারোহণার্থং

তদুপায়ভূতকর্ম্মযোগাধিকারিণাং যোগিনাং কর্ম্মযোগেন নিষ্ঠা উক্তা "ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ ক্ষত্রিয়স্ত ন বিদ্যতে" ইত্যাদিনা, অতএব তত্র চিত্তশুদ্ধ্যশুদ্ধিরূপাবস্থাভেদেন দ্বিবিধা অপি নিষ্ঠা উক্তা "এষা তেঽভিহিতা সাংখ্যে, বুদ্ধির্যোগে ত্বিমাং শৃণু" ইতি ॥ ৩ ॥

দ্বিবিধা = দ্বিপ্রকারা। নিষ্ঠা = স্থিতিঃ, জ্ঞানপরতা। পুরা = পূর্ব্বাধ্যায়ে। ময়া সর্ব্বজ্ঞেন ঈশ্বরেণ। অনঘ = (ন + অঘ = পাপ) অপাপ; পাপরহিত। অনেন সম্বোধনেন অর্জ্জুনস্থ উপদেশপাত্রতাং সূচয়তি।

পাপ ছিলনা বলিয়া অর্জ্জুন উপদেশের যথার্থ পাত্র, সুতরাং দ্বিবিধ নিষ্ঠার অধিকারী, তজ্জন্য ভগবান্ তাঁহাকে অনঘ বলিয়া সম্বোধন করিলেন। ভগবান্ দ্বিতীয় অধ্যায়ে "তানি সর্ব্বাণি সংযম্য" ইত্যাদি দ্বারা পরমার্থতত্ত্বজ্ঞানীর পক্ষে জ্ঞাননিষ্ঠা এবং "ধর্ম্ম্যাদ্ধি যুদ্ধাচ্ছ্রেয়োঽন্যৎ, ক্ষত্রিয়স্য ন বিদ্যতে" ইত্যাদিদ্বারা কর্ম্মীদিগের পক্ষে কর্ম্মনিষ্ঠা, এই দ্বিবিধ নিষ্ঠার কথা উল্লেখ করিয়াছেন। প্রথমটী নিবৃত্তিমার্গ এবং দ্বিতীয়টী প্রবৃত্তিমার্গ। কর্ম্মযোগী না হইয়া জ্ঞানযোগী হইতে পারে না। নিষ্কামভাবে লোকসংগ্রহার্থে কর্ম্ম না করিলে বিশুদ্ধজ্ঞান লাভ হইতে পারে না। বিশুদ্ধজ্ঞান লাভ না হইলে বাসনা শূন্য হইতে পারাযায় না। বাসনা পরিশূন্য না হইলে কর্ম্মসন্ন্যাস অবলম্বন করা কেবল বিড়ম্বনামাত্র। অতএব কেবল চিন্ময় আত্মায় বিক্ষেপশূন্য চিত্তস্থির করিবার পূর্ব্বে কর্ম্মযোগের আবশ্যক ॥ ৩ ॥

3. Srikrishna says "my instructions are not dubious. I have clearly said that there are two sorts of men who can aspire to salvation. First are those who have acquired spiritual wisdom. These men are devoid of desires, passions and affections. Leaving aside action, they concentrate their mind to spiritual meditation. These men generally lead a solitary life but their inactive life, free from all the corruptions and sins of this world, becomes model of perfections to others. But the second class of men are devoted to action directed towards the good of humanity. They sacrifice everything,—their passions, their desires and all dear to them for the good of fellowmen. These are called *Karmo Yogees* who are considered as good-angels in the society they live in. They lead the van when freedom's battles are to be won, when human miseries and social imperfections are to be removed, and when a war is to be waged against ignorance and superistition. I have distinctly said that man's nature is dual, viz. he lives in matter and he

ন কর্ম্মণামনারম্ভাৎ, নৈষ্কর্ম্ম্যং পুরুষোঽশ্নুতে।
ন চ সন্ন্যাসনাদেব, সিদ্ধিং সমধিগচ্ছতি ॥ ৪ ॥

পুরুষঃ কর্ম্মণাং অনারম্ভাৎ নৈষ্কর্ম্ম্যং ন অশ্নুতে, সন্ন্যাসনাৎ এব সিদ্ধং ন চ সমধিগচ্ছতি ॥ ৪ ॥

মানব কর্ম্মসকলের অনুষ্ঠান না করিলে জ্ঞান প্রাপ্ত হয় না, এবং সমস্ত কর্ম্ম ত্যাগ করিলেই যে মোক্ষ লাভ করিবে তাহা ও নহে ॥ ৪ ॥

4. Man acquireth not wisdom without performing action. And renunciation alone cannot bestow salvation.

---

lives in spirit. He passes through the objective into the subjective world which is regulated by the former. The happy soul which has been purified by self-restraint and virtuous deeds is alone capable, in its subjective state, of enjoying a spiritual life. This spiritual life connot be attained without spiritual work."

স্বামী। অতঃ সম্যক্ চিত্তশুদ্ধ্যর্থং জ্ঞানোৎপত্তিপর্য্যন্তং বর্ণাশ্রমোচিতানি কর্ম্মাণি কর্ত্তব্যানি অন্যথা চিত্তশুদ্ধ্যভাবেন জ্ঞানানুৎপত্তেঃ ইতি আহ—ন কর্ম্মণা ইতি। কর্ম্মণাং অনারম্ভাৎ—অননুষ্ঠানাৎ, নৈষ্কর্ম্ম্যং—জ্ঞানং, ন অশ্নুতে—ন প্রাপ্নোতি। নমু চ "এতমেব প্রব্রাজিনো লোকমিচ্ছন্তঃ প্রব্রজন্তি" ইতিশ্রুত্যা সন্ন্যাসস্য মোক্ষাঙ্গত্বশ্রুতেঃ, সন্ন্যাসাৎ এব মোক্ষঃ ভবিষ্যতি কিং কর্ম্মভিঃ ইতি আশঙ্ক্য উক্তং নচ ইতি। ন চিত্তশুদ্ধিং বিনা কৃতাৎ সন্ন্যাসনাৎ এব জ্ঞানশূন্যাৎ সিদ্ধিং—মোক্ষং, সমধিগচ্ছতি—প্রাপ্নোতি ॥ ৪ ॥

পুরুষঃ=আত্মা। কর্ম্মণাং=ক্রিয়াণাং, যাগাদীনাং। অনারম্ভাৎ=অননুষ্ঠানাৎ। নৈষ্কর্ম্ম্যং=সর্ব্বকর্ম্মশূন্যত্বং জ্ঞানযোগেননিষ্ঠাং নিষ্ক্রিয়াত্ম-স্বরূপেন এব অবস্থানং ইতি। ন অশ্নুতে=ন প্রাপ্নোতি। সিদ্ধিং=জ্ঞাননিষ্ঠালক্ষণাং। সমধিগচ্ছতি=সম্যক্ ফল-পর্য্যবসায়িত্বেন প্রাপ্নোতি। কর্ম্মশূন্যাৎ চিত্তশুদ্ধিং অন্তরেণ সন্ন্যাস এব ন সম্ভবতি।

কর্ম্মনিষ্ঠাদ্বারা কিপ্রকারে জ্ঞান নিষ্ঠা হয় ভগবান্ তাহা দেখাইতেছেন। নিষ্কামভাবে কর্ম্মানুষ্ঠান না করিলে নিষ্কামভাবোৎপন্ন জ্ঞানের আবির্ভাব হয় না। নিষ্কামভাবহইতে আত্মজ্ঞান উৎপন্ন হয়। "তমেবং বেদানুবচনেন ব্রাহ্মণা বিবিদিষন্তি যজ্ঞেন দানেন তপসা নাশকেন" শ্রুতি। স্বীয় কর্ত্তব্যকর্ম্মোচিত বেদাধ্যয়ন, যজ্ঞ, দান ও তপস্যাদি নিকাম ভাবে অনুষ্ঠান না করিলে কোন মতেই চিত্তশুদ্ধি হয় না। চিত্তশুদ্ধি ও মনের দৃঢ় সঙ্কল্প না থাকিলে কোন মতেই আত্মজ্ঞান লাভ করিয়া নির্ব্বাণমুক্তি লাভ করিতে পারাযায় না। চিত্তশুদ্ধি হইবার পূর্ব্বে কর্ম্ম পরিত্যাগ করিলে কোন ফল দর্শে না। এইরূপ ব্যক্তি কেবল অন্যের গলগ্রহ হইয়া থাকেন। "দণ্ডগ্রহণমাত্রেণ, নরো নারায়ণো ভবেৎ" দণ্ড-গ্রহণ করিলেই মানব নারায়ণ হয়, ইহা কেবল বিশুদ্ধচিত্ত জ্ঞানী ব্যক্তির পক্ষেই বুঝিতে হইবে। মনে কামনা থাকিলে বাহ্যিক কার্য্য পরিত্যাগ করা কেবল বিড়ম্বনা মাত্র ॥ ৪ ॥

ন হি কশ্চিৎ ক্ষণমপি, জাতু তিষ্ঠত্যকর্ম্মকৃৎ।
কার্য্যতে হ্যবশঃ কর্ম্ম, সর্ব্বঃ প্রকৃতিজৈর্গুণৈঃ ॥ ৫ ॥

হি কশ্চিৎ (পুরুষঃ) জাতু অকর্ম্মকৃৎ (সন্) ক্ষণং অপি ন তিষ্ঠতি, হি সর্ব্বঃ (জনঃ) প্রকৃতিজৈঃ গুণৈঃ অবশঃ (সন্) কর্ম্ম কার্য্যতে ॥ ৫ ॥

কোন অজিতেন্দ্রিয় ব্যক্তিই কদাচ কর্ম্ম পরিত্যাগ করিয়া ক্ষণকালের জন্য ও অবস্থিতি করিতে পারে না। যেহেতু সকলকেই আপন আপন স্বভাব জনিত বাসনা দ্বারা পরিচালিত হইয়া কার্য্য করিতে হয় ॥ ৫ ॥

5. For, no man of ungoverned mind can rest for a moment without action. Because all men have to work propelled by the inherent qualities of their nature.

4. Disinterested work for the good of human kind is alone capable of cleansing the mind of all its impurities. Spiritual wisdom so necessary for salvation, can alone be acquired by working in this way. To abandon work until this purification is complete, is to fasten on oneself, more strongly than ever, the fetters of *Karma.*

স্বামী। কর্ম্মণাং চ সন্ন্যাসঃ তেষু অনাসক্তিমাত্রং নতু স্বরূপেণ অশক্যত্বাৎ ইতি আহ—নহি কশ্চিৎ ইতি। জাতু—কস্যাঞ্চিৎ অপি অবস্থায়াং, ক্ষণমাত্রং অপি কশ্চিৎ অপি—জ্ঞানী অজ্ঞানী বা, অকর্ম্মকৃৎ—কর্ম্মাণি অকুর্ব্বাণঃ, ন তিষ্ঠতি। অত্র হেতুঃ প্রকৃতিজৈঃ—স্বভাবপ্রভাবৈঃ রাগদ্বেষাদিভিঃ গুণৈঃ সর্ব্বঃ অপি—জনঃ, কর্ম্ম কার্য্যতে—কর্ম্মণি প্রবর্ত্ত্যতে, অবশঃ—অস্বতন্ত্রঃ সন্ ॥ ৫ ॥

হি = যস্মাৎ, ক্ষণমপি = অত্যল্পসময়মপি। জাতু = কদাচিদপি। কশ্চিৎ = কোঽপি অজিতেন্দ্রিয়ঃ। অকর্ম্মকৃৎ ন তিষ্ঠতি = লৌকিক বৈদিক কর্ম্মানুষ্ঠান ব্যগ্র এব তিষ্ঠতি। সর্ব্বঃ = সমস্তঃ, চিত্তশুদ্ধিরহিতো জনঃ। অবশঃ = অস্বতন্ত্র এব; পরাধীন হইয়া। প্রকৃতিজৈঃ = প্রকৃতিতো জাতৈঃ সত্ত্বরজস্তমোভিঃ, স্বভাবপ্রভবৈঃ রাগদ্বেষাদিভিঃ গুণৈশ্চ।

কর্ম্মানুরাগী অজিতেন্দ্রিয়পুরুষ কেবল বাহ্যিক কর্ম্মসন্ন্যাস করিলেই যে সন্ন্যাসী পদবাচ্য তাহা নহে, ইহা দেখাইবার জন্য ভগবান্ বলিতেছেন। অজিতেন্দ্রিয় অজ্ঞানী ব্যক্তি কর্ম্ম না করিয়া ক্ষণকালের জন্য ও থাকিতে পারে না, কারণ সত্ত্বরজস্তমোগুণপ্রসূত বাসনাদ্বারা সে অনবরত পরিচালিত হইতেথাকে। বাহ্যিক কর্ম্ম পরিত্যাগ না করিলেও অজিতেন্দ্রিয়ের মনঃ বাসনা পূর্ণ থাকে। ফলতঃ ত্রিগুণের অতীত না হইলে কর্ম্মসন্ন্যাস হয় না। নিষ্কাম শুভকর্ম্মানুষ্ঠানদ্বারা জীব তামসিকহইতে রাজসিক, এবং রাজসিকহইতে সাত্ত্বিকভাবাপন্ন হইয়া থাকে। এইক্ষণে লোকের জন্য কর্ম্মযোগরূপ প্রবৃত্তিমার্গ প্রশস্ত। কিন্তু যৎকালে অনবরত নিষ্কাম কর্ম্মানুষ্ঠান ও চিত্তশুদ্ধিদ্বারা মানব ত্রিগুণের অতীত হন তৎকালে তিনি জ্ঞানযোগরূপ নিবৃত্তিমার্গ অবলম্বন করিয়া থাকেন ॥ ৫ ॥

কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য, য আস্তে মনসা স্মরন্।
ইন্দ্রিয়ার্থান্ বিমূঢ়াত্মা, মিথ্যাচারঃ স উচ্যতে ॥ ৬ ॥

যঃ কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য, মনসা ইন্দ্রিয়ার্থান্ স্মরন্ আস্তে, সঃ বিমূঢ়াত্মা (জনঃ) মিথ্যাচারঃ উচ্যতে ॥ ৬ ॥

যে ব্যক্তি ইন্দ্রিয়গণকে সংযত করিয়া মনে মনে ইন্দ্রিয়ভোগ্যবিষয়-সকল চিন্তা করত অবস্থান করে, সেই মূঢ় ব্যক্তি কপটাচারী বলিয়া অভি-হিত হয় ॥ ৬ ॥

6. That man who controlleth the organs of his senses, yet in his mind broodeth over the objects of his desires, is said to play the part of a despicable hypocrite.

---

5. The reasoning here followed is this. A man who has not his mind and senses under his perfect control must perform some action according to the dictates of his desire. That repose of the mind which is an essential factor of spiritual wisdom cannot be enjoyed by him. As work he must, let him discharge his duties in such a way as to lead him gradually from the gross (তামসিক) to the active (রাজসিক) and from the active to the subtle or spiritual (সাত্ত্বিক) until he goes beyond these three qualities when he will practically acquire spiritual wisdom. This verse refers to a man having an ungoverned mind. Because a man who has his mind and senses under perfect control can remain in a state of repose (samadhi) without action for a very considerable time.

স্বামী। অতঃ অজ্ঞং কর্ম্মত্যাগিনং নিন্দতি—কর্ম্মেন্দ্রিয়াণি ইত্যাদি। বাক্‌পাণ্যাদীনি কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য—নিগৃহ্য, যঃ মনসা ভগবদ্ধ্যানচ্ছলেন ইন্দ্রিয়ার্থান্—বিষয়ান্, স্মরন্ আস্তে অবিশুদ্ধতয়া মনসা আত্মনি স্থৈর্য্যাভাবাৎ সঃ মিথ্যাচারঃ—কপটচারঃ দাম্ভিকঃ উচ্যতে ইত্যর্থঃ ॥ ৬ ॥

কর্ম্মেন্দ্রিয়াণি = বাক্‌পাণ্যাদীনি। বাক্, হস্ত, পদ, পায়ু এবং উপস্থ। সংযম্য = নিগৃহ্য। আস্তে = তিষ্ঠতি। ইন্দ্রিয়ার্থান্ = শব্দাদীন্; ইন্দ্রিয়ের বিষয় সকল অর্থাৎ রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ। বিমূঢ়াত্মা = মুগ্ধান্তঃকরণঃ। মিথ্যাচারঃ = পাপাচারঃ। ধর্ম্মশাস্ত্রে কথিত হইয়াছে,

> ত্বং পদার্থবিবেকায়, সন্ন্যাসঃ সর্ব্বকর্ম্মণাম্।
> শ্রুত্যেহ বিহিতো যস্মাৎ, তত্ত্যাগী-পতিতোভবেৎ ॥

চিত্তশুদ্ধি ব্যতীত শাস্ত্রালোচনা করিয়া যিনি জীবাত্মার স্বরূপ অবগতির জন্য কর্ম্ম-সন্ন্যাস অবলম্বন করেন, তিনি এইরূপ কপটসন্ন্যাসজন্য অধঃপতিত হন।

অবিশুদ্ধচিত্ত ব্যক্তির কর্ম্মসন্ন্যাস সম্ভবে না। বিগতকাম হইয়া যে ব্যক্তি বাহ্যিক কার্য্য সকল পরিত্যাগ করে এবং আত্মধ্যানরূপে ইন্দ্রিয়ের উপভোগ্য বিষয় সকল মনে২

যস্ত্বিন্দ্রিয়াণি মনসা, নিয়ম্যারভতেঽর্জ্জুন।
কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগং, অসক্তঃ স বিশিষ্যতে ॥ ৭ ॥

হে অর্জ্জুন! যঃ তু মনসা ইন্দ্রিয়াণি নিয়ম্য অসক্তঃ (সন্) কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মযোগং আরভতে সঃ (পুরুষঃ) বিশিষ্যতে ॥ ৭ ॥

হে অর্জ্জুন! কিন্তু যে ব্যক্তি মনের দ্বারা জ্ঞানেন্দ্রিয়গণকে সংযত করত বিষয়ে অনাসক্ত হইয়া কর্ম্মেন্দ্রিয়গণ দ্বারা সমস্ত কর্ম্মানুষ্ঠান করিতে প্রবৃত্ত হন তিনিই মহাত্মা ॥ ৭ ॥

7. O Arjuna! but great is he who employeth his powers to worthy act, controlling his senses by his mind and renouncing the fruits of his actions,

---

চিন্তা করে সে ব্যক্তি কপটাচারী এবং মোহপরবশ সন্দেহ নাই, ভগবান্ ইহাই এই শ্লোকে নির্দ্দেশ করিলেন। স্বাভাবিক অজেয় আত্মা কর্ম্মবন্ধনে বিজিত হয়। পঞ্চকর্ম্মেন্দ্রিয় ও পঞ্চজ্ঞানেন্দ্রিয় আত্মার কর্ম্মবন্ধনের দ্বারস্বরূপ। যোগকুশল মহাত্মা অনবরত কর্ম্ম করিয়াও কর্ম্মবন্ধনে আবদ্ধ হন না, অর্থাৎ যিনি সর্ব্বদা কর্ম্ম করিয়াও মুক্ত, তিনিই কর্ম্মযোগী। পক্ষান্তরে মূঢ়ব্যক্তি বাহ্যিক কর্ম্ম পরিত্যাগ করিয়া সন্ন্যাসীর বেশে দেশে দেশে পর্য্যটন করে সত্য, কিন্তু তাহার মনঃ কামনা পরিপূর্ণ, ভগবান্ তাহাকেই মিথ্যাচারী বলিয়া নির্দ্দেশ করিলেন ॥ ৬ ॥

6. Regarding the persuit of action there are four classes of men. (I) Those who have abandoned desires and action ; (II) those who have renounced desires, but devote themselves to action for the good of their fellow creatures ; (III) those who act propelled by desires and (IV) those who have renounced action but not the desires. This last class of men is condemned as despicable hypocrites. In India these men appear as sham shannyashies whose minds are full of worldly desires. These men would occasionally sit down in a meditative posture and think about their own affairs. They are called hypocrites or practisers of deceit.

স্বামী। এতদ্বিপরীতঃ কর্ম্মকর্ত্তা তু শ্রেষ্ঠঃ ইতি আহ—যস্ত্বিন্দ্রিয়াণি ইতি। যঃ তু জ্ঞানেন্দ্রিয়াণি মনসানিয়ম্য ঈশ্বর পরাণি কৃত্বা, কর্ম্মেন্দ্রিয়ৈঃ কর্ম্মরূপং যোগং-উপায়ং আরভতে—অনুতিষ্ঠতি, অসক্তঃ—ফলাভিলাষ রহিতঃ, স বিশিষ্যতে—বিশিষ্টঃ ভবতি চিত্তশুদ্ধ্যা জ্ঞানবান্ ভবতি ইত্যর্থঃ ॥ ৭ ॥

তু—অশুদ্ধান্তঃ করণসন্ন্যাসি ব্যতিরেকার্থে; অশুদ্ধান্তঃকরণ সন্ন্যাসীর ব্যবচ্ছেদক। ইন্দ্রিয়াণি—জ্ঞানেন্দ্রিয়াণি চক্ষুঃশ্রোত্রাদীনি। মনসা=বিবেক যুক্তেন; বিবেকপূর্ণ মনে। কর্ম্মেন্দ্রিয়ৈঃ=বাক্ পাণ্যাদিভিঃ। কর্ম্মযোগং=শুদ্ধি হেতু তয়া বিহিতং কর্ম্মাত্মকমুপায়ং।

নিয়তং কুরুকর্ম্মত্বং, কর্ম্ম জ্যায়োহ্যকর্ম্মণঃ।
শরীরযাত্রাঽপিচ তে, ন প্রসিধ্যেদকর্ম্মণঃ॥ ৮॥

ত্বং নিয়তং কর্ম্ম কুরু। হি অকর্ম্মণঃ কর্ম্ম জ্যায়ঃ। অকর্ম্মণঃ তে চ শরীরযাত্রা অপি ন প্রসিধ্যেৎ॥ ৮॥

তুমি নিয়ত স্বকীয় কর্ম্মানুষ্ঠান কর। যেহেতু কর্ম্ম পরিত্যাগ অপেক্ষা কর্ম্মানুষ্ঠান অধিকতর শ্রেষ্ঠ। পরন্তু কর্ম্ম পরিত্যাগ করিলে তোমার জীবন যাত্রাও নির্ব্বাহ হইবেক না॥ ৮॥

8. Ceaselessly shouldst thou perform thy own duties. For action is far superior to inaction. On the other hand by renouncing action, thou canst not preserve even thy life.

আরভতে=অনুতিষ্ঠতি। অসক্তঃ=অনাসক্তঃ ফলাভিলাষরহিতঃ। বিশিষ্যতে=শ্রেষ্ঠো ভবতি।

ভগবান্ কপটাচারী সন্ন্যাসীর কথা বলিয়া বাস্তবিক কর্ম্মযোগী কাহাকে বলে তাহা নির্দ্দেশ করিতেছেন। জ্ঞানেন্দ্রিয়গণকে মনেরদ্বারা অনুশাসিত করিয়া সমস্ত কর্ম্মেন্দ্রিয় দ্বারা অনাসক্তভাবে যিনি লোক সংগ্রহার্থে সর্ব্বদা কার্য্য করেন তিনিই মহৎ হইতেও মহত্তর। চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এইপঞ্চ জ্ঞানেন্দ্রিয়। কর্ম্মযোগী মনঃশক্তি দ্বারা এই পঞ্চজ্ঞানেন্দ্রিয়গণকে ঈশ্বরার্পিত করিয়া কর্ম্মানুষ্ঠান করেন। ভগবান্ পতঞ্জলি সাধনপাদে ইহাকে ক্রিয়াযোগ বলিয়া উল্লেখ করিয়াছেন। যথা—

তপঃ স্বাধ্যায়ে শ্বরপ্রণিধানানি ক্রিয়াযোগঃ॥ ১॥

ধর্ম্ম-শাস্ত্রানুগত ব্রতাদি নিয়মানুষ্ঠানের নাম তপস্যা, ধর্ম্মশাস্ত্র অধ্যয়নের নাম স্বাধ্যায়, মনকে সর্ব্বদা ঈশ্বরে অর্পিত করিয়া রাখার নাম ঈশ্বর প্রণিধান। এই ত্রিবিধ উপায় অবলম্বন করিলে মানব তাহার জ্ঞানেন্দ্রিয়গণকে সর্ব্বদা বশীভূত করিয়া কর্ম্মযোগ করিতে পারে॥ ৭॥

7. Having said who are called hypocrites, Srikrishna in this verse describes the superior Karma-yogee who acts for the good of his fellow-creatures, without hoping for a reward. Such men form the second class referred to in the preceding notes. They have been the true benefactors of this world. They have benefitted mankind by their self sacrifice and disinterested labors.

স্বামী। নিয়তং ইত্যাদি। যস্মাৎ এবং তস্মাৎ নিয়তং নিত্যং কর্ম্ম সন্ধ্যোপাসনাদি কুরু, হি—যস্মাৎ, অকর্ম্মণঃ—সর্ব্বকর্ম্মণঃ অকরণাৎ, সকাশাৎ কর্ম্মকরণং জ্যায়ং—শরীর নির্ব্বাহঃ অপি ন ভবেৎ॥ ৮॥

নিয়তং=নিত্যং শাস্ত্রোপদিষ্টং। জ্যায়=অধিকতরং। হি=যস্মাৎ। অকর্ম্মণঃ=

যজ্ঞার্থাৎ কর্ম্মণোঽন্যত্র, লোকোঽয়ং কর্ম্মবন্ধনঃ।
তদর্থং কর্ম্ম কৌন্তেয়, মুক্তসঙ্গঃ সমাচর ॥ ৯ ॥

ভোঃ কৌন্তেয়! যজ্ঞার্থাৎ কর্ম্মণঃ অন্যত্র অয়ং লোকঃ কর্ম্মবন্ধনঃ। (ত্বং) মুক্তসঙ্গঃ (সন্) তদর্থং কর্ম্ম সমাচর ॥ ৯ ॥

হে কুন্তীনন্দন! ঈশ্বরোদ্দেশে কর্ম্মানুষ্ঠান ব্যতিত অন্য কর্ম্ম এই পৃথিবীতে কর্ম্মবন্ধনের কারণ হয়। তুমি অনাসক্ত ভাবে সেই ঈশ্বরোদ্দেশে কর্ম্মানুষ্ঠান কর ॥ ৯ ॥

9. O son of Kunthi ! all works not directed towards God become the cause of binding men to this world. Free from desires, direct thy actions to Him alone.

সর্ব্বকর্ম্ম শূন্যস্য তব। শরীরযাত্রা = জীবনোপায়ঃ। প্রসিধ্যেৎ = প্রসিদ্ধিং ন গচ্ছেৎ তব শরীরস্থিতি রপি ন ভবেৎ।

কর্ম্মসন্ন্যাস হইতে কর্ম্মযোগ যে মহত্তর তাহা ভগবান্ এই শ্লোকে উপসংহার করিতেছেন। সকলে নিজ২ কর্ত্তব্য কর্ম্ম সম্পন্ন না করিলে সংসারচক্র রক্ষিত হয় না। সমগ্র-বিশ্ব এই কর্ম্মচক্রে বিঘূর্ণিত হইতেছে। বাহ্যিক-কর্ম্ম পরিত্যাগ করিলে কি হইবে? আভ্যন্তরিক কর্ম্মপ্রবাহের প্রতিরোধ করিতে কাহারও সাধ্য নাই। ব্রাহ্মণের ধর্ম্মপ্রচার, ক্ষত্রিয়ের যুদ্ধ ও রাজ্যরক্ষা, বৈশ্যের কৃষিবাণিজ্য এবং শূদ্রের অন্যান্য কার্য্য নিয়মিত রূপে অনুষ্ঠিত না হইলে সমাজ রক্ষিত হয় না। ভগবান্ বলিলেন—"হে অর্জ্জুন! তোমার কর্ত্তব্য কর্ম্ম তোমাকে অবশ্যই করিতে হইবে। কারণ তুমি কর্ম্ম পরিত্যাগ করিলে তোমার শরীরযাত্রাও নির্ব্বাহিত হইবেক না। "সততমাত্মানং গোপায়ীত"-ইতি শ্রুতি। সর্ব্বদা শরীর রক্ষা করিবে। অতএব তোমার শরীর রক্ষার নিমিত্ত যদি কর্ম্ম করিতে হইল তাহা হইলে অন্যান্য শাস্ত্রানুমোদিত কার্য্য পরিত্যাগ করিবে কেন?" ॥ ৮ ॥

8. Prayer and faithful discharge of one's duties are evidently meant by the word "Karma" in this verse. By prayer the human soul is absorbed for the time being with the spiritual soul (পরমাত্মনঃ). As transfusion of blood invigorates the body, so prayer to the Almighty invigorates the soul. It sustains our efforts directed to a noble cause and enables us to perform our duties in face of opposition and clamour. A Brahman's duty is to spread the true religion of God, a Khshetrya is to fight for the freedom of his Father-land, and other classes of men have their own duties to perform. This "Karma" should be performed until the mind is purified and fully governed. When this Karma is directed towards God and the good of his creatures, it does not bind men with its fetters.

সহ যজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা, পুরোবাচ প্রজাপতিঃ।
অনেন প্রসবিষ্যধ্বং, এষবোঽস্ত্বিষ্ট কামধুক্ ॥ ১০ ॥

পুরা প্রজাপতিঃ সহযজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা "অনেন প্রসবিষ্যধ্বং বঃ এষঃ ইষ্টকামধুক্ অস্তু" (ইতি) উবাচ ॥ ১০ ॥

সৃষ্টির প্রারম্ভে ব্রহ্মা জীবগণকে স্বীয়২ নিত্যকর্ম্মের সহিত সৃষ্টি করিয়া বলিয়াছিলেন যে, এই নিত্যকর্ম্মানুষ্ঠান দ্বারা তোমাদিগের উত্তরোত্তর বৃদ্ধি হউক। ইহা তোমাদিগের অভীষ্ট ও কামনাসিদ্ধি করিবে ॥ ১০ ॥

10. In the beginning when God created all living beings and prescribed their duties, he thus spoke unto them. "Discharge your duties and prosper, for on the performance of your duties depend your prosperity."

স্বামী। সাঙ্খ্যাঃ তু সর্ব্বং অপি কর্ম্ম বন্ধকত্বাৎ ন কার্য্যং ইতি আহঃ তৎ নিরাকুর্ব্বন্ আহ—যজ্ঞার্থাৎ ইতি। "যজ্ঞো বৈ বিষ্ণুঃ"-ইতি শ্রুতেঃ, তদারারাধনার্থাৎ কর্ম্মণঃ অন্যত্র তৎএকং বিনা লোকঃ অয়ং কর্ম্মবন্ধনঃ—কর্ম্মভিঃ বধ্যতে, নতু ঈশ্বরারাধনার্থেন কর্ম্মণা, অতঃ তদর্থং—বিষ্ণু প্রীত্যর্থং, মুক্তসঙ্গঃ—নিষ্কামঃ, সন্ কর্ম্ম সম্যক্ আচর ॥ ৯ ॥

যজ্ঞার্থাৎ=যজ্ঞঃ পরমেশ্বরঃ, "যজ্ঞো বৈ বিষ্ণুঃ"-ইতি শ্রুতেঃ। তদর্থং যৎ ক্রিয়তে তৎ যজ্ঞার্থং কর্ম্ম, তস্মাৎ। অয়ং=লোকঃ=কর্ম্মাধিকারী। কর্ম্ম বন্ধনঃ=কর্ম্মবন্ধনং যস্য তাদৃশঃ। মুক্ত সঙ্গঃ=কর্ম্মফল সঙ্গ বর্জ্জিতঃ। আচার=নির্ব্বর্ত্তয়; সম্যক্ পরিশ্রমাদি পূর্ব্বক কার্য্যে প্রবৃত্ত হও। বাসনা ও আসক্তির সহিত কর্ম্মানুষ্ঠান করিলেই তাহা কর্ম্মবন্ধনের কারণ হয়, কিন্তু ঈশ্বরোদ্দেশে অনাসক্তভাবে কার্য্য করিলে জীব তাহাতে আবদ্ধ হয় না।

শ্রুতি বলিয়াছেন,—

"কর্ম্মণা বধ্যতে জন্তুঃ বিদ্যয়া চ বিমুচ্যতে।"

কর্ম্মদ্বারা জীব সংসারে আবদ্ধ হয় এবং পরমার্থ জ্ঞানরূপ বিদ্যাদ্বারা তাহা হইতে মুক্তি লাভ করে। হে পার্থ! তোমার মাতা কুন্তীদেবী অনাসক্তভাবে ঈশ্বরারাধনা করিয়া তোমাকে লাভ করিয়াছেন, তুমিও তদ্রূপ ভগবদুপাসনাদ্বারা আত্মজ্ঞান লাভ করত নিষ্কামভাবে ক্ষাত্রধর্ম্মোচিত ধর্ম্ম্য যুদ্ধ ও রাজ্যরক্ষা কর ॥ ৯ ॥

9. The word "Karma" in the previous verse is explained in this. The general rule is that *Karma* is to be avoided as it binds the soul to this world and prevents its upward progress. But this rule does not apply to that *Karma* which is directed towards God and is done for the good of others. Therefore if a man wants to keep himself free from the fetters of Karma, let him perform his duties without desires and a motive of reward.

স্বামী। প্রজাপতি বচনাৎ অপি কর্ম্মকর্ত্তা এব শ্রেষ্ঠঃ ইতি আহ—সহযজ্ঞাঃ ইতি চতুর্ভিঃ। যজ্ঞেন সহ বর্ত্তন্তে ইতি সহ যজ্ঞাঃ—যজ্ঞাধিকৃতাঃ ব্রাহ্মণাদ্যাঃ, প্রজাঃ, পুরা—সর্গাদৌ, দৃষ্ট্বা ইদং উবাচ ব্রহ্মা, "অনেন যজ্ঞেন প্রসবিষ্যধ্বং, প্রসবঃ—বৃদ্ধিঃ, উত্তরোত্তরাং অতিবৃদ্ধিং লভধ্বং ইত্যর্থঃ। তত্র হেতুঃ এষঃ-যজ্ঞঃ, বঃ-যুষ্মাকং, ইষ্টকামধুক্ ইষ্টান্ কামান্ দোগ্ধি ইতি তথা—অভীষ্ট ভোগপ্রদঃ অস্তু ইত্যর্থঃ। অত্র চ যজ্ঞ গ্রহণং আবশ্যক কর্ম্মোপলক্ষণার্থং, কাম্যকর্ম্ম প্রশংসা তু প্রকরণে অসঙ্গতা অপি সামান্যতঃ অকর্ম্মণঃ কর্ম্ম শ্রেষ্ঠং ইতি এতদর্থং ইতি অদোষঃ ॥ ১০ ॥

সহযজ্ঞাঃ=স্বাশ্রমোচিত বিহিত কর্ম্ম কলাপেন বর্ত্তন্তে ইতি সহযজ্ঞাঃ। প্রজাঃ= লোকাঃ; কোন কোন ভাষ্যকার প্রজা শব্দের অর্থ "ত্রীন্ বর্ণান্" অর্থাৎ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য বলিয়াছেন। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে প্রজা শব্দে মানবমাত্রকেই বুঝাইয়াছে এরূপ বোধ হয়। কারণ সমস্ত মানবগণই নিত্যকর্ম্মাধিকারী ও দেবতাগণের উপাসনা করিয়া আধ্যাত্মিক উন্নতির পথে ধাবিত হইতে পারে। পুরা=কল্পাদৌ; কল্প প্রারম্ভে, সৃষ্টিকালে। প্রজাপতিঃ=প্রজানাং পতিঃ; ব্রহ্মের সৃষ্টি বিস্তারশক্তি, ব্রহ্মা। রামানুজ প্রজাপতি শব্দের অর্থ নারায়ণ বলেন। যথা—

"সর্ব্বেশ্বরং বিশ্বস্রষ্টারং বিদ্ধ্যাত্মানং পরায়ণং নারায়ণং ॥"

উবাচ=উক্তবান্। অনেন=যজ্ঞেন। স্বাশ্রমোচিত ধর্ম্মেণ প্রসবিষ্যধ্বং=(প্রসবঃ =বৃদ্ধিঃ) উত্তরোত্তরং অভিবৃদ্ধিং লভধ্বং; ক্রমে২ বৃদ্ধি প্রাপ্ত হও। এষঃ=যজ্ঞঃ। যাজ্যোধর্ম্মঃ। বঃ=যুষ্মাকং; তোমাদিগের। ইষ্ট কামধুক্=ইষ্টান্ অভিমতান্ কামান্—কাম্যানি ফলানি, দোগ্ধি—প্রাপয়তি অভীষ্ট ভোগ প্রদঃ; সমস্ত কামনা প্রদানকারী।

ভগবান্ প্রজাপতির বাক্যেরদ্বারাও কার্য্যের প্রাধান্য দেখাইতেছেন। বিশ্ব অনাদি ও অনন্ত। ব্রহ্মার দিন অর্থাৎ সৃষ্টি, এবং তৎপর ব্রহ্মার রাত্রি অর্থাৎ মহাপ্রলয়, তৎপর পুনঃ সৃষ্টি এইরূপে বিশ্বচক্র অনন্তকালের জন্যই প্রবর্ত্তিত হইতেছে। এইরূপ প্রত্যেক সৃষ্টির প্রারম্ভকালে, ব্রহ্মা তদীয় কার্য্য কারণাত্মক স্বভাব দ্বারা নির্দ্দেশ করিয়াছেন যে, জীবগণ নিজ নিজ কার্য্যানুষ্ঠানে শ্রীবৃদ্ধি লাভ করিবেক। অতএব নিষ্কামভাবে ঈশ্বরোদ্দেশে কর্ম্মানুষ্ঠান করিয়া জীব ইহলোকে শ্রীবৃদ্ধি এবং পরলোকে নির্ব্বাণ মুক্তি লাভ করে। দশমশ্লোক হইতে দ্বাদশ শ্লোকের দ্বিতীয় চরণ পর্য্যন্ত জীবগণের প্রতি সৃষ্টির প্রারম্ভে প্রজাপতির উক্তি। তিনি বলিয়াছেন, হে প্রজাগণ! নিষ্কামভাবে ঈশ্বরোদ্দেশে তোমাদিগের কর্ত্তব্য কর্ম্মানুষ্ঠান কর। এই কর্ত্তব্যানুষ্ঠান দ্বারা তোমাদের শ্রীবৃদ্ধি লাভ ও অভীষ্ট সিদ্ধি হইবেক। এইরূপে পার্থিব উন্নতি লাভ করিয়া আধ্যাত্মিক উন্নতির জন্য তোমাদিগের শ্রেষ্ঠ জীব স্বর্গীয় দেবতাগণকে উপাসনা করিবে। দেবতাগণ প্রসন্ন হইলে তোমাদিগের কল্যাণ হইবে। নিষ্কামভাবে কার্য্য করিলে পার্থিব উন্নতির পক্ষে কোন ব্যাঘাত হইবে না। যেরূপ ফললাভ বাসনায় আম্রবৃক্ষ রোপণ করিলে তাহার ছায়া ও

দেবান্ ভাবয়তানেন, তে দেবা ভাবয়ন্তু বঃ।
পরস্পরং ভাবয়ন্তঃ, শ্রেয়ঃ পরমবাপ্স্যথ ॥ ১১ ॥

(যূয়ং) অনেন দেবান্ ভাবয়ত। তে দেবাঃ বঃ ভাবয়ন্তু। পরস্পরং ভাবয়ন্তঃ (সন্তঃ) পরং শ্রেয়ঃ অবাপ্স্যথ ॥ ১১ ॥

তোমরা এই যজ্ঞদ্বারা দেবতাগণকে পূজা কর। সেই দেবতাগণ তোমাদিকে সম্বর্দ্ধিত করিবেন। এইরূপে পরস্পর সম্বর্দ্ধিত হইলে তোমাদিগের মঙ্গল হইবেক ॥ ১১ ॥

11. "Please the gods with the discharge of your duties and they in their turn will bless you. Thus pleased with each other ye will obtain supreme happiness.

কুসুম গন্ধ বিনা প্রযত্নে আনুসঙ্গীকরূপে লব্ধ হয়, তদ্রূপ নিষ্কামভাবে কর্ম্মযোগের অনুষ্ঠান করিলে তাহার আনুসঙ্গীক ফলরূপ কামনা সকল অযাচিতরূপে প্রাপ্ত হওয়া যায় ॥ ১০ ॥

10. This passage may be interpreted in various ways. The theory of the cosmogenesis here referred to is this. The formation and destruction of the earth or other heavenly bodies take place at stated intervals. These intervals are called the Days and Nights of Brahma. The day begins with the formation of the planet and the night commences with its destruction. Again when the night ends reformation commences. In the beginning of each creation *Prajapathi* or the creative energy of God discloses to mankind the laws of Karma on which depends their prosperity. It also discloses the laws of inter-communication between matter and spirit. Man is the highest material but the lowest spiritual being. In the ordinary course of things matter is being spiritualised and spirit is being materialised. These processes are called evolution and involution. Brahma said to mankind. "Know and observe the laws of Karma i e the laws which regulate spirit and matter, for on the perfect observance of these laws depend your spiritual and material welfare. Worship the spiritual beings or the Elementals (Devatas) and they will bless you."

This verse may also be explained thus. In the beginning of each creation Nature in the synthesis of her evolution indicates to man the essence of karmic laws. She says "study and master these laws and you shall prosper and secure the accomplishments of your desires. With the perfection of your knowledge you shall know how to control the Elements." দেবান্ in the next verse *may* mean gods or the five elements which compose this earth. This is a mere suggestion of the compiler.

ইষ্টান্ ভোগান্ হি বো দেবাঃ, দাস্যন্তে যজ্ঞ ভাবিতাঃ।
তৈর্দত্তা ন প্রদায়ৈভ্যো, যো ভুঙ্‌ক্তে স্তেন এব সঃ॥ ১২॥

হি দেবাঃ যজ্ঞভাবিতাঃ (সন্তঃ) বঃ ইষ্টান্ ভোগান্ দাস্যন্তে (অতঃ) তৈঃ দত্তান্ (অন্নাদীন্) এভ্যঃ (দেবেভ্যঃ) অপ্রদায় যঃ ভুঙ্‌ক্তে সঃ স্তেনঃ এব॥ ১২॥

"যেহেতু দেবতাগণ যজ্ঞদ্বারা পূজিত হইয়া অভিলষিত বিষয় তোমাদিগকে প্রদান করিবেন।" অতএব তাঁহাদিগের প্রদত্ত ভোগ্যবস্তু তাঁহাদিগকে না দিয়া যে নিজে ভোগ করে সে ব্যক্তি চোর॥ ১২॥

12. "For the gods pleased by your worship, will grant you the objects of your desires." Therefore any one who enjoyeth all their gifts without offering unto them a portion is a thief.

স্বামী। কথং ইষ্টকামদোগ্ধা যজ্ঞঃ ভবেৎ ইতি আহ—দেবান্ ইতি। অনেন —যজ্ঞেন, যূয়ং দেবান্ ভাবয়ত—হবির্ভাগৈঃ সম্বর্দ্ধয়ত, তে চ দেবাঃ, বঃ—যুষ্মান্, সংবর্দ্ধয়ন্তু বৃষ্ট্যাদিনা অন্নোৎপত্তি দ্বারেণ, এবং অন্যোন্যং সংবর্দ্ধয়ন্তঃ দেবাঃ চ যূয়ং চ পরস্পরং শ্রেয়ঃ অভীষ্টং অর্থং প্রাপ্স্যথ॥ ১১॥

অনেন=যজ্ঞেন। দেবান্—ইন্দ্রাদীন্। ভাবয়ত=হবির্ভাগৈঃ সংবর্দ্ধয়ত, তর্পয়ত। ভাবয়ন্তু—বৃষ্ট্যাদিনা অন্নোৎপত্তি দ্বারেণ সংবর্দ্ধয়ন্তু। পরং শ্রেয়ঃ—মোক্ষলক্ষণাং জ্ঞান প্রাপ্তিং। যজ্ঞদ্বারা কিরূপে মানবের কামনা সিদ্ধ হইবেক তাহা ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। এই যজ্ঞদ্বারা মানব দেবগণের উপাসনা করিবে। এই উপাসনা দ্বারা মনুষ্যের কামনা সিদ্ধ হইবেক, কিন্তু ইহা কেবল আনুসঙ্গীক ফল মাত্র। হোমযজ্ঞাদি দ্বারা ইন্দ্রাদি দেবগণকে তৃপ্ত করিলে তাঁহারাও বারিবর্ষণাদি দ্বারা মনুষ্যের মঙ্গল সাধন করিবেন এই জন্য রাজগণও যজ্ঞাদির অনুষ্ঠান করিয়া থাকেন।

মনু বলিয়াছেন—

"রাজাস্বর্থং সমাদয়ে কুর্য্যাদিন্দ্র মহোৎসবম্।
প্রীণীতো মঘবাহস্তু, মহতীং বৃষ্টি মাবহেৎ॥"

রাজা প্রজাবর্গ হইতে যৎকিঞ্চিৎ অর্থ গ্রহণ করিয়া যজ্ঞানুষ্ঠান করিবে। কারণ তাদৃশ যজ্ঞানুষ্ঠানে ইন্দ্র পরিতৃপ্ত হইয়া জলবর্ষণ করিয়া থাকেন॥ ১১॥

11. This verse hints at the formation of clouds by the Hom ceremony. If this ceremony is properly performed timely rain may be obtained. The compiler lacks capacity to enter into the deeper mysteries of this verse. But he believes in the infallibility of the Gita which is God's true Revelation.

যজ্ঞশিষ্টাশিনঃ সন্তঃ, মুচ্যন্তে সর্ব্বকিল্বিষৈঃ।
ভুঞ্জতে তে ত্বঘং পাপাঃ, যে পচন্ত্যাত্মকারণাৎ ॥ ১৩ ॥

যজ্ঞশিষ্টাশিনঃ সন্তঃ সর্ব্বকিল্বিষৈঃ মুচ্যন্তে। তু যে আত্মকারণাৎ পচন্তি তে পাপাঃ অঘং ভুঞ্জতে ॥ ১৩ ॥

যজ্ঞাবশিষ্টভোজী সাধুগণ সকল পাপহইতে মুক্তিলাভ করেন, কিন্তু যে ব্যক্তি কেবল নিজের উদর পূর্ণ করিবার জন্য ভোগ্যবস্তু প্রস্তুত করে সেই পাপী ব্যক্তি পাপই ভোজন করে ॥ ১৩ ॥

13. The pious man who partaketh of the offerings is absolved from all his sins. But he who cooketh his food for his own sake, eateth nothing but sin.

স্বামী। এতৎ এব স্পষ্টীকুর্ব্বন্ কর্ম্মাকরণে দোষং আহ—ইষ্টান্ ইতি। যজ্ঞৈঃ **ভাবিতাঃ দেবাঃ** বৃষ্ট্যাদিদ্বারেণ, বঃ—যুষ্মভ্যং, ভোগান্ দাস্যন্তে হি অতঃ দেবৈঃ দত্তান্—**অন্নাদীন্**, এভ্যঃ—দেবেভ্যঃ, পঞ্চযজ্ঞাদিভিঃ অদত্ত্বা যঃ ভুঙ্‌ক্তে সঃ তু চৌরঃ এব জ্ঞেয়ঃ ॥ ১২ ॥

ইষ্টান্=অভিলষিতান্ ভোগান্, স্ত্রীপশুপুত্রাদীন্। হি=যস্মাৎ। বঃ=যুষ্মভ্যং, তোমাদিগকে। দাস্যন্তে—বিতরিষ্যন্তি। অপ্রদায়=যজ্ঞেষু দেবোদ্দেশেন আহুতিং ন সম্পাদ্য। ভুঙ্‌ক্তে—দেহেন্দ্রিয়াণি তর্পয়তি। স্তেনঃ=(স্তেন=চুরি করা+অন্) তস্করঃ।

উপাসনাদ্বারা দেবগণ পরিতুষ্ট হইলে, ইহকালে যাহা লাভ হইবে ভগবান্ তাহা বলিতেছেন। দেবগণ যজ্ঞদ্বারা পরিষেবিত হইয়া মানবের অভিলষিত কাম্যবিষয় সকল প্রদান করিবেন। এই প্রকার দেবদত্ত ঋণগ্রহণ করিয়া যিনি অগ্নিহোত্রাদি যজ্ঞের অনুষ্ঠান না করেন, তিনি তস্করের কার্য্য করেন। এই শ্লোক কয়টীর আধ্যাত্মিকভাব এই, ভগবান্ এই অধ্যায়ে কর্ম্মযোগের কথা কহিতেছেন। যজ্ঞাদি নিত্যনৈমিত্তিক কার্য্যাদি না করিলে মানবের চিত্ত-শুদ্ধি হয় না, এবং চিত্ত-শুদ্ধি ব্যতিরেকে আত্মজ্ঞান লাভ হয় না। অতএব যাহাতে যজ্ঞউপাসনাদিদ্বারা মানব উত্তরোত্তর শ্রীবৃদ্ধি লাভ ও দেবত্ব প্রাপ্ত হইতে পারে, তদ্বিষয়ের উপদেশ দিতেছেন ॥ ১২ ॥

12. The necessity for worship as a means of purifying the mind is here shewn. Action is based on worship or prayer. Therefore any one who aspires to a spiritual existence must always work with prayer. The blessings which the gods grant to men are two-fold, viz., spiritual and temporal. The spiritual gift is mentioned in verse 11. In verse 12 temporal gift is alluded to. The gods may grant you happiness, virtue and prosperity but if you do not offer thanksgiving to them, you are

no better than a thief. In other words, "perpetual worship of God who gives us all our blessings, is the only way to salvation."

The first portion of this verse finishes the words of Prajapati.

স্বামী। ইতঃ চ যজ্ঞন্তঃ এব শ্রেষ্ঠাঃ ন ইতরে ইতি আহ—যজ্ঞশিষ্টাশিনঃ ইতি। বৈশ্বদেবাদিযজ্ঞাবশিষ্টং যে অশ্নন্তি তে পঞ্চশূনাদিকৃতৈঃ সর্ব্বৈঃ কিল্বিষৈঃ মুচ্যন্তে। পঞ্চশূনাঃ চ স্মৃতৌ উক্তাঃ—

"কণ্ডনী পেষনী চুল্লী, উদকুম্ভীচ মার্জ্জনী।
পঞ্চশূনা গৃহস্থস্য, তাভিঃ স্বর্গং ন গচ্ছতি"

যেতু আত্মনঃ ভোজনার্থং এব পচন্তি ন তু বৈশ্বদেবাদ্যর্থং তে পাপাঃ—দুরাচারাঃ, অঘং এব ভুঞ্জতে ॥ ১৩ ॥

যজ্ঞশিষ্টাশিনঃ—(যজ্ঞ+শিষ্ট+অশ+ণিন্) যজ্ঞশেষভোজিনঃ। সন্তঃ=সুধিয়ঃ; সাধুগণ। কিল্বিষৈঃ—পাপৈঃ। আত্মকারণাৎ=দেহেন্দ্রিয়পোষণার্থং। পচন্তি=পাকং কুর্ব্বন্তি; অন্যের জন্য অথবা যজ্ঞাদির নিমিত্তে পাক না করিয়া কেবল আত্মোদরপূর্ত্তির জন্যই পাক করে। পাপাঃ=পাপকারিণঃ; দুরাচার ব্যক্তি। অঘং=পাপং।

অপরদিকে, যজ্ঞানুষ্ঠাতা সাধুব্যক্তিদিগের বিষয় বলিতেছেন। দেবযজ্ঞ সমাধানান্তে যজ্ঞাবশেষভোজী মহাত্মাগণ চিত্তশুদ্ধিদ্বারা সকল প্রকার পাপহইতে মুক্তিলাভ করেন; কিন্তু যে ব্যক্তি দেবতাদিগকে প্রদান না করিয়া পার্থিব ঐশ্বর্য্য সকল নিজেই সম্ভোগ করে, সে নরাধম। অর্থাৎ পার্থিব ঐশ্বর্য্য সকল ঈশ্বরোদ্দেশে ব্যবহার করাই কর্ত্তব্য। ধর্ম্মশাস্ত্রে পঞ্চবিধ যজ্ঞের উল্লেখ আছে।

"ঋষিযজ্ঞং দেবযজ্ঞং, ভূতযজ্ঞঞ্চ সর্ব্বদা।
নৃযজ্ঞং পিতৃযজ্ঞঞ্চ, যথাশক্তি ন হাপয়েৎ ॥"

ধর্ম্মশাস্ত্রের অধ্যয়ন ও অধ্যাপনার নাম ঋষিযজ্ঞ। অগ্নিহোত্রাদিকে দেবযজ্ঞ বলিয়া থাকে। প্রাণিসমূহের তৃপ্তিসাধনের নাম ভূতযজ্ঞ। অন্নাদিদ্বারা অতিথিগণের অভ্যর্থনাকে নৃযজ্ঞ কহে। শ্রাদ্ধতর্পণাদিদ্বারা পিতৃলোকদিগের পরিতৃপ্তি সম্পাদনের নাম পিতৃযজ্ঞ।

"অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ, পিতৃযজ্ঞস্তু তর্পনং।
হোমো দৈবো বলির্ভৌতো, নৃযজ্ঞোঽতিথি পূজনং ॥" মনু ৩অ ৭০শ্লো।

পরম কারুণিক ভগবান্ এই পঞ্চযজ্ঞের অনুষ্ঠান করিতে অর্জ্জুনকে বলিতেছেন।

"কণ্ডনী পেষণী চুল্লী, উদকুম্ভীচ মার্জ্জনী।
পঞ্চশূনা গৃহস্থস্য, তাভিঃ স্বর্গং ন বিন্দতি।
পঞ্চ-শূনাকৃতং পাপং, পঞ্চযজ্ঞৈর্ব্যপোহতি ॥"

উদূখল, পেষণশীলা, (পাটা) উনন, জলের কলস, ও মার্জ্জনী (ঝাঁটা) এই পাঁচ স্থানে গৃহস্থগণের অজ্ঞাতসারে অনেক ক্ষুদ্র২ কীটবিনাশ জন্য যে পাপ হয় তাহাহইতে নিষ্কৃতি লাভের জন্য মনুষ্যগণের উক্ত পঞ্চযজ্ঞ করা কর্ত্তব্য ॥ ১৩ ॥

13. Regarding the enjoyment of the blessings which man obtains from God, a difference is here made between a pious and an impious man. He who employs his wealth in worship and in the good of others, and

অন্নাদ্ভবন্তি ভূতানি, পর্জ্জন্যাদন্নসম্ভবঃ।
যজ্ঞাদ্ভবতি পর্জ্জন্যঃ, যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ॥ ১৪॥

ভূতানি অন্নাৎ ভবন্তি। পর্জ্জন্যাৎ অন্নসম্ভবঃ। যজ্ঞাৎ পর্জ্জন্যঃ ভবতি। যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ (ভবতি)॥ ১৪॥

প্রাণিগণ ভক্ষ্যবস্তু হইতে উৎপন্ন হয়। বৃষ্টিহইতে ভক্ষ্যবস্তুর উৎপত্তি হয়। যজ্ঞ হইতে মেঘ সকল সমুৎপন্ন হইয়া থাকে। কর্ম্মানুষ্ঠানদ্বারা যজ্ঞ সম্পন্ন হয়। ১৪॥

14. All living beings are born of food, food is born of rain, rain cometh from worship and worship springeth from action.

enjoys what remains behind, is a pious man. But he who receives God's blessings for his own sake, is an impious man. Prajapati when he created mankind laid down five sorts of worship for the purification of the human soul, viz., (i) Rishijagna or the acquisition of true wisdom by reading and teaching the Vedas (ii) Devajagna or worship by ceremonies such as Hom &c., (iii) Bhutajagna or kindness towards all living beings; (iv) Nrijagna or hospitality towards guests and (v) Pitrijagna or the worship of the departed souls of forefathers.

স্বামী। জগচ্চক্র প্রবৃত্তিহেতুত্বাৎ অপি কর্ম্ম কর্ত্তব্যং ইতি আহ—অন্নাৎ ইতি ত্রিভিঃ। অন্নাৎ—শুক্রশোণিতরূপেণ পরিণতাৎ, ভূতানি উৎপদ্যন্তে, অন্নস্য চ সম্ভবঃ পর্জ্জন্যাৎ—বৃষ্টেঃ, সঃ চ পর্জ্জন্যঃ যজ্ঞাৎ ভবতি; সঃ চ যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ—কর্ম্মণা-যজমানাদি ব্যাপারেণ, সম্যক্ সম্পদ্যতে; ইত্যর্থঃ।

"অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যক্, আদিত্যমুপতিষ্ঠতে।
আদিত্যাজ্জায়তে বৃষ্টিঃ, বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ॥" ইতি শ্রুতেঃ। ১৪॥

অন্নাৎ=অদনীয়াৎ, ভুক্তাৎ, লোহিতরেতঃ পরিণতাৎ। ভূতানি=প্রাণিশরীরাণি। ভবন্তি=জায়ন্তে। পর্জ্জন্যাৎ=বৃষ্টেঃ; বৃষ্টিহইতে। অন্নসম্ভবঃ=অন্নস্য উৎপত্তিঃ। কর্ম্মসমুদ্ভবঃ=ঋত্বিগ্ যজমানয়োশ্চ ব্যাপারঃ কর্ম্ম, ততঃ সমুদ্ভবঃ (উৎপত্তিঃ) যস্য যজ্ঞস্যা-পূর্ব্বস্য স যজ্ঞঃ কর্ম্মসমুদ্ভবঃ।

কর্ম্মদ্বারা এই বিশ্বচক্র প্রবর্ত্তিত হইতেছে, ভগবান্ তাহা প্রদর্শন করিতেছেন। সকলের আদি পরব্রহ্ম, তাঁহাহইতে আকাশ, অর্থাৎ শব্দব্রহ্ম, শব্দব্রহ্মহইতে প্রণব, প্রণবহইতে বেদ, বেদহইতে কর্ম্মানুষ্ঠান, কর্ম্মানুষ্ঠানহইতে যজ্ঞ, যজ্ঞহইতে মেঘ, মেঘহইতে ভক্ষ্যবস্তু, ভক্ষ্যবস্তু হইতে জীব। এই উপক্রমেই মনু বলিয়াছেন।

"অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যক্, আদিত্যমুপতিষ্ঠতে।
আদিত্যাজ্জায়তে বৃষ্টিঃ, বৃষ্টেরন্নং ততঃ প্রজাঃ॥"

শ্রদ্ধাপূর্ব্বক ঘৃতাহুতি দ্বারা অনলে হবন করিলে আদিত্যের ন্যায় একটী জ্যোতিঃ

কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি, ব্রহ্মাক্ষরসমুদ্ভবম্।
তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম, নিত্যং যজ্ঞে প্রতিষ্ঠিতম্ ॥ ১৫ ॥

(ত্বং) কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি, ব্রহ্ম অক্ষরসমুদ্ভবং (বিদ্ধি) তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম যজ্ঞে নিত্যং প্রতিষ্ঠিতং ॥ ১৫ ॥

কর্ম্ম বেদহইতে সমুৎপন্ন জানিবে অবিনাশী পরমাত্মাহইতে বেদ সমুৎপন্ন হইয়াছে। অতএব সর্ব্বব্যাপক পরমাত্মা সর্ব্বদাই যজ্ঞে বর্ত্তমান আছেন ॥ ১৫ ॥

15. Know that action is derived from the Vedas which have sprung from the incorruptible Brahma. Hence the all-pervading God is always present in our worship.

আকাশে সমুউত্থিত হয়। উক্ত জ্যোতিদ্বারা মেঘের বৃষ্টিশক্তি জন্মে। এই মেঘবর্ষিত জলহইতে ব্রীহিযবাদি উৎপন্ন হয়। তাহাহইতে মানব শরীর রক্ষিত হয়। এই জ্যোতিদ্বারা আকাশে মেঘসঞ্চার হয়, ইহা প্রাকৃতিকবিজ্ঞানতত্ত্ব। আমেরিকার কোন কোন বিজ্ঞানতত্ত্ববিৎ বলেন যে, এক প্রকার ধধূপ (হাওইবাজি) আকাশাভিমুখে উত্থাপিত করিলে তদ্দ্বারা নিকটবর্ত্তী স্থানে বাষ্পরাশি উত্থিত হইয়া মেঘের সঞ্চার হয়। অতএব ঘৃত কি অন্যান্য উত্তম বস্তু সকল অনলে হবন করিলে তাহাহইতে যে নির্ম্মল জ্যোতিঃ আকাশে উত্থিত হইয়া মেঘ হইবে, ইহা আর আশ্চর্য্যের বিষয় কি ? ॥ ১৪ ॥

14. This verse hints at the theory that clouds can be formed by artificial means. The latest American discovery is that a small cloud can be formed artificially by shooting rockets into the sky. We find frequent references in Mahabharata that kings avoided a drought by resorting to Hom or other similar ceremonies.

স্বামী। তথা কর্ম্ম ইতি ; তৎ চ যজমানাদি ব্যাপাররূপং কর্ম্ম ব্রহ্মোদ্ভবং বিদ্ধি,—ব্রহ্ম—বেদঃ, তস্মাৎ প্রবৃত্তং জানীহি; তৎ চ বেদাখ্যং ব্রহ্ম অক্ষরাৎ—পরমব্রহ্মণঃ, সমুদ্ভূতং জানীহি, "তস্য মহতো ভূতস্য নিশ্বসিত মেতদৃগ্বেদো যজুর্ব্বেদঃ সামবেদঃ" ইতিশ্রুতেঃ। যতঃ এবং অক্ষরাৎ এব যজ্ঞপ্রবৃত্তেঃ অত্যন্তং অভিপ্রেতঃ যজ্ঞঃ তস্মাৎ সর্ব্বগতং অপি অক্ষরং—ব্রহ্ম, নিত্যং—সর্ব্বদা, যজ্ঞে প্রতিষ্ঠিতং—যজ্ঞেন উপায়ভূতেন প্রাপ্যতে ইতি যজ্ঞে প্রতিষ্ঠিতং উচ্যতে ইতি "উদ্যমস্থা সদা লক্ষ্মীঃ," ইতিবৎ যদ্বা যস্মাৎ জগচ্চক্রস্য মূলং কর্ম্ম তস্মাৎ সর্ব্বগতং—মন্ত্রার্থবাদৈঃ সর্ব্বেষু ভূতার্থাখ্যানাদিষু গতং, স্থিতং অপি বেদাখ্যং ব্রহ্ম সর্ব্বদা যজ্ঞে তাৎপর্য্যেণ প্রতিষ্ঠিতং অতঃ যজ্ঞাদি কর্ম্ম কর্ত্তব্যং ইত্যর্থঃ ॥ ১৫ ॥

ব্রহ্ম = বেদঃ। বিদ্ধি = জানীহি ; জানিবে। অক্ষরসমুদ্ভবং = অক্ষরং ব্রহ্ম পরমাত্মে-

এবং প্রবর্ত্তিতং চক্রং, নানুবর্ত্তয়তীহ যঃ।
অঘায়ুরিন্দ্রিয়ারামঃ, মোঘং পার্থ স জীবতি ॥ ১৬ ॥

ভোঃ পার্থ! যঃ ইহ এবং প্রবর্ত্তিতং চক্রং ন অনুবর্ত্তয়তি, সঃ ইন্দ্রিয়ারামঃ অঘায়ুঃ মোঘং জীবতি ॥ ১৬ ॥

হে পার্থ! যে ব্যক্তি ইহলোকে এইরূপে প্রবর্ত্তিত কর্ম্মচক্রের অনুবর্ত্তী না হয়, সেই ইন্দ্রিয়দাস পাপময়-জীবনবিশিষ্ট ব্যক্তি অনর্থক প্রাণ ধারণ করে ॥ ১৬ ॥

16. O Partha! that sinful man, steeped in the enjoyments of his senses, who observeth not in this world this revolving wheel of action, liveth but in vain.

ত্যর্থঃ স সমুদ্ভবঃ উৎপত্তিকারণং যস্য। সর্ব্বগত° — সর্ব্বত্রাবস্থিতং। নিত্যং — অবিনাশি।

কর্ম্মই যে বিশ্বচক্রের নিদান তাহা ভগবান্ অর্জ্জুনকে বুঝাইতেছেন। চতুর্দ্দশ শ্লোকে ইহাই প্রতিপন্ন হইয়াছে যে, এই অনাদি অনন্ত বিশ্ব কর্ম্মদ্বারা বর্ত্তমান রহিয়াছে। ইহা কর্ম্মের পার্থিব ভাব। পঞ্চদশ শ্লোকে কর্ম্মের আধ্যাত্মিক ভাব প্রকাশ পাইয়াছে। অক্ষর-ব্রহ্মহইতে বেদরূপজ্ঞান সমুৎপন্ন হইয়াছে এবং বেদহইতে কর্ম্মের উৎপত্তি হইয়াছে। অতএব সর্ব্বদাই অক্ষরব্রহ্ম কর্ম্মে প্রতিষ্ঠিত আছেন। কেবল এই কারণ নহে, ঈশ্বর সর্ব্বব্যাপী, তিনি সকল কর্ম্ম মধ্যেই অনুস্যূত আছেন ॥ ১৫ ॥

15. Verses 15 and 16 disclose what is called Karma-chakra or cycle of action. In the beginning was the all-pervading Spirit of God. This Spirit expanded itself into Akasha (ether), from which sprang the Word of God (শব্দব্রহ্ম) and the Vedas. Veda means true knowledge. This knowledge produced Karma (action), from which sprang worship which created the elements. Then came into existence the living beings from whom spring action again. This explains the wheel of action. From God sprang the Vedas which produced action. Therefore, God is in action. God is omnipresent and, therefore, God is in action. In all good works exists the Spirit of God.

স্বামী। যস্মাৎ এবং পরমেশ্বরেণ এব ভূতানাং পুরুষার্থসিদ্ধয়ে কর্ম্মাদি চক্রং প্রবর্ত্তিতং তস্মাৎ তৎ অকুর্ব্বতঃ বৃথা এব জীবনং ইতি আহ—এবং ইতি। পরমেশ্বরবাক্যভূতাৎ বেদাখ্যব্রহ্মণঃ পুরুষাণাং কর্ম্মণি প্রবৃত্তিঃ, ততঃ কর্ম্মনিষ্পত্তিঃ, ততঃ পর্জ্জন্যঃ, ততঃ অন্নং, তস্মাৎ ভূতানি, ভূতানাং পুনঃ তথা এব কর্ম্মপ্রবৃত্তিঃ ইতি এবং প্রবর্ত্তিতং চক্রং যঃ ন অনু-

বর্ত্তয়তি—ন অনুতিষ্ঠতি, অঘং—পাপরূপং, আয়ুঃ যস্য সঃ যতঃ ইন্দ্রিয়ৈঃ বিষয়েষু এব আরমতি, নতু ঈশ্বরারাধনার্থে কর্ম্মণি ততঃ মোঘং—ব্যর্থং, সঃ জীবতি ॥ ১৬ ॥

এবং=ইত্থং, পরমেশ্বরেণ বেদযজ্ঞাদিপূর্ব্বকং। প্রবর্ত্তিতং=জগন্নির্ব্বাহকং; যে চক্রের আবর্ত্তনে সমগ্র জগৎ বর্ত্তমান রহিয়াছে। নানুবর্ত্তয়তি=ন অনুতিষ্ঠতি, অত্যন্তরং ন অনুতিষ্ঠতি; অনুবর্ত্তী হয় না। ইন্দ্রিয়ারামঃ=ইন্দ্রিয়ৈঃ আরামঃ ক্রীড়া বিষয়েষু যস্য, ইন্দ্রিয়সুখনিরতঃ; যাহার ইন্দ্রিয়গণ পার্থিব বিষয়সকলে ক্রীড়া করে, বিষয়ে অত্যাসক্ত। অঘায়ুঃ=(অঘ=পাপ) পাপময়জীবিতঃ; ঘোরপাপী। মোঘং=বৃথা। জীবতি=প্রাণান্ ধারয়তি; অকারণেই প্রাণধারণ করে, তাহার জীবনের উদ্দেশ্য সফল হয় না।

ভগবান্ কর্ম্মচক্রের কথা যেরূপে উল্লেখ করিলেন তাহা বিবৃত হইতেছে। সর্ব্বব্যাপী অবিনাশী পরমেশ্বরহইতে সর্ব্বপ্রকার বেদের উৎপত্তি, বেদ (সত্য জ্ঞান) হইতে কর্ম্মনিষ্ঠা, কর্ম্মানুষ্ঠানহইতে ধর্ম্মের উৎপত্তি, ধর্ম্মানুষ্ঠানহইতে বৃষ্টি, বৃষ্টিহইতে ব্রীহিযবপ্রভৃতি শস্য এবং শস্যহইতে মনুষ্য। পুনর্ব্বার মনুষ্যহইতে কর্ম্ম, কর্ম্মহইতে ধর্ম্ম ইত্যাদি ক্রমে কর্ম্মচক্রের আবর্ত্তন হয়। পাঠকের উত্তম রূপে বোধগম্য হইবার জন্য চক্রের প্রতিরূপ পার্শ্বে অঙ্কিত হইল। মানব-দেহ ধারণ করিয়া যে মূঢ় ঈদৃশ কর্ম্মচক্রের অনুষ্ঠান না করে অর্থাৎ যে ব্যক্তি কর্ম্মনিষ্ঠাদ্বারা ধর্ম্মানুষ্ঠানতৎপর না হয় সেই ইন্দ্রিয়াসক্ত পাপী ব্যক্তির জীবন বৃথা ॥ ১৬ ॥

16. Revolving wheel of action:—As the universe is moving in a circle in obedience to the Karmic laws, so the soul of man is revolving in obedience to the laws of action. As worship produces rain which makes the crops grow, so does the virtuous man by his good works bless himself and his fellow-creatures. Through numerous births he moves rapidly onwards until he reaches Nirvana.

যস্ত্বাত্মরতিরেব স্যাৎ, আত্মতৃপ্তশ্চ মানবঃ।
আত্মন্যেব চ সন্তুষ্টঃ, তস্য কার্য্যং ন বিদ্যতে ॥ ১৭ ॥

যঃ তু মানবঃ আত্মরতিঃ এব স্যাৎ, আত্মতৃপ্তঃ চ (স্যাৎ), আত্মনি এব চ সন্তুষ্টঃ (স্যাৎ) তস্য কার্য্যং ন বিদ্যতে ॥ ১৭ ॥

পরন্তু, যে মানব পরমাত্মচিন্তায় পরমানন্দ লাভ করেন এবং যিনি আত্মাতেই তৃপ্ত ও আত্মাতেই সন্তুষ্ট থাকেন, তাঁহার কর্ম্মানুষ্ঠান নিষ্প্রয়োজন ॥ ১৭ ॥

17. But he who delighteth in the contemplation of the Universal Spirit, who is satisfied with the Spirit and who findeth supreme happiness in the Spirit, hath no occasion for work.

স্বামী। তৎ এবং "ন কর্ম্মণা মনারম্ভাৎ" ইত্যাদিনা যজ্ঞস্য অন্তঃকরণশুদ্ধ্যর্থং কর্ম্মযোগং উক্ত্বা জ্ঞানিনঃ কর্ম্মানুপযোগং আহ—যস্ত ইতি দ্বাভ্যাং। আত্মনি এব রতিঃ—প্রীতিঃ যস্য সঃ, ততঃ চ আত্মনি এব তৃপ্তঃ—স্বানন্দানুভবেন নির্বৃতঃ, অতএব আত্মনি এব সন্তুষ্টঃ—ভোগাপেক্ষারহিতঃ, যঃ তস্য কর্ত্তব্যং কর্ম্ম ন অস্তি ইতি ॥ ১৭ ॥

তু = কিন্তু, পক্ষান্তরে। যঃ = সাংখ্যযোগী, আত্মজ্ঞাননিষ্ঠঃ। আত্মরতিঃ = যস্য আত্মা আত্মন্যেব রমতে ন তু বিষয়েষু, ইন্দ্রিয়ারামস্য বিপরীতঃ। আত্মতৃপ্তঃ = আত্মনা এব তৃপ্তঃ নত্বন্যরসাদিনা স সন্ন্যাসী। আত্মন্যেব সন্তুষ্টঃ = সর্ব্বতো বিগততৃষ্ণঃ; ভোগবাসনা পরিত্যাগ করিয়া যিনি আত্মায় আনন্দানুভব করেন।

ভগবান্ এই অধ্যায়ের তৃতীয় শ্লোকে "জ্ঞানযোগেন সাংখ্যানাং" ইত্যাদি বলিয়া—জ্ঞানযোগী এবং কর্ম্মযোগীর পার্থক্য প্রদর্শন করিয়াছেন। চতুর্থ শ্লোকহইতে ষোড়শ শ্লোকপর্য্যন্ত কর্ম্মযোগীর বর্ণনা করিয়া সপ্তদশ এবং অষ্টাদশ শ্লোকে জ্ঞানযোগীর বর্ণনা করিতেছেন। চিত্তশুদ্ধি এবং কামরূপের বিনাশ জন্য নিষ্কাম লোকসংগ্রহার্থে নিতান্ত প্রয়োজনীয় কর্ম্মযোগানুষ্ঠান বিশদরূপে প্রদর্শিত হইল। কিন্তু যাঁহার চিত্ত বিশুদ্ধ হইয়াছে এবং যাঁহার কামরূপ সম্পূর্ণরূপে বিনষ্ট হইয়াছে, তাঁহার কর্ম্মযোগানুষ্ঠান নিষ্প্রয়োজন। কারণ, কর্ম্মযোগানুষ্ঠানের চরমফলরূপ জ্ঞানযোগ তিনি লাভ করিতে পারিয়াছেন। যাঁহাদিগের মনঃ বাসনাশূন্য হইয়া নিবাত নিষ্কম্প দীপ-শিখার ন্যায় স্থির ভাবে সর্ব্বদা আত্মচিন্তায় রত থাকে, কর্ম্মানুষ্ঠানে তাঁহাদিগের কোন প্রয়োজন নাই। শ্রুতি বলিয়াছেন,—

"আত্মক্রীড় আত্মরতিঃ ক্রিয়াবানেষ ব্রহ্মবিদাং বরিষ্ঠঃ ॥"

"যিনি আত্মায় ক্রীড়া করেন এবং আত্মচিন্তায় আনন্দিত থাকেন, যাহার ক্রিয়ার প্রারম্ভ ও সমাপ্তি আত্মায় সম্পন্ন হয়, তিনি সমস্ত আত্মজ্ঞানীর মধ্যে শ্রেষ্ঠ।" এই জন্য ভগবান্

নৈব তস্য কৃতেনার্থঃ, নাকৃতেনেহ কশ্চন।
ন চাস্য সর্ব্বভূতেষু, কশ্চিদর্থব্যপাশ্রয়ঃ ॥ ১৮ ॥

ইহ কৃতেন তস্য অর্থঃ এব ন (অস্তি) ; অকৃতেন কশ্চন (প্রত্যবায়ঃ) ন (অস্তি ; তস্য সর্ব্বভূতেষু কশ্চিৎ অর্থব্যাপাশ্রয়ঃ ন (অস্তি) । ১৮ ॥

ইহলোকে তাঁহার কর্ম্মানুষ্ঠানদ্বারা কোন প্রয়োজন সিদ্ধ হয় না। কর্ম্ম না করিলেও কোন অধর্ম্ম হয় না, এবং সর্ব্বভূতের মধ্যে কোন বস্তুতেই আশ্রয়গ্রহণ করিতে হয় না ॥ ১৮ ॥

18. He gaineth nothing in this world by action ; he doth no sin by inaction ; and he seeketh protection in no object in the creation.

স্পষ্টাভিধানে কোন্ ব্যক্তির কর্ম্মযোগের প্রয়োজন এবং কোন্ ব্যক্তির কর্ম্মানুষ্ঠানের প্রয়োজন নাই তাহাই এস্থানে স্বরূপতঃ বুঝাইলেন । ১৭ ।

17. In verse 3 Srikrishna premises that there are two ways of salvation, of which the attainment of spiritual wisdom is the one way. It is then said that this wisdom cannot be obtained without good works. But the saint who has obtained this wisdom, who is free from desires, and whose mind has been purified by worship and self-government, need not practise the Karma Yog which is the father and not the offspring of Gyan Yog. Verses 17 and 18 are devoted to the elucidation of the nature of a Gyan-yogee.

স্বামী। তত্র হেতুং আহ—নৈব ইতি। কৃতেন—কর্ম্মণা, তস্য অর্থঃ—পুণ্যং ন এব অস্তি। নচ অকৃতেন কশ্চন—কঃ অপি, প্রত্যবায়ঃ অস্তি নিরহঙ্কারত্বেন বিধিনিষেধাতীতত্বাৎ। তথাপি "তস্যোষাং ন প্রিয়ং যদেতৎ মনুষ্যাঃ বিদুঃ" ইতি শ্রুতেঃ। মোক্ষে দেবকৃত বিঘ্ন সম্ভবাৎ তৎপরিহারার্থং কর্ম্মভিঃ দেবাঃ সেব্যাঃ ইতি আশঙ্ক্য উক্তং সর্ব্বভূতেষু ব্রহ্মাদি স্থাবরান্তেষু কশ্চিৎ অপি অর্থব্যপাশ্রয়ঃ—আশ্রয়ঃ এব ব্যপাশ্রয়ঃ, অর্থে—মোক্ষে, আশ্রয়ণীয়ঃ অস্য ন অস্তি ইত্যর্থঃ। বিঘ্নাভাবস্য শ্রুত্যা এব উক্তত্বাৎ, তথাচ শ্রুতিঃ "তস্য হ ন দেবাশ্চ নাভূত্যা ঈশতে আত্মা হ্যেষাং সম্ভবতি"-ইতি হ ন ইতি অব্যয়ং অপ্যর্থে, দেবাঃ অপি তস্য আত্মতত্ত্বজ্ঞস্য অভূত্যৈ ব্রহ্মভাবপ্রতিবন্ধায় ন ঈশতে ন শক্নুবন্তি ইতি শ্রুতেঃ অর্থঃ। দেবকৃতাঃ তু বিঘ্নাঃ সম্যক্ জ্ঞানোৎপত্তেঃ প্রাক্ এব "যদেতদ্ব্রহ্ম মনুষ্যা বিদুস্তদেবৈষাং দেবানাং ন প্রিয়ং"-ইতি শ্রুত্যা ব্রহ্মজ্ঞানস্য এব অপ্রিয়ত্বোক্ত্যা তত্র এব বিঘ্নকর্ত্তৃত্বস্য সূচিতত্বাৎ ॥ ১৮ ॥

তস্য—পরমাত্মরতেঃ। ইহ—অস্মিন্ লোকে। কৃতেন—কর্ম্মণা অনুষ্ঠিতেন। অর্থঃ—

প্রয়োজনং। অকৃতেন=অকরণেন। প্রত্যবায়ঃ=অনর্থঃ; অনিষ্ট। সর্ব্বভূতেষু=ব্রহ্মাদি-স্থাবরান্তেষু। অর্থব্যপাশ্রয়ঃ=প্রয়োজননিমিত্তাবলম্বনং।

ভগবান্ এই শ্লোকে আত্মজ্ঞানী ব্যক্তির নির্লিপ্ত আত্মার বিষয় উপসংহার করিয়া অর্জ্জুনকে এই উপদেশ প্রদান করিলেন যে, যে হেতু এখনও তোমার তদ্রূপ জ্ঞান ও শক্তি লাভ হয় নাই, অতএব আত্মজ্ঞানলাভার্থ নিষ্কাম কর্ম্মানুষ্ঠান তোমার নিতান্ত প্রয়োজনীয়। ভগবান্ কর্ম্মযোগ ও কর্ম্মসন্ন্যাস যোগের পার্থক্য এস্থানে বিশদরূপে প্রদর্শন করিলেন। আত্মরতি, আত্মতৃপ্ত ও আত্মসন্তুষ্ট এই ত্রিবিধ অবস্থাপন্ন মহাত্মারা আত্মযোগের গভীর নীরে নিমগ্ন। তজ্জন্য তাহাদিগের কর্ম্মানুষ্ঠান করিবার প্রয়োজন নাই; কারণ, নিষ্কাম কর্ম্ম-যোগানুষ্ঠান করিয়া তাঁহারা আত্মজ্ঞান লাভ করিয়াছেন। জ্ঞান কি ধর্ম্মলাভ করিবার জন্য তাঁহাদির কোন বস্তুকেই আশ্রয় করিতে হয় না।

ভগবান্ উত্তর গীতায় বলিয়াছেন,—

"তীর্থানি তোয়রূপাণি, দেবাঃ পাষাণমৃন্ময়াঃ।
যোগিনো ন প্রপদ্যন্তে, আত্মধ্যানপরায়ণাঃ" ॥

"আত্মধ্যানপরায়ণ যোগী জলরূপ তীর্থ, পাষাণনির্ম্মিত অথবা মৃন্ময় দেব দেবীর মূর্ত্তিতে আশ্রয়গ্রহণ করেন না। কারণ তিনি ব্রহ্মহইতে তৃণপর্য্যন্ত কাহারও নিকট কোন সাহায্য প্রার্থনা করেন না"।

মধুসূদন সরস্বতী তাঁহার ভাষ্যে সপ্ত জ্ঞানভূমিকার কথা উল্লেখ করিয়াছেন। শুভেচ্ছা, বিচারণা, তনুমানসা, সত্ত্বাপত্তি, অসংসক্তি, পদার্থভাবনী ও তুর্য্যাবস্থা। এই সপ্ত জ্ঞান ভূমিকা আত্মজ্ঞানী মহাত্মা শনৈঃ শনৈঃ অতিক্রম করিয়া পূর্ণানন্দ স্বরূপে অবস্থান করেন। প্রথম তত্ত্ব শুভেচ্ছা=নিত্যানিত্য বস্তু বিবেকাদি পুরঃসর ফল পর্য্যবসায়িনী মোক্ষেচ্ছা। দ্বিতীয় তত্ত্ব বিচারণা=গুরুং উপসৃত্য বেদান্তবাক্যবিচারঃ শ্রবণমননাত্মকঃ। তৃতীয় তত্ত্ব তনুমানসা=নিদিধ্যাসনাভ্যাসেন মনস একাগ্রতয়া সূক্ষ্মবস্তুগ্রহণযোগ্যত্বং। চতুর্থ তত্ত্ব সত্ত্বাপত্তি=ততো বেদান্তবাক্যাৎ নির্ব্বি কল্পকো ব্রহ্মানন্দস্য সাক্ষাৎকারঃ চতুর্থী ভূমিকা। পঞ্চতত্ত্ব অসংসক্তি=সবিকল্পক সমাধ্যভ্যাসেন বিরুদ্ধে মনসি যা নির্ব্বিকল্পকসমাধ্যবস্থা সাহসং সক্তিরিতি সুষুপ্তি রিতি চ উচ্যতে। ষষ্ঠ তত্ত্ব পদার্থভাবনী=অভ্যাসপরিপাকেণ যা চিরকালাবস্থায়িনী সা পদার্থভাবনী। সপ্তম তত্ত্ব তুর্য্যাবস্থা—যস্যান্তু সমাধ্যবস্থায়াঃ ন স্বতো নবা পরতো ব্যুত্থিতো ভবতি সর্ব্বথা ভেদদর্শনাভাবাৎ, কিন্তু সর্ব্বদা তন্ময় এব প্রযত্ন মন্তরেণৈব পরমেশ্বরপ্রেরিতপ্রাণবায়ুবশাৎ অন্যৈর্নির্ব্বাহ্যমাণদৈহিকব্যাপারঃ পরিপূর্ণ পরমানন্দঘটন এব সর্ব্বতস্তিষ্ঠতি সা সপ্তমী তুরীয়াঽবস্থা ॥ ১৮ ॥

18. The man who lives in spirit and who has identified himself with the spirit, has no necessity for action which includes worship and other religious deeds. The object of these works is the purification of the heart which the spiritual man already possesses. As he has no desire, he gains nothing by action and he does not seek for protection in any

তস্মাদসক্তঃ সততং, কার্য্যং কর্ম্ম সমাচর।
অসক্তো হ্যাচরন্ কর্ম্ম, পরমাপ্নোতি পূরুষঃ ॥ ১৯ ॥

তস্মাৎ (ত্বং) অসক্তঃ (সন্) সততং কার্য্যং কর্ম্ম সমাচর। হি পুরুষঃ অসক্তঃ (সন্) কর্ম্ম আচরন্ পরং আপ্নোতি ॥ ১৯ ॥

তজ্জন্য তুমি অনাসক্ত হইয়া সর্ব্বদা কর্ত্তব্য কর্ম্ম সম্পন্ন কর। যেহেতু পুরুষ কামনাশূন্য হইয়া কার্য্য করিলে মোক্ষলাভ করে ॥ ১৯ ॥

19. Therefore, devoid of desires, shouldst thou always discharge thy duties. For, whosoever worketh without desires obtaineth emancipation.

---

thing from the greatest manifestation of God's energy to the meanest straw. Such is the man of spiritual wisdom. He is more exalted than the Karma Yogee—"Though he lives on earth, he is beyond the range of its influence."

স্বামী। যস্মাৎ এবং ভূতস্য জ্ঞানিনঃ এব কর্ম্মানুপযোগঃ ন অন্যস্য তস্মাৎ ত্বং কর্ম্ম কুরু ইতি আহ—তস্মাৎ ইতি। অসক্তঃ—ফলসঙ্গ রহিতঃ, সন্ কার্য্যং—অবশ্যকর্ত্তব্যতয়া বিহিতং, নিত্যনৈমিত্তিকং কর্ম্ম সম্যক্ আচর। হি—যস্মাৎ, অসক্তঃ কর্ম্ম আচরন্ পুরুষঃ পরং—মোক্ষং, চিত্তশুদ্ধিদ্বারা প্রাপ্নোতি ॥ ১৯ ॥

অসক্তঃ=ফলাসক্তিশূন্যঃ; ফলে নিরাকাঙ্ক্ষ। সততং=সর্ব্বদা। কার্য্যং=অবশ্য-কর্ত্তব্যং। কর্ম্ম=নিত্যনৈমিত্তিকং। সমাচর=যথাশাস্ত্রং নির্ব্বর্ত্তয়। হি=যস্মাৎ। পূরুষঃ=সৎপুরুষঃ, মহাত্মা। আচরন্=কুর্ব্বন্। পরং=মোক্ষং।

ভগবান্ বলিতেছেন অর্জ্জুন! কামনাশূন্য না হইলে মোক্ষের নিদানভূত জ্ঞানযোগ লাভ করা যায়না। অতএব তুমি অনাসক্তভাবে বর্ণোচিত কর্ত্তব্য সম্পাদন কর। এইক্ষণ তুমি কর্ম্মসন্ন্যাস গ্রহণ করিতে পার না, তোমার পক্ষে ধর্ম্মযুদ্ধই শ্রেয়ঃ ॥১৯॥

19. Having said what constitutes a man of wisdom Srikrishna says to the following effect "O Arjuna! inaction cannot suit you. You are a born prince and a Kshatriya soldier. You must perform your duties without hopes of reward. For, so long as you are troubled with desires, you cannot hope to be freed from the bondage of Karma.

কর্ম্মণৈব হি সংসিদ্ধিং, আস্থিতা জনকাদয়ঃ।
লোকসংগ্রহমেবাপি, সংপশ্যন্ কর্ত্তুমর্হসি ॥ ২০ ॥

জনকাদয়ঃ কর্ম্মণা এব সংসিদ্ধিং আস্থিতাঃ। ত্বং অপি লোকসংগ্রহং এব সংপশ্যন্ (কর্ম্ম) কর্ত্তুং অর্হসি ॥ ২০ ॥

কারণ জনকাদি জ্ঞানিগণ কর্ম্মদ্বারাই মোক্ষলাভ করিয়াছেন। তোমারও লোকসকলের স্বধর্ম্মের প্রতি দৃষ্টি করিয়া কর্ম্মকরা কর্ত্তব্য ॥ ২০ ॥

20. Janaka and others obtained salvation by means of action only. Thou shouldst also act looking to universal good.

স্বামী। তত্র সদাচারং প্রমাণয়তি—কর্ম্মণা ইতি। কর্ম্মণা এব শুদ্ধসত্ত্বাঃ সন্তঃ সংসিদ্ধিং—সম্যক্ জ্ঞানং, প্রাপ্তাঃ ইত্যর্থঃ। যদ্যপি ত্বং সম্যক্ জ্ঞানিনং এব আত্মানং মন্যসে তথাপি কর্ম্মাচরণং ভদ্রং এব ইতি আহ—লোকসংগ্রহং ইত্যাদি। লোকস্য সংগ্রহঃ—স্বধর্ম্মে প্রবর্ত্তনং, ময়া কর্ম্মণি কৃতে জনঃ সর্ব্বঃ অপি করিষ্যতি অন্যথা জ্ঞানিদৃষ্টান্তেন অজ্ঞঃ নিজধর্ম্মং নিত্যং কর্ম্ম ত্যজন্ পতেৎ ইতি এবং লোক রক্ষণং অপি তাবৎ প্রয়োজনং পশ্যন্ কর্ম্ম কর্ত্তুং এব অর্হসি ন ত্যক্তুং ইত্যর্থঃ ॥ ২০ ॥

হি=যস্মাৎ। জনকাদয়ঃ=জনকাজাতশত্রুপ্রভৃতয়ঃ, প্রসিদ্ধাঃ বিদ্বাংসঃ ক্ষত্রিয়াঃ। কর্ম্মণা=সত্ত্বশুদ্ধিসাধনভূতেন কর্ম্মযোগেন। সংসিদ্ধিং=মোক্ষং। আস্থিতাঃ=প্রাপ্তাঃ। লোকসংগ্রহং=লোকানাং স্বে স্বে কর্ম্মণি প্রবর্ত্তনং উন্মার্গ-নিবর্ত্তনঞ্চ; মানবগণকে স্বীয় স্বীয় কর্ম্মে প্রবৃত্তিপ্রদান এবং গর্হিতবিষয়ে নিবৃত্তিকরা। সংপশ্যন্=সম্যক্ চিন্তয়ন্ অনেন কর্ম্মণা লোকানাং পরম উপকারো ভবেদিতি বিভাবয়ন্। অর্হসি=যোগ্যো ভবসি।

কর্ম্মযোগের প্রাধান্য অর্জ্জুনকে বিশেষরূপে বুঝাইবার জন্য ভগবান্ জীবন্মুক্ত কর্ম্ম-যোগীর দৃষ্টান্ত স্বরূপ জনকাদি মহাযোগিগণের নাম উল্লেখ করিতেছেন। জনক, ভগীরথ, অশ্বপতি, অজাতশত্রু প্রভৃতি রাজর্ষিগণ কেবল কর্ম্মানুষ্ঠান করিয়া মোক্ষলাভ করিয়াছিলেন। অর্জ্জুন তুমিও তাঁহাদিগের ন্যায় কর্ম্মানুষ্ঠান করিলে পরিণামে মুক্তিলাভ করিবে। ফলতঃ তোমার এরূপ ভাবে কর্ম্মানুষ্ঠান করা উচিত যে সাধারণ লোকসকল তোমার দৃষ্টান্ত অনুকরণ করিয়া অধর্ম্মহইতে নিবৃত্ত ও স্বধর্ম্মে-অনুরক্ত হয় ॥ ২০ ॥

20. This verse refers to the lives of Janaka and other Karma Yogees who obtained salvation by work alone. The commentators think that the lives of Ashwapati, Bhagiratha, Ajatashatru may be included in the phrase "and others." Janaka was the father of Shita Devi, the famous wife of Sri Rama. Mr. R. C. Dutt in his Ancient India has, I think, erroneously placed the age of Janaka after the Kuru-Pandava war. Janaka must have flourished long before 1400 B. C. which was the probable date of this war. Ashwapati was the father of Shavitri—

যদ্যদাচরতি শ্রেষ্ঠঃ, তত্তদেবেতরো জনঃ।
স যৎপ্রমাণং কুরুতে, লোকস্তদনুবর্ত্ততে॥ ২১॥

শ্রেষ্ঠঃ যৎযৎ আচরতি, ইতরঃ জনঃ তৎতৎ এব (আচরতি)। সঃ যৎ প্রমাণং কুরুতে, লোকঃ তৎ অনুবর্ত্ততে॥ ২১॥

শ্রেষ্ঠব্যক্তি যে প্রকার আচরণ করেন সাধারণ লোকেও সেইরূপ আচরণ করিয়া থাকে। তিনি যাহা সপ্রমাণ বলিয়া স্থির করেন সাধারণ লোক তাহারই অনুবর্ত্তী হয়॥ ২১॥

21. Whatever the superior doth,the common herd pursue; whatever he confirmeth, they respect as authority.

a woman of historic fame. Bhagiratha was the son of King ;Deelip. He is said to have brought down the river Ganges from the Himalayas.

স্বামী। কর্ম্মকরণে লোকসংগ্রহঃ যথা স্যাৎ তৎ আহ—যদ্যৎ ইতি। ইতরঃ—প্রাকৃতঃ, অপি জনঃ তৎতৎ এব আচরতি। সঃ—শ্রেষ্ঠঃ জনঃ, কর্ম্মশাস্ত্রং তন্নিবৃত্তিশাস্ত্রং বা যৎ প্রমাণং মন্যতে তৎ এব লোকঃ অপি অনুসরতি॥ ২১॥

শ্রেষ্ঠঃ=প্রশস্তঃ, জ্ঞানাদিনা লোকপূজ্যঃ; পূজনীয় ব্যক্তি। প্রমাণং কুরুতে=লৌকিকং বৈদিকং বা প্রমাণত্বেন মন্যতে। তৎ=তাদৃশং কর্ম্ম। অনুবর্ত্ততে=অনুবর্ত্তী ভবতি, তত্তৎ স্বীকরোতি।

ভগবান্ অর্জ্জুনকে জনকাদির ন্যায় কর্ম্মযোগী হইতে উপদেশ দিয়া বলিলেন অর্জ্জুন! সাধারণ লোক তোমার দৃষ্টান্তের অনুসরণ করিয়া স্বধর্ম্মে প্রবৃত্ত ও অন্য ধর্ম্মে নিবৃত্ত হয় তোমার এইরূপ ভাবে কর্ম্ম করা কর্ত্তব্য। কারণ, সমাজের প্রধান প্রধান ব্যক্তি (রাজা, আচার্য্য ও অধ্যাপক) যে প্রণালী অবলম্বন করিয়া কর্ম্মানুষ্ঠান করেন সাধারণ ব্যক্তিগণও তদনুসারেই কার্য্য করিয়া থাকে। তাঁহারা লোকতঃ ও ধর্ম্মতঃ যাহা প্রমাণীকৃত বলিয়া স্বীকার করেন, সাধারণ লোকেও তাহাই প্রমাণিত বলিয়া গ্রহণ করিয়া থাকে। অর্জ্জুন! তুমি সমাজের চূড়ামণি, কর্ম্মত্যাগ করিলে সমস্ত লোক তোমার দৃষ্টান্তের অনুসরণ করিবে ও সমাজ উচ্ছিন্ন যাইবেক॥ ২১॥

21. Arjuna is asked to imitate the noble examples of Janaka and others with a due regard to the good of the millions. He should so act as to be an example to others. For the multitude blindly follow in the footsteps of the kings, and other principal men of the country in which they live, and they accept as authority whatever these principal men consider to be proved. Hence, even for teaching the multitude, he should not forsake the duties of his calling and the religion of his race.

ন মে পার্থাস্তি কর্ত্তব্যং, ত্রিষু লোকেষু কিঞ্চন।
নানবাপ্তমবাপ্তব্যং, বর্ত্ত এব চ কর্ম্মণি ॥ ২২ ॥

ভোঃ পার্থ মে কর্ত্তব্যং ন অস্তি, (যতঃ) ত্রিষু লোকেষু (মে) অনবাপ্তং অবাপ্তব্যং চ কিঞ্চন ন (অস্তি), (তথাপি অহং) কর্ম্মণি বর্ত্তে এব ॥ ২২ ॥

হে পার্থ আমার করণীয় কোন কার্য্যই নাই। কারণ এই ত্রিভুবনে আমার অপ্রাপ্ত অথবা প্রাপ্য বস্তু কিছুই নাই। তথাপি আমি কর্ম্ম করিয়া থাকি ॥ ২২ ॥

22. O Partha! for my own sake, I am not required to do any thing. For, in these three worlds there is nothing which I have not gained or which I desire to gain, and yet I work.

স্বামী। অত্র চ অহং এব দৃষ্টান্তঃ ইতি আহ—ন মে ইতি ত্রিভিঃ। হেপার্থ মে কর্ত্তব্যং ন অস্তি, যতঃ ত্রিষু এব লোকেষু অনবাপ্তং— অপ্রাপ্তং, অবাপ্তব্যং—প্রাপ্যং, ন অস্তি তথাপি কর্ম্মণি বর্ত্তে এব—কর্ম্ম করোমি এব, ইত্যর্থঃ ॥ ২২ ॥

মে=মম, পরমেশ্বরস্য, দেবমনুষ্যাদিরূপেণ ছন্দতো বর্ত্তমানস্য। কিঞ্চন=কিঞ্চিদপি। অনবাপ্তং=(ন+অবাপ্ত) অপ্রাপ্তং। অবাপ্তব্যং=প্রাপ্তব্যং। বর্ত্তে=তিষ্ঠামি।

ভগবান্ কর্ম্মযোগের প্রাধান্য দেখাইবার জন্য এই শ্লোকের অবতারণা করিয়া বলিলেন আমি ত্রিলোকনাথ, সমগ্র বিশ্ব আমার বিস্তার; আমার অপ্রাপ্ত বা প্রাপ্তব্য কোন বস্তুই নাই। তথাপি লোক সংগ্রহার্থে আমি অনবরত কার্য্য করিতেছি। আমি ইহ জীবনে কংশবধহইতে তোমার সারথ্য পর্য্যন্তও করিলাম। পাপের বিনাশ ও সাধুগণের পরিত্রাণ এবং মানবের ধর্ম্মশিক্ষা আমার অনন্ত জীবনের অনন্ত কর্ম্ম। এই শ্লোকহইতে শ্লোকত্রয়দ্বারা ভগবান্ যে নিজে কর্ম্মযোগী তাহাই প্রদর্শিত হইল। ভগবান্ অর্জ্জুনকে পার্থ সম্বোধন করিয়া ইহাই ইঙ্গিত করিলেন যে তুমি আমার আত্মবন্ধু (পিতৃস্বস্রেয়) তুমিও আমার ন্যায় কর্ম্মযোগী হইতে পারিবে ॥ ২২ ॥

22. In this verse the examples of Karma Yogee are concluded by citing Srikrishna Himself as one of them. He says that He has nothing to get in these wide worlds, still He incessantly works for the good of the people. When Virtue languishes and Vice prevails, He, though He has nothing to gain or to hope for, re-incarnates Himself to succour the virtuous and dispel the darkness of Vice and Illusion. So must Arjuna work for the good of the people without seeking for any gain or reward.

যদি হ্যহং ন বর্ত্তেয়ং, জাতু কর্ম্মণ্যতন্দ্রিতঃ।
মম বর্ত্মানুবর্ত্তন্তে, মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ ॥ ২৩ ॥

ভোঃ পার্থ যদি অহং জাতু অতন্দ্রিতঃ (সন্) কর্ম্মণি ন বর্ত্তেয়ং হি মনুষ্যাঃ মম সর্ব্বশঃ বর্ত্ম অনুবর্ত্তন্তে ॥ ২৩ ॥

হে পার্থ যদি আমি আলস্য শূন্য হইয়া কর্ম্মানুষ্ঠান না করি তাহা হইলে মনুষ্যগণ সকল প্রকারে আমার পথ অনুসরণ করিবে ॥ ২৩ ॥

23. O Partha! if ever I were not vigilantly to act, all men would follow me from various ways.

স্বামী। অকরণে লোকস্য নাশং দর্শয়তি—যদি হি ইতি। জাতু—কদাচিৎ, অতন্দ্রিতঃ—অনলসঃ, সন্ যদি কর্ম্মণি ন বর্ত্তেয়ং—কর্ম্ম ন অনুতিষ্ঠেয়ং, তর্হি মম এব বর্ত্ম—মার্গং, মনুষ্যাঃ অনুবর্ত্তন্তে—অনুবর্ত্তেরন্ ইত্যর্থঃ। ২৩।

অহং=সর্ব্বেশ্বরঃ। জাতু=কদাচিৎ। অতন্দ্রিতঃ=অনলসঃ। ন বর্ত্তেয়ং=নানুতিষ্ঠেয়ং। সর্ব্বশঃ=সর্ব্বপ্রকারৈঃ। মম=শ্রেষ্ঠস্য। বর্ত্ম=পস্থানং।

ভগবান্ কহিলেন, আমি যখন লোকসংগ্রহার্থে যুগে যুগে এই বিশ্বের নানাস্থানে অবতীর্ণ হই, তৎকালে যদি আমি আলস্যপরবশ হইয়া কর্ম্মযোগানুষ্ঠান না করি তাহাহইলে সমস্ত লোকই আমার দৃষ্টান্তানুকরণপূর্ব্বক চিত্তশুদ্ধির উপায়ভূত কর্ম্ম পরিত্যাগ করিয়া মহাপাপে লিপ্ত হইবেক। ভগবান্ কর্ম্মযোগের আধ্যাত্মিক আবশ্যকতা প্রদর্শন করিয়া এই তিন শ্লোকদ্বারা ইহার পার্থিব প্রয়োজনীয়তা দেখাইলেন। পার্থিব প্রয়োজনীয়তা দ্বিবিধ। প্রথমতঃ লোকসংগ্রহ অর্থাৎ সাধারণের দৃষ্টান্ত স্বরূপ হইয়া সকলকেই স্বধর্ম্মে নিরত এবং অধর্ম্মহইতে বিরত করিতে হইবে, দ্বিতীয়তঃ, মহাজনেরা যে পথ অবলম্বন করিয়াছেন, তাহাই সকলের গন্তব্য। ভগবান্ এই সমস্ত উপদেশ দিয়া বলিলেন অর্জ্জুন! যদি তুমি লোকসংগ্রহার্থে কার্য্য না কর, তথাপি আমার দৃষ্টান্ত অনুকরণ কর। আমি ভগবান্, আমার কার্য্য করিবার প্রয়োজন নাই, তথাপি উক্ত দ্বিবিধ উদ্দেশ্য সাধন জন্য আমি যুগে যুগে জন্ম পরিগ্রহ করিয়া থাকি। ২৩।

23. These Karma Yogees are Avatars. If these men do not rise from time to time to instruct mankind, Virtue would disappear and Vice would overtake them. If Srikrishna, the Prince of Karma Yogees, were to sleep over His moral duties, all men in the various paths of life would imitate His examples and ruin would overtake the whole nation.

উৎসীদেয়ুরিমে লোকাঃ, ন কুর্য্যাং কর্ম্ম চেদহম্।
শঙ্করস্য চ কর্ত্তা স্যাং, উপহন্যামিমাঃ প্রজাঃ ॥ ২৪ ॥

অহং চেৎ কর্ম্ম ন কুর্য্যাৎ (তদা) ইমে লোকাঃ উৎসীদেয়ুঃ। (অহং) সঙ্করস্য কর্ত্তা চ স্যাৎ, ইমাঃ প্রজাঃ উপহন্যাৎ ॥ ২৪ ॥

আমি যদি কর্ম্ম না করি তাহা হইলে এই সকল লোক উৎসন্ন যাইবে, এবং আমি বর্ণশঙ্করের কর্ত্তা হইয়া এই মানবগণকে মলিন করিব ॥ ২৪ ॥

24. If I were to abandon action, ruin would overtake the nation. I would then be the cause of degenerating the human species and bring destruction over them.

স্বামী। ততঃ কিং অতঃ আহ—উৎসীদেয়ুঃ ইতি। উৎসীদেয়ুঃ—ধর্ম্মলোপেন নশ্যেয়ুঃ, ততঃ চ যঃ বর্ণসঙ্করঃ ভবেৎ তস্য অপি অহং এব কর্ত্তা স্যাং—ভবেয়ং, এবং অহং এব প্রজাঃ উপহন্যাং—মলিনীকুর্য্যাং ইতি ॥ ২৪ ॥

অহং = ঈশ্বরঃ। চেৎ = যদি। উৎসীদেয়ুঃ = বিনশ্যেয়ুঃ। স্যাং = ভবেয়ং। উপহন্যাং = ধর্ম্মলোপেন মলিনীকুর্য্যাং। ইমে = সর্ব্বে।

স্বয়ং ভগবান্ যৎকালে অবতাররূপে অবতীর্ণ হন সেই সময় তিনি কর্ম্মানুষ্ঠান পরিত্যাগ করিলে অর্থাৎ ক্রিয়াহীন হইলে জগতের কিরূপ অবস্থা হইবেক তাহা এই শ্লোকে বিবৃত হইতেছে। ভগবানের দৃষ্টান্ত অনুসরণ করিয়া সমস্ত লোক ধর্ম্মকর্ম্মবিহীন হইবেক। ধর্ম্ম বিনষ্ট হইলে স্ত্রীদিগের সতীত্ব নষ্ট ও বর্ণসঙ্কর জাতির উৎপত্তি হইবেক। বর্ণসঙ্করেরা আসুর ভাবাপন্ন হইয়া থাকে। এইরূপ হইলে ভগবান্ সমস্ত প্রজার ধর্ম্ম নষ্টের কারণ হইলেন। তিনি বলিলেন অর্জ্জুন! ত্রিলোকমধ্যে আমার কোন বস্তুর প্রয়োজন নাই, তথাপি আমি লোকসংগ্রহার্থ যুগে যুগে জন্মগ্রহণ করিয়া অনবরত কার্য্য করিতেছি। তুমিও মৎপ্রদর্শিত পথ অবলম্বন করিয়া কর্ম্মযোগী হও ॥ ২৪ ॥

24. If the Avatar abandons action, the people would imitate His example. The women would be unchaste and they would give birth to a progeny of immoral men. The chastity of woman is a principal factor in the moral eduction of a nation. When the women are unchaste, the nation becomes immoral and irreligious. Ruin overtakes a nation from whom religion and morality have disappeared.

সক্তাঃ কর্ম্মণ্যবিদ্বাংসঃ, যথা কুর্ব্বন্তি ভারত।
কুর্য্যাদ্বিদ্বাংস্তথাঽসক্তঃ, চিকীর্ষুর্লোকসংগ্রহম্ ॥ ২৫ ॥

ভো ভারত! অবিদ্বাংসঃ (জনাঃ) কর্ম্মণি সক্তাঃ (সন্তঃ কর্ম্মাণি) যথা কুর্ব্বন্তি লোকসংগ্রহং চিকীর্ষুঃ বিদ্বান্ অসক্তঃ (সন্ কর্ম্মাণি) তথা কুর্য্যাৎ ॥ ২৫ ॥

হে ভারত! অজ্ঞানী মানবগণ কর্ম্মে আসক্ত হইয়া যেরূপ কর্ম্মানুষ্ঠান করে, লোকসংগ্রহাভিলাষী জ্ঞানিগণও অনাসক্তভাবে তদ্রূপ কার্য্য করিবেন ॥ ২৫ ॥

25. O Descendant of Bharata! as unwise men work for reward, so should the wise men desirous of doing good to the world act without any expectation of reward.

স্বামী। তস্মাৎ আত্মবিদা অপি লোকসংগ্রহার্থং তৎকৃপয়া কর্ম্ম কার্য্যং এব ইতি উপসংহরতি—সক্তাঃ ইতি। কর্ম্মণি সক্তাঃ—অভিনিবিষ্টাঃ, সন্তঃ যথা অজ্ঞাঃ কর্ম্মাণি কুর্ব্বন্তি, অসক্তঃ সন্ বিদ্বান্ অপি তথা এব কুর্য্যাৎ লোকসংগ্রহং কর্ত্তুং ইচ্ছুঃ ॥ ২৫ ॥

অবিদ্বাংসঃ=(বিদ্+শতৃ=বিদ্বস্) জ্ঞানযোগেনাধিকৃতাঃ। সক্তাঃ=কর্ত্তৃত্বাভিমানেন কর্ম্মাভিসন্ধিনা চ অভিনিবিষ্টাঃ। বিদ্বান্=আত্মবিৎ। অসক্তঃ=কর্ত্তৃত্বাভিমানং ফলাভিসন্ধিঞ্চ অকুর্ব্বন্। ভারত=ভরতবংশোদ্ভবত্বেন, ভা-জ্ঞানং, তস্মাং রতত্বেন বা ভারতঃ।

ভগবান্ অর্জ্জুনকে ভারত এই সম্বোধন করিয়া ইহাই ইঙ্গিত করিলেন যে, তুমি ভরতবংশোদ্ভব; অথবা ভাশব্দের অর্থ জ্ঞান, তুমি জ্ঞানে সর্ব্বদাই রত। অতএব তুমিই কর্ম্মযোগী হইবার উপযুক্ত ব্যক্তি। লোকসংগ্রহার্থ কিরূপে কার্য্য করিতে হইবে তাহা ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। লোকে ফল কামনা সিদ্ধির জন্য অনন্যমনে কার্য্য করিয়া থাকে এবং যে পর্য্যন্ত ইষ্টলাভ না হয় তাবৎকাল তাহাহইতে বিমুখ হয় না। সেই রূপ আত্মজ্ঞানী মহাপুরুষ ফলকামনা বর্জ্জিত হইয়া নিরাসক্তচিত্তে সাধারণকে স্বধর্ম্মে প্রবৃত্ত ও অধর্ম্মইহতে নিবৃত্ত করিবার চেষ্টা করিবেন। ধার্ম্মিক মহাত্মা নিজ নিঃস্বার্থ ধর্ম্ম-জীবনের দৃষ্টান্ত ধর্ম্মোপদেশ ও ধর্ম্মপ্রচারদ্বারা সাধারণকে স্বধর্ম্মে আকৃষ্ট রাখেন ॥ ২৫ ॥

25. Srikrishna says to the following effect. "O Arjuna, you are descended from the great family of Bharata, and as such, your duty is to do good to your people without any hopes of reward. You should imitate the Avatar who,although He has nothing to gain in this world,still works for the good of others. The resolution and the self-will displayed by men who work for a motive, should be persevered in by those wise men who work for the good of others without any self-interest."

ন বুদ্ধিভেদং জনয়েৎ, অজ্ঞানাং কর্ম্মসঙ্গিনাম্।
যোজয়েৎ সর্ব্বকর্ম্মাণি, বিদ্বান্ যুক্তঃ সমাচরন্॥ ২৬

বিদ্বান্ কর্ম্মসঙ্গিনাং অজ্ঞানাং বুদ্ধিভেদং ন জনয়েৎ। (সঃ) যুক্তঃ সমাচরন্ (অজ্ঞানাং) সর্ব্বকর্ম্মাণি যোজয়েৎ॥ ২৬॥

বিদ্বান্ ব্যক্তি কর্ম্মাসক্ত অজ্ঞানী লোকদিগের বুদ্ধি বিচলিত করিবেন না। তিনি অনাসক্তভাবে কর্ম্মানুষ্ঠান করিয়া অজ্ঞানী ব্যক্তিবর্গকে সকল কর্ম্মে নিযুক্ত করিবেন॥ ২৬॥

26. The wise man should never shake the understanding of the ignorant men who work for fruits. Devoid of desires, he should himself act, employing the ignorant men in virtuous deeds.

স্বামী। নমু কৃপয়া তত্ত্বজ্ঞানং এব উপদেষ্টুং যুক্তং, ন ইতি আহ—ন বুদ্ধিভেদং ইতি। অজ্ঞানাং অতএব কর্ম্মসঙ্গিনাং,—কর্ম্মাসক্তানাং, অকর্ত্রাত্মোপদেশেন বুদ্ধেঃ ভেদং—অন্যথাত্বং, ন জনয়েৎ—কর্ম্মণঃ সকাশাৎ বুদ্ধিবিচালনং ন কুর্য্যাৎ; অপি তু যোজয়েৎ—সেবয়েৎ, অজ্ঞান্ কর্ম্মাণি কারয়েৎ ইত্যর্থঃ। কথং, যুক্তঃ—অবহিতঃ, ভূত্বা—স্বয়ং আচরন্ সন্। বুদ্ধিবিচালনে কৃতে সতি কর্ম্মসু শ্রদ্ধানিবৃত্তেঃ জ্ঞানস্য চ অনুৎপত্তেঃ তেষাং উভয়ভ্রংশঃ স্যাৎ ইতি ভাবঃ॥ ২৬॥

কর্ম্মসঙ্গিনাং = কর্ম্মণি অভিনিবিষ্টানাং। অজ্ঞানাং = অবিবেকিনাং। ভেদং = বিচালনং। ন জনয়েৎ = ন উৎপাদয়েৎ। যুক্তঃ = অবহিতঃ। সমাচরন্ = কুর্ব্বন্।

ভগবান্ কিরূপে শনৈঃ শনৈঃ কর্ম্মযোগের গভীরতত্ত্ব সকল প্রকাশ করিতেছেন তাহা পাঠক চিন্তা করিয়া দেখিবেন। কর্ম্মযোগ কাহাকে বলে, তাহা ব্যাখ্যা করিয়া সপ্তম শ্লোকে "যস্তিন্দ্রিয়াণি মনসা নিযম্য" ইত্যাদি বলিয়া কর্ম্মযোগী কিরূপে মনঃশক্তিদ্বারা নিজ ইন্দ্রিয়গণকে সংযত করিয়া অনাসক্তভাবে কর্ম্মেন্দ্রিয়গণকে কর্ম্মযোগে নিযুক্ত করেন, তাহার ব্যাখ্যা করিলেন। ভগবান্ মনোমত কর্ম্মযোগীর সৃষ্টি করিয়া তাঁহাদ্বারা কিপ্রকারে সমগ্র বিশ্বের লোকসংগ্রহার্থ কর্ম্মানুষ্ঠান করাইবেন তাহার ব্যাখ্যা করিতেছেন। ভগবান্ শ্রীকৃষ্ণ জগতে সর্ব্বপ্রথম এই কর্ম্মযোগের ব্যাখ্যা করিয়াছিলেন। তাঁহার পদানুসরণ করিয়া অন্যান্য মহর্ষিগণ, বুদ্ধদেব, খ্রীষ্ট, ও মহম্মদ, লোকসংগ্রহার্থে কর্ম্মযোগের উপদেশ দিয়াছিলেন। কিন্তু সাধারণ লোক দুই শ্রেণীতে বিভক্ত, বিদ্বান্ ও অবিদ্বান্। বিদ্বান্ লোক অনায়াসে এই যোগানুষ্ঠান করিতে পারেন। কিন্তু অবিদ্বান্ ব্যক্তিকে কিপ্রকারে যোগশিক্ষা দিতে হইবে তাহা প্রদর্শন করিবার জন্য এই শ্লোকের অবতারণা করিলেন। এই অনন্ত বিশ্ব পরমাত্মার বিস্তার। আত্মা নিষ্ক্রিয় ও অমর, তদতিরিক্ত সমস্তই অসৎ পদার্থ ইত্যাদি গূঢ়তত্ত্ব সকল কর্ম্মাসক্ত ভোগবিলাসী

প্রকৃতেঃ ক্রিয়মাণানি, গুণৈঃ কর্ম্মাণি সর্ব্বশঃ
অহঙ্কারবিমূঢ়াত্মা, কর্ত্তাহমিতি মন্যতে ॥ ২৭ ।

অহঙ্কারবিমূঢ়াত্মা (জনঃ) প্রকৃতেঃ গুণৈঃ ক্রিয়মাণানি সর্ব্বশঃ কর্ম্মাণি কর্ত্তা অহং ইতি মন্যতে ॥ ২৭ ॥

অহংজ্ঞানপূর্ণ অবিবেকী ব্যক্তি ত্রিগুণাত্মক প্রকৃতির গুণদ্বারা ক্রিয়মাণ সকল কর্ম্মের কর্ত্তা 'আমি" এইরূপ জ্ঞান করে ॥ ২৭ ॥

27. The unwise man deluded by "the sin of self" thinks that he himself is the doer of all the acts which are, in fact, performed by the principles of his nature.

ব্যক্তিদিগকে ব্যাখ্যা করিয়া তাহাদিগের বুদ্ধি বিচলিত করা আত্মজ্ঞানীর কর্ত্তব্য নহে। ক্রমে ক্রমে চিত্তশুদ্ধি করিবার জন্য অজ্ঞানী ব্যক্তিগণকে উপাসনা ও নিরাসক্তভাবে পরোপকারপ্রভৃতি ধর্ম্মকর্ম্মে নিযুক্ত করা বিধেয়। নচেৎ কর্ম্ম ও জ্ঞান এই উভয়মার্গভ্রষ্ট হইয়া তাহারা কর্ম্মবন্ধনে আবদ্ধ হয়।

শ্রুতি বলিয়াছেন—

"অজ্ঞস্যার্দ্ধপ্রবুদ্ধস্য, সর্ব্বং ব্রহ্মেতি যো বদেৎ।
মহানিরয়জালেষু, স তেন বিনিয়োজিতঃ" ॥

"যিনি জ্ঞানহীন কি অর্দ্ধজ্ঞানীকে "সমস্ত ব্রহ্মময়" এরূপ বলেন তিনি উক্ত জ্ঞানহীনকে মহানরকে নিপতিত করেন" ॥ ২৬ ॥

26. This verse explains the procedure which a wise man should adopt, in giving religious instructions to ignorant and unwise men. He should never distract their understanding by preaching doctrines like the following:—

"The soul is inactive; the Universe is but the expansion of the Great Spirit; save the soul all are unreal." &c. &c.

Better far to employ these men in virtuous work, so that they may in time obtain the true knowledge which is the only way to salvation.

স্বামী। ননু বিদুষা অপি চেৎ কর্ম্ম কর্ত্তব্যং তর্হি বিদ্বদবিদুষোঃ কঃ বিশেষঃ ইতি আশঙ্ক্য উভয়োঃ বিশেষং দর্শয়তি—প্রকৃতেঃ ইতি দ্বাভ্যাং। প্রকৃতেঃ গুণৈঃ—প্রকৃতি-কার্য্যৈঃ ইন্দ্রিয়ৈঃ, সর্ব্বপ্রকারেণ ক্রিয়মাণানি কর্ম্মাণি তানি অহং এব কর্ত্তা—করোমি ইতি মন্যতে। তত্র হেতুঃ অহং ইতি। অহঙ্কারেণ ইন্দ্রিয়াদিষু আত্মাধ্যাসেন, বিমূঢ়বুদ্ধিঃ সন্ ॥ ২৭ ॥

প্রকৃতেঃ=প্রকৃতিঃ প্রধানং সত্ত্বরজস্তমসাং গুণানাং সাম্যাবস্থা, তস্যাঃ। গুণৈঃ= বিকারৈঃ কার্য্যকারণরূপৈঃ। ক্রিয়মাণানি কর্ম্মাণি=লৌকিকানি বৈদিকানি চ কর্ম্মাণি;

তত্ত্ববিত্তু মহাবাহো, গুণকর্ম্মবিভাগয়োঃ।
গুণাঃ গুণেষু বর্ত্তন্তে, ইতি মত্বা ন সজ্জতে ॥ ২৮ ॥

ভো মহাবাহো! তু গুণকর্ম্মবিভাগয়োঃ তত্ত্ববিৎ গুণাঃ গুণেষু বর্ত্তন্তে ইতি মত্বা ন সজ্জতে ॥ ২৮ ॥

হে মহাবাহো! কিন্তু গুণকর্ম্ম বিভাগের যথার্থ তত্ত্বজ্ঞ ব্যক্তি ইন্দ্রিয়গণ স্ব স্ব বিষয়ে বিচরণ করিতেছে ইহা মনে করিয়া কোন বিষয়ে আসক্ত হন না ॥ ২৮ ॥

28. But, O mighty Prince ! that man who truly knoweth the nature of the senses and their actions, formeth no attachment to earthly things, knowing full well that senses play on their respective object.

অনুষ্ঠিত লৌকিক ও বৈদিকাদি কার্য্য সকল। সর্ব্বশঃ = সর্ব্বাণি। অহংকারবিমূঢ়াত্মা = অহংকারেণ কার্য্যকারণসঙ্ঘাতাত্মকপ্রত্যয়েন বিমূঢ়ঃ স্বরূপবিবেকাসমর্থঃ আত্মা অন্তঃকরণং যস্য। কার্য্যকারণ সংঘাতোৎপন্ন মিথ্যাজ্ঞানরূপ অহঙ্কারদ্বারা বিমোহিত।

সপ্তদশ শ্লোকে "যস্ত্বাত্মরতিরেব স্যাৎ" ইত্যাদি দ্বারা ভগবান্ ইহাই নির্দ্দেশ করিয়াছেন যে, আত্মজ্ঞানীর কর্ম্ম করিবার প্রয়োজন নাই। তৎপর ষড়্বিংশ শ্লোকে "বিদ্বান্ যুক্তঃ সমাচরন্" ইত্যাদি বলিয়া আত্মজ্ঞানীর কর্ম্মযোগানুষ্ঠানের আবশ্যকতা প্রদর্শন করিলেন। যদি আত্মজ্ঞানীর কর্ম্মানুষ্ঠান করিতে হইল তবে বিদ্বান্ ও অবিদ্বানের কর্ম্মানুষ্ঠানের পার্থক্য কি তাহা ভগবান্ এই স্থানে নির্দ্দেশ করিতেছেন। বিদ্বান্ ব্যক্তি অর্থাৎ আত্মবিদ্মহাপুরুষ মনে করেন যে ত্রিগুণময়ী প্রকৃতি তদীয় বিকার স্বরূপ দেহ, মনঃ, জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়দ্বারা কার্য্য করিতেছেন, কিন্তু তাঁহার আত্মা নিষ্ক্রিয়। পক্ষান্তরে, অহংমমেতি জ্ঞানপূর্ণ বিমূঢ়মতি মানবগণ "আমি সকল কার্য্যের কর্ত্তা।" এই রূপ মনে করিয়া মহাভ্রমে পতিত হন। এই অহঙ্কার নিবারণের একমাত্র উপায় কর্ম্ম যোগ। অতএব আত্মবিদ্গণ অবিদ্বান্ ব্যক্তিগণকে সর্ব্বদা কর্ম্মযোগে নিযুক্ত রাখিবেন ॥ ২৭ ॥

27. This verse says, in effect, that until man succeeds in conquering the triune principle of his nature, he cannot have a free will. Until then, he is always led away by the three principles of his nature formed by action in previous births. Therefore it is a mistake to suppose that man is a free agent before he is practically beyond the influence of the three principles of his nature. He who is a slave to his desires and passions cannot be called a free man.

স্বামী। বিদ্বান্ তু তথা ন মন্যতে ইতি আহ—তত্ত্ববিৎ ইতি। ন অহং গুণাত্মকঃ ইতি গুণেভ্যঃ আত্মনঃ বিভাগঃ, ন মে কর্ম্মাণি ইতি কর্ম্মভ্যঃ অপি আত্মনঃ বিভাগঃ; তয়োঃ গুণকর্ম্মবিভাগয়োঃ যঃ তত্ত্বং বেত্তি সঃ তু ন সজ্জতে—কর্ত্তৃত্বাভিনিবেশং ন করোতি। তত্র হেতুঃ গুণাঃ ইতি। গুণাঃ—ইন্দ্রিয়াণি, গুণেষু—বিষয়েষু, বর্ত্তন্তে ন অহং ইতি মত্বা ॥ ২৮ ॥

তু শব্দেন অজ্ঞাৎ বিশিষ্টো নির্দ্দিষ্টঃ; তু শব্দদ্বারা অজ্ঞ হইতে তত্ত্বজ্ঞ ব্যক্তির প্রাধান্য দেখাইয়াছেন। গুণকর্ম্মবিভাগয়োঃ=গুণবিভাগস্য কর্ম্মবিভাগস্য চ। গুণাঃ=দেহেন্দ্রিয়ান্তঃকরণানি অহঙ্কারাস্পদানি; "আমি" এতাদৃশ অভিমানের আশ্রয় স্বরূপ দেহ ইন্দ্রিয়গণ ও অন্তঃকরণ। কর্ম্ম=তেষাং ব্যাপারভূতানি মমকাররূপাণি। "আমার" এতাদৃশ অভিমানের আস্পদ স্বরূপ দেহ ও ইন্দ্রিয়াদির ব্যাপার। গুণকর্ম্ম ইন্দ্রিয় ও তৎকার্য্য। গুণাঃ=কামাত্মকাঃ,ইন্দ্রিয়াণি। গুণেষু=বিষয়াত্মকেষু। বিভাগঃ=বিভজ্যতে সর্ব্বেষাং জড়ানাং বিকারিণাং ভাসকত্বেন পৃথক্ ভবতীতি বিভাগঃ অপ্রকাশজ্ঞানরূপোঽসঙ্গ আত্মা; যাহা সমস্ত জগতে প্রকাশিত হইয়া ও তাহাহইতে পৃথক্, তাহার নাম বিভাগ অর্থাৎ নির্ব্বিকার আত্মা। ন সজ্জতে=সক্তিং কর্ত্তৃত্বাভিনিবেশং ন করোতি। আসক্তচিত্তে কর্ত্তৃত্বাভিমান করেন না। মত্বা=জ্ঞাত্বা; জানিয়া। মহাবাহো=মহাশক্তিমন্ পুরুষ; অথবা আজানুলম্বিতবাহুদ্বয়বিশিষ্ট (সামুদ্রিকোক্ত শুভলক্ষণযুক্ত)।

অহংজ্ঞানী অবিবেকী ব্যক্তির বিষয় ব্যাখ্যা করিয়া ভগবান্ গুণকর্ম্মবিভাগের যথার্থতত্ত্বজ্ঞ পুরুষের বিষয় বর্ণনা করিতেছেন। যিনি প্রকৃতির বিকার স্বরূপ দেহ, মনঃ এবং ইন্দ্রিয়াদি ও তাহাদিগের কার্য্যাদির বিষয় অবগত হইয়াছেন, এবং সর্ব্বত্র স্বপ্রকাশিত অথচ সমস্ত জড়জগৎহইতে সম্পূর্ণ পৃথক্‌রূপে বিরাজিত নির্ব্বিকার কূটস্থ আত্মার তত্ত্ব সকল উত্তমরূপে বুঝিতে পারিয়াছেন, তিনিই গুণকর্ম্ম বিভাগের তত্ত্বজ্ঞব্যক্তি। গুণ শব্দে প্রকৃতির বিকার দেহ মনঃ ও ইন্দ্রিয়াদি। রূপ রসাদিতে তাহাদিগের কার্য্যের নাম কর্ম্ম। অহংমমেতিজ্ঞানপরিশূন্য বিদ্বান্ ব্যক্তি তাঁহার ইন্দ্রিয়গণ স্বস্ব বিষয়ে প্রধাবিত হইতেছে অথচ তাঁহার আত্মা নিষ্ক্রিয় ও নির্লিপ্তভাবে অবস্থান করিতেছে ইহা অবগত থাকিয়া নিষ্কামভাবে লোকসংগ্রহার্থে অনবরত কার্য্য করিয়া থাকেন। আত্মা সাক্ষিস্বরূপ অবস্থান করিতেছেন এইরূপে মনে করিয়া বিদ্বান্‌ব্যক্তি ইন্দ্রিয়ের উপভোগ্য কোন বস্তুতে আসক্ত হন না ॥ ২৮ ॥

28. But that wise man who can distinguish between the nature of the organs of sensation and their actions on the one hand, and that of the soul on the other, forms no earthly attachment, knowing full well that while the organs play on their respective object, the soul is free. Such a man possesses free will. While he employs his organs of work for the good of others, his mind remains concentrated to the contemplation of God's Spirit.

প্রকৃতে গুর্ণসংমূঢ়াঃ, সজ্জন্তে গুণকর্ম্মসু।
তান কৃৎস্নবিদো মন্দান্, কৃৎস্নবিন্ন বিচালয়েৎ ॥ ২৯ ॥

(যে) প্রকৃতেঃ গুণসংমূঢ়াঃ (সন্তঃ) গুণকর্ম্মসু সজ্জন্তে; তান্ অকৃৎস্নবিদঃ মন্দান্ কৃৎস্নবিৎ (জনঃ) ন বিচালয়েৎ ॥ ২৯ ॥

যাহারা ত্রিগুণাত্মক প্রকৃতির সত্ত্বাদিগুণদ্বারা বিমোহিত হইয়া ইন্দ্রিয়ভোগ্য বিষয়ে নিতান্ত আসক্ত, সর্ব্বজ্ঞ ব্যক্তি এইরূপ অল্পদর্শী অজ্ঞ লোকদিগকে বিচলিত করেন না ॥ ২৯ ॥

29. The wise man who seeth all should never shake the convictions of those unwise men who, deluded by the principles of their nature, are attached to sensual things.

স্বামী। "ন বুদ্ধিভেদং জনয়েৎ" ইতি উপসংহরতি—প্রকৃতেঃ ইত্যাদি। যে প্রকৃতেঃ গুণৈঃ—সত্ত্বাদিভিঃ, সংমূঢ়াঃ সন্তঃ গুণেষু—ইন্দ্রিয়েষু তৎকর্ম্মসুচ, সজ্জন্তে, তান্ অকৃৎস্নবিদঃ—মন্দমতীন্, কৃৎস্নবিৎ—সর্ব্বজ্ঞঃ, ন বিচালয়েৎ ॥ ২৯ ॥

প্রকৃতেঃ=মায়ায়াঃ; মায়ার। গুণৈঃ=কার্য্যতয়া ধর্ম্মৈঃ দেহাদিভিঃ বিকারৈঃ। সংমূঢ়াঃ=সংমোহিতাঃ। সজ্জন্তে=সক্তিং দৃঢ়তরাং আত্মীয়বুদ্ধিং কুর্ব্বন্তি। কৃৎস্নবিৎ=পরিপূর্ণাত্মবিৎ। তান্= কর্ম্মসঙ্গিনঃ। অকৃৎস্নবিদঃ=কর্ম্মফলমাত্রদর্শিনঃ, অনাত্মদৃশঃ। মন্দান্=অসঞ্জাতপ্রজ্ঞান্। নবিচালয়েৎ=বুদ্ধিভেদকরণমেব চালনং তৎ ন কুর্য্যাৎ।

প্রকৃতির গুণসমূহে যে সকল অজ্ঞ ব্যক্তিগণ বিমুগ্ধ হইয়াছে ও যাঁহারা গুণ-কর্ম্ম-বিভাগের তত্ত্ব সকল অবগত হইয়াছেন; এতাদৃশ ব্যক্তিদিগের বিষয় বর্ণনা করিয়া ভগবান্ এই শ্লোকে ইহাই নির্দ্দেশ করিলেন যে এইরূপ সর্ব্বজ্ঞ অর্থাৎ আত্মতত্ত্ববিৎ, অনাত্মদর্শী লোকের মনহইতে কর্ম্মযোগের শ্রদ্ধা কদাপি বিচলিত করিবেন না। যাহা জানিতে পারিলে সকল বিষয় জানাযায় তাহাকে কৃৎস্ন পদার্থ বা আত্মা বলে।

"আত্মনো বা অরে দর্শনেন শ্রবণেন মত্যা
বিজ্ঞানেনেদং সর্ব্বং বিদিতম্॥ শ্রুতিঃ।

"হে মৈত্রেয়! আত্মার দর্শন, শ্রবণ, মনন ও বিজ্ঞানদ্বারা সমস্ত বিশ্ব অবগত হওয়া যায়"। যাহার জ্ঞান হইলে অন্য বস্তুর জ্ঞান হয় না তাহাকে অকৃৎস্ন পদার্থ বলে। ঘটজ্ঞান হইলে পটজ্ঞান হয় না আবার পটজ্ঞানের অভাব হইলে ঘটজ্ঞানের বাধা হয় না। যে ব্যক্তির আত্মজ্ঞানের স্ফুরণ হয় নাই আত্মজ্ঞানী তাহাকে কর্ম্মযোগহইতে বিচ্যুত করিবেন না। আত্মবিদ্গণ কিরূপে তাঁহাদিগের শিষ্যগণকে জ্ঞানযোগের ও কর্ম্মসন্ন্যাসযোগের উপদেশ দিবেন তাহাই এস্থানে বর্ণিত হইতেছে। যে শিষ্যের মনঃ কর্ম্মযোগানুষ্ঠানদ্বারা পরিশুদ্ধ হয় নাই তাহাকে জ্ঞানযোগে দীক্ষিত করিবেন না ॥ ২৯ ॥

29. We have rendered "বিচালয়েৎ" by "to shake the convictions". Arnold

ময়ি সর্ব্বাণি কর্ম্মাণি, সংন্যস্যাধ্যাত্মচেতসা।
নিরাশীর্নির্ম্মমো ভূত্বা, যুধ্যস্ব বিগতজ্বরঃ॥ ৩০

(ত্বং) সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সংন্যস্য, অধ্যাত্মচেতসা নিরাশীঃ নির্ম্মমঃ ভূত্বা, বিগতজ্বরঃ (সন্) যুধ্যস্ব॥ ৩০॥

তুমি সমস্ত কর্ম্মফল আমাতে সমর্পণ করিয়া, পরমেশ্বরে তোমার মনঃ নির্ভর করিয়া কামনা, মমতা ও সন্তাপশূন্যহৃদয়ে যুদ্ধ কর॥ ৩০॥

30. Leaving all the fruits of thy action to me and with a heart depending on God, freed from all hopes, attachments, and anguish, resolve to fight.

renders it by " to stumble." The meaning is, however, clear. The wise man should never shake the belief that it is by doing good work that a man's mind is purified of all sins. The wise man should never divert ignorant men from the performance of good deeds.

স্বামী। তৎ এবং তত্ত্ববিদা অপি কর্ম্ম কর্ত্তব্যং, ত্বং তু ন অদ্য অপি তত্ত্ববিৎ, অতঃ কর্ম্ম এব কুরু ইতি আহ—ময়ি ইতি। সর্ব্বাণি কর্ম্মাণি ময়ি সন্ন্যস্য—সমর্প্য, অধ্যাত্মচেতসা—"অন্তর্যামী অহং কর্ম্ম করোমি" ইতি দৃষ্ট্যা, নিরাশীঃ—নিষ্কামঃ, অতএব "মৎফলসাধনং মদর্থং ইদং কর্ম্ম" ইতি এবং মমতাশূন্যঃ চ ভূত্বা বিগতজ্বরঃ—ত্যক্তশোকঃ, চ ভূত্বা যুধ্যস্ব। ৩০।

ময়ি=বাসুদেবে, পরমেশ্বরে। সংন্যস্য=নিক্ষিপ্য। অধ্যাত্মচেতসা=বিবেকবুদ্ধ্যা, নিরাশীঃ=ত্যক্তাশীঃ। নির্ম্মমঃ=মমভাবশ্চ নির্গতো যস্য সঃ; "আমার" এইরূপ জ্ঞান যাহার নাই তিনিই নির্ম্মম। বিগতজ্বরঃ=বিগতসন্তাপঃ, অপগতশোকঃ সন্।

ভগবান্ অর্জ্জুনকে গুণকর্ম্মবিভাগের তত্ত্বজ্ঞ পুরুষ স্থির করিয়া বলিলেন অর্জ্জুন! আমি পরমাত্মরূপী বাসুদেব, আমাকে তুমি সমস্ত কর্ম্মফল সমর্পণ করিয়া অন্তর্যামী পরমেশ্বরের ভৃত্যবৎ সকল কার্য্য করিতেছ ইহা মনে ধারণা করিয়া রাজ্য, ধন ও মনের আশা পরিত্যাগ করিয়া স্ত্রী, পুত্র, মাতা ও ভ্রাতাদির জন্য মমতাশূন্য হইয়া, পিতামহ আচার্য্য ও অন্যান্য জ্ঞাতি বন্ধুগণকে বধ করিতে হইবে এইরূপ শোক সন্তাপাদি বিসর্জ্জন দিয়া এই ধর্ম্মযুদ্ধ কর। ভগবান্ অষ্টাদশ অধ্যায়ে একষষ্টিতম শ্লোকে বলিয়াছেন।

"ঈশ্বরঃ সর্ব্বভূতানাং, হৃদ্দেশে ঽর্জ্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি, যন্ত্রারূঢ়ানি মায়য়া"॥

এইরূপ ঈশ্বর যিনি সকল জীবের হৃদয়ে সর্ব্বদা বিরাজ করিতেছেন তাঁহাকে সকল কর্ম্মফল সমর্পণ করিয়া মানব তাহার কর্ত্তব্য কর্ম্ম করিবে॥ ৩০॥

30. The instructions of the foregoing verses are epitomised in this.

যে মে মতমিদং নিত্যং, অনুতিষ্ঠন্তি মানবাঃ।
শ্রদ্ধাবন্তো হনসূয়ন্তঃ, মুচ্যন্তে তে হপি কর্ম্মভিঃ ॥ ৩১ ॥

যে মানবাঃ শ্রদ্ধাবন্তঃ অনসূয়ন্তঃ ' সন্তঃ) মে ইদং মতং নিত্যং অনুতিষ্ঠন্তি, তে অপি কর্ম্মভিঃ মুচ্যন্তে ॥ ৩১ ॥

যে মানবগণ ভক্তিপূর্ণহৃদয়ে, অসূয়াশূন্য হইয়া আমার এই মতানুসারে নিয়ত কার্য্য করে, তাহারাও সকল কর্ম্মহইতে মুক্ত হয় ॥ ৩১ ॥

31. Those men who, with a firm belief and without seeking for flaws, constantly act according to my doctrines, shall also be saved from the bondage of Karma.

A wise man who wants to fight in a noble cause, the good of his country, for instance, should never be anxious for the result of his actions, which should be left entirely to God. He should never hope to gain any profit, and his heart should be free from attachment to his family and children, property and riches. Such a man is the true Karma-Yogee. This verse is addressed to Arjuna, and the next verse to all mankind.

স্বামী। এবং কর্ম্মানুষ্ঠানে গুণং আহ—যে মে ইতি। মদ্বাক্যে শ্রদ্ধাবন্তঃ অনসূয়ন্তঃ—দুঃখাত্মকে কর্ম্মণি প্রবর্ত্তয়তি দোষদৃষ্টিং অকুর্ব্বন্তঃ চ, যে মদীয়ং ইদং মতং অনুতিষ্ঠন্তি তে অপি শনৈঃ কর্ম্ম কুর্ব্বাণাঃ সম্যক্ জ্ঞানিবৎ কর্ম্মভিঃ মুচ্যন্তে ॥ ৩১ ॥

শ্রদ্ধাবন্তঃ=শ্রদ্দধানাঃ। অনসূয়ন্তঃ=গুণেষু দোষারোপণং অসূয়া, তদ্রহিতাঃ; গুণে দোষারোপণ না করা। নিত্যং—নিয়তং। ইদং মতং=এতৎ মম মতং। অনুতিষ্ঠন্তি=অনুবর্ত্তন্তে; অনুসরণ করে। মুচ্যন্তে—সত্বশুদ্ধিজ্ঞানপ্রাপ্তিদ্বারেণ সম্যক্ জ্ঞানিবৎ মুক্তাঃ ভবন্তি। কর্ম্মভিঃ=ধর্ম্মাধর্ম্মাখ্যৈঃ।

অজ্ঞানী বিষণ্ণচিত্ত অর্জ্জুন কিরূপে ভারতমহাসমর করিবেন, ভগবান্ তদ্বিষয় উপদেশদিয়া অজ্ঞানী মুমুক্ষু ও অন্যান্য সর্ব্ববিধলোকের বিষয় বলিতেছেন। যে সকল মানব আমার এই উপদেশ অনুসারে সর্ব্বদা কার্য্য করে অর্থাৎ যাহারা সমস্ত ফলকামনা ঈশ্বরে সমর্পণ করিয়া শোকসন্তাপপরিশূন্যহৃদয়ে এবং স্বজনাদির প্রতি মায়া পরিত্যাগ করিয়া এই সংসাররণভূমিতে অনবরত সাহসের সহিত যুদ্ধকরে তাহারা ও কর্ম্ম করিয়া কর্ম্মপাশে আবদ্ধ হয় না। আশারহিত, নির্ম্মম, বিগতজ্বর কর্ম্মযোগী মানবের উপকারার্থে কর্ম্ম করিয়াও সর্ব্বদা মুক্ত অবস্থায় থাকেন। নিষ্কামকর্ম্মজনিত বিশুদ্ধ জ্ঞান ও সত্বশুদ্ধিলাভ করিয়া প্রারব্ধকর্ম্মাবসানে তিনি মুক্তিলাভ করেন ॥ ৩১ ॥

যে ত্বেতদভ্যসূয়ন্তঃ, নানুতিষ্ঠন্তি মে মতম্।
সর্ব্বজ্ঞানবিমূঢ়াংস্তান্, বিদ্ধি নষ্টানচেতসঃ ॥ ৩২ ॥

যে তু অভ্যসূয়ন্তঃ মে এতৎ মতং ন অনুতিষ্ঠন্তি, তান্ অচেতসঃ সর্ব্বজ্ঞান-বিমূঢ়ান্ নষ্টান্ বিদ্ধি ॥ ৩২ ॥

কিন্তু যাহারা গুণে দোষারোপ করিবার ইচ্ছায় আমার এই মতের অনুসরণ না করে সেই বিবেকশূন্য ব্যক্তিদিগকে সর্ব্বপ্রকার তত্ত্বজ্ঞানহীন ও মন্দবুদ্ধি বলিয়া জানিবে ॥ ৩২ ॥

32. But know those that find out flaws in, and follow not, my doctrine, to be devoid of wisdom, deprived of the knowledge of all truths, and given up for lost.

31. It is said that actions put fetters on mankind. But Srikrishna says that by constantly following the doctrines of action laid down by Him in the preceding verses, man will be able to free himself from the bonds of Karma.

স্বামী। বিপক্ষে দোষং আহ—যে তু ইতি। যে তু ন অনুতিষ্ঠন্তি তান্ অচেতসঃ—বিবেকশূন্যান্, অতএব সর্ব্বস্মিন্ কর্ম্মণি ব্রহ্মবিষয়ে চ যৎ জ্ঞানং তত্র বিমূঢ়ান্ নষ্টান্ বিদ্ধি ॥ ৩২ ॥

তু = তদ্বিপরীতে। অভ্যসূয়ন্তঃ = নিন্দন্তঃ। মে = মম। ন অনুতিষ্ঠন্তি = নানুবর্ত্তন্তে। অচেতসঃ = অবিবেকিনঃ। সর্ব্বজ্ঞানবিমূঢ়ান্ – সর্ব্বজ্ঞানানি সগুণনির্গুণ বিষয়াণি, প্রমাণতঃ প্রমেয়তঃ প্রয়োজনতশ্চ বিবিধানি জ্ঞানানি তত্র মূঢ়ান্; সগুণনির্গুণ বিষয়ক প্রমাণ, প্রমেয়, বিষয়সকলে জ্ঞানহীন ব্যক্তিদিগকে নষ্টান্ = সমস্তপুরুষার্থশূন্যান্। বিদ্ধি = জানীহি। কিন্তু অপরদিকে যাহারা ভগবানের এই মতানুসরণ না করিয়া দোষারোপ করে তাহারা অজ্ঞানী ও মন্দবুদ্ধি ব্যক্তি। কর্ম্মযোগ সম্বন্ধে ভগবানের এই সকল উপদেশ যাহারা ঘৃণা করিয়া পালন না করে তাহারা অত্যন্ত অবিবেকী ও জ্ঞানশূন্য ॥ ৩২ ॥

32. The reproach contained in this verse is directed (*i*) to persons who always work for a motive, and (*ii*) to persons who give up actions, before the purification of their mind is complete. These men are devoid of wisdom. Because, true wisdom is the outcome of action done for the good of others. They are deprived of the knowledge of all truths. Because, no practical knowledge of truth can be obtained without work based on self-sacrifice and self-restraint. They are given up for lost. Because, true manliness is the result of good and noble deeds.

সদৃশং চেষ্টতে স্বস্যাঃ, প্রকৃতের্জ্ঞানবানপি।
প্রকৃতিং যান্তি ভূতানি, নিগ্রহঃ কিং করিষ্যতি ॥ ৩৩ ॥

জ্ঞানবান্ অপি স্বস্যাঃ প্রকৃতেঃ সদৃশং চেষ্টতে। ভূতানি প্রকৃতিং যান্তি। নিগ্রহঃ কিং করিষ্যতি ॥ ৩৩ ॥

জ্ঞানবান্ ব্যক্তিও স্বীয় স্বভাবের অনুসরণ করিয়া কার্য্য করিয়া থাকে। কারণ সকল প্রাণীই প্রকৃতির বশবর্ত্তী হয়। অতএব আমার শাসন বাক্যে কি ফলোদয় হইবেক ? ॥ ৩৩ ॥

33. Even a wise man followeth the principles of his own nature, for all beings act in obedience to their nature. What avail my instructions ?

স্বামী। ননু তর্হি মহাফলত্বাৎ ইন্দ্রিয়াণি নিগৃহ্য নিষ্কামাঃ সন্তঃ সর্ব্বে অপি স্বধর্ম্মং এব কিং ন অনুতিষ্ঠন্তি তত্র আহ—সদৃশং ইতি। প্রকৃতিঃ—প্রাচীন কর্ম্ম সংস্কারাধীনস্বভাবঃ, স্বস্যাঃ—স্বকীয়ায়াঃ, প্রকৃতেঃ—স্বভাবস্য, সদৃশং—অনুরূপং, এব গুণদোষজ্ঞানবান্ অপি চেষ্টতে, কিং পুনঃ বক্তব্যং অজ্ঞঃ চেষ্টতে, ইতি, যস্মাৎ ভূতানি—সর্ব্বে অপি প্রাণিনঃ, প্রকৃতিং যান্তি—অনুবর্ত্তন্তে, এবং চ সতি ইন্দ্রিয়নিগ্রহঃ কিং করিষ্যতি, প্রকৃতেঃ বলীয়স্ত্বাৎ ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

জ্ঞানবান্ = ব্রহ্মবিৎ। স্বস্যাঃ = স্বকীয়ায়াঃ। প্রকৃতেঃ = বর্ত্তমানজন্মাদাবভিব্যক্তঃ পূর্ব্বকৃতধর্ম্মাধর্ম্মাদিসংস্কারঃ প্রকৃতিঃ তস্যাঃ। সদৃশং = অনুরূপং। চেষ্টতে = ঈহতে। ভূতানি = সর্ব্বে প্রাণিনঃ। যান্তি = অনুগচ্ছন্তি। নিগ্রহঃ = প্রবৃত্তিরোধোপদেশঃ।

ইন্দ্রিয়নিগ্রহ করিয়া স্বধর্ম্ম প্রতিপালন করিলে অমৃতময় ফললাভ করাযায় তাহা জানিয়াও কি জন্য লোকে ভগবদ্বাক্যানুসারে কার্য্য করে না, অর্জ্জুনের এইরূপ আশঙ্কা নিবারণ জন্য ভগবান্ বলিলেন যে, আমি যে সকল উপদেশ প্রদান করিলাম তাহা পালন না করিলে জীব সকলপ্রকার পুরুষার্থহইতে নষ্ট হইবে, ইহা জানিতে পারিয়াও সে নিজ প্রকৃতির বশবর্ত্তী হইয়া পাপে লিপ্ত হয়। জ্ঞানবান্ ব্যক্তিরাও স্বীয় প্রকৃতির বশবর্ত্তী হইয়া কর্ম্ম করেন। পূর্ব্বজন্মার্জ্জিত প্রবৃত্তি অনুসারেই মানব কর্ম্ম করিয়া থাকে; আমার উপদেশে কোন ফলই হইতে পারে না। প্রকৃতির কিরূপ দুর্দ্দমনীয় প্রেরণাশক্তি আছে তাহাই ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। অজ্ঞানীর কথা দূরে থাকুক, জ্ঞানীব্যক্তিরাও পূর্ব্বজন্মার্জ্জিত ধর্ম্মাধর্ম্মাদি সংস্কারদ্বারা পরিচালিত হইয়া থাকেন। এই মহাশক্তি-সম্পন্ন প্রকৃতি নিষ্কাম সংযতেন্দ্রিয় কর্ম্মযোগীকেও পরাজিত করিয়া থাকে ॥ ৩৩ ॥

33. Srikrishna reading the thought of Arjuna as to why people disobey the law laid down in the foregoing verses, when they are aware of

ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে, রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ।
তয়োর্ন বশমাগচ্ছেৎ, তৌ হ্যস্য পরিপন্থিনৌ ॥ ৩৪

ইন্দ্রিয়স্য ইন্দ্রিয়স্য অর্থে রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ। তয়োঃ বশং ন আগচ্ছেৎ। হি তৌ অস্য (মুমুক্ষোঃ) পরিপন্থিনৌ ॥ ৩৪ ॥

প্রত্যেক ইন্দ্রিয়ের স্বীয় স্বীয় অনুকূল ও প্রতিকূল বিষয়ে অনুরাগ ও দ্বেষ অবস্থান করে। এই উভয়ের অধীনে কোন ব্যক্তিই থাকিবে না। কারণ ইহারা উভয়েই সাধকের মোক্ষমার্গরোধক ॥ ৩৪ ॥

34. Every sense has love and hatred fixed for and against its objects. No one should come under their influence, as they block up the pilgrim's path to progress.

the bitter consequences of such disobedience, says to the following effect:—"Men are compelled to act under the influence of deeds done in previous births and such is the irresistible strength of the effect of wrought actions that in spite of themselves they are hurried along the torrent of their own nature. It is only by implicitly obeying the ordinance which I have prescribed that men can hope to conquer the principles of their own nature and to practise Karma-Yog."

স্বামী। নন্থ এবং প্রকৃত্যধীনা এব চেৎ পুরুষস্য প্রবৃত্তিঃ তর্হি বিধিনিষেধশাস্ত্রস্য বৈয়র্থ্যং প্রাপ্তং ইতি আহ—ইন্দ্রিয়স্য ইতি। "ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্য" ইতি বীপ্সয়া সর্ব্বেষাং ইন্দ্রিয়াণাং প্রত্যেকং ইতি উক্তং। অর্থে—স্বস্ববিষয়ে, অনুকূলে রাগঃ, প্রতিকূলে দ্বেষঃ, ইতি এবং রাগদ্বেষৌ ব্যবস্থিতৌ—অবশ্যম্ভাবিনৌ। ততঃ চ তদনুরূপা প্রবৃত্তিঃ ইতি ভূতানাং প্রকৃতিঃ, তথাপি তয়োঃ বশবর্ত্তী ন ভবেৎ ইতি শাস্ত্রেণ নিয়ম্যতে। হি—যস্মাৎ, অস্য—মুমুক্ষোঃ, তৌ পরিপন্থিনৌ—প্রতিপক্ষৌ। অয়ং ভাবঃ বিষয়স্মরণাদিনা রাগদ্বেষৌ উৎপাদ্য অনবহিতং পুরুষং অনর্থে অতিগম্ভীরে স্রোতসি ইব প্রকৃতিঃ বলাৎ প্রবর্ত্তয়তি শাস্ত্রং তু ততঃ প্রাক্ এব বিষয়েষু রাগদ্বেষপ্রতিবন্ধকে পরমেশ্বরভজনাদৌ তং প্রবর্ত্তয়তি ততঃ চ গভীরস্রোতঃপাতাৎ পূর্ব্বং এব নাবং আশ্রিতঃ ইব ন অনর্থং প্রাপ্নোতি, তৎ এবং স্বাভাবিকীং পশ্বাদিসদৃশীং প্রবৃত্তিং ত্যক্ত্বা ধর্ম্মে প্রবর্ত্তিতব্যং ইতি উক্তং ॥ ৩৪ ॥

ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে=সর্ব্বেন্দ্রিয়াণামর্থে, শব্দাদিবিষয়ে ইষ্টে শব্দাদৌ রাগঃ, অনিষ্টে দ্বেষইত্যেবং প্রতীন্দ্রিয়ার্থে রাগদ্বেষৌ অবশ্যম্ভাবিনৌ। তত্রায়ং পুরুষকারস্য শাস্ত্রার্থস্য বিষয় উচ্যতে। শাস্ত্রার্থপ্রবৃত্তেঃ পূর্ব্বমেব রাগদ্বেষয়োঃ বশং ন আগচ্ছেৎ। যাহি পুরুষস্য প্রকৃতিঃ সা রাগদ্বেষপুরঃসরা এব স্বকার্য্যে পুরুষং প্রবর্ত্তয়তি যদা তদা স্বধর্ম্ম-পরিত্যাগঃ পরধর্ম্মানুষ্ঠানঞ্চ ভবতি। শাস্ত্রদৃষ্টিরেব পুরুষো ভবতি ন প্রকৃতিবশঃ। তস্মাৎ

শ্রেয়ান্ স্বধর্ম্মো বিগুণঃ, পরধর্ম্মাৎ স্বনুষ্ঠিতাৎ।
স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ, পরধর্ম্মো ভয়াবহঃ॥ ৩৫

স্বনুষ্ঠিতাৎ পরধর্ম্মাৎ বিগুণঃ (অপি) স্বধর্ম্মঃ শ্রেয়ান্। স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ। পরধর্ম্মঃ ভয়াবহঃ॥ ৩৫॥

সুচারুরূপে অনুষ্ঠিত পরধর্ম্মহইতে নিজধর্ম্ম অঙ্গহীন হইলেও শ্রেষ্ঠ। স্বধর্ম্মে মরণ ও মঙ্গল কিন্তু পরধর্ম্ম ভয়পূর্ণ॥ ৩৫॥

35. A man's own duty, though imperfect, is far better than that of others,though perfect. It is desirable even to die in the discharge of one's duty. Fearful is the duty of others.

তয়োঃ রাগদ্বেষয়োঃ বশং ন আগচ্ছেৎ। পরিপন্থিনৌ=শ্রেয়োমার্গস্য তস্করাবিব বিঘ্নকর্ত্তারৌ; তস্কর যে রূপ পথিকগণের পথরোধ করে, অনুরাগ ও দ্বেষও সেইরূপ মুমুক্ষুদিগের মোক্ষমার্গের বিঘ্ন করে।

দ্বিতীয় অধ্যায়ের অষ্টচত্বারিংশ শ্লোকে ভগবান্ বলিয়াছেন যে, "সিদ্ধাসিদ্ধ্যোঃ সমো ভূত্বা, সমত্বং যোগ উচ্যতে" বাহ্যবস্তুর সহিত ইন্দ্রিয়গণের আসক্তিদ্বারা মানবগণের স্নেহ ও মমতার উৎপত্তি হয় এবং প্রতিকূলতাদ্বারা দ্বেষ উৎপন্ন হয়। বন্ধুদেখিলে আনন্দ ও শত্রু দেখিলে দ্বেষ উপস্থিত হয়, এই সকল ইন্দ্রিয়ের; কার্য্যমাত্র, জ্ঞানী ব্যক্তি ইহাদিগকে মুক্তির পথ রোধক মনে করিয়া পরিত্যাগ করেন। ফলতঃ অনুরাগ ও বিদ্বেষ পরিত্যাগ করিলে আত্মার যে সমত্বভাব উৎপন্ন হয় তাহাকেই যোগ বলে। শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ ইহারা শ্রোত্র, ত্বক্, চক্ষুঃ, রসনা ও নাসা এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের কার্য্য; এবং বাক্য, গ্রহণ, ভ্রমণ, মলত্যাগ ও মূত্র কি শুক্রত্যাগ এই সমস্ত বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয়ের কার্য্য। ইহাদের অনুকূলে যে কার্য্য তাহার নাম অনুরাগ ও প্রতিকূলে যে সকল কার্য্য তাহার নাম বিদ্বেষ॥ ৩৪॥

34. The organs of sensation are divided into two main classes, viz., organs of knowledge and organs of work. Eyes, nose, ears &c are organs of knowledge and hands, feet, voice &c are organs of work. Each of these organs has likes and dislikes attached to it. For example, when we see a friend we feel happiness, but when we see an enemy, a feeling of disgust comes over us. Regarding the ear, similar sensations are felt. The charming voice of flattery soothes us while the discordant note of opposi-

tion displeases us. These likes and dislikes, love and hatred are serious obstacles in the uphill journey to spiritulity. Love and hatred, like and dislike should vanish away from the mind of the man who aspires to a spiritual life.

স্বামী। তর্হি স্বধর্ম্মস্য যুদ্ধাদেঃ দুঃখরূপস্য যথাবৎ কর্ত্তুং অশক্যত্বাৎ পরধর্ম্মস্য চ অহিংসাদেঃ সুকরত্বাৎ ধর্ম্মত্বাবিশেষাৎ চ তত্র প্রবর্ত্তিতুং ইচ্ছন্তং প্রতি আহ—শ্রেয়ান্ ইতি। কিঞ্চিদঙ্গহীনঃ অপি স্বধর্ম্মঃ শ্রেয়ান্—প্রশস্যতরঃ. স্বনুষ্ঠিতাৎ—সকলাঙ্গসংপূর্ত্ত্যা কৃতাৎ, অপি পরধর্ম্মাৎ সকাশাৎ। তত্র হেতুঃ স্বধর্ম্মে—যুদ্ধাদৌ, প্রবর্ত্তমানস্য নিধনং—মরণং, অপি শ্রেষ্ঠং স্বর্গাদিপ্রাপকত্বাৎ; পরধর্ম্মং তু পরস্য ভয়াবহঃ নিষিদ্ধত্বেন নরকপ্রাপকত্বাৎ ॥ ৩৫ ॥

শ্রেয়ান্ = প্রশস্যতরঃ। স্বধর্ম্মঃ = স্বকীয়ধর্ম্মঃ। যং বর্ণং আশ্রমং বা প্রতি যো বিহিতঃ স তস্য স্বধর্ম্মঃ। বিগুণঃ = সর্ব্বাঙ্গোপসংহারেণ কৃতোঽপি বিগতগুণোঽপি। স্বনুষ্ঠিতাৎ = সাঙ্গগুণেন সম্পাদিতাদপি। ভয়াবহঃ = নরকাদ্যুৎপাদকতয়া অতীব ভীতিপ্রদঃ।

অনুরাগ ও বিদ্বেষ মোক্ষমার্গরোধক বলিয়া পূর্ব্বশ্লোকে কথিত হইয়াছে। এইক্ষণ অর্জ্জুন মনে করিতে পারেন যে যুদ্ধাদি করিলে কেবল রাগ ও দ্বেষের বৃদ্ধি হইবে. এই আশঙ্কা নিবারণার্থ ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। ব্রাহ্মণের ধর্ম্মপ্রচার, ও তপশ্চর্য্যা, ক্ষত্রিয়ের রাজ্যশাসন ও ধর্ম্মযুদ্ধ, বৈশ্যের কৃষি, বাণিজ্য এবং শূদ্রের অন্যান্য কর্ম্ম, এই সকল কর্ম্মকে বর্ণাশ্রমোচিত "স্বধর্ম্ম" বলিয়া ভগবান্ নির্দ্দেশ করিলেন। ব্রাহ্মণের রাজ্য শাসন ও যুদ্ধ, ক্ষত্রিয়ের ধর্ম্মপ্রচার বা তপশ্চর্য্যাপ্রভৃতি "পরধর্ম্ম" বলিয়া উল্লিখিত হইল। দয়াধর্ম্মপূর্ণ তপশ্চর্য্যাদি যদিও হিংসাপূর্ণ যুদ্ধাদিহইতে সুন্দর ধর্ম্ম বলিয়া প্রতীয়মান হয় তথাপি যুদ্ধাদি ক্ষত্রিয়দিগের পক্ষে শ্রেষ্ঠ ধর্ম্ম। সত্ত্বগুণপ্রধান ব্রাহ্মণাদির তপশ্চর্য্যাদি রজোগুণপ্রধান ক্ষত্রিয়ের পক্ষে অতীব গর্হিত ও নরকজনক।

ভগবান্ বলিলেন অর্জ্জুন! তুমি ক্ষত্রিয়, ধর্ম্মযুদ্ধ প্রজাপালনাদি তোমার পরম্পরাগত স্ববর্ণোচিত ধর্ম্ম। ব্রাহ্মণের ধর্ম্মপ্রচার ও তপশ্চর্য্যাদি যদিও যুদ্ধাদিহইতে সুন্দর বলিয়া প্রতীয়মান হয়, তথাপি তোমার পক্ষে তাহা অত্যন্ত ভয়সঙ্কুল। কারণ পুরুষানুক্রমে যাহাদের যে ধর্ম্ম প্রতিপালিত হইয়া আসিতেছে তদ্বিরুদ্ধ নূতন কোন ধর্ম্মান্তর অবলম্বন করিলে তাহাদিগের সদ্গতি হইবেক না বরং অমঙ্গল হইবেক। এই পুরুষানুগত ধর্ম্ম প্রতিপালন করিতে যদি তোমার মৃত্যুও হয় তাহাও তোমার পক্ষে মঙ্গল জনক। এই সময়ে বিজয়লাভ করিয়া পৃথিবীতে ধর্ম্মরাজ্য সংস্থাপন করা তোমার একান্ত কর্ত্তব্য কর্ম্ম ॥ ৩৫ ॥

35. In the ancient time the Hindu-Aryan society was divided into

অর্জ্জুন উবাচ।

অথ কেন প্রযুক্তোঽয়ং, পাপং চরতি পুরুষঃ।
অনিচ্ছন্নপি বার্ষ্ণেয়, বলাদিব নিয়োজিতঃ॥ ৩৬॥

অর্জ্জুনঃ উবাচ।

ভো বার্ষ্ণেয়! অথ কেন প্রযুক্তঃ অয়ং পুরুষঃ অনিচ্ছন্ অপি বলাৎ নিয়োজিতঃ (সন্) ইব পাপং চরতি॥ ৩৬॥

অর্জ্জুন কহিলেন।

হে বৃষ্ণিবংশাবতংস! কোন্ রিপুকর্ত্তৃক প্রযুক্ত হইয়া এই মানব অনিচ্ছায়ও যেন বলপূর্ব্বক নিয়োজিত হইয়া পাপানুষ্ঠান করে?॥ ৩৬॥

ARJUNA SAID.

36. O Ornament of the Vrishni dynasty! by what is a man driven, against his will, to commit sin, as if propelled by a superior force?

four parts according to profession. The Brahmans were required to preach the doctrines of their religion and to lead an examplary life; the Kshattriyas were to fight for the freedom of their fatherland, the Vaishyas were to devote themselves to trade and to the improvement of the material resources of the country and the Sudras were to perform menial works. The first three classes were required to take a covenant, at an early age, binding themselves to a faithful discharge of their respective duties. Srikrishna says that when this vow had been taken, the covenanted ought to adhere, even at the risk of his life, to his own duties and not to abandon them because they might not be so pleasant as the duty of others.

স্বামী। তয়োঃ ন বশং আগচ্ছেৎ ইতি উক্তং তৎ এতৎ অশক্যং মন্বানঃ অর্জ্জুনঃ উবাচ—অথ ইতি। বৃষ্ণেঃ বংশে অবতীর্ণঃ বার্ষ্ণেয়, হে বার্ষ্ণেয় অনর্থরূপং পাপং কর্ত্তুং অনিচ্ছন্ অপি কেন প্রযুক্তঃ—প্রেরিতঃ, অয়ং পুরুষঃ পাপং চরতি। কামক্রোধৌ বিবেক

শ্রীভগবানুবাচ।

কাম এষ ক্রোধ এষঃ, রজোগুণসমুদ্ভবঃ।
মহাশনো মহাপাপ্মা, বিদ্ধ্যেনমিহ বৈরিণম্ ॥ ৩৭ ॥

শ্রীভগবন্ উবাচ।

এষঃ কামঃ, ক্রোধঃ (চ) এষঃ (এব) রজোগুণসমুদ্ভবঃ মহাশনঃ মহাপাপ্মা (চ ভবতি) এনং ইহ (মোক্ষমার্গে) বৈরিণং বিদ্ধি ॥ ৩৭ ॥

ভগবান্ কহিলেন।

ইহা কামনা, ইহাই ক্রোধ; রজোগুণ সমুৎপন্ন, দুষ্পূরণীয় ও অতিশয় উগ্র ইহাকে এই মোক্ষপথে শত্রু জানিবে ॥ ৩৭ ॥

SRIKRISHNA SAID.

37. It is the desire, it is the passion—the offspring of the creative principle, insatiable and sinful; it obstructs the path to salvation.

বলেন নিরুদ্ধতঃ অপি পুরুষস্য পুনঃ পাপে প্রবৃত্তিদর্শনাৎ, অন্যঃ অপি তয়োঃ মলভূতঃ কশ্চিৎ প্রবর্ত্তকঃ ভবেৎ ইতি সম্ভাবনয়া প্রশ্নঃ ॥ ৩৬ ॥

বার্ষ্ণেয়=বৃষ্ণিকুলপ্রসূত। কেন=হেতুভূতেন। প্রযুক্তঃ=প্রেরিতঃ; তাড়িত হইয়া। অয়ং পূরুষঃ=সর্ব্বজ্ঞানবিমূঢ়ো নরঃ। অনিচ্ছন্নপি=স্বয়ং কর্ত্তুং অনভিলষন্নপি। বলাৎ নিয়োজিত ইব=শক্তিতঃ কেনাপি পাপে প্রেরিতবৎ; কেহ যেন বলপূর্ব্বক পাপে প্রেরণ করে। পাপং=অধর্ম্মং। চরতি=আচরতি, করোতি।

অর্জ্জুন কহিলেন, ভগবন্! আপনি যে কর্ম্মযোগের উপদেশ দিলেন তাহা সর্ব্বোৎকৃষ্ট সন্দেহ নাই। আপনি দ্বিতীয় অধ্যায়ের দ্বিষষ্টিতম শ্লোকে "ধ্যায়তো বিষয়ান্ পুংসঃ" ইত্যাদি বলিয়া ইহাই নির্দ্দেশ করিয়াছেন যে, বিষয়চিন্তারত পুরুষের বিষয়ে আসক্তি হয়, উক্ত আসক্তিহইতে কামনা সঞ্জাত হয় এবং কামনাহইতে ক্রোধের উৎপত্তি হয়। এই অধ্যায়ের চতুস্ত্রিংশ শ্লোকে "রাগদ্বেষৌ অস্য পরিপন্থিনৌ" ইত্যাদি বলিয়াছেন। মুমুক্ষু-গণের পক্ষে আসক্তি ও বিদ্বেষ মোক্ষমার্গরোধক। কর্ম্মদ্বারা জীব ঊর্দ্ধ ও অধোগামী হয়, ইহা জানিয়াও জীব কি জন্য বিপথগামী হয় তাহা আমাকে ব্যাখ্যা করিয়া বলুন। যেমন

রাজা স্বকীয় ভৃত্যবর্গকে বলপূর্ব্বক কোন কার্য্যে নিযুক্ত করেন, আমার নিকট বোধ হয়, কেহ যেন মানবকে সেইরূপ বলপূর্ব্বক দুষ্কর্ম্মে রত করে। মনুষ্যগণ স্বতন্ত্র নহে, তাহারা যেন সম্পূর্ণ পরাধীন আমার এইরূপ বোধ হইতেছে।

এই কর্ম্মযোগ সম্বন্ধে বশিষ্ঠদেব যোগবাশিষ্ঠরামায়ণে শ্রীরামচন্দ্রকে যে সকল উপদেশ প্রদান করিয়াছিলেন তাহা অতি চমৎকার। পাঠক যোগবাশিষ্ঠরামায়ণের মুমুক্ষুপ্রকরণ পাঠ করিলে কর্ম্মযোগসম্বন্ধে অনেক সারগর্ভ উপদেশ অবগত হইতে পারিবেন ॥ ৩৬ ॥

36. Arjuna asks to the following effect :—" If such be the sad consequences of disobeying your ordinances regarding the Karma-Yog, then why does man disobey them and commit sin ? It seems to me that after all man is not a free agent, he commits sin against his will, as if forced to do so by a power over which he has no control. Kindly let me know what this power is ? "

স্বামী। অত্র উত্তরং শ্রীভগবান্ উবাচ—কামঃ ইত্যাদি। যঃ ত্বয়া পৃষ্টঃ হেতুঃ এষঃ কামঃএব। নন্থ ক্রোধঃ অপি পূর্ব্বং ত্বয়া উক্তঃ—"ইন্দ্রিয়স্যেন্দ্রিয়স্যার্থে" ইত্যত্র, সত্যং ন অসৌ ততঃ পৃথক্ কিন্তু ক্রোধঃ অপি এষঃ কামঃ এব হি কেনচিৎ প্রতিহতঃ ক্রোধাত্মনা পরিণমতে। পূর্ব্বং পৃথক্তেন উক্তঃ অপি ক্রোধঃ কামজঃ এব ইতি অভিপ্রায়েণ একীকৃত্য উচ্যতে। রজোগুণাৎ সমুদ্ভবতি ইতি, তথা অনেন সত্ত্ববৃদ্ধ্যা রজসি ক্ষয়ং নীতে সতি কামঃ ন জায়তে ইতি সূচিতং। এনং—কামং, ইহ—মোক্ষমার্গে, বৈরিণং বিদ্ধি। অয়ং চ বক্ষ্যমাণক্রমেণ হন্তব্যঃ এব যতঃ ন অসৌ দানেন সন্ধাতুং শক্যঃ ইতি আহ—মহাশনঃ, (মহৎ অশনং যস্য) দুষ্পূরঃ ইত্যর্থঃ। ন চ সাম্না সন্ধাতুং শক্যঃ যতঃ মহাপাপ্মা—অত্যুগ্রঃ ॥ ৩৭ ॥

ভগবান্ = (ভগ + বতু) =

" ঐশ্বর্য্যস্য সমগ্রস্য, বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ।
জ্ঞানবৈরাজ্ঞয়োশ্চৈব, ষণ্ণাং ভগ ইতীঙ্গনা" ॥

"সমস্ত ঐশ্বর্য্য, (অণিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য মহিমা, ঈশিত্ব ও বশিত্ব) বীর্য্য, যশঃ, শ্রী, জ্ঞান এবং বৈরাগ্য এই ষড়্বিধগুণ যাহাতে আছে তিনি ভগবান্ "। অথবা—

"উৎপত্তিং প্রলয়ঞ্চৈব, ভূতানামাগতিং গতিম্।
বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ, স বাচ্যো ভগবানিতি"।

"যিনি জগতের উৎপত্তি, প্রলয়; প্রাণীদিগের ভাবী বিপদ্, সম্পদ্; এবং অবিদ্যা ও বিদ্যার বিষয়জানেন, তিনি ভগবান্''।

এষঃ=ত্বয়া পৃষ্টো হেতুঃ। কামঃ=অভিলাষঃ। ক্রোধঃ=এষঃ কাম এব ক্রোধঃ; এই কামই ক্রোধ। ক্রোধ কামহইতেই উৎপন্ন হয়, তজ্জন্য ক্রোধকেও কাম বলিয়া নির্দ্দেশ করিলেন। রজোগুণসমুদ্ভবঃ=রজোগুণস্য প্রবৃত্ত্যাদিলক্ষণস্য সমুদ্ভবো যস্মাৎ; যাহা—হইতে প্রবৃত্ত্যাদি রূপে লক্ষিত রজোগুণের উৎপত্তি হয়। কামোপি বিষয়াভিলাষাত্মকঃ স্বয়মুদ্ভূতঃ রজঃ প্রবর্ত্তয়ন্ পুরুষং দুঃখাত্মকে কর্ম্মণি প্রবর্ত্তয়তি তেনায়ং অবশ্যং হন্তব্যঃ। মহাশনঃ=(অশ ভোজনকরা+অন, অশন=মহা+অশন) সমগ্র পৃথিবী শস্যাদি স্বর্ণাদি পশ্বাদি রমণীসম্ভোগাদি করিয়াও যাহার আশার নিবৃত্তি হয় না। মহাপাপ্মা=মহাপাপঃ। কামেন প্রেরিতো জন্তুঃ পাপং করোতি। ইহ=মোক্ষমার্গে। বৈরিণং=পরিপন্থিনং, জ্ঞানযোগবিরোধিনং; শত্রু। বিদ্ধি=জানীহি।

ভগবান্ উক্ত প্রশ্নের উত্তরে বলিতেছেন। অর্জ্জুন! জীবের কামনাসকলহইতে ক্রোধের উৎপত্তি হয়। এই কামনা ও ক্রোধ রজোগুণের কার্য্য অর্থাৎ কাম ও ক্রোধ হইতে রজোগুণের প্রকাশপায়। ইহারাই সমস্ত অনর্থের নিদানীভূত হইয়া মানবকে পাপ-পঙ্কে নিক্ষিপ্ত করে। সকাম প্রবৃত্তিমার্গই যে মানবগণের মোক্ষরোধক তাহাই ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। শ্রুতি বলিয়াছেন "রজোজুষে জন্মনি" রজোগুণহইতে সমগ্রভুবনের জন্ম হয়। এই রজোগুণহইতে কামনাপ্রবাহ উৎপন্ন হইয়া মানবকে কামনাসাগরে নিমজ্জিত করে। এই কামনার রোধ হইলেই ক্রোধ উৎপন্ন হইয়া মোহদ্বারা মানবকে বিপথগামী করে। কর্ম্মকাণ্ডীয় প্রবৃত্তিমার্গ পরিত্যাগ করিয়া নিবৃত্তিমার্গের অনুসরণ না করিলে জীব কখনই নির্ব্বাণমুক্তি লাভকরিতে পারে না অতএব এই প্রকার মহাশত্রু কামনাকে মোক্ষমার্গরোধক বলিয়া জ্ঞানী পরিত্যাগ করিবেন।

বেদ দুই ভাগে বিভক্ত, কর্ম্মকাণ্ড ও জ্ঞানকাণ্ড। কর্ম্মকাণ্ডে প্রবৃত্তি ধর্ম্ম ও জ্ঞানকাণ্ডে নিবৃত্তিধর্ম্মের উপদেশ আছে। স্বর্গাদিসাধন ও যাগযজ্ঞাদির অনুষ্ঠান প্রবৃত্তিধর্ম্ম, মুক্তি-সাধন ও ব্রহ্মজ্ঞান নিবৃত্তিধর্ম্ম। বেদের যে অংশে কর্ম্মকাণ্ডের বিচার হইয়াছে তাহার নাম কর্ম্মসূত্র অথবা পূর্ব্বমীমাংসা, আর যে অংশে জ্ঞানকাণ্ডের বিচার বিবৃত আছে তাহাকে বেদান্ত উপনিষদ্ অথবা উত্তরমীমাংসা বলে।

ধূমেনাব্রিয়তে বহ্নিঃ, যথাদর্শো মলেন চ।
যথোল্বেনাবৃতো গর্ভঃ, তথা তেনেদ মাবৃতম্ ॥ ৩৮ ॥

যথা ধূমেন বহ্নিঃ, মলেন আদর্শঃ আব্রিয়তে যথা উল্বেন গর্ভঃ আবৃতঃ তথা তেন (কামেন) ইদং (জ্ঞানং) আবৃতং (ভবতি) ॥ ৩৮ ॥

যেরূপ ধূমপুঞ্জে অগ্নি ও মলদ্বারা দর্পণ আবৃত হয়, অথবা জরায়ুচর্ম্মদ্বারা গর্ভস্থসন্তান যেরূপ আচ্ছন্ন থাকে তদ্রূপ কামনাদ্বারা জ্ঞান সমাবৃত হয় ॥ ৩৮ ॥

38. As smoke dims the flame, as rust blots the mirrors, or as the membranes of womb surround the fœtus, so doth Kama envelop wisdom.

মরীচিপ্রভৃতি প্রজাপতিগণ প্রবৃত্তিধর্ম্মাবলম্বী এবং সনকাদি মহর্ষিগণ নিবৃত্তি ধর্ম্মের প্রবর্ত্তক ছিলেন। ভগবান্ কৃষ্ণদ্বৈপায়ন এই উত্তরমীমাংসাদর্শনপ্রণেতা। এই উভয়বিধ মতের সমন্বয় করিয়া পরমকারুণিক ভগবান্ শ্রীকৃষ্ণ তদীয় কর্ম্মযোগের উপদেশ দিয়াছেন। নিঃস্বার্থভাবে লোকসংগ্রহার্থ কর্ম্মানুষ্ঠান না করিলে মানব কখনও মুক্তিসাধন করিতে পারে না, ইহাই ভগবান্ সুচারুরূপে এই অধ্যায়ে বর্ণনা করিলেন ॥ ৩৭ ॥

37. Srikrishna in answer to the preceding question says to the following effect, The various desires of the human mind, which, when frustrated, produce anger and form the motive power which drags men downwards. Even a reign over the three worlds, possession of enormous riches, power and enjoyment, cannot satisfy the insatiable appetite of this desire. Therefore the superior force which propels man to break my laws and to commit sin is desire. Of the three principles of human nature (ত্রিগুণাঃ) the creative principle is the father of desire. For, under the influence of desire we construct or create the various schemes of our life.

স্বামী। কামস্য বৈরিত্বং দর্শয়তি—ধূমেন ইতি। ধূমেন সহজেন যথা বহ্নিঃ আব্রিয়তে—আচ্ছাদ্যতে, যথা চ আদর্শঃ মলেন আগন্তুকেন, যথা চ উল্বেন—গর্ভবেষ্টনচর্ম্মণা, গর্ভঃ সর্ব্বতঃ নিরুদ্ধঃ আবৃতঃ, তথা প্রকারত্রয়েণ অপি তেন—কামেন, আবৃতং ইদং ॥ ৩৮ ॥

ধূমেন = ধূমদ্বারা। আদর্শঃ = দর্পণঃ; আয়না। উল্বেন = জরায়ুনা; গর্ভ-বেষ্টন-চর্ম্মদ্বারা।

আবৃতং জ্ঞানমেতেন, জ্ঞানিনো নিত্য বৈরিনা।
কামরূপেণ কৌন্তেয়, দুষ্পূরেণানলেন চ ॥ ৩৯ ॥

ভোঃ কৌন্তেয়! জ্ঞানিনঃ নিত্যবৈরিণা এতেন দুষ্পূরেণ অনলেন চ জ্ঞানং আবৃতং (ভবতি) ॥ ৩৯ ॥

হে কুন্তীনন্দন! জ্ঞানী ব্যক্তির চিরশত্রু এই কামনারূপ অপূরণীয় অনলদ্বারা জ্ঞান অবৃত থাকে ॥ ৩৯ ॥

39. O son of Kunti! this insatiable desire, the constant foe of the wise, like a raging fire, envelops wisdom.

কামনা কিরূপে ক্রমে ক্রমে জ্ঞানকে আবরণ করে ভগবান্ তাহা দৃষ্টান্তদ্বারা বুঝাইয়া দিতেছেন। প্রথম অবস্থায় ধূমের ন্যায় কামনা জ্ঞানাগ্নির বিশুদ্ধ জ্যোতিঃ মলিন করে, দ্বিতীয় অবস্থায় কামনা মলের ন্যায় জ্ঞানরূপ শুদ্ধ মুকুরের প্রতিবিম্বগ্রহণশক্তি বিনষ্ট করে। তৃতীয় অবস্থায় চর্ম্মাবরণদ্বারা গর্ভস্থ সন্তান যেরূপ সম্যক্ আচ্ছাদিত হয় তদ্রূপ প্রবল বিষয়বাসনা দিন দিন বৃদ্ধিপ্রাপ্ত হইয়া অবশেষে আত্মার বিমল প্রভা এককালে মোহান্ধকারে আচ্ছন্ন করে। তৎকালে কামরূপের প্রাধান্য বশতঃ আত্মার অস্তিত্ব পর্য্যন্ত ও অনুভূত হয় না ॥ ৩৮ ॥

38. How the desire (Kama) gradually darkens the light of the Spirit (Atma) is here shown. In the first stage like the smoke it dims the light of the Spirit, in the second stage like the rust on the polished surface of a mirror, it destroys partially the capacity of the soul to reflect truths and in the final stage like the fœtus-membrane it enshrouds Atma. The "আদর্শঃ" in the original does not mean a looking-glass, as, when the Gita was composed, glass was not known. Bright metallic plates served the purpose of mirrors. In the constitution of mind " Kama " is as much inherent in the spirit as smoke is in flame, rust in metallic mirrors and the membrane of the womb in the babe unborn; one is inseparably connected with the other, but if the smoke, the rust and the membrane be removed, the fire burns brilliantly, the mirror reflects faithfully and the babe becomes visible; so when *Kama* is removed the torch of wisdom sheds a bright light, in the second stage the

ইন্দ্রিয়াণি মনো বুদ্ধিঃ, অস্যাধিষ্ঠান মুচ্যতে।
এতৈ র্বিমোহয়ত্যেষঃ, জ্ঞানমাবৃত্য দেহিনম্ ॥ ৪০ ॥

ইন্দ্রিয়াণি মনঃ বুদ্ধিঃ অস্য (কামস্য) অধিষ্ঠানং উচ্যতে। এষঃ এতৈঃ জ্ঞানং আবৃত্য দেহিনং বিমোহয়তি ॥ ৪০ ॥

ইন্দ্রিয়গণ, মনঃ ও বুদ্ধি ইহারা কামনার আবাসস্থান বলিয়া কথিত হইয়াছে। এই কামনা ইন্দ্রিয়াদিদ্বারা জ্ঞানকে আবরণ করিয়া মানবকে মুগ্ধ করে ॥ ৪০ ॥

40. It is said that the senses, the mind and the reason are the abodes of desires. By them, Kama enshrouds knowledge and enthrals man.

truths of religion are faithfully reflected and in the final stage the Spirit (পরমাত্মা:) is seen.

স্বামী। ইদংশব্দনির্দ্দিষ্টং দর্শয়ন্ বৈরিত্বং স্ফুটয়তি—আবৃতং ইতি। ইদং বিবেকজ্ঞানং এতেন আবৃতং, অজ্ঞস্য খলু ভোগসময়ে কামঃ সুখহেতুঃ এব পরিণামে তু বৈরিত্বং প্রতিপদ্যতে, জ্ঞানিনঃ পুনঃ তৎকালং অপি অনর্থানুসন্ধানাৎ দুঃখহেতুঃ এব ইতি নিত্যবৈরিণা ইতি উক্তং। কিঞ্চ বিষয়ৈঃ পূর্য্যমাণঃ অপি যঃ দুষ্পূরঃ—অপূর্য্যমাণঃ, তু শোকসন্তাপহেতুত্বাৎ অনলতুল্যঃ অনেন সর্ব্বান্ প্রতি বৈরিত্বং উক্তং ॥ ৩৯ ॥

জ্ঞানিনঃ = বিবেকিনঃ। নিত্যবৈরিণা = চিরশত্রুণা।

দুষ্পূরেণ = দুঃখেন পূরণমস্যেতি দুষ্পূরঃ তেন। কামরূপেণ = কাম ইচ্ছেব রূপমস্যেতি কামরূপঃ তেন। অনলেন = ন অস্য অলং পর্য্যাপ্তির্ব্বিদ্যতে ইতি অনলঃ তেন; সমধিক বস্তু ভোগ করিয়াও যাহার তৃপ্তি হয় না।

মূর্খের কথা কি বলিব, কামরূপ জ্ঞানীদিগেরও পরম শত্রু। বিষয়ভোগকালে কামনা আমাদিগের নিকট পরম মিত্র স্বরূপ বোধহয় কিন্তু পরিণামে চিরদুঃখের কারণ হয়। কামনা কিরূপে শনৈঃ শনৈঃ জ্ঞানকে আবৃত করে তাহার দৃষ্টান্ত প্রদর্শন করিয়া ভগবান্ ইহাকে ভীমভক্ষক অনলের সহিত উপমা দিলেন। মনু বলিয়াছেন

"ন জাতু কামঃ কামানাং, উপভোগেন শাম্যতি।
হবিষা কৃষ্ণবর্ত্মেব, ভূয় এবাভি বর্দ্ধতে"।

"ভোগদ্বারা কামনার শান্তি হয় না, অগ্নি যেরূপ ঘৃতদ্বারা অধিকতর বর্দ্ধিত হয় তদ্রূপ কামনা উপভোগদ্বারা দিন দিন বর্দ্ধিত হয়"। শোকসন্তাপাদি পরিপূর্ণ কামরূপ ভীমভক্ষক অনলের ন্যায় আত্মজ্ঞানকে সমাচ্ছন্ন করিয়া রাখে ॥ ৩৯ ॥

39. Having described the action of "Kama" Srikrishna compares it with fire which increases with feeding. The metaphor is very appropriate

তস্মাত্ত্বমিন্দ্রিয়াণ্যাদৌ, নিয়ম্য ভরতর্ষভ।
পাপ্মানং প্রজহি হ্যেনং, জ্ঞানবিজ্ঞাননাশনম্ ॥ ৪১ ॥

ভো ভরতর্ষভ! তস্মাৎ ত্বং আদৌ ইন্দ্রিয়াণি নিয়ম্য এনং জ্ঞানবিজ্ঞান-নাশনং পাপ্মানং হি প্রজহি ॥ ৪১ ॥

অতএব হে ভরতশ্রেষ্ঠ! তুমি সর্ব্বাগ্রে ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়া এই জ্ঞান ও বিজ্ঞানের নাশকারী পাপরূপ কামনাকে পরিত্যাগ কর ॥ ৪১ ॥

41. Therefore, O Chief of Bharata! restrain thy senses first, and abandon this sinful desire, so destructive of wisdom and practical knowledge.

---

as the desires which are full of sorrows and anxieties, have all the consuming powers of a raging fire. The fire consumes objects, but in the case of wisdom, *Kama* cannot consume it, but covers it like a screen. Hence the word "আবৃতং" is used.

স্বামী। ইদানীং তস্য অধিষ্ঠানং কথয়ন্ জয়োপায়ং আহ—ইন্দ্রিয়াণি ইতি দ্বাভ্যাং। বিষয়দর্শনশ্রবণাদিভিঃ সঙ্কল্পেন অধ্যবসায়েন চ কামস্য আবির্ভাবাৎ ইন্দ্রিয়াণি চ মনঃ চ বুদ্ধিঃ চ অস্য অধিষ্ঠানং উচ্যতে। এতৈঃ—ইন্দ্রিয়াদিভিঃ, দর্শনাদিব্যাপারবদ্ভিঃ আশ্রয়-ভূতৈঃ বিবেকজ্ঞানং আবৃত্য দেহিনং বিমোহয়তি ॥ ৪০ ॥

ইন্দ্রিয়াণি=চক্ষুঃশ্রোত্রাদীনি হস্তপদাদীনি চ। মনঃ=সঙ্কল্পাত্মকং। বুদ্ধিঃ=অধ্য-বসায়াত্মিকা। অস্য=কামস্য। অধিষ্ঠানং=আশ্রয়ঃ। এষঃ=কামঃ। এতৈঃ=ইন্দ্রিয়গণৈঃ। জ্ঞানং=বিবেকজন্যতত্ত্বজ্ঞানং। আবৃত্য=আচ্ছাদ্য। দেহিনং=দেহাভি-মানিনং, শরীরিণং।

কামনার কার্য্য ও কামনার রূপ ব্যাখ্যা করিয়া ভগবান্ কামনার ত্রিবিধ অধিষ্ঠান-ভূমির বিষয় বর্ণনা করিতেছেন। জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়গণদ্বারা কামনার বিষয় দর্শনাদি, মনদ্বারা মনন ও বুদ্ধিদ্বারা নিদিধ্যাসন করিয়া মানবগণ মোহজালে জড়িত হয়। পূর্ব্বে নির্দ্দেশ করা হইয়াছে যে, মানবপ্রকৃতি সপ্তভাগে বিভক্ত, তন্মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ আত্মা নিষ্ক্রিয়। কামরূপ আত্মাব্যতীত সমস্ত মানব প্রকৃতিকেই মোহপাশে আবদ্ধ করে ॥ ৪০ ॥

40. *Kama* or the animal soul governs the mind, the spiritual soul and the gross body with its organs of knowledge and work. Of the seven principles in the constitution of man, the Spirit (আত্মা) is free from its influence, but the remaining six principles are guided by *Kama*. This

ইন্দ্রিয়াণি পরাণ্যাহুঃ, ইন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ।
মনসস্তু পরা বুদ্ধিঃ, বুদ্ধের্যঃ পরতস্তু সঃ ॥ ৪২ ॥

ইন্দ্রিয়াণি পরাণি আহুঃ। ইন্দ্রিয়েভ্যঃ মনঃ পরং, মনসঃ বুদ্ধিঃ পরা, বুদ্ধেঃ তু পরতঃ যঃ সঃ (আত্মা) ॥ ৪২ ॥

স্থূলদেহহইতে ইন্দ্রিয়গণকে শ্রেষ্ঠ বলে। ইন্দ্রিয়গণহইতে মনঃশ্রেষ্ঠ, মনহইতে বুদ্ধি শ্রেষ্ঠ এবং বুদ্ধিহইতে যিনি শ্রেষ্ঠ তিনিই সেই আত্মা ॥৪২॥

42. It is said that the organs of senses are greater than the body, that the mind is greater than the senses, that the will is greater than the mind and greatest of all is the Spirit.

---

potent factor in the human constitution prevents the mind and the spiritual soul from reaching the Spirit which is the highest principle.

স্বামী। যস্মাৎ এবং তস্মাৎ ইতি। তস্মাৎ আদৌ—বিমোহাৎ পূর্ব্বং এব, ইন্দ্রিয়াণি মনঃ বুদ্ধিং চ নিয়ম্য পাপ্মানং—পাপরূপং, এনং—কামং, হি—স্ফুটং, প্রজহি—ঘাতয়। যদ্বা প্রজহি—পরিত্যজ, জ্ঞানং আত্মবিষয়ং, বিজ্ঞানং শাস্ত্রীয়ং, তয়োঃ নাশনং। যদ্বা জ্ঞানং শাস্ত্রাচার্য্যোপদেশজং, বিজ্ঞানং নিদিধ্যাসনজং, "তমেব ধীরো বিজ্ঞায় প্রজ্ঞাং কুর্ব্বীত" ইতি শ্রুতেঃ ॥ ৪১ ॥

আদৌ = মোহাৎ পূর্ব্বং। ইন্দ্রিয়াণি = চক্ষুঃ শ্রোত্রাদীনি। নিয়ম্য = বশীকৃত্য। এনং = কামং। জ্ঞানং = শাস্ত্রাচার্য্যোপদেশজং আত্মাদীনাং অবরোধঃ; শাস্ত্র ও আচার্য্যের উপদেশ-সম্ভূত আত্মাদির অবরোধকে জ্ঞান বলে। বিজ্ঞানং = বিশেষত স্তদনুভবঃ; বিশেষরূপে আত্মার অনুভব। পাপ্মানং = সর্ব্বপাপ মূলীভূতং। প্রজহি = আত্মনঃ পরিত্যজ। আত্মা-হইতে পরিত্যাগ কর। ভরতর্ষভ = ভরতশ্রেষ্ঠ।

ভগবান্ কামনাকে উত্তমরূপে বর্ণন করিয়া, তাহাকে কিরূপে বিনাশ করিতে হইবে তাহার উপদেশ দিতেছেন। ইন্দ্রিয়গণকে বশীভূত করিতে পারিলে কামরূপকে জয় করা যায়। যিনি কামরূপকে জয় করিতে বাসনা করেন সর্ব্বাগ্রে ইন্দ্রিয়গণ ও মনকে বশীভূত করা তাঁহার নিতান্ত আবশ্যক। কারণ অসংযতেন্দ্রিয়ের কোন কার্য্যই সিদ্ধ হয় না। অর্জ্জুনকে ভরতর্ষভ সম্বোধন করিয়া ভগবান্ ইহাই ইঙ্গিত করিলেন যে তুমি যে মহাবংশে জন্মগ্রহণ করিয়াছ তাহাতে ইন্দ্রিয়সংযম তোমার অসাধ্য নহে ॥ ৪১ ॥

41. The action, the nature and the abodes of *Kama,* having been described, hints are given as to how it can be governed. The first step is to restrain the senses and the mind. When these have been governed, it will not be difficult to render *Kama* obedient to the will.

স্বামী। যত্র চিত্তপ্রণিধানেন ইন্দ্রিয়াণি নিয়ন্তুং শক্যন্তে তদা আত্মস্বরূপং দেহাদিভ্যঃ বিবিচ্য দর্শয়তি—ইন্দ্রিয়াণি ইতি। ইন্দ্রিয়াণি দেহাদিভ্যঃ গ্রাহ্যেভ্যঃ পরাণি—শ্রেষ্ঠানি, আহুঃ সূক্ষ্মত্বাৎ প্রকাশকত্বাৎ চ অতএব তদ্ব্যতিরিক্তত্বং অপি অর্থাৎ উক্তং ভবতি। ইন্দ্রিয়েভ্যঃ চ সঙ্কল্পাত্মকং মনঃ পরং তৎপ্রবর্ত্তকত্বাৎ। মনসঃ তু নিশ্চয়াত্মিকা বুদ্ধিঃ পরা নিশ্চয়পূর্ব্বকত্বাৎ সঙ্কল্পস্য। যঃ তু বুদ্ধেঃ পরতঃ তৎসাক্ষিত্বেন অবস্থিতঃ সর্ব্বান্তরঃ সঃ আত্মা তং বিমোহয়তি দেহিনং ইতি দেহিশব্দোক্তঃ আত্মা সঃ ইতি পরামৃশ্যতে ॥ ৪২ ॥

ইন্দ্রিয়াণি = শ্রোত্রাদীনি। পরাণি = স্থূলং বাহ্যং পরিচ্ছিন্নং চ, দেহমপেক্ষ্য সৌক্ষ্ম্যান্তরস্থত্ব ব্যাপিত্বাৎ শ্রেষ্ঠানি। আহুঃ = কথয়ন্তি, শ্রুতয়ঃ। পরং – সঙ্কল্পাত্মকং মনঃ শ্রেষ্ঠং। বুদ্ধিঃ = নিশ্চয়াত্মিকা, নিশ্চয়পূর্ব্বকত্বাৎ সঙ্কল্পস্য। সঃ – আত্মা।

ইন্দ্রিয়দিগকে বশীভূত করিয়া কামকে জয় করত কাহার আশ্রয় গ্রহণ করিতে হইবে ভগবান্ তাহা নির্দ্দেশ করিতেছেন। স্থূলদেহহইতে চক্ষুঃ কর্ণ নাসিকাপ্রভৃতি জ্ঞানেন্দ্রিয় শ্রেষ্ঠ, কারণ ইন্দ্রিয়গণদ্বারা জড়দেহ পরিচালিত হইতেছে এবং স্থূলদেহহইতে ইন্দ্রিয়গণ সূক্ষ্মতত্ত্বের অধিকতর প্রকাশক, ব্যাপক ও অন্তঃস্থ। ইন্দ্রিয়গণহইতে মনঃ শ্রেষ্ঠ, কারণ মনের সঙ্কল্পাদিগুণদ্বারা ইন্দ্রিয়গণ পরিচালিত হইতেছে। মনহইতে বুদ্ধি শ্রেষ্ঠ, যেহেতু নিশ্চয়াত্মিকা বুদ্ধি ভিন্ন মনের সঙ্কল্পাদিগুণের বিকাশ হয় না। বুদ্ধিহইতে আত্মা শ্রেষ্ঠ, কারণ আত্মার সাহায্য ব্যতীত ব্যবসায়াত্মিকা বুদ্ধির প্রকাশ হয় না, অতএব মুমুক্ষুগণ কামনাকে পরিত্যাগ করিয়া আত্মার আশ্রয় গ্রহণ করিবে ॥ ৪২ ॥

42. In this verse, the superiority of the Spirit is shewn. Abandoning all desires, the mind should rest in Spirit. This is the be-all and the end-all of the Karma-Yog. In ordinary man the governing power of Spirit is not visible. The organs of senses, guide the body, the mind guides the organs of senses, the will controls the mind and the Spirit restrains the will. The man in whom the Spirit of God exercises the greatest influence, is said to live in spirit. In him, the body, senses, mind and will perform their respective duties all guided by the pure light of " Atma."

এবং বুদ্ধেঃ পরং বুদ্ধা, সংস্তভ্যাত্মান মাত্মনা।
জহি শত্রুং মহাবাহো, কামরূপং দুরাসদম্ ॥ ৪৩ ॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে কর্ম্মযোগো
নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

ভো মহাবাহো! এবং বুদ্ধেঃ পরং বুদ্ধা আত্মানং আত্মনা সংস্তভ্য কাম-রূপং দুরাসদং শত্রুং জহি ॥ ৪৩ ॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতান্বয়ে তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

হে বীরশ্রেষ্ঠ! এই প্রকারে পরমাত্মাকে বুদ্ধিহইতে শ্রেষ্ঠ অবগত হইয়া নিশ্চয়াত্মিকা বুদ্ধিদ্বারা মনকে স্থির করিয়া দুর্জ্জেয় কামনারূপ শত্রুকে জয় কর ॥ ৪৩ ॥

বেদব্যাস প্রণীত শতসহস্র শ্লোকপূর্ণ ধর্ম্মশাস্ত্রে শ্রীমহাভারত গ্রন্থে ভীষ্মপর্ব্বাধ্যায়ে
বেদের শাখাস্বরূপ শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে যোগ-শাস্ত্রে
ব্রহ্মবিদ্যায় কর্ম্মযোগ নামক তৃতীয় অধ্যায় ॥ ৩ ॥

43. O mighty hero! thus perceiving the Spirit to be superior to all, and fixing thy mind with the aid of spiritual intelligence, vanquish thy dreadful enemy—the insatiable desire.

HERE ENDETH CHAPTER III. OF THE BHAGBATH GITA
ENTITLED "KARMA-YOG" OR THE
RELIGION OF WORK.

স্বামী। উপসংহরতি——এবং ইতি। "বুদ্ধেঃ এব বিষয়েন্দ্রিয়জন্যাঃ কামাদিবিক্রিয়াঃ, আত্মা তু নির্ব্বিকারঃ তৎসাক্ষী" ইতি এবং বুদ্ধেঃ পরমাত্মানং বুদ্ধা আত্মনা এবং ভূতয়া নিশ্চয়াত্মিকয়া বুদ্ধ্যা, আত্মানং—মনঃ, সংস্তভ্য—নিশ্চলং কৃত্বা, কামরূপিনং শত্রুং জহি—মারয়, দুরাসদং—দুঃখেন আসাদনীয়ং, দুর্ব্বিজ্ঞেয়ং ইত্যর্থঃ ॥

স্বধর্ম্মেণ যমারাধ্য, ভক্ত্যা মুক্তিমিতা বুধাঃ।
তং কৃষ্ণং পরমানন্দং, তোষয়েৎ সর্ব্বকর্ম্মভিঃ ॥ ৪৩ ॥

ইতি শ্রীধরস্বামি কৃতটীকায়াং কর্ম্মযোগো নাম তৃতীয়োঽধ্যায়ঃ ॥ ৩ ॥

বুদ্ধেঃ—নিশ্চয়াত্মিকা বুদ্ধিহইতে। পরং=শ্রেষ্ঠং। আত্মনা=নিশ্চয়াত্মিকয়া বুদ্ধ্যা। আত্মানং=মনঃ। সংস্তভ্য=নিরুধ্য। দুরাসদং=(দুর্+আ+সদ)=দুর্ব্বিজ্ঞেয়ং; যাহার স্বভাব স্বরূপতঃ পরিজ্ঞাত হওয়া অতীব কঠিন ব্যাপার। শত্রুং=সকলপুরুষার্থ-বিনাশকারিণং। জহি=পরিত্যাজ, মারয়।

আত্মাকে সর্ব্বশ্রেষ্ঠরূপে অবগত হইয়া কি করিতে হইবেক, ভগবান্ তদ্বিষয় উপদেশ প্রদান করিয়া কর্ম্মযোগের উপসংহার করিলেন। প্রথমতঃ ইন্দ্রিয়গণকে সংযত করিয়া কামনা সকল পরিত্যাগ করিবে। তৎপর নিষ্কাম কর্ম্মানুষ্ঠানদ্বারা নিশ্চয়াত্মিকা বুদ্ধির বিকাশ হইলে, তদ্বারা মনকে পরমাত্মায় স্থির করিবে। শ্রীমান্ মধুসূদন স্বরস্বতী নিম্নলিখিত শ্লোকদ্বারা তৃতীয় অধ্যায়ের সারভাগ প্রকাশ করিয়াছেন।

উপায়াঃ কর্ম্মনিষ্ঠাত্র, প্রাধান্যেনোপসংহৃতা।
উপেয়া জ্ঞাননিষ্ঠা তু, তদ্গুণত্বেন কীর্ত্তিতা॥

ভগবান্ তৃতীয় অধ্যায়ে কর্ম্মনিষ্ঠাকে জ্ঞাননিষ্ঠার প্রধান উপায় এবং কর্ম্মনিষ্ঠাহইতে জ্ঞাননিষ্ঠার উৎপত্তি নির্দ্দেশ করিলেন॥ ৪৩॥

ইতি "গীতার্থ প্রবোধ নামক" বাঙ্গালা ভাষ্যের তৃতীয় অধ্যায় সমাপ্ত॥ ৩॥

43. Srikrishna concludes this chapter on Karma-Yog or Virtue in Work by remarks to the following effect. Spirit is the highest principle in man. Every one should incessantly strive to reach this highest goal of human existence. It is impossible to attain this blessed stage until the senses are fully restrained and desires abandoned. For this, work must precede wisdom. By working incessantly for human good one may acquire a spiritual will by which the Spirit can be reached. When man sees the Spirit of God everywhere, he is said to be in Spirit.

HERE ENDS CHAPTER III. OF THE ENGLISH COMMENTARY ON BHAGABATH GITA.

———o———

চতুর্থোঽধ্যায়ঃ ।

Book IV.

জ্ঞান-যোগঃ ।

THE RELIGION OF KNOWLEDGE.

শ্রীভগবানুবাচ ।

ইমং বিবস্বতে যোগং, প্রোক্তবানহমব্যয়ম্ ।
বিবস্বান্ মনবে প্রাহ, মনুরিক্ষ্বাকবে ঽব্রবীৎ ॥ ১ ॥

শ্রীভগবান্ উবাচ ।

অহং ইমং অব্যয়ং যোগং বিবস্বতে প্রোক্তবান্, বিবস্বান্ মনবে প্রাহ, মনুঃ ইক্ষ্বাকবে অব্রবীৎ ॥ ১ ॥

ভগবান্ কহিলেন ।

আমি এই অক্ষয়ফলদায়ক কর্ম্মযোগ প্রথমে সূর্য্যকে বলিয়াছিলাম, সূর্য্য মনুকে বলিয়াছিলেন এবং মনু ইক্ষ্বাকুর নিকট প্রকাশ করিয়াছিলেন ॥ ১ ॥

SRIKRISHNA SAID.

1. I first taught this everlasting Karma-Yog to Surja who disclosed it to Manu, and Manu revealed it unto Ikshwaku.

শ্রীধরস্বামী । আবির্ভাবতিরোভাবৌ, আবিষ্কর্ত্তুং স্বয়ং হরিঃ ।
তত্ত্বংপদবিবেকার্থং, কর্ম্মযোগং প্রশংসতি ॥

এবং তাবৎ অধ্যায়দ্বয়েন কর্ম্মযোগোপায়কজ্ঞানযোগঃ, মোক্ষসাধনত্বেন উক্তঃ তং এব ব্রহ্মার্পণাদিগুণবিধানেন তৎত্বংপদার্থবিবেকাদিনা চ প্রপঞ্চয়িষ্যন্ প্রথমং তাবৎ পরম্পরাপ্রাপ্তত্বেন ত্রিভিঃ স্তুবন্ শ্রীভগবান্ উবাচ—ইমং ইতি । অব্যয়ফলত্বাৎ অব্যয়ং, ইমং—যোগং, পুরা অহং বিবস্বতে—আদিত্যায়, কথিতবান্, সচ স্বপুত্রায় মনবে—শ্রাদ্ধদেবায়, প্রাহ ; সচ মনুঃ স্বপুত্রায় ইক্ষ্বাকবে অব্রবীৎ ॥ ১ ॥

অহং = ভগবান্ বাসুদেবঃ ; সর্ব্বজগৎপরিপালকঃ । ইমং = অধ্যায়দ্বয়েনোক্তং ; দ্বিতীয় এবং তৃতীয় অধ্যায়ে উক্ত । অব্যয়ং = অব্যয়বেদমূলত্বাৎ, অব্যয়মোক্ষফলত্বাচ্চ নব্যেতি স্বফলাদিত্যব্যয়ং ; অবিনাশী বেদহইতে উৎপন্ন এবং অক্ষয়মোক্ষফলদায়ক । যোগং = কর্ম্ম-

এবং পরম্পরাপ্রাপ্তং, ইমং রাজর্ষয়ো বিদুঃ।
স কালেনেহ মহতা, যোগো নষ্টঃ পরন্তপ ॥ ২ ॥

রাজর্ষয়ঃ এবং পরম্পরাপ্রাপ্তং ইমং (যোগং) বিদুঃ। ভোঃ পরন্তপ! সঃ যোগঃ ইহ মহতা কালেন নষ্টঃ ॥ ২ ॥

এইরূপে পরম্পরাগত এই যোগ অন্যান্য রাজর্ষিগণ অবগত হইয়াছিলেন। হে শত্রুতাপন অর্জ্জুন! সেই যোগ ইহ লোকে কালক্রমে বিনষ্ট হইয়াছে ॥ ২ ॥

2. In this way this Karma-Yog was handed down to kings of immaculate virtues. But, O Scourge of Foes! in course of time the truths were lost.

নিষ্ঠোপায়লভ্যং জ্ঞাননিষ্ঠালক্ষণং; কর্ম্মনিষ্ঠারূপ কর্ম্মযোগদ্বারা লভ্য জ্ঞাননিষ্ঠারূপ জ্ঞানযোগ। বিবস্বতে=(বিবস্বৎ=বি+বস্+বৎ) (বি=বিবিধপ্রকার, বস্=বসন, যাহার বিবিধপ্রকার তেজোরূপ আবরণ, অর্থাৎ সূর্য্য) সর্ব্বক্ষত্রিয়বংশবীজভূতায়াদিত্যায়। প্রোক্তবান্=প্রকর্ষেণ সর্ব্বসন্দেহোচ্ছেদাদিরূপেণোক্তবান্; সর্ব্বপ্রকার সন্দেহ উচ্ছেদপূর্ব্বক বলিয়াছিলেন। মনবে=বৈবস্বতমনবে; সূর্য্যপুত্র মনুকে। প্রাহ=উক্তবান্; বলিয়াছিলেন। ইক্ষ্বাকবে=স্বপুত্রায় আদিরাজায়; স্বকীয় পুত্র আদিরাজ ইক্ষ্বাকুকে।

সাংখ্য এবং কর্ম্মযোগাধ্যায়ে বর্ণিত উপদেশ সকল যে অত্যন্ত পুরাতন, তাহাই ভগবান্ এই শ্লোকদ্বারা প্রকাশ করিলেন। ভগবান্ কহিলেন হে অর্জ্জুন! সৃষ্টির প্রারম্ভে আমি পরমাত্মরূপী বাসুদেব ক্ষত্রিয়দিগের আদিপুরুষ সূর্য্যের নিকট জ্ঞানযোগের একমাত্র উপায় কর্ম্মযোগ প্রকাশ করিয়াছিলাম, সূর্য্য ক্ষত্রিয়দিগের আদি পুরুষ মনুকে এইযোগ শিক্ষাদিয়াছিলেন। মনু তাঁহার পুত্র ইক্ষ্বাকুকে এবং ইক্ষ্বাকু তাঁহার পুত্রগণকে এই যোগের উপদেশ প্রদান করিয়াছিলেন। ক্ষত্রিয়গণ এই যোগবলে ভারতে ধর্ম্মরাজ্য সংস্থাপন করত পরমপুরুষার্থলাভ করিয়াছিলেন। বৈবস্বত মনু সূর্য্যহইতে বীর্য্যলাভ করিয়াছিলেন এবং তাঁহাহইতে ক্ষত্রিয় রাজর্ষিগণ এই কর্ম্মযোগশিক্ষা করিয়া পরিণামে মুক্তিলাভ করিয়াছিলেন। অতএব যে কর্ম্মযোগের উপদেশ দিলাম তাহা অত্যন্ত পুরাতন ও পরম্পরাগত ক্ষাত্রতেজঃ উদ্দীপক ॥ ১ ॥

1. This verse shews that the instructions regarding the Karma-Yog contained in Books II and III have been the guide and support of the Kshatriya race from a very ancient time. Surja (Sun-god) is here put for creation. Manu the first man ("আদিম মানব" or Adam) learnt this Karma-Yog from the creation which is a manifestation of the Universal Spirit (Srikrishna). Manu revealed the Karmic laws to his son, Ikshwaku, from whom they were handed down to the ruling race.

স এবায়ং ময়া তে ঽদ্য, যোগঃ প্রোক্তঃ পুরাতনঃ।
ভক্তো ঽসি মে সখা চেতি, রহস্যং হ্যেতদুত্তমম্ ॥ ৩ ॥

(ত্বং) মে ভক্তঃ সখা চ অসি ইতি (হেতোঃ) অদ্য অয়ং সঃ পুরাতনঃ যোগঃ তে এব ময়া প্রোক্তঃ এতৎ উত্তমং রহস্যং॥ ৩ ॥

তুমি আমার ভক্ত ও সখা বলিয়া অদ্য এই সেই পুরাতন সাংখ্য এবং কর্ম্মযোগের উত্তম গূঢ় তত্ত্ব তোমার নিকট কীর্ত্তন করিলাম ॥ ৩ ॥

3. This day I have revealed unto thee this ancient Yog of "supreme mystery" as thou art my votary and my friend.

This verse is intended to prove three things, viz., (*i*) the Karma-Yog which has guided and supported the Kshatriyas is as old as the creation; (*ii*) the soul of man had existed even before the world was created ; and (*iii*) that Srikrishna is an Avatar who rises up from age to age to instruct the world about this Karma-Yog.

স্বামী। এবং ইতি। এবং রাজানঃ চ তে ঋষয়ঃ চ ইতি, অন্যে অপি রাজর্ষয়ঃ—নিমি-প্রমুখাঃ, স্বপিত্রাদিভিঃ—ইক্ষ্বাকুপ্রমুখৈঃ, প্রোক্তং ইমং—যোগং, বিদুঃ—জানন্তিস্ম। অদ্যতনানাং অজ্ঞানে কারণং আহ—হে পরন্তপ—শত্রুতাপন, সঃ যোগঃ কালবশাৎ ইহ—লোকে, নষ্টঃ—বিচ্ছিন্নঃ ॥ ২ ॥

এবং = ইত্থং। পরম্পরাপ্রাপ্তং = সূর্য্যমারভ্য গুরুশিষ্যপরম্পরয়া লব্ধং। রাজর্ষয়ঃ = ঐশ্বর্য্যসম্পন্নিমত্বং রাজত্বং, সূক্ষ্মার্থনিরীক্ষণক্ষমত্বং ঋষিত্বং এতদুভয়বিশিষ্টাঃ জনকাদয়ঃ; যাহারা ঐশ্বর্য্য ও আত্মজ্ঞান সম্পন্ন। পরন্তপঃ = (পরং = কামদোষাদিরূপং শত্রুগণং শৌর্য্যেণ বলবতা বিবেকেন তপসাচ ভানুরিব তাপয়তি যঃ স পরন্তপঃ) জিতেন্দ্রিয়ঃ ইত্যর্থঃ। সঃ = লোকপরম্পরয়া প্রাপ্তঃ। মহতা কালেন = দীর্ঘেণ সময়েন। ইহ = ধর্ম্মহ্রাসকারণে আবরোর্ব্যবহারকালে দ্বাপরান্তে; ধর্ম্মহ্রাসের নিদানীভূত দ্বাপরের শেষে অর্থাৎ কলির সন্ধ্যায়। নষ্টঃ = বিচ্ছিন্নঃ।

এই কষ্টসাধ্য কর্ম্মযোগ, নিমি, জনক, কৈকেয়, দশরথ, এবং শ্রীরামাদি রাজর্ষিগণ, স্বীয় স্বীয় পিতাও আচার্য্যের নিকট অবগত হইয়া কার্য্যে পরিণত করিয়াছিলেন। কিন্তু দ্বাপরযুগান্তে মানবগণ, কামদোষাদিদ্বারা পরবশ হইলে এই কর্ম্মযোগের গুহ্য তত্ত্ব ক্রমে ক্রমে অন্তর্হিত হইয়া যায়। অজিতেন্দ্রিয়তানিবন্ধন মানবমনঃ এতই দুর্ব্বলতা প্রাপ্ত হইয়াছে যে তদ্দ্বারা তাহাদিগের এই কঠোর যোগানুষ্ঠান অসম্ভব হইয়া উঠিয়াছে ॥ ২ ॥

2. রাজর্ষয়ঃ = Kings who had become sages by devotion. The sage-kings of the past, Nimi, Janaka and others practised this Karma-Yog,

অর্জ্জুন উবাচ।

অপরং ভবতো জন্ম, পরং জন্ম বিবস্বতঃ।
কথমেতদ্বিজানীয়াং, ত্বমাদৌ প্রোক্তবানিতি ॥ ৪ ॥

অর্জ্জুনঃ উবাচ।

ভবতঃ জন্ম অপরং, বিবস্বতঃ জন্ম পরং ইতি ত্বং আদৌ (যোগং) প্রোক্তবান্, এতৎ কথং বিজানীয়াং? ॥ ৪ ॥

অর্জ্জুন কহিলেন।

অতি অল্পদিন হইল আপনার জন্ম হইয়াছে সৃষ্টির প্রারম্ভে সূর্য্যের জন্ম হয়, তবে আপনি সূর্য্যকে সৃষ্টির প্রারম্ভে এই যোগের উপদেশ দিয়াছিলেন আমি তাহা কি প্রকারে জানিতে পারি ॥ ৪ ॥

ARJUNA SAID.

4. Thy birth has taken place of late whereas Surja was created in the beginning of the world. How can I comprehend that in the beginning thou didst teach Surja.

but with the gradual disappearance of self-restraint and worship, the truths of this system of Yog have vanished away.

স্বামী। স এবায়ং ইতি। সঃ এব অয়ং যোগঃ, বিচ্ছিন্নে সম্প্রদায়ে সতি পুনঃ ময়া তে—তুভ্যং, উক্তঃ, যতঃ ত্বং মম ভক্তঃ অসি সখা চ, অন্যস্মৈ ময়া ন উচ্যতে, হি—যস্মাৎ, এতৎ উত্তমং রহস্যং ॥ ৩ ॥

স এবায়ং — পূর্ব্বমুপদিষ্টঃ, যং বিনা চ পুরুষার্থো ন লভ্যতে। পুরাতনঃ — অনাদি পরম্পরাগতঃ। অদ্য — সম্প্রদায়বিচ্ছেদকালে; উপদেষ্টা এবং উপদেশের যথার্থ পাত্রের অভাবে ধর্ম্মতত্ত্বসকল ভিন্নভিন্নরূপে প্রচারের সময়। ময়া — অতিস্নিগ্ধেন ভগবতা। তে — তুভ্যং। সখা — সমানবয়াঃ, স্নিগ্ধঃ; সহায়। ভক্তঃ — শরণাগতঃ। রহস্যং — অতিগোপ্যং ॥

ভগবান্ কহিলেন, অর্জ্জুন! উত্তমাধিকারীতেই যোগোপদেশ দেওয়া কর্ত্তব্য। আত্মজ্ঞানহীন অজিতেন্দ্রিয় ব্যক্তি যোগী হইতে পারে না, সুতরাং তাহাকে যোগের উপদেশ প্রদান করিলে, কেবল অনর্থের কারণ হয়। পুরাকালহইতে ক্ষত্রিয়গণ এইজ্ঞান ও কর্ম্মযোগানুষ্ঠান করিয়া বলবীর্য্যসম্পন্ন হইয়াছিলেন। কিন্তু কালপ্রভাবে তাহারা কামক্রোধাদিদ্বারা অভিভূত ও যোগবিচ্যুত হইয়া শোচনীয় অবস্থা প্রাপ্ত হইয়াছে। তোমাকে যোগাধিকারী মনে করিয়া আমি সেই অব্যয় পরম্পরাগত যোগ অদ্য তোমার নিকটে

শ্রীভগবানুবাচ।

বহূনি মে ব্যতীতানি, জন্মানি তব চার্জ্জুন।
তান্যহং বেদ সর্ব্বাণি, ন ত্বং বেত্থ পরন্তপ ॥ ৫ ॥

শ্রীভগবান্ উবাচ।

ভোঃ পরন্তপ অর্জ্জুন! মে তব চ বহূনি জন্মানি ব্যতীতানি, অহং তানি সর্ব্বাণি বেদ, ত্বং (তানি) ন বেত্থ ॥ ৫ ॥

ভগবান্ কহিলেন।

হে শক্রতাপন অর্জ্জুন! আমার ও তোমার বহুজন্ম অতীত হইয়াছে। কিন্তু আমার সেই সমস্তজন্মবৃত্তান্তই স্মরণ আছে তুমি তাহা অবগত নহ ॥ ৫ ॥

SRIKRISHNA SAID.

5. O Scourge of thy Foes! thou and I have passed through many a birth, I remember them, but them thou knowest not.

প্রকাশ করিলাম। আমার নিতান্ত ইচ্ছা যে উত্তমাধিকারীর নিকট এই গুহ্যতম যোগ পুনঃ প্রচারিত হয় ॥ ৩ ॥

3. The two necessary qualifications in a disciple who receives religious instructions, are (*i*) faith *i. e.* an ardent love for truths, and (*ii*) a perfect dependence on the superiority of the instructor. Srikrishna gave the instructions to Arjuna as he found that he possessed these two qualifications. That which is hidden in a few is called a mystery. This Yog system which was known to Srikrishna only is properly styled "supreme mystery."

স্বামী। ভগবতঃ বিবস্বন্তং প্রতি যোগোপদেশাসম্ভবং পশ্যন্, অর্জ্জুন উবাচ—অপরং ইতি। অপরং—অর্ব্বাচীনং, তব জন্ম। পরং—প্রাক্কালীনং, বিবস্বতঃ জন্ম, তস্মাৎ তব অধুনাতনত্বাৎ "চিরন্তনায় বিবস্বতে ত্বং আদৌ যোগং প্রোক্তবান্" ইতি এতৎ কথং অহং জানীয়াং—জ্ঞাতুং শক্নুয়াং ॥ ৪ ॥

অপরং—অল্পকালীনং; ইদানীন্তন। ভবতো জন্ম—তব শরীরগ্রহণং। পরং—বহুকালীনং সর্গাদিভবং; সৃষ্টির প্রাক্কাল সম্ভূত। বিবস্বতঃ—আদিত্যস্ত।

ভগবান্ শ্রীকৃষ্ণ কিরূপে সৃষ্টির প্রাক্কালে সূর্য্যকে এই জ্ঞান ও কর্ম্মযোগের উপদেশপ্রদান করিয়াছিলেন এবং যদি তিনি পুরাকালে কোন দেহ ধারণ করিয়া থাকেন, তবে সে বিষয় বর্ত্তমান জীবনে কিপ্রকারে তাঁহার স্মৃতিপথে উদিত হইবে অর্জ্জুন তাহা

বুঝিতে পারিলেন না। এই শ্লোকদ্বারা অর্জ্জুন ত্রিবিধ প্রশ্নের ইঙ্গিত করিলেন। প্রথম—শ্রীকৃষ্ণ ইত্যগ্রে জীবন ধারণ করিয়াছিলেন কিনা, কারণ অর্জ্জুনের নিকট শ্রীকৃষ্ণের জীবনধারণের কোন কারণ লক্ষিত হয় নাই। দ্বিতীয়—কি উদ্দেশে তিনি জীবন ধারণ করেন। তৃতীয়—পূর্ব্বজন্ম বৃত্তান্ত কি প্রকারে তাঁহার স্মৃতিগোচর হইল। ভগবান্ পঞ্চম, ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্লোকদ্বারা এই ত্রিবিধ প্রশ্নের উত্তর প্রদান করিবেন। ৪।

4. For the moment Arjuna forgot that Srikrishna was a representation of the Universal Spirit and that the soul was liable to a series of incarnations. He could not, therefore, comprehend that Srikrishna could possibly exist at the beginning of the creation.

স্বামী। রূপান্তরেণ উপদিষ্টবান ইতি অভিপ্রায়েণ উত্তরং শ্রীভগবান্ উবাচ—বহূনি ইতি। তানি অহং বেদ—বেদ্মি, অলুপ্তবিদ্যাশক্তিত্বাৎ। ত্বং তু ন বেত্থ—ন বেৎসি, অবিদ্যাবৃতত্বাৎ॥ ৫॥

বহূনি=বহুসংখ্যকানি। মে=মম। ব্যতীতানি=অতিক্রান্তানি। বেদ=জানে। ন বেত্থ=ন জানীষে।

যেমন সূর্য্য সর্ব্বদা প্রকাশমান থাকা সত্ত্বেও আমাদিগের নিকট তাঁহার উদয় অস্ত বোধ হইতেছে, তদ্রূপ জীবাত্মা অমর ও সর্ব্বদা প্রকাশিত থাকাসত্ত্বেও দেহধারণ জন্ম আমরা তাহাকে মরণ ও পরিবর্ত্তনশীল বলিয়া জ্ঞান করি। ভগবান্ কহিলেন, অনাদিকালহইতে আমার আত্মজ্ঞান অবিচ্ছিন্ন থাকায় আমার ও তোমার সমস্ত পূর্ব্বজন্মের বৃত্তান্ত আমার চিত্তপটে অঙ্কিত আছে। এইরূপে নারদ ও বামদেবাদি সিদ্ধজ্ঞান যোগিগণের আত্মজ্ঞান লাভ হইলে স্বীয়২ পূর্ব্বজন্মবৃত্তান্ত স্মৃতিপথে উপস্থিত হইয়াছিল। আমি অতি আদিমকালহইতে জীবগণকে এই জ্ঞান ও কর্ম্মযোগের উপদেশ দিয়া আসিতেছি, ইহাই আমার অনন্ত জীবনের অনন্ত ব্রত। তুমি রোগে শোকে মোহে কাতর ও আচ্ছন্ন সুতরাং আত্মজ্ঞান হারাইয়া পূর্ব্বজন্মবৃত্তান্ত বিস্মৃত হইয়াছ। যোগবলে আত্মজ্ঞানলাভ করিলে জাগ্রতের নিকট স্বপ্নদৃষ্টবিষয়জ্ঞানের ন্যায় তোমার অতীত স্মৃতির উদয় হইবে। মানব যেমন শ্রবণ মনন নিদিধ্যাসনদ্বারা বিদ্যালাভ করিয়া থাকে, তদ্রূপ যোগিগণ ও আত্মজ্ঞানদ্বারা জাতিস্মর হইয়া থাকেন। ৫।

5. Srikrishna says that by acquiring self-knowledge man may remember the incidents of his past incarnations. Accordingly Himself He remembers the incidents of His previous births, but the mind of Arjuna, being overcast with the clouds of passions, pleasures and pains, he is unable to remember them.

The word "বহূ" in the second line of the verse means the increate and immortal Soul referred to in the succeeding verse. When a man reaches the "অজ" of the Spirit which is the seventh constitution of man,

অজো ঽপি সন্নব্যয়াত্মা, ভূতানামীশ্বরো ঽপি সন্।
প্রকৃতিং স্বামধিষ্ঠায়, সম্ভবাম্যাত্মমায়য়া ॥ ৬ ॥

(অহং) অজঃ অব্যয়াত্মা সন্ অপি (চ) ভূতানাং ঈশ্বরঃ সন্ অপি, (তথাপি) স্বাং প্রকৃতিং অধিষ্ঠায় আত্মমায়য়া সম্ভবামি ॥ ৬ ॥

আমি জন্মমরণরহিত ও সর্ব্বভূতের ঈশ্বর হইয়া ও নিজ মায়াদ্বারা স্বকীয় প্রকৃতিকে অবলম্বনপূর্ব্বক জন্মগ্রহণ করিয়া থাকি ॥ ৬ ॥

6. Though I am increate, imperishable and the Lord of all creation, yet dominating over my own nature, by my omnipotence I create myself.

he acquires the knowledge of his previous births, otherwise it is impossible to gain the knowledge.

স্বামী। নমু অনাদেঃ তব কুতঃ জন্ম, অবিনাশিনঃ চ কথং পুনঃ জন্ম, যেন "বহূনি মে ব্যতীতানি" ইতি উচ্যতে, ঈশ্বরস্য তব পুণ্যপাপবিহীনস্য, কথং বা জীববৎ জন্ম. ইতি অতঃ আহ—অজোঽপি ইতি। সত্যং এবং তথাপি জন্মশূন্যঃ অপি সন্ অহং, তথা অব্যয়াত্মা অপি—অনশ্বরস্বভাবঃ অপি সন্, তথা ঈশ্বরঃ অপি—কর্ম্মপারতন্ত্র্যরহিতঃ অপি সন্, স্বমায়য়া সম্ভবামি—সম্যক্ অপ্রচ্যুতজ্ঞানবলবীর্য্যাদিশক্ত্যা এব ভবামি। নমু তথাপি ষোড়শকলাত্মকলিঙ্গদেহশূন্যস্য চ তব কুতঃ জন্ম, ইত অতঃ উক্তং—স্বাং শুদ্ধসত্ত্বাত্মিকাং, প্রকৃতিং অধিষ্ঠায়—স্বীকৃত্য, বিশুদ্ধোর্জ্জিতসত্ত্বমূর্ত্ত্যা স্বেচ্ছয়া অবতরামি ইত্যর্থঃ ॥ ৬ ॥

অজঃ=জন্মরহিতঃ। অব্যয়াত্মা=অক্ষীণজ্ঞানশক্তিস্বভাবঃ। ভূতানাং=ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানাং; ব্রহ্মাহইতে তৃণপর্য্যন্ত সমস্ত জগতের। ঈশ্বরঃ=অণিমাদ্যষ্টৈশ্বর্য্যসম্পন্নঃ; অণিমাদি ঐশ্বর্য্যশালী সর্ব্বাধিপত্যকারক। স্বাং=স্বকীয়াং। প্রকৃতিং=ত্রিগুণাত্মিকাং বৈষ্ণবীং মায়াং, যস্যা বশে সর্ব্বং জগৎ বর্ত্ততে, যয়া মোহিতঃ সন্ স্বমাত্মানং ন জানাতি তাং; ত্রিগুণাত্মিকা মায়ায়। যাহার অধীন হইয়া সমস্ত জগৎ চলিতেছে এবং যাহার মোহিনীশক্তিতে আত্মায় অনাত্মজ্ঞান ও অনাত্মায় আত্মভ্রম হয় তাদৃশী মায়াকে। মায়য়া=জ্ঞানবলবীর্য্যাদিশক্ত্যৈব। জ্ঞানবীর্য্যাদিশক্তিদ্বারা। অধিষ্ঠায়=অবলম্ব্য। সম্ভবামি=দেহবানিব ভবামি; মনুষ্যের ন্যায় দেহধারণ করি।

চতুর্থশ্লোকের বাঙ্গালা ভাষ্যে উল্লিখিত তৃতীয় প্রশ্নের প্রত্যুত্তরে ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। ভগবান্ বাসুদেব সকল ভূতের ঈশ্বর হইয়াও কিজন্য সামান্য মানবের ন্যায় দেহধারণ করিবেন, ও কি প্রকারেই বা তিনি পূর্ব্বজন্মবৃত্তান্ত স্মরণ রাখিবেন, এই সকল বিষয়ের প্রবোধ দিবার জন্য ভগবান্ কহিলেন, হে অর্জ্জুন! আমি জন্মমরণরহিত, পূর্ণজ্ঞান ও পূর্ণানন্দময় পরমেশ্বর, তথাপি লোকসংগ্রহার্থে ত্রিগুণাত্মিকা প্রকৃতিকে আশ্রয় করিয়া নিজ অক্ষীণবলবীর্য্যাদি শক্তিদ্বারা সময়ে সময়ে অবতাররূপে

যদা যদা হি ধর্ম্মস্য, গ্লানির্ভবতি ভারত।
অভ্যুত্থানমধর্ম্মস্য, তদাত্মানং সৃজাম্যহম্ ॥ ৭ ॥

হে ভারত ! যদা যদা হি ধর্ম্মস্য গ্লানিঃ, অধর্ম্মস্য অভ্যুত্থানং (চ) ভবতি তদা তদা অহং আত্মানং সৃজামি ॥ ৭ ॥

হে ভারত ! যে যে সময়ে ধর্ম্মের বিপ্লব উপস্থিত হয়, এবং অধর্ম্মের প্রাদুর্ভাব হয়, সেই সেই সময়ে আমি আমাকে সৃষ্টি করি, অর্থাৎ আমার আত্মা শরীরপরিগ্রহ করে ॥ ৭ ॥

7. O Descendant of Bharata ! whenever rightousness declineth, and vice prevaileth I create myself.

জন্মগ্রহণ করিয়া থাকি। সাধারণ মানব, প্রকৃতির বশীভূত, অতএব অবিদ্যারূপ মায়াদ্বারা বিমোহিত হইয়া জন্মগ্রহণ করিয়া থাকে। কিন্তু আমি অনন্ত শক্তিবলে প্রকৃতিকে বশীভূত করিয়া দেহ ধারণ করি ; আমি প্রকৃতির অধীন ও মায়াদ্বারা বিমোহিত হই না ; তজ্জন্য আমি নারদ বামদেবাদির ন্যায় জাতিস্মর।

ধর্ম্মশাস্ত্রে কথিত হইয়াছে—

মায়া হ্যেষা ময়া সৃষ্টা, যন্মাং পশ্যসি নারদ।
সর্ব্বভূতগুণৈর্যুক্তং, ন তু মাং দ্রষ্টুমর্হসি ॥

"হে নারদ! আমি পূর্ব্বকালে এই মায়া সৃষ্টিকরিয়াছি, এবং যেই মায়াবলে, আমি সর্ব্বপ্রাণিসুলভগুণসম্পন্ন হইয়াছি বলিয়াই তুমি আমাকে দর্শন করিতে সমর্থ হইয়াছ। আর যখন আমি নির্গুণ হই তখন তুমিও আমাকে দর্শন করিতে সমর্থ হইবে না" ॥ ৬ ॥

6. Ordinary men are born under the influence of the triune principles of nature and during their life-time they are deluded by false knowledge. But the sinless soul of Srikrishna passes through incarnations controlling the principles of nature and undeluded by false ideas. He can therefore remember full well the incidents of His previous births. The objects of His births are related in the succeeding verses. In this verse "প্রকৃতি" is the triune principles of nature, and "মায়া" is omnipotence, and not delusion. In this verse Srikrishna answers the questions which naturally arise from His answer in verse 5. The first question is "If thou art the impersonation of the Spirit, why dost thou pass through human births so full of pain and anguish"? The answer is in verse 6. The second question is "What is the necessity of thy births?" The answer is embodied in verses 7 and 8.

পরিত্রাণায় সাধূনাং, বিনাশায় চ দুষ্কৃতাম্।
ধর্ম্মসংস্থাপনার্থায়, সম্ভবামি যুগেযুগে ॥ ৮ ॥

সাধূনাং পরিত্রাণায়, দুষ্কৃতাং বিনাশায়, ধর্ম্মসংস্থাপনার্থায় চ (অহং) যুগে যুগে সম্ভবামি ॥ ৮ ॥

ধার্ম্মিকগণের উদ্ধার, পাপীদিগের বিনাশ, এবং ধর্ম্মসংস্থাপনের জন্য আমি সময়ে সময়ে শরীরধারণ করিয়া থাকি ॥ ৮ ॥

8. To succour the pious, to extinguish vice and to re-establish religion I rise from age to age.

স্বামী। কদা সম্ভবসি ইতি অপেক্ষায়াং আহ—যদা যদা ইতি। গ্লানিঃ—হানিঃ, অভ্যুত্থানং—আধিক্যং ॥ ৭

ধর্ম্মস্য = বেদেনোক্তস্য চাতুর্ব্বর্ণ্যচাতুরাশ্রম্যব্যবস্থয়া স্থিতস্য কর্ত্তব্যস্য; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র এই বর্ণ চতুষ্টয়ের এবং ব্রহ্মচারী, গৃহী, বানপ্রস্থ ও ভিক্ষু এই আশ্রম চতুষ্টয়ের মঙ্গলজনক বেদবিহিত কর্ত্তব্য কার্য্যের। গ্লানিঃ = হানিঃ; অভাব। ভারত = ভরত-বংশোদ্ভবত্বেন, ভা = জ্ঞানং তত্র রতত্বেন বা ত্বং ন ধর্ম্মহানিং সোঢ়ুং শক্নোষীতি সম্বোধনার্থঃ; দুষ্মন্তহইতে শকুন্তলার গর্ভসম্ভূত ভরত রাজার বংশোদ্ভব অথবা ভাশব্দের অর্থ জ্ঞান, রত শব্দের অর্থ অনুরক্ত; যিনি জ্ঞানে অনুরক্ত। অভ্যুত্থানং = সমুদ্ভবঃ। অধর্ম্মস্য = বেদনিষিদ্ধস্য নানাবিধদুঃখসাধনস্য ধর্ম্মবিরোধিনঃ। আত্মানং = দেহং। সৃজামি = নিত্যং সিদ্ধং এব মায়য়া সৃষ্টং ইব দর্শয়ামি; নিত্য সিদ্ধ আমি মায়াদ্বারা শরীরে আত্মাকে সৃষ্টপ্রায় প্রদর্শন করি।

সচ্চিদানন্দ পুরুষ কিজন্য দেহধারণ করেন তাহা প্রদর্শন করাইবার জন্য ভগবান্ সপ্তম ও অষ্টম শ্লোকের অবতারণা করিলেন। জীব কর্ম্মফলে ত্রিগুণাত্মিকা প্রকৃতিকে আশ্রয় করিয়া জন্মগ্রহণ করে। কিন্তু আত্মারূপী ভগবান্ শ্রীকৃষ্ণ নিষ্ক্রিয়, প্রকৃতিকে আশ্রয় করিয়া তাঁহার দেহধারণ করিবার প্রয়োজন নাই। তথাপি ধর্ম্মবিপ্লব উপস্থিত হইলে ধর্ম্মসংস্থাপনের নিমিত্ত তিনি দেহধারণ করেন। কিন্তু প্রকৃতিকে আশ্রয় না করিয়া জীবাত্মা দেহধারণ করিতে পারেন না, সেই জন্য পরম কারুণিক ভগবান্ লোক-সংগ্রহার্থে সত্ত্বগুণাবলম্বন করিয়া শরীরধারণ করেন। যৎকালে ব্রাহ্মণের ধর্ম্মপ্রচার, ও ব্রহ্মচর্য্যাদি, ক্ষত্রিয়ের প্রজাপালন ও ধর্ম্মযুদ্ধ, বৈশ্যের বাণিজ্যাদি এবং শূদ্রের দ্বিজ-শুশ্রূষাদি ধর্ম্ম শিথিলতাপ্রাপ্ত হয় তৎকালে ভগবান্ অবতাররূপে জন্মপরিগ্রহ করিয়া ধর্ম্মসংস্থাপন করেন ॥ ৭ ॥

7. An Avatar is born when the time becomes ripe for his birth. Nature generally acts in the principle of action and reaction. According to this principle when wickedness reigns supreme, virtue rises up and

জন্ম কর্ম্ম চ মে দিব্যং, এবং যো বেত্তি তত্ত্বতঃ।
ত্যক্ত্বা দেহং পুনর্জ্জন্ম, নৈতি মামেতি সো ঽর্জ্জুন ॥ ৯ ॥

ভোঃ অর্জ্জুন! যঃ মে এবং দিব্যং জন্ম কর্ম্ম চ তত্ত্বতঃ বেত্তি, সঃ দেহং ত্যক্ত্বা পুনঃ জন্ম ন এতি (কিন্তু) মাং এতি ॥ ৯ ॥

হে অর্জ্জুন! যে ব্যক্তি আমার এইরূপ অলৌকিক জন্ম এবং কর্ম্ম যথার্থ-রূপে অবগত হইয়াছেন, তিনি এই দেহত্যাগ করিয়া পুনর্ব্বার জন্মগ্রহণ করেন না, তিনি আমাকেই লাভ করিয়া থাকেন ॥ ৯ ॥

9. O Arjuna! he who truly believeth in these my divine births and actions on earth, is not born again when he quitteth his mortal frame but cometh unto me.

begins to assume its sway. Then vice commences to decline. "অহং আত্মানং সৃজামি" *i. e.* "I create my own body", or, in other words, an Avatar incarnates himself dominating over the principles of nature, unlike ordinary mortals who are created under their influences.

স্বামী। কিমর্থং ইতি অপেক্ষায়াং আহ—পরিত্রাণায় ইতি। সাধূনাং—স্বধর্ম্মবর্ত্তিনাং, রক্ষণায়। দুষ্টং কর্ম্ম কুর্ব্বন্তি ইতি দুষ্কৃতঃ তেষাং বধায় চ, এবং ধর্ম্মসংস্থাপনার্থায়—সাধুরক্ষণেন দুষ্টবধেন চ ধর্ম্মং স্থিরীকর্ত্তুং, যুগে যুগে—তৎতৎ অবসরে, সম্ভবামি ইত্যর্থঃ। নচ এবং দুষ্টনিগ্রহং কুর্ব্বতঃ অপি নৈর্ঘৃণ্যং শঙ্কনীয়ং। যথা আহুঃ।

"লালনে তাড়নে মাতুঃ, ন কারুণ্যং যথার্ভকে।
তদ্বদেব মহেশস্য, নিয়ন্তুর্গুণদোষয়োঃ" ॥ ৮ ॥

পরিত্রাণায়=পরিরক্ষণায়, পরিতঃ সর্ব্বতো রক্ষণায়। সাধূনাং=পুণ্যকারিণাং, সন্মার্গস্থানাং। দুষ্কৃতাং=পাপকারিণাং, বেদমার্গবিরোধিনাং। সংস্থাপনার্থায়=সম্যক্ স্থাপনং তদর্থং। সম্ভবামি=শরীরং ধারয়ামি।

কিজন্য ভগবান্ সময়ে সময়ে দেহধারণ করেন তাহা এইস্থানে বর্ণিত হইতেছে। বিশ্বের যেই স্থানে ধর্ম্মবিপ্লব উপস্থিত হইয়া ধার্ম্মিকগণের অবনতি ও পাপীদিগের উন্নতি হয় সেই সেই স্থানে ভগবান্ অবতীর্ণ হইয়া ধার্ম্মিকগণের রক্ষা ও পাপীদিগের বিনাশ করিয়া থাকেন। যাঁহারা সর্ব্বদা ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করেন ও নিস্বার্থভাবে স্বধর্ম্মরক্ষা করেন, তাঁহাদিগকে সাধু বলে, এবং যাহারা ধর্ম্মকার্য্য পরিত্যাগ করিয়া পরপীড়নাদি পাপকার্য্যে রত হয় তাহাদিগকে দুষ্কৃৎ বলিয়া থাকে। "বিনাশায় চ দুষ্কৃতাং" এই বাক্য ব্যবহার করিয়া ভগবান্ পাপপ্রকৃতির বিনাশ করেন, এইরূপ অভিপ্রায় ব্যক্ত করিলেন। কেননা, পাপীদিগের বিনাশসাধন না করিলে ধর্ম্মসংস্থাপন হইতে পারে না ॥ ৮ ॥

8. This verse explains the object with which an Avatar is born. Whenever the cause of virtue declines and impiety raises its head, a great man springs up and restores Virtue to her seat. When Papal authority was enslaving the people of Europe, Luther rose to introduce a purer form of religion. In India when the Tantrics' grossest superstitions reached their climax Srikrishna sprang to preach a pure and universal religion. Under similar circumstances Christ and Mahammad rose to re-establish religion on a sound basis.

স্বামী। এবং বিধানাং ঈশ্বরজন্মকর্ম্মণাং জ্ঞানে ফলং আহ—জন্ম ইতি। স্বেচ্ছয়া কৃতং মম জন্ম কর্ম্ম চ ধর্ম্মপালনরূপং, দিব্যং—অলৌকিকং, তত্ত্বতঃ পরানুগ্রহার্থং এব ইতি যঃ বেত্তি, সঃ দেহাভিমানং ত্যক্ত্বা পুনঃ জন্ম—সংসারং, ন এতি—ন প্রাপ্নোতি, কিন্তু মাং এব প্রাপ্নোতি ॥ ৯ ॥

যঃ=মুক্তযোগী। মে=মম, নিত্যসিদ্ধেশ্বরস্য। দিব্যং=অপ্রাকৃতং, অলৌকিকং, অন্যৈঃ কর্ত্তুমশক্যং। এবং=যথোক্তং। তত্ত্বতঃ=পরমার্থতঃ, মূঢ়ৈঃ মনুষ্যত্ব-ভ্রান্ত্যা ভগবতোপি গর্ভবাসাদিরূপমেব জন্ম স্বভোগার্থমেব কর্ম্মেত্যারোপিতং; বাসুদেব ও নিজকর্ম্মফলভোগ করিবার জন্য গর্ভবাসাদিরূপে দেহধারণ করিয়া থাকেন, ভ্রমপূর্ণ, ও জ্ঞান-শূন্য মানবগণ এইরূপে আরোপ করিয়া থাকে। ন এতি=ন প্রাপ্নোতি। মাং=ভগবন্তং।

ভগবান্ বাসুদেবের এইরূপ অপ্রাকৃত জন্ম ও কর্ম্ম যিনি যথার্থরূপে অবগত হইয়াছেন তিনি কর্ম্মবন্ধনহইতে মুক্তিলাভ করিয়াথাকেন। মানবাত্মা নিষ্ক্রিয়, উহা কর্ম্মফলে আবদ্ধ হয় না। বিশুদ্ধ মানবাত্মা ত্রিগুণাত্মিকা প্রকৃতিকে জয় করিয়া নিজ ইচ্ছাক্রমে সময়ে সময়ে লোকসংগ্রহার্থে জন্মগ্রহণ করিয়া থাকেন। মানবজীবনের ত্রিবিধ প্রধান উদ্দেশ্য, ১ম, সাধুদিগের পরিত্রাণ, ২য়, পাপের বিনাশ, ৩য়, পৃথিবীতে ধর্ম্মরাজ্য সংস্থাপন। যিনি প্রকৃতিকে জয় করিয়া জন্মগ্রহণ করেন ও যিনি উক্ত ত্রিবিধ কার্য্যে রত থাকেন তাঁহার পুনর্জ্জন্ম হইবেক না, ইহাই ভগবান্ এই শ্লোকদ্বারা প্রকাশ করিলেন ॥ ৯ ॥

9. That man who truly understands the nature and objects of the birth of an Avatar is freed from the bonds of action. An Avatar is an ideal man. He incarnates dominating over the principles of nature. His actions are directed to three objects viz., (*i*) helping the pious (*ii*) destroying vice and (*iii*) re-establishing religion. A man who is born in this wise and whose actions are devoted to the above three fold objects, obtains the final deliverance.

বীতরাগভয়ক্রোধাঃ, মন্ময়া মামুপাশ্রিতাঃ।
বহবো জ্ঞানতপসা, পূতা মদ্ভাবমাগতাঃ ॥ ১০ ॥

বীতরাগভয়ক্রোধাঃ মন্ময়াঃ, মাং উপাশ্রিতাঃ, বহবঃ (পুরুষাঃ) জ্ঞান-তপসা পূতাঃ সন্তঃ মদ্ভাবং আগতাঃ ॥ ১০ ॥

যে সকল মহাপুরুষেরা অনুরাগ, ভয় এবং ক্রোধ সম্যক্ প্রকারে পরি-ত্যাগ করিয়া আমাতে একাগ্রচিত্ত হইয়া আমাকে আশ্রয় করিয়াছেন, এবং জ্ঞান ও তপস্যাদ্বারা চিত্তের পবিত্রতা লাভ করিয়াছেন তাঁহারাই আমাকে প্রাপ্ত হইয়াছেন ॥ ১০ ॥

10. Many a man freed from attachment, fear and anger, full of my holy spirit, depending on me alone and with his mind purified by wisdom and devotion, has been absorbed into my Being.

স্বামী। কথং জন্ম কর্ম্মজ্ঞানে তৎপ্রাপ্তিঃ স্যাৎ ইতি অত আহ—বীতরাগ ইত্যাদি। অহং শুদ্ধসত্ত্বাবতারৈঃ ধর্ম্মপালনং করোমি ইতি মদীয়ং পরমকারুণিকত্বং জ্ঞাত্বা, বীতাঃ—বিগতাঃ, রাগভয়ক্রোধাঃ যেভ্যঃ তে, চিত্তবিক্ষেপাভাবাৎ। মন্ময়াঃ—মদেকচিত্তাঃ, ভূত্বা মাংএব উপাশ্রিতাঃ সন্তঃ মৎপ্রসাদলব্ধং যৎ আত্মজ্ঞানং তপঃ চ তৎপরিপাকহেতুঃ স্বধর্ম্মঃ, (স্বৈকবদ্ভাবঃ) তেন জ্ঞানতপসা পূতাঃ—শুদ্ধাঃ, নিরস্তাজ্ঞানতৎকার্য্যমলাঃ, মৎভাবং—মৎসাযুজ্যং, প্রাপ্তাঃ বহবঃ নতু অধুনা এব প্রবৃত্তঃ অয়ং মদ্ভক্তিমার্গে ইত্যর্থঃ। তৎএবং "তান্যহং বেদ সর্ব্বাণি" ইত্যাদিনা, বিদ্যাবিদ্যোপাধিভ্যাং তত্ত্বংপদার্থে ঈশ্বর-জীবৌ প্রদর্শ্য, ঈশ্বরস্য চ অবিদ্যাভাবেন নিত্যশুদ্ধত্বং জীবস্য চ ঈশ্বরপ্রসাদলব্ধজ্ঞানেন অজ্ঞাননিবৃত্তেঃ শুদ্ধস্য স্বতঃ চিদংশেন তদৈক্যং উক্তং ইতি দ্রষ্টব্যং ॥ ১০ ॥

বীতাঃ—বিবেকেন বিগতাঃ। মন্ময়াঃ—মাং পরমাত্মানং তৎপদার্থত্বংপদার্থাভেদেন সাক্ষাৎকৃতবন্তঃ, ব্রহ্মবিদঃ, ঈশ্বরাভেদদর্শিনঃ; যাঁহারা তৎরূপ ব্রহ্ম, এবং ত্বংরূপ জীবের ঐক্য দর্শন করেন। মাং=পরমেশ্বরং। উপাশ্রিতাঃ—একান্তপ্রেমভক্ত্যা ঈশ্বরশরণং গতাঃ। বহবঃ=অনেকে। জ্ঞানতপসা=জ্ঞানমেব তপঃ সর্ব্বকর্ম্মক্ষয়হেতুত্বাৎ তেন; আত্মজ্ঞানরূপতপস্যাদ্বারা। পূতাঃ=ক্ষীণসর্ব্বপাপাঃ সন্তঃ পরাং শুদ্ধিং গতাঃ সন্তঃ; পবিত্র হইয়া। মদ্ভাবং=ঈশ্বরভাবং, মোক্ষং, বিশুদ্ধসচ্চিদানন্দভাবং। আগতাঃ—অজ্ঞানাপনয়নেন প্রাপ্তাঃ; অজ্ঞানকে সম্যক্‌রূপে বিনষ্ট করিয়া বিশুদ্ধ সচ্চিদানন্দ নির্ব্বিকার ভাব প্রাপ্ত।

ভগবানের অলৌকিক জন্মকর্ম্মবৃত্তান্ত অবগত হইলেই যে মুক্তিলাভ করাযায় এমত নহে। কোন্ কোন্ বিষয় কার্য্যে পরিণত করিতে হইবেক তাহাই ভগবান্ এই শ্লোকে বর্ণনা করিতেছেন। অনুরাগ, ভয় এবং ক্রোধকে সম্যক্‌রূপে পরিত্যাগ করিয়া যিনি

যে যথা মাং প্রপদ্যন্তে, তাংস্তথৈব ভজাম্যহম্।
মম বর্ত্মানুবর্ত্তন্তে, মনুষ্যাঃ পার্থ সর্ব্বশঃ॥ ১১ ॥

ভোঃ পার্থ! যে মাং যথা প্রপদ্যন্তে, তান্ তথা এব অহং ভজামি। মনুষ্যাঃ সর্ব্বশঃ মম বর্ত্ম অনুবর্ত্তন্তে। ১১ ॥

হে পার্থ! যিনি আমাকে যেরূপে ভজনা করেন, আমি তাঁহাকে সেই-ভাবেই অনুগ্রহ করিয়া থাকি। মনুষ্যগণ সর্ব্বতোভাবে আমার মোক্ষপথেরই অনুসরণ করিয়া থাকে॥ ১১ ॥

11. O Partha! in whatsoever form man may worship me, I grant his prayers accordingly. From all directions men follow my path to salvation.

সমস্ত দৃষ্ট পদার্থে ব্রহ্মরূপ দর্শন করেন, যিনি ঈশ্বর ব্যতীত অন্য কোন বস্তুতে আশ্রয়-গ্রহণ করেন না, যিনি অনবরত জ্ঞানরূপ তপস্যার অনুষ্ঠানদ্বারা নিজ মনকে পবিত্র করিয়া-ছেন, সেই মহাত্মাই পরিশেষে নির্ব্বিকার সচ্চিদানন্দরূপ ঈশ্বরত্ব লাভ করেন। ভগবান্ কহিলেন হে অর্জ্জুন! অনেক মহাত্মা আমার এই অলৌকিক জন্মকর্ম্ম অবগত হইয়া জীবন্মুক্ত হইয়াছেন। যাঁহারা ক্রোধ, ভয়, ও অনুরাগকে পরিত্যাগ করত, জ্ঞানরূপ তপস্যাদ্বারা মনকে বিশুদ্ধ করিয়াছেন তাঁহারা নির্ব্বিকার ঈশ্বরত্ব লাভ করেন। যাঁহারা দেবদেবীর উপাসক তাঁহারা তদ্রূপত্ব প্রাপ্তহন। ফলতঃ যিনি আমাকে যে ভাবে উপাসনা করেন আমি তাঁহাকে সেই ভাবই প্রদান করি। উপাসনাদ্বারা উপাসক, উপাস্য বস্তুর ভাবে পরিণত হন। কর্ম্মানুষ্ঠানদ্বারা জ্ঞানের উৎপত্তি হয়, সন্দেহ নাই, কিন্তু কর্ম্মানুষ্ঠান করিবার অগ্রে কর্ম্ম ও অকর্ম্ম কাহাকে বলে তাহা তোমার অবগত হওয়া কর্ত্তব্য॥ ১০।

10. In the preceding verse it is said that the man who believes in the divine births and actions of Srikrishna is finally mixed with His holy Spirit. This point is fully elucidated in this verse. In order to obtain the final deliverance from repeated births a mere *belief* is insufficient. The belief must be accompanied by action. Here action may be divided into two parts, viz., external and internal. The external action is subdivided into three parts which have been described in the notes of the preceding verse. The internal action, which is subdivided into four parts, is described in this verse, viz., (*i*) the aspirant for deliverance must be free from fear, anger, and attachment to earthly objects, (*ii*) he should

always be full of the holy Spirit of God, (*iii*) he should depend on God alone and (*iv*) his mind should be purified by divine wisdom and by the performance of good deeds.

The above constitute the true worship of God. But various have been the objects of worship, and in whatsoever form man may worship God, He grants his prayers.

স্বামী। ননু তর্হি কিং ত্বয়ি অপি বৈষম্যং অস্তি, যস্মাৎ এবং ত্বদেকশরণানাং এব আত্মভাবং দদাসি, ন অন্যেষাং সকামানাং ইতি অত: আহ—যে ইতি। যথা—যেন প্রকারেণ, সকামতয়া নিষ্কামতয়া বা যে মাং ভজন্তি তান্ অহং তথা এব তদপেক্ষিত-ফলদানেন, ভজামি—অনুগৃহ্লামি, নতু সকামাঃ মাং বিহায় ইন্দ্রিয়াদীন্ এব যে ভজন্তে তান্ অহং উপেক্ষে ইতি মন্তব্যং যতঃ সর্ব্বশঃ—সর্ব্বপ্রকারৈঃ, ইন্দ্রাদিসেবকাঃ অপি মম এব বর্ত্ম—ভজনমার্গং, অনুবর্ত্তন্তে—ইন্দ্রাদিরূপেণ অপি মম এব সেব্যত্বাৎ ॥ ১১ ॥

যে=অর্থার্থিনঃ, জিজ্ঞাসবো জ্ঞানিনশ্চ; সকামী, অনুসন্ধানকারী এবং তত্ত্বজ্ঞানী। যথা=যেন প্রকারেণ, সকামতয়া নিষ্কামতয়া চ। মাং=সর্ব্বফলদাতারং; সর্ব্বফলদাতা আমাকে। প্রপদ্যন্তে=ভজন্তি; উপাসনা করে। তথৈব=তৎফলদানেন; সেই ফল দান করত। ভজামি=অনুগৃহ্লামি; অনুগ্রহ করিয়া থাকি। অহং=আমি। মম=সর্ব্বাত্মনো বাসুদেবস্য; জগদাত্মা ঈশ্বরের। বর্ত্ম—ভজনমার্গং; জ্ঞানকর্ম্মরূপ মুক্তিপথ। সর্ব্বশঃ=সর্ব্বপ্রকারৈঃ। অনুবর্ত্তন্তে=যে মনুষ্যাঃ যৎফলার্থিতয়া যস্মিন্ কর্ম্মণ্যধিকৃতাঃ প্রবর্ত্তন্তে।

কিরূপ উপায়দ্বারা মানবাত্মা ঈশ্বরত্বলাভ করিতে পারে, তাহা নির্দ্দেশ করিয়া, এই শ্লোকদ্বারা ভগবান্ উপাসনার সাধারণ ফল কীর্ত্তন করিলেন। পরমেশ্বর সর্ব্বফলদাতা, তাঁহাকে যিনি যেভাবে উপাসনা করেন তিনি সেই ভাবই লাভ করিয়া থাকেন। ভক্তিপূর্ণ ও সর্ব্বান্তঃকরণপূর্ণ উপাসনা কদাপি ফলশূন্য হইতে পারে না। ভজনাদ্বারা জ্ঞানার্থিগণ জ্ঞান, মুমুক্ষুগণ মুক্তি, কামার্থিগণ কামনাপূর্ণ স্বর্গাদিফল লাভ করিয়া থাকেন। রামোপাসনাদ্বারা রামত্ব, কৃষ্ণোপাসনাদ্বারা কৃষ্ণত্ব, খ্রীষ্টের উপাসনাদ্বারা খ্রীষ্টত্ব প্রাপ্ত হওয়াযায়, কিন্তু সকল প্রকারের উপাসকগণই পরিণামে মুক্তিলাভ করিয়া থাকেন। ভগবান্ কহিলেন পার্থ! আমি সর্ব্বফলদাতা পরমাত্মা, আমাকে যিনি যে ভাবে উপাসনা করেন আমি তাহাকে সেইরূপ ভাবই প্রদান করিয়া থাকি। যিনি যে পথানুসরণ করিয়াই উর্দ্ধে উত্থিত হউন না কেন পরিণামে তিনি আমার মোক্ষরূপ ফলই লাভ করিয়া থাকেন। উপাস্য দেবতা যাহাই হউক না কেন, ভক্তি ও প্রেমপূর্ণ উপাসনাদ্বারা মানবাত্মা শনৈঃ শনৈঃ মুক্তিমার্গে প্রধাবিত হয় ॥ ১১ ॥

11. This verse discloses a doctrine for a universal religion. Man may worship God through Srikrishna, Christ, the elements, nay, through

কাঙ্ক্ষন্তঃ কর্ম্মণাং সিদ্ধিং, যজন্ত ইহ দেবতাঃ।
ক্ষিপ্রং হি মানুষে লোকে, সিদ্ধির্ভবতি কর্ম্মজা॥ ১২॥

ইহ মানুষে লোকে কর্ম্মণাং সিদ্ধিং কাঙ্ক্ষন্তঃ (মানবাঃ) দেবতাঃ যজন্তে হি কর্ম্মজা সিদ্ধিঃ ক্ষিপ্রং ভবতি॥ ১২॥

এই মনুষ্যলোকে কর্ম্মফলাভিলাষী মানবগণ, দেবতাদিগের উপাসনা করেন, কারণ তাহা হইলে কর্ম্মফল শীঘ্রই লাভ হইয়া থাকে॥ ১২॥

12. In this world men seeking the reward for their actions, worship the gods, for speedily is, then, the reward achieved.

the idols, but if this worship be sincere and devoted, God whose manifestation is the Universe, accepts the worship and gradually leads the worshipper to salvation. This worship requires purity of mind, the exercise of moral duties and an active desire to benifit the human kind. Animated with these principles and acting in accordance with them, man gets his salvation, no matter in what form the Universal Soul (পরমাত্মা) is worshipped, for all objects from the stone to the elements are His expansion, This verse is oft quoted by the Pandits in support of idol-worship.

স্বামী। তর্হি মোক্ষার্থং এব কিং ইতি সর্ব্বে ত্বাং ন ভজন্তি ইতি অত: আহ—কাঙ্ক্ষন্তঃ ইতি। কর্ম্মণাং সিদ্ধিং—কর্ম্মফলং, কাঙ্ক্ষন্তঃ প্রায়েণ ইহ—মনুষ্যলোকে, ইন্দ্রাদিদেবতাঃ এব যজন্তে. নতু সাক্ষাৎ মাং এব, হি—যস্মাৎ, কর্ম্মজা সিদ্ধিঃ—কর্ম্মজং ফলং, শীঘ্রং ভবতি। নতু জ্ঞানফলং কৈবল্যং, দুষ্প্রাপ্যত্বাৎ জ্ঞানস্য॥ ১২॥

মানুষে লোকে=এই মনুষ্য লোকে। কর্ম্মণাং সিদ্ধিং—কর্ম্মনিষ্পত্তিং; কর্ম্মফলনিষ্পত্তিং। কাঙ্ক্ষন্তঃ=প্রার্থয়ন্তঃ; প্রার্থনা করিয়া। দেবতাঃ—ইন্দ্রাদ্যাঃ; ইন্দ্র, অগ্নি, বরুণ প্রভৃতি। যজন্তে=পূজয়ন্তি; পূজা করিয়া থাকে। হি=যস্মাৎ; যেহেতু। কর্ম্মজা সিদ্ধিঃ=কর্ম্মজন্যং ফলং। ক্ষিপ্রং=শীঘ্রং।

যদি উপাসনাদ্বারা মানব বাসুদেবত্ব লাভকরিতে সমর্থ হয় তবে কিজন্য পরমাত্মার উপাসনা না করিয়া মানবগণ ইন্দ্রাদিদেবগণের উপাসনা করিয়া থাকে, এই আশঙ্কা-নিবারণার্থে ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। ইন্দ্রাদিদেবগণকে উপাসনা করিয়া নিজ অভিলষিত বিষয় সত্বর লাভ করা যায় বলিয়া সকাম পুরুষ দেবতাগণকে উপাসনা করিয়া থাকেন। পক্ষান্তরে চিত্তবিশুদ্ধ ও নিষ্কাম না হইলে আত্মজ্ঞান-লাভ করাযায় না। এই আত্মজ্ঞান দীর্ঘকাললভ্য, ও অত্যন্ত কঠিনযোগসাধ্য বলিয়া অনেকেই ইহার অনুসরণ করে না॥ ১২॥

12. যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী *i. e.* as one wishes to be, the God

চাতুর্ব্বর্ণ্যং ময়া সৃষ্টং, গুণকর্ম্মবিভাগশঃ।
তস্য কর্ত্তারমপি মাং, বিদ্ধ্যকর্ত্তারমব্যয়ম্ ॥ ১৩ ॥

ময়া গুণকর্ম্মবিভাগশঃ চাতুর্ব্বর্ণ্যং সৃষ্টং, অব্যয়ং মাং তস্য কর্ত্তারং অপি অকর্ত্তারং বিদ্ধি ॥ ১৩ ॥

আমি গুণ এবং কর্ম্মের বিভাগানুসারে চারি বর্ণের সৃষ্টি করিয়াছি। আমি সৃষ্টির কর্ত্তা হইলেও আমাকে অকর্ত্তা অর্থাৎ নিরাসক্ত বলিয়া জানিবে। ১৩ ॥

13. By me the human race was divided into four castes according to their qualities and works. Though I am their creator, know that I am free from action and attachments.

makes him accordingly. When a man wants to be a warrior he worships the god of war *i. e.* he learns the use of arms. In the same way men become scholars, politicians, lawyers and so forth. All these men work to reap the fruits of their actions and, in a short time, they have their reward. But more difficult and arduous is the work of him who worships the Spirit of God and acts for the good of human kind without any hope of reward.

স্বামী। নমু কেচিৎ সকামতয়া প্রবর্ত্তন্তে, কেচিৎ নিষ্কামতয়া, ইতি কর্ম্মবৈচিত্র্যং, তৎকর্তৃণাং চ ব্রাহ্মণাদীনাং উত্তমমধ্যমাদিবৈচিত্র্যং কুর্ব্বতঃ তব কথং বৈষম্যং ন অস্তি ইতি আশঙ্ক্য আহ—চাতুর্ব্বর্ণ্যং। চত্বারঃ বর্ণাঃ এব ইতি চাতুর্ব্বর্ণ্যং. (স্বার্থে ষ্যঞ্ প্রত্যয়ঃ)। অয়ং অর্থঃ—সত্ত্বপ্রধানাঃ ব্রাহ্মণাঃ, তেষাং শমদমাদীনি কর্ম্মাণি। সত্ত্বরজঃপ্রধানাঃ ক্ষত্রিয়াঃ, তেষাং শৌর্য্যযুদ্ধাদীনি কর্ম্মাণি। রজস্তমঃপ্রধানাঃ বৈশ্যাঃ, তেষাং চ কৃষিবাণিজ্যাদীনি কর্ম্মাণি। তমঃপ্রধানাঃ শূদ্রাঃ, তেষাং চ ত্রৈবর্ণিকশুশ্রূষাদীনি কর্ম্মাণি, ইতি এবং গুণানাং কর্ম্মণাং চ বিভাগৈঃ চাতুর্ব্বর্ণ্যং ময়া এব সৃষ্টং ইতি সত্যং, তথাপি এবং তস্য কর্ত্তারং অপি, ফলতঃ অকর্ত্তারং এব মাং বিদ্ধি। তত্র হেতুঃ অব্যয়ং—আসক্তিরাহিত্যেন শ্রমরহিতং ॥ ১৩ ॥

চাতুর্ব্বর্ণ্যং—চত্বারঃ এব বর্ণাঃ। ময়া—ঈশ্বরেণ। সৃষ্টং—উৎপাদিতং। গুণকর্ম্মবিভাগশঃ—গুণবিভাগশঃ, কর্ম্মবিভাগশশ্চ, গুণাঃ সত্ত্বরজস্তমাংসি, তত্র সাত্ত্বিকস্য, সত্ত্বপ্রধানস্য ব্রাহ্মণস্য শমো দমস্তপ ইত্যাদীনি কর্ম্মাণি, সত্ত্বোপসর্জ্জনরজঃপ্রধানস্য ক্ষত্রিয়স্য শৌর্য্যতেজঃপ্রভৃতীনি কর্ম্মাণি, তমউপসর্জ্জনরজঃপ্রধানস্য বৈশ্যস্য কৃষ্যাদীনি কর্ম্মাণি। রজউপসর্জ্জনতমঃপ্রধানস্য শূদ্রস্য শুশ্রূষৈব কর্ম্মেত্যেবং গুণকর্ম্মবিভাগশঃ; গুণ—সত্ত্ব, রজঃ, ও তমঃ। তন্মধ্যে সত্ত্বগুণপ্রধান ব্রাহ্মণদিগের শম, দম, উপরতি ও

তিতিক্ষাপ্রভৃতি কার্য্য। সত্ত্বগুণস্পৃষ্ট রজোগুণপ্রধান ক্ষত্রিয়গণের শৌর্য্য বীর্য্য প্রজা-পালনপ্রভৃতি কার্য্য। তমোগুণস্পৃষ্ট রজঃপ্রধান বৈশ্যদিগের কৃষিবাণিজ্যাদি কার্য্য এবং রজোগুণস্পৃষ্ট তমঃপ্রধান শূদ্রের শুশ্রূষা কার্য্য, এরূপ গুণকর্ম্মবিভাগদ্বারা। অব্যয়ং—নিরহঙ্কারত্বেনাক্ষীণমহিমানং ; কর্তৃত্বাভিমানের অভাবপ্রযুক্ত প্রভূতমহিমান্বিত।

যে ব্যক্তি যে উপায়দ্বারা ভগবানের উপাসনা করেন, তিনি সেই উপায়দ্বারা তাঁহাকে পরিণামে লাভ করিতে সমর্থ হন। উক্ত উপায় দ্বিবিধ, নিষ্কাম ও সকাম। এই নিষ্কামভাবে কার্য্যকরিয়া অনেকে জ্ঞান ও তপস্যাদ্বারা ভগবানের সরূপত্বলাভ করিয়াছেন। কিন্তু সকাম ব্যক্তিগণ ইহ লোকে শীঘ্র কর্ম্মজন্যফল লাভ করিবার অভিপ্রায়ে নিজনিজ অভীষ্ট দেবতার আরাধনা করেন। এই নিষ্কাম ও সকাম ধর্ম্মভেদে চতুর্ব্বিধ জাতির সৃষ্টি হইয়াছে। এই চতুর্ব্বিধ জাতি বিশ্বের অধিক স্থানেই দৃষ্টহয়। প্রথম সত্ত্বগুণ প্রধান ব্রাহ্মণ ; ইঁহারা নিষ্কামভাবে কার্য্য করিয়া পরিণামে নির্ব্বাণমুক্তিলাভ করিয়া থাকেন। পৃথিবীর অনেক স্থানে এই রূপ মহাত্মাগণকে প্রাপ্ত হওয়া যায়, কিন্তু ইহাদিগের সংখ্যা অতি বিরল। ইহারা নিষ্কামভাবে লোকসংগ্রহার্থে কার্য্য করিয়া থাকেন। ইঁহাদিগের মধ্যে শম,দম,উপরতি, তিতিক্ষা ও তপস্যাদির প্রাধান্য দৃষ্ট হইয়া থাকে। দ্বিতীয়, যাহাদিগের মধ্যে সত্ত্বগুণ অপ্রধান ও রজোগুণের প্রাধান্য তাঁহারা শৌর্য্য বীর্য্যানুগত কর্ম্মদ্বারা রাজ্যশাসন ও প্রজাপালন করিয়া থাকেন। তৃতীয়, যাঁহারা রজোগুণের মুখ্য ও তমোগুণের গৌণাধিকারী তাঁহারা কৃষিবাণিজ্যাদি করিয়া থাকেন। চতুর্থ, যাঁহাদিগের মধ্যে তমোগুণের প্রাধান্য তাঁহারা বর্ণ-ত্রয়ের নিম্নভাগে অবস্থিতি করিয়া থাকেন। এই চতুর্ব্বিধ অবস্থা প্রকৃতির গুণ ও কর্ম্মের ফলমাত্র। কিন্তু মানবাত্মা নিষ্ক্রিয়, তিনি প্রকৃতির গুণকর্ম্মপাশে আবদ্ধ হন না। এই শ্লোক বিশেষরূপে আলোচনা করিলে ইহাই স্পষ্টতঃ প্রতীয়মান হইবেক যে ভগবান্ প্রকৃতির গুণ এবং তাহার গুণফলানুসারে এই চতুর্ব্বিধ জাতির সৃষ্টি করিয়া ছিলেন। জন্মানুসারে বর্ত্তমান জাতিবিভাগপদ্ধতি ঘোরতর ভ্রমাত্মক বলিয়া বোধ হয়। ফলতঃ ব্রাহ্মণের পুত্রই ব্রাহ্মণ, ক্ষত্রিয়ের পুত্রই ক্ষত্রিয় হইবেন, ইহার কোন বিধান বা যুক্তি দৃষ্ট হইতেছে না। এক জন চণ্ডালও যদি শমদমাদি সাত্ত্বিকবৃত্তির অনুষ্ঠান করেন, তবে তিনি সর্ব্বাংশেই ব্রাহ্মণপদ বাচ্য ॥ ১৩ ॥

13. In every clime and in every age the human species is divided into four principal classes, viz., the clergy, the army including the Royalty, merchants including the cultivators, and other professions including the servitors. This division, which was necessary for the formation of society, was made according to the quality and work of the persons composing the caste. There are three qualities with their respective actions. The first is Subtle or Essential ; its action being the spread of true religion, the establishment of peace and good-will amongst men and nations and the performance of good towards humanity. The second is the Active-

ন মাং কর্ম্মাণি লিম্পন্তি, ন মে কর্ম্মফলে স্পৃহা।
ইতি মাং যোঽভিজানাতি, কর্ম্মভির্ন স বধ্যতে ॥ ১৪

কর্ম্মাণি মাং ন লিম্পন্তি, কর্ম্মফলে ন মে স্পৃহা (অস্তু), যঃ মাং ইতি অভিজানাতি, সঃ কর্ম্মভিঃ ন বধ্যতে ॥ ১৪ ॥

কর্ম্ম সকল আমাকে স্পর্শ করে না, কর্ম্মফলে আমার কোন স্পৃহা নাই। যিনি আমাকে এইরূপ অবগত হইয়াছেন, তিনি কর্ম্মদ্বারা আবদ্ধ হন না ॥১৪॥

14. Actions bind me not, nor do I long for fruits of action. Whosoever knoweth me in this wise is unchained by action.

Essential, in which the active principle predominates ; its action being the administration of justice and the preservation of peace by righteous war. The third is the Active-Gross in which the Active principle plays the primary and the Gross principle the secondary parts ; its action being the development of trade and agriculture. The fourth is the Gross ; its action being chiefly the menial profession. The verse distinctly shews that the caste-system in India was not formerly based on a hereditary principle as at present, but was regulated by personal qualification and action. A Brahman's son could not be a Brahman unless he possessed the essential qualifications and performed the duties prescribed for his caste. A Kshatriya's son could not be a Kshatriya unless he possessed the active-essential qualifications and did the duties of his caste, and so on.

" This classification " says Srikrishna in the second line of the verse, " is social and cannot bind the soul which is always free." The Universal Soul cannot create itself as it exists from time eternal. Its creative energy, following the Karmic laws, expands and contracts at stated intervals. This social difference cannot affect the soul which is same in a Brahman or in a Mussalman.

স্বামী। তৎ এব দর্শয়ন্ আহ—ন মাং ইতি। কর্ম্মাণি—বিশ্বসৃষ্ট্যাদীনি, অপি, মাং ন লিম্পন্তি—আসক্তং ন কুর্ব্বন্তি, নিরহঙ্কারত্বাৎ আপ্তকামত্বেন মম কর্ম্মফলে স্পৃহাভাবাৎ চ মাং ন লিম্পন্তি ইতি কিং বক্তব্যং, যতঃ কর্ম্মলেপরাহিত্যেন মাং যঃ অভিজানাতি সঃ অপি কর্ম্মভিঃ ন বধ্যতে, মম নির্লেপত্বকারণং নিরহঙ্কারত্বনিস্পৃহত্বাদিকং জানতঃ তস্য অপি অহঙ্কারাদিশৈথিল্যাৎ। ১৪ ॥

কর্ম্মাণি = বিশ্বসর্গাদীনি; বিশ্বের সৃষ্টি প্রভৃতি কার্য্য। মাং = নিরহঙ্কারত্বেন কর্ত্তৃত্বাভিমানহীনং

এবং জ্ঞাত্বা কৃতং কর্ম্ম, পূর্ব্বৈরপি মুমুক্ষুভিঃ।
কুরু কর্ম্মৈব তস্মাত্ত্বং, পূর্ব্বৈঃ পূর্ব্বতরং কৃতম্ ॥ ১৫ ॥

পূর্ব্বৈঃ মুমুক্ষুভিঃ অপি এবং জ্ঞাত্বা কর্ম্ম কৃতং। তস্মাৎ ত্বং পূর্ব্বৈঃ (মুমুক্ষুভিঃ) পূর্ব্বতরং কৃতং কর্ম্ম এব কুরু ॥ ১৫ ॥

পুরাকালে মোক্ষাভিলাষিগণও এইরূপ অবগত হইয়া কার্য্য করিয়াছেন। অতএব তুমি পূর্ব্বতন মোক্ষাকাঙ্ক্ষিগণের যুগান্তরকৃত কর্ম্মানুষ্ঠান কর ॥ ১৫ ॥

15. In the ancient time, men who longed for salvation performed their duties with this knowledge (that the soul is free). Therefore, shouldst thou act imitating those sages of old.

ভগবন্তং; কর্ত্তৃত্বাভিমনশূন্য আমাকে। লিম্পন্তি = দেহারম্ভকেন ন বধ্নন্তি; দেহধারণ করিলেও আমাকে কর্ম্মপাশে আবদ্ধ করে না। মে = মম, আপ্তকামস্য; প্রকৃতিরূপ কামনাসম্ভূত এই অনন্ত বিশ্ব যাঁহাতে নিত্য বিদ্যমান রহিয়াছে এইরূপ পুরুষের। স্পৃহা = তৃষ্ণা। ইতি = এবং, উক্ত প্রকারেণ। অভিজানাতি = সর্ব্বতো হবগচ্ছতি; সম্যক্‌রূপে জানিতেছেন। কর্ম্মভিঃ = দেহাদ্যারম্ভকানি কর্ম্মাণি তৈঃ; দেহাদিধারণের কারণ কর্ম্মসকলে। ন বধ্যতে = অকর্ত্রাত্মজ্ঞানেন মুচ্যতে।

পরমাত্মারূপী ভগবান্ মানবগণকে নানাবিধ শক্তি ও সামর্থ্যপ্রদান করিয়া সৃষ্টি-করিয়াছেন, কিন্তু এই সকল শক্তি প্রকৃতিরগুণবিকাশ মাত্র। ভগবান্ সকলকেই সমভাবে সৃষ্ট করিয়াছেন, কিন্তু মানব স্বীয় প্রকৃতিগত কর্ম্মফলানুসারে উচ্চ ও নীচ অবস্থা প্রাপ্ত হইয়া থাকে। যেরূপ ভগবান্ মানবগণকে নানাবিধ শক্তি সামর্থ্য প্রদান করিয়াও নিষ্ক্রিয়, তদ্রূপ মানবাত্মা কর্ম্মকরিয়াও সর্ব্বদা নির্লিপ্ত।

শ্রুতি বলিয়াছেন—

"আপ্তকামস্য কা স্পৃহা।"

এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান জগৎ যাঁহাতে রহিয়াছে সেই আপ্তকাম পুরুষের কামনা কি হইতে পারে? যিনি ভগবানের এইরূপ অকর্ত্তৃত্বজ্ঞান সম্যক্ অবগত হইয়াছেন, তিনি কদাপি কর্ম্মফলে আবদ্ধ হন না ॥ ১৪ ॥

14. That man who knows and believes that the Universal Soul is free from Karma and its effects, and that though the worlds evolve from Him and disappear in Him, He himself is always free, will be able to sever the shackles of Karma. God never created men according to any caste-distinction. The inequality in the status which the people possess in society, is the result of their own Karma. Like the Universal Soul the uman soul is always free from the effects of Karma.

কিং কর্ম্ম কিমকর্ম্মেতি, কবয়ো ঽপ্যত্র মোহিতাঃ।
তৎ তে কর্ম্ম প্রবক্ষ্যামি, যজ্‌জ্ঞাত্বা মোক্ষ্যসে ঽশুভাৎ ॥১৬॥

কবয়ঃ অপি কিং কর্ম্ম কিং অকর্ম্ম ইতি অত্র মোহিতাঃ। যৎ জ্ঞাত্বা (ত্বং) অশুভাৎ মোক্ষ্যসে তৎ কর্ম্ম তে প্রবক্ষ্যামি ॥ ১৬ ॥

বিদ্বান্ ব্যক্তিরাও কর্ম্মাদিবিষয়ে কোন্‌টী কর্ম্ম এবং কোন্‌টী অকর্ম্ম ইহার প্রভেদ করিতে অসমর্থ হইয়া মুগ্ধ হন, যাহা অবগত হইলে তুমি অমঙ্গলপ্রদ কর্ম্মহইতে মুক্তিলাভ করিতে পারিবে, সেই কর্ম্মতত্ত্ব তোমাকে কহিতেছি ॥ ১৬ ॥

16. Even learned men are confused in distinguishing between action and inaction. I shall, therefore, speak to thee about the theory of actions, by knowing which thou shalt be able to keep thyself clear of all evils.

স্বামী। যে যথা মাং ইত্যাদি চতুর্ভিঃ শ্লোকৈঃ প্রাসঙ্গিকং ঈশ্বরস্য বৈষম্যং পরিহৃত্য পূর্ব্বোক্তং এব কর্ম্মযোগং, প্রপঞ্চয়িতুং অনুস্মারয়তি—এবং ইতি। অহঙ্কারাদিরাহিত্যেন কৃতং কর্ম্ম বন্ধকং ন ভবতি ইতি এবং জ্ঞাত্বা, পূর্ব্বৈঃ—জনকাদিভিঃ অপি মুমুক্ষুভিঃ, সত্ত্বশুদ্ধ্যর্থং পূর্ব্বতরং—যুগান্তরেষু অপি কৃতং, ত্বং অপি প্রথমং কর্ম্ম এব কুরু ॥ ১৫ ॥

এবং=ইত্থং, "নাহং কর্ত্তা, ন মে কর্ম্মফলে স্পৃহা" ইত্যেবং রূপং ; আমি কর্ত্তা নহি, আমার কর্ম্মফলে স্পৃহা নাই, এইরূপ। পূর্ব্বৈঃ=প্রাচীনৈঃ, জনকাদিভিঃ; অতীব প্রাচীন জনকাদিকর্ত্তৃক। মুমুক্ষুভিঃ=(মুচ—ত্যাগকরা) মোক্তুমিচ্ছুভিঃ, দ্বাপরযুগে যযাতি যদু-প্রভৃতিভিঃ, তৎপূর্ব্বযুগে জনকাদিভিঃ। যাঁহারা সংসারবন্ধনহইতে মুক্ত হইতে ইচ্ছুক তাঁহাদিগকর্ত্তৃক। কৃতং=অনুষ্ঠিতং। পূর্ব্বতরং=অতিপূর্ব্বং, যুগান্তরে ঽপি কৃতং। অস্মিন্ যুগে চ পূর্ব্বৈঃ পূর্ব্বতরৈঃ অনুষ্ঠিতং; পূর্ব্ব পূর্ব্ব যুগে জনকাদিকর্ত্তৃক অনুষ্ঠিত, বর্ত্তমান যুগেও পূর্ব্বপুরুষগণ কর্ত্তৃক কৃত।

ভগবান্ কহিলেন হে অর্জ্জুন! আত্মার কোন কার্য্য নাই, কোন কর্ম্মফলে আত্মার স্পৃহা নাই, আত্মার অধিষ্ঠানভূত প্রকৃতিই সকল কার্য্য করেন। এই আত্মতত্ত্ব দ্বাপরযুগে যযাতি যদুপ্রভৃতি জীবন্মুক্ত রাজর্ষিগণ, এবং তৎপূর্ব্বে নির্ব্বাণাভিলাষী জনক, অশ্বপতি-প্রভৃতি রাজগণ অবগত হইয়া নিষ্কামভাবে লোকসংগ্রহার্থে কর্ম্মানুষ্ঠান করিতেন। তুমিও তদ্রূপ পূর্ব্বোক্ত রাজর্ষিগণের অনুষ্ঠিত কার্য্যপ্রণালী অবলম্বন কর ॥ ১৫ ॥

15. The saints of old knowing this truth that "actions bind not the soul, nor does the soul long for the fruits of action", worked incessantly for the good of humanity. These sages were not the Shannyashies who had abandoned work but they were kings who courted work for the good

of their people. These sage-kings worked seeking for spiritual deliverance which they eventually obtained. "O Arjuna!" says Srikrishna "work thou in that wise imitating those saints of old and thou wouldst get salvation even in thy works."

স্বামী। তৎ চ তত্ত্ববিদ্ভিঃ সহ বিচার্য্য কর্ত্তব্যং, ন লোকপরম্পরামাত্রেণ, ইতি আহ— কিং কর্ম্ম ইতি। কিং কর্ম্ম—কীদৃশং কর্ম্মকরণং, কিং অকর্ম্ম—কীদৃশং কর্ম্ম অকরণং ইতি—অস্মিন্ অর্থে বিবেকিনঃ অপি মোহিতাঃ, অতঃ যৎ জ্ঞাত্বা—যৎ অনুষ্ঠায়,অশুভাৎ— সংসারাৎ, মোক্ষ্যসে—মুক্তঃ ভবিষ্যসি, তৎকর্ম্ম অকর্ম্ম চ তুভ্যং অহং প্রবক্ষ্যামি তৎ শৃণু ॥ ১৬ ॥

কবয়ঃ=(কবি=কু (শব্দকরা)+উণাদিত্বে ই) জ্ঞানিনঃ,বেদজ্ঞাঃ; বুদ্ধিমান্ ব্যক্তিগণ। কর্ম্ম=ফলাভিসন্ধানরহিতং ভগবদারাধনরূপং; কার্য্য। অকর্ম্ম=তদ্বিপরীতং। অত্র= অস্মিন্ কর্ম্মাদিবিষয়ে। মোহিতাঃ=মোহং গতাঃ, নির্ণয়াসামর্থ্যং প্রাপ্তাঃ; অত্যন্ত= দুর্নিরূপ্যত্বাৎ; নিরূপন করা দুঃসাধ্য হেতুক সত্যনির্দ্ধারণে অসমর্থ। তৎ কর্ম্ম= কর্ম্মাকর্ম্ম চ। তে=তুভ্যং; তোমাকে লক্ষ্য করিয়া। প্রবক্ষ্যামি=প্রকর্ষেণ সন্দেহো- চ্ছেদেন বক্ষ্যামি; সম্যক্‌প্রকারে সন্দেহ নিরাকরণপূর্ব্বক কীর্ত্তন করিতেছি। অশু- ভাৎ=সংসারাৎ; সংসারবন্ধনহইতে। যৎ জ্ঞাত্বা=যৎ বিদিত্বা; যাহা অবগত হইয়া। মোক্ষ্যসে=মুক্তো ভবিষ্যসি; মুক্তিলাভ করিবে।

এপর্য্যন্ত লোকসংগ্রহার্থে নিষ্কাম কর্ম্মের আবশ্যকতা প্রতিপন্ন করা হইয়াছে, কিন্তু কোন্ কর্ম্ম কর্ত্তব্য ও কোন্ কর্ম্ম অকর্ত্তব্য তাহা বিশেষ করিয়া বলা হয় নাই। বিজ্ঞতম পণ্ডিতগণ ও এই কর্ম্মাকর্ম্মের তত্ত্বনিরূপণ করিতে অসমর্থ হইয়া থাকেন। যে তত্ত্ব সুন্দররূপে অবগত হইতে পারিলে অশুভফলপূর্ণসংসারবন্ধনহইতে মুক্তিলাভ করা যায় সেই কর্ম্ম তত্ত্বের বিষয় ভগবান্ মানবগণের উদ্ধারের জন্য এই অধ্যায়ে বর্ণনা করিতেছেন। দূরস্থ মরীচিকাতে জলজ্ঞান, নৌকায় দ্রুতগমন কালে তটস্থ বৃক্ষগণকে গমনশীল ইত্যাদি সামান্য পার্থিব বিষয়ে যৎকালে জ্ঞানী ব্যক্তিরও ভ্রম উপস্থিত হয়, তৎকালে কর্ম্মাদি বিষয়ে যে ভ্রম উপস্থিত হইবেক তাহার আশ্চর্য্য কি? অতএব শাস্ত্রে যে কর্ম্মানুষ্ঠান করিতে নির্দ্দেশ করিয়াছেন তাহারই নাম কর্ম্ম, এবং কর্ম্মত্যাগ কি কর্ম্মসন্ন্যাসের নাম অকর্ম্ম ॥ ১৬ ॥

16. Srikrishna reading the thought of Arjuna says "Probably you would want to know as to what is meant by action and inaction. Even learned men fail to distinguish them. I shall, therefore, dwell on the true theory of actions, so that you may be able to eschew inaction, and attain your goal by doing action." কর্ম্ম=duties which should be performed. অকর্ম্ম=The work which should not be done, or the abondonment of actions.

কর্ম্মণো হ্যপি বোদ্ধব্যং, বোদ্ধব্যঞ্চ বিকর্ম্মণঃ।
অকর্ম্মণশ্চ বোদ্ধব্যং, গহনা কর্ম্মণো গতিঃ॥ ১৭॥

কর্ম্মণঃ বোদ্ধব্যং (অস্তি) বিকর্ম্মণঃ অকর্ম্মণঃ চ অপি বোদ্ধব্যং (অস্তি)। হি কর্ম্মণঃ গতিঃ গহনা॥ ১৭॥

বিহিত কর্ম্ম, নিষিদ্ধ কর্ম্ম এবং অকর্ম্ম এই ত্রিবিধ কর্ম্মের যথার্থ তত্ত্ব তোমার জ্ঞাত হওয়া আবশ্যক, কারণ কর্ম্মের গতি অত্যন্ত দুর্জ্ঞেয়॥ ১৭॥

17. There are truths about action, inaction and improper action which thou shouldst understand. For, difficult it is to ascertain the truths about action.

স্বামী। নমু লোকপ্রসিদ্ধং এব কর্ম্ম দেহাদিব্যাপারাত্মকং, অকর্ম্ম চ তৎ অব্যাপারাত্মকং, অতঃ কথং উচ্যতে "কবয়ঃ অপি অত্র মোহং প্রাপ্তাঃ" ইতি তত্র আহ—কর্ম্মণঃ ইতি। কর্ম্মণঃ—বিহিতব্যাপারস্য অপি, তত্ত্বং বোদ্ধব্যং অস্তি, নতু লোকপ্রসিদ্ধমাত্রং এব। অকর্ম্মণঃ—অবিহিতব্যাপারস্য অপি, তত্ত্বং বোদ্ধব্যং অস্তি, যতঃ কর্ম্মণঃ গতিঃ গহনা। কর্ম্ম ইতি উপলক্ষণার্থং কর্ম্মাকর্ম্মবিকর্ম্মণাং তত্ত্বং দুর্ব্বিজ্ঞেয়ং ইত্যর্থঃ॥ ১৭॥

কর্ম্মণঃ=শাস্ত্রবিহিতস্য; ধর্ম্মশাস্ত্রানুমোদিত বিহিত কর্ম্মের। বোদ্ধব্যং=জ্ঞাতব্যং; জ্ঞাত হওয়া উচিত। বিকর্ম্মণঃ=প্রতিষিদ্ধস্য; শাস্ত্রনিষিদ্ধ কর্ম্মের। অকর্ম্মণঃ=তুষ্ণীম্ভাবস্য; সর্ব্বকর্ম্মসন্ন্যাসের নাম অকর্ম্ম। হি=যস্মাৎ। গতিঃ=যাথার্থ্যং, তত্ত্বং। গহনা=বিষমা, দুর্জ্ঞেয়া, কর্ম্মাকর্ম্মবিকর্ম্মণাং তত্ত্বং দুর্ব্বিজ্ঞেয়ং; কর্ম্ম অকর্ম্ম এবং বিকর্ম্ম ইহাদিগের তত্ত্ব জ্ঞাত হওয়া অত্যন্ত কঠিন।

কি জন্য কর্ম্মাকর্ম্মের তত্ত্ব অবগত হইতে গিয়া বুদ্ধিমান্ ব্যক্তিরাও ভ্রমজালে আবদ্ধ হন তাহা প্রদর্শনের জন্য ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। ত্রিবিধ কর্ম্মের যথাক্রমে উল্লেখ করা যাইতেছে, সত্ত্বগুণোদ্ভব বেদবিহিত কর্ম্ম উত্তম। রজোগুণোৎপন্ন কর্ম্মসন্ন্যাস মধ্যম, এবং তমোগুণোদ্ভব নিষিদ্ধ কর্ম্ম অধম, এই সকল কর্ম্মের তত্ত্ব উত্তমরূপে জানিতে না পারিয়া জীব অকর্ম্মকে কর্ম্ম, এবং বিকর্ম্মকে কর্ম্মজ্ঞান করিয়া নিদারুণ কর্ম্মপাশে আবদ্ধ হয়। ভগবান্ কহিলেন অর্জ্জুন! কর্ম্মতত্ত্ব অত্যন্ত দুর্ব্বিজ্ঞেয়। কথিত আছে "কর্ম্মণা বাধ্যতে বুদ্ধিঃ" অর্থাৎ "জীবের বুদ্ধি কর্ম্মানুসরণ করে।" অতএব সংসারবন্ধনের নিদানীভূত কর্ম্মের প্রকৃতি সকলেরই অবগত হওয়া একান্ত কর্ত্তব্য। ফলশূন্য কামনাবিরহিত কর্ম্ম যে সর্ব্বকর্ম্মশ্রেষ্ঠ তাহাই তোমাকে বলিতেছি॥ ১৭॥

17. In this verse action or Karma is divided into three classes, viz., (*i*) actions which a man should do for his salvation, which are in perfect accord with the dictates of his religion and which are done for the good of humanity. These actions spring from the spiritual or the essential

কর্ম্মণ্যকর্ম্ম যঃ পশ্যেৎ, অকর্ম্মণি চ কর্ম্ম যঃ।
স বুদ্ধিমান্ মনুষ্যেষু, স যুক্তঃ কৃৎস্নকর্ম্মকৃৎ ॥ ১৮ ॥

যঃ কর্ম্মণি অকর্ম্ম পশ্যেৎ, যঃ অকর্ম্মণি চ কর্ম্ম (পশ্যেৎ) সঃ মনুষ্যেষু বুদ্ধিমান্, সঃ যুক্তঃ কৃৎস্নকর্ম্মকৃৎ ॥ ১৮ ॥

যিনি কর্ম্মের মধ্যে অকর্ম্ম দর্শন করেন এবং যিনি অকর্ম্মের মধ্যে কর্ম্ম দর্শন করেন, তিনি মনুষ্যগণের মধ্যে বুদ্ধিমান্, যোগী এবং সর্ব্বকর্ম্মক্ষম ॥ ১৮ ॥

18. He is wisest amongst men, he is spiritual and he can do all and yet be free, who seeth inaction in action and action in inaction.

---

qualities of man. (*ii*) Inaction which means the abandonment of actions. This is derived from a motive and as it benifits the self only but not the humanity at large, it is the outcome of the temporal qualities of man. (*iii*) Improper actions which are against the dictates of religion and which a man should never do. These are derived from the carnal principle of man, and they tend to degrade humanity. Sruti says " Karma guides the spiritual soul. " As the wind guides the stream so does Karma guide the soul. Srikrishna says " O Arjuna ! in order to attain your highest goal you must know the principles which govern Karma. These principles are difficult to understand, but I shall clearly explain them to you for your guidance.

স্বামী। তৎএব কর্ম্মাদীনাং দুর্ব্বিজ্ঞেয়ত্বং দর্শয়ন্ আহ—কর্ম্মণি ইতি। পরমেশ্বরারাধনলক্ষণে কর্ম্মণি—কর্ম্মবিষয়ে, অকর্ম্ম "কর্ম্ম ইদং ন ভবতি" ইতি যঃ পশ্যেৎ তস্য জ্ঞানহেতুত্বেন বন্ধকত্বাভাবাৎ অকর্ম্মণি চ—বিহিতাকরণে, কর্ম্ম যঃ পশ্যেৎ প্রত্যবায়োপাদকত্বেন বন্ধহেতুত্বাৎ মনুষ্যেষু—কর্ম্ম কুর্ব্বাণেষু, সঃ বুদ্ধিমান্, ব্যবসায়াত্মকবুদ্ধিমত্ত্বাৎ শ্রেষ্ঠঃ। তৎ প্রস্তৌতি—সঃ যুক্তঃ—যোগী, তেন কর্ম্মণা জ্ঞানযোগাবাপ্তেঃ। সঃ এব কৃৎস্নকর্ম্মকর্ত্তা চ সর্ব্বতঃ সংপ্লুতোদকস্থানীয়ে চ তস্মিন্ কর্ম্মণি সর্ব্বকর্ম্মণাং অন্তর্ভাবাৎ, তৎ এবং আরুরুক্ষোঃ কর্ম্মযোগাধিকারাবস্থায়াং "ন কর্ম্মণা মনারম্ভাৎ" ইত্যাদিনা উক্তঃ এব কর্ম্মযোগঃ স্পষ্টীকৃতঃ তৎপ্রপঞ্চরূপত্বাৎ চ অস্য প্রকরণস্য ন পৌনরুক্তদোষঃ অনেন এব যোগারূঢ়াবস্থায়াং " যস্ত্বাত্মরতিরেব স্যাৎ" ইত্যাদিনা যঃ কর্ম্মানুপযোগঃ উক্তঃ তস্য অপি অর্থাৎ প্রপঞ্চঃ কৃতঃ বেদিতব্যঃ, যৎ আরুরুক্ষোঃ অপি কর্ম্ম বন্ধকং ন ভবতি তৎ আরূঢ়স্য কুতঃ বন্ধকঃ স্যাৎ ইতি অত্র অপি শ্লোকঃ যুজ্যতে। যদ্বা কর্ম্মণি—দেহেন্দ্রিয়াদিব্যাপারে, বর্ত্তমানে অপি আত্মনঃ দেহাদিব্যতিরেকাজ্ঞানরহিতে দুঃখবুদ্ধ্যা কর্ম্মণাং ত্যাগে কর্ম্ম যঃ পশ্যেৎ তস্য প্রযত্নসাধ্যত্বেন মিথ্যাচারত্বাৎ তৎ উক্তং " কর্ম্মেন্দ্রিয়াণি সংযম্য " ইত্যাদিনা।

যঃ এবম্ভূতঃ সঃ তু সর্ব্বেষু মনুষ্যেষু বুদ্ধিমান্—পণ্ডিতঃ, তত্র হেতুঃ যতঃ কৃৎস্নানি—সর্ব্বাণি, যদৃচ্ছয়া প্রাপ্তানি আহারাদীনি কর্ম্মাণি কুর্ব্বন্ অপি সঃ যুক্তঃ এব, অকর্ত্রাত্মজ্ঞানেন সমাধিস্থঃ এব ইত্যর্থঃ। অনেন এব জ্ঞানিনঃ স্বভাবাৎ আপন্নং কলঞ্জভক্ষণাদিকং ন দোষায়, অজ্ঞস্য তু রাগতঃ কৃতং দোষায় ইতি বিকর্ম্মণঃ অপি তত্ত্বং নিরূপিতং দ্রষ্টব্যং। ১৮॥

কর্ম্মণি=দেহেন্দ্রিয়াদিব্যাপারে, ক্রিয়তে ইতি কর্ম্মব্যাপারমাত্রং তস্মিন্; দেহ এবং ইন্দ্রিয়াদির কার্য্য। অকর্ম্ম=কর্ম্মাভাবং, অকর্ত্রাত্মস্বরূপং; আত্মার অকর্ত্তৃত্বভাব। অকর্ম্মণি=কর্ম্মাভাবে, দেহেন্দ্রিয়াদ্যকর্ত্রাত্মভাবে। কর্ম্ম=কর্ত্তৃত্বভাবং। বুদ্ধিমান্=পরমার্থ তত্ত্বদর্শী। যুক্তঃ=সর্ব্বযোগে যুক্তঃ। কৃৎস্নকর্ম্মকৃৎ=কর্ম্মাকর্ম্মণোঃ পরস্পর-ভেদদর্শী; কর্ম্ম অকর্ম্মের পার্থক্যদর্শী।

কর্ম্মের গতি বোধগম্য হওয়া অত্যন্ত কঠিন, তাহাই ভগবান্ এই শ্লোকদ্বারা বিশেষরূপে প্রকাশ করিতেছেন। ভগবান্ বলিলেন অর্জ্জুন! কর্ম্মসম্বন্ধে পার্থিবভাবে যাহা দর্শন করিতেছ তাহা সম্পূর্ণ ভ্রমাত্মক। দ্রুতবেগে গমনকালে নৌকারোহী ব্যক্তির নিকট যেমন নদীতীরস্থ বৃক্ষাদির গমনক্রিয়া সম্পূর্ণ ভ্রমাত্মক, ক্রিয়াশূন্য আত্মাতে দেহ এবং ইন্দ্রিয়াদির কার্য্য আরোপ করাও তদ্রূপ ভ্রমাত্মক জানিবে। আবার যেমন স্থূলদৃষ্টিদ্বারা অতিদূরস্থ গমনশীল চন্দ্র ও নক্ষত্রগণকে একস্থানস্থিত বলিয়া অনুভব হয়, তদ্রূপ ক্রিয়াবান্ দেহ এবং ইন্দ্রিয়গণকে পার্থিবনয়নে নিষ্ক্রিয় বলিয়া প্রতীয়মান হয়। অতএব দেহ এবং ইন্দ্রিয়গণের কর্ম্মে যিনি আত্মার অকর্ম্ম প্রদর্শন করেন, এবং যিনি আত্মার অকর্ম্মের মধ্যে দেহ এবং ইন্দ্রিয়ের কর্ত্তৃত্ব অবলোকন করেন তিনিই কর্ম্মতত্ত্বদর্শী।

এই শ্লোকে "কর্ম্ম" শব্দ দ্বিবিধ অর্থে প্রযুক্ত হইয়াছে। যথা (১) দেহ এবং ইন্দ্রিয়াদির-কার্য্য। (২) উহাদিগের কর্ত্তৃত্বভাব।

টীকাকারগণ এই শ্লোকের দুই তিন প্রকার অর্থ করিয়াছেন। (১) জনকাদি জীবন্মুক্ত মহাত্মাগণ ব্যুত্থিতাবস্থায় কর্ম্ম করিয়াও সর্ব্বদা নির্লিপ্ত থাকিতেন এবং ধ্যানাবস্থায় আত্মার-কর্ম্মসকল দর্শন করিতেন (২) প্রকৃতির কার্য্যের নাম কর্ম্ম এবং প্রকৃতিসহযোগে পরমাত্মার বিস্তারই এইবিশ্বসংসার। এই বিশ্বসংসাররূপ কর্ম্মে যিনি অকর্ম্ম অর্থাৎ নিষ্ক্রিয় আত্মাকে দর্শন করেন, এবং যিনি আত্মার মধ্যে সমগ্রবিশ্ব দর্শন করেন তিনিই যোগী। (৩) ভগবান্ পূর্ব্ব শ্লোকে কর্ম্ম সত্ত্বগুণাত্মক, এবং অকর্ম্ম অর্থাৎ কর্ম্মসন্ন্যাস রজোগুণসম্ভব, ইহার আভাস প্রদান করিয়াছেন। পুনর্ব্বার এই শ্লোকে কর্ম্মসন্ন্যাস অপেক্ষা বেদাবিহিত নিষ্কাম কর্ম্মানুষ্ঠানের প্রাধান্য প্রদর্শন করাইতেছেন। যিনি কর্ম্মকে নির্ব্বাণ মুক্তির অবারিত পথস্বরূপ জ্ঞান করেন, এবং যিনি কর্ম্মসন্ন্যাসাবস্থায় বাসনাকে সংসার বন্ধনের নিদানস্বরূপ বোধ করেন তিনিই বুদ্ধিমান্, এইরূপ মহাত্মা সমস্ত কর্ম্ম করিলেও যোগী॥ ১৮॥

18. Having placed action or work for the good of humanity above inaction Srikrishna proceeds to explain the subject more fully. He says " he is a wise man who sees action in the light of no action and who considers abandonment of action as a means of binding oneself to the

যস্য সর্ব্বে সমারম্ভাঃ, কামসঙ্কল্পবর্জ্জিতাঃ।
জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং, তমাহুঃ পণ্ডিতং বুধাঃ ॥ ১৯ ॥

যস্য সর্ব্বে সমারম্ভাঃ কামসঙ্কল্পবর্জ্জিতাঃ (ভবন্তি) বুধাঃ তং জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং পণ্ডিতং আহুঃ ॥ ১৯ ॥

যাহার সমস্ত কর্ম্ম ফলতৃষ্ণা ও কর্ত্তৃত্বাভিমানশূন্য, এবং যিনি জ্ঞানানলে কর্ম্মফল দগ্ধ করিতে পারিয়াছেন, বিদ্বান্ ব্যক্তিগণ তাঁহাকে পণ্ডিত বলিয়া থাকেন ॥ ১৯ ॥

19. Wise men call him learned, whose actions are devoid of hopes of reward and pride of self, and whose fruits of deeds have been consumed by the fire of knowledge.

---

world. You should, therefore, prefer action to inaction. It is difficult to reach that heavenly stage of Yog when the mind contemplates or sees nothing but the Brahma; but until that stage is attained you must act.To do nothing and yet to employ your mind in thinking about worldly affairs is a sure means of strengthening the Karma-Bandhan. When action is directed towards the good of humanity, it does not bind the soul but leads it on to Nirvana".

স্বামী। "কর্ম্মণ্য কর্ম্ম যঃ পশ্যেৎ" ইত্যনেন শ্রুত্যর্থার্থাপত্তিভ্যাং যৎ উক্তং অর্থদ্বয়ং তৎ এব স্পষ্টয়তি—যস্য ইতি পঞ্চভিঃ। সম্যক্ আরভ্যন্তে ইতি সমারম্ভাঃ—কর্ম্মাণি, কাম্যতে ইতি কামঃ—ফলং, তৎ সঙ্কল্পেন বর্জ্জিতাঃ যস্য ভবন্তি তং পণ্ডিতং আহুঃ। অত্রহেতুঃ যতঃ তৈঃ সমারম্ভৈঃ শুদ্ধে চিত্তে সতি জাতেন জ্ঞানাগ্নিনা দগ্ধানি—অকর্ম্মতাং নীতানি কর্ম্মাণি, যস্য তং, আরূঢ়াবস্থায়াং তু কামঃ ফলহেতুবিষয়ঃ "তদর্থং ইদং কর্ত্তব্যং" ইতি কর্ত্তব্যবিষয়ঃ সঙ্কল্পঃ, তাভ্যাং বর্জ্জিতাঃ। শেষং স্পষ্টং ॥ ১৯ ॥

যস্য = পূর্ব্বোক্তপরমার্থদর্শিনঃ। সর্ব্বে = যাবন্তঃ বৈদিকাঃ লৌকিকাশ্চ। সমারম্ভাঃ — (সম্ + আ + রভ + ঘঞ্) সমারভ্যন্তে ইতি সমারম্ভাঃ কর্ম্মাণি ; যাহা সম্পূর্ণরূপে আরম্ভ করা হইয়াছে অর্থাৎ কর্ম্ম। কামঃ = ফলতৃষ্ণা ; ফলভোগের বাসনা। সঙ্কল্পঃ = অহং করোমি ইতি কর্ত্তৃত্বাভিমানঃ ; আমিই সকল কার্য্য করিতেছি এইরূপ কর্ত্তৃত্বাভিমান। জ্ঞানাগ্নিদগ্ধকর্ম্মাণং = কর্ম্মাদাবকর্ম্মাদিদর্শনং জ্ঞানং তদেবাগ্নিস্তেন জ্ঞানাগ্নিনা দগ্ধানি শুভাশুভলক্ষণানি কর্ম্মাণি যস্য তং ; কর্ম্মে অকর্ম্ম দর্শনের নাম জ্ঞান, তদ্রূপ অগ্নিদ্বারা যাঁহার সমস্ত শুভাশুভ কর্ম্মফল বিনষ্ট হইয়াছে এইরূপ লোককে। বুধাঃ = ব্রহ্মবিদঃ ; তত্ত্বজ্ঞানী ব্যক্তিগণ। পণ্ডিতং = সম্যক্‌দর্শিনং।

কি প্রকারে মহাত্মাগণ কর্ম্মফল পরিত্যাগ করিতে সক্ষম, তাহাই ভগবান্ এই শ্লোকে নির্দ্দেশ করিতেছেন। কর্ম্ম অকর্ম্মের পার্থক্য বিচার করিয়া যিনি অবগত হইয়াছেন যে

ত্যক্ত্বা কর্ম্মফলাসঙ্গং, নিত্যতৃপ্তো নিরাশ্রয়ঃ।
কর্ম্মণ্যভিপ্রবৃত্তো হপি, নৈব কিঞ্চিৎ করোতি সঃ ॥ ২০ ॥

সঃ কর্ম্মফলাসঙ্গং ত্যক্ত্বা নিত্যতৃপ্তঃ নিরাশ্রয়ঃ (চ সন্) কর্ম্মণি অভিপ্রবৃত্তঃ অপি কিঞ্চিৎ এব ন করোতি ॥ ২০ ॥

তিনি কর্ম্মফলের আসক্তি পরিত্যাগ করিয়া সর্ব্বদা সন্তুষ্টচিত্তে কাহারও আশ্রয় গ্রহণ না করিয়া কর্ম্মে সম্যক্‌রূপে প্রবৃত্ত হইলেও কিছুমাত্রই করেন না ॥ ২০ ॥

20. Forsaking attachment to fruits of action, supportless and at all times contented, he doth nothing even when fully engaged in action.

আত্মা নির্লিপ্ত এবং দেহ ও ইন্দ্রিয়গণ সমস্ত কার্য্য করিতেছে তিনিই আত্মজ্ঞানী। এইরূপ মহাত্মার কার্য্যের শুভাশুভ ফল কিছুই নাই। তিনি দেহ ও ইন্দ্রিয়গণকে সংযত করিয়া কর্ম্মফল ত্যাগ করেন। তিনি পাপ ও পুণ্য উভয়বিধ কর্ম্ম করিতে অক্ষম। তিনি ফলকামনা ও ভোগবাসনাশূন্য হৃদয়ে ত্রিবিধ উদ্দেশ্যে কার্য্যানুষ্ঠান করিয়া থাকেন; যথাঃ—(১ম) লোকসংগ্রহ অর্থাৎ পরোপকার ও মনুষ্যমধ্যে ধর্ম্মসংস্থাপন। (২য়) ভিক্ষার্জ্জন কি অন্য কোন সদুপায় অবলম্বন করিয়া জীবনযাত্রানির্ব্বাহ। (৩য়) প্রারব্ধ কর্ম্মশেষ অর্থাৎ পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফল শেষ। যাহার কর্ম্মফল এইরূপ জ্ঞানাগ্নিদ্বারা ভস্মীভূত এবং যিনি বাসনাবিবর্জ্জিত ও সমস্ত কর্ম্ম, কামনা ও কর্ত্তৃত্বশূন্য তাদৃশ মহাত্মাকে জ্ঞানিগণ পণ্ডিত বলিয়া থাকেন। এইরূপ পণ্ডিত ব্যক্তি সর্ব্বদা তৃপ্তান্তঃকরণে কাহারও আশ্রয়গ্রহণ না করিয়া তদীয় প্রারব্ধকর্ম্মশেষ জন্য লোক সংগ্রহার্থে কার্য্য করিয়া থাকেন। ১৯।

19. Here the word *Jnan* (জ্ঞান) means that knowledge whereby it is known and believed that it is not the soul but the body, the mind and the senses that act. The action of a man who possesses this knowledge and who actually works for the good of others without longing for a reward, has no effect on his soul. Such a man is always free, though he may be incessantly working. The word "action" has been explained in the foot-note to verse 17.

স্বামী। কিঞ্চ ত্যক্ত্বা ইতি। কর্ম্মণি তৎফলে চ আসক্তিং ত্যক্ত্বা নিত্যেন—নিজানন্দেন, তৃপ্তঃ, অতএব যোগক্ষেমার্থং আশ্রয়ণীয়রহিতঃ এবং ভূতঃ যঃ স্বাভাবিকে বিহিতে বা কর্ম্মণি অভিতঃ প্রবৃত্তঃ অপি কিঞ্চিৎ অপি ন এব করোতি, তস্য কর্ম্ম অকর্ম্মতাং আপদ্যতে ইত্যর্থঃ। ২০ ॥

কর্ম্মফলাসঙ্গং—কর্ম্মণি ফলে চ আসঙ্গং আসক্তিং, কর্ম্মাসঙ্গং কর্ম্মণি কর্ত্তৃত্বাভিমানং; কর্ম্মানুষ্ঠান কালে "অহং, মম" এরূপে যে কর্ত্তৃত্বাভিমান উপস্থিত হয় তাহাকে কর্ম্মাসঙ্গবলে।

নিরাশীর্যতচিত্তাত্মা, ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ।
শারীরং কেবলং কর্ম্ম, কুর্ব্বন্নাপ্নোতি কিল্বিষম্ ॥ ২১ ॥

(সঃ) নিরাশীঃ যতচিত্তাত্মা (অতএব) ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ, (সন্) কেবলং শারীরং কর্ম্ম কুর্ব্বন্ (অপি) কিল্বিষং ন আপ্নোতি ॥ ২১ ॥

যিনি কামনাপরিশূন্য, যাঁহার মনঃ ও আত্মা সংযত হইয়াছে, যিনি সকল প্রকার ধনগ্রহণ পরিত্যাগ করিয়া কেবলমাত্র দেহযাত্রা নির্ব্বাহের উপযোগি কর্ম্ম করিয়া থাকেন তাঁহাকে কোন পাপেই স্পর্শ করিতে পারে না ॥ ২১ ॥

21. Should this wise man forsaking all desires and passions, subduing his body and mind and rejecting objects of enjoyment, restrict his actions to the offices of the body, no sin can touch him.

ফলাসঙ্গঞ্চ কর্ম্মণি ভোগাভিলাষং; কর্ম্মজন্য স্বর্গাদিফলকামনাকে ফলাসঙ্গ কহে। নিত্যতৃপ্তঃ=ফলাসক্তিরাহিত্যজন্যপরমানন্দস্বরূপলাভেন সর্ব্বত্র নিরাকাঙ্ক্ষঃ; ফলাসক্তি না থাকায় পরমানন্দস্বরূপ হইয়া সর্ব্বাবস্থায় সন্তুষ্ট। নিরাশ্রয়ঃ=আশ্রয়ো দেহেন্দ্রিয়াদিঃ অদ্বৈতভাবদর্শনেন নির্গতো যস্মাৎ স দেহেন্দ্রিয়াদ্যভিমানশূন্যঃ; কর্ম্মাসঙ্গরাহিত্যজন্য দেহ এবং ইন্দ্রিয়গণ আত্মাহইতে পৃথক্ এইজ্ঞানদ্বারা কর্ত্তৃত্বাভিমানশূন্য। কর্ম্মণি অভিপ্রবৃত্তঃ=কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্তঃ।

সেই পণ্ডিত ব্যক্তি ব্যুত্থানদশায় লোকসংগ্রহার্থে কার্য্য করিয়াও কিরূপ নির্লিপ্তভাবে অবস্থান করেন তাহাই ভগবান্ এই শ্লোকে বিস্তার করিতেছেন। তিনি কর্ম্মাসক্তি ও ফলাসক্তি উভয়বিধ আসঙ্গ সম্যক্রূপে পরিত্যাগ করিয়া নিত্যতৃপ্ত নিরাশ্রয় হইয়া কার্য্যানুষ্ঠান করিয়াও নির্লিপ্তভাবে অবস্থিত থাকেন। যিনি ফলাসঙ্গরহিত, তিনি নিত্যতৃপ্ত এবং যিনি কর্ম্মাসঙ্গ অর্থাৎ কর্ত্তৃত্বাভিমানশূন্য তিনি নিরাশ্রয়, ঈদৃশ জীবন্মুক্ত ব্যক্তি লোকসংগ্রহার্থে সর্ব্বদা কর্ম্ম করিয়াও নির্লিপ্ত থাকেন ॥ ২০ ॥

20. Depending on self and for ourselves we always work. But the truly wise man has effaced away *self* and hence he is called supportless. He is contented, because he has forsaken fruits of deeds. Such a man, when he acts, does nothing for himself. This verse gives an idea as to how a truly wise man should work in this world.

স্বামী। কিঞ্চ নিরাশীঃ ইতি। নির্গতাঃ আশিষঃ—কামনাঃ, যস্মাৎ; যতং—নিয়তং, চিত্তং আত্মা—শরীরং, চ যস্য; ত্যক্তাঃ সর্ব্বে পরিগ্রহাঃ যেন সঃ। শারীরং—শরীরমাত্র-

নির্ব্বর্ত্ত্যং কর্তৃত্বাভিনিবেশরহিতং, কর্ম্ম কুর্ব্বন্ অপি কিল্বিষং—বন্ধং, ন আপ্নোতি। যোগারূঢ়-পক্ষে শরীরনির্ব্বাহমাত্রোপযোগি স্বাভাবিকং ভিক্ষাটনাদি কুর্ব্বন্ অপি কিল্বিষং—বিহিতাকরণনিমিত্তদোষং, ন প্রাপ্নোতি ॥ ২১ ॥

নিরাশীঃ=নির্গতাঃ আশিষো যস্মাৎ সঃ, বিগততৃষ্ণঃ। যতচিত্তাত্মা—চিত্তং অন্তঃকরণং, আত্মা বাহেন্দ্রিয়সহিতো দেহঃ; তৌ সংযতৌ প্রত্যাহারেণ নিগৃহীতৌ যেন সঃ, বিগত-তৃষ্ণত্বাৎ; যাঁহার অন্তঃকরণ ও দেহ এবং বাহেন্দ্রিয় প্রত্যাহারবলে সংযমিত হইয়াছে তিনি যতচিত্তাত্মা। ত্যক্তসর্ব্বপরিগ্রহঃ=ত্যক্তাঃ সর্ব্বে পরিগ্রহাঃ ভোগোপকরণানি যেন সঃ, সকলপ্রকার ভোগ্য সামগ্রী যিনি সম্যক্‌রূপে পরিত্যাগ করিয়াছেন। শারীরং কর্ম্ম=শরীরস্থিতিমাত্রপ্রয়োজনং; প্রারব্ধকর্ম্ম সম্পূর্ণার্থে কেবল মাত্র শরীরযাত্রানির্ব্বাহক কর্ম্ম। কিল্বিষং=অনিষ্টরূপপাপং।

পূর্ব্ব শ্লোকে ভগবান্ ইহাই নির্দ্দেশ করিলেন যে, যিনি কর্ম্মফলে আসক্তিপরিত্যাগ করিয়া নিরন্তর কর্ম্মানুষ্ঠান করেন তিনিও মুক্ত। এইশ্লোকে বলিলেন যে এইরূপ ব্যক্তি বিগততৃষ্ণ হইয়া আত্মারূপ দেহেন্দ্রিয়গণকে সংযত করিয়া লোকসংগ্রহার্থে কোন কর্ম্মানুষ্ঠান না করিয়া যদি কেবল তাঁহার শরীররক্ষার জন্য কার্য্য করেন তথাপি তিনি পাপহইতে মুক্ত হইবেন। বিগততৃষ্ণ এবং কর্ম্মফলাসঙ্গরহিত যতিগণ দুই শ্রেণীতে বিভক্ত। (১ম) যাঁহারা সর্ব্বদা কর্ম্ম করেন। (২য়) যাঁহারা কোন কর্ম্ম করেন না, কেবলমাত্র কৌপীনধারী হইয়া ভিক্ষাটনাদিদ্বারা নিজ শরীরযাত্রা নির্ব্বাহ করেন। ইহার মধ্যে ভগবান্ প্রথমোল্লিখিত ব্যক্তিগণকে শ্রেষ্ঠ বলিয়া স্বীকার করিলেন, কারণ তিনি নিরন্তর কার্য্য করিয়াও মুক্ত, কিন্তু দ্বিতীয় শ্রেণীর লোক কোনরূপ কর্ম্ম না করিলেও তাঁহাকে পাপে স্পর্শ করিতে পারে না। বিংশ শ্লোকে "নৈব কিঞ্চিৎ করোতি সঃ," এবং এইশ্লোকে "নাপ্নোতি কিল্বিষং" ইহার পার্থক্য পাঠক চিন্তা করিবেন। প্রথম ব্যক্তি কর্ম্ম করিয়াও জীবন্মুক্ত। এবং দ্বিতীয় ব্যক্তি কর্ম্ম নাকরিলেও পাপগ্রস্ত হন না। কোন কোন মহাত্মা বিংশশ্লোকে "কর্ম্ম" শব্দকে নিত্য নৈমিত্তিক কর্ম্ম বলিয়া ব্যাখ্যা করিয়াছেন, কিন্তু কর্ম্মশব্দ লোকসংগ্রহরূপ অর্থে প্রযুক্ত হইয়াছে এরূপ বোধ হয়, কারণ কর্ম্মঅর্থে প্রযুক্ত হইলে উভয় শ্লোকের কিছুমাত্র পার্থক্য থাকে না। একজন কর্ম্মযোগী, ও অপরজন কর্ম্মসন্ন্যাসী ॥ ২১ ॥

21. This verse explains the difference between action and no action. In the preceding verses the actions of him who works for the good of humanity are considered to have no binding effect. Such a man is always free. In this verse is considered the case of that man who does no work but forsaking all desires and subduing his body and mind, does so much work as is required to keep his body and soul together. The first is the man of work and the second is the man who has abandoned work. Though not actively engaged in doing good to others, he is still an honest and virtuous man.

যদৃচ্ছালাভসন্তুষ্টঃ, দ্বন্দ্বাতীতো বিমৎসরঃ।
সমঃ সিদ্ধাবসিদ্ধৌচ, কৃত্বা ঽপি ন নিবধ্যতে ॥ ২২ ॥

(যঃ) যদৃচ্ছালাভসন্তুষ্টঃ, দ্বন্দ্বাতীতঃ, বিমৎসরঃ, সিদ্ধৌ অসিদ্ধৌ চ সমঃ, (সঃ কর্ম্ম) কৃত্বা অপি ন নিবধ্যতে ॥ ২২ ॥

যিনি বিনা প্রযত্নে যৎকিঞ্চিৎ লাভ করিয়াও সন্তুষ্ট এবং শীত, উষ্ণ, সুখও দুঃখাদিরূপ দ্বন্দ্বসহিষ্ণু নির্ব্বৈর, অভীষ্টনাশে ও অভীষ্টলাভে যাঁহার চিত্তে সমতার অন্যথা হয় না তিনি কর্ম্মানুষ্ঠান করিয়াও সংসারে বদ্ধ হন না ॥ ২২ ॥

22. Such a man who is content with what chance may give him, who is unmoved by opposite sensations as heat and cold, happiness and misery, who is without an enemy and whom prosperity and adversity cannot affect, is free even in the midst of his actions.

স্বামী। কিঞ্চ যদৃচ্ছা ইতি। অপ্রার্থিতঃ উপস্থিতঃ লাভঃ—যদৃচ্ছালাভঃ, তেন সন্তুষ্টঃ। দ্বন্দ্বানি—শীতোষ্ণাদীনি, অতীতঃ—অতিক্রান্তঃ, তৎসহনশীলঃ ইত্যর্থঃ। বিমৎসরঃ—নির্ব্বৈরঃ, যদৃচ্ছালাভস্য অপি, সিদ্ধৌ অসিদ্ধৌ চ সমঃ—হর্ষবিষাদরহিতঃ, যঃ এবস্তুতঃ সঃ পূর্ব্বোত্তরভূমিকয়োঃ যথাযথং বিহিতং স্বাভাবিকং বা কর্ম্ম কৃত্বা বন্ধং ন প্রাপ্নোতি ॥ ২২ ॥

যদৃচ্ছালাভসন্তুষ্টঃ=অপ্রার্থিতোঽযত্নতো লাভস্তেন সন্তুষ্টঃ; প্রার্থনা ও যত্নবিহীন হইয়া যাহা প্রাপ্ত হওয়া যায় তাহাতেই সন্তুষ্ট। দ্বন্দ্বাতীতঃ=শীতোষ্ণাদিভিঃ হন্যমানোঽবিষণ্ণচিত্তঃ; যিনি অক্ষুব্ধচিত্তে শীত এবং উষ্ণাদি সহ্য করিতে সক্ষম। বিমৎসরঃ=বিগতমৎসরঃ, নির্ব্বৈরবুদ্ধিঃ, পরোৎকর্ষাসহনপূর্ব্বিকা স্বোৎকর্ষবাঞ্ছা মৎসরঃ, তদ্রহিতঃ; যিনি এক অদ্বিতীয় আত্মারূপে সকল জীবকে দর্শন করিয়া পরশ্রীকাতরতাপরিশূন্য। সমঃ সিদ্ধাবসিদ্ধৌচ=সিদ্ধৌ ন হৃষ্টঃ নাপ্যসিদ্ধৌ বিষণ্ণঃ; লাভ এবং অলাভে সমভাবাপন্ন। ন নিবধ্যতে=বন্ধহেতোঃ কর্ম্মণঃ সহেতুকস্য জ্ঞানাগ্নিনা দগ্ধত্বাৎ স বন্ধনং ন প্রাপ্নোতি; কর্ম্মানুষ্ঠান করিলেও তাঁহার বন্ধন হয় না।

কি প্রকারে মহাত্মাগণ কর্ম্ম করিয়াও মুক্ত থাকেন, তাহাই ভগবান্ এইস্থানে প্রকাশ করিতেছেন। যিনি অপ্রযত্নলব্ধ দ্রব্যে সর্ব্বদা সন্তুষ্টচিত্ত, শীত, উষ্ণ, মান, অপমান, সুখ, দুঃখ ইত্যাদি বিপরীতভাবাপন্ন অবস্থাতেও অবিচলিত ও সমস্ত জীবের প্রতি শত্রুভাবশূন্য, লাভ এবং অলাভে সমভাবাপন্ন, এতাদৃশ মহাত্মা কর্ম্মানুষ্ঠানে রত থাকিয়াও সর্ব্বদা মুক্ত। ইহার দৃষ্টান্তস্থল জীবন্মুক্ত জনক রাজর্ষি। এই মহাত্মা সম্বন্ধে কথিত আছে যে কোন পরিব্রাজক সন্ন্যাসী তদীয় গুরুকর্তৃক আদিষ্ট হইয়া কর্ম্মযোগ শিক্ষার নিমিত্ত জনক রাজর্ষির নিকট গমন করিয়াছিলেন, যাইয়া দেখিলেন যে তিনি রাজকার্য্যে তৎপর, অর্থাৎ

গতসঙ্গস্য মুক্তস্য, জ্ঞানাবস্থিতচেতসঃ।
যজ্ঞায়াচরতঃ কর্ম্ম, সমগ্রং প্রবিলীয়তে ॥ ২৩ ॥

গতসঙ্গস্য মুক্তস্য জ্ঞানাবস্থিতচেতসঃ যজ্ঞায় (এব) কর্ম্ম আচরতঃ সমগ্রং প্রবিলীয়তে। ২৩ ॥

যিনি ফলকামনারহিত ও রাগদ্বেষবিমুক্ত, এবং যাহার চিত্ত ব্রহ্মে অবস্থিত তাহার পরমেশ্বরোদ্দেশে অনুষ্ঠিত কর্ম্মসকল ফলের সহিত বিলয়প্রাপ্ত হইয়া থাকে ॥ ২৩ ॥

23. Devoid of desires, freed from anger and malice, his mind resting on wisdom, he directs his actions towards God alone. Hence the fruits of his deeds are completely destroyed.

রাজাসনে উপবিষ্ট হইয়া দোষী ব্যক্তিদিগকে দণ্ডপ্রদান এবং নানা প্রকার রাজ্যশাসন প্রণালীর বিধান করিতেছেন। এইরূপ ঘোরতর সংসারী ব্যক্তির নিকট কি প্রকারে যোগশিক্ষা হইবে পরিব্রাজক এইরূপ চিন্তা করিতেছেন এমন সময়ে সভাভঙ্গ হইল, জনক যোগানুষ্ঠানে রত হইলেন, অনতিবিলম্বে রাজবাটীর সমীপে ভয়ানক অগ্নিকাণ্ড উপস্থিত হইল, পরিব্রাজক স্বকীয় গৈরিকবসন ও কমণ্ডলু হস্তে লইয়া দ্রুতবেগে বহির্গত হইয়া যোগপরায়ণ জনকের নিকটে উচ্চৈঃস্বরে বারংবার বলিতে লাগিলেন, মহারাজ! মিথিলা নগরী দগ্ধ হইল, বারংবার এইরূপ বলায় রাজর্ষি জনক উত্তর করিলেন "মিথিলায়াং প্রদগ্ধায়াং ন মে লাভো ন মে ক্ষতিঃ"। "মিথিলা নগরী অগ্নিসাৎ হইলে আমার কোন লাভও নাই কোন প্রকার ক্ষতিও নাই"। এইরূপব্যক্তি কর্ম্ম করিয়াও মুক্ত ॥ ২২ ॥

22. This verse depicts the nature of the man on whom actions cannot produce any effect. His wants are so limited that he is always content with what God may have given him, who is unmoved by heat and cold, pleasure and pain, honour and dishonour and similar opposite feelings, and who has formed friendship with all animated beings whom he neither injures nor hates. Such a man is always free.

স্বামী। কিঞ্চ গতসঙ্গস্য ইতি। গতসঙ্গস্য—নিষ্কামস্য, রাগাদিভিঃ মুক্তস্য, জ্ঞানে অবস্থিতং চেতঃ যস্য, যজ্ঞায়—পরমেশ্বরারাধনার্থং, কর্ম্ম চরতঃ সতঃ সমগ্রং—সবাসনং, কর্ম্ম, প্রবিলীয়তে—অকর্ম্মভাবং আপদ্যতে, আরূঢ়যোগপক্ষে, যজ্ঞায়—যজ্ঞরক্ষণার্থং, লোকসংগ্রহার্থং কর্ম্ম কুর্ব্বতঃ ইত্যর্থঃ ॥ ২৩ ॥

গতসঙ্গস্য = ফলাসঙ্গশূন্যস্য; ফলকামনাবিমুখ ব্যক্তির। মুক্তস্য = কর্ত্তৃত্বভোক্তৃত্বাদ্যধ্যাসশূন্যস্য; "আমি কর্ত্তা" "আমি ভোক্তা" ইত্যাদি অহংজ্ঞানশূন্য ব্যক্তির। কেহ কেহ বলেন রাগদ্বেষাদিশূন্য ব্যক্তির অথবা সর্ব্ববন্ধনমুক্ত ব্যক্তির। জ্ঞানাবস্থিতচেতসঃ = জ্ঞানে নির্ব্বিকল্পব্রহ্মাত্মৈক্যবোধেএব স্থিতং মনঃ চিত্তং যস্য তস্য স্থিতপ্রজ্ঞস্য; পরমাত্মা এবং জীবা-

ব্রহ্মার্পণং ব্রহ্ম হবিঃ, ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতম্।
ব্রহ্মৈব তেন গন্তব্যং, ব্রহ্মকর্ম্মসমাধিনা ॥ ২৪

অর্পণং ব্রহ্ম, হবিঃ ব্রহ্ম, ব্রহ্মাগ্নৌ ব্রহ্মণা হুতং (ব্রহ্ম) তেন ব্রহ্মকর্ম্ম-সমাধিনা ব্রহ্মএব গন্তব্যং ॥ ২৪ ॥

যজ্ঞীয় উপকরণ ব্রহ্ম, ঘৃত ও ব্রহ্ম, অগ্নি ও ব্রহ্ম, হোতা ও ব্রহ্ম অতএব এইরূপ ব্রহ্মময় কর্ম্মে সমাধিস্থ ব্যক্তি ব্রহ্মই প্রাপ্ত হন ॥ ২৪ ॥

24. He finds God in his offerings, God in the clarified butter, God in the altar fire and God in the worshipper. Such a man whose mind is full of God goes to God alone.

ত্মার অভেদজ্ঞানদ্বারা যাঁহার চিত্ত ব্রহ্মেতে স্থিত তাদৃশ স্থিতপ্রজ্ঞের। যজ্ঞায়=যজ্ঞসংরক্ষণায়; জ্যোতিষ্টোমাদি যজ্ঞসকল রক্ষা করিবার জন্য। অথবা পরমেশ্বরারাধনার্থং; পরমেশ্বরের আরাধনা উদ্দেশে। কর্ম্ম=লোকসংগ্রহার্থং যজ্ঞদানাদিকং কার্য্যং; লোকের ধর্ম্মোন্নতি-সাধক যজ্ঞদান ইত্যাদি কার্য্য। সমগ্রং=সহ অগ্রেণ ফলেন বিদ্যতে; ফলের সহিত। প্রবিলীয়তে=প্রকর্ষেণ কারণোচ্ছেদেন তত্ত্বদর্শনাদ্বিলীয়তে বিনশ্যতি; তত্ত্বদর্শন হেতুক সম্যক্‌প্রকারে বিনষ্ট হয়।

কিজন্য জীবন্মুক্ত পুরুষের কর্ম্মফল বিনষ্ট হয়, তাহা ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। তিনি বিগতসঙ্গ, কারণ তাঁহার চিত্ত আত্মজ্ঞানে পরিপূর্ণ; যে জ্ঞানদ্বারা তিনি সমস্ত বিশ্ব ব্রহ্মময় অবলোকন করেন, এবং যদ্দ্বারা তিনি পরমাত্মা ও জীবাত্মার অভেদ নিরীক্ষণ করেন। তাঁহার হৃদয় সর্ব্বদা সেই জ্ঞানালোকে আলোকিত। এইরূপ মহাত্মা পরমেশ্বরের উদ্দেশে সমস্ত কর্ম্ম করেন বলিয়া তাহাকে কর্ম্মফলে জড়িত করিতে পারে না।

কোন কোন টীকাকার এই শ্লোকের অন্যপ্রকার অর্থ করেন। ফলকামনারহিত, "অহং, মম" এইরূপ জ্ঞানবর্জ্জিত, আত্মজ্ঞানপরিপূর্ণ মহাত্মা প্রারব্ধ কর্ম্মহেতু, অথবা লোক-সংগ্রহার্থে জ্যোতিষ্টোমাদি যাগানুষ্ঠান করিলেও তাঁহার কর্ম্মফল বিনষ্ট হয়।

কিন্তু পরশ্লোকের আলোচনা করিলে ইহাই স্পষ্ট প্রতীয়মান হইবেক যে "যজ্ঞ" শব্দের অর্থ ব্রহ্ম উদ্দেশে সম্পাদিত কর্ম্ম। ২৩ ॥

23. Having described the nature of the man whom actions cannot bind, Srikrishna proceeds in this verse to describe more fully the man whose fruits of deeds have been completely destroyed. When the mind is lighted up with the wisdom that this Universe with its teeming beings is but an expansion of Brahma, the mind becomes free from anger and malice. Then all desires vanish from him, he works for God and to God he goes at last.

স্বামী। তৎ এবং পরমেশ্বরারাধনলক্ষণং কর্ম্ম জ্ঞানহেতুত্বেন বন্ধকত্বাভাবাৎ অকর্ম্ম-এব, আরূঢ়াবস্থায়াং তু অকর্ত্রাত্মজ্ঞানবাধিতত্বাৎ স্বাভাবিকং অপি কর্ম্ম অকর্ম্ম এব, ইতি

"কর্ম্মণ্য কর্ম যঃ পশ্যেৎ" ইতি অনেন উক্তঃ কর্ম্মপ্রবিলয়ঃ প্রপঞ্চিতঃ, ইদানীং কর্ম্মণি তদঙ্গেষু চ ব্রহ্ম এব অনুস্যূতং পশ্যতঃ কর্ম প্রবিলয়ং আহ—ব্রহ্মার্পণং ইতি। অর্প্যতে অনেন ইতি অর্পণং—জুহ্বাদি, তৎঅপি ব্রহ্মএব, অর্প্যমাণং হবিঃ অপি—ঘৃতাদিকং, ব্রহ্মএব, ব্রহ্ম এব অগ্নিঃ তস্মিন্ ব্রহ্মণা কর্ত্রা হুতং—হোমঃ, অগ্নিঃ চ কর্ত্তা চ ক্রিয়া চ ব্রহ্মএব ইত্যর্থঃ। এবং ব্রহ্মণিএব কর্ম্মাত্মকে সমাধিঃ—চিত্তৈকাগ্র্যং, যস্য তেন ব্রহ্মএব গন্তব্যং—প্রাপ্যং, নতু ফলান্তরং ইত্যর্থঃ ॥ ২৪ ॥

অর্পণং=অর্প্যতে হনেনেতি অর্পণং স্রুগাদি বস্তু; স্রুগাদি যাগসাধম বস্তুও ব্রহ্ম। হবিঃ=উদ্দেশ্যদেবতাসম্প্রদানকত্যজ্যমানং দ্রব্যং; উদ্দেশ্য দেবতা উদ্দেশে অগ্নিতে প্রক্ষিপ্ত ঘৃতাদিকে হবিঃ বলে, তাহাও ব্রহ্ম। অগ্নৌ=অনলে। হুতং=হোমঃ; হোম ও ব্রহ্ম। ব্রহ্মকর্ম্মসমাধিনা=ব্রহ্মণি একতানমনসা; ব্রহ্মচিন্তায় যাহার চিত্ত একাগ্র হইয়াছে তৎকর্ত্তৃক। ব্রহ্ম গন্তব্যং=ব্রহ্মাত্মকতয়া ব্রহ্মভূতমাত্মস্বরূপং গন্তব্যং; ব্রহ্মই প্রাপ্ত হয়।

কিজন্য উক্ত প্রকার ব্যক্তির সমস্ত কর্ম্মফল বিনষ্ট হয় তাহাই ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। কারণ যৎকালে সেই মহাত্মার আত্মজ্ঞানের স্ফুরণ হয় তখন তিনি ব্রহ্ম ব্যতীত আর কিছুই দেখিতে পান না। যেমন কোন ব্যক্তির রজ্জুতে সর্পজ্ঞান হইয়া পরে যখন রজ্জুজ্ঞান হয়, তৎকালে তিনি রজ্জু ব্যতীত আর কিছুই অবলোকন করেন না, তদ্রূপ ব্রহ্মের বিস্তার এই বিশ্বে আত্মজ্ঞানীর যৎকালে "অহং,মম" এইরূপ জ্ঞান বিনষ্ট হইয়া ব্রহ্মজ্ঞান উপস্থিত হয়, তৎকালে তিনি যজ্ঞের কর্ত্তা হোতাগণে, কর্ম্ম ঘৃতাদিতে, করণ স্রুগাদিতে, সম্প্রদান ইন্দ্রাদিদেবতাগণে, অধিকরণ অগ্নি ও দেশকালাদিতে এবং হোমরূপ ক্রিয়াতে ব্রহ্মভিন্ন আর কিছুই দেখিতে পান না। তিনি স্বয়ং ব্রহ্ম, তাঁহার কর্ম্ম এবং কর্ম্মের উপাদান ও ব্রহ্ম, এবং তাঁহার অভীষ্টও ব্রহ্ম, এইরূপ ব্রহ্মসমাধিস্থিত ব্যক্তির পরিণামে ব্রহ্মেরই লাভ হয় ॥ ২৪ ॥

24. This verse has been interpreted in several ways. I have adopted the plain meaning. In the preceding verse Srikrishna said in effect that the man whose actions are directed to God alone can never be tied by the fruits of his deeds. The reason for this is given in this verse. Such a man sees nothing but Brahma in his deeds. When a rope which appeared from a distance like a snake is seen on a closer inspection, it is found to be nothing but a rope. So when the delusion has disappeared the saint sees nothing but God in his actions. An ordinary observer sees four separate objects when a Hom ceremony is performed, viz., the worshipper, the fire, the Ghee and the offerings. But the true observer, from whom the delusion of individuality and separateness has disappeared, sees nothing but Brahma in all these four ingredients. Some explain the verse in this way :——the ceremoney of Hom which is performed with an object, has a binding effect, but the saint who sees nothing but Brahma in it is freed from the ties of action, although he may perform the ceremony.

দৈবমেবাপরে যজ্ঞং, যোগিনঃ পর্য্যুপাসতে।
ব্রহ্মাগ্নাবপরে যজ্ঞং, যজ্ঞেনৈবোপজুহ্বতি ॥ ২৫ ॥

অপরে যোগিনঃ (কর্ম্মযোগিনঃ) দৈবং যজ্ঞং এব পর্য্যুপাসতে, অপরে (জ্ঞানযোগিনঃ) ব্রহ্মাগ্নৌ যজ্ঞেন যজ্ঞং এব উপজুহ্বতি ॥ ২৫ ॥

কর্ম্মযোগিগণ কেবল দেবতাগণের উদ্দেশে সর্ব্বদা যজ্ঞানুষ্ঠান করিয়া থাকেন। অপর জ্ঞানযোগিগণ ব্রহ্মরূপ অগ্নিতে আত্মাকেই আহুতি প্রদান করিয়া থাকেন ॥ ২৫ ॥

25. Some devout persons always direct their worship to the gods alone, but the man of spiritual wisdom giveth his soul as an offering to the fire of Brahma.

স্বামী। তৎ এবং যজ্ঞত্বেন সম্পাদিতং সর্ব্বত্র ব্রহ্মদর্শনলক্ষণং জ্ঞানং সর্ব্বযজ্ঞোপায়-প্রাপ্যত্বাৎ সর্ব্বযজ্ঞেভ্যঃ শ্রেষ্ঠং ইতি এবং স্তোতুং অধিকারিভেদেন জ্ঞানোপায়ভূতান বহূন্ যজ্ঞান্ আহ—দৈবং ইত্যাদিভিঃ অষ্টভিঃ। দেবাঃ—ইন্দ্রবরুণাদয়ঃ, ইজ্যন্তে যস্মিন্; (এব কারেণ ইন্দ্রাদিষু ব্রহ্মবুদ্ধিরাহিত্যং দর্শিতং) তং দৈবং যজ্ঞং, অপরে—কর্ম্মযোগিনঃ, পর্য্যুপাসতে—শ্রদ্ধয়া অনুতিষ্ঠন্তি, অপরে তু—জ্ঞানযোগিনঃ, ব্রহ্মরূপে অগ্নৌ যজ্ঞেন এব উপায়েন ব্রহ্মার্পণং ইত্যাদ্যুক্তপ্রকারেণ যজ্ঞং উপজুহ্বতি—যজ্ঞাদিসর্ব্বকর্ম্মাণি প্রবিলাপয়ন্তি ইত্যর্থঃ। সঃ অয়ং জ্ঞানযজ্ঞঃ ॥ ২৫ ॥

দৈবং যজ্ঞং = দেবা ইন্দ্রাগ্ন্যাদয়ঃ ইজ্যন্তে যেন স দৈবস্তমেব যজ্ঞং দর্শপৌর্ণমাসজ্যোতি-ষ্টোমাদিরূপং ; ইন্দ্রাদি দেবগণ উদ্দেশে যে সকল যজ্ঞানুষ্ঠান করা হয় তাহাকে দৈবযজ্ঞ বলে। যোগিনঃ = কর্ম্মিণঃ ; কর্ম্মযোগিগণ। পর্য্যুপাসতে = সর্ব্বদা কুর্ব্বন্তি। অপরে = জ্ঞানযোগিনঃ ; জ্ঞান যোগিগণ, যাঁহারা তত্ত্বজ্ঞান লাভদ্বারা ব্রহ্ম এবং আত্মার একত্ব দর্শন করিয়াছেন। ব্রহ্মাগ্নৌ = সত্যজ্ঞানানন্তরূপং নিরস্তসমস্তবিশেষং ব্রহ্ম তৎপদার্থবাচ্যং তদেবাগ্নিঃ অস্মিন্ ; সত্যজ্ঞান ও আনন্দরূপ এবং যাহাতে ইতর বিশেষ কিছুই নাই তাদৃশ ব্রহ্ম তৎশব্দবাচ্য তিনিই অগ্নি, তাহাতে। যজ্ঞং = প্রত্যগাত্মানং ত্বংপদার্থং ; ত্বংপদপ্রতি-পাদ্য জীবাত্মাকে। উপজুহ্বতি = তৎস্বরূপতয়া পশ্যন্তি ; জীবাত্মাকে পরমাত্মার ন্যায় দর্শন করেন।

ব্রহ্মার্পিতমনাঃ যোগীদিগের বৃত্তান্ত বলিয়া ভগবান্ অন্যান্য যোগীর বিষয় বলিতেছেন। কতকগুলি যোগী ইন্দ্রাদিদেবতাগণের অর্থাৎ ইন্দ্র, অগ্নি, বায়ু, বরুণ, যম ইত্যাদি দেবতা-গণের উদ্দেশে যজ্ঞাহুতি প্রদান করিয়া থাকেন। এই সকল দর্শপৌর্ণমাস জ্যোতিষ্টোম অগ্নিহোত্র প্রভৃতি যজ্ঞসমূহকে দৈবযজ্ঞ বলিয়া থাকে। কতকগুলি সন্ন্যাসী ব্রহ্মরূপ জ্বলন্ত অনলে জীবাত্মার আহুতি প্রদান করেন। অর্থাৎ "তৎ ত্বং অসি" এই মহাবাক্যের সার

অর্থ অবধারণ করত ব্রহ্মরূপ তৎপদার্থে জীবাত্মারূপ ত্বংপদার্থের সমাধি করিয়া থাকেন। এই সর্ব্বোত্তম যজ্ঞকে ঋষিগণ জ্ঞানযজ্ঞ বলিয়া থাকেন, যে যজ্ঞপ্রভাবে স্থিতপ্রজ্ঞ সমাধিকালে কি ব্যুত্থিতসময়ে "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এইরূপ অবলোকন করেন, অর্থাৎ "সমস্তই ব্রহ্মময় দর্শন করেন" সেই যজ্ঞকে জ্ঞানযজ্ঞ বলিয়া থাকে।

এই অধ্যায়ের ত্রয়স্ত্রিংশ শ্লোকে সমস্তযজ্ঞবৃত্তান্ত উপসংহার করিয়া ভগবান্ কহিয়াছেন অর্জ্জুন! যতপ্রকার যজ্ঞের কথা আমি তোমাকে বলিলাম, তন্মধ্যে জ্ঞানযজ্ঞই সর্ব্বশ্রেষ্ঠ কারণ সকল প্রকার যজ্ঞানুষ্ঠান করিয়া যে ফল সংসাধিত হয় তৎসমুদয়ই জ্ঞানযজ্ঞপ্রসূত ব্রহ্মানন্দে বিলীন হইয়া থাকে। অতএব তুমি সর্ব্বশ্রেষ্ঠ জ্ঞানযজ্ঞের অনুষ্ঠান কর। ২৫ ॥

25. Verses from 25 to 29 describe twelve sorts of worship, viz, (*i*) The ordinary worship of the gods to enjoy the fruits of deeds. (*ii*) The spiritual worship for divine wisdom. (*iii*) Worship by continuous and prolonged concentration of mind into one particular object. During this concentration, the external organs of senses cease to play and the mind is entirely lost in the contemplation of Brahma. This is called "সমাধি"। It is of two sorts "সম্প্রজ্ঞাত সমাধি" in which the mind retains the knowledge of self, and "অসম্প্রজ্ঞাত সমাধি" in which the idea of self is also lost. (*iv*) The worship by which the objects of the senses are consumed in the fire of the senses themselves, that is, sound is lost in the ear, sight in the eye, smell in the nose, taste in the tongue, touch in the skin and the thoughts in the mind,(*v*). The worship by which the action of the five winds of the five organs of knowledge and of the five organs of action are consumed in the fire of concentration. The following are the five winds (1) the expiratory wind, "প্রাণ" (2) the inspiratory wind, "অপান" (3) the abdominal wind, "সমান" (4) the guttural wind, "উদান" and (5) the pervading wind, "ব্যান"। The *Pran* cleanses our blood of all impurities; the *Apan* acts through the excretory passages and helps in voiding stools &c.; the *Udan* gives the power of speech, singing &c.; the *Shaman* helps digestion and separates the digested matters into blood semen &c.;and the *Byan* causes the blood to circulate throughout the body. By this worship the action of these winds, and that of the senses are, for the time being,suspended and the mind concentrated into the contemplation of Brahma. (*vi*) The worship by executing works of public utility,by gifts, charities and by relieving human misery. This is called দ্রব্যযজ্ঞ. (*vii*) The worship by practising penances and austerities. This is called তপোযজ্ঞ (*viii*) The worship by practising the eight sorts of devotion, viz., *Yama, Nyama, Ashan, Pranayama, Pratyahar, Dhyana, Dharana,* and *Samadhi.* This is calledযোগযজ্ঞ (*ix*)The worship by devoting oneself to the study of the Vedas and leading the life of celebacy. This is called স্বাধ্যায়জ্ঞানযজ্ঞ

শ্রোত্রাদীনীন্দ্রিয়াণ্যন্যে, সংযমাগ্নিষু জুহ্বতি।
শব্দাদীন্ বিষয়ানন্যে, ইন্দ্রিয়াগ্নিষু জুহ্বতি ॥ ২৬ ॥

অন্যে শ্রোত্রাদীনি ইন্দ্রিয়াণি সংযমাগ্নিষু জুহ্বতি। অন্যে (চ) শব্দাদীন্ বিষয়ান্ ইন্দ্রিয়াগ্নিষু জুহ্বতি ॥ ২৬ ॥

অন্য যোগিগণ আত্মসংযমরূপ অগ্নিতে শ্রোত্রাদি ইন্দ্রিয়গণকে আহুতিপ্রদান করেন। অপর যোগিগণ ইন্দ্রিয়ের বিষয় শব্দাদিকে ইন্দ্রিয়রূপ অগ্নিতে আহুতিপ্রদান করেন ॥ ২৬ ॥

26. Some consume their senses in the fire of concentration, while others burn up the objects of the senses in the flame of the senses themselves.

or বেদযজ্ঞ. (*x*) The worship by keeping the vows inviolable. This is called সংশিতব্রত (*xi*) The worship by practising, first, deep inspiration "পূরক," when the expiration is stopped, secondly, by the forcible expiration of the wind, "রেচক," when the inspiration of the wind is stopped and thirdly by stopping both inspiration and expiration, "কুম্ভক"। This is called Pranayama. (*xii*) The worship by consuming the action of the senses in the fire of the suspended breath, in other words, by concentrating the mind into the contemplation of Brahma during *Kumbhock.* At this stage the devotee regulates his food.

স্বামী। শ্রোত্রাদীনি ইতি। অন্যে—নৈষ্ঠিকাঃ ব্রহ্মচারিণঃ, তৎতৎ ইন্দ্রিয়সংযমরূপেষু অগ্নিষু শ্রোত্রাদীনি জুহ্বতি—প্রবিলাপয়ন্তি, ইন্দ্রিয়াণি নিরুধ্য সংযমপ্রধানাঃ তিষ্ঠন্তি ইত্যর্থঃ। ইন্দ্রিয়াণি—এব অগ্নয়ঃ তেষু, শব্দাদীন্, অন্যে—গৃহস্থাঃ জুহ্বতি। বিষয় ভোগ সময়ে অপি অনাসক্তাঃ সন্তঃ অগ্নিত্বেন ভাবিতেষু—ইন্দ্রিয়েষু, হবিষ্ট্বেন ভাবিতান্ শব্দাদীন্ প্রক্ষিপন্তি ইত্যর্থঃ ॥ ২৬ ॥

অন্যে=প্রত্যাহারপরাঃ; যাঁহারা ইন্দ্রিয়গণকে স্বস্ববিষয়হইতে প্রতিনিবৃত্ত করিয়া আত্মসাক্ষাৎকারে তৎপর। শ্রোত্রাদীনি=জ্ঞানেন্দ্রিয়াণি; চক্ষুঃ কর্ণ নাসিকা প্রভৃতি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। সংযমাগ্নিষু—ধারণা ধ্যানং সমাধিরিতি ত্রয়মেকবিষয়ং সংযমশব্দেনোচ্যতে, সংযমরূপেষু অগ্নিষু, ধ্যান ধারণা সমাধি এই ত্রিবিধ মানসিক ক্রিয়ার যুগপৎ প্রয়োগের নাম সংযম তদ্রূপ অগ্নিতে। জুহ্বতি=প্রবিলাপয়ন্তি; বিলীন করেন। অন্যে=ব্যুত্থিতাবস্থাঃ, ব্যুত্থিতাবস্থ যোগিগণ। শব্দাদীন্ বিষয়ান্=শব্দ স্পর্শ রূপ রস গন্ধান্; শব্দ, স্পর্শ, রূপ, রস,ও গন্ধ। ইন্দ্রিয়াগ্নিষু—শ্রোত্রাদীনি ইন্দ্রিয়াণি এব অগ্নয়ঃ তেষু। শব্দাদি বিষয়াঃ হোমস্তু তত্তদিন্দ্রিয়ৈস্তত্তদ্বিষয়োপভোগলক্ষণস্তু সর্ব্বসাধারণত্ব মাশঙ্ক্য প্রতিষিদ্ধান্ বর্জ্জয়িত্বা রাগদ্বেষরহিতা ভূত্বা প্রাপ্তান্ বিষয়ান্ ভুঞ্জতে। শব্দাদিবিষয়-

সর্ব্বাণীন্দ্রিয় কর্ম্মাণি, প্রাণ কর্ম্মাণি চাপরে।
আত্মসংযমযোগাগ্নৌ, জুহ্বতি জ্ঞানদীপিতে ॥ ২৭ ॥

অপরে (যোগিনঃ) জ্ঞানদীপিতে আত্মসংযম যোগাগ্নৌ সর্ব্বাণি ইন্দ্রিয়-কর্ম্মাণি প্রাণকর্ম্মাণি চ জুহ্বতি ॥ ২৭ ॥

অপর কোন কোন যোগী জ্ঞানপ্রদীপ্ত আত্মসংযমযোগরূপ অনলে ইন্দ্রিয়গণ ও প্রাণাদির কর্ম্মকে হোম করিয়া থাকেন ॥ ২৭ ॥

27. While others consume the action of the senses and of the five winds in the flame of concentration lighted up by the torch of spiritual wisdom.

হইতে ইন্দ্রিয়গণকে নিবৃত্ত করিয়া রাগ দ্বেষ রহিত হইয়া বিষয়োপভোগ করিয়া থাকেন। জুহ্বতি=ধারণা ধ্যান সমাধি সিদ্ধ্যর্থং সর্ব্বাণীন্দ্রিয়াণি স্বস্ববিষয়েভ্যঃ প্রত্যাহরন্তি; ধারণা ধ্যান ও সমাধিসিদ্ধির নিমিত্ত সমস্ত ইন্দ্রিয়কে স্বস্ববিষয় হইতে প্রত্যাবৃত্ত করে।

দৈব এবং জ্ঞানযজ্ঞের কথা বলিয়া ভগবান্ অন্যান্য যজ্ঞের কথা বলিতেছেন—এই শ্লোকের প্রথম ও দ্বিতীয় চরণে "সম্প্রজ্ঞাত, সমাধির কথা উল্লেখ করিলেন। চক্ষুঃ কর্ণ নাসা ও মনঃ প্রভৃতি জ্ঞানেন্দ্রিয়গণকে যোগিগণ সংযমরূপ অগ্নিতে বিলীন করেন। অর্থাৎ ধ্যান ধারণা ও সমাধিদ্বারা একাগ্রীকৃত চিত্তকে ব্রহ্ম চিন্তায় নিযুক্ত করেন। সমাধি দ্বিবিধ, সম্প্রজ্ঞাত, ও অসম্প্রজ্ঞাত। পাতঞ্জল যোগসূত্রের সমাধিপদের ১৭শ এবং ১৮শ শ্লোক পাঠ করিলে পাঠক এবিষয় বিশেষ জানিতে পারিবেন যৎকালে সকল ইন্দ্রিয়-গণের কার্য্যের অভাব হইয়া কেবল ধ্যেয় বস্তু এবং ধ্যান কারকের জ্ঞান মাত্র হয়, তৎকালে সম্প্রজ্ঞাত সমাধি হইয়া থাকে। কিন্তু যখন ধ্যান কারকের জ্ঞান ও অভাব হয় তখন অসম্প্রজ্ঞাত সমাধি হইয়া থাকে। যে সম্প্রজ্ঞাত সমাধি এই শ্লোকে উল্লিখিত হইল তাহা চারিপ্রকার। (১) সবিতর্ক। (২) সবিচার। (৩) সানন্দ। (৪) অস্মিতা। অন্যান্য যোগীরা ইন্দ্রিয়গণকে শব্দাদি বিষয়হইতে আকর্ষণ করিয়া রাগ দ্বেষ বিরহিত হইয়া সংসার-যাত্রা নির্ব্বাহ করেন। অর্থাৎ তাহারা সংসারে থাকিয়াও মুক্ত এবং যোগী ॥ ২৬ ॥

26. Worship as described under (3) in the foot notes of the preceding verse is referred to, in the first portion of this verse and worship as described under (4) is referred to, in the second portion. The first portion refers to saints who have devoted their lives to the worship of God and the second portion refers to virtuous men employed in worldly affairs. The latter class of men performs the duties allotted to their own spheres without being in any way attached to the objects of their pursuits. The various objects pass through their mind without leaving any impression on it,

স্বামী। কিঞ্চ সর্ব্বাণি ইতি। অপরে—ধ্যান নিষ্ঠাঃ, বুদ্ধীন্দ্রিয়াণাং—শ্রোত্রাদীনাং, কর্ম্মাণি—শ্রবণ দর্শনাদীনি, কর্ম্মেন্দ্রিয়াণাং—বাক্ পাণ্যাদীনাং, কর্ম্মাণি—বচনোপাদানাদীনি, প্রাণানাং চ দশানাং কর্ম্মাণি—প্রাণস্য বহিঃ নির্গমনং, অপানস্য অধোগমনং, ব্যানস্য ব্যায়নং আকুঞ্চন প্রসারণাদি, সমানস্য অসিত পীতাদীনাং সমুন্নয়নং, উদানস্য উর্দ্ধনয়নং।

"উদ্গারে নাগ আখ্যাতঃ, কূর্ম্ম উন্মীলনে স্মৃতঃ।
কৃকরঃ ক্ষুৎকরো জ্ঞেয়ঃ, দেব দত্তো বিজৃম্ভণে।
ন জহাতি মৃতঞ্চাপি, সর্ব্বব্যাপী ধনঞ্জয়ঃ"।

ইতি এবং রূপাণি, জুহ্বতি, আত্মনি সংযমঃ—ধ্যানৈকাগ্র্যং সঃ এব যোগঃ সঃ এব অগ্নিঃ তস্মিন্, জ্ঞানেন—ধ্যেয় বিষয়েন, দীপিতে—প্রজ্বলিতে, ধ্যেয়ং সম্যক্ জ্ঞাত্বা তস্মিন্ মনঃ সংযম্য তানি সর্ব্বাণি কর্ম্মাণি উপরময়ন্তি ইত্যর্থঃ॥ ২৭॥

আত্ম সংযম যোগাগ্নিঃ = আত্মনি সংযমঃ সএব যোগাগ্নিঃ; আত্মাতে সংযমজন্য যে প্রজ্ঞালোক উদ্দীপিত হয় তাহাকে আত্ম সংযমযোগাগ্নি বলিয়া থাকে। জ্ঞান দীপিতে = স্নেহেনেব প্রদীপে, বিবেকবিজ্ঞানেন উজ্জ্বলভাবং সম্পাদিতে; তৈলদ্বারা প্রদীপ যে রূপ প্রদীপ্ত হয় বিবেক ও বিজ্ঞানদ্বারা তাদৃশ উজ্জ্বলে। ইন্দ্রিয় কর্ম্মাণি = ইন্দ্রিয়াণাং কর্ম্মাণি; ইন্দ্রিয়গণের কর্ম্ম সকল। প্রাণ কর্ম্মাণি = পঞ্চপ্রাণবায়ুকর্ম্মাণি, পঞ্চ প্রাণাদি বায়ুর ক্রিয়া। জুহ্বতি = প্রবিলাপয়ন্তি; বিলীন করেন।

পূর্ব্ব শ্লোকে ভগবান্ পতঞ্জলির মতানুসারে লয় পূর্ব্বক সমাধি অর্থাৎ সম্প্রজ্ঞাত সমাধির কথা বলিয়া এই শ্লোকে ব্রহ্মবাদির মতানুসারে ব্যুত্থানশূন্য বাধপূর্ব্বক সমাধির কথা বলিতেছেন। যে সমাধিতে যোগীন্দ্র স্বীয় পঞ্চজ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, ও পঞ্চ প্রাণ, মন এবং বুদ্ধি এই সপ্তদশাত্মক সূক্ষ্ম, অথবা লিঙ্গ শরীর, জ্ঞান এবং বিবেকদ্বারা প্রদীপ্ত আত্মসংযম রূপ অগ্নিতে হোম করেন সেই সমাধিকে বাধপূর্ব্বক সমাধি বলিয়া থাকে। এইরূপ সমাধি কি প্রকারে হইতে পারে তাহা পাতঞ্জল যোগসূত্রের বিভূতি পাদে নবম সূত্রে বর্ণিত হইয়াছে। "ব্যুত্থান নিরোধ সংস্কারয়োরভিভবপ্রাদুর্ভাবৌ নিরোধক্ষণ চিত্তান্বয়ো নিরোধ পরিণামঃ"। ব্যুত্থান সংস্কারের অভিভব ও নিরোধ সংস্কারের প্রাদুর্ভাব নিরোধের লক্ষণ, এবং চিত্তের অন্বয় নিরোধের পরিণাম। এই নিরোধ পরিণাম লাভ করিতে পারিলে উল্লিখিত বাধপূর্ব্বক সমাধির উৎপত্তি হয়। অর্থাৎ কোন কোন যোগী ইন্দ্রিয়গণের ও প্রাণাদির কর্ম্মসকল বিনষ্ট করিয়া স্বীয় চিত্তকে আত্মাতে বিলীন করেন॥ ২৭॥

27. In plain English this means that the devotee suspends his breath and concentrates mind into the contemplation of the Brahma. The astral or the Linga body is composed of seventeen eliments viz the five organs of action, hands &c, the five organs of sensation, eyes &c, the five winds, inspiratory &c, mind and spiritual soul. The devotee extinguishes, for the time being, his astral body and lives in the universal soul "Brahma"

দ্রব্য যজ্ঞাস্তপোযজ্ঞাঃ, যোগ যজ্ঞাস্তথাঽপরে।
স্বাধ্যায় জ্ঞান যজ্ঞাশ্চ, যতয়ঃ সংশিতব্রতাঃ ॥ ২৮ ॥

দ্রব্যযজ্ঞাঃ, তপোযজ্ঞাঃ, যোগযজ্ঞাঃ, তথা অপরে স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাঃ সংশিতব্রতাঃ যতয়ঃ চ (সন্তি) ॥ ২৮ ॥

কোন কোন যোগী দ্রব্যদানরূপ যজ্ঞের অনুষ্ঠান করেন, কেহবা তপো যজ্ঞের, কোন কোন ব্যক্তি যোগরূপ যজ্ঞের, কেহবা বেদাভ্যাসরূপ জ্ঞান যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকেন। এবং কেহবা যত্নপূর্ব্বকদৃঢ়ব্রতরূপ যজ্ঞ করিয়া থাকেন।

28. Some devote themselves to works of charity and some to penances; some practise devotion and concentration of mind; some seek true wisdom by the study of the Vedas and same keep inviolable vows.

স্বামী। কিঞ্চ দ্রব্য যজ্ঞাঃ ইত্যাদি। দ্রব্যদানং এব যজ্ঞঃ যেষাং তে দ্রব্যযজ্ঞাঃ। কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি তপঃ এব যজ্ঞঃ যেষাং তে তপোযজ্ঞাঃ। যোগঃ—চিত্তবৃত্তি নিরোধ-লক্ষণঃ সমাধিঃ সঃএব যজ্ঞঃ যেষাং তে যোগযজ্ঞাঃ। স্বাধ্যায়েন—বেদেন, শ্রবণ মননাদিনা যৎ তদর্থ জ্ঞানং তৎএব যজ্ঞঃ যেষাং তে, যদ্বা, বেদ পাঠযজ্ঞাঃ তদর্থজ্ঞানযজ্ঞাঃ ইতি দ্বিবিধাঃ, যতয়ঃ—প্রযত্নশীলাঃ, সম্যক্ শিতং—নিশিতং তীক্ষ্ণীকৃতং, ব্রতং যেষাং তে ॥ ২৮ ॥

দ্রব্য যজ্ঞাঃ = যথাশাস্ত্রং দ্রব্যত্যাগ এব যজ্ঞঃ যেষাং তে দ্রব্যযজ্ঞাঃ; যাঁহারা কূপ তড়াগাদি খনন, দেব মন্দির নির্ম্মাণ, অন্নপ্রদান, শরণাগত ব্যক্তির রক্ষা পরোপকারার্থে দান ইত্যাদি কার্য্যের অনুষ্ঠান করেন, তাঁহাদিগকে দ্রব্যযজ্ঞ বলিয়া থাকে। তপোযজ্ঞাঃ = কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি তপ এব যজ্ঞো যেষাং তে তপোযজ্ঞাঃ; যাহারা কৃচ্ছ্র চান্দ্রায়ণাদিরূপ তপস্যা আচরণ করিয়া থাকেন তাঁহাদিগকে তপোযজ্ঞ বলিয়া থাকে। যোগযজ্ঞাঃ = যোগশ্চিত্তবৃত্তিনিরোধোঽষ্টাঙ্গো যোগো যেষাং তে যোগযজ্ঞাঃ; যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধারণা, ধ্যান এবং সমাধিরূপ অষ্টাঙ্গ যোগের যাহারা অনুষ্ঠান করিয়া থাকেন সেই যোগীদিগকে যোগযজ্ঞবলে। স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাঃ = যথাবিধি বেদাভ্যাস পরাঃ, ন্যায়েন বেদার্থনিশ্চয়পরাঃ যে তে স্বাধ্যায়জ্ঞানযজ্ঞাঃ, যথা বিহিত বেদপাঠ করিয়া যাঁহারা বেদার্থনিশ্চয় করেন তাঁহারা স্বাধ্যায় জ্ঞান যজ্ঞ শব্দবাচ্য। যতয়ঃ = যত্নশীলাঃ। সংশিতব্রতাঃ = সম্যক্ শিতানি তীক্ষ্ণীকৃতানি ব্রতানি যেষাং তে সংশিত-ব্রতাঃ, যাহারা দৃঢ়সঙ্কল্প হইয়া ব্রতাবলম্বন করত সকল নিয়ম পরিপালন করেন এবং কোন প্রকারেই সেই অভীপ্সিত কর্ম্মহইতে বিচ্যুত হন না তাহাদিগকে সংশিতব্রত বলে।

অপানে জুহ্বতি প্রাণং, প্রাণেঽপানং তথাঽপরে।
প্রাণাপানগতী রুদ্ধ্বা, প্রাণায়ামপরায়ণাঃ।
অপরে নিয়তাহারাঃ, প্রাণান্ প্রাণেষু জুহ্বতি ॥ ২৯ ॥

তথা অপরে অপানে প্রাণং, প্রাণে অপানং, জুহ্বতি. প্রাণাপানগতী রুদ্ধ্বা প্রাণায়ামপরায়ণাঃ (ভবন্তি)। অপরে নিয়তাহারাঃ (সন্তঃ) প্রাণান্ প্রাণেষু (এব) জুহ্বতি ॥ ২৯ ॥

কেহ কেহ প্রাণ বায়ুকে অপান বায়ুতে ও অপান বায়ুকে প্রাণ বায়ুতে আহুতি প্রদান করেন। তদনন্তর প্রাণাপান উভয় বায়ুর গতি রোধ করিয়া প্রাণায়াম অভ্যাস করেন। অন্যান্য যোগিগণ মিতাহারী হইয়া পঞ্চপ্রাণ বায়ুকে হৃদয়স্থ প্রাণবায়ুতেই আহুতি প্রদান করেন ॥ ২৯ ॥

29. Some hold their breath after inspiration and experation, and then stop breath altogether. Others there are, who regulating there food, hold the five life-winds near the region of the heart.

ভগবান্ এই শ্লোকে পঞ্চ যজ্ঞের কথা উল্লেখ করিলেন। ফলতঃ এই সকল যজ্ঞের কোন না কোন যজ্ঞানুষ্ঠান না করিলে কোন ব্যক্তিই মনুষ্য নামের অধিকারী হইতে পারে না, সাংসারিক লোকের পক্ষে দ্রব্যযজ্ঞ সর্ব্বোৎকৃষ্ট বলিয়া ভগবান্ প্রথমে তাহারই উল্লেখ করিয়াছেন। মনোযোগ পূর্ব্বক বেদাভ্যাস করিয়া যিনি তাহার যথার্থ অর্থ প্রচার করেন তিনিই স্বাধ্যায় জ্ঞান যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকেন ; অনেকে ষড়্‌বিধ যজ্ঞের ও উল্লেখ করিয়াছেন। তাঁহারা স্বাধ্যায় জন্য জ্ঞান যজ্ঞ না বলিয়া স্বাধ্যায় যজ্ঞ ও জ্ঞান যজ্ঞ এইরূপ অর্থ করেন ॥ ২৮ ॥

28. In this verse five different sorts of devotion are alluded to viz (*i*) the performance of charitable works done without any hopes of reward or gain ; (*ii*) the practice of penances and austerities ; (*iii*) the practice of eight sorts of Yog as prescribed in the Patanjal philosophy (vide slokes from 29 to 55 Shadhan Pad and from sloka to 5 Bebhorthi Pad) ; (*iv*) the seeking of true wisdom by the study of the Vedas and scrupulous keeping up of vows.

স্বামী। কিঞ্চ আপনে ইতি। অপানে অধোবৃত্তৌ প্রাণং ঊর্দ্ধবৃত্তিং পূরকেণ জুহ্বতি—পূরক কালে প্রাণং অপানেন একীকুর্ব্বন্তি, তথা কুম্ভকেন প্রাণাপানয়োঃ ঊর্দ্ধাধোগতী রুদ্ধ্বা রেচককালে অপানং প্রাণে জুহ্বতি। এবং পূরককুম্ভকরেচকৈঃ প্রাণায়াম-

পরায়ণাঃ অপরে ইত্যর্থঃ। কিঞ্চ অপরে ইতি। অপরে তু আহার সঙ্কোচং অভ্যস্যন্তঃ স্বয়ংএব জীর্যমাণেষু ইন্দ্রিয়েষু তত্তৎ ইন্দ্রিয়বৃত্তিলয়ং হোমং ভাবয়ন্তি ইত্যর্থঃ। যদ্বা "অপানে জুহ্বতি প্রাণং প্রাণেহপানং তথাপরে" ইত্যনেন পূরক রেচকয়োঃ আবর্ত্তমানয়োঃ "হংসঃ সোঽহং" ইতি অনুলোমতঃ প্রতিলোমতঃচ অভিব্যজ্যমানেন অজপামন্ত্রেণ তত্ত্বং-পদার্থৈক্যং ব্যতীহারেণ ভাবয়ন্তি ইত্যর্থঃ। তদুক্তং যোগশাস্ত্রে।

"সকারেণ বহির্যাতি হকারেণ বিশেৎ পুনঃ।
প্রাণাস্তত্র স এবাহং, অহং স ইতি চিন্তয়েৎ" ॥ ইতি।

প্রাণাপানগতী রুদ্ধ্বা ইতি অনেন শ্লোকেন প্রাণায়াম-যজ্ঞাঃ অপরে কথ্যন্তে, তত্র অয়ং অর্থঃ।

"দ্বৌভাগৌ পূরয়েদন্নৈঃ, জলেনৈকং প্রপূরয়েৎ।
মারুতস্য প্রচারার্থং, চতুর্থ মবশেষয়েৎ"।

ইত্যেবমাদি বচনোক্তঃ নিয়তঃ আহারো যেষাং তে কুম্ভকেন প্রাণাপানগতী রুদ্ধ্বা প্রাণ-সংযমনপরায়ণাঃ সন্তঃ প্রাণান—ইন্দ্রিয়াণি, প্রাণেষু জুহ্বতি,—কুম্ভকেন হি সর্ব্বে প্রাণাঃ একী ভবন্তি তত্র এব লীয়মানেষু ইন্দ্রিয়েষু হোমং ভাবয়ন্তি ইত্যর্থঃ। তদুক্তং যোগশাস্ত্রে।

"যথা যথা সদাভ্যাসাৎ, মনসঃ স্থিরতা ভবেৎ।
বায়ু বাক কায় দৃষ্টীনাং, স্থিরতা চ তথা তথা" ইতি। ২৯ ॥

অপানে প্রাণং জুহ্বতি=বাহ্যবায়োঃ শরীরাভ্যন্তরপ্রবেশেন পূরকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তি; বাহিরের বায়ু শরীরের মধ্যে প্রবেশিত করত পূরক অভ্যাস করেন। প্রাণে অপানং জুহ্বতি=শরীর বায়োর্ব্বহির্নির্গমনেন রেচকাখ্যং প্রাণায়ামং কুর্ব্বন্তি, শরীরের অভ্যন্তরীণ বায়ু নির্গমন পূর্ব্বক রেচক অভ্যাস করেন। প্রাণাপানগতী রুদ্ধ্বা প্রাণায়াম-পরায়ণাঃ=প্রাণাপান গতিনিরোধরূপং কুম্ভকং কৃত্বা পুনঃ পুনর্ব্বায়ুজয়ং কুর্ব্বন্তি, প্রাণ এবং আপন বায়ুর গতি রুদ্ধ করিয়া কুম্ভক অভ্যাস করেন। নিয়তাহারাঃ=আহার নিয়মাদি যোগ সাধন বিশিষ্টাঃ, যাহারা যোগসাধন জন্য পরিমিত আহার করিয়া থাকে। প্রাণান্ প্রাণেষু জুহ্বতি=কুম্ভকেন হি সর্ব্বেপ্রাণাঃ হৃদয়স্থপ্রাণেষু একী ভবন্তি; কুম্ভকদ্বারা শরীরস্থ পঞ্চবায়ুকে হৃদয়স্থপ্রাণবায়ুতে হোম করেন, অথবা জ্ঞানেন্দ্রিয় কর্ম্মেন্দ্রিয়-রূপান্ বাহ্যাভ্যন্তর কুম্ভকাভ্যাসে নিগৃহীতেষু প্রাণেষু বিলাপয়ন্তি; ইন্দ্রিয়গণকে নিগৃহীত প্রাণবায়ুতে লয় করিয়া থাকেন।

আয়ুর্ব্বেদাদিতে দেহস্থ বায়ু দশপ্রকার কথিত হইয়াছে, স্থান ভেদে তাহাদিগের ভিন্ন ভিন্ন নাম। দেহস্থ কুণ্ডলিনী শক্তি (Vital energy) দেহরূপ সাম্রাজ্যের অধিপতি এবং এই দশবিধবায়ু দশ দিক্‌পালের ন্যায় ইহার রক্ষক। নাসাগ্রে বায়ু, পায়ু প্রভৃতি স্থানে অপান, নাভিদেশে সমান, কণ্ঠে উদান, এবং সর্ব্ব শরীরে ব্যান এই পঞ্চ-বায়ু প্রধান বলিয়া কথিত হইয়াছে। উদ্গারে নাগ, চক্ষুর উন্মীলনে কূর্ম্ম, ক্ষুধায় কৃকর, জৃম্ভণে দেবদত্ত, এবং সর্ব্বশরীরের পুষ্টিতে ধনঞ্জয়, নামক পঞ্চবায়ু কথিত হইয়াছে।

যে বায়ু নাসাহইতে নাভি পর্য্যন্ত চলাচল করে তাহাকে প্রাণবায়ু বলে। ইহার আভ্যন্তরিক স্থান হৃদয়। নাভিস্থান হইতে পায়ু পর্য্যন্ত যে বায়ু অধোভাগে গমনাগমন করে তাহাকে অপান বায়ু কহে। পূরক কালে প্রাণবায়ু অপান বায়ুদ্বারা আকৃষ্ট হইয়া নাভিমণ্ডল স্ফীত করিলে নিম্নস্থ বায়ু তাহার সহিত মিলিত হয়। কুম্ভককালে নিম্নস্থ সমস্ত বয়ু নাভিমণ্ডলের নিকটে স্থিত হয়। পরে রেচক কালে এই দুই বায়ু দুইদিকে গমন করে। অপান বায়ু যেমন প্রাণ বায়ুকে আকর্ষণ করে, সেইরূপ প্রাণ-বায়ু অপান বায়ুকে আকর্ষণ করে। প্রাণবায়ু নাসারন্ধ্র দিয়া নির্গত হইয়া ও অপান বায়ুকর্ত্তৃক আকৃষ্ট হইয়া পুনর্ব্বার দেহমধ্যে প্রবেশ করে। এই দ্বিবিধ বায়ুর বিপরীত ভাবে গমনাগমনদ্বারা জীবন রক্ষা হইতেছে, এই দ্বিবিধ বায়ু নাভিস্থ সমান বায়ুর সহিত একত্র মিলিত হইলে প্রাণ ও অপান বায়ুর গতি রুদ্ধ হয়, তখন তাহারা দেহ পরিত্যাগ করিয়া অনন্ত বায়ুতে মিলিত হইবার জন্য চেষ্টাপায়, মৃত্যুকালে ইহাকেই নাভিশ্বাস বলে।

"হৃদি প্রাণো বহেন্নিত্যং, অপানো গুদমণ্ডলে।
সমানো নাভিদেশে তু, উদানঃ কণ্ঠমধ্যগঃ।
ব্যানো ব্যাপী শরীরেষু, প্রধানাঃ পঞ্চ বায়বঃ" ॥

ভগবান্ এই শ্লোকে চতুর্ব্বিধ কুম্ভকের প্রমাণ উল্লেখ করিলেন। (১)বাহ্য বায়ুকে নাসারন্ধ্রদ্বারা শরীর মধ্যে আকর্ষণ করিয়া নিশ্বাস প্রশ্বাস রোধের নাম অন্তরকুম্ভক অর্থাৎ পূরক। (২) শরীরস্থ বায়ু নাসারন্ধ্রদ্বারা বমন করিয়া নিশ্বাস ও প্রশ্বাসের গতিরুদ্ধ করার নাম বাহ্য কুম্ভক অর্থাৎ রেচক। (৩) প্রাণ ও অপাম বায়ুর গতির রোধ করার নাম কুম্ভক। (৪) শরীরস্থ পঞ্চ বায়ুর গতি রুদ্ধ করিয়া হৃদয়স্থ প্রাণ বায়ুর সহিত কুম্ভকের নাম তুরীয়কুম্ভক। চতুর্থ প্রনালী অত্যন্ত কঠিন বলিয়া যোগিগণ তুরীয় কুম্ভক অভ্যাসকালে অত্যন্ত মিতাহারী হইয়া থাকেন ॥ ২৯ ॥

29. In this verse four distinct processes are alluded to, in controlling the life-wind, viz (*i*) Destroying the expiratory wind (Prana) by a deep inspiration (Apan); this is called Puraka (*ii*) Destroying the inspiratory wind by a full and prolonged expiration; this is called Rechaka. (*iii*) Holding breath without inspiration or expiration; this is called Koombhock. (*iv*) Stopping the course of the five life winds and holding them internally near the region of the heart; this being a difficult process the food should be regulated. The latter process has been differently explained by some commentators.

সর্ব্বেপ্যেতে যজ্ঞবিদঃ, যজ্ঞক্ষয়িতকল্মষাঃ।
যজ্ঞশিষ্টামৃতভুজঃ, যান্তি ব্রহ্ম সনাতনম্ ॥ ৩০ ॥

এতে সর্ব্বে অপি যজ্ঞবিদঃ, যজ্ঞক্ষয়িতকল্মষাঃ, যজ্ঞশিষ্টামৃতভুজঃ (চ সন্তঃ) সনাতনং ব্রহ্ম যান্তি ॥ ৩০ ॥

ইঁহারা সকলেই যজ্ঞবিৎ, এবং যজ্ঞানুষ্ঠানদ্বারা পাপবিমুক্ত, যজ্ঞাবশিষ্ট-কালে অমৃতভোগী হইয়া সনাতন ব্রহ্মকে লাভ করেন ॥ ৩০ ॥

30. These all are devout worshippers. Their worship washeth away all their sins. Partaking of the immortal food left of such worship, they pass on to the Eternal Brahma.

স্বামী। তৎ এবং উক্তানাং দ্বাদশানাং যজ্ঞবিদাং ফলং আহ—সর্ব্বে ইতি। যজ্ঞান্ বিন্দন্তি—লভন্তে, ইতি যজ্ঞবিদঃ,—যজ্ঞজ্ঞাঃ ইতি বা। যজ্ঞৈঃ ক্ষয়িতং—নাশিতং, কল্মষং যৈঃ। যজ্ঞান্ কৃত্বা অবশিষ্ট কালে অনিষিদ্ধং অন্নং অমৃতরূপং ভুঞ্জতে ইতি, তথা তে সনাতনং—নিত্যং, ব্রহ্মজ্ঞানদ্বারেণ প্রাপ্নুবন্তি ॥ ৩০ ॥

যজ্ঞক্ষয়িতকল্মষাঃ = যজ্ঞৈর্যথোক্তৈঃ ক্ষয়িতং নাশিতং পাপং যেষাং তে; পূর্ব্বোক্ত যজ্ঞদ্বারা যাঁহারা পাপবিমুক্ত হইয়াছেন। যজ্ঞবিদঃ = যজ্ঞানাং জ্ঞাতারঃ কর্ত্তারশ্চ; যজ্ঞ নিয়মের অভিজ্ঞ ও যজ্ঞানুষ্ঠাতা। যজ্ঞশিষ্টামৃত ভুজঃ = যজ্ঞান্ কৃত্বা অবশিষ্টকালে অন্নং ভুঞ্জতে; যজ্ঞাবসানে অমৃতরূপ অন্ন ভোজনকারী। সনাতনং ব্রহ্ম যান্তি = সত্ত্বশুদ্ধিজ্ঞানপ্রাপ্তি-দ্বারেণ নিত্যং সংসারাৎ মুচ্যন্তে; ব্রহ্মজ্ঞান লাভদ্বারা সংসার বন্ধনহইতে মুক্তি লাভ করেন।

উক্ত দ্বাদশ প্রকার যজ্ঞানুষ্ঠাতার কি ফল লাভ হয় তাহা ভগবান্ বলিতেছেন, তাঁহারা যজ্ঞানুষ্ঠান করিয়া সমস্ত পাপহইতে বিমুক্ত হন। যজ্ঞ প্রসূত অমৃতময় ফললাভ করিয়া তাঁহারা সংসারবন্ধনহইতে বিমুক্ত হইয়া ইহলোকে ব্রহ্মানন্দ ও পরলোকে মুক্তিলাভ করেন ॥ ৩০ ॥

30. This verse alludes to the fruit of the twelve sorts of worship mentioned in the preceding verses. When performed with devotion, these acts of worship cleanse off the worshippers' sins. By the performance of these worships they obtain that divine wisdom which breaks the shackles of deeds in this world and eventually lead them to perfect blessedness in the world to come. In this verse "Amrita" means divine wisdom, the word is used metaphoricaly.

নায়ং লোকোঽস্ত্যযজ্ঞস্য, কুতোঽন্যঃ কুরুসত্তম ॥ ৩১ ॥

হে কুরুসত্তম! অযজ্ঞস্য অয়ং লোকঃ ন অস্তি, অন্যঃ (লোকঃ) কুতঃ ॥ ৩১ ॥

হে কুরুপ্রধান! যে ব্যক্তি কোন প্রকার যজ্ঞ করেন না তাঁহার এই লোকই লাভ হয় না, পরলোক আর কোথায়? ॥ ৩১ ॥

O Best of the Kurus! the little pleasures of this world are denied to him who is devoid of worship. How then can he enjoy the eternal pleasures of the world to come!

স্বামী। তৎ অকরণে দোষং আহ অয়ং ইতি। অয়ং—অল্পসুখঃ অপি মনুষ্যলোকঃ, অযজ্ঞস্য—যজ্ঞানুষ্ঠানরহিতস্য, ন অস্তি, কুতঃ অন্যঃ—বহুসুখঃ পরলোকঃ। অতঃ যজ্ঞাঃ সর্ব্বথা কর্ত্তব্যাঃ ইত্যর্থঃ ॥ ৩১ ॥

অযজ্ঞস্য=উক্তানাং যজ্ঞানাং মধ্যে অন্যতমোঽপি যজ্ঞো যস্য নাস্তি সঃ অযজ্ঞঃ তস্য, উক্ত যজ্ঞসকলের মধ্যে কোন যজ্ঞেরই যিনি অনুষ্ঠান না করেন। অয়ং লোকঃ ন অস্তি= অয়ং অল্পসুখো মনুষ্য লোকোপি নাস্তি; ইহকালে অল্পানন্দদায়ক মনুষ্য লোক ও তাঁহার ভাগ্যে ঘটেনা। অন্যঃ কুতঃ=কুতো বিশিষ্টসাধনসাধ্যঃ পূর্ণানন্দময়ঃ পরলোকঃ, পূর্ণানন্দময় ব্রহ্মলোক তিনি কি প্রকারে প্রাপ্ত হইবেন। সত্তম=(সৎ=জ্ঞানী+তম একোঽকর্ষে) বুদ্ধিমত্তম।

পক্ষান্তরে যজ্ঞবিহীন ব্যক্তির কথা বলিতেছেন। উক্ত দ্বাদশ প্রকার যজ্ঞের মধ্যে যিনি কোন যজ্ঞেরই অনুষ্ঠান করেন না তাঁহার ভাগ্যে ইহলোকের স্বল্পানন্দও লাভ হয় না, সুতরাং পরলোকের ব্রহ্মানন্দ তিনি কি প্রকারে উপভোগ করিবেন?। ভগবান্ অর্জ্জুনকে কুরুপ্রধান বলিয়া ইহাই ইঙ্গিত করিলেন যে, তুমি কুরুদিগের মধ্যে প্রধান তোমাদ্বারা এই দ্বাদশ যজ্ঞের কোন না কোন যজ্ঞ নিশ্চয়ই অনুষ্ঠিত হইতে পারে ॥ ৩১ ॥

31. The man devoid of worship can hardly expect to enjoy the limited pleasures of this world, hence for stronger reasons the illimitable happiness of the world to come, is entirely beyond his grasp.

এবং বহুবিধা যজ্ঞাঃ, বিততা ব্রহ্মণো মুখে।
কর্ম্মজান্ বিদ্ধি তান্ সর্ব্বান্, এবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥ ৩২ ॥

এবং বহুবিধাঃ যজ্ঞাঃ ব্রহ্মণঃ মুখে বিততাঃ। তান্ (যজ্ঞান্) সর্ব্বান্ (এব) কর্ম্মজান্ বিদ্ধি। (ত্বং) এবং জ্ঞাত্বা বিমোক্ষ্যসে ॥ ৩২ ॥

এইরূপ বহুবিধ যজ্ঞ বেদে বিস্তৃত হইয়াছে। সেই সমস্ত যজ্ঞকে কর্ম্মদ্বারা লাভ করিতে হইবে, তুমি ইহা অবগত হইয়া মুক্তিলাভ কর ॥ ৩২ ॥

32. The Vedas contain the description of hundreds of worships like these. They all spring from action. Knowing this, thou shouldest attain emancipation.

স্বামী। জ্ঞানযজ্ঞং স্তোতুং উক্তান্ যজ্ঞান্ উপসংহরতি—এবং বহুবিধাঃ ইতি। ব্রহ্মণঃ—বেদস্য, মুখে বিততাঃ—বেদেন সাক্ষাৎ বিহিতাঃ ইত্যর্থঃ। তথাপি তান্ সর্ব্বান্ বাক্‌মনঃকায়কর্ম্মজনিতান্ আত্মস্বরূপসংস্পর্শরহিতান্ বিদ্ধি—জানীহি। আত্মনঃ কর্ম্মণঃ অগোচরত্বাৎ এবং জ্ঞাত্বা জ্ঞাননিষ্ঠঃ সন্ সংসারাৎ বিমুক্তঃ ভবিষ্যসি ॥ ৩২ ॥

এবং=যথোক্তাঃ, যাহা কথিত হইল। বহুবিধাঃ=বহুপ্রকারাঃ; বহুবিধ যজ্ঞ সকল। বিততাঃ=বিস্তৃতাঃ; বিস্তারিতরূপে ব্যখ্যা করা হইয়াছে। ব্রহ্মণঃ=বেদস্য; বেদের। মুখে=দ্বারে; বেদরূপ দ্বারদ্বারা এই সমস্ত যজ্ঞমধ্যে প্রবেশ করিতে পারাযায়। তান্ সর্ব্বান্=অনাত্মজান্; এই সকল যজ্ঞে আত্মার কোন কর্ত্তৃত্বনাই। কর্ম্মজান্=কায়িক বাচিক মানস কর্ম্মোদ্ভবান্; এই সকল যজ্ঞ কায়িক বাচিক ও মানসিক্ ক্রিয়াহইতে উৎপন্ন হইয়াছে। বিদ্ধি=জানীহি; জানিবে। এবং=মদ্ব্যাপারাঃ এতে, কিন্তু নির্ব্যাপারোঽহং উদাসীনঃ ইত্থং। আমার কর্ম্মদ্বারা যজ্ঞসকল উৎপন্ন হইয়াছে কিন্তু আমার আত্মা নিষ্ক্রিয় এইরূপ। জ্ঞাত্বা=বুদ্ধা, জানিয়া। বিমোক্ষ্যসে=সংসারবন্ধনাৎ মুক্তো ভবিষ্যসি এই সংসার বন্ধনহইতে মুক্তিলাভ করিবে। বিততাঃ=(বি+তন্—ক্ত) বিস্তৃতাঃ।

এই সকল বৃত্তান্ত মনুষ্যকল্পিত নহে তাহা দেখাইবার জন্য ভগবান্ কহিলেন, অর্জ্জুন! আমি যে সকল যজ্ঞের কথা তোমাকে কহিলাম তাহা সমুদায় বেদে বিস্তৃত রূপে বর্ণিত হইয়াছে। এই সকল যজ্ঞ যোগীদিগের কর্ম্মসাধ্য, তাঁহারা কর্ম্মদ্বারা ইহার ফললাভ করিয়াছিলেন। কিন্তু আত্মা সর্ব্বদাই নিষ্ক্রিয়, তিনি ফললাভ বা ফলকামনা করেন না, তুমি নিষ্কামচিত্তে ইহার কোন না কোন যজ্ঞের অনুষ্ঠান করিলে মুক্তি লাভ করিতে পারিবে ॥ ৩২ ॥

32. Srikrishna quotes the authority for these worships and says in effect. "These worships have been ordained by the Vedas, they are the

শ্রেয়ান্ দ্রব্যময়াদ্‌যজ্ঞাৎ, জ্ঞানযজ্ঞঃ পরন্তপ।
সর্ব্বংকর্ম্মাখিলং পার্থ, জ্ঞানে পরিসমাপ্যতে ॥ ৩৩ ॥

ভোঃপরন্তপ! দ্রব্যময়াৎ যজ্ঞাৎ জ্ঞানযজ্ঞঃ শ্রেয়ান্। হেপার্থ! সর্ব্বং অখিলং কর্ম্ম জ্ঞানে পরিসমাপ্যতে ॥ ৩৩ ॥

হে শত্রুতাপন! নানাদ্রব্যসাধ্য কর্ম্মযজ্ঞহইতে জ্ঞানযজ্ঞ শ্রেষ্ঠ। হেপার্থ! যেহেতু সমস্ত কর্ম্ম ফলই জ্ঞানে পর্য্যবসিত হয় ॥ ৩৩ ॥

33. O destroyer of foes! the worship by wisdom is far superior to the worship by gifts. For O Partha! the effects of all deeds are merged in the attainment of wisdom.

results of action which has no connection with the soul which is always free. Therefore with a mind quit of all desires thou shouldest perform these worships that thou mayest gain salvation.

স্বামী। জ্ঞানযজ্ঞঃ তু শ্রেষ্ঠঃ ইতি আহ—শ্রেয়ান্ ইতি। দ্রব্যময়াৎ—অনাত্মব্যাপার জন্যাৎ, দৈবাদিযজ্ঞাৎ জ্ঞানযজ্ঞঃ শ্রেষ্ঠঃ, যদ্যপি জ্ঞানস্য অপি মনোব্যাপারাধীনত্বং অস্তি এব, তথাপি আত্মস্বরূপস্য জ্ঞানস্য মনঃপরিণামে অভিব্যক্তিমাত্রং ন তজ্জন্যত্বং ইতি দ্রব্যময়াৎ বিশেষঃ। শ্রেষ্ঠত্বে হেতুঃ সর্ব্বং কর্ম্ম অখিলং-ফলসহিতং, জ্ঞানে পরিসমাপ্যতে—অন্তর্ভবতি ইত্যর্থঃ। "সর্ব্বং তদভিসমেতি যৎ কিঞ্চিৎ প্রজাঃ সাধু কুর্ব্বন্তি" ইতি শ্রুতেঃ ॥ ৩৩ ॥

ব্রহ্মার্পণমিত্যাদি শ্লোকেন সম্যক্ দর্শনস্য যজ্ঞত্বং সম্পাদিতং যজ্ঞাশ্চ অনেকবিধাঃ উপদিষ্টাঃ, তৈঃ সিদ্ধপুরুষার্থপ্রয়োজনৈঃ জ্ঞানং স্তূয়তে কথং শ্রেয়ানিতি। ব্রহ্মার্পণ ইত্যাদি শ্লোকদ্বারা সম্যক্ প্রকারে অনুষ্ঠিত বহুবিধ যজ্ঞের বিবরণ কীর্ত্তন করিয়া ভগবান্ জীবন্মুক্ত পুরুষের জন্য জ্ঞান যজ্ঞের কথা বলিতেছেন। শ্রেয়ান্=প্রশস্যতরঃ; শ্রেষ্ঠ। দ্রব্যময়াৎযজ্ঞাৎ=দ্রব্যসাধনসাধ্যাৎ যজ্ঞাৎ, বহুবিধ দ্রব্যদ্বারা যেসকল যজ্ঞ অনুষ্ঠিত হয় তাহাকে দ্রব্যযজ্ঞ বলে। (২৮ শ্লোকের ভাষ্য দেখুন)। সর্ব্বং=সমস্তং শ্রৌতং কর্ম্ম; পঞ্চযজ্ঞ, পশু ও সোমচয়ন যজ্ঞ ইত্যাদি। অখিলং=নিরবশেষং স্মার্ত্তমুপাসনাদিরূপঞ্চ; অশেষ প্রকার উপাসনাদিরূপ। সর্ব্বমখিলং ইতি পদদ্বয়োপদানমসঙ্কোচার্থং; সর্ব্বঅখিল এই একার্থক শব্দদ্বয়ের প্রয়োগ অসঙ্কোচার্থ, অর্থাৎ সমস্তার্থ। জ্ঞানে পরিসমাপ্যতে=ব্রহ্মাত্মৈক্য সাক্ষাৎকারে প্রতিবন্ধক্ষয়দ্বারেণ পর্য্যবস্যতি; ব্রহ্মদর্শন রূপ আত্মজ্ঞানে পর্য্যবসিত হয়।

তদ্বিদ্ধি প্রণিপাতেন, পরিপ্রশ্নেন সেবয়া।
উপদেক্ষ্যন্তি তে জ্ঞানং, জ্ঞানিন স্তত্ত্বদর্শিনঃ ॥ ৩৪ ॥

(ত্বং) প্রণিপাতেন, পরিপ্রশ্নেন, সেবয়া, (চ) তৎবিদ্ধি, তত্ত্বদর্শিনঃ জ্ঞানিনঃ তে জ্ঞানং উপদেক্ষ্যন্তি ॥ ৩৪ ॥

তুমি গুরুর নিকটহইতে নমস্কারদ্বারা ও সম্যক্ প্রকারে প্রশ্নদ্বারা, এবং সেবাদ্বারা সেই তত্ত্বজ্ঞান লাভকরিবে, তত্ত্বদর্শী জ্ঞানিগণ তোমাকে জ্ঞান উপদেশ দিবেন ॥ ৩৪ ॥

34. This wisdom thou shalt acquire by prostrating thyself before thy spiritual teacher whom thou shalt question and serve with all they heart. The learned sage who seeth the truths of religion will instruct thee.

ভগবান্ বলিলেন হেপার্থ! আমি যে সকল যজ্ঞের কথা তোমাকে কহিলাম সে সমস্তই দ্রব্যময় যজ্ঞ, ফলকামী পুরুষকর্ত্তৃক উহা অনুষ্ঠিত হইয়া থাকে। এইসকল যজ্ঞপ্রসূত স্বাত্মানন্দ জ্ঞান যজ্ঞ নিঃসৃত ব্রহ্মানন্দান্তর্গত (দ্বিতীয় অধ্যায়ের ৪৬ শ্লোকের ভাষ্য দেখুন) যিনি মুক্তি সাধনদ্বারা ব্রহ্মদর্শন করিয়াছেন তিনি এই সকল দুঃসাধ্য যজ্ঞফল অনায়াসে লাভ করেন। অতএব হে পরন্তপ! যে পঞ্চ আবরণে তোমার আত্মা আবৃত রহিয়াছে, জ্ঞান যোগানুষ্ঠানদ্বারা তাহা অন্তর্হিত করিয়া আত্মাকে দর্শন কর। ৩৩ ॥

33. Here "জ্ঞানযজ্ঞ" means the worship whereby the worshipper sees the Spirit of God. This mental condition is considered to be the be all and the end all of human existence and the crowning effect of all worships and sacrifices. When this highest state of mental equillebriem is attained, the seer enjoys supreme happiness here and hereafter. The limited and short-lived delights derived from the performance of noble deeds and charitable works are like a mere drop of water in the ocean of unlimited and eternal delights which the mind enjoys when it sees the Spirit of God everywhere. To him the objective world is but an expansion of the Universal Spirit the eternal cause of an eternal creation. He sees the vision of the Brahma in every object from an undeveloped organism to the perfect man. He sees with an equal eye virtue and vice, life and death happiness and misery, friends and foes.

স্বামী। এবংভূতাত্মজ্ঞানে সাধনং আহ—তৎ ইতি। তৎ জ্ঞানং, বিদ্ধি—জানীহি, প্রাপ্নুহি ইত্যর্থঃ। জ্ঞানিনাং প্রণিপাতেন—নমস্কারেণ, ততঃ পরিপ্রশ্নেন—" কুতঃ অহং

মম সংসারঃ, কথং বা নিবর্ত্ততে" ইতি পরিপ্রশ্নেন, সেবয়া—গুরুশুশ্রূষয়া চ, জ্ঞানিনঃ—শাস্ত্রজ্ঞাঃ, তত্ত্বদর্শিনঃ—অপরোক্ষানুভবসম্পন্নাঃচ, তে—তুভ্যং, জ্ঞানং উপদেশেন সম্পাদয়িষ্যন্তি ॥ ৩৪ ॥

এতাদৃশজ্ঞানপ্রাপ্তৌ কোঽতিপ্রত্যাসন্ন উপায় ইতি উচ্যতে; এবম্ভূত আত্মজ্ঞান লাভের অন্তরঙ্গ উপায় কি তাহা ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। তৎ=সর্ব্বকর্ম্মফলভূতং জ্ঞানং; সর্ব্ব কর্ম্ম ফলদায়ক জ্ঞান। বিদ্ধি=জানীহি, লভস্ব; লাভ কর। প্রণিপাতেন=আচার্য্যান্ অভিগম্য দীর্ঘনমস্কারেণ; আচার্য্যের নিকট গমনপূর্ব্বক তাঁহার চরণে দণ্ডবৎ প্রণামদ্বারা। পরিপ্রশ্নেন=কোঽহং কথং বদ্ধোঽস্মি কেনোপায়েন মুচ্যেয় ইত্যাদি সম্যক্ প্রশ্নেন; আমিকে? কিপ্রকারে কর্ম্মজালে জড়িত হইলাম? কি উপায়ে মুক্তিলাভ করিতে পারিব? ইত্যাদি প্রশ্নদ্বারা। সেবয়া=সর্ব্বভাবেন তদনুকূলকারিতয়া এব শুশ্রূষয়াচ; সকল প্রকারে গুরুর আজ্ঞানুবর্ত্তী হইয়া শুশ্রূষাদ্বারা। জ্ঞানিনঃ—পদবাক্যন্যায়াদিমান-নিপুণাঃ; শাস্ত্রের পদবাক্য এবং যুক্তি ইত্যাদি বিষয়ে পণ্ডিত ব্যক্তিরা। তত্ত্বদর্শিনঃ=কৃতসাক্ষাৎকারাঃ; আত্মদর্শী মহাত্মাসকল। তে—তুভ্যং; তোমাকে। জ্ঞানং=পরমার্থ বিষয়কং।

কি উপায়দ্বারা এইজ্ঞান সংসাধিত হইতে পারে, তাহা ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। গুরুর নিকট উপদেশ গ্রহণ না করিলে কেহই এই তত্ত্বজ্ঞান লাভ করিতে সমর্থ হয় না। তজ্জন্য প্রথমতঃ গুরুর নিকট গমনপূর্ব্বক দণ্ডবৎ প্রণাম করিয়া আমিকে, কোথাহইতে আসিলাম, কি জন্য জন্মমৃত্যুময় সংসারে বিচরণ করিতেছি, কোথায় বা যাইব, বিদ্যা এবং অবিদ্যা কাহাকে বলে প্রবৃত্তি ও নিবৃত্তি মার্গ কি? ইত্যাদি সুন্দর২ প্রশ্ন করিয়া আত্ম-দর্শী ব্রহ্মজ্ঞানীর নিকট উপদেশ গ্রহণ করিবে।

অন্নং প্রাণ মনোবুদ্ধিঃ, আনন্দশ্চেতি পঞ্চধা।
কোষাস্তৈরাবৃতঃ স্বাত্মা, বিস্মৃত্যা সংসৃতিংব্রজেৎ। পঞ্চদশী ॥

অন্নাদি পঞ্চকোষদ্বারা মানবাত্মা আবৃত হইয়া এই জন্ম জরা মরণ পূর্ণ সংসারচক্রে বিঘর্ণিত হইতেছে। এই সংসার বন্ধনহইতে বিমুক্ত হইবার একমাত্র উপায় আত্মজ্ঞান, এই আত্মজ্ঞান লাভার্থে গুরুর নিকট উপদেশ গ্রহণ করিবে। ৩৪ ॥

34. This great wisdom whereby man obtains his emancipation from the bondage of Karma is to be gained in the following way. First select a spiritual teacher well versed in the Vedas and who has seen the Spirit of God. Go unto him and prostrate thy self before him. Then with folded arms ask him questions like these—who am I? whence have I come? why do I live? and whereto am I going? The teacher will instruct thee on all these points.

যজ্‌জ্ঞাত্বা ন পুনর্ম্মোহং এবং যাস্যসি পাণ্ডব।
যেন ভূতান্যশেষেণ, দ্রক্ষ্যস্যাত্মন্যথো ময়ি ॥ ৩৫ ॥

ভোঃ পাণ্ডব! যৎ জ্ঞাত্বা (ত্বং) এবং মোহং পুনঃ ন যাস্যসি যেন আত্মনি অশেষেণ ভূতানি অথো ময়ি (চ) দ্রক্ষ্যসি ॥ ৩৫ ॥

হে পাণ্ডব! যে জ্ঞান লাভ করিলে তুমি এই মোহে আর অভিভূত হইবেনা যদ্দারা অনন্ত প্রাণিময় জগৎকে অভিন্নরূপে স্বীয় আত্মায়, এবং পশ্চাৎ আমাতে সন্দর্শন করিবে ॥ ৩৫ ॥

35. O Son of Pandu! by acquiring this knowledge no-more wilt thou be overcome by delusion. By this wisdom thou will first see all the teeming creatures in thy self and then in Me.

স্বামী। জ্ঞানফলং আহ—যৎজ্ঞাত্বা ইতি সার্দ্ধৈঃ ত্রিভিঃ। যৎ—জ্ঞানং, জ্ঞাত্বা—প্রাপ্য, পুনঃ বন্ধুবধাদিনিমিত্তং মোহং ন প্রাপ্স্যসি। তত্র হেতুঃ যেন জ্ঞানেন ভূতানি পিতৃ-পুত্রাদীনি, স্বাবিদ্যাজৃম্ভিতানি; আত্মনি এব অভেদেন দ্রক্ষ্যসি। অথো অনন্তরং, আত্মানং ময়ি—পরমাত্মনি, অভেদেন দ্রক্ষ্যসি ইত্যর্থঃ ॥ ৩৫ ॥

এব মতি নির্ব্বন্ধেন জ্ঞানোৎপাদেন কিং স্যাৎ অত আহ; এত পরিশ্রমদ্বারা জ্ঞান লাভ করিলে কিফল হইবেক তাহা ভগবান্ বলিতেছেন। যৎ জ্ঞাত্বা=যৎজ্ঞানং প্রাপ্য; যে জ্ঞান লাভ করিয়া। এবং মোহং=যথেদানীং বন্ধুবধাদিনিমিত্তং ভ্রমং; বন্ধুবধাদি-নিমিত্ত তোমার বর্ত্তমান মোহ। পুনঃ ন যাস্যসি=পুনরেবং ন প্রাপ্স্যসি, পুনরায় আর প্রাপ্ত হইবে না। যেন=জ্ঞানেন; যে জ্ঞানদ্বারা। অশেষেণ=সকলেন। ভূতানি=ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানি; ব্রহ্মাহইতে তৃণপর্য্যন্ত অনন্ত প্রাণিময় জগৎ। আত্মনি=ত্বংপদার্থে; স্বীয় আত্মায়। অথো=অনন্তরং; তাহার পর। ময়ি=পরমাত্মনি; পরমাত্মায়। দ্রক্ষ্যসি=অভেদেন প্রেক্ষিষ্যসে; অভিন্নরূপে দর্শন করিবে।

"সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এই জ্ঞান লাভ করিয়া কি ফল হইবেক তাহা ভগবান্ ৩৫।৩৬।৩৭ শ্লোকে কীর্ত্তন করিতেছেন। তিনি কহিলেন অর্জ্জুন! এই আত্মবিবেক-রূপ ব্রহ্মজ্ঞান লাভ করিলে তুমি আর কখনও সংসারের মোহজালে বিজড়িত হইবে না। এইজ্ঞানদ্বারা প্রথমতঃ সমস্ত প্রাণীকে তোমার নিজের ন্যায় জ্ঞান করিবে। তদনন্তর জ্ঞানের পূর্ণাবস্থায় সমস্তজগৎ ব্রহ্মময় দর্শন করিবে, অর্থাৎ তৎকালে "ত্বং" এবং "তৎ" পদার্থের অভিন্নতা দর্শন করিবে। বেদান্তমতে ইহাই তত্ত্বজ্ঞানের শেষ ফল।

"অশেষেণ" স্থলে "অশেষাণি" পাঠ বহু পুস্তকে লক্ষিত হয়, কিন্তু উহা ভাষা-বিরুদ্ধ বলিয়া পরিত্যক্ত হইল ॥ ৩৫ ॥

অপি চেদসি পাপিভ্যঃ, সর্ব্বেভ্যঃ পাপকৃত্তমঃ।
সর্ব্বং জ্ঞানপ্লবেনৈব, বৃজিনং সংতরিষ্যসি ॥ ৩৬ ॥

(ত্বং) চেৎ সর্ব্বেভ্যঃ পাপিভ্যঃ অপিপাপকৃত্তমঃ অসি (তথাপি ত্বং) জ্ঞানপ্লবেনএব সর্ব্বং বৃজিনং সন্তরিষ্যসি ॥ ৩৬ ॥

তুমি যদি সকল পাপীহইতেও শ্রেষ্ঠ পাপীহও, তথাপি জ্ঞানরূপ ভেলা-দ্বারা পাপসমুদ্র পার হইতে পারিবে ॥ ৩৬ ॥

36. Even if thou wert the greatest of all sinners, this bark of wisdom should carry thee safe across the "Sea of thy transgressions."

35. In verses 35, 36 and 37 the fruits of this wisdom are described. When a man gains this knowledge, he is never deluded by the tom-fooleries of this world. This knowledge first enables him to see every living creature as a part of his own self and then when this knowledge is ripened, he sees in every object the spirit of Brahma.

স্বামী। কিঞ্চ অপি চেৎ ইতি। সর্ব্বেভ্যঃ অপি পাপকারিভ্যঃ যদ্যপি অতিশয়েন পাপকারী ত্বং অসি, তথাপি সর্ব্বং পাপসমুদ্রং জ্ঞানপ্লবেন এব—জ্ঞানপোতেন এব, সম্যক্—অনায়াসেন, তরিষ্যসি ॥ ৩৬ ॥

সর্ব্বেভ্যঃ পাপিভ্যঃ=সমস্তেভ্যঃ পাপকারিভ্যঃ; সকল পাপীহইতে। পাপকৃত্তমঃ= অতিশয়েন পাপকৃৎ; পাপীদিগের মধ্যে শ্রেষ্ঠ। জ্ঞানপ্লবেন=জ্ঞানপোতেন; জ্ঞানরূপ ভেলাদ্বারা। সর্ব্বং বৃজিনং=অতিদুস্তরত্বেনার্ণবসদৃশং পাপং; অতিবিস্তীর্ণ পাপ সমুদ্রকে। সন্তরিষ্যসি=অনায়াসেন পুনরাবৃত্তিবর্জ্জিতত্বেন তরিষ্যসি; অনায়াসে পুন-র্জ্জন্মহইতে মুক্তি লাভ করিবে।

এই শ্লোকে ভগবান্ জ্ঞান-মাহাত্ম্য বর্ণন করিতেছেন "অপি" শব্দ ও "চেৎ" শব্দ ব্যবহার করিয়া ভগবান্ জ্ঞানের পাপ বিনাশকারিত্ব শক্তির পরিচয় দিতেছেন। অত্যন্ত পাপীব্যক্তি ও এই জ্ঞানদ্বারা অনায়াসে তাহার জন্মজন্মার্জ্জিত পাপ রাশির নাশ সাধন করিয়া মুক্তিলাভ করিতে সক্ষম হয় ॥ ৩৬ ॥

যথৈধাংসি সমিদ্ধোঽগ্নিঃ, ভস্মসাৎ কুরুতেঽর্জ্জুন।
জ্ঞানাগ্নিঃ সর্ব্বকর্ম্মাণি, ভস্মসাৎ কুরুতে তথা ॥ ৩৭

ভোঃ অর্জ্জুন! সমিদ্ধঃ অগ্নিঃ এধাংসি যথা ভস্মসাৎ কুরুতে, তথা জ্ঞানাগ্নিঃ, সর্ব্বকর্ম্মাণি ভস্মসাৎ কুরুতে ॥ ৩৭ ॥

হে অর্জ্জুন! যেমন প্রজ্বলিত অগ্নি কাষ্ঠরাশিকে ভস্মসাৎ করে, সেইরূপ জ্ঞানাগ্নিও সকল কর্ম্মকে ভস্মসাৎ করিয়া থাকে ॥ ৩৭ ॥

37. O Arjuna! as the kindled flame reduceth to ashes heaps of fuel, so doth the fire of wisdom consume all fruits of deeds.

36. The power of this knowledge to save sinners is here described. All sinners, however great their sins may be, will find salvation when by acquiring this knowledge they see the spirit of Brahma everywhere. They will see this vast creation as a part and parcel of their own selves and of the great Spirit which is present everywhere and which has called the creation into existence.

স্বামী। সমুদ্রবৎ স্থিতস্থ এব পাপস্থ অতিলঙ্ঘনমাত্রং নতু পাপস্থ নাশঃ ইতি ভ্রান্তিং দৃষ্টান্তেন বারয়ন্ আহ—যথা ইতি। এধাংসি—কাষ্ঠানি, প্রদীপ্তঃ অগ্নিঃ যথা ভস্মীভাবং নয়তি, তথা আত্মজ্ঞানস্বরূপঃ অগ্নিঃ প্রারব্ধকর্ম্মফলব্যতিরিক্তানি সর্ব্বাণি কর্ম্মাণি ভস্মীকরোতি ইত্যর্থঃ ॥ ৩৭ ॥

এধাংসি = কাষ্ঠানি; কাষ্ঠরাশি। সমিদ্ধঃ = সম্যক্ × ইদ্ধঃ = দীপ্তঃ, প্রজ্বলিতঃ। ভস্মসাৎ কুরুতে = ভস্মীভাবং নয়তি; ভস্মীভূত করে। জ্ঞানাগ্নিঃ = আত্মজ্ঞান স্বরূপোঽগ্নিঃ। সর্ব্ব কর্ম্মণি = পাপানি পুণ্যানি চ অবিশেষেণ প্রারব্ধকর্ম্মফলব্যতিরিক্তানি। প্রারব্ধ কর্ম্ম ফল ব্যতীত পাপ এবং পুণ্যকে বিনাশ করে আত্মজ্ঞান কি প্রকারে পাপকে বিনাশ করিয়া পাপীকে উদ্ধার করে ভগবান্ এই স্থানে তাহার দৃষ্টান্ত প্রদর্শন করিতেছেন।

যেমন প্রজ্বলিত অগ্নি কাষ্ঠরাশিকে ক্ষণকাল মধ্যে ভস্মীভূত করে, তদ্রূপ প্রদীপ্ত জ্ঞানাগ্নি সমস্ত কর্ম্মফলকে বিনষ্ট করে। এই জ্ঞানাগ্নি সংযমাত্মিকা প্রজ্ঞা। জ্ঞানী ব্যক্তির নিকট শত্রুমিত্র, সুখদুঃখ, মান অপমান, পাপপুণ্য, সমস্তই সমান। তিনি সর্ব্বাবস্থায় সকল সময়ে ব্রহ্মানন্দ উপভোগ করেন। ৩৭ ॥

নহি জ্ঞানেন সদৃশং, পবিত্রমিহ বিদ্যতে।
তৎস্বয়ং যোগসংসিদ্ধঃ, কালেনাত্মনি বিন্দতি ॥ ৩৮ ॥

ইহ, জ্ঞানেন সদৃশং পবিত্রং (কিমপি) নহি বিদ্যতে। কালেন যোগসং-সিদ্ধঃ (সন্) স্বয়ং আত্মনি তৎ (জ্ঞানং) বিন্দতি ॥ ৩৮ ॥

ইহ লোকে জ্ঞানের ন্যায় পবিত্র আর কিছুই নাই, দীর্ঘকাল কর্ম্ম যোগানু-ষ্ঠানদ্বারা যোগী সিদ্ধ হইয়া স্বীয় আত্মাতে এই জ্ঞান লাভ করিয়া থাকেন ॥ ৩৮

38. In this world there is no purifier like this wisdom. The sage by a long practice of devotion findeth at last this wisdom in his own soul.

37. When the saint sees Brahma in everything, all his virtue and vices disappear and he enjoys an everlasting delight. This fire of wisdom can only be kindled when the mind is concentrated to God.

স্বামী। তত্র হেতুং আহ নহি ইতি। পবিত্রং শুদ্ধিকরং তপোযোগাদিষু মধ্যে, জ্ঞান তুল্যং ন অস্তি এব, তর্হি সর্ব্বে অপি কিং ইতি আত্মজ্ঞানং এব ন অভ্যস্যন্তি ইতি অতঃ আহ—তৎ স্বয়ং ইতি সার্দ্ধেন। তৎ আত্মবিষয়ে জ্ঞানং, কালেন মহতা কর্ম্মযোগেন, সংসিদ্ধঃ—যোগ্যতাং প্রাপ্তঃ সন্, স্বয়ং এব—অনায়াসেন, লভতে ন তু কর্ম্মযোগং বিনা ইত্যর্থঃ ॥ ৩৮ ॥

পবিত্রং = পাবনং, শুদ্ধিকরং ; পবিত্র কারক। ইহ = লোকে। স্বয়ং যোগ সংসিদ্ধঃ = স্বয়মেব কর্ম্মযোগেন সমাধি যোগেন চ সংস্কৃতো যোগ্যতা মাপন্নো মুমুক্ষুঃ ; স্বয়ং কর্ম্ম ও সমাধি যোগানুষ্ঠানদ্বারা সিদ্ধি লাভ করিয়া। কালেন = মহতা সময়েন ; অধিক কাল বিলম্বে। আত্মনি বিন্দতি = স্বয়মেব লভতে ; আপনিই লাভ করেন।

জ্ঞানাগ্নি যে হেতু সকল পাপরাশি বিনাশ করেন, সুতরাং জ্ঞানের ন্যায় পবিত্রকারী আর কোন পদার্থই এই সংসারে নাই। এই আত্মজ্ঞান কি প্রকারে লাভ হইবে, তাহা এই শ্লোকে ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। এই জ্ঞান সহজে উৎপন্ন হয় না, বহুকাল নিষ্কাম কর্ম্মযোগের অনুষ্ঠান করিয়া, লোক সংগ্রহার্থে কার্য্যকরিলে যোগিগণের মনে স্বতঃই এই জ্ঞানাগ্নির উদয় হইয়া থাকে। কর্ম্মযোগ ও সমাধিযোগানুষ্ঠান করিতে করিতে অনেক জন্মে মনের পবিত্রতা লাভ হয়। এবং তাহার পর ক্রমেৎ এই আত্ম-জ্ঞানের বিকাশ হয় ॥ ৩৮ ॥

38. I have rendered "কর্ম্মযোগ" by the word *devotion*; literally it means devotion to work. Srikrishna here points out how this sacred knowledge whereby all sins are reduced to ashes, can be obtained. A

শ্রদ্ধাবান্ লভতে জ্ঞানং, তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ।
জ্ঞানং লব্ধা পরাং শান্তিং, অচিরেণাধিগচ্ছতি ॥ ৩৯

শ্রদ্ধাবান্ তৎপরঃ সংযতেন্দ্রিয়ঃ (চ সন্) জ্ঞানং লভতে।
(সঃ) জ্ঞানং লব্ধা অচিরেণ পরাংশান্তিং অধিগচ্ছতি ॥ ৩৯ ॥

গুরুবাক্যে শ্রদ্ধাবান্ গুরুপরায়ণ ও জিতেন্দ্রিয় ব্যক্তি এই জ্ঞান লাভ করিয়া থাকেন। এবং জ্ঞান লাভ করিয়া অল্পকাল মধ্যেই তিনি পরমা শান্তি প্রাপ্ত হন ॥ ৩৯ ॥

39. The believer, who is devoted to his Guru and who has controlled his senses obtaineth this wisdom. By acquiring this wisdom he soon reacheth the bliss supreme.

man who wants to obtain this wisdom must, for a long time extending over numerous births, practise this Karma Yog. After a long practice the mind will be purified, when this wisdom or knowledge will appear of itself.

স্বামী। কিঞ্চ শ্রদ্ধাবান্ ইতি। শ্রদ্ধাবান্—গুরূপদিষ্টে অর্থে আস্তিক্যবুদ্ধিমান্, তৎপরঃ—তদেকনিষ্ঠঃ, সংযতেন্দ্রিয়ঃ চ তৎজ্ঞানং, লভতে ন অন্যঃ। অতঃ শ্রদ্ধাদিসম্পত্ত্যা জ্ঞানলাভাৎ প্রাক্ কর্ম্মযোগঃ এব শুদ্ধ্যর্থং অনুষ্ঠেয়ঃ। জ্ঞানলাভানন্তরং তু ন তস্য কিঞ্চিৎ কর্ত্তব্যং ইতিআহ—জ্ঞানং লব্ধা, তু মোক্ষং অচিরেণ প্রাপ্নোতি ॥ ৩৯ ॥

শ্রদ্ধাবান্—গুরু বেদান্ত বাক্যার্থে আস্তিক্যবুদ্ধিমান্; যাঁহার গুরু এবং বেদান্ত বাক্যে বিশ্বাস আছে। সংযতেন্দ্রিয়ঃ—সংযতানি বিষয়েভ্যো নিবর্ত্তিতানি ইন্দ্রিয়াণি যেন সঃ; যাঁহার ইন্দ্রিয়গণ বিষয়াদিহইতে সংযত, অর্থাৎ নিবৃত্ত হইয়াছে তিনি সংযতেন্দ্রিয়। তৎপরঃ—তস্মিন্ গুরৌ পরঃ অনুরক্তঃ; যিনি গুরুতে অনুরক্ত। পরাং—পরমাং; শ্রেষ্ঠ। শান্তিং—অবিদ্যা তৎকার্য্য নিবৃত্তিরূপাং মুক্তিং; অবিদ্যা নিবৃত্তিরূপ মুক্তি। অধিগচ্ছতি—লভতে, লাভ করেন।

কোন্ কোন্ প্রকারের লোক এই আত্মজ্ঞান লাভ করিতে সমর্থ হয় ভগবান্ তাহা এই স্থানে বর্ণন করিতেছেন। গুরুবাক্যে যাঁহার দৃঢ়বিশ্বাস, যিনি গুরুতে সবিশেষ অনুরক্ত এবং যিনি ইন্দ্রিয়বর্গকে স্ববশে আনয়ন করিতে পারেন তিনিই উক্ত আত্মজ্ঞান লাভ করিয়া থাকেন। অর্থাৎ শ্রদ্ধাই আত্মজ্ঞান লাভের প্রধান উপায়। এই জন্যই বৈষ্ণবগণ বলিয়া থাকেন যে " শ্রদ্ধাতে লভয়ে কৃষ্ণ, তর্কে বহু দূর " ॥ ৩৯ ॥

39. Srikrishna here refers to the nature of men who alone are capable of acquiring this spiritual wisdom. First, he must be a Believer i. e.

অজ্ঞশ্চাশ্রদ্দধানশ্চ, সংশয়াত্মা বিনশ্যতি।
নায়ং লোকোঽস্তি নপরো, ন সুখং সংশয়াত্মনঃ ॥ ৪০

অজ্ঞঃ চ অশ্রদ্দধানঃ চ সংশয়াত্মা (চ) বিনশ্যতি। সংশয়াত্মনঃ অয়ংলোকঃ ন অস্তি. পরঃ (লোকোপি) ন (অস্তি) সুখং (চ) ন (অস্তি) ॥ ৪০ ॥

তত্ত্বজ্ঞানহীন, এবং শ্রদ্ধাহীন ও সংশয়াত্মা ব্যক্তি বিনষ্ট হয়। সন্দিগ্ধ চিত্ত লোকের ইহলোক বা পরলোক কিংবা সুখ কখনই হয় না ॥ ৪০ ॥

40. But the ignorant man, the unbeliever and the doubter perish ; for the doubter there is no happiness in this or in the world to come.

he must have faith in God, in the doctrines of the Vedas, and in the teachings of his Guru. In the next place he must be a man who has learned to control his senses.

স্বামী। জ্ঞানাধিকারিণং উক্ত্বা তদ্বিপরীতং অনধিকারিণং আহ—অজ্ঞঃ ইতি। অজ্ঞঃ—গুরূপদিষ্টার্থানভিজ্ঞঃ, কথঞ্চিৎ জ্ঞানে জাতে অপি তত্র অশ্রদ্দধানঃ চ—জাতায়াং অপি শ্রদ্ধায়াং "মম ইদং সিধ্যেৎ নবা" ইতি সংশয়াক্রান্তচিত্তঃ, চ বিনশ্যতি—স্বার্থাৎভ্রশ্যতি, এতেষু ত্রিষু অপি সংশয়াত্মা সর্ব্বথা নশ্যতি, যতঃ তস্য অয়ং লোকঃ ন অস্তি, ধনার্জ্জন বিবাহাদ্যসিদ্ধেঃ। ন চ পরলোকঃ, ধর্ম্মস্য অনিষ্পত্তেঃ। ন চ সুখং সংশয়েন এব ভোগস্য অপি অসম্ভবাৎ ॥ ৪০ ॥

অজ্ঞঃ—অনধীত শাস্ত্রত্বেনাত্মজ্ঞানশূন্যঃ; ধর্ম্মশাস্ত্রাদি অধ্যয়ন বিহীন হইয়া যিনি আত্ম-জ্ঞান লাভ করিতে পারেন নাই। অশ্রদ্দধানঃ—গুরুবেদান্ত বাক্যার্থে ইদমেবং ন ভবত্যে বেতি বিপর্য্যয়রূপা নাস্তিক্য বুদ্ধিঃযস্য; গুরুবেদান্ত বাক্যে যাহার শ্রদ্ধা নাই। সংশয়াত্মনঃ= সংশয়াক্রান্ত চিত্তস্য; যাহার মনঃ সর্ব্বদা সংশয় দোলায়মান।

পক্ষান্তরে কোন্ কোন্ ব্যক্তির আত্মজ্ঞান লাভ হয় না তাহা ও এই আত্মজ্ঞানে কদাপি সংশয় করা কর্ত্তব্য নহে ভগবান্ তাহার কারণ নির্দ্দেশ করিতেছেন। এই শ্লোকে চকারদ্বয়দ্বারা অজ্ঞহইতে অশ্রদ্ধাবান্ পুরুষমন্দ, এবং অশ্রদ্ধাবান্‌হইতে সংশয়চিত্ত লোকের অবস্থা যে অতীব শোচনীয়, তাহাই জানাইতেছেন। অজ্ঞ ব্যক্তির জ্ঞানলাভ হইয়া সদ্গতি হওয়ার সম্ভব, অশ্রদ্ধাবান্ পুরুষের গুরু বেদান্ত বাক্যে কদাচিৎ শ্রদ্ধা হইলেও হইতে পারে, কিন্তু সন্দিহানচিত্ত লোকের ইহকাল পরকাল কিংবা সুখ ইহার কিছুই হইতে পারে না। তিনি সর্ব্বদাই সন্দিগ্ধচিত্ত হইয়া সাধ্বীস্ত্রীকে অসতী মিত্রকে শত্রু ও শুচি শরীরকে সর্ব্বদাই অশুচি জ্ঞান, করিয়া অসুখে থাকেন। তাঁহার মনঃ কখন ও নির্ম্মল হয় না ॥ ৪০ ॥

যোগসংন্যস্তকর্ম্মাণং, জ্ঞানসংছিন্নসংশয়ম্।
আত্মবন্তং ন কর্ম্মাণি, নিবধ্নন্তি ধনঞ্জয় ॥ ৪১ ॥

ভোঃ ধনঞ্জয়! যোগসংন্যস্তকর্ম্মাণং জ্ঞানসংছিন্নসংশয়ং আত্মবন্তং (জনং) কর্ম্মাণি ন নিবধ্নন্তি ॥ ৪১ ॥

হে ধনঞ্জয়! যে ব্যক্তির কর্ম্মসকল কর্ম্মযোগদ্বারা পরমেশ্বরে সমর্পিত হইয়াছে, এবং যাহার সংশয় আত্মজ্ঞানদ্বারা ছিন্ন হইয়াছে সেই আত্মবান্ পুরুষকে কর্ম্মরাশি আবদ্ধ করিতে পারে না ॥ ৪১ ॥

41. O Despiser of Wealth! actions cannot fetter him whose deeds, by devotion, have been directed to God, whose doubts have been dispelled by knowledge, and from whom the pride of self has vanished.

---

40. Of these three sorts of men the doubter has in store the worst lot of all. The ignorant may obtain spiritual knowledge, the unbeliever may gradually have to believe in the mercy and omnipotence of God, but the sceptic or the doubter can never be reclaimed. And so taught Christ :—

All things are possible to him that believeth. St. Mark, Chapter IX. 23.

The doubter is the Modern Agnostic

The unbeliever is the Atheist.

স্বামী। অধ্যায়দ্বয়োক্তাং পূর্ব্বাপরভূমিকাভেদেন কর্ম্মজ্ঞানময়ীং দ্বিবিধাং ব্রহ্মনিষ্ঠাং দ্বাভ্যাং উপসংহরতি—যোগইত্যাদি। যোগেন—পরমেশ্বরারাধন রূপেণ, তস্মিন্ সংন্যস্তানি—সমর্পিতানি, কর্ম্মাণি যেন তং জনং কর্ম্মাণি স্বফলৈঃ ন এব নিবধ্নন্তি, ততঃ চ জ্ঞানেন—অন্তরাত্মারাধনেন, সংছিন্নঃ সংশয়ঃ—দেহাদ্যভিমান লক্ষণঃ, যস্য তং। আত্মবন্তং—অপ্রমাদিনং, কর্ম্মাণি—লোক সংগ্রহার্থানি স্বাভাবিকানি তানি ন নিবধ্নন্তি ॥ ৪১ ॥

যোগসংন্যস্তকর্ম্মাণং—পরমার্থদর্শনলক্ষণেন, যোগেন সংন্যস্তানি কর্ম্মাণি যেন; যাহার সমস্ত কর্ম্মবাসনা এবং কর্ম্মফল ভগবদর্থে সমর্পিত হয় তিনি যোগসংন্যস্তকর্ম্মা, তাহাকে। জ্ঞানসংছিন্নসংশয়ঃ=আত্মনিশ্চয়লক্ষণেন ছিন্নঃ সংশয়ো যেন সঃ; ব্যবসায়াত্মিকা বুদ্ধিদ্বারা যাহার সংশয়সকল বিনষ্ট হইয়াছে। আত্মবন্তং=অপ্রমত্তং; কর্ত্তৃত্বাভিমানাদিশূন্যং, যাহার কর্ম্মাদিতে কর্ত্তৃত্বাভিমানাদি নাই তিনিই আত্মবান্। কর্ম্মাণি=লোকসংগ্রহার্থানি; লোকসংগ্রহার্থে কর্ম্ম সকল। ন নিবধ্নন্তি=অনিষ্টাদিরূপং ফলং নারভন্তে, মুক্তিমার্গ প্রতি রোধ করে না।

সকল অনর্থের মূলীভূত সংশয়ের নিবৃত্তির জন্য আত্মপরিচয়ের উপায় বলিয়া অধ্যায়দ্বয়োক্ত কর্ম্মময় ও জ্ঞানময় ব্রহ্মনিষ্ঠাদ্বয়ের উপসংহার করিতেছেন। ভগবান্ কহিলেন

তস্মাদজ্ঞানসম্ভূতং, হৃৎস্থং জ্ঞানাসিনাত্মনঃ।
ছিত্ত্বৈনং সংশয়ং যোগং, আতিষ্ঠোত্তিষ্ঠ ভারত ॥ ৪২ ॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে জ্ঞানযোগো
নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

হে ভারত! তস্মাৎ আত্মনঃ অজ্ঞানসম্ভূতং হৃৎস্থং এনংসংশয়ং জ্ঞানাসিনা ছিত্ত্বা যোগং আতিষ্ঠ, উত্তিষ্ঠ ॥ ৪২ ॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতান্বয়ে চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

অতএব হে ভারত! তোমার আত্মার অজ্ঞান প্রসূত হৃদয়স্থ এই সংশয়কে জ্ঞানরূপ অসিদ্বারা ছেদনপূর্ব্বক কর্ম্মযোগের আশ্রয় কর, এবং যুদ্ধার্থে উত্থিত হও ॥ ৪২ ॥

বেদব্যাস প্রণীত শতসহস্র শ্লোকপূর্ণ ধর্ম্মশাস্ত্রে শ্রীমহাভারত গ্রন্থে ভীষ্মপর্ব্বাধ্যায়ে
বেদের শাখাস্বরূপ শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে যোগ-শাস্ত্রে
ব্রহ্মবিদ্যায় কর্ম্মযোগ নামক চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

42. Therefore O Bharatha! having cut in twain with the sword of wisdom, thy soul's doubts born of ignorance, take refuge in work and rise up for war.

HERE ENDETH CHAPTER IV. OF THE BHAGABATH GITA CALLED THE BOOK OF THE RELIGION OF KNOWLEDGE.

হে ধনঞ্জয়! আমি এই চতুর্থ অধ্যায় লিখিত জ্ঞানযোগের উপসংহার কালে ইহাই নির্দ্দেশ করিতেছি যে,যাহার কর্ম্মসকল নিরন্তর লোক সংগ্রহার্থে অনুষ্ঠিত হইতেছে, যাঁহার কর্ম্ম-বাসনা নিবৃত্তি হইয়াছে, যাঁহার কর্ম্মফল সমুদায় আমাতে সমর্পিত হইয়াছে, যাঁহার আত্ম-জ্ঞানদ্বারা সংশয়রজ্জু ছিন্ন হইয়াছে, এবং যাঁহার কার্য্য কর্ত্তৃত্বাভিমানশূন্য হইয়াছে, কর্ম্মফলে তাঁহাকে জ্ঞানযোগীকে আবদ্ধ করিতে পারে না। হে পার্থ! এইরূপ জীবন্-মুক্ত মহাপুরুষ কার্য্য করিয়া ও সর্ব্বদা মুক্ত ॥ ৪১ ॥

41. In bringing this Book to a close Srikrishna points out how the ideal man is formed by the practice of work aided by spiritual knowledge described in Books III and IV. The man who incessantly works for human good, who has surrendered all the fruits of his deeds to God, who is devoid of all desires, whose doubter has been dispelled by the light of knowledge and from whom the idea of self has vanished, is always free though constantly working.

স্বামী। যস্মাৎ এবং তস্মাৎ অজ্ঞানসম্ভূতং হৃৎস্থং ইত্যাদি। আত্মনঃ অজ্ঞানেন সম্ভূতং হৃদিস্থিতং এনং সংশয়ং শোকাদিনিমিত্তং দেহাত্মবিবেকজ্ঞানখড়্গেন ছিত্বা কর্ম্মযোগং আশ্রয়, তত্র প্রথমং প্রস্তুতায় যুদ্ধায় উত্তিষ্ঠ। হে ভারত ইতি ক্ষত্রিয়ত্বেন যুদ্ধস্য ধর্ম্মত্বং দর্শিতং ॥৪২॥

ইতি শ্রীধরস্বামি কৃতটীকায়াং জ্ঞানযোগো নাম চতুর্থোঽধ্যায়ঃ ॥ ৪ ॥

অজ্ঞানসম্ভূতং=অজ্ঞানাৎ অবিবেকাজ্জাতং; মিথ্যাজ্ঞান প্রসূত। হৃৎস্থং—বুদ্ধৌস্থিতং; বুদ্ধিতে প্রবিষ্ট, যে ভ্রমাত্মক জ্ঞান বহুজন্মহইতে মানবের বুদ্ধিতে প্রবিষ্ট হইয়াছে। জ্ঞানাসিনা=শোক মোহাদিদোষহরং সম্যক্ দর্শনং জ্ঞানং তদেবাসিঃ খড়্গঃ তেন; শোকমোহাদিবিনাশকারী আত্মজ্ঞানরূপ খড়্গদ্বারা। আত্মনঃ=স্বস্য, আত্মবিষয়ত্বাৎ; নিজের। সংশয়ং—স্ববিনাশহেতুভূতং সংশয়ং; স্বীয় বিনাশের হেতুভূত সংশয়। যোগং=সম্যক্ দর্শনোপায়ং কর্ম্মানুষ্ঠানং; আত্মজ্ঞান লাভের একমাত্র উপায় কর্ম্মযোগ। আতিষ্ঠ—কুরু; অনুষ্ঠান কর। উত্তিষ্ঠ=যুদ্ধায় উত্তিষ্ঠ; যুদ্ধার্থে দণ্ডায়মান হও।

ভগবান্ আত্মজ্ঞানের বীজস্বরূপ নিষ্কাম কর্ম্মানুষ্ঠানের কর্ত্তব্যতা এই চতুর্থাধ্যায়ে কীর্ত্তন করিয়া তাহার উপসংহারকালে বলিলেন হে ভারত! কেবল শ্রদ্ধাবান্ এবং সংযতেন্দ্রিয় পুরুষ এই নিষ্কাম কর্ম্মযোগের অনুষ্ঠান করিতে সমর্থ হন। একজন ধর্ম্মপ্রচারক বলিয়াছেন মনের চতুর্ব্বিধ অবস্থা সুস্থ, অলস, রুগ্ন ও মৃত। এই চতুর্ব্বিধ অবস্থার মধ্যে ঈশ্বরপরায়ণ ব্যক্তির মনঃ সুস্থ, লোভী ব্যক্তির মনঃ অলস, পাপীর মনঃ রুগ্ন ও অবিশ্বাসীর মনঃ মৃত। অতএব সংশয়রূপ অজ্ঞানকে বিনষ্ট করিয়া শ্রদ্ধাবান্ এবং সংযতেন্দ্রিয় হইয়া ক্ষত্রধর্ম্ম পালন করত যুদ্ধার্থে উত্থিত হইতে ভগবান্ অর্জ্জুনকে উপদেশ করিলেন। "এইযুদ্ধে ক্ষত্রিয় বীরগণ নিধন হইলে বর্ণশঙ্কর জাতির সৃষ্টি হইবেক; গুরুজনকে বধকরিয়া ইহ কালেই অধর্ম্মে নিপতিত হইতে হইবেক" ইত্যাদি সংশয় সকল মনহইতে তাড়িত করিয়া ক্ষত্রধর্ম্মানুরোধে কর্ত্তব্য কার্য্যের অনুষ্ঠান জন্য বদ্ধপরিকর হইয়া যুদ্ধার্থে অর্জ্জুনের উপস্থিত হওয়াই ভগবানের উদ্দেশ্য। শ্রীমান্ মধুসূদন সরস্বতী নিম্নলিখিত শ্লোকদ্বারা এই অধ্যায়ের উপসংহার করিয়াছেন।

"স্বসানীশত্ববাধেন, ভক্তিশ্রদ্ধে দৃঢ়ীকৃতে।
ধীহেতুঃ কর্ম্মনিষ্ঠা চ, হরিণে হোপসংহৃতা" ইতি ॥ ৪২ ॥

ইতি "গীতার্থ প্রবোধ" নামক বাঙ্গালা ভাষ্যের চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥ ৪ ॥

42. Summing up his instructions in this Book, Srikrishna says to the following effect, "A doubting spirit is the greatest enemy of the man who tries to acquire spiritual wisdom. A man should never doubt that he is a part of the great Spirit whose expansion is the universe, that man's immortal soul moves in a cycle of births and rebirths until by self-restraint and purification it reaches the great Spirit. Being fully convinced of these doctrines he should practise *Karma-Yog* whereby he will eventually acquire spiritual wisdom." The purport of this Book is that spiritual wisdom must be acquired by spiritual work.

HERE ENDS CHAPTER IV. OF THE ENGLISH COMMENTARY ON BHAGABATH GITA.

পঞ্চমোঽধ্যায়ঃ।

Book V.

কর্ম্মসন্ন্যাস-যোগঃ।

THE RELIGION BY RENUNCIATION OF WORK.

অর্জ্জুন উবাচ।

সন্ন্যাসং কর্ম্মণাং কৃষ্ণ, পুনর্যোগঞ্চ শংসসি।
যচ্ছ্রেয় এতয়োরেকং, তন্মে ব্রূহি সুনিশ্চিতম্ ॥ ১ ॥

অর্জ্জুনঃ উবাচ।

ভোঃ কৃষ্ণ! কর্ম্মণাং সন্ন্যাসং পুনঃ যোগং চ শংসসি। এতয়োঃ যৎশ্রেয়ঃ তৎ একং মে সুনিশ্চিতং ব্রূহি ॥ ১ ॥

অর্জ্জুন কহিলেন।

হে কৃষ্ণ! আপনি কর্ম্মসকলের সন্ন্যাস এবং কর্ম্মযোগ এই উভয়কেই প্রশংসা করিতেছেন, কিন্তু এই উভয়ের মধ্যে যাহা শ্রেয়ঃ (হয়) সেই একটী আমাকে নিশ্চয় করিয়া বলুন ॥ ১ ॥

ARJUNA SAID:

1. O Krishna! thou dost praise renunciations of actions and again their performances. Tell me positively which of these two is the best.

শ্রীধর স্বামী। নির্ধার্য্য সংশয়ং জিষ্ণোঃ, কর্ম্মসন্ন্যাসযোগয়োঃ।
জিতেন্দ্রিয়স্য চ যতেঃ, পঞ্চমে মুক্তিমব্রবীৎ ॥

"অজ্ঞানসংভূতং সংশয়ং জ্ঞানাসিনা ছিত্বা কর্ম্মযোগং আতিষ্ঠ" ইতি উক্তং তত্র পূর্ব্বাপরবিরোধং মন্বানঃ অর্জ্জুনঃ উবাচ সংন্যাসং ইতি।

"যস্ত্বাত্মরতি রেব স্যাৎ" ইত্যাদিনা "সর্ব্বং কর্ম্মাখিলং পার্থ" ইত্যাদিনা চ জ্ঞানিনঃ কর্ম্মসংন্যাসং কথয়সি, জ্ঞানাসিনা সংশয়ং ছিত্বা যোগং আতিষ্ঠ ইতি পুনঃ যোগং চ কথয়সি, নচ কর্ম্মসন্ন্যাসঃ কর্ম্মযোগঃ চ একস্য একদা এব সম্ভবতি বিরুদ্ধস্বরূপত্বাৎ। তস্মাৎ এতয়োঃ মধ্যে একস্মিন্ অনুষ্ঠাতব্যে সতি মম যৎ শ্রেয়ঃ সুনিশ্চিতং তৎ একং ব্রূহি। ১।

কর্ম্মণাং=শাস্ত্রীয়াণাং অনুষ্ঠানবিশেষাণাং, ধর্ম্মশাস্ত্রানুমোদিত কার্য্য সকলের। সন্ন্যাসং=পরিত্যাগং। যোগঃ=কর্ম্মানুষ্ঠানরূপং কর্ম্মযোগং, কর্ম্মযোগ সকল। শংসসি—

প্রশংসসি, প্রশংসা করিতেছেন। এতয়োঃ=কর্ম্মসন্ন্যাস কর্ম্মানুষ্ঠানয়োঃ, কর্ম্মসন্ন্যাস এবং কর্ম্মানুষ্ঠান এই উভয়ের মধ্যে। শ্রেয়ঃ=প্রশস্ততরং, বিশেষ হিতকর। সুনিশ্চিতং=নিশ্চয়েন, নিশ্চয়রূপে। অর্থাৎ আপনার মতে যাহা অনুষ্ঠান করা কর্ত্তব্য হয়। ব্রূহি=কথয়, বলুন।

ভগবান্ তৃতীয় অধ্যায়ে কর্ম্মযোগ ও চতুর্থ অধ্যায়ে জ্ঞানযোগের তত্ত্বসকল নির্দ্দেশ করিয়াছেন। পঞ্চমে কর্ম্মসন্ন্যাস এবং ষষ্ঠে ধ্যানযোগ নিরূপণ করিয়া "ত্বং" পদার্থের ব্যাখ্যা শেষ করিবেন। নিষ্কামভাবে লোকসংগ্রহার্থে কার্য্যানুষ্ঠান করিতে করিতে বিশুদ্ধ জ্ঞানের উদয় হয়। এই জ্ঞানালোকপ্রভাবে মানব যৎকালে পরমাত্মার দর্শনলাভ করে তৎকালে আপনিই কর্ম্মসকলের পরিত্যাগ উপস্থিত হয়। "ধ্যানযোগের ১৯শ শ্লোকে ভগবান্ নির্দ্দেশ করিয়াছেন যে "আত্মনঃ যোগং যুঞ্জতঃ যতচিত্তস্য যোগিনঃ যথা নিবাতস্থঃ দীপঃ ন ইঙ্গতে সা উপমা স্মর্ত্তব্যা"। অর্থাৎ নির্ব্বাতস্থলস্থিত প্রদীপ যেরূপ অচঞ্চলভাবে বর্ত্তমান থাকে আত্মসংযমকারী যোগীর চিত্ত ও তদ্রূপ চাঞ্চল্যরহিত"। কিন্তু চিত্তের এইরূপ একাগ্রতা কর্ম্মসন্ন্যাস ভিন্ন সম্ভব হয় না। কর্ম্মযোগীর মনঃ সর্ব্বদা বিক্ষেপ পূর্ণ, বিক্ষেপ পূর্ণমনঃ কখনই আত্মজ্ঞান লাভ করিতে পারে না। এইজন্যই কর্ম্মযোগের পর জ্ঞানযোগ এবং তদনন্তর ধ্যানযোগের ব্যবস্থা করিয়াছেন। কিন্তু অর্জ্জুন ভগবানের উপদেশ সকল প্রথমতঃ উত্তমরূপে বুঝিতে পারিয়াছিলেন না। সুতরাং কর্ম্মযোগ জ্ঞানযোগ এবং কর্ম্মসন্ন্যাস যোগ সম্বন্ধে তাঁহার মনে বিষম সন্দেহ উপস্থিত হইয়াছিল। ফলতঃ আমাদের মধ্যে ও এই তিনটী বিষয় লইয়া অনেকের সংশয় আছে। কেহ কেহ কর্ম্মসন্ন্যাসকেই প্রশংসা করিয়া থাকে। কর্ম্মযোগের চরম ফল জ্ঞানযোগ, উক্ত জ্ঞানযোগের অধিকারী না হইয়া কর্ম্মসন্ন্যাসী হওয়া যে কেবল লোক প্রতারণামাত্র তাহা অনেকে বুঝেন না। যাঁহার চিত্তে বাসনা নাই এবং যিনি নিরন্তর লোক সংগ্রহার্থে কার্য্য করিয়া সমস্ত পদার্থই ব্রহ্মময় দর্শন করেন তাদৃশ জীবন্মুক্ত মহাত্মাই কর্ম্মসন্ন্যাসী। ভগবান্ ইহাই তৃতীয়, চতুর্থ ও পঞ্চম অধ্যায়দ্বারা স্পষ্টাক্ষরে নিরূপণ করিয়াছেন।

চতুর্থ অধ্যায়ের শেষ শ্লোকে ভগবান্ অর্জ্জুনকে কর্ম্মযোগের অনুষ্ঠান করিতে আদেশ করিলেন। উক্ত অধ্যায়ের ৩২শ শ্লোকে কহিলেন সমস্ত যজ্ঞই কর্ম্মজ, কিন্তু আত্মা কর্ম্মহীন এইরূপ অবগত হইয়া তুমি মুক্তিলাভ কর। ৩৩শ শ্লোকে নির্দ্দেশ করিলেন যে সমস্ত কর্ম্মজ যজ্ঞহইতে জ্ঞানযজ্ঞ শ্রেষ্ঠ, কারণ সমস্ত কর্ম্মই জ্ঞানে পরিসমাপ্ত হয়। তৃতীয় অধ্যায়ের ১৭শ শ্লোকে কহিলেন যে যে মানব আত্মাতে রত আত্মাতে তৃপ্ত এবং আত্মাতেই তুষ্ট তাঁহার কোন কার্য্যই নাই। অর্জ্জুন দেখিলেন যে ভগবান্ কর্ম্মযোগ এবং কর্ম্মসন্ন্যাস যোগ উভয় প্রকার যোগকেই আত্মজ্ঞানের দ্বারস্বরূপ বলিয়া নির্দ্দেশ করিলেন ইহাতে তাঁহার মনে বিষম সন্দেহ উপস্থিত হইল, তিনি বলিলেন ভগবন্! আপনি কখন ও কর্ম্মযোগের কখন ও কর্ম্মসন্ন্যাস যোগের প্রশংসা করিতেছেন কিন্তু ইহার মধ্যে কোনটী শ্রেষ্ঠ এবং কোন যোগকে আশ্রয় করিলে আমি আত্মজ্ঞান লাভ করিতে পারিব তাহা আমাকে

শ্রীভগবানুবাচ।
সন্ন্যাসঃ কর্ম্মযোগশ্চ, নিঃশ্রেয়সকরাবুভৌ।
তয়োস্তু কর্ম্মসন্ন্যাসাৎ, কর্ম্মযোগো বিশিষ্যতে ॥ ২ ॥

শ্রীভগবান্ উবাচ।

সন্ন্যাসঃ কর্ম্মযোগঃ চ উভৌ নিঃশ্রেয়সকরৌ। তয়োঃ তু কর্ম্মসন্ন্যাসাৎ কর্ম্মযোগঃ বিশিষ্যতে ॥ ২ ॥

ভগবান্ কহিলেন।

কর্ম্মসন্ন্যাস এবং কর্ম্মযোগ উভয়ই মোক্ষের সাধক, কিন্তু ইহার মধ্যে কর্ম্মত্যাগ অপেক্ষা কর্ম্মানুষ্ঠানই শ্রেষ্ঠ ॥ ২ ॥

SRIKRISHNA SAID:

2. Renunciation and performance of action both lead to salvation. But of these two, the performance of action is superior.

বিশেষ করিয়া বলুন। অর্জ্জুনের বুঝিবার ভ্রম, ভগবান্ স্পষ্টাক্ষরে নির্দ্দেশ করিয়াছেন যে, যেমন তিমির ও তেজঃ একস্থানে থাকিতে পারে না তদ্রূপ জ্ঞান এবং কর্ম্ম এক সময়ে একাধারে থাকিতে পারে না। যিনি সমস্তই ব্রহ্মময় দর্শন করেন তাঁহার কোন কার্য্যই থাকিতে পারে না। নিষ্কাম লোকসংগ্রহার্থে যে কর্ম্মানুষ্ঠান হয় তাহা কর্ম্ম বলিয়া পরিগণিত হয় না ॥ ১ ॥

1. The instructions given in the foregoing books have confused Arjuna on one point, viz is spiritual devotion to be gained by performing actions or by abandoning them ? In one place Srikrishna sang the praises of performing actions for the development of self and for the good of humanity, while in another place he praised renunciation of action which, he said, was the door to salvation (Nirvana). Hence the necessity of this question.

Srikrishna has distinctly said in the 3rd and the 4*th* Books that spiritual wisdom must be gained by action, but that when this wisdom is practically obtained and man sees the "Universal Spirit" every where, the necessity for his action ceases. Action, however disinterested and self-sacrificing it may be, presupposes a desire, but when spiritual wisdom is obtained and all desires have vanished, the necessity for action ceases.

স্বামী। অত্র উত্তরং শ্রীভগবান্ উবাচ সন্ন্যাসঃ ইতি। অয়ং ভাবঃ, নহি বেদান্তবেদ্যাত্মতত্ত্বজ্ঞং প্রতি কর্ম্মযোগং অহং ব্রবীমি যতঃ পূর্ব্বোক্তেন সন্ন্যাসেন বিরোধঃ

জ্ঞেয়ঃ স নিত্যসংন্যাসী, যো ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি।
নির্দ্বন্দ্বো হি মহাবাহো, সুখং বন্ধাৎ প্রমুচ্যতে ॥ ৩ ॥

হে মহাবাহো! যঃ ন দ্বেষ্টি ন কাঙ্ক্ষতি সঃ নিত্যসন্ন্যাসী (ত্বয়া) জ্ঞেয়ঃ। নির্দ্বন্দ্বঃ হি বন্ধাৎ সুখং প্রমুচ্যতে ॥ ৩ ॥

যিনি দুঃখের প্রতি বিদ্বেষ করেন না, এবং যাঁহার সুখে স্পৃহা নাই তাঁহাকে নিত্যসন্ন্যাসী বলিয়া জানিবে। কারণ হে মহাবাহো! দ্বন্দ্বশূন্য ব্যক্তি কর্ম্মবন্ধনহইতে অনায়াসে মুক্তিলাভ করেন ॥ ৩ ॥

3. He is considered to have forsaken his actions for ever who sorroweth not in distress nor longeth for happiness. For O Prince of mighty arm! he whom good and evil, happiness and misery, heat and cold cannot affect, easily freeth himself from the bonds of action.

স্যাৎ, অপি তু দেহাত্মাভিমানিনং ত্বাং বন্ধুবধাদিনিমিত্তশোকমোহাদিকৃতং এনং সংশয়ং দেহাত্মবিবেক জ্ঞানাসিনা ছিত্ত্বা, পরমাত্মজ্ঞানোপায়ভূতং কর্ম্মযোগং আতিষ্ঠ ইতি ব্রবীমি, কর্ম্মযোগেন শুদ্ধচিত্তস্য আত্মতত্ত্বজ্ঞানে জাতে সতি তৎ পরিপাকার্থং জ্ঞাননিষ্ঠাঙ্গত্বেন সন্ন্যাসঃ পূর্ব্বং উক্তঃ। এবঞ্চ সতি অঙ্গপ্রধানয়োঃ বিকল্পাযোগাৎ "সংন্যাসঃ কর্ম্মযোগশ্চ" ইতি এতৌ উভৌ অপি ভূমিকাভেদেন সমুচ্চিতৌ এব নিঃশ্রেয়সং সাধয়তঃ, তথাপি তয়োঃ মধ্যে কর্ম্মসংন্যাসাৎ সকাশাৎ কর্ম্মযোগঃ বিশিষ্টঃ ভবতি ইতি। ২ ॥

সন্ন্যাসঃ—কর্ম্মণাং পরিত্যাগঃ, কর্ম্মসকলের পরিত্যাগ। কর্ম্মযোগঃ—কর্ম্মণাং অনুষ্ঠানং, নিষ্কাম হইয়া ঈশ্বরের প্রীতি উদ্দেশ্যে কর্ম্মানুষ্ঠান করা। উভৌ—দ্বৌ। নিঃশ্রেয়স করৌ—জ্ঞানোৎপত্তি হেতুত্বেন মোক্ষফলপ্রদায়কৌ, আত্মজ্ঞান উৎপাদনদ্বারা মোক্ষফল প্রদ। বিশিষ্যতে—অধিকারসম্পাদকত্বেন বিশেষফলায় ভবতি, অধিকতর কল্যাণকারী। অর্জ্জুনের ন্যায় অল্পাধিকারীর পক্ষে কর্ম্মযোগই শ্রেষ্ঠ তাহাই ভগবান্ নির্দ্দেশ করিলেন। তিনি বলিলেন "অর্জ্জুন! কর্ম্মপরিত্যাগ এবং নিষ্কাম ভাবে লোকের উপকারার্থে কর্ম্মানুষ্ঠান এই উভয়বিধ যোগদ্বারা আত্মজ্ঞান প্রাপ্ত হইয়া মানব মুক্তিলাভ করিতে পারে, কিন্তু তোমার ন্যায় সামান্যাধিকারীর পক্ষে প্রথমতঃ কর্ম্মযোগই শ্রেষ্ঠ, কারণ কর্ম্মযোগ ভিন্ন আদৌ কর্ম্ম সংন্যাসদ্বারা অল্পাধিকারী ব্যক্তি আত্মজ্ঞানলাভ করিতে পারে না। কেহ কেহ তীব্র বৈরাগ্য অবলম্বন করিয়া জীবনের প্রথমেই ধ্রুব ও প্রহ্লাদের ন্যায় কেবল কর্ম্মসংন্যাসদ্বারা আত্মজ্ঞান লাভ করিতে পারিয়াছিলেন। কিন্তু এইরূপ মহাত্মার সংখ্যা অতিবিরল ॥ ২ ॥

2. Srikrishna says to the following effect. "A man may attain emancipation (*i*) by giving up action and (*ii*) by continually doing good work

for the benefit of all created beings. A sinless man, whose heart has been purified by good work done in previous births and who lives in the "Spirit" has no necessity for action. He has certainly reached the bliss supreme. But for a man like you whose heart has not been purified by action, pious work is more suitable."

স্বামী। কুতঃ ইতি অপেক্ষায়াং সংন্যাসিত্বেন কর্ম্মযোগিনং স্তুবন্ তস্য শ্রেষ্ঠত্বং দর্শয়তি জ্ঞেয়ঃ ইতি রাগদ্বেষাদিরাহিত্যেন পরমেশ্বরার্থং কর্ম্মাণি যঃ অনুতিষ্ঠতি সঃ নিত্যং-কর্ম্মানুষ্ঠানকালে অপি সংন্যাসী ইতি এব জ্ঞেয়ঃ তত্র হেতুঃ—নির্দ্বন্দ্বঃ রাগদ্বেষাদিদ্বন্দ্ব-শূন্যঃ, হি শুদ্ধচিত্তঃ জ্ঞানদ্বারা, সুখং অনায়াসেন এব, সংসারাৎ প্রমুচ্যতে। ৩॥

কর্ম্মহি বন্ধকারণং প্রসিদ্ধং তৎকথং নিঃশ্রেয়সকরং স্যাৎ ইতি শঙ্কতে জ্ঞেয়ঃ ইতি; কর্ম্মই সংসার বন্ধনের নিদান তবে কি প্রকারে এই কর্ম্মযোগানুষ্ঠানদ্বারা মুক্তিলাভ করা যায় তাহা ভগবান্ এই শ্লোকে বর্ণনা করিতেছেন।

ন দ্বেষ্টি—দুঃখ বিষয়ে অপি বিদ্বেষশূন্যঃ, যিনি দুঃখবিষয়েও বিদ্বেষ করেন না। ন কাঙ্ক্ষতি—সুখবিষয়ে স্বর্গাদৌ অপি স্পৃহাশূন্যঃ, স্বর্গাদি সুখাভিলাষ বর্জ্জিত। সঃ নিত্য-সংন্যাসী=সঃ কর্ম্মানুষ্ঠানকালে অপি নিত্যসংন্যাসী, অর্থাৎ কর্ম্মানুষ্ঠানকালে এবং কর্ম্মত্যাগকালে সর্ব্বদাই সংন্যাসী। জ্ঞেয়ঃ=জ্ঞাতব্যঃ, জানিবে। নির্দ্বন্দ্বঃ=সুখ দুঃখ শীতোষ্ণ রাগদ্বেষাদিদ্বন্দ্বশূন্যঃ, সুখদুঃখপ্রভৃতিদ্বন্দ্বরহিত। সুখং=অনায়াসেন। বন্ধাৎ=অন্তঃকরণাশুদ্ধি রূপ জ্ঞান প্রতিবন্ধাৎ, আত্মজ্ঞানের বিরোধি অন্তঃকরণের অশুদ্ধি-রূপ বন্ধনহইতে। প্রমুচ্যতে—নিত্যানিত্যবস্তু বিবেকাদি প্রকর্ষেণ মুক্তোভবতি, নিত্য ও অনিত্যবস্তুর এবং ইহকালে ও পরকালে ফলভোগে বিরাগাদির বিচার করিয়া যথার্থ জ্ঞানদ্বারা মুক্তিলাভ করেন।

ভগবান্ কর্ম্মযোগের প্রশংসা করিয়া নিষ্কাম কর্ম্মযোগী যে কর্ম্ম সংন্যাসী তাহাই এই শ্লোকদ্বারা প্রকাশ করিতেছেন। যিনি অহং মমেত্যাদি অভিমান বিবর্জ্জিত হইয়া নিরন্তর লোকের উপকারার্থে কার্য্য করেন তিনি কার্য্য করিয়াও সন্ন্যাসী। পক্ষান্তরে যিনি বাহ্যিক আড়ম্বর মাত্র পরিত্যাগ করিয়া আন্তরিক অহংকারাদিপরিপূর্ণ, তিনি সংন্যাসী নামধারী ঘোরতর কর্ম্মী। ফলতঃ নিষ্কাম কর্ম্ম এবং সন্ন্যাস ধর্ম্ম ইহাদের মধ্যে কোন পার্থক্য নাই। যে কর্ম্মযোগী সুখবিষয়ে সম্পূর্ণ নিস্পৃহ এবং দুঃখ বিষয়ে সর্ব্বতোভাবে অক্লিষ্ট, তিনি নিরন্তর কর্ম্মকরিয়াও সর্ব্বদা সন্ন্যাসী বলিয়া পরিগণিত হয়েন। কারণ হে মহাবাহো! যে মহাত্মা শীতোষ্ণ সুখ দুঃখাদি দ্বন্দ্ব অতিক্রম করিতে পারেন তিনি অনায়াসে সংসার বন্ধনহইতে মুক্তিলাভ করিতে সক্ষম হন॥ ৩।

3. In this verse Srikrishna defines a true Renouncer. The man who seeks for no happiness, who is not troubled by misery and in whom the

সাংখ্যযোগৌ পৃথক্ বালাঃ, প্রবদন্তি ন পণ্ডিতাঃ।
একমপ্যাস্থিতঃ সম্যক্, উভয়োর্বিন্দতে ফলম্ ॥ ৪ ॥

বালাঃ সাংখ্যযোগৌ পৃথক্ প্রবদন্তি, পণ্ডিতাঃ ন (পৃথক্ প্রবদন্তি) (যতঃ) একং অপি সম্যক্ আস্থিতঃ (সন্) উভয়োঃ ফলং বিন্দতে ॥ ৪ ॥

অজ্ঞ ব্যক্তিরা সাংখ্যযোগ ও কর্ম্মযোগ এই উভয়কে পরস্পর পৃথক্ বলিয়া থাকেন, কিন্তু পণ্ডিতগণ কখনই তাহাদিগকে পৃথক্ বলিয়া থাকেন না। কারণ একটীকে সম্যক্ প্রকারে আশ্রয় করিলে উভয়েরই তত্ত্বজ্ঞানরূপ ফল লাভ করা যায় ॥ ৪ ॥

4. The ignorant and not the learned, distinguish between Renunciation and Pursuit of actions. For he who completely followeth the one, secureth the fruits of both.

---

pride of self does not exist, should be considered to have entirely forsaken his actions. Such a man even in the midst of his actions is free. He easily finds the supreme bliss, for heat and cold, happiness and misery, virtue and vice, good and evil cannot affect him. Hence as regards the goal there is no difference between renouncement and pursuit of actions. The difference is that the one follows the other.

স্বামী। যস্মাৎ এবং অঙ্গপ্রধানত্বেন উভয়োঃ অবস্থাভেদেন ক্রমসমুচ্চয়ঃ অতঃ বিকল্পং অঙ্গীকৃত্য উভয়োঃ কঃ শ্রেষ্ঠঃ ইতি প্রশ্নঃ অজ্ঞানাং এব উচিতঃ, ন বিবেকিনাং ইতি আহ—সাংখ্যযোগৌ ইতি। সাংখ্যশব্দেন জ্ঞাননিষ্ঠাবাচিনা, তদঙ্গং সন্ন্যাসং লক্ষয়তি, সংন্যাসকর্ম্মযোগৌ একফলৌ সন্তৌ পৃথক্—স্বতন্ত্রৌ, ইতি বালাঃ—অজ্ঞাঃ, এব প্রবদন্তি, নতু পণ্ডিতাঃ। তত্র হেতুঃ, অনয়োঃ একং অপি সম্যক্ আস্থিতঃ—আশ্রিতবান্, উভয়োঃ ফলং আপ্নোতি। তথাহি কর্ম্মযোগং সম্যক্ অনুতিষ্ঠন্ শুদ্ধচিত্তঃ সন্ জ্ঞানদ্বারা যৎ উভয়োঃ ফলং—কৈবল্যং, তৎবিন্দতি ইতি-সংন্যাসং সম্যক্ আস্থিতঃ অপি পূর্ব্বং অনুষ্ঠিতকর্ম্মযোগস্য অপি পরম্পরয়া যৎফলং কৈবল্যং তৎ বিন্দতি ইতি ন পৃথক্ ফলত্বং অনয়োঃ ইত্যর্থঃ ॥ ৪ ॥

সাংখ্যঃ—(সংখ্যা=সম্যক্ আত্মবুদ্ধিঃ তাং বহতীতি জ্ঞানান্তরঙ্গ সাধনতয়া সাংখ্যঃ) সন্ন্যাসযোগঃ, সম্যক্ আত্মবুদ্ধির নাম সংখ্যা, এই আত্মজ্ঞানের সাধনোপায়ের নাম সাংখ্য অর্থাৎ কর্ম্মসন্ন্যাসযোগ। বালাঃ=অজ্ঞাঃ, শাস্ত্রার্থ বিবেচনা বিষয়ে জ্ঞানশূন্য ব্যক্তিরা। প্রবদন্তি=ব্রুবন্তি, বলিয়া থাকেন। পণ্ডিতাঃ=জ্ঞানিনঃ, কৃৎস্নবিদঃ, আত্মজ্ঞানিগণ। একং=সন্ন্যাসকর্ম্মযোগয়োরন্যতরৎ, সন্ন্যাস এবং কর্ম্মযোগ এই উভয়ের যে কোন

যৎ সাংখ্যৈঃ প্রাপ্যতে স্থানং, তদ্‌যোগৈরপি গম্যতে।
একং সাংখ্যঞ্চ যোগঞ্চ, যঃ পশ্যতি স পশ্যতি ॥ ৫ ॥

সাংখ্যৈঃ যৎ স্থানং প্রাপ্যতে, যোগৈঃ অপি তৎ (স্থানং) গম্যতে। যঃ সাংখ্যং যোগং চ একং পশ্যতি সঃ (এব সম্যক্) পশ্যতি ॥ ৫ ॥

জ্ঞাননিষ্ঠ সন্ন্যাসিগণ যে কৈবল্যধাম প্রাপ্ত হন, কর্ম্মযোগিগণ ও তাহাই প্রাপ্তহন্, অতএব যিনি সংন্ন্যাস ও কর্ম্মযোগকে এক (অভিন্ন) রূপ দৃষ্টি করেন তিনিই সম্যক্ দর্শী ॥ ৫ ॥

5. The Renouncer finally reacheth the same goal which the Worker attaineth. And he who seeth them as one, seeth truly.

একটীকে। সম্যগাস্থিতঃ=স্বাধিকারানুরূপেণ সম্যক্ যথা শাস্ত্রং কৃতবান্, নিজের সাধ্যানুরূপে অনুষ্ঠান করিয়াছে। ফলং বিন্দতে=জ্ঞানোৎপত্তি দ্বারেণ নিঃশ্রেয়সং ফলং লভতে; আত্মজ্ঞানদ্বারা উভয়েরই মোক্ষরূপ ফল লাভ করিতে পারে।

কর্ম্মসংন্যাস এবং কর্ম্মযোগ উভয়ই যে আত্মজ্ঞানের দ্বারস্বরূপ তাহা ভগবান্ এই স্থলে নির্দ্দেশ করিতেছেন। সমস্ত কার্য্য ভগবানের প্রতি অর্পণ করিয়া যিনি নিরন্তর লোক সংগ্রহার্থে কার্য্য করেন তিনি কর্ম্মযোগী, এবং সমস্ত কার্য্য পরিত্যাগ করিয়া যিনি নিরন্তর ঈশ্বরের আরাধনা করেন তিনি কর্ম্ম সংন্যাসী, পরিণামে উভয়ই আত্মজ্ঞান লাভ করিবেন। কিন্তু কর্ম্মযোগী ঈশ্বরের আরাধনার সঙ্গে সঙ্গে পরোপকাররূপ ব্রত ধারণ করেন বলিয়া কর্ম্ম সন্ন্যাসীহইতে শ্রেষ্ঠ। আবার স্বাধিকার অনুসারে অল্পাধিকারীর পক্ষে চিত্ত শুদ্ধির জন্য কর্ম্মযোগের নিতান্ত প্রয়োজন। কর্ম্মযোগানুষ্ঠান করিয়া যিনি চিত্তের দৃঢ়তালাভ করিয়াছেন তাঁহার পক্ষে কর্ম্ম সন্ন্যাস প্রশস্ত ॥ ৪ ॥

4. বালাঃ literally children. Both pursuit and renunciation of action ultimately lead the pilgrim to spiritual wisdom which leads to emancipation. It is the children who distinguish between the Renouncer who by example and precepts scatters the seeds of virtue and wisdom, and the man of action who by self-sacrificing and noble deeds better the condition of humanity.

স্বামী। এতৎ এব স্ফুটয়তি যৎ সাংখ্যৈঃ ইতি—সাংখ্যৈঃ—জ্ঞান নিষ্ঠৈঃ, সন্যাসিভিঃ, যৎ স্থানং—মোক্ষাখ্যং, প্রকর্ষেণ সাক্ষাৎ, অবাপ্যতে, (যোগৈঃ ইতি অর্শ আদিত্বাৎ মত্বর্থীয়ঃ অৎ প্রত্যয়ঃ দ্রষ্টব্যঃ) তেন কর্ম্মযোগিভিঃ অপি তৎএব জ্ঞানদ্বারেণ গম্যতে—অবাপ্যতে, ইত্যর্থঃ, অতঃ সাংখ্যং চ যোগং চ এককলত্বেন একং যঃ পশ্যতি, সঃ এব সম্যক্ পশ্যতি ॥৫॥

সন্ন্যাসস্তু মহাবাহো, দুঃখ মাপ্তুমযোগতঃ।
যোগযুক্তো মুনির্ব্রহ্ম. নচিরেণাধিগচ্ছতি ॥ ৬ ॥

ভোঃমহাবাহো! তু অযোগতঃ সন্ন্যাসঃ দুঃখং আপ্তুং। যোগযুক্তঃ মুনিঃ নচিরেণ ব্রহ্ম অধিগচ্ছতি ॥ ৬ ॥

হেবীর শ্রেষ্ঠ! কর্ম্মযোগব্যতীত কর্ম্মসন্ন্যাস কেবল দুঃখের কারণ হয়। কর্ম্মযোগী মুনি অচিরে ব্রহ্মকে প্রাপ্ত হন ॥ ৬ ॥

6. O mighty Prince! renunciation before action causeth misery, but the sage whom action has purified soon obtaineth Brahma.

একস্যাপি সম্যক্ অনুষ্ঠানাৎ কথং উভয়োঃ ফলং বিন্দতে ইত্যতঃ আহ যদিতি, উভয় যোগের মধ্যে একটী মাত্র সম্যক্ প্রকারে অনুষ্ঠিত হইলে কিরূপে উভয় যোগের ফল লাভ করা যায় তাহাই ভগবান্ এই শ্লোকদ্বারা নির্দ্দেশ করিতেছেন।

সাংখ্যৈঃ=জ্ঞাননিষ্ঠৈঃ সন্ন্যাসিভিঃ, কর্ম্ম সংন্যাসিভিঃ, কর্ম্মসংন্যাসিগণকর্ত্তৃক যৎস্থানং =মোক্ষাখ্যং, কৈবল্য পদকে। যোগৈঃ অপি=জ্ঞান প্রাপ্ত্যুপায়ত্বেনেশ্বরে সমর্প্য কর্ম্মাণি আত্মনঃ ফল মনভি সন্ধায়ানুতিষ্ঠন্তি যে তে যোগিনঃ তৈরপি, জ্ঞাননিষ্ঠাদ্বারা ফলাভিসন্ধি পরিত্যাগ পূর্ব্বক কর্ম্মানুষ্ঠানকারী কর্ম্মযোগিগণ। যঃ সাংখ্যং যোগঞ্চ একং পশ্যতি স পশ্যতি—একফলত্বাৎ একং সাংখ্যঞ্চ যোগঞ্চ যঃ পশ্যতি সএব সম্যক্ পশ্যতি নান্যঃ, ফল বিষয়ে যিনি সন্ন্যাস এবং কর্ম্মযোগকে সমানভাবে দর্শন করেন তিনিই যথার্থ তত্ত্বদর্শী।

সংন্যাস এবং কর্ম্মযোগদ্বারা যে মুক্তিলাভ করা যায় তাহাই ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। জন্ম জন্মান্তরে নিষ্কামভাবে লোকসংগ্রহার্থে কর্ম্মানুষ্ঠান করিয়া—আত্মজ্ঞান লাভদ্বারা কর্ম্মযোগিগণ মুক্তিলাভ করিয়া থাকেন। এই কর্ম্মযোগিগণ মুক্তিলাভ করিবার পূর্ব্বে কর্ম্মসংন্যাসী হইয়া থাকেন। ফলতঃ কর্ম্মানুষ্ঠান ব্যতিরেকে বিশুদ্ধ আত্মজ্ঞানের উদয় হয় না, এবং আত্মজ্ঞান নাহইলে কর্ম্মসন্ন্যাস হইতে পারে না। যাঁহারা কর্ম্মী এবং সংন্যাসিগণকে সমফলভাগী জ্ঞান করেন তাঁহারাই সম্যক্ দর্শী ॥ ৫ ॥

5. Shankhyas=Those who live in the "Spirit" having gained spiritual wisdom, in other words, the Renouncers. Yogees=those who by Karma-Yog obtain purity of mind and largeness of heart. Srikrishna says that these two sorts of men viz Shannyasies and Karmies reach finally the same high region, and those who consider them as one see with clear eyes. Srikrishna repeats this idea in several verses, as great doubts were enter tained by religious thinkers regarding the respective merits of these two schools viz the Shankhyas and the Karma-Yogies. Even now some people have a great respect for action and hatred for inaction and vice-versa.

স্বামী। যদি কর্ম্মযোগিনঃ অপি অন্ততঃ সন্ন্যাসেন এব জ্ঞাননিষ্ঠা তর্হি আদিতঃ এব সন্ন্যাসঃ কর্ত্তুং যুক্তঃ ইতি মন্বানং প্রতি আহ—সন্ন্যাসঃ ইতি অযোগতঃ—কর্ম্মযোগং বিনা, সংন্যাসঃ প্রাপ্তুং দুঃখং—দুঃখহেতুঃ, অশক্যঃ ইত্যর্থঃ। চিত্তশুদ্ধ্যভাবেন জ্ঞাননিষ্ঠায়াঃ অসম্ভবাৎ, যোগযুক্তঃ তু শুদ্ধচিত্ততয়া মুনিঃ সন্যাসী ভূত্বা অচিরেণ ব্রহ্ম অধিগচ্ছতি—অপরোক্ষং জানাতি। অতঃ চিত্তশুদ্ধেঃ প্রাক্ কর্ম্মযোগঃ এব সন্ন্যাসাৎ বিশিষ্যতে ইতি পূর্ব্বোক্তংসিদ্ধং, তৎ উক্তং বার্ত্তিককৃৎভিঃ—

"প্রমাদিনো বহিশ্চিত্তাঃ, পিশুনাঃ কলহোৎসুকাঃ।
সন্ন্যাসিনোঽপি দৃশ্যন্তে, দৈবসংদুষিতাশয়াঃ" ইতি ॥ ৬ ॥

অত্র যোগশব্দেন = কর্ম্মযোগ এবোচ্যতে। ব্রহ্ম অধিগচ্ছতি = পরমাত্মানং সাক্ষাৎ পশ্যতি, ঈশ্বরকে সাক্ষাৎ দর্শন করেন। অযোগতঃ = কর্ম্মযোগং বিনা, (যোগঃ—অন্তঃকরণশোধকং শাস্ত্রীয়ং কর্ম্ম, তং অন্তরেণ,) অন্তঃকরণশোধক শাস্ত্রীয় কর্ম্মের নাম যোগ, তাহাব্যতিরেকে। দুঃখং আপ্তুং = দুঃখ প্রাপ্তয়ে, অশুদ্ধান্তঃকরণত্বেন তৎফলস্য জ্ঞাননিষ্ঠায়া অসম্ভবাৎ শোধকে চ কর্ম্মণ্যনধিকারাৎ কর্ম্মব্রহ্মোভয়ভ্রষ্টত্বেন পরমসংকটাপত্তেঃ, অশুদ্ধান্তঃকরণবশতঃ জ্ঞাননিষ্ঠালাভ করিতে না পারিয়া কর্ম্মযোগ ও জ্ঞানযোগ এই উভয়হইতেই ভ্রষ্ট হইয়া বিষম সঙ্কটে পতিত হন। যোগযুক্তঃ = শুদ্ধান্তঃকরণত্বাৎ-কর্ম্মযোগানুষ্ঠানদ্বারা শুদ্ধান্তঃকরণযুক্তঃ। মুনিঃ = আত্মমননশীলঃ, যিনি মৌনভাবে পরমাত্মাতে রত থাকেন। নচিরেণ = শীঘ্রমেব. শীঘ্রই। ব্রহ্ম = সত্যজ্ঞানাদিলক্ষণং আত্মানং, সত্যজ্ঞানাদি স্বরূপ পূর্ণ পরমাত্মা। অধিগচ্ছতি = সাক্ষাৎকরোতি, (প্রতিবন্ধকাভাবাৎ) কোন প্রতিবন্ধক না থাকায় অনায়াসে ব্রহ্মকে লাভ করেন।

ভগবান্ তৃতীয় অধ্যায়ের ৪র্থ শ্লোকে বলিয়াছেন "অগ্রেকর্ম্মারম্ভ না করিয়া কোন ব্যক্তিই কর্ম্মসংন্যাস করিতে পারে না এবং কর্ম্মসন্ন্যাস ব্যতিরেকে সিদ্ধিলাভ হয় না" সুতরাং সিদ্ধির জন্য কর্ম্মযোগ এবং সন্ন্যাসযোগ এ উভয়েরই আবশ্যক, কর্ম্মযোগদ্বারা অন্তঃকরণ বিশুদ্ধ না হইতে কর্ম্মসন্ন্যাসগ্রহণ কেবল দুঃখের কারণ হয়। অতএব হে অর্জ্জুন প্রথমে কর্ম্মযোগের অনুষ্ঠান করিয়া তোমার মনকে নির্ম্মল এবং বিশুদ্ধ করিবার জন্য চেষ্টাপাও, তদনন্তর কর্ম্মসন্ন্যাস গ্রহণ করিলে ব্রহ্মানন্দ লাভ করিতে পারিবে, এই কারণে আমি বলিয়াছি যে যদিও কর্ম্মযোগ এবং কর্ম্মসন্ন্যাস একফলপ্রদ তথাপি সন্ন্যাস হইতে কর্ম্মযোগই প্রধান ॥ ৬ ॥

6. Compare the 4th verse, Book III. A renouncer (Sannyasi) whose heart has not been purified by the performance of good work is a hypocrite. He finds no bliss here or hereafter. He forsakes actions to gain nothing in their place. Emancipation (mokhya) cannot be had without renunciation, but there can be no true renunciation before actions have purified the heart and subdued the passions.

মুনিঃ = One devoted to the silent contemplation of the Spirit. If one

যোগযুক্তো বিশুদ্ধাত্মা, বিজিতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বভূতাত্মভূতাত্মা, কুর্ব্বন্নপি নলিপ্যতে ॥ ৭ ॥

যোগযুক্তঃ, বিশুদ্ধাত্মা, বিজিতাত্মা, জিতেন্দ্রিয়ঃ, সর্ব্বভূতাত্মভূতাত্মা (কর্ম্ম) কুর্ব্বন্ অপি ন লিপ্যতে ॥ ৭ ॥

যোগানুষ্ঠানকারী, বিশুদ্ধচিত্ত, জিতাত্মা, জিতেন্দ্রিয় এবং যাঁহার আত্মা সর্ব্বভূতের আত্মার স্বরূপ তিনি কর্ম্ম করিয়াও লিপ্ত হন্ না ॥ ৭ ॥

7. The worker whose heart is pure, whose body, senses and mind have been subdued, and who seeth all as his own soul, is still free though performing actions.

---

can annihilate his desires, in the silence of his heart he hears the voice of truth and communes with God Himself. Tossed up by passions and the turmoils of life man is deaf to the voice of the Spirit which calls him to silent meditation.

The disciple asked :

"How can I see and hear the Supreme."?

The master replied :

"The power is in yourself and if you can command, but for an hour, the silence of your desires, you will hear the inexpressible words of the Supreme. If your own will and self are silent in you, the perception of the Eternal will manifest through you, God will hear, and see and talk through you ; your own hearing, desiring and seeing prevent you from seeing and hearing the Supreme.

স্বামী। কর্ম্মযোগাদিক্রমেণ ব্রহ্মাধিগমে সতি অপি তদুপরিতনেন কর্ম্মণা বন্ধঃ স্যাৎ এব ইতি আশঙ্ক্য আহ, যোগযুক্তঃ ইতি। যোগেন যুক্তঃ, অতএব বিশুদ্ধঃ আত্মা—চিত্তং, যস্য অতএব বিজিতঃ আত্মা-শরীরং যেন, অতএব বিজিতানি ইন্দ্রিয়াণি যেন, ততঃ চ সর্ব্বেষাং ভূতানাং আত্মভূতঃ আত্মা যস্য সঃ লোকসংগ্রহার্থং স্বাভাবিকং বা কর্ম্ম কুর্ব্বন্ অপি ন লিপ্যতে ॥ ৭ ॥

নন্থ কর্ম্মণো বন্ধহেতুত্বাৎ যোগযুক্তো মুনিঃ ব্রহ্মাধিগচ্ছতীত্যনুপপন্ন মিত্যত আহ, কর্ম্ম সংসার বন্ধনের কারণ, তথাপি কি প্রকারে কর্ম্মযোগী মুনি ব্রহ্মকে লাভ করিয়া থাকেন এই আশঙ্কা নিবারণার্থ কহিলেন। যোগযুক্তঃ—ভগবদর্পণফলাভিসন্ধিরাহিত্যাদিগুণ-

যুক্তং শাস্ত্রীয়ং কর্ম্ম যোগ ইত্যুচ্যতে তেন যোগেন যুক্তঃ, ফলকামনারহিত ঈশ্বরার্পিত লোকসংগ্রহার্থ কার্য্যের নাম কর্ম্মযোগ, সেই যোগানুষ্ঠানকারীই প্রকৃত পুরুষ। বিশুদ্ধাত্মা—বিশুদ্ধো রজস্তমোভ্যামকলুষিতঃ আত্মা-অন্তঃকরণরূপং সত্ত্বং যস্য সঃ, নির্ম্মলান্তঃকরণ ইত্যর্থঃ, যাহার অন্তঃকরণ রজোগুণ ও তমোগুণদ্বারা মলিন না হয় তাদৃশ ব্যক্তি। বিজিতাত্মা=স্ববশীকৃতদেহঃ, যিনি দেহকে বশীভূত করিয়াছেন। জিতেন্দ্রিয়ঃ—স্ববশীকৃতসর্ব্ববাহ্যেন্দ্রিয়ঃ, যিনি সমস্ত বাহ্যেন্দ্রিয়কে বশীভূত করিয়াছেন। সর্ব্বভূতাত্মভূতাত্মা—সর্ব্বেষাং ব্রহ্মাদীনাং স্তম্বপর্য্যন্তানাং ভূতানাং আত্মভূতঃ আত্মা-প্রত্যক্ চেতনা যস্য সঃ, ব্রহ্মহইতে তৃণপর্য্যন্ত সমস্ত জগৎকে যিনি নিজের আত্মার ন্যায় বিবেচনা করেন। কর্ম্ম কুর্ব্বন্নপি=কর্ম্ম করিলেও। ন লিপ্যতে—কর্ম্মভির্ন বধ্যতে, কর্ম্মসকল তাঁহাকে আবদ্ধ করিতে পারে না। কর্ম্মকরিয়াও কর্ম্মযোগী সংসারবন্ধনে আবদ্ধ হন না তাহা ভগবান্ এই শ্লোকে প্রদর্শন করাইতেছেন। যে ব্যক্তির দেহ ও ইন্দ্রিয়গণ বশীকৃত হইয়াছে, যাঁহার অন্তঃকরণ পরিশুদ্ধ, এবং যিনি সর্ব্বভূতে আত্মময় দর্শন করেন, তিনি নিরন্তর কর্ম্মকরিয়াও কর্ম্মপাশে আবদ্ধ হন না। সর্ব্বাগ্রে নিজ দেহকে বশীভূত করিতে হইবেক, তদনন্তর অন্তঃকরণ বিশুদ্ধ হইলে ক্রমেং মনঃ এবং অন্যান্য ইন্দ্রিয়গণ স্ববশে আসিবেক, তৎকালে কর্ম্মযোগী সমস্তই আত্মময় সন্দর্শন করিয়া ঈশ্বরের আরাধনা এবং লোকসংগ্রহার্থে যে যে কার্য্যের অনুষ্ঠান করিবেন তদ্দ্বারা তিনি কর্ম্মফলে আবদ্ধ হইবেন না। বাসনাপূর্ণ কর্ম্মরজ্জুদ্বারা জীবাত্মা আপনাতে আবদ্ধ হয়, যেমন তন্তুকীট নিজকৃত তন্তু দ্বারা জড়িত হয়। কিন্তু যাঁহার বাসনা নাই এবং সমস্ত বিশ্ব ব্রহ্মময় দর্শন করেন তিনি কার্য্য করিয়াও মুক্ত। এবংবিধব্যক্তির ইন্দ্রিয়গণ নিজ নিজ বিষয়ে ধাবিত হইয়াও আত্মাকে কর্ত্তৃত্বে বরণ করিতে পারে না। ৭॥

7. How a Karma-Yogee, though continually in the midst of active work, remains untainted with the effects of work is here explained. He should first of all bring his body under his perfect control. Then he should conquer his external senses and his mind. When these conquests have been made, the Karma-Yogy or the worker sees the universe as an expansion of the Universal Soul and considers all living creatures as a part and parcel of his own body, external senses and his mind. When he reaches this stage, his spirit becomes free, even though his body, external senses and his mind may be ever at work.

নৈব কিঞ্চিৎ করোমীতি, যুক্তো মন্যেত তত্ত্ববিৎ।
পশ্যন্ শৃণ্বন্ স্পৃশন্ জিঘ্রন্, অশ্নন্ গচ্ছন্ স্বপন্ শ্বসন্ ॥ ৮ ॥
প্রলপন্ বিসৃজন্ গৃহ্ণন্, উন্মিষন্নিমিষন্নপি।
ইন্দ্রিয়াণীন্দ্রিয়ার্থেষু, বর্ত্তন্ত, ইতি ধারয়ন্ ॥ ৯ ॥

যুক্তঃ তত্ত্ববিৎ, (জনঃ) পশ্যন্ শৃণ্বন্, স্পৃশন, জিঘ্রন্, অশ্নন্, গচ্ছন্, স্বপন্ শ্বসন্, প্রলপন্, বিসৃজন্, গৃহ্ণন্, উন্মিষন্, নিমিষন্ অপি ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্তে ইতি ধারয়ন্ (অহং) কিঞ্চিৎ এব ন করোমি ইতি মন্যেত ॥ ৮ ॥ ৯ ॥

পরমার্থদর্শী কর্ম্মযোগী দর্শন, শ্রবন, স্পর্শন, ঘ্রাণ, ভোজন, গমন, শয়ন, নিশ্বাস, প্রশ্বাস, বাক্যোচ্চারণ, ত্যাগ, গ্রহণ, উন্মেষ, নিমেষপ্রভৃতি কার্য্য করিয়াও ইন্দ্রিয়গণ স্বীয় স্বীয় বিষয়ে প্রধাবিত হইতেছে আমি কিছুমাত্র কর্ম্ম করিতেছি না ইহাই মনে অবধারণ করিয়া থাকেন ॥ ৮ ॥ ৯ ॥

8, 9. The sage whose mind is devoted to the Supreme thinketh, "nought of myself I do, while my senses play on their respective objects in seeing, hearing, touching, smelling, eating, walking, slumbering, breathing, speaking, giving, receiving, closing and opening the eyelids."

স্বামী। কর্ম্ম কুর্ব্বন্ অপি ন লিপ্যতে ইতি এতৎ বিরুদ্ধং ইতি আশঙ্ক্য কর্ত্তৃত্বাভিমানাভাবাৎ ন ইতি আহ দ্বাভ্যাং—কর্ম্মযোগেন যুক্তঃ ক্রমেণ তত্ত্ববিৎ ভূত্বা দর্শন শ্রবণাদীনি কুর্ব্বন্ অপি ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্তে ইতি ধারয়ন্—বুদ্ধ্যা নিশ্চিন্বন্, কিঞ্চিৎ অপি অহং ন করোমি ইতি মন্যতে, তত্র দর্শনশ্রবণস্পর্শনাবঘ্রাণাশনানি চক্ষুরাদিজ্ঞানেন্দ্রিয়ব্যাপারাঃ, গতিঃ পাদয়োঃ, স্বাপঃ বুদ্ধেঃ, শ্বাসঃ প্রাণস্য, প্রলপনং বাগিন্দ্রিয়স্য, বিসর্গঃ পায়ূপস্থয়োঃ, গ্রহণং হস্তয়োঃ, উন্মেষনিমেষণে কূর্ম্মাখ্যপ্রাণস্য, ইতি বিবেকঃ। এতানি সর্ব্বাণি কুর্ব্বন্ অপি অনভিমানাৎ ব্রহ্মবিৎ ন লিপ্যতে, তথাচ পরামর্শসূত্রং "তদধিগমে উত্তর পূর্ব্বাঘয়োরশ্লেষ বিনাশৌ তৎব্যপদেশাৎ" ইতি ॥ ৮ ॥ ৯ ॥

যুক্তঃ=সমাহিতঃ, কর্ম্মযোগানুষ্ঠানদ্বারা যাঁহার মনঃ শুদ্ধ হইয়াছে তিনি। তত্ত্ববিৎ=আত্মনো যাথার্থ্যং তত্ত্বং তৎ বেত্তি যঃ যিনি যথার্থরূপে আত্মজ্ঞান লাভকরিয়াছেন। পশ্যন্=অবলোকয়ন্, দর্শন করত। শৃণ্বন্=শ্রবণং কুর্ব্বন্, শ্রবণ করত। স্পৃশন্=স্পর্শং কুর্ব্বন্, স্পর্শ করত। জিঘ্রন্=গন্ধং অনুভবন্, ঘ্রাণকরত। অশ্নন্=ভুঞ্জানঃ, ভোজনকরত। এই পাঁচটী চক্ষুঃ, শ্রোত্র, ত্বক্, নাসিকা, রসনা, পঞ্চজ্ঞানেন্দ্রিয়ের ব্যাপার। গচ্ছন=ভ্রমন্, গতিঃ পাদয়োঃ, পদদ্বয়দ্বারা গমন। প্রলপন্=বাক্যমুচ্চারন্, বাক্যোচ্চারণ করত।

বিসৃজন্—ত্যাগঃ, পায়ূপস্থয়োর্ব্যাপারঃ, মলমূত্র ত্যাগ। গৃহ্ণন্—আদদানঃ, গ্রহণং হস্তয়োঃ, ইতি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণাং ব্যাপারাঃ। স্বপন্—শয়ানঃ, নিদ্রা যাওয়া। শ্বসন্—শ্বাসঃ, প্রাণ অপান উদান সমান ব্যান এই পঞ্চপ্রাণের ব্যাপার। উন্মিষন্ নিমিষন্—নাগকূর্ম্মাদি পঞ্চকস্থ ব্যাপারাঃ, নাগকূর্ম্মকৃকর ইত্যাদি পঞ্চবায়ুর কর্ম্ম। ইন্দ্রিয়াণি ইন্দ্রিয়ার্থেষু বর্ত্তন্ত=ইন্দ্রিয়গণ স্বীয়২ বিষয়ে ধাবমান হইতেছে। অহং কিঞ্চিৎ এব ন করোমি=মনোব্যাপারেষ্বপ্যাত্মনো ঽকর্ত্তৃত্বমেব, ইন্দ্রিয়ের সকল কার্য্যেই আত্মার অকর্ত্তৃত্ব-দর্শন করেন। বিজিতদেহ বিজিতেন্দ্রিয় সর্ব্বভূতাত্মভূতাত্মা কর্ম্মযোগানুষ্ঠানকারী কি প্রকারে কর্ম্মে লিপ্ত থাকিয়াও মুক্ত, তাহাই ভগবৎকর্ত্তৃক প্রদর্শিত হইতেছে। আত্মজ্ঞানী ব্যক্তি তদীয় পঞ্চকর্ম্মেন্দ্রিয়ের পঞ্চপ্রাণের এবং পঞ্চমনোবৃত্তির কার্য্যসকলকে আত্মার কার্য্যহইতে পৃথক্ অনুভব করিয়া আত্মাতে রমণ করেন। ইন্দ্রিয়গণের কার্য্যকে তিনি আত্মার কার্য্য বলিয়া মনে করেন না। এইস্থলে ইন্দ্রিয়গণের কার্য্য এবং আত্মার কার্য্য পৃথক্ তাহাই ভগবান্ প্রদর্শন্ করিতেছেন। ইন্দ্রিয়ের কার্য্য—কর্ম্মবন্ধন, আত্মার কার্য্য—মুক্তি এবং পরমাত্মায় নির্ব্বাণ। তত্ত্বজ্ঞানী ব্যক্তি ইন্দ্রিয়গণের কার্য্যে উপেক্ষা করিয়া আত্মার কার্য্যে মনোনিবেশ করিয়া থাকেন। পক্ষান্তরে অজ্ঞব্যক্তি ইন্দ্রিয় এবং আত্মার কার্য্যের পার্থক্য অনুভব করিতে না পারিয়া ইন্দ্রিয়গণের বিষয়ে লিপ্ত থাকেন অর্থাৎ কর্ম্মবন্ধনে বিজড়িত হন ॥ ৮ ॥ ৯ ॥

8,9. These two verses are merely an expansion of the idea referred to in the preceding verse. The Karma-Yogy perceives the difference between the action of his senses and mental capacities on the one hand, and that of the soul on the other. While the former creates and strengthens the bonds of Karma, the latter breaks her fetters and leads the spirit to the universal soul. They allude to the action of the five external senses, the five organs of preception, the five winds and the capacities of the mind. Their actions have been mentioned in detail. Though these active principles of the body and mind are ever at work, the soul of the Karma-Yogy is always free. Srikrishna here shews that the constitution of man may be roughly divided into two principal parts, viz the material and the spiritual. When the organs of senses act on external objects, the soul remains inactive. The former drags us down and binds us to earthly objects, while the soul tears the bonds of Karma and lifts us to the Supreme. So writes Goethe in his Faust :—

"But in my heart two souls reside,
Each from the other tries to separate.
One clings to earth with passions and desires
And fond embrace, the other breaks his bonds,
And rising upwards spurns the earth."

ব্রহ্মণ্যাধায় কর্ম্মাণি, সঙ্গং ত্যক্ত্বা করোতি যঃ।
লিপ্যতে ন স পাপেন, পদ্মপত্রমিবাম্ভসা ॥ ১০ ॥

যঃ ব্রহ্মণি আধায়, সঙ্গং ত্যক্ত্বা কর্ম্মাণি করোতি, সঃ অম্ভসা পদ্মপত্রং ইব পাপেন ন লিপ্যতে ॥ ১০ ॥

যিনি পরমেশ্বরে আত্মসমর্পণ করিয়া কর্ম্মফলে আসক্তি পরিত্যাগ করত কর্ম্মানুষ্ঠান করেন, তিনি পদ্মপত্রস্থ জলের স্থায় পাপের সহিত মিশ্রিত না হইয়া পৃথক্‌ভাবে অবস্থান করেন ॥ ১০ ।

10. The man whose heart is devoted to Brahma and who works devoid of desires and attachments, remaineth unstained by sin like the lotus-leaf unstained by water.

স্বামী। তর্হি যস্য "করোমি" ইতি অভিমানঃ অস্তি তস্যকর্ম্মলেপঃ দুর্ব্বারঃ, তথা অবিশুদ্ধচিত্তত্বাৎ সন্ন্যাসঃ অপি ন অস্তি ইতি মহৎ সঙ্কটং আপন্নং ইতি আশঙ্ক্য আহ, ব্রহ্মণি ইতি, ব্রহ্মণি আধায়—পরমেশ্বরে সমর্প্য, তৎফলে চ সঙ্গং ত্যক্ত্বা যঃ কর্ম্মাণি করোতি অসৌ পাপেন—বন্ধহেতুতয়া পাপিষ্ঠেন পুণ্যপাপাত্মকেন কর্ম্মণা, ন লিপ্যতে, যথা পদ্মপত্রং অম্ভসি স্থিতং অপি তেন অম্ভসা ন লিপ্যতে তদ্বৎ ॥ ১০ ॥

ব্রহ্মণি = পরমেশ্বরে। আধায় = সমর্প্য, সমর্পণ করিয়া। সঙ্গং = ফলাভিলাষং, ফলের অভিলাষকে। ত্যক্ত্বা = ঈশ্বরার্থং ভৃত্য ইব স্বাম্যর্থং স্বফলনিরপেক্ষতয়া করোমীত্যভিপ্রায়েণ কর্ম্মাণি লৌকিকানি বৈদিকানি চ করোতি, ফলকামনা বর্জ্জিত হইয়া ঈশ্বরের আজ্ঞানুসারে ভৃত্যবৎ কার্য্য করিতেছি। পাপেন = পাপপুণ্যাত্মকেন কর্ম্মণা, পাপপুণ্যাত্মক কর্ম্মদ্বারা। অম্ভসা পদ্মপত্রং ইব = যথা পদ্মপত্রং উপরি প্রক্ষিপ্তেন অম্ভসা ন লিপ্যতে তদ্বৎ, যেমন পদ্মপত্রোপরিস্থিত জল পদ্মপত্রকে লিপ্তকরিতে পারে না তদ্রূপ।

যদি কর্ম্মকরিয়া ও আমি কর্ম্ম করিতেছিনা কেবল এইজ্ঞানদ্বারা মুক্তিলাভ করা যায় তবে অশুদ্ধচিত্ত সন্ন্যাসী কিজন্য কর্ম্মফলে আবদ্ধ হয় অর্জ্জুনের এই সন্দেহ নিবারণের জন্য ভগবান্ এইশ্লোকের অবতারণা করিলেন। যে কর্ম্মযোগী সমস্ত ফলকামনা ঈশ্বরে সমর্পণ করেন, তিনি এইরূপভাবে কার্য্য করেন যে পরমেশ্বর আমার স্বামী, ভৃত্যবৎ আমি তাঁহার জন্য সকলকার্য্য করিতেছি আমার কোন কর্ত্তৃত্ব নাই। সকল কার্য্যই ঈশ্বরের আদেশে, ঈশ্বর-সাক্ষাতে, এবং ঈশ্বরের জন্য সম্পন্ন করেন। এইরূপ মহাত্মার কার্য্য তাঁহাকে বন্ধন করিতে সমর্থ হয় না। জল সকল বস্তুকেই আদ্র করে, কিন্তু পদ্মপত্র জলেরমধ্যে থাকিয়া ও জলে মিশে না। তদ্রূপ কর্ম্ম ও সকলপ্রকার লোককেই বন্ধন করে, কেবল নিষ্কাম কর্ম্মযোগীকে আবদ্ধ করিতে সমর্থ হয় না। যেমন পদ্মপত্র জলমধ্যে অবস্থান করিয়াও

কায়েন মনসা বুদ্ধ্যা, কেবলৈরিন্দ্রিয়ৈরপি।
যোগিনঃ কর্ম্ম কুর্ব্বন্তি, সঙ্গং ত্যক্ত্বাত্মশুদ্ধয়ে ॥ ১১ ॥

(কর্ম্ম-) যোগিনঃ সঙ্গং ত্যক্ত্বা কায়েন, মনসা, বুদ্ধ্যা, কেবলৈঃ ইন্দ্রিয়ৈঃ অপি আত্মশুদ্ধয়ে কর্ম্ম কুর্ব্বন্তি ॥ ১১ ॥

কর্ম্মযোগিগণ আসক্তি পরিত্যাগপূর্ব্বক দেহমনঃবুদ্ধিদ্বারা এবং কেবল ইন্দ্রিয়গণদ্বারা অন্তঃকরণ শুদ্ধির নিমিত্ত কর্ম্ম করিয়া থাকেন ॥ ১১ ॥

11. Sages devoted to action forsake all their desires, and work only by their senses, their body, their mind and their understanding for the purification of their heart.

জলের সহিত মিলিত হয় না তদ্রূপ নিরাসক্ত ব্রহ্মার্পিতচিত্ত ব্যক্তি সর্ব্বদা কর্ম্মানুষ্ঠান করিয়া এবং পাপ দ্বারা পরিবেষ্টিত হইয়া নির্লিপ্তভাবে অবস্থান করেন ॥ ১০ ॥

10. The lotul-leaf grows, lives and dies in water, still water never clings to it. Such is the Karma-Yogy who grows, lives and dies in action, still it never binds him. He is always free and pure, though he lives amidst action and society. That action which is done for the good of all has no binding force. The Karma-Yogy makes his organs work for obtaining purity of heart.

স্বামী। বন্ধকত্বাভাবং উক্ত্বা মোক্ষহেতুত্বং সদাচারেণ দর্শয়তি কায়েন ইতি—কায়েন স্নানাদি, মনসা ধ্যানাদি, বুদ্ধ্যা তত্ত্বনিশ্চয়াদি, কেবলৈঃ—কর্ম্মাভিনিবেশরহিতৈঃ, ইন্দ্রিয়ৈঃ শ্রবণকীর্ত্তনাদিলক্ষণং কর্ম্ম ফলসঙ্গং ত্যক্ত্বা চিত্তশুদ্ধয়ে কর্ম্ম যোগিনঃ কুর্ব্বন্তি ॥ ১১ ॥

যোগিনঃ=কর্ম্মিণঃ, কর্ম্মযোগিগণ। সঙ্গং=কর্ম্মফলং, কর্ম্মের ফল। কেবলৈঃ—ইতি ঈশ্বরায়ৈব করোমি ন মম ফলায় ইতি মমতাশূন্যৈঃ। ফলে মমতাশূন্যহৃদয়ে ঈশ্বরার্থে সকল কর্ম্ম করিতেছি। কায়েন=দেহেন, শারীরিক পবিত্রতা এবং আসনাদি দৈহিক পরিশ্রমদ্বারা। মনসা=ধ্যানাদি উপাসনা এবং পরোপকার করিবার বাসনা-দ্বারা। ইন্দ্রিয়ৈঃ—জ্ঞানেন্দ্রিয়ৈঃ কর্ম্মেন্দ্রিয়ৈশ্চ, জ্ঞানেন্দ্রিয় ও কর্ম্মেন্দ্রিয়গণদ্বারা। আত্মশুদ্ধয়ে=চিত্তশুদ্ধয়ে, চিত্ত শুদ্ধির জন্য।

মোক্ষলাভার্থে কর্ম্মফল বিনষ্ট করিবার জন্য কর্ম্মযোগী কি প্রকারে কার্য্যকরেন তাহা ভগবান্ নির্দ্দেশ করিতেছেন। তিনি নিরাসক্তভাবে দেহ মনঃ বুদ্ধি এবং ইন্দ্রিয়গণ দ্বারা অন্তঃকরণ শুদ্ধির নিমিত্ত লোক সংগ্রহার্থে কার্য্য করিয়া থাকেন। কেবল শব্দ দেহ মনঃ বুদ্ধি এবং ইন্দ্রিয়গণ প্রত্যেকের সম্বন্ধে ব্যবহার হইবেক। এস্থানে কেবল শব্দের অর্থ "ঈশ্বরার্থে আমিকর্ম্ম করিতেছি আমার কোন ফল কামনা নাই„। কেবল এইরূপ বাসনা-

যুক্তঃ কর্ম্মফলং ত্যক্ত্বা, শান্তি মাপ্নোতি নৈষ্ঠিকীম্।
অযুক্তঃ কামকারেণ, ফলে সক্তো নিবধ্যতে ॥ ১২ ॥

যুক্তঃ, কর্ম্মফলং ত্যক্ত্বা. নৈষ্ঠিকীং শান্তিং, আপ্নোতি। অযুক্তঃ কামকারেণ ফলে সক্তঃ নিবধ্যতে ॥ ১২ ॥

কর্ম্মযোগী কর্ম্মফল পরিত্যাগপূর্ব্বক ব্রহ্মনিষ্ঠাজনিত শান্তিলাভ করিয়া থাকেন, বিক্ষিপ্তচেতাঃ যথেচ্ছার বশীভূত হইয়া কর্ম্মফলে আসক্তিদ্বারা কর্ম্মপাশে নিবদ্ধ হয় ॥ ১২ ॥

12. The man devoted to actions, by forsaking their fruits obtaineth the tranquillity of renouncement. But the man devoid of spiritual wisdom, driven by his desires becometh attached to his Karma which bindeth him by its fetters.

দ্বারা পরিফলিত হইয়া কর্ম্মযোগী নিজ শরীর, মনঃ, বুদ্ধি, এবং ইন্দ্রিয়গণদ্বারা উপাসনা এবং লোকসংগ্রহার্থে কার্য্যের অনুষ্ঠান করিয়া নিজ প্রারব্ধ কর্ম্মের ফলভোগ করেন ॥ ১১ ॥

11. How the sages work is here depicted. They renounce all fruits of deeds and work with the help of their five senses, their mind and their heart for the purification of their soul. They devote their five senses to prayer and to the good of humanity, which have the effect of cleansing their mind of all impurities. With their mind they devise the means of doing good to all living creatures, and with their hearts they love them and pray for them. In the English translation of this verse the word only is a rendering of the word "কেবলৈঃ" which qualifies senses, body, mind and understanding. It means that Karma-Yogees have but one motive in exercising their powers physical and mental. Compare verses 70 and 71, Book II.

স্বামী। নন্থ কথং তেন এব কর্ম্মণা কশ্চিৎ মুচ্যতে, কশ্চিৎ বধ্যতে, ইতি ব্যবস্থা অতঃ আহ যুক্তঃ ইতি—যুক্তঃ—পরমেশ্বরৈকনিষ্ঠঃ সন্, কর্ম্মণাং ফলং ত্যক্ত্বা কর্ম্মাণি কুর্ব্বন্ আত্যন্তিকীং শান্তিং—মোক্ষং, প্রাপ্নোতি, অযুক্তঃ তু বহির্মুখঃ কামকারেণ—কামতঃ প্রবৃত্ত্যা, ফলে আসক্তঃ নিতরাং বন্ধং প্রাপ্নোতি ॥ ১২ ॥

যুক্তঃ—ঈশ্বরায় কর্ম্মাণি করোমি ন মম ফলায় ইত্যেবং সমাহিতঃ, ঈশ্বরের জন্য আমি কর্ম্ম করিতেছি, ফলে আমার কোন অধিকার নাই এবম্বিধ চিত্ত যাহার। ত্যক্ত্বা=বিহায়, কর্ম্মফলকে পরিত্যাগ করিয়া। নৈষ্ঠিকীং=স্থিরাত্মানুভবরূপাং, সত্ত্বশুদ্ধিনিত্যানিত্যবস্তু-বিবেক সন্ন্যাস জ্ঞাননিষ্ঠাক্রমেণ জাতাং, প্রথমতঃ অন্তঃকরণ শুদ্ধি তৎপর নিত্যানিত্য-বস্তুবিবেক এবং তৎপর সন্ন্যাসানুষ্ঠানদ্বারা যে জ্ঞাননিষ্ঠা উৎপন্ন হয় সেই জ্ঞান নিষ্ঠা

সর্ব্বকর্ম্মাণি মনসা, সন্ন্যস্যাস্তে সুখং বশী।
নবদ্বারে পুরে দেহী, নৈব কুর্ব্বন্ ন কারয়ন্॥ ১৩ ॥

বশী দেহী মনসা সর্ব্বকর্ম্মাণি সংন্যস্য (কর্ম্ম) ন কুর্ব্বন্ ন কারয়ন্ এব নবদ্বারে পুরে সুখং আস্তে॥ ১৩ ॥

জিতেন্দ্রিয় মানব বিবেকবুদ্ধিদ্বারা সমস্ত কর্ম্ম পরিত্যাগপূর্ব্বক "আত্মা কোন কর্ম্ম করেন না, এবং অন্যকেও কোন কর্ম্মে নিযুক্ত করেন না" এই রূপ স্থির করিয়া তদীয় নবদ্বারগৃহরূপ আবাসে পরম সুখে বাস করেন॥ ১৩॥

13. The man who has controlled his senses forsaketh, by his spiritual wisdom, the fruits of deeds and liveth in peace in his temple of nine portals, neither doing aught nor causing any deed.

জনিত। শান্তিং আপ্নোতি—মোক্ষং লভতে, মুক্তিলাভ করে। অযুক্তঃ=আত্মাবলোকন-বিমুখঃ, ফললাভের জন্য আমি করিতেছি এইরূপ বাসনাপূর্ণ ব্যক্তি। কাম কারেণ=কামতঃ প্রবৃত্ত্যা, কামনাবশে। ফলে শক্তো নিবধ্যতে=কর্ম্মভির্নিতরাং সংসারবন্ধং প্রাপ্নোতি, কর্ম্মফলে আসক্ত হইয়া সংসার পাশে আবদ্ধ হয়।

কিরূপ কর্ম্মদ্বারা জীব মুক্ত হয়, এবং কিরূপে কর্ম্ম করিলে কর্ম্মপাশে আবদ্ধ হয় অর্জ্জুনের এইরূপ প্রশ্নের উত্তর করিবার জন্য ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। যে সকল কর্ম্মযোগী ফল কামনা পরিত্যাগ করিয়া ভগবদর্পণবুদ্ধিদ্বারা সমাহিত ভাবে কর্ম্ম করেন তাহারা আত্মজ্ঞান জনিত ব্রহ্মানন্দরূপ মুক্তি লাভ করিয়া থাকেন। পক্ষান্তরে বিক্ষিপ্তচেতাঃ আত্মজ্ঞান লাভ করিতে না পারিয়া নিরন্তর ফল লাভের জন্য কর্ম্মানুষ্ঠান করিয়া সংসার বন্ধনে আবদ্ধ হন। কর্ম্মযোগিগণ প্রথমতঃ লোকসংগ্রহার্থে কার্য্য করিয়া অন্তঃকরণের শুদ্ধি লাভ করেন। তদনন্তর নিত্যানিত্য বস্তু বিবেকদ্বারা আত্মজ্ঞানের অধিকারী হন, এবং তৎপর কর্ম্মসন্ন্যাস গ্রহণ করিয়া মুক্তি লাভ করেন॥ ১২॥

The principal word in this verse is "নৈষ্ঠিকীং" which qualifies the word "শান্তিং" or Tranquillity. That rest which flows from the purification of the mind, from a judicious distinction between things changeful and eternal, and from renunciation of action is called "নৈষ্ঠিকী শান্তিঃ" The man of action who is not attached to his "Karma" enjoys the bliss of renouncement, but the man who acts and follows the bent of his desires is entangled like the silkworm in the meshes of his own making.

স্বামী। এবং তাবৎ চিত্তশুদ্ধিশূন্যস্য সন্ন্যাসাৎ কর্ম্মযোগো বিশিষ্যতে ইতি এতৎ প্রপঞ্চিতং, ইদানীং শুদ্ধচিত্তস্য সন্ন্যাসঃ শ্রেষ্ঠঃ ইতি আহ, সর্ব্বকর্ম্মাণি ইতি। বশী—জিতচিত্তঃ,

সর্ব্বকর্ম্মাণি—বিক্ষেপকাণি, মনসা বিবেকযুক্তেন, সংন্যস্য সুখং যথা ভবতি এবং জ্ঞাননিষ্ঠঃ সন্ আস্তে। ইতি অতঃ আহ, নবদ্বারে-নেত্রে নাসিকে কর্ণৌ মুখং চ ইতি সপ্ত, শিরোগতানি, অধোগতে দ্বে পায়ুপস্থরূপে, ইতি এবং নবদ্বারাণি যস্মিন্ পুরে—পুরবৎ অহঙ্কারশূন্যে দেহে, দেহী অবতিষ্ঠতে, অহঙ্কারাভাবাৎ এব স্বয়ং তেন দেহেন ন এব কুর্ব্বন্ মমকারাভাবাৎ ন কারয়ন্ ইতি, অশুদ্ধচিত্তাৎ ব্যাবৃত্তিঃ উক্তা, অশুদ্ধচিত্তঃ হি সংন্যস্য পুনঃ করোতি কারয়তি চ, নতু অয়ং তথা, অতঃ সুখং আস্তে ইত্যর্থঃ॥ ১৩।

অশুদ্ধচিত্তস্য কেবলাৎ সন্ন্যাসাৎ কর্ম্মযোগঃ শ্রেয়ান্ ইতি পূর্ব্বে উক্তং প্রপঞ্চ্য অধুনা শুদ্ধচিত্তস্য সর্ব্বকর্ম্মসন্ন্যাস এব শ্রেয়ান্ ইত্যাহ, অশুদ্ধচিত্ত ব্যক্তির কর্ম্মসন্ন্যাসহইতে কর্ম্মযোগই শ্রেষ্ঠ তাহা বিস্তৃতরূপে ব্যাখ্যা করিয়া শুদ্ধচিত্ত মহাত্মার পক্ষে সর্ব্ববিধ কর্ম্মসন্ন্যাস যোগই শ্রেষ্ঠ ইহাই ভগবান্ এই শ্লোকে প্রকাশ করিতেছেন।

বশী—জিতেন্দ্রিয়ঃ, যিনি ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়াছেন। দেহী=জীবঃ, জীবাত্মা। সর্ব্বকর্ম্মাণি=নিত্যং নৈমিত্তকং কাম্যং প্রতিষিদ্ধঞ্চ তানি, নিত্য নৈমিত্তিক কাম্য ও প্রতিষিদ্ধ কর্ম্মসকল। সংন্যস্য=পরিত্যজ্য, পরিত্যাগ করিয়া। ন কুর্ব্বন্—স্বয়ং কর্ম্ম ন কুর্ব্বন্, আমি নিজে কোন কার্য্য করিতেছি না। ন কারয়ন্=ক্রিয়াসু ন প্রবর্ত্তয়ন্, কোন কর্ম্মে কাহাকে প্রবর্ত্তিত ও করিতেছি না। নবদ্বারে পুরে—দ্বে শ্রোত্রে দ্বে চক্ষুষী দ্বে নাসিকে বাগেকেতি শিরসি সপ্ত, দ্বে পায়ুপস্থাখ্যে অধ ইতি নবদ্বারবিশিষ্টে দেহে, দুই শ্রোত্র, দুই নেত্র, দুই নাশা, এক মুখ এই সপ্ত, ঊর্দ্ধদ্বার, এবং পায়ু ও উপস্থ দুই অধদ্বার এই নবদ্বার বিশিষ্ট দেহরূপ গৃহে। সুখং আস্তে=সুখেন অবতিষ্ঠতে, পরমসুখে বাস করিতেছেন।

কর্ম্মযোগীর বিবরণ উপসংহার করিয়া ভগবান্ এই শ্লোকহইতে কর্ম্মসন্ন্যাসীর কথা বর্ণন করিতেছেন। অশুদ্ধচিত্ত ব্যক্তির কর্ম্মযোগের প্রয়োজন, কিন্তু যিনি কর্ম্মযোগানুষ্ঠানদ্বারা শুদ্ধচিত্ত হইয়াছেন তাঁহার পক্ষে কর্ম্মসন্ন্যাস যোগই শ্রেয়স্কর। ঈশ্বর জীবাত্মাকে মুক্ত, শুদ্ধ, এবং চৈতন্যরূপে পরিণত করিয়াছেন। প্রকৃতিরূপস্বভাবপরবশ হইয়া দেহী কর্ম্ম পাশে আবদ্ধ হয়। এই কর্ম্মপাশ বিচ্ছিন্ন হইলে জীবাত্মা পুনর্ব্বার মেঘমুক্ত সূর্য্যের ন্যায় প্রভাবান্ হয়। অতএব শুদ্ধচিত্ত হইলে কর্ম্মপরিত্যাগ না করিলে মুক্তি লাভ করা যায় না। শুদ্ধচিত্ত জিতেন্দ্রিয় ব্যক্তি "আত্মা সর্ব্বদা মুক্ত ইন্দ্রিয়ের এবং দেহের কার্য্যে তাঁহার বিকার হয় না" এইরূপ স্থির করিয়া নবদ্বার দেহে সর্ব্বদা উৎপাত সহ্য করিয়া সুখে অবস্থান করেন। আত্মাকে ক্লিষ্ট করিবার জন্য ৯টী শত্রু তাঁহার দেহরাজের ৯টী তোরণদ্বারা অনবরত প্রবেশ করিতেছে। ইহাদের উৎপাতে কিছুমাত্র ভীত বা সঙ্কুচিত না হইয়া জীবাত্মা তদীয় পঞ্চকোষমধ্যে স্থিরভাবে অবস্থান করিতেছেন। কি উপায় অবলম্বন করিয়া এই স্থির ভাব লাভ করা যায় তাহাই বর্ণিত হইতেছে॥ ১৩॥

13. Having described the character of a man of action (কর্ম্মযোগী), Srikrishna describes the man who has given up action. Renouncement is as much

ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি, লোকস্য সৃজতি প্রভুঃ।
ন কর্ম্মফলসংযোগং, স্বভাবস্তু প্রবর্ত্ততে ॥ ১৪ ॥

প্রভুঃ লোকস্য কর্ত্তৃত্বং ন সৃজতি, কর্ম্মাণি (অপি) ন (সৃজতি) কর্ম্মফল-সংযোগং (চ) ন (সৃজতি) তু স্বভাবঃ প্রবর্ত্ততে ॥ ১৪ ॥

জগদীশ্বর মানবের কর্ত্তৃত্ব এবং কর্ম্ম ও কর্ম্মফলে আসক্তি সৃজন করেন না, কিন্তু প্রকৃতিই তাঁহাকে কার্য্যে প্রবৃত্ত করাইতেছে। ১৪ ॥

14. The Supreme Lord has not created man's activity, his actions and the fruits of his deeds. It is nature that worketh him.

---

necessary for salvation as action. The soul of man like "the Universal Soul" is free, sinless and full of divine light. It is nature (প্রকৃতি) which leads it astray and binds it with fruits of wrought deeds. These fruits should be destroyed by disinterested action, until the purification of the mind is complete. At the last stage renouncement of action is the direct road to salvation. Such a man having renounced action lives in perfect repose in his body of nine gate-ways. Nine enemies are continually entering into his town through its nine gates. They always try to disturb the repose of the soul, which lives in peace when by renouncement these gates have been closed.

স্বামী। নন্থ "এষঃ এব সাধু কর্ম্ম কারয়তি তং যং এভ্যঃ লোকেভ্যঃ উন্নিনীষতে, এষঃ এব অসাধু কর্ম্ম কারয়তি, তং যং এভ্যঃ লোকেভ্যঃ অধঃ নিনীষতে" ইত্যাদি শ্রুতেঃ পরমেশ্বরেণ এব শুভাশুভফলেষু কর্ম্মসু কর্ত্তৃত্বেন প্রযুজ্যমানঃ অস্বতন্ত্রঃ পুরুষঃ কথং তানি কর্ম্মাণি তাজেৎ ঈশ্বরেণ এব জ্ঞানমার্গে প্রযুজ্যমানঃ শুভানি অশুভানি চ ত্যক্ষ্যতি ইতি চেৎ এবং সতি বৈষম্যনৈর্ঘৃণ্যাভ্যাং ঈশ্বরস্য অপি প্রযোজককর্ত্তৃত্বাৎ পুণ্যপাপ-সম্বন্ধঃ স্যাৎ ইতি আশঙ্ক্য আহ, ন কর্ত্তৃত্বং ইতিদ্বাভ্যাং, প্রভুঃ—ঈশ্বরঃ, জীবলোকস্য কর্ত্তৃত্বা-দিকং ন সৃজতি কিন্তু জীবস্য স্বভাবঃ—অবিদ্যা, এব কর্ত্তৃত্বাদিরূপেণ প্রবর্ত্ততে, অনাদ্যবিদ্যা-কামবশাৎ প্রবৃত্তিস্বভাবং এব লোকং ঈশ্বরঃ কর্ম্মসু নিযুঙক্তে ন তু স্বয়ং এব কর্ত্তৃত্বাদিকং উৎপাদয়তি ইত্যর্থঃ ॥ ১৪ ॥

আত্মনো যদুক্তং কর্ত্তৃত্বং কারয়িতৃত্বঞ্চ নাস্তীতি তৎ প্রপঞ্চয়তি নেত্যাদিনা। আত্মার কর্ত্তৃত্ব ইত্যাদি কিছুমাত্র নাই তাহা সবিস্তারে বর্ণন করিতেছেন, আত্মার স্বাভাবিক রূপ কিপ্রকার তাহা বলিতেছেন।

প্রভুঃ—আত্মা। লোকস্য=দেহাদেঃ, দেহাদি স্থূলশরীর মনঃ বুদ্ধি ইত্যাদির। কর্ত্তৃত্বং—ত্বং কুরু ইতি নিয়োগেন তস্য কারয়িতা ন ভবতী ত্যর্থঃ, স্বংপদার্থের প্রেরণাশক্তি।

কর্ম্মাণি=ঈপ্সিততমানি ঘটাদীনি, অভিলষিত কার্য্যসকল। কর্ম্মফলসংযোগং—কর্ম্মকৃতবত স্তৎফলসম্বন্ধং, অনুষ্ঠিত কার্য্যফলের আসক্তি। স্বভাবঃ—অজ্ঞানাত্মিকা দৈবী মায়া প্রকৃতিঃ, অথবা অনাদিকালপ্রবৃত্ত পূর্ব্বকর্ম্মফলজনিত আত্মাভিমানরূপ বাসনা, চিরকালীন পূর্ব্বকর্ম্মার্জ্জিত বাসনা। প্রবর্ত্ততে=কর্ত্তৃত্বাদিকং উৎপাদয়তি, কার্য্যে প্রবৃত্ত করেন।

আত্মা নিষ্ক্রিয় ইন্দ্রিয়াদির কার্য্যের সহিত তাঁহার কোন সম্বন্ধ নাই। পরমকারুণিক জগদীশ্বর আমাদের কাহাকেও কোন কর্ম্মে প্রবৃত্ত করেন না, কোন কার্য্যফল তিনি সৃজন করেন না, এবং তিনি মনুষ্যকে কার্য্যফলে লিপ্ত করেন না, মানবের সকল প্রকারের রোগ, শোক, হর্ষ, বিষাদ তাহাদের পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মফল। এই কর্ম্মের প্রেরণা শক্তিই স্বভাব বা প্রকৃতি। ইনিই অজ্ঞানরূপ মোহমেঘদ্বারা জ্ঞানসূর্য্যকে আবৃত করিয়া রাখিয়াছেন। কর্ম্ম শেষে মোহমেঘ অপসারিত হইলে জ্ঞানসূর্য্যের প্রতিভা প্রকাশিত হয়। নবদ্বার দেহে আত্মা কোন কার্য্যফল গ্রহণ না করিয়া পরম সুখে রাজত্ব করিয়া থাকেন, ইহাতে অর্জ্জুনের মনে এইরূপ আশঙ্কা হইতে পারে যে যদি আত্মা নিষ্ক্রিয় হইবে তবে ঈশ্বর আমাদের সকলের পাপ পুণ্য এবং কার্য্যফল গ্রহণ করিয়া থাকেন। এই আশঙ্কা নিবারণ করিবার মানসে ভগবান্ নির্দ্দেশ করিলেন যে ঈশ্বর পাপ পুণ্যের সৃষ্টি করেন নাই, প্রকৃতিই ইহার সৃষ্টি কর্ত্তা এবং নিয়ামক। এই সৃষ্টি পরমাত্মার কর্ম্মসংযোগ জনিত বিকার মাত্র। মহাপ্রলয়ে আত্মায় প্রকৃতি বিলীন হইলে কর্ম্ম নির্ব্বাণ হয়। ১৪ ॥

14. Action,its motive power and its fruits are the workings of nature. The same object raises three different sorts of feeling in the minds of three classes of men, viz. the spiritual, the active and the carnal. All men have the same constitution; if the motive power had come from the soul all would have acted alike. The soul is immortal, but the motive power with its train of actions is transient. The working of an immortal thing can never be mortal. Hence it is a favorite theory with the Vedantists that the soul is inactive and that it is Nature that propels man to action.

The supreme soul (পরমাত্মা) is inactive. When it is joined with Prakritic or Karmic forces it commences to act or create. The embodied soul is a part of the supreme soul. Agitated by the storm of Prakriti it rises like a wave from the bosom of the ocean and falls to it again, when nature's force is exhausted, in other words, when it finds Nirvana. That which moved, in the beginning of creation, the supreme soul to create, moves man to act. The soul of man may be compared to a pure transparent and white crystal which reflects all the colors that may be held close to it. The colors may be compared to our action, and the power by which they are made to reflect on the crystal is man's activity. The pure white

নাদত্তে কস্যচিৎ পাপং, ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং, তেন মুহ্যন্তি জন্তবঃ ॥ ১৫ ॥

বিভুঃ কস্যচিৎ পাপং ন আদত্তে, সুকৃতং চ ন এব (আদত্তে) অজ্ঞানেন জ্ঞানং আবৃতং তেন জন্তবঃ মুহ্যন্তি ॥ ১৫ ॥

পরমেশ্বর কাহার পাপও গ্রহণ করেন না, এবং পুণ্যও গ্রহণ করেন না। অজ্ঞানদ্বারা জ্ঞান আবৃত থাকাতে জীবগণ বিমোহিত হয় ॥ ১৫ ॥

15. The Lord receiveth neither the vice nor the virtue of any man. Knowledge is hidden by ignorance, hence do all beings err.

---

substance appears red, black or white, according to the color thrown upon it. But notwithstanding their reflection the purity of the crystal remains unchanged. Even the blackest sinner may, if he so wills it, gradually become a virtuous man. However impure our hearts might be, the soul ever longs to reach Him from whom it sprang. Virtue or vice therefore can never affect the inherent purity of the soul. This is clearly shewn in the next verse.

স্বামী। যস্মাৎ এবং তস্মাৎ ন আদত্তে ইতি প্রযোজকঃ অপি সন্ প্রভুঃ কস্যচিৎ পাপং সুকৃতং চ ন এব আদত্তে—ন ভজতে. তত্র হেতুঃ বিভুঃ—পরিপূর্ণঃ, আপ্তকামঃ ইত্যর্থঃ। যদি হি স্বার্থকামনয়া কারয়েৎ তর্হি তথা স্যাৎ নতু এতৎ অস্তি আপ্তকামস্য এব অচিন্ত্যনিজমায়য়া তৎতৎপূর্ব্বকর্ম্মানুসারেণ প্রবর্ত্তকত্বাৎ। নমু ভক্তান্ অনুগৃহ্নতঃ অভক্তান্ নিগৃহ্নতঃ চ বৈষম্যোপলম্ভাৎ কথং আপ্তকামত্বং ইতি অতঃ আহ, অজ্ঞানেন ইতি নিগ্রহঃ অপি দণ্ডরূপঃ অনুগ্রহঃ এব ইতি এবং অজ্ঞানেন সর্ব্বত্র সমঃ পরমেশ্বরঃ ইতি এবংভূতং জ্ঞানং আবৃতং তেন হেতুনা জন্তবঃ—জীবাঃ, মুহ্যন্তি—ভগবতি বৈষম্যং মন্যন্তে ইত্যর্থঃ ॥ ১৫ ॥

বিভুঃ=পরমেশ্বরঃ। কস্যচিৎ=জীবস্য। ন আদত্তে=ন গৃহ্লাতি, গ্রহণ করেন না। অজ্ঞানেন=আবরণবিক্ষেপশক্তিমতা মায়াখ্যেনানৃতেন তমসা, আবরণ বিক্ষেপশক্তি-যুক্ত মায়ানামক অসত্য মোহদ্বারা। আবৃতং=আচ্ছাদিতং। জ্ঞানং=স্বপ্রকাশং সচ্চিদানন্দরূপ মদ্বিতীয়ং পরমার্থং সত্যং, আপনাহইতে প্রকাশিত অনশ্বর সত্য সচ্চিদানন্দরূপ। তেন=জ্ঞানাচ্ছাদকাজ্ঞানেন; জ্ঞানাচ্ছাদক অজ্ঞানদ্বারা। জন্তবঃ=জননশীলাঃ সংসারিণঃ, নিত্যানিত্য বস্তুর বিবেকশূন্য মানবগণ। মুহ্যন্তি=ভগবতি বৈষম্যং মন্যন্তে, পরমকারুণিক পরমেশ্বরের প্রতি মিথ্যা দোষারোপ করে।

জ্ঞানেন তু তদজ্ঞানং, যেষাং নাশিতমাত্মনঃ।
তেষামাদিত্যবজ্জ্ঞানং, প্রকাশয়তি তৎপরম্ ॥ ১৬ ॥

তু যেষাং আত্মনঃ জ্ঞানেন তৎ অজ্ঞানং নাশিতং, তেষাং তৎ জ্ঞানং আদিত্যবৎ পরং প্রকাশয়তি ॥ ১৬ ॥

কিন্তু যাঁহাদিগের আত্মজ্ঞানদ্বারা উক্ত অজ্ঞান বিনষ্ট হইয়াছে তাঁহাদিগের সেই জ্ঞান সূর্য্যের ন্যায় পরব্রহ্মকে প্রকাশ করিয়াদেয় ॥ ১৬ ॥

16. But in the case of those whose ignorance has been dispelled by spiritual knowledge, their wisdom shineth forth like the glory of the sun and revealeth unto them the vision of Brahma.

জগদীশ্বর কাহাকেও পাপে এবং পুণ্যে রত করেন না তাহাই ভগবান্ এই শ্লোকদ্বারা বিশদরূপে বুঝাইতেছেন। মানব নিজ নিজ কর্ম্মফলে আবদ্ধ হইয়া পাপ পুণ্যের ফল ভোগকরে, ফলতঃ ঈশ্বর কাহাকেও পুণ্য কর্ম্মদ্বারা স্বর্গে প্রেরণ করেন না, অথবা পাপ কর্ম্মদ্বারা নরকে প্রেরণ করেন না। অবিবেকী ব্যক্তিগণ নিত্যানিত্য বস্তুর পার্থক্য দর্শনে অক্ষম হইয়া, এবং নিত্য স্বপ্রকাশ সচ্চিদানন্দরূপ ব্রহ্মকে লাভ করিতে অসমর্থ হইয়া নিজের স্বভাবকে ঈশ্বর শক্তিজ্ঞান করিয়া বিষম ভ্রমে নিপতিত হয়। ফলতঃ আত্মা নিষ্ক্রিয় এবং পরমেশ্বর কাহারও পাপ কি পুণ্য গ্রহণ করেন না। আত্মজ্ঞানদ্বারা যাঁহাদিগের অজ্ঞান বিনষ্ট হইয়াছে তাঁহারা জ্ঞানসূর্য্যের আলোকদ্বারা পূর্ণব্রহ্মকে সন্দর্শন করেন। ১৫ ॥

15. By this verse Srikrishna demolishes the absurd theory of predestination. Men are free agents and their vices and virtues are the results of their own actions. God never lifts any one to heaven as the effect of his virtues, nor hurls him down to hell as the effect of his vice. Heaven and hell are relative stages of existence here and hereafter which men reach by their own actions. The ignorant man evermore tossed by his desires and passions, sees the hand of God which he calls fate, in the results of his deliberate action. True knowledge by which man can distinguish real from unreal is concealed under a mass of ignorance. But men in whom the light of true knowledge has dispelled the darkness of ignorance, can alone perceive the real Brahma.

স্বামী। জ্ঞানিনঃ তু ন মুহ্যন্তি ইতি আহ, জ্ঞানেন ইতি, আত্মনঃ—ভগবতঃ, জ্ঞানেন যেষাং তৎ বৈষম্যোপলম্ভকং অজ্ঞানং নাশিতং তৎ জ্ঞানং তেষাং অজ্ঞানং নাশয়িত্বা, তৎ পরং—পরিপূর্ণং—ঈশ্বরস্বরূপং প্রকাশয়তি, যথা আদিত্যঃ তমঃ নিরস্য সমস্তং বস্তুজাতং প্রকাশয়তি তদ্বৎ। ১৬॥

তর্হি সর্ব্বেষাং অনাদ্যজ্ঞানাবৃতত্বাৎ কথং সংসার নিবৃত্তিঃ স্যাৎ অত আহ, যদি সকল প্রাণী অনাদিকাল হইতে অজ্ঞানে আবৃত হয় তবে কিপ্রকারে এই অজ্ঞানের বিনাশ হইবেক এই সংশয় নিবারণের জন্য ভগবান্ এই শ্লোকের অবতারণা করিতেছেন। আত্মনঃ জ্ঞানেন=পরমাত্মবিষয়কজ্ঞানেন, পরমাত্মবিষয়ক জ্ঞানদ্বারা। যেষাং=শ্রবণমননাদি-সাধনসম্পন্নানাং ভগবদনুগৃহীতানাং মুমুক্ষূণাং, শ্রবণ মননাদিসাধনসম্পন্ন ভগবদনুগৃহীত মুমুক্ষু ব্যক্তিদিগের। তৎ অজ্ঞানং নাশিতং=সেই অজ্ঞান বিনষ্ট হইয়াছে। তেষাং= তাঁহাদিগের। তৎ জ্ঞানং=সেই ভগবদ্বিষয়ক জ্ঞান। আদিত্যবৎ=যথা আদিত্যঃ স্বস্য উদয়মাত্রেণৈব তমঃ নিরবশেষং নিবর্ত্তয়তি, যেরূপ সূর্য্য উদয় হইয়াই অন্ধকার-রাশিকে বিনাশ করেন তদ্রূপ ব্রহ্মজ্ঞান উদয় হওয়া মাত্র অজ্ঞানরাশি বিনষ্ট হয়। পরং প্রকাশয়তি=নিত্যজ্ঞানানন্দরূপং অদ্বিতীয়ং আত্মানং প্রকাশয়তি, সচ্চিদানন্দ পূর্ণব্রহ্মকে প্রকাশ করে।

মানবের নিজং প্রকৃতি উৎপন্ন অজ্ঞান কিপ্রকারে তিরোহিত হইতে পারে তাহাই ভগবান্ এই স্থলে বর্ণন করিতেছেন। যেমন সূর্য্য উদয় হইবামাত্র সমস্ত অন্ধকাররাশি বিনষ্ট হয় তদ্রূপ আত্মজ্ঞানদ্বারা সমস্ত জড় জগৎ ব্রহ্মময় দর্শন করিলে অভেদরূপ অজ্ঞান বিনষ্ট হয়। সমস্ত বিষয়ে এই অভেদ জ্ঞানই জীবের প্রকৃতিগত মোহজ্ঞান। অতএব "তত্ত্বমসি" এই মহাবাক্যের শ্রবণ মনন নিদিধ্যাসনদ্বারা যে আত্মজ্ঞান উৎপন্ন হইয়া থাকে সেই জ্ঞানালোকে জীব পূর্ণানন্দস্বরূপ ব্রহ্মকে সন্দর্শন করেন। ইহাকেই আত্ম-জ্ঞানের অপরোক্ষানুভূতি বলিয়া থাকে ॥ ১৬ ॥

16. I have rendered the word "পরং" by "the vision of Bhrama" which is scarcely literal. It means the true facts in connection with the Spiritual Soul. The popular notion that God leads men to virtue and vice is compared to a cloud which covers the sun of true knowledge. But when this ignorance is dispelled and man clearly perceives that he is a free agent who enjoys and suffers from his own work, he gradually obtains spiritual knowledge which shining like the sun reveals to him the vision of God. This is the true meaning of Revelation. It is by spiritual knowledge that God reveals Himself to His worshippers. As the sun by its own glory reveals the face of creation, so spiritual knowledge reveals the vision of Brahma without the aid of a Book-Revelation.

তদ্বুদ্ধয় স্তদাত্মানঃ, তন্নিষ্ঠাস্তৎপরায়ণাঃ।
গচ্ছন্ত্যপুনরাবৃত্তিং, জ্ঞাননির্ধূতকল্মষাঃ॥ ১৭॥

তদ্বুদ্ধয়ঃ তদাত্মানঃ তন্নিষ্ঠাঃ তৎপরায়ণাঃ (অতএব) জ্ঞাননির্ধূত-কল্মষাঃ, (সন্তঃ) অপুনরাবৃত্তিং গচ্ছন্তি॥ ১৭॥

যাঁহাদিগের বুদ্ধি সেই ঈশ্বরে সমর্পিত, যাঁহাদিগের আত্মা সেই ঈশ্বরময়, যাঁহাদিগের ভক্তি সেই ঈশ্বরে সংস্থাপিত হইয়াছে, এবং সেই ঈশ্বর যাঁহাদিগের আশ্রয়, জ্ঞানদ্বারা লুপ্তপাপ তাদৃশ মহাত্মাদিগের মুক্তি লাভ হয়॥ ১৭॥

17. Those whose hearts are in Him, whose souls are one with Him, who rest in Him, whose final goal is He, whose sins have been destroyed by knowledge, they go to a place whence they shall never return.

স্বামী। এবংভূতেশ্বরোপাসকানাং ফলং আহ, তৎ ইতি, তস্মিন্ এব বুদ্ধিঃ-নিশ্চয়াত্মিকা, যেষাং, তস্মিন্ এব আত্মা—প্রগত্বঃ যেষাং, তস্মিন্ এব নিষ্ঠা—তাৎপর্য্যং যেষাং, তৎএব পরমং অয়নং—আশ্রয়ঃ, যেষাং, ততঃ চ তৎপ্রসাদলব্ধেন আত্মজ্ঞানেন নির্ধূতং—নিরস্তং, কল্মষং যেষাং তে অপুনরাবৃত্তিং—মুক্তিং, যান্তি॥ ১৭॥

যৎ পরং জ্ঞানং প্রকাশিতং তদ্বুদ্ধয় ইতি, যাঁহার পরম ব্রহ্মবিষয়ক জ্ঞান প্রকাশিত হইয়াছে তাঁহার কি লাভ হয় তাহা বলিতেছেন। তদ্বুদ্ধয়ঃ=তস্মিন্ গতা বুদ্ধির্যেষাং তে, বুদ্ধিঃ=অন্তঃকরণবৃত্তিঃ, যাহাদিগের অন্তঃকরণ ঈশ্বরে অর্পিত হইয়াছে। তদাত্মানঃ=তদেব পরং ব্রহ্ম আত্মা যেষাং তে, পরব্রহ্মে যাঁহাদিগের আত্মভাব, অর্থাৎ যাঁহারা পরমাত্মা এবং জীবাত্মাকে একরূপ দর্শন করেন। তন্নিষ্ঠাঃ=তস্মিন্নেব ব্রহ্মণি সর্ব্বকর্ম্মানুষ্ঠানবিক্ষেপনিবৃত্ত্যা স্থিত র্যেষাং তে, অথবা সর্ব্বাণি কর্ম্মাণি সংন্যস্য ব্রহ্মণ্যেব স্থানং যেষাং, সর্ব্বকর্ম্মানুষ্ঠান জনিত বিক্ষেপ পরিত্যাগপূর্ব্বক যাহাদিগের মনঃ ব্রহ্মে অভিনিবিষ্ট হইয়াছে। তৎপরায়ণাঃ=তদেব পরং অয়নং পরা গতির্যেষাং তে, ব্রহ্মই যাহাদের পরম গতি। জ্ঞাননির্ধূতকল্মষাঃ=জ্ঞানেন নির্ধূতং-সমূলমুন্মুলিতং পুনর্দ্দেহসম্বন্ধকারণং কল্মষং-পুণ্যপাপাত্মকং কর্ম্ম যেষাং, যাঁহাদিগের আত্মজ্ঞানদ্বারা পুনর্জ্জন্মের কারণ পুণ্যপাপাত্মক সমস্তকর্ম্ম সমূলে বিনষ্ট হইয়াছে। অপুনরাবৃত্তিং=পুনর্দ্দেহসম্বন্ধাভাবরূপাং মুক্তিং, পুনর্জ্জন্ম নিবৃত্তিরূপ মুক্তিকে। গচ্ছন্তি=প্রাপ্নুবন্তি, প্রাপ্ত হন।

আত্মজ্ঞানরূপ সূর্য্য প্রকাশ হইলে মানব কিপ্রকারে নির্ব্বাণ মুক্তি লাভ করিয়া থাকে, তাহাই ভগবান্ এই শ্লোকে বিস্তার করিতেছেন। প্রথমতঃ মুমুক্ষুর হৃদয়ে আত্মজ্ঞানের জ্যোতিঃ প্রকাশিত হইলে তাঁহার অন্তঃকরণ বাহ্যজগৎ হইতে প্রতিনিবৃত্ত হইয়া

বিদ্যাবিনয়সম্পন্নে, ব্রাহ্মণে গবি হস্তিনি।
শুনি চৈব শ্বপাকে চ, পণ্ডিতাঃ সমদর্শিনঃ ॥ ১৮ ॥

বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে, শ্বপাকে চ গবি, হস্তিনি, শুনি চ এব সমদর্শিনঃ পণ্ডিতাঃ ॥ ১৮ ॥

বিদ্যাবিনয়সম্পন্ন ব্রাহ্মণ এবং চণ্ডালে, গো, হস্তী এবং কুকুরে যাহাদিগের সমান জ্ঞান তাঁহারাই পণ্ডিত ॥ ১৮ ॥

18. Those who see a learned and pious Brahman, a cow, an elephant, a dog and a Chandal, all as one are Pandits.

অন্তর্জগতে প্রবিষ্ট হয়, ইহার আত্মযোগের প্রথম অবস্থা, অর্থাৎ জ্ঞান যোগ, ভগবান্ ইহাতে "তদ্বুদ্ধি" শব্দদ্বারা প্রকাশ করিলেন। আত্মযোগের দ্বিতীয়াবস্থা "তদাত্মন্" শব্দদ্বারা প্রকাশ করিলেন। এই অবস্থাতে মানব পরমাত্মা এবং জীবাত্মাকে অনন্তাকাশ এবং ঘটাকাশের ন্যায় অবলোকন করেন। অর্থাৎ কর্ম্মযোগ আত্মযোগের তৃতীয়াবস্থা "তন্নিষ্ঠ" এই অবস্থাতে মানব সর্ব্বকর্ম্মসন্ন্যাসপূর্ব্বক ব্রহ্মে অবস্থান করেন, ইহাই কর্ম্মসন্ন্যাসযোগ। ভগবান্ "তৎপরায়ণ" শব্দদ্বারা আত্মযোগের চতুর্থ অবস্থা ব্যাখ্যা করিলেন। এই অবস্থাতে মানব ইহলোকেই পরমধাম প্রাপ্ত হন। ইহাই ধ্যানযোগ। অষ্টমাধ্যায়ের একবিংশ শ্লোকে ভগবান্ পরমধামের বিষয় কীর্ত্তন করিয়াছেন। আত্মযোগের চরমাবস্থা নির্ব্বাণ, ইহাতে ভগবান্ "জ্ঞাননির্ধূতকল্মষ" শব্দদ্বারা নির্দ্দেশ করিলেন। এই অবস্থাতে মানব জন্মমরণফলপ্রদ পাপপুণ্যহইতে মুক্তিলাভ করেন। এই চরমাবস্থায় উপস্থিত হইলে জীবাত্মার আর পুনর্জ্জন্ম হয় না। এই সপ্তদশ শ্লোকদ্বারা প্রথম ষট্‌কের "ত্বং" পদার্থের ব্যাখ্যা করিলেন। যোগিগণ এই শ্লোকামৃত পান করিয়া অনন্ত জীবন লাভ করিয়া থাকেন ॥ ১৭ ॥

17. This verse depicts the five different stages through which the pilgrim proceeds to his final rest. In the first stage his mind fondly clings to the light within, abandoning the tom-fooleries of this external world. In the second stage he perceives no difference between the embodied and the universal soul. In the third stage he concentrates his whole mind to the contemplation of God abandoning work. In the fourth stage he enjoys supreme happiness even in this world which is so full of misery and sorrow. In the fifth stage he reaches the final goal, "Nirvana", devoid of sins, devoid of desires and devoid of attachments, "জ্ঞান নির্ধূতকল্মষাঃ"

স্বামী। কীদৃশাঃ তে জ্ঞানিনঃ যে অপুনরাবৃত্তিং—মুক্তিং, গচ্ছন্তি ইতি অপেক্ষায়াং আহ বিদ্যা ইতি—বিষমেষু অপি সমং ব্রহ্ম এব দ্রষ্টুং শীলং যেষাং তে পণ্ডিতাঃ জ্ঞানিনঃ

ইত্যর্থঃ। তত্র বিদ্যাবিনয়াভ্যাং যুক্তে ব্রাহ্মণে, শুনঃ যঃ পচতি তস্মিন্ চ ইতি কর্ম্মণঃ বৈষম্যং, গবি হস্তিনি শুনি চ ইতি জাতিতঃ বৈষম্যং দর্শিতম্॥ ১৮॥

যেষাং আত্মনঃ জ্ঞানেন অজ্ঞানং নাশিতং তে পণ্ডিতাঃ কথং তত্ত্বং পশ্যন্তি ইত্যুচ্যতে, যাহাদিগের আত্মজ্ঞানদ্বারা অজ্ঞানতিমির বিনষ্ট হইয়াছে সেই সকল পণ্ডিতগণ প্রাণি সকলকে কি প্রকার সন্দর্শন করেন তাহাই ভগবান্ নির্দ্দেশ করিতেছেন।

বিদ্যা=ব্রহ্মবিদ্যা, বেদার্থ পরিজ্ঞানং, আত্মবোধো বা। বিনয়=উপশমঃ, নিরহঙ্কারত্বং বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে=ব্রহ্মবিদি বিনীতে চ সাত্বিকে সর্ব্বোত্তমে, ব্রহ্মবিদ্যাবিৎ নিরহঙ্কার সাত্বিকপ্রধান ব্রাহ্মণে। গবি=সংস্কারহীনায়াং রাজস্যাং মধ্যমায়াং, সংস্কার বিহীন রজোগুণসম্পন্ন গাভিতে। হস্তিনি শুনি শ্বপাকে=অত্যন্ত তামসে সর্ব্বাধমেঽপি, সর্ব্বাধম তমোগুণ সম্পন্ন চণ্ডাল হস্তী এবং কুক্কুরপ্রভৃতিতে। শ্বপাকঃ=(শ্বন্—পচ্+ঘঞ স্বীয় ভক্ষণের জন্য পাক করা) কুক্কুরের মাংস যাহারা আহার করে অর্থাৎ ব্যাধ কিম্বা চাণ্ডাল। সমদর্শিনঃ=সমং (ব্রহ্ম) দ্রষ্টুং শীলং যেষাং তে, ত্রিগুণাতীত ব্রহ্মকে সমবলে, সেই ব্রহ্মদর্শী ব্যক্তিগণ। পণ্ডিতাঃ=জ্ঞানিনঃ, যাহারা পরমাত্মজ্ঞান লাভ করিয়াছেন।

যাঁহাদিগের অন্তঃকরণে ব্রহ্মজ্যোতিঃ প্রতিভাত হইয়াছে তাঁহাদিগের নিকট আব্রহ্মস্তম্বপর্য্যন্ত প্রাণিজগৎ কি প্রকার প্রতীয়মান হয়, তাহাই পরম কারুণিক ভগবান্ লোকশিক্ষার্থে প্রকাশ করিতেছেন। কেবল ঈদৃশ মহাত্মাই সর্ব্বদা ব্রহ্মে অবস্থান করিতে সক্ষম হন। সাত্বিক রাজসিকও তামসিক সকল প্রকার বস্তুই তাঁহার নিকট ব্রহ্ম বলিয়া প্রতীয়মান হয়, তিনি "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এইরূপ দর্শন করেন। সমরূপ ত্রিগুণাতীত ব্রহ্মকে তিনি সর্ব্বপ্রাণীতে সন্দর্শন করিয়া ইহলোকেই পরমানন্দরূপ জীবন্মুক্তি লাভ করিয়া থাকেন। যেমন পবিত্র গঙ্গোদকে, অথবা কূপজলে এবং মূত্রে প্রতিবিম্বিত সূর্য্য পার্থিবচক্ষুবিশিষ্ট ব্যক্তির নিকট সমানরূপে প্রতীয়মান হয় তদ্রূপ আধ্যাত্মিক নয়নে পণ্ডিতগণ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র চাণ্ডাল গাভি এবং কক্কুর ইত্যাদিতে সমরূপ দর্শন করেন। তাঁহার নিকট শত্রু মিত্র স্বীয়পুত্র এবং দ্বারদেশে দণ্ডায়মান ভিক্ষার্থী দরিদ্র ব্যক্তি সকলই সমান। যাঁহাদের ঈদৃশ ভাব উপস্থিত হইয়াছে তাঁহাদিগকেই সমদর্শী পণ্ডিত বলিয়া থাকে॥ ১৮॥

18. This verse gives a practical illustration of a man who even in this world can always remain in Brahma, from God to grass he sees everything with an equal eye. He sees all as the manifestation of of a universal spirit. As the orb of the sun is the same whether it is reflected on the scared stream of the Ganga, on the water of a ditch or on the urine, so the soul whether it is embodied in the sacred person of a pious Brahman, in the unclean body of a Chandal, in a cow or in a dog, is the same everywhere. Here the learned Brahman is tacitly com ared

ইহৈব তৈর্জ্জিতঃ সর্গঃ, যেষাং সাম্যে স্থিতং মনঃ।
নির্দ্দোষং হি সমং ব্রহ্ম, তস্মাদ্ ব্রহ্মণি তে স্থিতাঃ ॥ ১৯ ॥

যেষাং মনঃ সাম্যে স্থিতং তৈঃ ইহ এব সর্গঃ জিতঃ। হি ব্রহ্ম নির্দ্দোষং সমং চ তস্মাৎ তে ব্রহ্মণি স্থিতাঃ ॥ ১৯ ॥

যাহাদের মনঃ সমভাবে অবস্থিত তাঁহারাই ইহ জীবনে জন্মকে জয় করেন। কারণ ব্রহ্ম দোষশূন্য এবং সমভাবাপন্ন তাঁহারা সেই ব্রহ্মেতে অবস্থান করেন ॥ ১৯ ॥

19. They whose minds are fixed in this unity enjoy in this world the bliss of heaven. God is sinless and unity, therefore do these men dwell with God.

with the sacred cow, an ordinary Brahman is compared with an elephant and the unclean Chandal with the dog. These three classes represent the sacred, the indifferent, and the impure. He is a true pandit who makes no distinction between the sacred, the indifferent and the impure.

স্বামী। নম্বু বিষমেষু সমদর্শনং নিষিদ্ধং কুর্ব্বন্তঃ অপি কথং তে পণ্ডিতাঃ, যথা আহ গোতমঃ "সমাসমাভ্যাং বিষম সমে পূজাত" ইতি, অস্য অর্থঃ সমায় পূজায়াং বিষমে প্রকারে কৃতে সতি, বিষমায়চ সমে প্রকারে কৃতে সতি, সঃ পূজকঃ ইহ লোকাৎ পরলোকাৎ চ হীয়তে ইতি। তত্র আহ ইহৈব ইতি। ইহএব জীবদ্ভিঃ এব তৈঃ সৃজ্যতে—ইতি সর্গঃ সংসারঃ, জিতঃ-নিরস্তঃ, কৈঃ যেষাং মনঃ সাম্যে—সমত্বে, স্থিতং তত্র হেতুঃ হি—যস্মাৎ, ব্রহ্ম সমং নির্দ্দোষং চ তস্মাৎ তে সমদর্শিনঃ ব্রহ্মণি এব স্থিতাঃ—ব্রহ্মভাবং প্রাপ্তাঃ ইত্যর্থঃ। গোতমোক্তঃ তু দোষঃ ব্রহ্মভাব প্রাপ্তেঃ পূর্ব্বং এব পূজাতঃ ইতি পূজকাবস্থাশ্রবণাৎ ॥ ১৯ ॥

নম্বু অভোজ্যান্নাস্তে দোষবন্তঃ সমাসমাভ্যাং বিষমসমে পূজাতঃ—ইতি স্মৃতেঃ ন তে দোষবন্তঃ কথং ইত্যাহ ইহেতি, মহর্ষি গোতম বলিয়াছেন যে "চতুর্ব্বেদাধ্যায়ী ব্রাহ্মণকে যে প্রকারের বস্ত্রালঙ্কারাদিদ্বারা পূজা করিয়া থাকে, সেইরূপ বস্ত্রালঙ্কারাদিদ্বারা যদি হীন ব্রাহ্মণকেও পূজাকরে তাহা হইলে তাদৃশ পূজকগণের অন্ন অভোজ্য হয়, এবং ধন ও ধর্ম্ম উভয়ের হানি হয়, অতএব সমদর্শিগণের ও অভোজ্যান্নতাপ্রভৃতি দোষ ঘটিতে পারে এই আশঙ্কা নিবারণের জন্য এই শ্লোকের অবতারণা করিতেছেন।

যেষাং=যাঁহাদিগের। মনঃ=অন্তঃকরণং অন্তঃকরণ। সাম্যে=উক্তরীত্যা সর্ব্বেষু আত্মসু সাম্যে, পূর্ব্ব শ্লোকোল্লিখিত রীত্যনুসারে যাঁহারা সকল প্রাণীকে সমভাবে সন্দর্শন করেন, অর্থাৎ আব্রহ্ম স্তম্বপর্য্যন্ত সমস্ত জগতে যে ব্রহ্মভাব তাহাতে। তৈঃ=সমদর্শিভিঃ, সেই সমদর্শিগণকর্ত্তৃক। ইহৈব=জীবদ্ভিরেব, অর্থাৎ জীবিত থাকিয়াই। সর্গঃ=(সৃজ × ঘঞ্) সংসারঃ। জিতঃ=বশীকৃতঃ, বশীভূত হইয়াছে। হি=যস্মাৎ, যে হেতু।

ন প্রহৃষ্যেৎ প্রিয়ং প্রাপ্য, নোদ্বিজেৎ প্রাপ্য চাপ্রিয়ম্।
স্থিরবুদ্ধি রসংমূঢ়ঃ, ব্রহ্মবিদ্ ব্রহ্মণি স্থিতঃ ॥ ২০ ॥

ব্রহ্মবিৎ ব্রহ্মণি স্থিতঃ স্থিরবুদ্ধিঃ অসংমূঢ়ঃ প্রিয়ং প্রাপ্য ন প্রহৃষ্যেৎ, অপ্রিয়ং প্রাপ্য চ ন উদ্বিজেৎ ॥ ২০ ॥

ব্রহ্মজ্ঞানী ব্রহ্মে অবস্থিত নিশ্চলবুদ্ধি মোহরহিত মহাত্মা অভীষ্টলাভে ও সন্তুষ্ট হন না, অপ্রিয়লাভে ও উদ্বিগ্ন হন না ॥ ২০ ॥

20. He who knoweth God, whose heart is in God, whose understanding is steady, and who is free from illusion rejoiceth not in prosperity nor sorroweth in adversity.

ব্রহ্ম=পরমাত্মা, নির্গুণ চৈতন্য গুণাতীত চৈতন্যস্বরূপ পরমাত্মা। নির্দ্দোষং=দোষবর্জ্জিতং, বিকার রহিত। সমং=সকল বস্তুতে এক ভাবে অবস্থিত। তস্মাৎ=সেই হেতু। তে=সমদর্শিনঃ, সেই সমদর্শিগণ। ব্রহ্মণি স্থিতাঃ=যিনি সর্ব্বত্রই ব্রহ্মময় দর্শন করেন।

সকল প্রাণীকে সমভাবে দর্শন করিলে মানব কিপ্রকারে ইহলোকেই ব্রহ্মে অবস্থান করিতে পারেন তাহাই ভগবান্ প্রদর্শন করাইতেছেন। ব্রহ্ম সর্ব্বত্রই সমান, তিনি বিকার শূন্য। তিনি কুক্কুরেও যেমন শূকরেও তেমন, আমাদিগের ভোগ্য বস্তুতেও যেমন মলমূত্রাদিতেও ঠিক সেইরূপ ভাবে অবস্থিতি করিতেছেন। অতএব যাঁহারা এই সমস্ত প্রাণী ও বস্তুতে নির্দ্দোষ এবং সমভাবে দর্শন করেন তাঁহারা ব্রহ্মে অবস্থান করেন। এই সমতা প্রভাবে ব্রহ্মবিৎগণ সুখ দুঃখ মান অপমান আহ্লাদও বিষাদ সমান জ্ঞান করিয়া থাকেন। ১৯।

19. This verse shews how the man who lives in non-dualism lives in God. Abandoning all ideas of dualism he sees the creation as an expansion of the all-pervading Brahma. Everything from the sacred Brahman to the unclean dog appears to him as a part of one sinless Brahma. Hence even in this world which is so full of apparent sin and differences the man of non-dualism enjoys the bliss of heaven.

স্বামী। ব্রহ্মপ্রাপ্তস্য লক্ষণং আহ, ন প্রহৃষ্যেৎ ইতি, ব্রহ্মবিৎ ভূত্বা ব্রহ্মণি এব যঃ স্থিতঃ সঃ প্রিয়ং প্রাপ্য ন প্রহৃষ্যেৎ—ন হর্ষবান্ স্যাৎ, অপ্রিয়ং প্রাপ্য চ ন উদ্বিজেৎ—ন বিষীদতি ইত্যর্থঃ, যতঃ স্থিরবুদ্ধিঃ—স্থিরা-নিশ্চলা, বুদ্ধিঃ যস্য, তৎ কুতঃ যতঃ অসংমূঢ়ঃ—নিবৃত্তমোহঃ। ২০ ॥

যেন প্রকারেণ অবস্থিতস্য কর্ম্মযোগিনঃ সমদর্শনরূপো জ্ঞানবিপাকো ভবতি, তৎ প্রকারং উপদিশতি ন প্রহৃষ্যেৎ ইতি, যে প্রকারে অবস্থান করিলে কর্ম্মযোগী সমদর্শনরূপ জ্ঞান লাভ করিতে সমর্থ হন তাহার উপদেশ দিতেছেন।

বাহ্যস্পর্শেষ্বসক্তাত্মা, বিন্দত্যাত্মনি যৎ সুখম্ ।
স ব্রহ্মযোগযুক্তাত্মা, সুখমক্ষয়মশ্নুতে ॥ ২১ ॥

বাহ্যস্পর্শেষু অসক্তাত্মা আত্মনি যৎ সুখং (উপশমরূপং, তৎ) বিন্দতি। সঃ ব্রহ্মযোগযুক্তাত্মা অক্ষয়ং সুখং অশ্নুতে ॥ ২১ ॥

বাহ্য বিষয়াদিতে অনাসক্তচিত্ত ব্যক্তি, আত্মাতে যে সুখের অনুভব হয় তাহাই ভোগ করেন। সেই ব্রহ্মযোগপরায়ণ ব্যক্তি অক্ষয় সুখ ভোগ করিয়া থাকেন ॥ ২১ ॥

21. He whom the impressions by external objects cannot affect, enjoyeth the divine pleasures in the soul. Such a man whose soul, by devotion has been united with the Supreme Soul attaineth eternal bliss.

ব্রহ্মবিৎ=ব্রহ্মজ্ঞঃ, যিনি তৎ পদার্থ কি তাহা অবগত হইয়াছেন। ব্রহ্মণি স্থিতঃ• যাঁহার চিত্ত ব্রহ্মেই সর্ব্বদা রমণ করে। স্থিরবুদ্ধিঃ=স্থিরা নিশ্চলা বুদ্ধির্যস্য, যাহার বুদ্ধি নিশ্চল অর্থাৎ স্থিরভাবে ব্রহ্মে অবস্থান করে। অসংমূঢ়ঃ=সংমোহবর্জ্জিতঃ, যাহার মোহ বিনষ্ট হইয়াছে। প্রিয়ং=অভিলষিতং, সুখকর বিষয়। ন প্রহৃষ্যেৎ=ন হর্ষবান্ স্যাৎ, সন্তোষলাভ করেন না। অপ্রিয়ং=অনিষ্টং, অসুখকর বিষয়। প্রাপ্য=লব্ধ্বা, প্রাপ্ত হইয়া। ন উদ্বিজেৎ=ন উদ্বিজেত (পরস্মৈ পদমার্যং) ন বিষীদেৎ বিষণ্ন হন না।

ব্রহ্মজ্ঞানী যে সমত্বজ্ঞানদ্বারা ইহলোকেই জন্মমৃত্যুজরাপরিপূর্ণ সংসারকে জয় করিতে পারেন সেই জ্ঞানের বিস্তার করিতেছেন। দোষশূন্য সবভাবাপন্ন ব্রহ্মে অভ্যাস ও জ্ঞানযোগদ্বারা অবস্থিত ব্যক্তির মানসিক এবং আধ্যাত্মিক বৃত্তি সকল কিপ্রকার হওয়া উচিত তাহা কীর্ত্তন করিতেছেন। প্রথমতঃ ব্রহ্মজ্ঞান লাভদ্বারা তাঁহার জাগতিক ভ্রম বিনষ্ট হইয়া যায়, তৎপর অভ্যাসযোগদ্বারা তাহার বুদ্ধি নিশ্চল ভাবে ব্রহ্মে অবস্থিতি করে। এইরূপ অবস্থা লাভ করিলে তাঁহার প্রিয়বস্তু দর্শনে আনন্দ কি অপ্রিয় বস্তু প্রাপ্তে নিরানন্দের উদয় হয় না। এইরূপে ব্রাহ্ম, বিষয় সুখহইতে স্বীয় আত্মাকে নিবৃত্ত করিয়া অক্ষয় পরমানন্দ লাভ করেন ॥ ২০ ॥

20. Having described the nature of the man of equality or what is more appropriately termed of non-dualism, Srikrishna described in the preceding verse, how such a man converts this world so full of differnces and animosities into a heaven of harmony and peace In this verse He shews what the mental feelings of such a man are under the apparently different circumstances of prosperity and adversity,

স্থিরবুদ্ধিঃ=He whose spiritual soul is firmly fixed in devotion to God.

স্বামী। মোহনিবৃত্ত্যা বুদ্ধিস্থৈর্য্যে হেতুং আহ বাহ্যস্পর্শেষু ইতি, ইন্দ্রিয়ৈঃ স্পৃশ্যন্তে

ইতি স্পর্শাঃ-বিষয়াঃ, বাহ্যেন্দ্রিয়বিষয়েষু অসক্তাত্মা—অনাসক্তচিত্তঃ, আত্মনি অন্তঃকরণে, যৎ উপশমাত্মকং—সাত্ত্বিকং সুখং তৎ বিন্দতি-লভতে, সঃ চ উপশমসুখং লব্ধা ব্রহ্মণি যোগেন-সমাধিনা, যুক্তঃ—তদৈক্যং প্রাপ্তঃ, আত্মা যস্য সঃ অক্ষয়ং সুখং অশ্নুতে-প্রাপ্নোতি ॥ ২১ ॥

ন কেবলং পূর্ব্বোক্তরীত্যা ব্রহ্মণি স্থিতো হর্ষবিষাদরহিতঃ কিন্তু বিদ্যান্তরেণাপীত্যর্থঃ। যাবৎ বিষয়েষু রাগরূপং আবরণং নিবর্ত্ততে তাবৎ তাবৎ আত্মসুখং অভিব্যক্তং ভবতি ইত্যাহ বাহ্যেতি। কেবল হর্ষবিষাদরহিত হইলেই যে মনকে ব্রহ্মে স্থিরকরা যায় এরূপ নহে, কিন্তু ব্রহ্মে সমাধিলাভ করিবার জন্য অন্য উপায়ও অবলম্বন করিতে হইবেক।

যে যে সময়ে মনকে বাহ্য বস্তুহইতে আকৃষ্ট করিয়া অন্তর্মুখীন করাযায় সেই সেই সময় আত্মাহইতে সুখলাভ করা যায়। বাহ্যস্পর্শেষু—বাহ্যাশ্চ তে স্পর্শাশ্চেতি—বাহ্যস্পর্শাঃ (রূপ রস শব্দাদয়ো বিষয়াঃ) তেষু, রূপ রস শব্দ ইত্যাদি বাহ্যবস্তুতে। অসক্তঃ=বিষয়েষু প্রীতিবর্জ্জিতঃ, শব্দাদি বাহ্যবস্তুতে আসক্তিশূন্য। আত্মনি যৎ সুখং—অন্তঃকরণে যদুপশমাত্মকং সাত্ত্বিকং সুখং, অন্তঃকরণে যে সাত্ত্বিক উপশমরূপ আনন্দ লাভকরা যায়। বিন্দতি=লভতে, লাভ করেন। ব্রহ্মযোগযুক্তাত্মা=ব্রহ্মণি যোগঃ-সমাধিঃ তেন যুক্তঃ-সমাহিতঃ তস্মিন্ ব্যাপৃতঃ আত্মা-অন্তঃকরণং যস্য স ব্রহ্মযোগযুক্তাত্মা, যাঁহার আত্মা সমাধিদ্বারা পরমাত্মাতে বিলীন হয় তাঁহাকে ব্রহ্মযোগ যুক্তাত্মা বলে। অর্থাৎ যিনি সমাধিদ্বারা "ত্বং" এবং "তৎ" পদার্থের একীকরণ করেন। অক্ষয়ং সুখং=অনন্তং সুখং, অনন্ত ব্রহ্মানন্দ। অশ্নুতে=প্রাপ্নোতি, লাভ করিয়া থাকেন।

বাহ্যবস্তুহইতে মনকে আকর্ষণপূর্ব্বক ব্রহ্মে সমাধি হওয়ার নাম ব্রহ্মযোগ। হর্ষবিষাদপরিশূন্য এবং সর্ব্ববিষয়ে সমজ্ঞানী হইলেই যে ব্রহ্মসমাধি লাভকরা যায় এমত নহে। ব্রহ্মযোগ করিতে হইলে বাহ্য জগৎহইতে মনকে আকর্ষণ করিয়া ব্রহ্মচিন্তা করিতে হইবেক। তৎকালে স্থূল শরীর লিঙ্গশরীরে এবং লিঙ্গশরীর কারণশরীরে বিলীন করিয়া কূটস্থ ব্রহ্মে সবিকল্প সমাধিযোগ অভ্যাস করিতে হয়। কারণ শরীরদ্বারা যে ব্রহ্মকে লাভ করা যায় তাহাকে কূটস্থ ব্রহ্ম বলে, উক্ত কূটস্থ ব্রহ্ম অক্ষয় আনন্দময়। উক্ত কূটস্থে সমাধি হইলেই আত্মা পরমানন্দ লাভ করিতে পারেন। অতএব বাহ্য বস্তুহইতে মনকে আকর্ষণ করিয়া যতই ঈশ্বরচিন্তা করা যায় ততই নব নব আনন্দের উদ্ভব হইয়া থাকে। এই জন্যই ব্রহ্মগণ ক্ষণবিধ্বংসী বাহ্য সুখের জন্য জগতের ভোগ বাসনায় আসক্ত হন না ॥ ২১ ॥

21. ব্রহ্মযোগঃ is concentration of the mind to God. This concentration can be attained by these means viz. (*i*) Living always in non-dualism or unity as explained in footnotes to verses 18 and 19. (*ii*) Being unaffected by external impressions. The sage who by the power of his will draws his senses within himself, as the tortoise draws in his limbs, is alone capable of perceiving the pure light of the Atma which lies hid in every

যে হি সংস্পর্শজা ভোগাঃ, দুঃখযোনয় এব তে।
আদ্যন্তবন্তঃ কৌন্তেয়, ন তেষু রমতে বুধঃ ॥ ২২ ॥

ভোঃ কৌন্তেয়! যে ভোগাঃ সংস্পর্শজাঃ তে হি দুঃখযোনয়ঃ। আদ্যন্তবন্তঃ এব চ, বুধঃ তেষু ন রমতে ॥ ২২ ॥

হে কুন্তীনন্দন! যে সকল সুখ ইন্দ্রিয়াদির বিষয় হইতে সমুৎপন্ন হয় তাহারা নিশ্চয়ই দুঃখের কারণ, এবং তাহাদের আদি ও অন্ত আছে, পণ্ডিত ব্যক্তি তাহাতে আসক্ত হন না ॥ ২২ ॥

22. O Son of Kunti! the enjoyments derived from "sense life are but quickening to evils which breed sure griefs." These pleasures have a beginning and an end. A wise man revelleth not in them.

---

one. He enjoys eternal peace by holding off his mind from external things which yield transient pleasures.

স্বামী। নমু প্রিয়বিষয়ভোগানাং অপি নিবৃত্তেঃ কথং মোক্ষঃ পুরুষার্থঃ স্যাৎ তত্র আহ যে হি ইতি—সংস্পৃশ্যন্তে ইতি সংস্পর্শাঃ—বিষয়াঃ, তেভ্যঃ জাতাঃ যে ভোগাঃ—সুখানি, তে হি বর্ত্তমানকালে অপি স্পর্দ্ধাসূয়াদিব্যাপ্তত্বাৎ দুঃখস্য এব যোনয়ঃ—কারণভূতাঃ, তথা আদিমন্তঃ অন্তবন্তঃ চ, অতঃ বিবেকী তেষু ন রমতে ॥ ২২ ॥

ইতশ্চ নিবর্ত্তয়েৎ যেহীতি, বাহ্য বস্তুতে ইন্দ্রিয়সম্বন্ধ জন্য ভোগাসক্তিনিবৃত্তি করা নিতান্ত প্রয়োজন। সংস্পর্শজাঃ—বিষয়েন্দ্রিয় সংস্পর্শেন জাতাঃ, বিষয় ও ইন্দ্রিয় এই উভয়ের সংসর্গহইতে উৎপন্ন। ভোগাঃ—সুখানি, সুখ সকল। দুঃখযোনয়ঃ—দুঃখানাং যোনয়ঃ-কারণানি, অবিদ্যাকৃতত্বাৎ, দুঃখাকর বিষয়মৃগতৃষ্ণা কেবল পরিণামে দুঃখ প্রদ মাত্র যে হেতু উহা মোহের কার্য্য। আদ্যন্তবন্তঃ—আদি র্বিষয়েন্দ্রিয় সংযোগঃ ভোগানাং, অন্তশ্চ তদ্বিয়োগ এব, অতঃ আদ্যন্তবন্তঃ অনিত্যাঃ অল্পকালবর্ত্তিনঃ উপলভ্যন্তে, প্রথম বিষয়েন্দ্রিয়-সংযোগ পরেই বিয়োগজন্য দুঃখ, কেবল মধ্যে ক্ষণকাল মাত্র সুখ। বুধঃ—ভোগেষু বিবেকী, বিষয়ভোগে অনাসক্ত ব্যক্তি। ন তেষু রমতে—তেষু বিষয়ভোগেষু ন ক্রীড়তি, সেই সকল বিষয় ভোগে আনন্দলাভ করেন না।

পার্থিব পদার্থহইতে যে সকল সুখ উৎপন্ন হয় তাহা ক্ষণ বিধ্বংসি ইহাই ভগবান্ বিশেষ করিয়া বলিতেছেন। এই সুখের ইচ্ছা মায়ারূপ অবিদ্যাহইতে সমুৎপন্ন হইয়া জীবগণকে নিরন্তর দুঃখময় বিষয়রাজ্যে পরিচালিত করিতেছে। রজ্জুতে সর্পজ্ঞানের ন্যায় অনিত্য ভোগ্য বস্তুতে নিত্যজ্ঞান উৎপন্ন হইয়া জীব আনন্দরূপ জলভ্রমে বিষয় মৃগতৃষ্ণিকার অনুসরণ করিতেছে। পার্থিব বিষয় সমুৎপন্ন সমস্ত সুখই আদ্যন্তবন্ত, কেবল মধ্যে

শক্নোতীহৈব যঃ সোঢুং, প্রাক্ শরীরবিমোক্ষণাৎ।
কামক্রোধোদ্ভবং বেগং, স যুক্তঃ স সুখী নরঃ ॥ ২৩ ॥

যঃ ইহ শরীরবিমোক্ষণাৎ প্রাক্ কামক্রোধোদ্ভবং বেগং সোঢুং শক্নোতি সঃ এব যুক্তঃ সঃ নরঃ সুখী ॥ ২৩ ॥

যিনি ইহ জীবনে দেহত্যাগের পূর্ব্বে কামনা ও ক্রোধ জনিতবেগ উৎপন্ন মাত্রেই সম্বরণ করিতে পারেন তিনিই যোগী এবং সেই মানবই সুখী ॥ ২৩ ॥

23. He who is capable, in this world ere life departeth from the body, of subduing the first impulses of desires and anger is truly devoted to God and is happy.

ক্ষণকাল সুখ প্রদ। যে সকল সুখ ক্ষণকাল স্থায়ি, অর্থাৎ সংযোগে সুখ, বিয়োগে দুঃখ, পরমার্থ তত্ত্বদর্শী কখনই আসক্ত হন না। অভ্যাস বা, প্রারব্ধবশাৎ যদি তাহার মনে কাম কি ক্রোধের উদ্রেক হয় তিনি তৎক্ষণাৎ তাহা সম্বরণ করেন ॥ ২২ ॥

22. Men pursuing earthly objects for happiness resemble persons chasing a mirage. The pursuit not only ends in disappointment but causes substantial grief. For the pursuer comes to know, when it is perhaps too late, that all his run has been after a shadow and that he has not been able to find out real happiness. The pleasures which the sense life gives disappear, and leave behind a sting which causes considerable pain. Hence a wise man eschews these transient pleasures which eventually yield nothing but misery.

স্বামী। তস্মাৎ মোক্ষঃ এব পরমঃ পুরুষার্থঃ, তস্য চ কামক্রোধবেগঃ অতি প্রতিপক্ষ, অতঃ তৎসহন সমর্থঃ এব মোক্ষভাক্ ইতি আহ শক্নোতি ইতি, কামাৎ ক্রোধাৎ চ উদ্ভবতি যঃ বেগঃ-মনোনেত্রাদি ক্ষোভলক্ষণঃ, তং ইহ এব—তদুদ্ভব সময়ে এব, যঃ নরঃ সোঢুং—প্রতিরোদ্ধুং, শক্নোতি, তৎ অপি ন ক্ষণমাত্রং কিন্তু শরীর বিমোক্ষণাৎ প্রাক্ দেহপাতাৎ ইত্যর্থঃ, যঃ এবংভূতঃ সঃ এব যুক্তঃ—সমাহিতঃ, সুখী চ ভবতি, ন অন্যঃ। যথা মরণাৎ ঊর্দ্ধং বিলসন্তীভিঃ যুবতীভিঃ আলিঙ্গ্যমানঃ অপি পুত্রাদিভিঃ দহ্যমানঃ অপি যথা প্রাণ শূন্যঃ কামক্রোধ বেগং সহতে, তথা মরণাৎ প্রাক্ অপি জীবন এব যঃ সহতে সঃ এব যুক্তঃ সুখী চ ইত্যর্থঃ। তৎ উক্তং বশিষ্ঠেন,—

"প্রাণে গতে যথা দেহঃ সুখ দুঃখে ন বিন্দতি।
তথা চেৎ প্রাণ যুক্তোঽপি স কৈবল্যাশ্রমে বসেৎ॥" ইতি ॥ ২৩ ॥

অয়ঞ্চ শ্রেয়োমার্গ প্রতিপন্থী কষ্টতমোদোষঃ সর্ব্বানর্থ প্রাপ্তি হেতুর্দুর্নিবার্য্যশ্চ ইতি

তৎ পরিহারে যত্নাধিক্যং কর্ত্তব্যং ইত্যাহ ভগবান্ শক্নোতীতি। কামক্রোধজন্য মনের বেগ মুক্তিমার্গের বিরোধী অতএব অতিশয় কষ্টপ্রদ এবং সকল অনর্থের কারণ ও নিতান্ত দুর্নিবার্য্য তাদৃশ বেগ নাশের জন্য চেষ্টা করা নিতান্ত প্রয়োজন ইহাই ভগবান্ এই শ্লোকে বলিতেছেন।

ইহ এব—জীবন্নেব, ইহ জীবনেই। শরীরবিমোক্ষণাৎ—আমরণাৎ, অথবা প্রাক্ দেহপাতাৎ, মরণপর্য্যন্ত অথবা এই শরীর থাকিতে। কোন২ টীকাকার বলেন "আমার শরীর" এইভাব পরিত্যাগ করিবার অগ্রে অর্থাৎ সন্ন্যাসাশ্রম গ্রহণ করিবার পূর্ব্বে সংসারে অবস্থান কালে। বিমোক্ষণাৎ—(বি×মোক্ষ×অনট্) বন্ধন মোচন্হইতে। কামক্রোধোদ্ভবং বেগং—কামঃ ইন্দ্রিয়গোচরপ্রাপ্তে ইষ্টে বিষয়ে শ্রূয়মাণে স্মর্য্যমাণে চ অনুভূতসুখহেতৌ যা গৃধিঃ তৃষ্ণা, স কামঃ। ক্রোধশ্চ আত্মনঃ প্রতিকূলেষু দুঃখহেতুষু দৃশ্যমানেষু শ্রূয়মাণেষু স্মর্য্যমাণেষু বা যো দ্বেষঃ, সঃ ক্রোধঃ। তৌ কামক্রোধৌ উদ্ভবৌ যস্য বেগস্য সঃ কামক্রোধোদ্ভবো বেগঃ তং। চক্ষুঃপ্রভৃতি ইন্দ্রিয়জন্য প্রত্যক্ষের বিষয় ও অনিত্যসুখের জনক মনের অভিলষিতরূপ রসাদিভোগ্য বস্তু সকলের শ্রবণ বা স্মরণ অথবা অনুভব হইলে যে দুরন্ত তৃষ্ণা জন্মে সেই তৃষ্ণার নাম কাম, আপনার বিরোধী এবং দুঃখের কারণ বস্তু সকলের দর্শন বা শ্রবণ বা স্মরণ হইলে যে দ্বেষ উৎপন্ন হয় তাহার নাম ক্রোধ, এই কামক্রোধ উভয়হইতে যে বেগ হয় তাহাকে কামক্রোধোদ্ভব বেগ বলে। সোঢ়ুং—ক্ষমিতুং, সহ্যকরিবার নিমিত্ত। শক্নোতি—সমর্থ হন। স যুক্তঃ স সুখী—স যুক্তো যোগী সুখী, সেই মানব যোগী, এবং তিনিই সুখী। ইহ জগতের সকল কামনা ও ক্রোধাদি আমাদিগের দেহত্যাগের সহিত অবশ্য পরিত্যাগ করিতে হইবেক, কিন্তু যিনি যোগী তিনি উহাদিগকে দেহত্যাগের পূর্ব্বেই পরিত্যাগ করেন, সুখভোগের জন্য চিত্তের অনন্ত কামনা ও চিত্ত বিক্ষেপ। চিত্ত বিক্ষেপ এবং কামনা অসিদ্ধি জনিত ক্রোধ আমাদিগের পরম শত্রু। কামনা থাকিলেই ক্রোধ থাকিবে, অতএব কামনার বেগ সহ্য করিতে না পারিলে ক্রোধের বেগ কোন মতেই সম্বরণ করা যায় না। বিষ্ণুপুরাণে লিখিত আছে যথা—

যাবন্ন কুরুতে জন্তুঃ, সম্বন্ধান্ মনসঃ প্রিয়ান্।
তাবন্তোঽস্য নিখন্যন্তে, হৃদয়ে শোকশঙ্কবঃ॥

মানব যতই ইন্দ্রিয়ের উপভোগ্য বিষয় সকলে আসক্ত হইবেক, ততই শোক অথবা ক্রোধরূপ শঙ্কু তাহার হৃদয় বিদ্ধ করিবে। অতএব যে মানব সংসারে অবস্থান করিয়া কামনা এবং ক্রোধের বেগ সম্বরণ করিতে সমর্থ হয় সেই মানব প্রকৃত সুখী। ২৩॥

23. কামক্রোধোদ্ভবঃ বেগঃ—The rising impulses of desire and anger. Men's greatest enemies are evil desires and anger. They are intimately connected. When the mind yearns to obtain an object, any thing that obstructs its course, produces anger. These desires have no

যোঽন্তঃ সুখোঽন্তরারামঃ, তথান্তর্জ্যোতিরেব যঃ।
স যোগী ব্রহ্মনির্ব্বাণং, ব্রহ্মভূতোঽধিগচ্ছতি ॥ ২৪ ॥

যঃ অন্তঃসুখঃ অন্তরারামঃ তথা যঃ অন্তর্জ্যোতিঃ এব, সঃ যোগী ব্রহ্মভূতঃ (সন্) ব্রহ্মনির্ব্বাণং অধিগচ্ছতি ॥ ২৪ ॥

যিনি স্বীয় আত্মাতে সুখভোগ করেন, যিনি আত্মাতেই বিহার করেন, যিনি আপন অন্তরে জ্ঞানের জ্যোতিঃ অবলোকন করেন সেই যোগী ব্রহ্মে স্থিত হইয়া ব্রহ্মনির্ব্বাণরূপ মোক্ষ লাভ করেন ॥ ২৪ ॥

24. He who findeth happiness within himself, who concentrates his mind to himself and withal seeth the light of wisdom within himself, is a devotee who resting in Brahma, attaineth eternal repose in Him.

---

end, one ends to begin with another. Hence evil impulses should be controlled the moment they spring in the mind. By this continual drilling the motive spring of the heart would be regulated, and anger which is an outburst of that impulse would gradually disappear.

স্বামী। ন কেবলং কামক্রোধবেগসম্বরণমাত্রেণ মোক্ষং প্রাপ্নোতি, অপিতু যঃ অন্তঃ ইতি অন্তঃ-আত্মনি, এব সুখং যস্য ন তু বিষয়েষু, অন্তঃএব আরামঃ—ক্রীড়া, যস্য ন বহিঃ, অন্তঃ এব জ্যোতিঃ—দৃষ্টিঃ, যস্য ন গীতনৃত্যাদিষু, সঃ এবং ব্রহ্মণি ভূতঃ—স্থিতঃ, সন্ ব্রহ্মনির্ব্বাণং—লয়ং, অধিগচ্ছতি—প্রাপ্নোতি ॥ ২৪ ॥

কথম্ভূতশ্চ ব্রহ্মণি স্থিতো ব্রহ্ম প্রাপ্নোতি ইত্যাহ ভগবান্ যঃ ইতি, কি প্রকারে মহাত্মাগণ ব্রহ্মে অবস্থান করিয়া ব্রহ্ম লাভ করেন তাহাই ভগবান্ এই স্থানে প্রদর্শন করাইতেছেন।

অন্তঃ সুখঃ—অন্তঃ আত্মনি সুখং যস্য সঃ, যিনি ঈশ্বর চিন্তাতে আনন্দলাভ করেন, এবং বাহ্য বিষয়ভোগ চিন্তায় আসক্তিশূন্য, তাঁহাকে অন্তঃসুখ বলা যায়। অন্তরারামঃ—অন্তঃ-আত্মনি আরামঃ—ক্রীয়া যস্য সঃ, যিনি বাহ্য বস্তুতে বিহার না করিয়া সমাধি অবস্থায় পরমানন্দ উপভোগ করিয়া থাকেন তাঁহাকে অন্তরারাম বলে। অন্তর্জ্যোতিঃ—অন্তঃ—আত্মনি জ্যোতিঃ বিজ্ঞানং যস্য স আত্মৈক জ্ঞানমেব যস্য বর্ত্ততে ইতি ভাবঃ, যাহার মনঃ বাহ্য বস্তুতে আকৃষ্ট না হইয়া স্বপ্রকাশ বিজ্ঞান স্বরূপ স্বীয় আত্মাতে বিলীন হয় তাহাকে অন্তর্জ্যোতি বলে।

সমাধিকালে শব্দাদি প্রতিভাসাভাবাৎ ব্যুত্থানকালে তৎপ্রতিভাসেঽপি
মিথ্যাত্বনিশ্চয়াৎ ন বাহ্যবিষয়ৈঃ তস্য সুখোৎপত্তিসম্ভবঃ ইত্যর্থঃ।

সমাধিকালে ঈশ্বরেই মনঃ আকৃষ্ট হওয়ায় শব্দাদি বাহ্য বস্তুর জ্ঞান হয় না, সমাধি

লভন্তে ব্রহ্মনির্ব্বাণং, ঋষয়ঃ ক্ষীণকল্মষাঃ।
ছিন্নদ্বৈধা যতাত্মানঃ, সর্ব্বভূতহিতে রতাঃ॥ ২৫॥

ক্ষীণকল্মষাঃ ছিন্নদ্বৈধাঃ যতাত্মানঃ সর্ব্বভূতহিতে রতাঃ ঋষয়ঃ ব্রহ্মনির্ব্বাণং লভন্তে॥ ২৫॥

বিগতপাপ মুক্তসংশয় সংযতাত্মা সর্ব্বভূতহিতৈষী মহর্ষিগণ ব্রহ্মে বিলীন হইয়া মুক্তিলাভ করেন॥ ২৫॥

25. The saints whose sins have disappeared, whose doubts have vanished, whose minds have been concentrated to God and who are engaged in doing good to all living creatures, obtain everlasting rest (Nirvana) in Brahma.

পরিত্যাগসময়ে বাহ্য বিষয় জ্ঞান হইলেও কেবল মিথ্যা জ্ঞান হয়, এই হেতু বাহ্য বিষয়দ্বারা যোগীদিগের কোন কালেই সুখোৎপত্তি হয় না।

ব্রহ্মভূতঃ—ব্রহ্মণি স্থিতঃ, ব্রহ্মে অবস্থিত। ব্রহ্মনির্ব্বাণং—ব্রহ্ম পরমানন্দরূপং কল্পিতদ্বৈতোপশম রূপত্বেন নির্ব্বাণং, অবিদ্যারূপ মায়ানিবৃত্তিদ্বারা দ্বৈতভাবের উপশম করিয়া পরমানন্দ ব্রহ্মে মনঃস্থির করার নাম ব্রহ্মনির্ব্বাণ। অধিগচ্ছতি=প্রাপ্নোতি, প্রাপ্ত হয়।

কাম ও ক্রোধাদির বেগ সম্বরণ করিতে পারিলে ক্রমেং মনঃ বাহ্য বিষয়হইতে নিবৃত্ত হইয়া প্রথমতঃ ঈশ্বরচিন্তা করিতে আনন্দ বোধ করে, তদনন্তর দ্বিতীয়াবস্থায় বাহ্য বস্তুহইতে বিরত হইয়া অধিক ক্ষণ ঈশ্বরধ্যানে নিযুক্ত হয়, তদনন্তর তৃতীয়াবস্থায় যোগী মহাত্মা নিজ অন্তরে জ্যোতিঃ অবলোকন করেন, এইজ্যোতিঃ তৃতীয় শরীরাবচ্ছিন্ন কূটস্থ ব্রহ্ম কেবল কারণ শরীরদ্বারা উপলব্ধ হইয়া থাকে। এই সমাধি অবস্থায় যোগী ব্রহ্মে অবস্থান করিয়া ব্রহ্মকেই লাভ করেন। "ব্রহ্মে বসন্ ব্রহ্মাপ্নোতি ইতিশ্রুতেঃ" শ্রুতি বলিয়াছেন ব্রহ্মে অবস্থান করিলে ব্রহ্মই লাভ হয়। তৎ কালে তাহার এই বাহ্য জগতে ব্রহ্মভিন্ন অন্য কোন প্রকার জ্ঞানের বিষয় থাকে না। জগৎ ভ্রমবিশিষ্ট হইলে তাঁহার এই অদ্বৈত প্রপঞ্চে কেবল মাত্র নিত্য ব্রহ্মজ্ঞান উৎপন্ন হইয়া থাকে॥ ২৪॥

24. By continually checking the rising impulses of desires and anger the mind is diverted from external objects to the contemplation of things within man. In this verse three words have been used in succession to express the gradual advance of the soul towards that stage which leads it to Nirvana or eternal rest. The first is "অন্তঃসুখঃ", a stage in which the mind feels pleasure in contemplating about the embodied and the spiritual soul. The second is "অন্তরারামঃ" or that stage in which the sage loves to dwell on the meditation of Brahma. Then comes the final stage, "অন্তর্জ্যোতিঃ" wherein the sage in the midst of his profound contemplation perceives the light of wisdom whereby he begins to rest in Brahma and eventually finds eternal rest in Him. By the light of wisdom the idea of unity dawns upon him. He sees no difference between the world and Brahma, and as he always lives in Brahma, to Brahma he goes at last.

কামক্রোধবিমুক্তানাং, যতীনাং যতচেতসাম্।
অভিতো ব্রহ্মনির্ব্বাণং, বর্ত্ততে বিদিতাত্মনাম্॥ ২৬॥

কামক্রোধবিমুক্তানাং, যতচেতসাং, বিদিতাত্মনাং, যতীনাং অভিতঃ ব্রহ্মনির্ব্বাণং বর্ত্ততে॥ ২৬॥

কামক্রোধবিমুক্ত, সংযতচিত্ত, আত্মতত্ত্বজ্ঞ যোগিগণ ইহকালে ও পরকালে ব্রহ্মনির্ব্বাণ লাভ করেন॥ ২৬॥

26. The saints who are free from desires and passions, whose minds are always under control and who have seen the spirit of God, attain supreme happiness here and hereafter.

স্বামী। কিঞ্চ লভন্তে ইতি—ঋষয়ঃ—সম্যক্‌দর্শিনঃ, ক্ষীণং কল্মষং যেষাং, ছিন্নং দ্বৈধং—সংশয়ঃ, যেষাং, যতঃ—সংযতঃ, আত্মা—চিত্তং, যেষাং, সর্ব্বেষাং ভূতানাং হিতে রতাঃ যে কৃপালবঃ তে ব্রহ্মনির্ব্বাণং- মোক্ষং, লভন্তে॥ ২৫॥

মুক্তিহেতো জ্ঞানস্য সাধনান্তর মাহ লভন্তে ইতি। মুক্তিলাভের কারণ যে জ্ঞান সেই জ্ঞান প্রাপ্তির উপায় প্রদর্শনের জন্য ভগবান্ এই শ্লোকের অবতারণা করিতেছেন।

ক্ষীণকল্মষাঃ=যজ্ঞাদিনা ক্ষীণপাপাদিদোষাঃ, যজ্ঞাদি কর্ম্মানুষ্ঠানদ্বারা পাপাদি পরিশূন্য হইয়া যাঁহাদিগের মনঃ পবিত্র হইয়াছে। ছিন্নদ্বৈধাঃ=নিবৃত্ত সর্ব্বসংশয়াঃ, সংশয়শূন্য। যতাত্মানঃ=নিদিধ্যাসনপরিপাকেন পরমাত্মনিএব একাগ্রচিত্তাঃ, নিদিধ্যাসন অভ্যাসদ্বারা পরমাত্মচিন্তায় একাগ্রমনাঃ। সর্ব্বভূতহিতে রতাঃ=সর্ব্বেষাং ভূতানাং হিতে-আনুকূল্যে রতাঃ, অর্থাৎ অহিংসক। ঋষয়ঃ=সূক্ষ্মবস্তুবিবেচনসমর্থাঃ সন্ন্যাসিনঃ, আত্মতত্ত্বদর্শী সন্ন্যাসিগণ। ব্রহ্মনির্ব্বাণং=মোক্ষং, মোক্ষকে॥ ২৫॥

নিষ্কামভাবে লোকসংগ্রহার্থে কার্য্য করিতে করিতে অন্তঃকরণ শুদ্ধভাবাপন্ন হইলে যোগীর প্রারব্ধ কর্ম্মজনিত পাপ সমুদায় বিনষ্ট হয়। তৎকালে তাঁহার মনহইতে সমস্ত সন্দেহ তিরোহিত হইয়া এই অদ্বৈত প্রপঞ্চরূপ জগতে আত্মজ্ঞান উৎপন্ন হয়। সেই সময় তাঁহাকে যতাত্মা বলা যাইতে পারে। তাঁহার মনঃ তৎকালে সর্ব্বদাই আত্মধ্যানে রত হইয়া সকলের হিত কার্য্যানুষ্ঠানে তৎপর হয়। এইরূপ অন্তর্জ্যোতিঃ পরিপূর্ণ মহাত্মাগণ পরিণামে ব্রহ্মনির্ব্বাণ লাভ করিয়া থাকেন॥ ২৫॥

25. Srikrishna here describes the nature of those men who eventually obtain everlasting rest in Brahma. In the first place all traces of sin must disappear from their minds. By practising continual self-control the saints obtain purity of mind, and all doubts gradually disappear from them. Their belief in the existence of a God, in past and future lives, in the power of virtue to elevate the soul is daily strengthened and their lives are devoted to the good of all living creatures. Such men eventually find everlasting rest in Brahma.

স্বামী। কিঞ্চ কাম ইত্যাদি, কামক্রোধাভ্যাং বিমুক্তানাং যতীনাং—সন্ন্যাসিনাং, সংযতচিত্তানাং, জ্ঞাতাত্মতত্ত্বানাং অভিতঃ—উভয়তঃ, জীবতাং মৃতানাং চ, ন দেহান্তে এব, তেষাং ব্রহ্মণি লয়ঃ, অপি তু জীবতাং অপি বর্ত্ততে ইত্যর্থঃ॥ ২৬॥

পূর্ব্বং কামক্রোধয়োরুৎপন্নয়োরপি বেগঃ সোঢব্যঃ ইত্যুক্তং অধুনা তু তয়োরুৎপত্তি-প্রতিবন্ধ এব কর্ত্তব্যঃ ইত্যাহ কাম ইতি। পূর্ব্বে এয়োবিংশ শ্লোকে কামক্রোধাদির বেগ সম্বরণ কর্ত্তব্য বলিয়াছেন, এইক্ষণ উহাদের উৎপত্তি সর্ব্বথা না হয় তাহার বিশেষ চেষ্টা করা কর্ত্তব্য তাহাই বলিতেছেন।

কামক্রোধবিমুক্তানাং—কাম এবং ক্রোধকে যিনি সম্যক্‌রূপে পরিত্যাগ করিতে সমর্থ হইয়াছেন। যতচেতসাং—সংযতান্তঃকরণানাং, যাহাদিগের চিত্ত সংযত হইয়াছে। বিদিতাত্মনাং—বিদিতঃ জ্ঞাত আত্মা যেষাং তেষাং, অর্থাৎ আত্মতত্ত্বজ্ঞানাং, যাঁহারা আত্মজ্ঞান লাভ করিয়াছেন। যতীনাং—সন্ন্যাসিনাং, সন্ন্যাসিদিগের। অভিতঃ—উভয়তঃ, উভয় অর্থাৎ ইহকালে ও পরকালে। ব্রহ্মনির্ব্বাণং—মোক্ষঃ।

ভগবান্ তিন প্রাকর ব্রহ্মনির্ব্বাণের কথা বলিতেছেন। প্রথমতঃ জ্ঞানযোগীরা ইন্দ্রিয়-বিষয়হইতে মনকে বিরত করিয়া আত্মধ্যানপরায়ণ হইয়া থাকেন। এই সকল মহাত্মাগণ আত্মজ্ঞান লাভ করিয়া মনের সুখে আত্মাতেই ক্রীড়া করেন (২৪শ শ্লোক) দ্বিতীয়তঃ কর্ম্মানুষ্ঠানদ্বারা মুক্তিলাভ করিতে পারাযায় ইহা স্থিররূপে অবগত হইয়া কর্ম্মযোগীরা বিগতপাপ হইয়া সকল জীবের মঙ্গল সাধনরূপ ব্রতে নিযুক্ত হয়েন (২৫শ শ্লোক) তৃতীয়তঃ সন্ন্যাসীরা কর্ম্মসন্ন্যাসযোগাবলম্বন করিয়া কামক্রোধ সম্যক্‌রূপে বিসর্জ্জনদিয়া কেবল ঈশ্বরের আরাধনায় নিযুক্ত থাকেন (২৬শ শ্লোক) জ্ঞানযোগী, কর্ম্মযোগী ও সন্ন্যাসী। এই ত্রিবিধ ব্যক্তিই ব্রহ্ম নির্ব্বাণ লাভকরিতে সমর্থ, ভগবান্ কর্ম্মসন্ন্যাসযোগকে উপ-সংহার কালে উক্ত যোগের মহত্ত্ব কীর্ত্তন করিতেছেন। কর্ম্মসন্ন্যাসিগণ জীবিতে কি মৃতে, অর্থাৎ ইহ ও পরকালে সর্ব্বদাই মুক্ত, কারণ তাঁহারা সকল প্রকার কামনা ও বাসনাদি বিমুক্ত হইয়া চিদানন্দস্বরূপ কূটস্থে অবস্থান করেন। জ্ঞান ও কর্ম্মযোগের চরমাবস্থা কর্ম্ম সন্ন্যাস, তাহাই পরমকারুণিক ভগবান্ লোকসংগ্রহার্থে বিশেষ করিয়া কীর্ত্তন করিলেন॥ ২৬॥

26. Srikrishna in verses 24, 25 and 26 describes the three sorts of men who obtain emancipation from evil and live in Brahma for time everlasting, viz (*i*) Those who by attaining wisdom direct their minds to the contemplation of the Supreme Soul, having drawn away their minds from external objects; vide verse 24, (*ii*) Those who find pleasure in doing good to humanity and to all living creatures; vide verse 25, (*iii*) Those who are devoted to the worship of God having given up action, vide verse 26. The last-named exalted state can be obtained by those who have successfully passed through the 1st and 2nd stages.

স্পর্শান্ কৃত্বা বহির্বাহ্যান্, চক্ষুশ্চৈবান্তরে ভ্রুবোঃ।
প্রাণাপানৌ সমৌ কৃত্বা, নাসাভ্যন্তরচারিণৌ ॥ ২৭ ॥
যতেন্দ্রিয়মনোবুদ্ধিঃ, মুনির্মোক্ষপরায়ণঃ।
বিগতেচ্ছাভয়ক্রোধঃ, যঃ সদা মুক্ত এব সঃ ॥ ২৮ ॥

দ্বয়োঃ অন্বয়ঃ।

যঃ মুনিঃ বাহ্যান্ স্পর্শান্ বহিঃ কৃত্বা, চক্ষুঃ চ এব ভ্রুবোঃ অন্তরে (কৃত্বা) নাসাভ্যন্তরচারিণৌ প্রাণাপানৌ সমৌ কৃত্বা, যতেন্দ্রিয়মনোবুদ্ধিঃ মোক্ষ-পরায়ণঃ, বিগতেচ্ছাভয়ক্রোধঃ, সঃ সদা মুক্তঃ এব ॥ ২৭ ॥ ২৮ ॥

যে মুনি বাহ্য বস্তুর সহিত ইন্দ্রিয়গণের সংযোগজনিত ক্রিয়া পরিত্যাগ করিয়া, এবং চক্ষুদ্বয়কে ভ্রুমধ্যে সংস্থাপিত করিয়া নাসিকাদ্বয়ের মধ্যে প্রবাহিত প্রাণ ও অপান বায়ুকে কুম্ভকদ্বারা অবরোধ করত মনঃ বুদ্ধি ও ইন্দ্রিয়গণকে সংযত করিয়া কামনা ক্রোধ ও ভয়কে সম্যক্রূপে পরিত্যাগ করিয়াছেন সেই মোক্ষপরায়ণ মুনি, সর্ব্বদাই মুক্ত ॥ ২৭ ॥ ২৮ ॥

27, 28. He who excluding from his mind the action of the objective world on his organs of sense and holding in suspension the life-winds, fixeth the vision of his eyes betwixt his eye-brows, who controlleth his senses, mind and soul, who is free from desires, anger and fear and who seeketh emancipation as his final goal, attaineth salvation even in this life.

স্বামী। "স যোগী ব্রহ্মনির্ব্বাণং" ইত্যাদিষু যোগী মোক্ষং অবাপ্নোতি ইতি উক্তং তং এব যোগং সংক্ষেপেণ আহ, স্পর্শান্ ইতিদ্বাভ্যাং—বাহ্যাঃএব স্পর্শাঃ—রূপরসাদয়ঃ বিষয়াঃ, চিন্তিতাঃ সন্তঃ অন্তঃ প্রবিশন্তি তান্ তৎচিন্তাত্যাগেন বহিঃ এব কৃত্বা, চক্ষুঃ ভ্রুবোঃ অন্তরে—ভ্রূমধ্যে এব কৃত্বা, অত্যন্তং নেত্রয়োঃ নিমীলনে নিদ্রয়া মনঃ লীয়তে, উন্মীলনে চ বহিঃ প্রসরতি তৎ উভয়দোষপরিহারার্থং অর্দ্ধনিমীলনেন ভ্রূমধ্যে দৃষ্টিং নিধায় ইত্যর্থঃ। উচ্ছ্বাস নিশ্বাসরূপেণ নাসিকয়োঃ অভ্যন্তরে চরন্তৌ প্রাণাপানৌ ঊর্দ্ধাধোগতিরোধেন সমৌ কৃত্বা—কুম্ভকং কৃত্বা ইত্যর্থঃ। যদ্বা প্রাণঃ অয়ং যথা ন বহিঃ নির্যাতি যথা বা অপানঃ অন্তঃ ন প্রবিশতি, কিন্তু নাসামধ্যে এব তৌ অপি যথা চরতঃ, তথা মন্দাভ্যাং উচ্ছ্বাসনিশ্বাসাভ্যাং সমৌ কৃত্বা ইতি।

স্বামী। যত: ইতি—অনেন উপায়েন যতাঃ—সংযতাঃ, ইন্দ্রিয়মনোবুদ্ধয়ঃ যস্য, মোক্ষঃ এব পরং অয়নং—প্রাপ্যং, যস্য অতএব বিগতাঃ ইচ্ছাভয়ক্রোধাঃ যস্য, এবংভূতঃ যঃ মুনিঃ সঃ সদা জীবন্ অপি মুক্তঃ এব ইত্যর্থঃ॥ ২৭। ২৮॥

বাহ্যান্ স্পর্শান্ বহিঃ কৃত্বা=শব্দাদীন্ শ্রোত্রাদিদ্বারেণ অন্তর্বুদ্ধৌ প্রবেশিতাঃ শব্দাদয়ঃ বিষয়াঃ, তান্ অচিন্তয়ন্তঃ, শব্দাদি ইন্দ্রিয়ের বিষয় সকল চিন্তা না করিয়া। চক্ষুঃ এব ভ্রুবোঃ অন্তরে কৃত্বা=বিক্ষেপ পরিহারার্থং চক্ষুঃ নাসাগ্রে বিন্যস্য, মনোবিক্ষেপ পরিত্যাগ-জন্য নাসাগ্রে অর্দ্ধ নিমীলিত দৃষ্টি সংস্থাপিত করিয়া। নাসাভ্যন্তরচারিণৌ প্রাণাপানৌ সমৌকৃত্বা=কুম্ভকেন উচ্ছ্বাসনিশ্বাসৌ সমগতী কৃত্বা, নাসাভ্যন্তরচরণশীলৌ প্রাণাপানৌ, ন্যূনাধিকবর্জ্জিতৌ কুম্ভকেন নিরুদ্ধৌ কৃত্বা, নাসামধ্য প্রবাহিত প্রাণ ও অপান বায়ুকে কুম্ভক-দ্বারা অবরোধ করত। যতেন্দ্রিয় মনোবুদ্ধিঃ=সংযতানি ইন্দ্রিয়াণি মনঃ বুদ্ধিশ্চ যস্য, ইন্দ্রিয়গণ মনঃ ও বুদ্ধি যাঁহার সংযত হইয়াছে সেই মহাত্মা। মোক্ষ পরায়ণঃ=মোক্ষএব পরং অয়নং আশ্রয়ো যস্য, মোক্ষই যাহার পরমগতি অর্থাৎ চরম বাসস্থান তিনি মোক্ষ-পরায়ণ। বিগতেচ্ছাভয়ক্রোধঃ=বিগতাঃ ইচ্ছাভয়ক্রোধাঃ যস্য সঃ, ইচ্ছা,ভয় ও ক্রোধ যাহার সম্যক্‌রূপে বিনষ্ট হইয়াছে।

অনেক প্রকার সাধনাভ্যাস করিয়া মোক্ষপরায়ণ মহাত্মার যে আত্মজ্ঞানের উদয় হয় তাহা উপসংহার করিয়া ষষ্ঠাধ্যায়ে লিখিত ধ্যানযোগের আভাস প্রদান করিয়া ভগবান্ এই শ্লোকদ্বয়ের অবতারণা করিলেন। কর্ম্মসন্ন্যাসী যে উপায় অবলম্বন করিয়া ইহ জগতেই মুক্তিলাভ করেন তাহা এইস্থানে বর্ণিত হইতেছে। কামনা, ক্রোধ, ভয়, সম্যক্‌রূপে পরিত্যাগ করিয়া মনঃ বুদ্ধি ও ইন্দ্রিয়গণকে স্ববশে আনয়ন করত যোগী মনঃস্থির করিবার জন্য প্রাণায়াম অভ্যাস করিয়া থাকেন। এইরূপ অভ্যাসদ্বারা তাঁহার মনে যে নির্ম্মল জ্ঞানের উদয় হয় তদ্দ্বারা তিনি পরমেশ্বরকে সকল যজ্ঞের ভোক্তা ও সকল লোকের পরমবন্ধু জানিয়া মুক্তি লাভ করেন॥ ২৭। ২৮॥

27, 28. Compare verse 29, Book IV. Srikrishna sums up in these verses his teachings in this Book. After the attainment of wisdom the devotee should commence his work. This work consists in doing good to all living creatures. Gradually his will-power is developed. His organs of sense and action, his mind and spiritual soul (বুদ্ধিঃ) are brought under his will. By holding his breath and fixing his eyesight betwixt his brows, his chest expands, his eyesight becomes steady and searching and his power of concentration is considerably increased. Then as he goes on in his onward career, his mind becomes free from desires, fear and anger. In this state he longs for emancipation only. Then he sees the Lord as the only object of his worship and the Friend of All,

ভোক্তারং যজ্ঞতপসাং, সর্ব্বলোক মহেশ্বরম্।
সুহৃদং সর্ব্বভূতানাং, জ্ঞাত্বা মাং শান্তিমৃচ্ছতি ॥ ২৯ ॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভগবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুনসংবাদে কর্ম্মসন্ন্যাসযোগো-
নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

(সঃ মুনিঃ) মাং যজ্ঞতপসাং ভোক্তারং সর্ব্বলোকমহেশ্বরং সর্ব্বভূতানাং সুহৃদং জ্ঞাত্বা শান্তিং ঋচ্ছতি ॥ ২৯ ॥

ইতি শ্রীমদ্ভগবদ্গীতান্বয়ে পঞ্চমোঽধ্যায়ঃ।

উক্ত মুনি আমাকে যজ্ঞ ও তপস্যার শেষফল জ্ঞান করিয়া ও আমাকে সর্ব্বভূতের ঈশ্বর এবং সর্ব্বপ্রাণীর সুহৃদ্ বিবেচনা করিয়া শান্তিলাভ করেন ॥ ২৯ ॥

বেদব্যাসপ্রণীত শতসহস্র শ্লোকপূর্ণ ধর্ম্মশাস্ত্রে শ্রীমহাভারত গ্রন্থে ভীষ্মপর্ব্বাধ্যায়ে
বেদের শাখাস্বরূপ শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে যোগশাস্ত্রে
ব্রহ্মবিদ্যায় কর্ম্মসন্ন্যাস নামক পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

29. Such a saint finding me as the ultimate object of all devotions and worship, me as the Lord of all, and me as the friend of all living creatures, obtaineth peace everlasting.

HERE ENDS CHAPTER V. OF THE BHAGABATH GITA ENTITLED
RELIGION BY RENUNCIATION OF WORK.

স্বামী। নন্বু এবং ইন্দ্রিয়াদিসংযমমাত্রেণ কথং মুক্তঃ স্যাৎ ন তাবন্মাত্রেণ, কিন্তু জ্ঞানদ্বারেণ ইতি আহ, ভোক্তারং ইতি, যজ্ঞানাং তপসাং চ এব মম ভক্তৈঃ সমর্পিতানাং যদৃচ্ছয়া ভোক্তারং পালকং ইতি বা সর্ব্বেষাং লোকানাং মহান্তং ঈশ্বরং সর্ব্বভূতানাং সুহৃদং-নিরপেক্ষ্য উপকারিণং, অন্তর্যামিণং মাং জ্ঞাত্বা মৎপ্রসাদেন শান্তিং—মোক্ষং, ঋচ্ছতি প্রাপ্নোতি।

বিকল্প শঙ্কাপোহেন, যেনৈবং যোগ সাংখ্যয়োঃ।
সমুচ্চয়ক্রমেণোক্তঃ, সর্ব্বজ্ঞং নৌমি তং গুরুম্ ॥ ২৯ ॥

ইতি শ্রীধর স্বামিকৃত টীকায়াং কর্ম্মসংন্যাসযোগো নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ ৫ ॥

এবং সমাহিত চিত্তেন কিং বিজ্ঞেয় মিতি, শান্তি লাভ হইবার পূর্ব্বে উক্তরূপ সমাহিত চিত্ত ব্যক্তির জ্ঞান কিপ্রকার হয় তাহা কীর্ত্তন করিয়া ভগবান্ বাসুদেব এই কর্ম্মসন্ন্যাস যোগাখ্য অধ্যায়ের উপসংহার করিতেছেন।

মাং—বাসুদেবং, শ্রীকৃষ্ণকে। যজ্ঞতপসাং=যজ্ঞানাং তপসাঞ্চ, যজ্ঞ এবং তপস্যার। ভোক্তারং—(ভুজ×তৃন্) ভোগকর্ত্তারং, সকল উপাসনার একমাত্র উপাস্য এবং সকল ধ্যানের একমাত্র ধ্যেয় বস্তু। সর্ব্বলোক মহেশ্বরং=সর্ব্বেষাং লোকানাং মহান্তং ঈশ্বরং, সকল লোকের পরম ঈশ্বর হিরণ্যগর্ভ। সর্ব্বভূতানাং সুহৃদং—সর্ব্বেষাং প্রাণিনাং সুহৃদং প্রত্যুপকার নিরপেক্ষতয়া উপকারিণং সর্ব্বান্তর্যামিনং সর্ব্বভাসকং পরিপূর্ণং সচ্চিদানন্দৈকরসং পরমার্থসত্যং নারায়ণং, সকল প্রাণীর মধ্যে অবস্থানপূর্ব্বক পরম সুহৃদের ন্যায় পরিপূর্ণ পরমানন্দময় চিৎস্বরূপ প্রভাসিত পরমাত্মা। জ্ঞাত্বা—আত্মত্বেন সাক্ষাৎকৃত্য, আত্মরূপে অবলোকন করিয়া। শান্তিং ঋচ্ছতি—মুক্তিং প্রাপ্নোতি, মুক্তিলাভ করেন ॥ ২৯ ॥

মুক্তি লাভের অগ্রে কর্ম্মযোগীর কিপ্রকার মনের ভাব হয় তাহা ভগবান্ উপসংহার কালে বলিলেন "অর্জ্জুন! সকলপ্রকার সাধনফল লাভ করিয়া পরিশেষে যৎকালে যোগী পরমাত্মাকে সকল যজ্ঞের পরিণাম ফল, সকল লোকের ঈশ্বর এবং সর্ব্বভূতের সুহৃদ্ বলিয়া অবগত হইবেন তৎকালে তিনি শান্তিলাভ করিবেন। আমি পরমাত্মারূপে সকল প্রাণীর হৃদয়ে অবস্থানপূর্ব্বক তাহাদিগকে আনন্দ প্রদান করিতেছি। আমি তাহাদের স্রষ্টা, বিধাতা, এবং আনন্দময় সুহৃদ্। আমাকে এইরূপ জানিয়া যোগিগণ অপূর্ব্ব শান্তিলাভ করেন ॥ ২৯ ॥

ইতি গীতার্থ প্রবোধ নামক বাঙ্গালা ভাষ্যের পঞ্চম অধ্যায় সমাপ্ত ॥ ৫ ॥

29. In this verse is described that serene state of mind which the devotee enjoys when he is free from anger, fear and desires and when he concentrates his mind to the prolonged contemplation of the Universal Soul. He sees God not as a cruel master or a revengeful creator, but as the Friend of All and the be all and end all of all worships and devotions; knowing the Creator as such he becomes the friend of all and attains everlasting peace of mind. For no peace of mind is possible until the devotee has become the friend of all.

HERE ENDS CHAPTER V OF THE ENGLISH COMMENTARY ON BHAGABATH GITA.

ষষ্ঠোঽধ্যায়।

Book VI.

ধ্যান-যোগঃ।

RELIGION BY CONTEMPLATION.

শ্রীভগবানুবাচ।

অনাশ্রিতঃ কর্ম্মফলং, কার্য্যং কর্ম্ম করোতি যঃ।
স সন্ন্যাসী চ যোগী চ, ন নিরগ্নির্ন চাক্রিয়ঃ॥ ১

শ্রীভগবান্ উবাচ।

যঃ কর্ম্মফলং অনাশ্রিতঃ কার্য্যং কর্ম্ম করোতি, সঃ সংন্যাসী যোগী চ। ন নিরগ্নিঃ ন চ অক্রিয়ঃ॥ ১॥

ভগবান্ কহিলেন।

যিনি কর্ম্ম ফলের প্রত্যাশী না হইয়া আপনার কর্ত্তব্য কর্ম্ম করেন তাঁহাকেই সন্ন্যাসী এবং যোগী বলা যায়। অগ্নিহোত্রাদি ও অন্যান্য ক্রিয়া-পরিত্যাগ করিলেই সন্ন্যাসী বা যোগী হয় না॥ ১॥

SRIKRISHNA SAID:

1. He who performeth his duties and seeketh not the fruits thereof is a Renouncer and a Devotee; but not he who renounceth worship in the sacred fire, or his action.

শ্রীধর স্বামী। চিত্তে শুদ্ধে অপি ন ধ্যানং বিনা, সংন্যাসমাত্রতঃ মুক্তিঃ স্যাৎ ইতি ষষ্ঠে অস্মিন্ ধ্যানযোগঃ বিতন্যতে। পূর্ব্বাধ্যায়ান্তে সংক্ষেপেণ উক্তং যোগং প্রপঞ্চয়িতুং ষষ্ঠাধ্যায়ারম্ভঃ, তত্র তাবৎ সর্ব্বকর্ম্মাণি মনসা সংন্যস্য ইতি আরভ্য সংন্যাস পূর্ব্বিকায়াঃ জ্ঞাননিষ্ঠায়াঃ তাৎপর্য্যেণ অভিধানাৎ দুঃখরূপত্বাৎ চ কর্ম্মণঃ সহসা সন্ন্যাসাতিপ্রসঙ্গং প্রাপ্তং বারয়িতুং সংন্যাসাৎ অপি শ্রেষ্ঠত্বেন কর্ম্মযোগং স্তৌতি অনাশ্রিতঃ ইতি দ্বাভ্যাম্। কর্ম্মফলং অনাশ্রিতঃ অনপেক্ষমাণঃ, সন্ অবশ্যং কার্য্যতয়া বিহিতং কর্ম্ম যঃ করোতি সঃ এব সংন্যাসী যোগী চ, নতু নিরগ্নিঃ—অগ্নিসাধ্যেষ্টাখ্যকর্ম্মত্যাগী নচ অক্রিয়ঃ—অনগ্নিসাধ্য পূর্ত্তাখ্য কর্ম্মত্যাগী চ॥ ১।

যোগসূত্রং ত্রিভিঃ শ্লোকৈঃ, পঞ্চমান্তে যদীরিতং।
ষষ্ঠ আরভ্যতেঽধ্যায়ঃ, তদ্ব্যাখ্যানায় বিস্তরাৎ।

পঞ্চমাধ্যায়ের শেষভাগে যে তিনটী শ্লোকময় যোগ সূত্র কথিত হইয়াছে তাহারই বিস্তৃত ব্যাখ্যা করিবার জন্য ষষ্ঠ অধ্যায় আরম্ভ হইল।

কর্ম্মফলং অনাশ্রিতঃ=ফলাভিসন্ধিরহিতঃ, যোহি কর্ম্মফলে তৃষ্ণাবান্ স কর্ম্মফলমাশ্রিতো ভবতি অয়ন্তু তদ্বিপরীতোঽতঃ অনাশ্রিতঃ কর্ম্মফলং, যাঁহার কর্ম্মফলে বাসনা নাই তাঁহাকে অনাশ্রিতকর্ম্মফল ব্যক্তি বলা যায়। কার্য্যং কর্ম্ম—অবশ্যকর্ত্তব্যতয়া শাস্ত্রেণ বিহিতং অগ্নিহোত্রাদি কর্ম্ম, বেদবিহিত নিত্য অগ্নি হোত্রাদি কর্ম্ম। সঃ সংন্যাসী যোগী চ=সন্ন্যাসঃ-পরিত্যাগঃ স যস্যাস্তি স সন্ন্যাসী, যোগশ্চিত্তসমাধানং স যস্যাস্তি স যোগী, যিনি কর্ম্মফলে সংকল্প শূন্য এবং তজ্জন্য চিত্তবিক্ষেপরহিত। নিরগ্নি=নির্গতাঃ অগ্নয়ঃ কর্ম্মাঙ্গভূতাঃ যস্মাৎ, অগ্নিহোত্রাদি কর্ম্ম পরিত্যাগী। অক্রিয়ঃ=মনঃসঙ্কল্পতপোদানাদি কার্য্যরহিতঃ, মনঃ ইন্দ্রিয়গণের ও তপোদানাদির কার্য্য রহিত তিনটী যোগসূত্রের উদ্দেশ করিয়া ভগবান্ পঞ্চমাধ্যায় উপসংহার করিয়াছেন যথা।

(১ম) বাহ্যবিষয়হইতে মনকে বিরত করিয়া চিত্তের একাগ্রতা লাভের জন্য প্রাণায়াম অভ্যাস করত উভয় ভ্রূমধ্যে দৃষ্টি নিক্ষেপ করিবে।

(২য়) মোক্ষই আমার গতি ইহা মনে স্থির করিয়া মনঃ ইন্দ্রিয় ও বুদ্ধিকে সংযত করিয়া ভয় ইচ্ছা এবং ক্রোধকে পরিত্যাগ করিবে।

(৩য়) উক্ত প্রকারে ধ্যানস্থ হইয়া যোগী ঈশ্বরই সকল যজ্ঞের ভোক্তা, সকল জীবের পরিপালক এবং বন্ধু এইরূপ অবগত হইয়া মুক্তি লাভ করেন।

এইরূপ সমাধিতে স্থিত হইলে কূটস্থ অর্থাৎ অজ্ঞেয় অবাঙ্‌মনসগোচর ব্রহ্মের যে জ্ঞান হয় ইহাই জীবমুক্তি। পূর্ব্বোক্ত ত্রিবিধ যোগসূত্রের বিস্তৃত ব্যাখ্যা করিবার জন্য ভগবান্ ষষ্ঠ অধ্যায়ের অবতারণা করিলেন।

অগ্নিহোত্রাদি কর্ম্ম এবং ইন্দ্রিয়গণের বাহ্যবিষয় সম্বন্ধে কর্ম্মাদি পরিত্যাগ করিলেই যে সন্ন্যাসী বা যোগী হয় তাহা নহে। কিন্তু যিনি ফল কামনারহিত হইয়া বিক্ষেপশূন্য মনে অগ্নিহোত্রাদি এবং লোকসংগ্রহার্থে কর্ম্ম করিয়া থাকেন তিনিই বাস্তবিক সন্ন্যাসী এবং যোগী। ফলকামনা পরিত্যাগদ্বারা তিনি সন্ন্যাসিপদবাচ্য, এবং চিত্তের সমাধানদ্বারা তিনি যোগিপদবাচ্য। অতএব ভগবান্ কহিলেন "হে অর্জ্জুন! তুমি ফলবাসনা শূন্য হইয়া কর্ত্তব্য কার্য্যের অনুষ্ঠান কর"। ১।

1. The Sixth Book is an expansion of the principles inculcated in the three concluding verses of the preceding Book. (*i*) For the purpose of concentration, respiration and inspiration should be controlled and the eye-sight should be riveted betwixt the eye-brows. This will prevent mind-wandering. (*ii*) With a firm belief that "Nirvana" is the final goal, all desires, fear and anger should be abandoned. (*iii*) Then the mind should be directed to the contemplation of God who should be considered as the creator and friend of all living beings. With the mind

যং সন্ন্যাসমিতি প্রাহুঃ, যোগং তং বিদ্ধি পাণ্ডব।
ন হ্য সংন্যস্তসংকল্পঃ, যোগী ভবতি কশ্চন ॥ ২ ॥

ভোঃ পাণ্ডব! যং সন্ন্যাসং ইতি প্রাহুঃ (মুনয়ঃ) তং যোগং বিদ্ধি হি অসংন্যস্ত সংকল্পঃ কশ্চন যোগী ন ভবতি ॥ ২ ॥

হে পাণ্ডব! যাহাকে সন্ন্যাস বলিয়া থাকেন তাহাকেই যোগ বলিয়া জানিবে। কারণ কর্ম্মফল ত্যাগসংকল্প ব্যতিরেকে কেহ কখন যোগী হইতে পারে না ॥ ২ ॥

2. O Son of Pandu! thou shouldst know that renunciation is identical with devotion to works; for no one is said to have renounced who doth not work forsaking fruits.

and senses thus controlled the Yogee should begin to work for the good of all. Such a man is a true Sannyasi or Renouncer, because he has renounced all fruits of deeds. He is also a Yogee, because he practises self-control. But he who gives up worship in the sacred fire and his actions, but not his desires and passions, is a false Sannyasi.

স্বামী। কুতঃ ইতি অপেক্ষায়াং কর্ম্মযোগস্য এব সন্যাসত্বং প্রতিপাদয়ন্ আহ, যং ইতি। যং সংন্যাসং প্রাহুঃ প্রকর্ষেণ শ্রেষ্ঠত্বেন আহুঃ (সন্ন্যাস এব অত্যরেচয়ৎ ইত্যাদি শ্রুতয় ইতি) কেবলাৎ ফলসংন্যাসাৎ হেতোঃ যোগঃ এব তং জানীহি। কুতঃ ইতি অপেক্ষায়াং ইতি শব্দোক্তঃ হেতুঃ যোগে অপি অস্তি ইতি আহ, নহি ইতি। ন সংন্যস্তঃ ফলসংকল্পঃ যেন স কর্ম্মনিষ্ঠঃ জ্ঞাননিষ্ঠঃ বা কশ্চিৎ অপি যোগী নহি ভবতি, অতঃ ফলসংকল্পত্যাগাৎ এব চিত্তবিক্ষেপাভাবাৎ যোগী চ ভবতি এব সঃ ইত্যর্থঃ ॥ ২ ॥

যং সংন্যাসং — সর্ব্বকর্ম্মফলপরিত্যাগলক্ষণং পরমার্থসন্ন্যাসং, সর্ব্বকর্ম্মফল পরিত্যাগস্বরূপ পরমার্থ সংন্যাসকে। প্রাহুঃ — প্রকর্ষেণ আহুঃ (শ্রুতয়ঃ), বলিতেছেন। যোগং — ফলতৃষ্ণাকর্তৃত্বাভিমানয়োঃ পরিত্যাগেন বিহিত কর্ম্মানুষ্ঠানং, ফলতৃষ্ণাও কর্তৃত্বাভিমান পরিত্যাগপূর্ব্বক কর্ম্মানুষ্ঠান। বিদ্ধি = জানীহি, জানিবে। অসংন্যস্ত সংকল্পঃ = অপরিত্যক্তঃ ফলবিষয়কাভিসন্ধির্যেন, যিনি ফল কামনা পরিত্যাগ না করিয়াছেন। কশ্চন = কশ্চিদপি, কোনও ব্যক্তি। যোগী = সমাধানবান্, চিত্তবৃত্তি নিরোধক্ষম ব্যক্তি। ন ভবতি = ন সম্ভবতি, হইতে পারেন না। নিষ্কাম কর্ম্মযোগই যে সন্ন্যাসযোগ তাহাই ভগবান্ এই শ্লোকদ্বারা প্রতিপন্ন করিতেছেন।

সর্ব্বকর্ম্ম পরিত্যাগ না করিয়াও নিষ্কাম কর্ম্মযোগী পরমার্থতঃ সন্ন্যাসী, কারণ ফলকামনা পরিত্যাগজন্য তিনি সন্ন্যাসব্রতধারী। সর্ব্বকামনা পরিত্যাগজন্য তদীয়

আরুরুক্ষোর্মুনের্যোগং, কর্ম্মকারণমুচ্যতে।
যোগারূঢ়স্য তস্যৈব, শমঃ কারণমুচ্যতে ॥ ৩ ॥

যোগং আরুরুক্ষোর্মুনেঃ কর্ম্ম কারণং উচ্যতে, যোগারূঢ়স্য তস্য শমঃ এব কারণং উচ্যতে ॥ ৩ ॥

যোগে আরোহণেচ্ছু মুনির কর্ম্মই কারণ স্বরূপ কথিত হইয়াছে। উক্ত মুনি যখন জ্ঞানযোগে আরূঢ় হইবেন তখন তাঁহার সর্ব্বকর্ম্মনিবৃত্তিরূপ শমতাই প্রধান উপায় বলিয়া কথিত হইয়াছে ॥ ৩ ॥

3. Devotion to work is said to be the only means of acquiring divine knowledge by him who seeketh for it, and renunciation of work to be the best means of maturing the knowledge when it is once acquired.

চিত্ত বিক্ষেপশূন্যও নিরুদ্ধ এবং তজ্জন্য তিনি যোগী। চিত্তবৃত্তি যিনি নিরোধ করিতে পারেন তিনিই যোগী "যোগশ্চিত্ত বৃত্তি নিরোধঃ" অতএব নিষ্কাম কর্ম্মযোগী লোকসংগ্রহার্থে সর্ব্বদা কার্য্যে নিযুক্ত থাকিলেও তিনি সন্ন্যাসী ও যোগী এই উভয়পদবাচ্য। নিষ্কাম কর্ম্মানুষ্ঠান ব্যতীত কেহ কখন সংন্যাসী বা যোগী হইতে পারে না। অতএব যোগে আরোহণের জন্য কর্ম্ম সকলই তাহার সোপানাবলীস্বরূপ ॥ ২ ॥

2. In this verse Srikrishna gives the highest honor to the man who works for the good of all, without longing for fruits of deeds. He shews that *sannyas* (renouncement) and Yog (devotion to work) are in effect the same. For no one is a Sannyasi who is not a Yogee and one cannot be a Yogee who has not renounced. Therefore a man who works for the good of all without asking for fruits, is both a Sannyasi and a Yogee.

স্বামী। তর্হি যাবজ্জীবং কর্ম্মযোগঃ এব প্রাপ্তঃ ইতি আশঙ্ক্য তস্য অবধিং আহ, আরুরুক্ষোঃ ইতি। জ্ঞানযোগং আরোঢ়ুং—প্রাপ্তুং, ইচ্ছোঃ পুংসঃ তৎ আরোহে কারণং কর্ম্ম উচ্যতে চিত্তশুদ্ধিকরত্বাৎ। জ্ঞান যোগারূঢ়স্যতু তস্য এব জ্ঞান নিষ্ঠস্য শমঃ বিক্ষেপককর্ম্মোপরমঃ, জ্ঞান পরিপাকে কারণং উচ্যতে ॥ ৩ ॥

যোগং=অন্তঃকরণশুদ্ধিরূপং বৈরাগ্যং, আত্মাবলোকনং, যে জ্ঞান বৈরাগ্যদ্বারা অন্তঃকরণের পবিত্রতা লাভ হয় তাহাকে যোগ বলে। আরুরুক্ষোঃ=আরোঢ়ুমিচ্ছোঃ, যোগসাধনেচ্ছুক। মুনেঃ—কর্ম্মফল সংন্যাসিনঃ, কর্ম্মফল তৃষ্ণাত্যাগিনঃ, কর্ম্মফল পরিত্যাগীর। কর্ম্ম=লোকসংগ্রহার্থং কর্ম্ম, শাস্ত্রবিহিত মগ্নিহোত্রাদি, বা পরোপকার জন্য কর্ম্ম অথবা বেদবিহিত অগ্নিহোত্রাদি কর্ম্ম। কারণং—যোগারোহণসাধনং, যোগে আরোহণ করিবার উপায়। উচ্যতে=বেদমুখেন ময়া উচ্যতে, আমাকর্ত্তৃক বেদে কথিত

যদা হি নেন্দ্রিয়ার্থেষু, ন কর্ম্মস্বনুষজ্জতে।
সর্ব্বসংকল্পসংন্যাসী, যোগারূঢ় স্তদোচ্যতে ॥ ৪ ॥

যদা ইন্দ্রিয়ার্থেষু ন, কর্ম্মসু চ ন অনুসজ্জতে তদা হি সর্ব্বসংকল্পসংন্যাসী (যোগী) যোগারূঢ়ঃ উচ্যতে ॥ ৪ ॥

যৎকালে কর্ম্মযোগী ইন্দ্রিয়াদির বিষয়ে এবং কর্ম্মে আসক্ত না হইয়া সর্ব্ব কর্ম্মফলাশা পরিত্যাগ করেন তৎকালে তাঁহাকে যোগারূঢ় বলা যায় ॥ ৪ ॥

4. A man is said to have acquired divine knowledge when he forsaketh actions, fruits of actions and attachments to sensual objects.

হইয়াছে। যোগারূঢ়স্য=জ্ঞান যোগারূঢ়স্য, জ্ঞানযোগে আরূঢ় ব্যক্তির। শমঃ=সর্ব্বকর্ম্মভ্যো নিবৃত্তিঃ, সর্ব্বকর্ম্মত্যাগ।

তবে কি যাবজ্জীবনই কর্ম্মযোগানুষ্ঠান করিতে হইবে অর্জ্জুনের এই আশঙ্কা নিবারণ জন্য ভগবান্ এইশ্লোকে কর্ম্মযোগানুষ্ঠানের সীমানির্দ্দেশ করিতেছেন। যে পর্য্যন্ত জ্ঞান বৈরাগ্যের স্ফুরণদ্বারা চিত্তের পবিত্রতা ও আত্মসংযম ক্ষমতার পূর্ণাবস্থা প্রাপ্ত না হয়, তাবৎ কর্ম্মযোগের অনুষ্ঠান করা কর্ত্তব্য, কিন্তু চিত্তের পবিত্রতা লাভ হইলে কর্ম্মসন্ন্যাসদ্বারাই আত্মজ্ঞান যোগের পরিপাক সাধন হয়। অতএব জ্ঞানযোগরূপ সিংহাসনের কর্ম্মই সোপানাবলী। শনৈঃশনৈঃ কর্ম্মসোপানে পাদবিক্ষেপ পুরঃসর যোগমঞ্চে আরোহণ করিতে হইবেক। কিন্তু চিত্তের মলিনতা বিনষ্ট হইলে সর্ব্বকর্ম্মসন্ন্যাসই আত্মজ্ঞান লাভের প্রধান উপায় তৎকালে যোগী শান্তিরূপ সুখ উপভোগ করেন।

মহর্ষিবেদব্যাস বলিয়াছেন।

নৈতাদৃশং ব্রাহ্মণস্যাস্তি বিত্তং, যথৈকতা শমতা সত্যতা চ।
শীলং স্থিতির্দণ্ডনিধান মার্জ্জবং, ততস্ততশ্চোপরমঃ ক্রিয়াভ্যঃ।

একতা, শমতা, সত্য, শীলতা, স্থিতি, দণ্ডনিধান, ও আর্জ্জব এই সমস্ত গুণ অপেক্ষা উৎকৃষ্ট বস্তু ব্রাহ্মণের আর কিছুই নাই। ৩।

3. Srikrishna reading the thoughts of Arjuna says—It is not necessary that a man should work all his life. Work is needed to cleanse the mind of its impurities; but when these have disappeared and the seer sees nothing but Brahma, work may be abandoned. For at this stage renunciation of work is the best means of concentrating the mind to the contemplation of Brahma. In this Verse the word "Karma" means action done for the benefit of all living creatures and for the performance of the sacred rites prescribed in the Vedas for the purification of the soul.

ফলকা...। কীদৃশঃ জনং যোগারূঢ়ঃ যদা শমঃ কারণম্ উচ্যতে ইতি অত্র আহ, যদা

ইতি ইন্দ্রিয়ার্থেষু—ইন্দ্রিয়ভোগ্যেষু, তৎ সাধনেষু চ কর্ম্মসু যদা ন অনুষজ্জতে—আসক্তিং ন করোতি, তত্র হেতুঃ আসক্তিমূলভূতান্ ভোগবিষয়ান্ কর্ম্মবিষয়ান্ চ সংকল্পান্ সংন্যসিতুং—ত্যক্তুং, শীলং যস্য সঃ তদা যোগারূঢ়ঃ উচ্যতে ॥ ৪ ॥

যদা=যস্মিন্ চিত্তসমাধানকালে, সমাধি অবস্থাতে। সর্ব্ব সংকল্প সন্ন্যাসী=সর্ব্বান্ ইহামূত্রার্থকামহেতূন্ সংন্যসিতুং শীলং অস্যেতি সঃ, সর্ব্বেষাং সংকল্পানাং ইদংময়া কর্ত্তব্যং এতৎ ফলং ভোক্তব্যং ইত্যেবং রূপাণাং মনোবৃত্তিবিশেষাণাং তদ্বিষয়াণাঞ্চ ফলানাং তৎসাধনানাঞ্চ কর্ম্মণাং ত্যাগশীলঃ, সর্ব্বপ্রকার বাসনা ও মনঃসংকল্প পরিত্যাগী ব্যক্তি, অর্থাৎ আমি অমুক কার্য্য করিব এবং তাহার ফলভোগ করিব এইরূপ মনোবৃত্তি যাঁহার হৃদয়ে উপস্থিত না হয় তিনি সর্ব্ব সংকল্প সংন্যাসী। ইন্দ্রিয়ার্থেষু=শব্দাদিষু, ইন্দ্রিয়ের উপভোগ্য বিষয়ে। কর্ম্মসু=নিত্য নৈমিত্তিক কাম্য প্রতিসিদ্ধেষু প্রয়োজনাভাব বুদ্ধ্যা, নিজ প্রয়োজন সিদ্ধির অভাব বশতঃ কোন প্রকার নিত্য নৈমিত্তিক কাম্য অথবা নিসিদ্ধ কার্য্যে। ন অনুষজ্জতে=কর্ত্তব্যতাবুদ্ধিং ন করোতি. তেষাং মিথ্যাত্ব দর্শনেনাত্মনোঽকর্ত্রভোক্তৃপরমানন্দাদ্বয়স্বরূপ দর্শনেন চ প্রয়োজনাভাববুদ্ধ্যাঅহমেতেষাং কর্ত্তা মমৈতে ভোগ্যা ইত্যভিনিবেশরূপমনুষঙ্গং ন করোতি, ইন্দ্রিয়াদির উপভোগ্য বিষয় সকল এবং নিত্যনৈমিত্তিক কার্য্য সকল নিষ্প্রয়োজন, আমি তাহাদের কর্ত্তা বা ভোক্তা নহে এইরূপ মনে ধারণা করিয়া উক্ত বিষয়ে আসক্ত হন না। তদা=তস্মিন্ কালে, সর্ব্ব সংকল্প পরিত্যাগ জন্য যৎকালে ইন্দ্রিয়েব উপভোগ্য বিষয়ে আসক্তি না হয় তৎকালে।

কীদৃশ যোগারূঢ় ব্যক্তির পক্ষে সর্ব্বকর্ম্মসন্ন্যাসই মুক্তির কারণ তাহা ভগবান বলিতেছেন। কর্ম্মানুষ্ঠানদ্বারা যৎকালে মনঃ পবিত্রতা লাভ করে তখন যোগী সর্ব্ব সংকল্প পরিত্যাগ করিয়া ইন্দ্রিয়ের উপভোগ্য বিষয়ে অথবা নিত্য নৈমিত্তিক কাম্য কার্য্যে আসক্তিশূন্য হন। পাঠক স্মরণ রাখিবেন যে ভগবান্ এই অধ্যায়ে ধ্যানযোগের কথা বলিতেছেন। মনের একাগ্রতা ভিন্ন কখন ও যোগ হয় না, এবং একাগ্র মনঃ ব্রহ্মতে অবস্থান না করিলে ধ্যানযোগ হইতে পারে না। অতএব কিপ্রকারে সর্ব্বকর্ম্মসন্ন্যাস-দ্বারা যোগী সমাধিস্থ হন তাহাই ভগবান্ বলিতেছেন ॥ ৪ ॥

4. The reader must remember that Srikrishna describes in this Book how the mind can be fixed on the contemplation of Brahma. Unless the mind be passionless *i.e.* free from desires and impulses to work,it is impossible to enjoy that supreme tranquillity which sages have found in their minds. Happiness is the object in this life and in the life to come. But how can this happiness be found and enjoyed? It cannot be found in things external, as they are transient. If I love a thing, I shall have to weep for it when it goes away, for go it must. Therefore desires and attachments must be gradually abandoned and the mind should be trained to enjoy peace without external help. The soul should think about the soul. They must be friends to each other and not enemies. In the deep

উদ্ধরেদাত্মনাত্মনং, নাত্মান মবসাদয়েৎ।
আত্মৈব হ্যাত্মনো বন্ধুঃ, আত্মৈব রিপুরাত্মনঃ ॥ ৫ ॥

আত্মনা আত্মানং উদ্ধরেৎ, আত্মানং ন অবসাদয়েৎ। আত্মা এব হি আত্মনঃ বন্ধুঃ, আত্মা এব আত্মনঃ রিপুঃ ॥ ৫ ॥

আত্মাদ্বারা আত্মাকে উদ্ধার করিবেক, কখনই আত্মাকে অবসন্ন করিবেক না। কারণ আত্মাই আত্মার বন্ধু এবং আত্মাই আত্মার শত্রু ॥ ৫ ॥

5. By self should the soul be raised, by self the soul should never be depressed ; for self is the friend of the soul and self is its enemy.

---

recess of solitude the soul contemplates about Brahma and enjoys happiness supreme. If there be a stain in your mind, cast it off ; for unless the soul is clear like a crystal, it cannot reflect the sinless Brahma.

স্বামী। অতঃ বিষয়াসক্তিত্যাগে মোক্ষং তদাসক্তৌ চ বন্ধং পর্য্যালোচ্য রাগাদিস্বভাবং ত্যজেৎ ইতি আহ, উদ্ধরেৎ ইতি। আত্মনা-বিবেকযুক্তেন, আত্মানং সংসারাৎ উদ্ধরেৎ, নতু অবসাদয়েৎ—অধঃ নয়েৎ, হি—যতঃ, আত্মা এব মনঃসঙ্গাদ্যুপরতঃ, আত্মনঃ—স্বস্য, বন্ধুঃ—উপকারকঃ, রিপুঃ—অপকারকঃ ॥ ৫ ॥

আত্মনা = বিবেকযুক্তেন মনসা, নিত্যানিত্য বিবেক যুক্ত মনঃশক্তিদ্বারা। আত্মানং = স্ব জীবং, সংসারসমুদ্রে নিমগ্নং, সংসারসমুদ্রে নিমগ্ন স্বীয় আত্মাকে। উদ্ধরেৎ = ঊর্দ্ধং হরেৎ, বিষয়াসঙ্গপরিত্যাগেন যোগারূঢ়তাং আপাদয়েৎ, বিষয়ানুষঙ্গ পরিত্যাগপূর্ব্বক যোগারূঢ় করিবে। আত্মানং = বিষয়ানুষঙ্গেন আত্মানং, বিষয়াসক্তিদ্বারা আত্মাকে। ন অবসাদয়েৎ = সংসারসমুদ্রে ন মজ্জয়েৎ, সংসারসমুদ্রে নিমগ্ন করিবে না। হি = যস্মাৎ যে হেতুক আত্মাএব = মনঃসঙ্গাৎ উপরতঃ, সংসারে আসক্তিপরিশূন্য আত্মাই। আত্মনঃ = স্বস্য, নিজের আত্মার। বন্ধুঃ = হিতকারী, অর্থাৎ সংসারবন্ধনান্মোচনহেতুঃ, সংসার বন্ধনহইতে বিমুক্ত হইবার একমাত্র উপায়। আত্মা = সংসারসমুদ্রে নিমগ্নাত্মা। রিপুঃ = শত্রুঃ, অহিতকারী।

যোগারূঢ় আত্মাই যে আত্মার পরম মিত্র, এবং সংসারে লিপ্ত আত্মাই যে নিজের পরমশত্রু তাহাই ভগবান্ এই শ্লোকদ্বারা প্রকাশ করিতেছেন। আমরা সংসারে আসক্ত হইয়া রাগদ্বেষাদির বশপ্রযুক্ত আমাদিগের নিজের সর্ব্বনাশ করিতেছি, তাহা আমরা বিবেক বুদ্ধিভিন্ন বুঝিতে পারি না। বিদ্যাশিক্ষা গুরূপদেশ ইত্যাদি উপায়মাত্র; ফলতঃ আমাদিগের নিজের চেষ্টা ব্যতীত আমরা কদাপি আত্মাকে মোক্ষপথে উপস্থিত করিতে পারি না। বিবেকযুক্ত মনঃশক্তিদ্বারাই আমরা সংসার বন্ধনহইতে মুক্তিলাভ

করিতে পারি। নিত্যানিত্য পদার্থের বিচার করিবার শক্তির নাম বিবেক। এই বিবেক-দ্বারাই মানব স্বীয় আত্মাকে সংসারবন্ধনহইতে বিছিন্ন করিয়া মোক্ষপথে ধাবিত করে। ভগবান্ এই অমৃতময় উপদেশ বাক্যদ্বাবা মানবাত্মার অসীম শক্তির পরিচয় প্রদর্শন করিলেন। আত্মা স্বকীয় কর্ম্মফলে আবদ্ধ হন সন্দেহ নাই, কিন্তু আবার আত্মার শক্তি-দ্বারাই উক্ত কর্ম্মফল বিনষ্ট হইয়া থাকে। অনেক দুর্ব্বলমনাঃ বিপদকালে স্বীয় অদৃষ্টে বা কর্ম্মফলে দোষারোপ করিয়া এককালে অবসন্ন হইয়া পড়েন। কেহকেহ গ্রহগণের কোপে তাঁহাদিগের দুর্দ্দিন উপস্থিত হইয়াছে মনে করিয়া উদ্ধারের উপায় নাই বিবেচনায় এককালে অবসন্ন হন। এইরূপ লোকের সর্ব্বক্ষণ এই ঈশ্বর বাক্য স্মরণ রাখা অতীব কর্ত্তব্য।

আত্মা মুক্ত শুদ্ধ ও চৈতন্য, উহা স্বতই মহাশক্তিসম্পন্ন। কর্ম্মফলে অদৃষ্টে বা গ্রহগণের উপদ্রবে তাহার অবস্থান্তর হয় না। আমাদিগের মিত্র বা শত্রু কেহ নাই। কেবল অযুক্ত মনঃ আত্মার পরম শত্রু, এবং সংযত মনঃ আত্মার পরম মিত্র। কোন মহাত্মা বলিয়াছেন—

" ন যমং যমমিত্যাহুঃ, আত্মৈব যম উচ্যতে।
আত্মা সংযমিতো যেন, তং যমঃ কিং করিষ্যতি "॥

মহর্ষিগণ যমকে যম বলেন না, মনকে যম বলিয়াথাকেন, যিনি মনঃসংযম করিতে পারিয়াছেন তাঁহাকে যম কি করিবে? অতএব মনঃ এবং ইন্দ্রিয়গণকে আত্মার মিত্র করা সকলেরই কর্ত্তব্য। ৫॥

5. This verse dwells on self-help. It is wrong to say that we have enemies and friends, for we are our own friends and we are our own enemies. One who has his passions and desires under his perfect control and who has freed his mind from the trammels of the world is a friend to himself. On the other hand one who has failed to subdue his mind and whose desires and passions are not under his control, is an enemy to himself. Such a man cannot enjoy the serene tranquillity of mind referred to in the foot-notes on the preceding verse.

বন্ধুরাত্মাত্মনস্তস্য, যেনৈবাত্মাত্মনা জিতঃ।
অনাত্মনস্তু শত্রুত্বে, বর্ত্তেতাত্মৈব শত্রুবৎ ॥ ৬

যেন আত্মনা আত্মা জিতঃ, তস্য আত্মা এব আত্মনঃ বন্ধুঃ, তু অনাত্মনঃ আত্মা এব শত্রুবৎ শত্রুত্বে বর্ত্তেত ॥ ৬ ॥

যাঁহার আত্মাদ্বারা আত্মা বশীভূত, তাঁহার আত্মাই আত্মার বন্ধু, কিন্তু অজিতাত্মার আত্মাই শত্রুর ন্যায় শত্রুকার্য্যে প্রবৃত্ত হয় ॥ ৬ ॥

6. Self is his friend whose mind and senses have been subdued, but self is his enemy and acteth as such whose mind and senses are uncontrolled.

স্বামী। কথম্ভূতস্য আত্মা এব বন্ধুঃ, কথম্ভূতস্য চ আত্মা এব রিপুঃ ইতি অপেক্ষায়াং আহ, বন্ধুঃ ইতি। যেন আত্মনা এব আত্মা—কার্য্যকারণসংঘাতরূপঃ জিতঃ—বশীকৃতঃ, তস্য—তথাভূতস্য আত্মনঃ, আত্মাএব বন্ধুঃ, অনাত্মনঃ—অজিতাত্মনঃ, তু আত্মাএব আত্মনঃ শত্রুত্বে—শত্রুবৎ অপকারিত্বে, বর্ত্তেত ॥ ৬ ॥

আত্মনা=বিবেক যুক্তেন মনসা, বিবেকযুক্ত মনদ্বারা, বিজ্ঞানময় আত্মার সূক্ষ্মশক্তি-দ্বারা। আত্মা=কার্য্যকারণাদি সংঘাতঃ, স্থূল, সূক্ষ্ম ও কারণভাবে প্রকাশিত শরীর। জিতঃ=স্ববশীকৃতঃ, স্বীয়বশীভূত হইয়াছে। বন্ধুঃ=হিতকারী, উচ্ছৃঙ্খল প্রবৃত্ত্যভাবেন স্বহিতকরণাৎ, দ্বেষ প্রবৃত্তি রহিত নিজের মঙ্গল কারক। তু=পক্ষান্তরে। অনাত্মনঃ= অজিতাত্মনঃ, অজিতেন্দ্রিয় ব্যক্তির। আত্মা=অবিদ্যান্ধকারাচ্ছন্নং মনঃ, অবিদ্যারূপ অন্ধকারে সমাচ্ছন্ন মনঃ। শত্রুবৎ=বাহ্যশত্রুরিবোচ্ছৃঙ্খল প্রবৃত্ত্যা স্বস্য স্বেনানিষ্টাচরণাৎ, বাহ্যশত্রুর ন্যায় উদ্‌যোগ প্রবৃত্তিদ্বারা নিজে নিজের অনিষ্টকারী।

আত্মাই আত্মার বন্ধু, এবং আত্মাই আত্মার পরমশত্রু ইহা বলিয়া এইক্ষণ এইশ্লোকে কি প্রকারে আত্মা মানবের বন্ধু, এবং কি প্রকারে আত্মা মানবের শত্রু তাহা ভগবান্ প্রকাশ করিতেছেন। যিনি বিবেক বুদ্ধিদ্বারা স্বীয় ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়াছেন তাঁহার উক্ত বিজিতাত্মা স্বীয় স্থূল সূক্ষ্ম ও কারণভাবে প্রকাশিত শরীরের পরম বন্ধু। পক্ষান্তরে অজিতেন্দ্রিয়ের মনঃ নিজ আত্মা-রূপ স্থূল সূক্ষ্ম ও কারণভাবে প্রকাশিত শরীরের পরম শত্রু। আমাদিগের পার্থিব শত্রুদ্বারা ক্ষণভঙ্গুর বিষয় সম্পত্তি বিনষ্ট বা উচ্ছৃঙ্খলতা প্রাপ্ত হয়। কিন্তু যাহার ইন্দ্রিয়গণ বিজিত হয় নাই তাহার অবিবেকযুক্ত মোহান্ধকার-ময় আত্মা, তাঁহার পার্থিব ও পারলৌকিক সমস্ত বিষয়ে পরম শত্রুর ন্যায় কার্য্য করে ॥ ৬ ॥

6. The word *Atma* in this and in the preceding verse has been used in different senses. He who by his spiritual soul has subdued his senses, his animal and his human soul, is in possession of a soul which is a friend

জিতাত্মনঃ প্রশান্তস্য, পরমাত্মা সমাহিতঃ।
শীতোষ্ণসুখদুঃখেষু, তথামানাপমানয়োঃ ॥ ৭ ॥

জিতাত্মনঃ প্রশান্তস্য পরমাত্মা শীতোষ্ণসুখদুঃখেষু তথা মানাপমানয়োঃ সমাহিতঃ (ভবতি) ॥ ৭ ॥

কেবল বিজিতেন্দ্রিয় ও শান্তিসম্পন্ন ব্যক্তিরই পরমাত্মা শীত উষ্ণ সুখ দুঃখ এবং মান ও অপমানে (সমভাবে) সমাহিত হয় ॥ ৭ ॥

7. His spirit alone, whose senses and mind are subdued, and who is devoid of passions and desires, remaineth fixed in Brahma amidst heat and cold, pleasure and pain, honour and disgrace.

---

to himself; but on the other hand the uncontrolled mind and senses of a man act as a great enemy to his own soul or spirit which remains shrouded with the darkness of delusion (মায়া).

স্বামী। জিতাত্মনঃ স্বস্মিন্ বন্ধুত্বং স্পষ্টয়তি জিতাত্মনঃ ইতি। জিতঃ আত্মা যেন তস্য প্রশান্তস্য—রাগাদি রহিতস্য, এব পরং—কেবলং, আত্মা শীতোষ্ণাদিষু সৎসু অপি সমাহিতঃ—আত্মনিষ্ঠঃ, ভবতি, ন অন্যস্য। যদ্বা তস্য হৃদি পরমাত্মা সমাহিতঃ—স্থিতঃ, ভবতি ॥ ৭॥

জিতাত্মনঃ=কার্য্যকারণাদি সংঘাত আত্মা জিতো যেন স জিতাত্মা, তস্য জিতেন্দ্রিয়স্য, কার্য্যকারণহইতে উৎপন্ন মনঃ ও ইন্দ্রিয়গণ যিনি জয় করিয়াছেন তাঁহার। প্রশান্তস্য=সর্ব্বত্র সমবুদ্ধ্যা রাগদ্বেষাদিশূন্যস্য, সকল বস্তুতে সমবুদ্ধি এবং অনুরাগ ও বিদ্বেষশূন্য ব্যক্তির। পরং=কেবলং, কেবল সেই আত্মাই। মানাপমানয়োঃ=পূজাপরিভবয়োঃ, মান ও অপমানে। সমাহিতঃ=সমাধিবিষয়ো যোগারূঢ়ো ভবতি, সমাধি অবস্থায় ঈশ্বরে অবস্থান করে।

জিতাত্মা ব্যক্তি কিরূপে আত্মার বন্ধু, তাহাই ভগবান্ এই শ্লোকে প্রদর্শন করিতেছেন। শীতোষ্ণ সুখ দুঃখ মানাপমানে সর্ব্বদা বিচলিত হইলে শান্তিসুখ ভোগ করা যায় না। অতএব যিনি মনঃ ও ইন্দ্রিয়গণকে সম্পূর্ণরূপে জয় করিয়াছেন তিনি সকল সময়ে সমভাবে অবস্থান করেন, এবং তাঁহার মনে কোন বস্তুদ্বারা বিকার উপস্থিত হয় না। এইরূপ জিতেন্দ্রিয় লোকের আত্মাই সর্ব্বদা ঈশ্বরে সমাহিত থাকিতে পারে। ধ্যানস্থ হইবার অগ্রে স্থূল সূক্ষ্ম এবং কারণ শরীর কি প্রকার হওয়া আবশ্যক তাহাই পরমকারুণিক ভগবান্ ৭ম, ৮ম, ৯ম শ্লোকদ্বারা প্রকাশ করিতেছেন ॥ ৭ ॥

7. Verses 7, 8 and 9 describe the bodily and mental condition of the man who alone is considered fit to sit in divine contemplation (*dhyan*).

জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা, কূটস্থো বিজিতেন্দ্রিয়ঃ।
যুক্ত ইত্যুচ্যতে যোগী, সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ ॥ ৮ ॥

জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা কূটস্থঃ বিজিতেন্দ্রিয়ঃ সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ যোগী যুক্তঃ ইতি উচ্যতে ॥ ৮ ॥

জ্ঞান ও বিজ্ঞানদ্বারা যাঁহার আত্মা পরিতৃপ্ত হইয়াছে, যাঁহার চিত্ত নির্ব্বিকার, যাঁহার ইন্দ্রিয়গণ বশীভূত ও মৃত্তিকা প্রস্তর এবং স্বর্ণে যাঁহার সমজ্ঞান এতাদৃশ মহাত্মা যোগারূঢ় বলিয়া কথিত হন ॥ ৮ ॥

8. He is said to have attained devotion who enjoyeth perfect satisfaction from knowledge and perception, who is unmoved by external objects, whose senses and mind are under his perfect control and to whom clay, stone and gold are all alike.

First of all he must be "জিতাত্মা" or a man whose mind and senses are perfectly under his control. Secondly he must be "প্রশান্তঃ" or a man who sees everything with an equal eye, and who is devoid of love and hatred, and thirdly he must be "সমাহিতঃ" or a man whose mind remains firmly fixed in God amidst the trials and vicissitudes of life.

স্বামী। যোগারূঢ়স্য লক্ষণং শ্রৈষ্ঠ্যং চ উক্তং উপসংহরতি, জ্ঞান বিজ্ঞান তৃপ্তাত্মা ইতি, জ্ঞানং—ঔপদেশিকং, বিজ্ঞানং—অপরোক্ষানুভবঃ, তাভ্যাং তৃপ্তঃ—নিরাকাঙ্ক্ষঃ, আত্মা-চিত্তং, যস্য অতঃ কূটস্থঃ নির্ব্বিকারঃ, অতএব বিজিতানি ইন্দ্রিয়াণি যেন, অতএব সমানি লোষ্ট্রাদীনি যস্য, মৃৎখণ্ডপাষাণসুবর্ণেষু হেয়োপাদেয়বুদ্ধিশূন্যঃ, সঃ যুক্তঃ—যোগরূঢ়ঃ, ইতি উচ্যতে ॥ ৮ ॥

জ্ঞানং—শাস্ত্রোক্তানাং পদার্থানাং ঔপদেশিকং, শাস্ত্র অনুমান ও যুক্ত্যাদিদ্বারা যে জ্ঞান লাভ হয় তাহাকে জ্ঞান বলে। বিজ্ঞানং=তদপ্রামাণ্যশঙ্কানিরাকরণফলেন বিচারেণ তথৈব তেষাং স্বানুভবেনাপরোক্ষীকরণং বিজ্ঞানং, উক্ত জ্ঞানদ্বারা সপ্রমাণিত তত্ত্ব সকলের প্রত্যক্ষানুভবের নাম বিজ্ঞান। তৃপ্তাত্মা=সংজাতালংপ্রত্যয়ঃ আত্মা অন্তঃকরণং যস্য স তৃপ্তাত্মা, উক্ত প্রকারের প্রত্যয়দ্বারা যাহার অন্তঃকরণ পরিতৃপ্ত হইয়াছে তাঁহাকে তৃপ্তাত্মা বলে। • কূটস্থঃ—(কূটঃ—দৃঢ়ঃ) বিষয় সন্নিধাবপি বিকার শূন্যঃ, ইন্দ্রিয়ের উপভোগ্য বিষয় সকল নিকটে থাকিলেও যাহার মনে বিকার না জন্মে। বিজিতেন্দ্রিয়ঃ—কামক্রোধাদি রহিতঃ। সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ=সমানি মৃৎপিণ্ডপাষাণ কাঞ্চনানি যস্য, সঃ সমলোষ্ট্রাশ্মকাঞ্চনঃ, যিনি মৃত্তিকা, শীলা, ও স্বর্ণকে সমানরূপ দৃষ্টি করেন। যুক্তঃ—সমাহিতঃ, যোগারূঢ়ঃ পরমহংসঃ পরিব্রাজকঃ, পরম বৈরাগ্য যুক্ত।

"সর্ব্বংখল্বিদং ব্রহ্ম" এই জ্ঞান লাভপূর্ব্বক প্রত্যক্ষানুভবদ্বারা উহার উপলব্ধি করিয়া যাঁহার আত্মা পরিতৃপ্ত হইয়াছে, যাঁহার মনঃ নির্ব্বিকার অর্থাৎ ইন্দ্রিয়ের বিষয় সকল

সুহৃন্মিত্রার্য্যুদাসীন, মধ্যস্থদ্বেষ্যবন্ধুষু।
সাধুষ্বপি চ পাপেষু, সমবুদ্ধির্বিশিষ্যতে ॥ ৯॥

(যঃ) সুহৃন্মিত্রার্য্যুদাসীন মধ্যস্থদ্বেষ্যবন্ধুষু সাধুষু পাপেষু চ অপি সমবুদ্ধিঃ (সঃ) বিশিষ্যতে ॥ ৯ ॥

সুহৃদ্, মিত্র, অরি, উদাসীন, মধ্যস্থ, অপকারী, বন্ধু, পুণ্যবান্ পাপী ও অন্যান্য সকল জীবে যাঁহার সমান বুদ্ধি তিনিই শ্রেষ্ঠ ॥ ৯ ॥

9. He is truly great who thinketh alike of a well-wisher, a friend, and an enemy; of an indifferent man, an arbitrator, and an evil-doer; of a relation, a saint and a sinner; in fine, of all in the animated creation.

সন্নিধানে থাকা সত্ত্বে ও যাহার অন্তঃকরণ বিকার শূন্য, যাঁহার মনঃ ও ইন্দ্রিয়গণ সম্পূর্ণরূপে বশীভূত হইয়াছে, যাঁহার অন্তঃকরণহইতে ধনলিপ্সা এককালে অন্তর্হিত হইয়াছে এইরূপ মহাত্মা ধ্যানস্থ হইতে পারেন। এইরূপ মহাত্মারাই নিরাকার নির্গুণ ব্রহ্মের উপাসনা করিতে সক্ষম। যে পর্য্যন্ত মনের ঐরূপ অবস্থা না হয় ততদিন সাকার ব্রহ্মের উপাসনা করাই যুক্তি সঙ্গত ॥ ৮ ॥

8. The man who sits in divine contemplation (*dhyan*) must also possess the following qualifications. He must be "জ্ঞানবিজ্ঞানতৃপ্তাত্মা" i. e. one whose mind is fully satisfied with true knowledge gained by study and reasoning and who actually perceives the truths of his study. "জ্ঞানং" is that knowledge which is acquired by study and contemplation; and "বিজ্ঞানং" is the perception of that knowledge without the faintest shadow of a doubt. When this *Jnan* is obtained, the universe appears as an expansion of Brahma whose personality is perceived as Sath + Chith + Ananda. God is the one reality (*Suth*) in the universe, all others like a fleeting shadow or a moving mirage, spring from Him and in Him do they disappear. He is *Chith* or ever-awake controlling systems over system of creation, guiding events affecting the well-being of created objects and directing the social, political, moral, and intellectual well-being of the human race. He is *Ananda* or happiness supreme. The nature of this Sath, Chith, Ananda must be seen by the Yogee's own spiritual vision and seeing Him thus he (Yogee) will long for nothing more. The Yogee who sits in *Dhyan* must be "কূটস্থঃ" or one on whom external objects cannot produce any effect. He must be "বিজিতেন্দ্রিয়ঃ" or one who has conquered his own self. He must also consider clay, stone and gold all alike.

স্বামী। সুহৃন্মিত্রাদিষু সমবুদ্ধিযুক্তঃ তু ততঃ অপি শ্রেষ্ঠঃ ইতি আহ, সুহৃৎ ইতি। সুহৃৎ—স্বভাবেন এব হিতাশংসী, মিত্রং—স্নেহবশেন উপকারকঃ, অরিঃ—ঘাতুকঃ, উদাসীনঃ—বিবদমানয়োঃ উভয়োঃ অপি উপেক্ষকঃ, মধ্যস্থঃ—বিবদমানয়োঃ উভয়োঃ অপি হিতাশংসী, দ্বেষ্যঃ—দ্বেষবিষয়ঃ, বন্ধুঃ—সম্বন্ধী, সাধবঃ—সদাচারাঃ, পাপাঃ—দুরাচারাঃ, এতেষু সমাঃ—রাগদ্বেষশূন্যাঃ, বুদ্ধিঃ যস্য সঃ তু বিশিষ্টঃ ॥ ৯ ॥

সুহৃদ্ = প্রত্যুপকারমনপেক্ষ্য পূর্ব্বস্নেহসম্বন্ধং বিনৈব উপকর্ত্তা, প্রত্যুপকারের আশা না করিয়া এবং পূর্ব্ব স্নেহ সম্বন্ধ ব্যতিরেকে যিনি উপকার করেন তিনিই সুহৃদ্।

কবাবিব শরীরস্য, চক্ষুষঃ পক্ষ্মণী যথা।
অনিবেদ্য হিতং কুর্য্যাৎ, তদেব মিত্র মুচ্যতে ।

অপরঞ্চ

অত্যাগসহনো বন্ধুঃ, সদৈবানুগতঃ সুহৃৎ।
একক্রিয়ং ভবেন্মিত্রং, সমপ্রাণঃ সখা মতঃ ॥

মিত্রং=স্নেহেনোপকারকঃ, স্নেহবশতঃ উপকারী। অরিং = কৃতাপকার মনপেক্ষ্য স্বভাবক্রৌর্য্যেণ অপকর্ত্তা, অপকার প্রাপ্ত না হইয়া নিজের স্বাভাবিক ক্রূরতাবশতঃ যিনি অন্যের অপকার করেন। উদাসীনঃ=(উৎ=আস×শান=উপবেশন করা) ন কস্যচিৎ পক্ষং ভজতে, বিবদমানয়োরুভয়ো রপ্যুপেক্ষকঃ, বিবাদলিপ্ত উভয় পক্ষের কোন পক্ষের যিনি সমর্থন না করেন। মধ্যস্থঃ=বিবদমানয়োরুভয়োরপি হিতৈষী, বিবাদে লিপ্ত উভয় পক্ষের হিতাকাঙ্ক্ষী। দ্বেষ্যঃ=স্বকৃতাপকারমনপেক্ষ্য অপকর্ত্তা, নিজের অপকার আশঙ্কা করিয়া যিনি অন্যের অপকার করেন। বন্ধুঃ = সম্বন্ধেন উপকর্ত্তা, সম্বন্ধ আছে বলিয়া যিনি উপকার করেন। সাধুঃ=শাস্ত্রবিহিতকারী শাস্ত্রানুবর্ত্তী ব্যক্তি। পাপেষু=শাস্ত্রপ্রতিষিদ্ধকারিষু, শাস্ত্রের বিধান উল্লঙ্ঘন করিয়া যিনি পাপকার্য্যে রত, তাহাতে। চ=চকারাৎ অন্যেষ্বপি সর্ব্বেষু, এবং অন্যান্য সকল প্রাণীতে। সমবুদ্ধিঃ= সর্ব্বত্র রাগদ্বেষশূন্যঃ, কঃ কীদৃক্কর্ম্মা ইতি অব্যাপৃতবুদ্ধিঃ, সকল প্রাণীতে রাগদ্বেষশূন্য, কে কিপ্রকার কার্য্য করিতেছে ইহা যিনি বিবেচনা করেন না তিনি সমবুদ্ধি। বিশিষ্যতে= সর্ব্বত্র উৎকৃষ্টো ভবতি, তিনি সকলহইতে শ্রেষ্ঠ। বিমুচ্যতে ইতি বা পাঠঃ। তাহা হইলে তিনিই কর্ম্মবন্ধনহইতে মুক্তি লাভ করেন এই রূপ অর্থ।

যোগারূঢ় ব্যক্তির প্রাণি জগতের সম্বন্ধে কিপ্রকার ব্যবহার করা কর্ত্তব্য তাহা ভগবান্ এই শ্লোকে বর্ণন করিতেছেন। সুহৃদ্ মিত্র অরি উদাসীন ইত্যাদি সর্ব্বপ্রকার সম্বন্ধ-বিশিষ্ট এবং সাধু অসাধু সকল প্রকার নিঃসম্বন্ধ ব্যক্তিগণে অর্থাৎ এই অনন্ত প্রাণিজগতে যাঁহার সমবুদ্ধি তিনিই যোগে আরোহণ করিয়া পরমাত্মার ধ্যান করিতে সক্ষম ॥ ৯ ॥

9. A man who looks with an equal eye on a friend, a foe, a relation or a stranger, in fine on every thing that may be found in this creation, is truly great and is alone capable of composing his mind for divine contemplation.

যোগী যুঞ্জীত সততং, আত্মানং রহসি স্থিতঃ।
একাকী যতচিত্তাত্মা, নিরাশীরপরিগ্রহঃ॥ ১০॥

যোগী সততং রহসি স্থিতঃ, একাকী, যতচিত্তাত্মা, নিরাশীঃ, অপরিগ্রহঃ, (সন্) আত্মানং যুঞ্জীত॥ ১০॥

যোগারূঢ় ব্যক্তি সর্ব্বদা নির্জ্জন প্রদেশে একাকী অবস্থান করিয়া অন্তঃকরণ ও দেহকে বশীভূত করিয়া নিরাকাঙ্ক্ষ হইয়া এবং দানগ্রহণ না করিয়া স্বীয় আত্মাকে সমাধি অবস্থায় রাখিবেন॥ ১০॥

10. The Yogee who aspireth to divine contemplation, should always live in solitude, and subduing his mind and body, forsaking all desires for gain and gifts should practise concentration.

স্বামী। এবং যোগারূঢ়স্য লক্ষণং উক্ত্বা ইদানীং তস্য সাঙ্গং যোগং বিধত্তে, যোগী ইতি "সঃ যোগী পরমঃ মতঃ" ইতি অন্তেন গ্রন্থেন। যোগী—যোগারূঢ়ঃ, আত্মানং—মনঃ, যুঞ্জীত—সমাহিতং কুর্য্যাৎ। সততং—নিরন্তরং, রহসি—একান্তে, স্থিতঃ সন্ একাকী—সঙ্গশূন্যঃ, যতং—সংযতং, চিত্তং—আত্মা, দেহঃ চ যস্য, নিরাশীঃ—নিরাকাঙ্ক্ষঃ, অপরিগ্রহঃ—পরিগ্রহ শূন্যঃ চ॥ ১০॥

যোগী = ধ্যায়ী, যোগারূঢ় ব্যক্তি। সততং = নিরন্তরং, সর্ব্বদা। রহসি = নির্জ্জনে গুহাদৌ নির্জ্জন প্রদেশে, যোগপ্রতিবন্ধক দুর্জ্জনাদিবর্জ্জিতে দেশে, নির্জ্জন স্থানে। একাকী = ত্যক্তসর্ব্বগৃহপরিজনঃ, সকল গৃহপরিবার পরিত্যাগ করিয়া একাকী। যতচিত্তাত্মা = চিত্তং অন্তঃকরণং আত্মা দেহশ্চ সংযতঃ—যোগপ্রতিবন্ধকব্যাপারশূন্যঃ, যস্য স যতচিত্তাত্মা, অন্তঃকরণ ও দেহ সম্পূর্ণরূপে যিনি সংযত করিয়াছেন। নিরাশীঃ = বৈরাগ্যদার্ঢ্যেন বিগততৃষ্ণঃ, বিষয়বৈরাগ্যদ্বারা লাভাশা পরিশূন্য। অপরিগ্রহঃ = (পরি × গ্রহ = গ্রহণ করা) শাস্ত্রাভ্যনুজ্ঞাতেনাপি যোগপ্রতিবন্ধকেন পরিগ্রহেণ শূন্যঃ, শাস্ত্রানুমোদিত হইলেও যোগ প্রতিবন্ধক পদার্থ যিনি গ্রহণ করেন না। আত্মানং = চিত্তং, চিত্তকে। যুঞ্জীত = ক্ষিপ্তমূঢ়বিক্ষিপ্তভূমি পরিত্যাগেন একাগ্রনিরোধভূমিষ্ঠ্যাং সমাহিতং কুর্য্যাৎ, ক্ষিপ্ত মূঢ় ও বিক্ষিপ্ত অবস্থা পরিত্যাগপূর্ব্বক চিত্তের একাগ্রতা সমাধান করিবেন।

ধ্যানস্থ হইবার অগ্রে যোগীর কিপ্রকার ব্যবহার এবং মানসিক অবস্থা হওয়া কর্ত্তব্য তাহা ভগবান্ এই শ্লোকে বর্ণনা করিতেছেন। যোগী ব্যক্তি কোন জনশূন্য অথচ মনোরম প্রদেশে বাস করিবেন। ফলতঃ নির্জ্জন স্থান ভিন্ন মানবাত্মা পরমাত্মাকে দর্শন করিতে পারে না। মৌনাবলম্বনপূর্ব্বক নির্জ্জন স্থানে নিরন্তর বাস না করিলে মনের মালিন্য সকল ক্রমে ক্রমে বিনষ্ট হয় না, এবং মনের আধ্যাত্মিক শক্তিসকল বিকাশিত

শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য, স্থিরমাসন মাত্মনঃ।
নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং, চেলাজিনকুশোত্তরম্ ॥ ১১ ॥
তত্রৈকাগ্রং মনঃ কৃত্বা, যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ।
উপবিশ্যাসনে যুঞ্জ্যাৎ, যোগমাত্মবিশুদ্ধয়ে ॥ ১২ ॥

দ্বয়োঃ অন্বয়ঃ।

ন অত্যুচ্ছ্রিতং ন অতিনীচং চেলাজিন কুশোত্তরং আত্মনঃ স্থিরং আসনং শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য তত্র আসনে উপবিশ্য যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ (সন্) মনঃ একাগ্রং কৃত্বা আত্মবিশুদ্ধয়ে যোগং যুঞ্জ্যাৎ ॥ ১১ ॥ ১২ ॥

অতি উচ্চ বা অতি নিম্ন না হয় কুশোপরি ব্যাঘ্রাদি চর্ম্ম তদুপরি বস্ত্র-দ্বারা রচিত যে আপনার স্থির আসন তাহা কোন এক পবিত্রস্থানে স্থাপন পূর্ব্বক তদুপরি উপবেশন পুরঃসর, দেহ ইন্দ্রিয় ও মনের ক্রিয়া সকল সংযত করিয়া এবং মনকে একাগ্র করিয়া আত্মাকে পবিত্র করিবার জন্য যোগাভ্যাস করিবেন ॥ ১১ ॥ ১২ ॥

11, 12. He should then spread his seat composed of *kusha* grass covered with deer-skin and cloth on an undefiled place neither too high nor too low. Then firmly sitting on it and restraining his mind, body and senses he should concentrate his mind for its purification to a prolonged contemplation of Brahma.

হয় না। তদনন্তর যোগী স্বীয় অন্তঃকরণ ও শরীরকে সংযত করিয়া এবং বিষয়বাসনা পরিত্যাগপূর্ব্বক কাহার ও নিকট কোন প্রকার দান গ্রহণ না করিয়া মনকে একাগ্র করিতে অভ্যাস করিবেন ॥ ১০ ॥

10. The Yogee, before he sits in *dhyan*, should retire to a secluded place. The innate powers of the soul cannot manifest themselves, unless they are cultivated in the dark regions of solitude where the senses deprived of their respective objects remain quiescent. He should then practise self-restraint and abandoning all desires for gain or gifts, train his mind to concentrate his thoughts to Brahma,

স্বামী। আসননিয়মং দর্শয়ন্ আহ শুচৌ ইতি দ্বাভ্যাং। শুদ্ধে স্থানে আত্মনঃ—স্বস্য, আসনং স্থাপয়িত্বা, কীদৃশং স্থিরং—অচঞ্চলং, ন অত্যুচ্ছ্রিতং ন চ অতিনীচং, চেলং—বস্ত্রং, অজিনং—ব্যাঘ্রাদি চর্ম্ম, চেলাজিনে কুশেভ্যঃ উত্তরে যস্য কুশানাং উপরি চর্ম্ম তদুপরি বস্ত্রং আস্তীর্য্য ইত্যর্থঃ ॥ ১১ ॥

স্বামী। তত্র তস্মিন্‌ আসনে উপবিশ্য একাগ্রং—বিক্ষেপরহিতং, মনঃ কৃত্বা যোগং যুঞ্জ্যাৎ—অভ্যসেৎ, যতা—সংযতা, চিত্তস্য ইন্দ্রিয়াণাং চ ক্রিয়া যস্য আত্মনঃ—মনসঃ, বিশুদ্ধয়ে—উপশান্তয়ে ॥ ১২ ॥

আত্মনঃ=স্বস্য, নিজের। স্থিরং=নিশ্চলং, যাহা অটলভাবে থাকে। চেলং=বস্ত্রং, পরিধান যোগ্য বস্ত্র। অজিনং=মৃগব্যাঘ্রাদিচর্ম্ম। কুশোত্তরং=কুশেভ্যঃ উত্তরে উপরি, কুশের উপরিভাগে। নাত্যুচ্ছ্রিতং=ন অতি উচ্চং, অত্যন্ত উচ্চ না হয়। শুচৌ দেশে=স্বভাবতঃ সংস্কারতো বা শুদ্ধে জনসমুদায়রহিতে নির্ভয়ে গঙ্গাতটগিরিগুহাদৌ দেশে, স্বভাবতঃ অথবা সংস্কারাদিদ্বারা পরিশুদ্ধ লোকাদিরহিত ও ভয়শূন্য গঙ্গাতট কি গিরিগহ্বরাদিতে। প্রতিষ্ঠাপ্য=স্থাপয়িত্বা, সংস্থাপনপূর্ব্বক। তত্র=তস্মিন্‌ সেই। উপবিশ্য=ন তু শয়ান স্তিষ্ঠন্‌ বা আসীনঃ, উপবেশন করিয়া। যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ=যতা সংযতা চিত্তস্য ইন্দ্রিয়াণাঞ্চ ক্রিয়া যস্য সঃ যতচিত্তেন্দ্রিয়ক্রিয়ঃ, যাহার মনঃ এবং ইন্দ্রিয়গণের ক্রিয়া সংযত। মনঃ একাগ্রং কৃত্বা=রাজসতামসব্যুত্থানাখ্য প্রাগুক্ত ভূমিকাত্রয় পরিত্যাগেন এক বিষয়কধারাবাহিকানেকবৃত্তি যুক্তমুদ্রিক্তসত্বং মনঃ কৃত্বা, রাজসিক এবং তামসিক উক্ত মূঢ় ক্ষিপ্ত ও বিক্ষিপ্ত অবস্থা পরিত্যাগপূর্ব্বক এক বিষয়ে ধারাবাহিক চিন্তাদ্বারা মনকে একাগ্র করিয়া। আত্মবিশুদ্ধয়ে=অন্তঃকরণস্য শুদ্ধ্যর্থং, অন্তঃকরণ পবিত্র করিবার জন্য। যোগং যুঞ্জ্যাৎ=আত্মাবলোকন জন্য সংপ্রজ্ঞাত সমাধিং অভ্যসেৎ, আত্মাকে অবলোকন জন্য সম্প্রজ্ঞাত সমাধির অভ্যাস করিবেন।

যোগী ধ্যানস্থ হইবার পূর্ব্বে কিপ্রকার আসন রচনা করিবেন তাহাই ভগবান্‌ বলিতেছেন। প্রথমতঃ একখণ্ড সমতলভূমি যোগাসন জন্য স্থির করিবেন উহা অতিউচ্চ না হয় কারণ অতিউচ্চস্থানহইতে পতনের ভয় থাকে। এবং অতিনীচ না হয়, কারণ বর্ষাকালে নীচ স্থান কর্দ্দমময় হইতে পারে। এইরূপ সমতল স্থানে প্রথমতঃ কুশাসন বিস্তার করিয়া তদুপরি ব্যাঘ্রচর্ম্ম অথবা মৃগচর্ম্ম এবং তদুপরি বস্ত্র আচ্ছাদনপূর্ব্বক যোগাসন প্রস্তুত করিবেন। তদুপরি উপবেশন করিয়া দেহ, মনঃ এবং ইন্দ্রিয়গণের কার্য্য সকল সংযতপূর্ব্বক মনকে পবিত্র করিবার জন্য ধারাবাহিক ব্রহ্মচিন্তা করিবেন ॥ ১১ ॥ ১২ ॥

11, 12. These two verses describe as to how the Yogee should sit in *dkyan.* Verse 11 describes the seat. A sacred spot should be selected so that the surrounding scenery may vividly impress on the mind the grandeur of creation and the greatness of the Creator. For this purpose a beautiful site by a running rivulet amidst hills and lofty mountains, or the bank of the sacred Ganga or a sea-shore should be selected. A tiger-skin or a deer-skin should be placed between *kusha* grass and a piece of cloth, the former spread on the ground. It is said that the skin thus placed generates a slow but steady current of electricity which acts as a tonic to the system. The ground selected should not be either too high

সমংকায়শিরোগ্রীবং, ধারয়ন্নচলং স্থিরঃ।
সম্প্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং, দিশশ্চানবলোকয়ন্ ॥ ১৩ ॥
প্রশান্তাত্মা বিগতভীঃ, ব্রহ্মচারিব্রতে স্থিতঃ।
মনঃ সংযম্য মচ্চিত্তঃ, যুক্ত আসীত মৎপরঃ ॥ ১৪ ॥

দ্বয়োঃ অন্বয়ঃ।

প্রশান্তাত্মা (যোগী) কায়শিরোগ্রীবং অচলং (যথাস্যাৎ তথা) সমং ধারয়ন্, স্থিরঃ (সন্) স্বংনাসিকাগ্রং সংপ্রেক্ষ্য দিশঃ অনবলোকয়ন্ চ বিগতভীঃ ব্রহ্মচারিব্রতে স্থিতঃ, মনঃ সংযম্য, মচ্চিত্তঃ যুক্তঃ মৎপরঃ (চ সন্) আসীত ॥ ১৩ ॥

প্রশান্তচেতাঃ (যোগী) তদীয় শরীর মস্তক এবং গ্রীবা অচলভাবে উন্নত রাখিয়া দৃঢ়প্রযত্নসহকারে কেবল স্বীয় নাসিকাগ্র নিরীক্ষণ করিয়া, এবং দিক্‌সকল অবলোকন না করিয়া নির্ভীকমনে ব্রহ্মচারিব্রত অবলম্বন করিয়া মনঃসংযম করত আমাতে চিত্তসমর্পণ করিয়া ও মৎপরায়ণ হইয়া সমাধি অবস্থায় অবস্থান করিবে ॥ ১৪ ॥

13, 14. The man of devotion freed from love and hatred, with a firm resolution, holding erect his back, neck and head, his eyes fixed on his nose-end and without looking around, quit of all fears, observing rigidly the vow of purity and controlling his senses, should concentrate his mind to Me, thinking Me supreme.

---

or too low. A high place may make the head giddy and induce the risk of a fall. A low place may accumulate water during the rains causing dampness. The Yogee should sit firmly. Patanjal in his Yog philosophy says that the devotee should sit in a posture conducive to his happiness, verse 46, second section. The ordinary posture adopted by the Hindu Yogees is to sit cross-legged, the one leg resting on the other. The mental condition needed when in *dhyan* is depicted in verse 12. The mind should never wander. It should be lifted above all worldly things and concentrated to a prolonged contemplation of Brahma. The *Om* which represents the Creator is generally the first object of contemplation. All sinful and gross desires as they spring up, should be abandoned for ever, as they eat into the vitals of a spiritual life. The initial object of the *dhyan* has been given in the last two words of verse 12, viz. the purification of the mind.

স্বামী। চিত্তৈকাগ্র্যোপযোগিনীং দেহাদিধারণাং দর্শয়ন্ আহ, সমং ইতি দ্বাভ্যাং। কায় ইতি দেহস্য মধ্যভাগঃ বিবক্ষিতঃ কায়ঃ চ শিরঃ চ গ্রীবা চ কায়শিরোগ্রীবং। মূলাধারাৎ আরভ্য মূর্দ্ধাগ্রপর্য্যন্তং সমং—অবক্রং, নিশ্চলং ধারয়ন্ স্থিরঃ—দৃঢ়প্রযত্নঃ, ভূত্বা ইত্যর্থঃ। স্বীয়ং নাসিকাগ্রং সংপ্রেক্ষ্য চ অর্দ্ধনিমীলিতনেত্রঃ ইত্যর্থঃ। ইতস্ততঃ দিশঃ চ অনবলোকয়ন্ আসীত ইতি উত্তরেণ অন্বয়ঃ ॥ ১৩ ॥

স্বামী। প্রশান্তাত্মা ইতি প্রশান্তঃ আত্মা—চিত্তং, যস্য বিগতা ভীঃ—ভয়ং, যস্য ব্রহ্মচারিব্রতে—ব্রহ্মচর্য্যে, স্থিতঃ সন্ মনঃ সংযম্য—প্রত্যাহৃত্য, ময়ি এব চিত্তং যস্য, অহং এব পরঃ পুরুষার্থঃ যস্য সঃ মৎপরঃ, এবং যুক্তঃ ভূত্বা তিষ্ঠেৎ ॥ ১৪ ॥

প্রশান্তাত্মা=প্রকর্ষেণ শান্তঃ আত্মা অন্তঃকরণং যস্য সোঽয়ং প্রশান্তাত্মা, নিদান-নিবৃত্তিরূপেণ প্রকর্ষেণ শান্তঃ রাগাদিদোষরহিতঃ আত্মা অন্তঃকরণং যস্য সঃ প্রশান্তাত্মা, নিবৃত্তি মার্গাবলম্বন করিয়া যাহার অন্তঃকরণ রাগদ্বেষাদি পরিশূন্য তিনিই প্রশান্তাত্মা। কায়শিরোগ্রীবং=কায়ঃ শরীরমধ্যং স চ শিরশ্চ গ্রীবা চ তৎ, মূলাধারাদারভ্য মূর্দ্ধান্তপর্য্যন্তং, মস্তক গ্রীবা কটিদেশ মেরুদণ্ড মূলাধার পর্য্যন্ত। সমং=অবক্রং, সরল রেখার ন্যায় উন্নত। অচলং=অকম্পং, অকম্পিতভাবে। ধারয়ন্=একতত্ত্বাভ্যাসেন বিক্ষেপসহভাব্যঙ্গ-মেজয়ত্বাভাবং সম্পাদয়ন্, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এই প্রকার জ্ঞানের প্রাচুর্য্যহেতুক চিত্তের দার্ঢ্য সম্পাদন করত। স্থিরঃ=দৃঢ়প্রযত্নঃ, বিশেষ যত্ন পূর্ব্বক। স্বং নাসিকাগ্রং সংপ্রেক্ষ্য=স্বকীয়ং নাসিকাগ্রং সংপ্রেক্ষ্যৈব মনোবিক্ষেপরাহিত্যায় বিষয় রহিতোর্দ্ধনিমীলিতনেত্রঃ, মনকে বিক্ষেপপরিশূন্য করিবার জন্য স্বীয় নাসিকাগ্র মাত্র অবলোকন করিবে। দিশশ্চানবলোকয়ন্ = অন্তরান্তরা দিশশ্চাবলোকনমকুর্ব্বন্, যোগপ্রতিবন্ধকত্বাৎ, দিক্‌সকল অবলোকন না করিয়া। বিগতভীঃ=বিগতা ভীঃ সর্ব্বকর্ম্মপরিত্যাগে যুক্তত্বা-যুক্তত্বশঙ্কা যস্য তাদৃশঃ, সর্ব্বপ্রকার ভয় পরিশূন্য। ব্রহ্মচারিব্রতে স্থিতঃ=গুরুশুশ্রূষা ভিক্ষাভোজনাদৌ স্থিতঃ সন্, গুরুশুশ্রূষা ও ভিক্ষাভোজনাদি কর্ম্মে রত। মনঃ সংযম্য=মনসো বৃত্তীঃ উপসংহৃত্য, অন্যান্য বিষয়হইতে মনকে আকৃষ্ট করিয়া। মচ্চিত্তঃ=ময়ি চিত্তং যস্য, মদ্বিষয়কধারাবাহিকচিত্তবৃত্তিমান্, ঈশ্বর সম্বন্ধে ধারাবাহিক চিন্তায় রত হইয়া। মৎপরঃ=অহমেব পরঃ পুরুষার্থঃ প্রিয়ো যস্য, স মৎপরঃ, সকলবস্তু অপেক্ষা পরমানন্দরূপ পরমেশ্বর যাঁহার নিকট প্রিয়তম তিনিই মৎপরঃ। যুক্তঃ=সম্প্রজ্ঞাত সমাধিমান্, সম্প্রজ্ঞাত সমাধি বিশিষ্ট। আসীত=উপবিশেৎ, উপবেশন করিবেন।

যোগী মহাত্মা প্রথমতঃ নিবৃত্তিমার্গাবলম্বনপূর্ব্বক সম্পূর্ণরূপে রাগদ্বেষাদি

যুঞ্জন্নেবং সদাত্মানং, যোগী নিয়তমানসঃ ।
শান্তিং নির্ব্বাণপরমাং, মৎসংস্থামধিগচ্ছতি ॥ ১৫ ॥

যোগী এবং নিয়তমানসঃ (সন্) সদা আত্মনং যুঞ্জন্ নির্ব্বাণপরমাং মৎ-সংস্থাং শান্তিং অধিগচ্ছতি ॥ ১৫ ॥

যোগী এইপ্রকার সতত সংযতচিত্ত হইয়া মনকে সর্ব্বদা সমাহিত রাখিয়া আমাতে অবস্থিত পরম নির্ব্বাণরূপ শান্তি লাভ করেন ॥ ১৫ ॥

15. In this manner doth the man of devotion, always restraining his mind and concentrating it to the supreme soul, live in Me and finally obtain *Nirvana*, the highest bliss.

পরিশুদ্ধ হইয়া মূলাধারহইতে মস্তকপর্য্যন্ত অবক্রভাবে উন্নত রাখিয়া যোগাসনে উপবিষ্ট হইবেন। এইস্থানে "ব্রহ্মচারিব্রত" শব্দ ব্যবহার করিয়া ভগবান্ সর্ব্বপ্রকার মৈথুন পরিত্যাগ করিতে ইঙ্গিত করিলেন। যোগ কালে স্ত্রীবিষয়ক চিন্তা অতীব যোগপ্রতি-বন্ধক। পার্থিব সমস্ত বিষয়হইতে মনকে নিবৃত্তি করিবার জন্য স্বীয়নাসাগ্রে চাক্ষুষী বৃত্তি স্থির করিতে হইবে। এইরূপাবস্থায় উপবেশন করিয়া সংযমিত মনদ্বারা ঈশ্বর চিন্তা করিবে। ভগবান্ "মচ্চিত্ত" শব্দ ব্যবহার করিয়া বাসুদেবের প্রতি ধারাবাহিক চিন্তার ইঙ্গিত করিলেন। তদনন্তর "মৎপরঃ" শব্দদ্বারা স্ত্রীপুত্র ভোগ বিলাসাদি অপেক্ষা পরমাত্মরূপী বাসুদেব উৎকৃষ্ট চিন্তনীয় বিষয়, ইহাই ইঙ্গিত করিলেন। এইরূপ অবস্থায় যোগী সম্প্রজ্ঞাত অর্থাৎ সবিকল্প সমাধিতে প্রবৃত্ত হইবেন। এইরূপ ধ্যানহইতে সংযম, সংযমহইতে সমাধি এবং সমাধিহইতে প্রজ্ঞালোক এবং এই প্রজ্ঞালোকদ্বারা যোগী ব্রহ্মসাক্ষাৎকার লাভ করেন ॥ ১৩ ॥ ১৪ ॥

13, 14. The Yogee should then hold up his head, his neck, and his back in a straight line and compose his mind for a *dhyan*. Then his mind should be freed from love and hatred, and to prevent it from wandering he should fix his eyes towards his nose-end, keeping them half-opened. At this stage if the eyes are closed, sleep may come upon, hence the necessity of keeping the eyes half-opened. The process briefly alluded to here is designed to give a strong will-power to the aspirant for spiritual life. Thus seated the devotee should concentrate his mind to the contemplation of the Universal Soul, thinking Him supreme above all earthly possessions.

স্বামী। যোগাভ্যাসফলং আহ, যুঞ্জন্ ইতি, এবং উক্ত প্রকারেণ সদা আত্মানং—মনঃ, যুঞ্জন্—সমাহিতং কুর্ব্বন্ নিয়তঃ—নিরুদ্ধং, চিত্তং যস্য সঃ, শান্তিং—সংসারোপরমং, প্রাপ্নোতি। কথংভূতাং নির্ব্বাণং পরং প্রাপ্যং যস্যাং তাং, মৎসংস্থাং মদ্রূপেণ অবস্থিতাং॥ ১৫॥

যোগী=সদা যোগাভ্যাসরতঃ, সর্ব্বদা যোগে যিনি রত থাকেন তিনি যোগী। এবং=পূর্ব্বোক্ত প্রকারেণ সম্প্রজ্ঞাতসমাধি মাসীনঃ, পূর্ব্বোক্ত প্রকার সম্প্রজ্ঞাত সমাধিতে রত। নিয়তমানসঃ=নিয়তং সংযতং মানসং মনো যস্য সোঽয়ং নিয়তমানসঃ, সংযতমনাঃ। সদা=অভ্যাসাতিশয়েন, সর্ব্বদা অভ্যাসদ্বারা। আত্মানং=মনঃ, মনকে। যুঞ্জন্=অভ্যাস-বৈরাগ্যাভ্যাং সমাহিতং কুর্ব্বন্, অভ্যাস ও বৈরাগ্যদ্বারা সংযত করত। নির্ব্বাণপরমাং=নির্ব্বাণং মোক্ষঃ তৎপরং যস্যাঃ সা তাং নির্ব্বাণপরমাং, যাহাতে পরম নির্ব্বাণ মুক্তি লাভ হয় তাদৃশী। মৎসংস্থাং=মদ্রূপেণাবস্থিতাং, আমাতে অবস্থিত। শান্তিং—সংসারোপরমং, সংসার নিবৃত্তিরূপ শান্তি। অধিগচ্ছতি—প্রাপ্নোতি, লাভকরেন।

যোগী এইরূপ আত্মধ্যান পরায়ণ হইলে তাঁহার কি লাভ হয় তাহা ভগবান্ এই শ্লোকে কীর্ত্তন করিতেছেন। মনকে সর্ব্বদা সংযত করিয়া পূর্ব্ব শ্লোকে বর্ণিত সম্প্রজ্ঞাত সমাধির অভ্যাস করিতে পারিলে পরিণামে উক্ত যোগীর নিজের অস্তিত্ব বিনষ্ট হইয়া যায় এবং তিনি ভগবানে অবস্থানরূপ পরম নির্ব্বাণশান্তি লাভ করেন। কামনা কর্ম্ম এবং অবিদ্যা সম্পূর্ণরূপে যোগীর মনহইতে অন্তর্হিত না হইলে তিনি শান্তিলাভ করিতে পারেন না। অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও বিষয়ে অভিনিবেশ এই পঞ্চপ্রকার ক্লেশ। সম্প্রজ্ঞাত সমাধিদ্বারা এই পঞ্চপ্রকার ক্লেশ বিনষ্ট হয়। পাঠক পাতঞ্জল যোগসূত্রের সাধন পাদের ৩য়, ৪র্থ, ৫ম সূত্র পাঠ করিবেন। যে সমাধিদ্বারা যোগীর সমস্ত ক্লেশ বিনষ্ট হইয়া তাঁহার মনঃ চিন্ময়ে অবস্থান করে তাহাকে নির্ব্বাণ সমাধি বলিয়া থাকে, অর্থাৎ এইরূপ সমাধিদ্বারা যোগী পরিণামে নির্ব্বাণ শান্তি লাভকরেন॥ ১৫॥

15. This verse briefly describes the result of the *dhyan*. By continually practising this *dhyan* the Yogee learns to live in God, and by prolonged exercise he enjoys that supreme tranquillity of the mind in which alone God can be seen. In this way the Yogee reaches *Nirvana* or the final deliverance. During this *dhyan* the five sorts of misery which afflict mankind forsake him entirely. Riches, honour or the beauty of woman cannot break his divine contemplation in which he communes with God himself. Living in God he in a limited sense becomes a God himself.

নাত্যশ্নতস্তু যোগোঽস্তি, ন চৈকান্তমনশ্নতঃ।
ন চাতিস্বপ্নশীলস্য, জাগ্রতো নৈব চার্জ্জুন ॥ ১৬ ॥

ভোঅর্জ্জুন! অত্যশ্নতঃ যোগঃ নতু অস্তি। একান্তং অনশ্নতঃ চ (যোগঃ) ন অস্তি। (এবং) অতিস্বপ্নশীলস্য (যোগঃ) ন (অস্তি) (অতি) জাগ্রতঃ (যোগঃ) ন চ (অস্তি) ॥ ১৬ ॥

হেঅর্জ্জুন! কিন্তু অত্যন্ত ভোজনকারীর এবং অনাহারী ব্যক্তির যোগ হয় না। এবং অত্যন্ত নিদ্রাসক্ত ও নিদ্রাশূন্য ব্যক্তিরও যোগ হয় না ॥ ১৬ ॥

16. But O Arjuna! this devotion can never be practised by him who eateth too much or eateth not at all, or by him who sleepeth too much or who is ever awake.

স্বামী। যোগাভ্যাসনিষ্ঠস্য আহারাদিনিয়মং আহ, অত্যশ্নতঃ ইতি দ্বাভ্যাং। অত্যন্তং—অধিকং, ভুঞ্জানস্য—অত্যন্তং ভুঞ্জানস্য অপি, যোগঃ—সমাধিঃ, ন ভবতি। তথা অতিনিদ্রাশীলস্য, অতিজাগ্রতঃ চ যোগঃ ন এব অস্তি ॥ ১৬ ॥

অত্যশ্নতঃ—(অতি × অশ = ভোজন করা, = শতৃ) লোভেনাধিক মশ্নতো যোগো নাস্তি, অজীর্ণদোষেণ ব্যাধিপীড়িতত্বাৎ, অতি লোভপরবশ হইয়া অপরিমিতভোজীর অথবা বারংবার ভোজনেচ্ছু ব্যক্তির। একান্ত মনশ্নতঃ = সর্ব্বথা আহারং ত্যজতঃ, অনাহারাৎ অত্যল্পাহারাদ্বা রসপোষণাভাবেন শরীরস্য কার্য্যাক্ষমত্বাৎ, নিরাহারীর ও অত্যন্ত অল্পাহারীর। অতিস্বপ্নশীলস্য, অতিশয় নিদ্রালু ব্যক্তির। অতিজাগ্রতঃ = অতিশয়ং জাগ্রতঃ, নিদ্রাশূন্য ব্যক্তির।

এইরূপ আত্মযোগ অভ্যাসকারীর আহার বিহার সম্বন্ধে ভগবান্ উপদেশ দিতেছেন। অত্যন্ত আহার করিলে শরীর আলস্যপূর্ণ হয়, এবং অজীর্ণ দোষে শরীর ক্লিষ্ট হয়, সুতরাং যোগাভ্যাস করা যাইতে পারে না। আবার অতিঅল্পাহার করিলে শরীর শক্তিহীন হইয়া পড়ে। এবং শারীরিক বল না থাকিলে যোগাভ্যাস করিতে পারা যায় না। মার্কণ্ডেয় পুরাণে লিখিত হইয়াছে—

> নাধ্মাতঃ ক্ষুধিতঃ শ্রান্তো, ন চ ব্যাকুলচেতনঃ,
> যুঞ্জীত যোগং রাজেন্দ্র, যোগী সিদ্ধ্যর্থ মাত্মনঃ।
> নাতিশীতে ন চৈবোষ্ণে, ন দ্বন্দ্বে নানিলান্বিতে,
> কালেষ্বেতেষু যুঞ্জীত, ন যোগং ধ্যানতৎপরঃ।

চতুর্দ্দশ অধ্যায়ে প্রমাদ নিদ্রা ও আলস্যকে ভগবান্ ও তামসবৃত্তি সম্ভূত বলিয়াছেন। নিদ্রা অত্যন্ত যোগবিঘ্নকর। তজ্জন্য রাত্রির দ্বিতীয় ও তৃতীয় প্রহরে এবং দিবাতে

যুক্তাহারবিহারস্য, যুক্তচেষ্টস্য কর্ম্মসু।
যুক্তস্বপ্নাববোধস্য, যোগো ভবতি দুঃখহা ॥ ১৭ ॥

যুক্তাহারবিহারস্য, কর্ম্মসু যুক্তচেষ্টস্য, যুক্তস্বপ্নাববোধস্য (যোগিনঃ) যোগঃ দুঃখহা ভবতি ॥ ১৭ ॥

কিন্তু, যাঁহার আহার ও বিহার নিয়মিতরূপে নির্ব্বাহিত হয়, যাঁহার কর্ত্তব্য কর্ম্মে নিয়মিত চেষ্টা, যাঁহার নিদ্রা ও জাগরণ নিয়মিত, তাঁহার যোগ দুঃখবিনাশক হয় ॥ ১৭ ॥

17. But he who is regular in his food and movements, who is punctual in his work and whose sleeping and waking hours are all regulated, attaineth the *dhyan* which destroys all the miseries of life.

নিদ্রার বিধান নাই। ফলতঃ যিনি নিদ্রা এবং আহার নিজের নিয়মাধীন করিতে পারেন নাই তিনি কখনই সুচারুরূপে যোগাভ্যাস করিতে সমর্থ হন্ না ॥ ১৬ ॥

16. This divine contemplation or *dhyan* cannot be practised by him whose food and sleep have not been well-regulated. The stomach should never remain empty or two full. There should be two meals a day at regular intervals. One half of the stomach should be filled up with solids and one fourth with pure water. Sleep should also be regulated. The would-be Yogee should never sleep by day or in the last *prohar* of the night.

স্বামী। তর্হি কথম্ভূতস্য যোগঃ ভবতি ইতি আহ, যুক্তাহারবিহারস্য ইতি। যুক্তঃ—নিয়তঃ, আহারঃ বিহারঃ চ যস্য। কর্ম্মসু—কার্য্যেষু, যুক্তা—নিয়তা, চেষ্টা যস্য, যুক্তৌ—নিয়তৌ, স্বপ্নাববোধৌ—নিদ্রাজাগরৌ, যস্য, তস্য দুঃখনিবর্ত্তকঃ যোগঃ ভবতি—সিধ্যতি ॥ ১৭ ॥

যুক্তঃ—নিয়তপরিমাণঃ, নির্দ্দিষ্টনিয়মবিশিষ্টঃ। আহারঃ=ভোজনং, ভোজন। বিহারঃ=পাদক্রমঃ, গতিঃ, গমন। (বি × হৃ = ঘঞ্) কর্ম্মসু যুক্তচেষ্টস্য=কর্ম্মসু যুক্তা নিয়তা চেষ্টা যস্য, যাঁহার কর্ত্তব্য কার্য্যে নিয়মিত চেষ্টা। অববোধঃ=(অব × বুধ—জ্ঞান) যুক্ত স্বপ্নাববোধস্য=স্বপ্নঃ নিদ্রা, অববোধো জাগরণং তৌ যুক্তৌ নিয়তকালীনৌ যস্য, যাহার নিদ্রা এবং জাগরণ নিয়মিত। যোগো ভবতি=সাধনপাটবাৎ সমাধিঃ সিধ্যতি, তাঁহার সমাধি যোগ সিদ্ধ হয়। দুঃখহা=সর্ব্বসংসার দুঃখকারণাবিদ্যোন্মূলনহেতুব্রহ্মবিদ্যোৎপাদকত্বাৎ সমূল সর্ব্বদুঃখ নিবৃত্তিহেতুঃ, সংসারের সকল দুঃখের কারণ অবিদ্যার বিনাশ হইয়া সর্ব্বদুঃখ নিবৃত্তি হয়।

যদা বিনিয়তং চিত্তং, আত্মন্যেবাবতিষ্ঠতে।
নিস্পৃহঃ সর্ব্বকামেভ্যঃ, যুক্ত ইত্যুচ্যতে তদা ॥ ১৮ ॥

যদা বিনিয়তং চিত্তং আত্মনি এব অবতিষ্ঠতে, তদা সর্ব্বকামেভ্যঃ নিস্পৃহঃ (যোগী) যুক্তঃ ইতি উচ্যতে ॥ ১৮ ॥

যৎকালে নিরুদ্ধ চিত্ত, আত্মাতে নিশ্চলরূপে অবস্থান করে, তৎকালে সর্ব্বপ্রকার কামনা পরিত্যাগহেতুক যোগী যুক্ত বলিয়া কথিত হইয়া থাকেন ॥ ১৮ ॥

18. When the concentrated mind forsaking all desires, remaineth firmly fixed in the contemplation of the soul only, it is called "devoted."

এইক্ষণ সমাধি যোগের ফল কীর্ত্তন করিতেছেন। পক্ষান্তরে যাহার আহার ভ্রমণ কর্ত্তব্যকার্য্যের চেষ্টা এবং নিদ্রা জাগরণ নিয়মিতরূপে সম্পন্ন হয়, তাহার সমাধিযোগ সর্ব্বপ্রকার দুঃখের বিনাশক হইয়া থাকে। এই সমাধি যোগদ্বারা অবিদ্যার তিরোভাবের সঙ্গে সঙ্গে ব্রহ্মবিদ্যার আবির্ভাব হয়। ব্রহ্মবিদ্যালাভ করিয়া যোগী সকলপ্রকার দুঃখের অবসানে পূর্ণানন্দে অবস্থান করেন। ভগবান্ বুদ্ধদেব ও আহারাদির সম্বন্ধে উপদেশ দিয়াছেন। ফলতঃ নিয়মিত আহার বিহারাদি করিয়া শরীররক্ষা না করিলে যোগ সাধন হইতে পারে না। সমস্ত বিশ্বই নিয়মদ্বারা পরিচালিত, দেহ যন্ত্র ও নিয়মের অধীন। শরীর মনঃ ইন্দ্রিয়গণ মধ্যে একতানতা রক্ষা করাই যোগের প্রধান উদ্দেশ্য ॥ ১৭ ॥

17. He can succeed in this divine contemplation whose food, movements, sleep and vigils are all regulated. By practising this *dhyan*, the Yogee attains that knowledge whereby all his earthly miseries are destroyed. The delusion (máyá) under which men in general act and suffer the miseries of this world, gradually disappears and the devotee who sees every thing in its true aspect, enjoys perfect bliss.

স্বামী। কদা নিষ্পন্নযোগঃ পুরুষঃ ভবতি ইতি অপেক্ষায়াং আহ, যদা ইতি। বিনিয়তং— বিশেষেণ নিরুদ্ধং, সৎ চিত্তং আত্মনি এব যদা নিশ্চলং তিষ্ঠতি তদা প্রাপ্তযোগঃ ইতি উচ্যতে ॥ ১৮ ॥

যদা—যস্মিন্ কালে, যৎকালে বিষয় বৈরাগ্য প্রবল হয় তৎকালে। বিনিয়তং চিত্তং= বিশেষেণ নিয়তং সর্ব্ববৃত্তিশূন্যতামাপাদিতং চিত্তং, বিগত রজস্তমস্কং অন্তঃকরণং সত্ত্বং স্বচ্ছত্বাৎ সর্ব্ববিষয়াকারগ্রহণসমর্থং অপি সর্ব্বতো নিরুদ্ধবৃত্তিকত্বাৎ, সমস্ত রাজসিক ও তামসিক বৃত্তির তিরোভাব হইয়া যে অন্তঃকরণ সংযমিত হইয়াছে। সর্ব্বকামেভ্যঃ নিস্পৃহঃ=নির্গতা দোষদর্শনেন সর্ব্বেভ্যো দৃষ্টাদৃষ্ট বিষয়েভ্যঃ স্পৃহা তৃষ্ণা যস্য সঃ, সকলপ্রকার কামনা যাহার মনহইতে নির্গত হইয়াছে। আত্মনি এব অবতিষ্ঠতে=কেবল

যথা দীপো নিবাতস্থঃ, নেঙ্গতে সোপমা স্মৃতা।
যোগিনো যতচিত্তস্য, যুঞ্জতো যোগ মাত্মনঃ ॥ ১৯ ॥

যথা নিবাতস্থঃ দীপঃ ন ইঙ্গতে, আত্মনঃ যোগং যুঞ্জতঃ যতচিত্তস্য যোগিনঃ সা উপমা স্মৃতা ॥ ১৯ ॥

যে প্রকার বায়ুশূন্য স্থানে দীপশিখা কম্পিত হয় না, আত্মাতে যোগাভ্যাসকারী সংযতচিত্ত যোগীর মনঃ ও তদ্রূপ, অর্থাৎ আত্মসংযত যোগাবস্থিত যোগীর চিত্ত নিবাতনিষ্কম্প প্রদীপের ন্যায় সর্ব্বদা নিশ্চলভাবে অবস্থান করে ॥ ১৯ ॥

19. The mind of the sage who practiseth constant concentration to the soul, has been compared to the steady flame of a lamp sheltered from winds.

স্বাত্মনি স্থিতিং লভতে, কেবল নিজের আত্মাতেই অবস্থান করে। তদা—তস্মিন্ কালে, সেই সময়ে। যুক্তঃ—সমাহিতঃ, সম্প্রজ্ঞাত সমাধিতে অবস্থিত।

কামনাদ্বারা বিতাড়িত হইয়া মানবমনঃ সর্ব্বদা বাহ্য বিষয়ে প্রধাবিত হইতেছে। অতএব পূর্ণ বৈরাগ্য অবলম্বন না করিলে চিত্তকে অন্তর্মুখীন করা যায় না। এই বৈরাগ্যযুক্ত পরম বিবেকদ্বারা মনকে নিরুদ্ধ করিয়া যৎকালে যোগী আত্মধ্যানে সমাধিস্থ হন তৎকালে তাঁহাকে যুক্ত বলা যায়' ভগবান্ এই শ্লোকে যুক্তশব্দের কি অর্থ তাহা নির্দ্দেশ করিতেছেন। ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন "তদা দ্রষ্টুঃ স্বরূপেঽবস্থানম্"। অর্থাৎ চিত্তবৃত্তি নিরোধকালে দ্রষ্টার অর্থাৎ আত্মার স্বীয়রূপে অবস্থিতি হয়। যোগী যুক্ত না হইলে আত্মধ্যান করিতে সমর্থ হয় না। যুক্ত অবস্থায় মনের চঞ্চলতা তিরোহিত হইয়া একাগ্রতা হয়। এইটী অনুপমাবস্থা কিন্তু নির্ব্বাতস্থ দীপশিখার সহিত ইহার কথঞ্চিৎ তুলনা হইতে পারে। ১৮।

18. The word "Joockta" (যুক্তঃ) is here defined. He is called "Joockta" (যুক্তঃ) or devoted who abandoning all desires, keeps his mind firmly fixed in *dhyan*. Under the influence of various desires the mind is always restless. Therefore to obtain rest these desires must be abandoned. As the disc of the moon is never faithfully reflected on the bosom of troubled waters, so the mind tossed about by the raging conflict of passions and desires cannot be concentrated to the contemplation of the Universal Soul.

স্বামী। আত্মৈকাকারতয়া অবস্থিতস্য চিত্তস্য উপমানং আহ, যথা ইতি। বাতশূন্যস্থানে স্থিতঃ দীপঃ যথা ন ইঙ্গতে—ন চলতি, সা উপমা—দৃষ্টান্তঃ, কস্য আত্মবিষয়ং

যত্রোপরমতে চিত্তং, নিরুদ্ধং যোগসেবয়া।
যত্র চৈবাত্মনাত্মানং, পশ্যন্নাত্মনি তুষ্যতি ॥ ২০

যত্র যোগসেবয়া চিত্তং নিরুদ্ধং (সৎ) উপরমতে, যত্র চ আত্মনা আত্মনং পশ্যন্ আত্মনি তুষ্যতি। "তং যোগসংজ্ঞিতং বিদ্যাৎ" ইতি ত্রয়োবিংশ শ্লোকেন অন্বয়ঃ ॥ ২০ ॥

যে অবস্থায় যোগানুষ্ঠানদ্বারা নিরুদ্ধচিত্ত বিশ্রাম লাভ করে, এবং যে অবস্থায় আত্মাদ্বারা আত্মাকে সন্দর্শন করিয়া আত্মাতেই চিত্ত পরিতৃপ্ত থাকে ॥ ২০ ॥

20. That condition wherein by the practice of devotion the concentrated mind enjoyeth rest, wherein by the help of the spiritual soul the mind is satisfied with the vision of the spirit;

যোগং যুঞ্জতঃ—অভ্যস্যতঃ, যোগিনঃ। যতং—নিয়তং, চিত্তং যস্য নিষ্কম্পতয়া প্রকাশকতয়া চ অচঞ্চলং তদ্বৎ তিষ্ঠতি ইত্যর্থঃ ॥ ১৯ ॥

দীপঃ=প্রদীপঃ। নিবাতস্থঃ—বাতবর্জ্জিত স্থান স্থিতঃ। ন ইঙ্গতে—(ইন্ গ=চলা গমন করা) ন চলতি, কম্পিত হয় না। আত্মনঃ যোগং যুঞ্জতঃ=সমাধিরূপং যোগং অনুতিষ্ঠতঃ, সমাধি যোগানুষ্ঠান শীলের। যতচিত্তস্য—সংযতান্তঃকরণস্য, নিরুদ্ধ চিত্তের। স্মৃতা—চিন্তিতা, কথিতা, কথিত হইয়াছে।

যৎকালে নিরুদ্ধ মনঃ সম্প্রজ্ঞাত সমাধিতে অবস্থান করে, তৎকালে উক্তপ্রকার মনের কিরূপ অবস্থা হয় তাহা ভগবান্ এইশ্লোকে বর্ণন করিতেছেন। বায়ুশূন্য স্থানে দীপশিখা যেমন নিশ্চলভাবে অবস্থান করিয়া অত্যুজ্জ্বল আলোক প্রদান করিয়া তন্নিকটবর্ত্তি বস্তুসকলকে আলোকিত করে, তদ্রূপ আত্মধ্যানে সমাহিত অন্তঃকরণ নিশ্চলভাবে অবস্থিতি করিয়া আভ্যন্তরিক আধ্যাত্মিক শক্তিসকলের শনৈঃশনৈঃ বিকাশ করে। এবং পরিশেষে পূর্ণানন্দময় পরব্রহ্মকে প্রকাশ করিয়া দেয়। সমাধি অবস্থায় বিক্ষেপশূন্য মনঃ যে আলোক প্রদান করে তাহাকে প্রজ্ঞালোক বলিয়া থাকে। যোগিগণ উক্তসংযমাগ্নিপ্রসূত প্রজ্ঞালোকদ্বারা সর্ব্বজ্ঞতা লাভ করেন। ফলতঃ বিক্ষেপই মানবের প্রবল শত্রু। ইহাকে বিনাশ করিবার জন্য যোগিগণ কঠোর ব্রতাবলম্বন করিতেন ॥ ১৯ ॥

19. The mind of the Yogee who sits in *dhyan* must be like the unflickering lamp which sheltered from winds burns steady and bright. A steady lamp casts a brilliant light and shews objects which were concealed from our view; so doth the concentrated mind, when directed to the contemplation of the soul, discover its hidden and innate powers.

স্বামী। "যং সংন্যাসমিতি প্রাহুর্যোগং তং বিদ্ধি পাণ্ডব" ইত্যাদৌ কর্ম্ম এব যোগশব্দেন উক্তং, "নাত্যশ্নতস্তু যোগোঽস্তি" ইত্যাদৌ তু সমাধিঃ যোগশব্দেন উক্তঃ, তত্র মুখ্যঃ যোগঃ কঃ ইতি অপেক্ষায়াং সমাধিং এব স্বরূপতঃ ফলতঃ চ লক্ষয়ন্ সঃ এব মুখ্যঃ যোগঃ ইতি আহ, যত্র ইতি সার্দ্ধৈঃ ত্রিভিঃ। যত্র—যস্মিন্ অবস্থা বিশেষে; যোগাভ্যাসেন নিরুদ্ধং চিত্তং উপরতং ভবতি ইতি যোগস্য স্বরূপলক্ষণং উক্তং। তথাচ পাতঞ্জল সূত্রং। "যোগশ্চিত্ত বৃত্তিনিরোধঃ" ইতি। ইষ্ট প্রাপ্তিলক্ষণেন ফলেন তং এব লক্ষয়তি, যত্র চ—যস্মিন্ অবস্থাবিশেষে আত্মনা—শুদ্ধেন মনসা, আত্মানং এব পশ্যতি নতু দেহাদি, পশ্যন্ চ আত্মনি এব তুষ্যতি ন তু বিষয়েষু, যত্র ইত্যাদীনাং যদ্ শব্দানাং "তং যোগ সংজ্ঞিতং বিদ্যাৎ" ইতি চতুর্থেন অন্বয়ঃ॥ ২০॥

যত্র = যস্মিন্ কালে বা যস্মিন্ পরিণামবিশেষে, যৎকালে অথবা যে অবস্থাতে। যোগসেবয়া = যোগানুষ্ঠানেন, যোগানুষ্ঠানদ্বারা। নিরুদ্ধং চিত্তং = সর্ব্বতো নিবারিতপ্রচারং, সর্ব্বতোভাবে নিরুদ্ধচিত্ত। উপরমতে = উপরতিং গচ্ছতি, বিশ্রাম লাভ করে। যত্র = যস্মিন্ অবস্থাবিশেষে। আত্মনা = সমাধিপরিশুদ্ধেনান্তঃকরণেন, সমাধিদ্বারা পরিশুদ্ধ অন্তঃকরণদ্বারা। আত্মনং = পরং চৈতন্যং সর্ব্বতোজ্যোতিঃস্বরূপং, প্রত্যক্ চৈতন্যং পরমাত্মানং সচ্চিদানন্দঘন মনন্ত মদ্বিতীয়ং, সচ্চিদানন্দরূপ পরমেশ্বরকে। পশ্যন্ = উপলভমানঃ বেদান্ত প্রমাণজয়া বৃত্ত্যা সাক্ষাৎ কুর্ব্বন্, সন্দর্শন করত। আত্মনি = পরমানন্দঘনে, পরমানন্দরূপ ঈশ্বরে। তুষ্যতি = আনন্দং ভজতে, আনন্দলাভ করেন।

অত্যন্ত দুঃখ নিবৃত্তির নাম মুক্তি, যে যোগানুষ্ঠানদ্বারা সকল প্রকার দুঃখহইতে নিষ্কৃতি লাভ করা যায় সেই যোগ মুক্তিফলপ্রদ। ভগবান্ এই যোগকে "দুঃখ সংস্পর্শ রহিত যোগ" বলিয়া কীর্ত্তন করিলেন। এইরূপ যোগে আরূঢ় হইলে মনের কীদৃশ অবস্থা হয় তাহা পরমকারুণিক বাসুদেব বিংশতিহইতে তিনটী শ্লোকদ্বারা বর্ণনা করিলেন। যে সমাধিযোগানুষ্ঠানকালে ইন্দ্রিয়গণ নিরুদ্ধাবস্থায় শান্তিলাভ করে, যৎকালে যোগী স্বীয় আত্মাদ্বারা পরমাত্মাকে সন্দর্শন করিয়া পরমানন্দ লাভ করেন, যৎকালে কেবল বুদ্ধিদ্বারা ইন্দ্রিয়ের অতীত বিষয়ের সুখানুভব করেন, যৎকালে যোগী আত্মস্বরূপ অবস্থাহইতে বিচলিত হন না, যে অবস্থা লাভ করিলে তদপেক্ষা অধিক সুখের অবস্থা আছে এমত জ্ঞান হয় না, এবং যাহাতে অবস্থিত হইলে গুরুতর দুঃখদ্বারা ও চিত্ত বিচলিত হয় না, সেই সবিকল্প সমাধিকে "দুঃখ সংস্পর্শ রহিত যোগ" বলিয়া থাকে। পূর্ব্বোক্ত তিনটী শ্লোকদ্বারা সম্প্রজ্ঞাত সমাধির তিনটী অবস্থা বর্ণিত হইতেছে। প্রথমাবস্থায় আত্মসংযমদ্বারা মনকে নিরোধ পূর্ব্বক ঈশ্বরচিন্তা করিয়া আনন্দানুভব করিবে। দ্বিতীয় অবস্থায় স্বরূপ নিরোধদ্বারা ইন্দ্রিয়ের অতীত আধ্যাত্মিক বিষয় সকল অবগত হইবে। এবং তৃতীয় অবস্থায় এইরূপ আনন্দে মনঃ অবস্থান করিবে যে, পার্থিব কোন দুঃখদ্বারা বিচলিত হইবেক না॥ ২০॥

20. Verses 20, 21 and 22 describe three separate stages in the *dhyan.*

সুখ মাত্যন্তিকং যত্তৎ, বুদ্ধিগ্রাহ্য মতীন্দ্রিয়ম্।
বেত্তি যত্র নচৈবায়ং, স্থিতশ্চলতি তত্ত্বতঃ ॥ ২১ ॥

তৎ বুদ্ধিগ্রাহ্যং অতীন্দ্রিয়ং যৎ আত্যন্তিকং সুখং বেত্তি, যত্র চ স্থিতঃ (সন্ যোগী) তত্ত্বতঃ ন এব চলতি ॥ ২১ ॥

যে অবস্থায় বুদ্ধিদ্বারা অনুমেয়, ও ইন্দ্রিয়ের অগোচর, সেই অপরিমিত সুখ ভোগ করা যায়, এবং যে অবস্থায় অবস্থান করিয়া যোগী আত্মজ্ঞান হইতে স্খলিত হন না ॥ ২১ ॥

21. wherein the sage by his pure spiritual soul enjoyeth that illimitable bliss which the senses cannot perceive, wherein the mind once fixed it never swearveth from ;

In the first stage the concentrated mind contemplates nothing but the Spirit of God. In the second stage the concentration is prolonged to such an extent as to enable the seer to perceive things which are beyond the range of the senses. In the final stage the soul perceives nothing but a sort of ecstacy-in-trance which can be felt but cannot be described. At this stage *samadhi* or concentration is deepened and the objective world disappears from the mind of the Yogee. Then he sees the Spirit which is "Ananda." Srikrishna styles this concentration as "a prolonged thought of ineffable bliss without a tinge of misery or pain."

স্বামী। আত্মনি এব তোষে হেতুং আহ, সুখং ইতি। যত্র—যস্মিন্ অবস্থাবিশেষে, যৎ তৎ কিমপি নিরতিশয়ং আত্যন্তিকং নিত্যং সুখং বেত্তি, নমু তদা বিষয়েন্দ্রিয় সম্বন্ধাভাবাৎ কুতঃ সুখং স্যাৎ তত্র আহ, অতীন্দ্রিয়ং—বিষয়েন্দ্রিয় সম্বন্ধাতীতং, কেবলং বুদ্ধ্যা এব আত্মাকারয়া গ্রাহ্যং অতএব চ যত্র স্থিতঃ সন্ তত্ত্বতঃ আত্মস্বরূপাৎ ন এব চলতি ॥ ২১ ॥

যৎ—যস্মিন্ অবস্থাবিশেষে। তৎবুদ্ধি গ্রাহ্যং—শ্রেষ্ঠয়া আত্মবুদ্ধ্যাএব রজস্তমোমল রহিতয়া সত্ত্ব মাত্র বাহিন্যা গ্রাহ্যং, রজোগুণ ও তমোগুণের মালিন্য রহিত কেবল সাত্বিক শুদ্ধবুদ্ধিদ্বারা অনুমেয়। অতীন্দ্রিয়ং=বিষয়েন্দ্রিয়সম্বন্ধাতীতং, বিষয় ইন্দ্রিয়গণের অর্থাৎ চক্ষুঃকর্ণাদি ইন্দ্রিয় সমূহের সম্বন্ধাতীত। আত্যন্তিকং=অনন্ত নিরতিশয়ং ব্রহ্মস্বরূপং, অনন্ত ব্রহ্মস্বরূপ। সুখং=আনন্দং। বেত্তি—অনুভবতি, অনুভব করেন। যত্র=যস্মিন্ কালে, যে কালে। স্থিতঃ=আত্মস্বরূপে স্থিতঃ। তত্ত্বতঃ=তত্ত্বস্বরূপাৎ, আত্মজ্ঞান-হইতে। ন চলতি—ন প্রচ্যবতে, প্রচলিত হয় না।

উক্ত সপ্রজ্ঞাত সমাধির অবস্থা ভগবান্ বিশেষ করিয়া বলিতেছেন। ইন্দ্রিয়গণ নিরুদ্ধ অবস্থায় থাকিলে সংযমিত মনে একটী অপূর্ব্ব আনন্দলহরী উত্থিত হইতে থাকে। সেই

যং লব্ধা চাপরংলাভং, মন্যতে নাধিকং ততঃ।
যস্মিন্ স্থিতো ন দুঃখেন, গুরুণাপি বিচাল্যতে ॥ ২২ ॥

যং চ লব্ধ্বা অপরং লাভং ততঃ অধিকং ন মন্যতে। যস্মিন্ স্থিতঃ গুরুণা দুঃখেন অপি ন বিচাল্যতে ॥ ২২ ॥

এবং যে অবস্থা লাভ করিলে অপর কোন ও লাভকে তাহাহইতে অধিক বলিয়া মনে করেন না, এবং যে অবস্থায় অবস্থিত হইলে যোগী মহৎ দুঃখ-দ্বারা ও বিচলিত হন্ না ॥ ২২ ॥

22. And that condition which once obtained, the mind longeth for no higher acquisition and wherein firmly fixed the mind resteth unshaken by the greatest calamities.

আনন্দ কেবল শুদ্ধ সাত্বিক বুদ্ধিদ্বারা অনুমেয়। মলপূর্ণ রজস্তমোবুদ্ধিদ্বারা উক্ত অতীন্দ্রিয় আনন্দের উপলব্ধি হইতে পারে না ॥ ২১ ॥

21. This verse describes more fully the stage of *Samadhi*. When the external senses cease to play, the purified mind gradually perceives an ineffable bliss which is beyond the grasp of the external senses. This delight can only be perceived by the spiritual soul "বুদ্ধি", when it has been thoroughly cleansed of the animal soul "কামরূপ".

স্বামী। অচলত্বং এব উপপাদয়তি যং ইতি, যতঃ যং আত্ম স্বরূপং লব্ধা ততঃ অধিকং লাভং ন মন্যতে তস্য এব নিরতিশয় সুখত্বাৎ, যস্মিন্ চ স্থিতঃ মহতা অপি শীতোষ্ণাদি-দুঃখেন ন বিচাল্যতে—ন অভিভূয়তে, এতেন অনিষ্ট নিবৃত্তি ফলেন অপি যোগস্য লক্ষণং উক্তং দ্রষ্টব্যং ॥ ২২ ॥

যং—আত্মলাভং, নিরতিশয়াত্মসুখ ব্যঞ্জকং নির্বৃত্তিকচিত্তাবস্থং, নিরতিশয় আত্মা-নন্দপ্রদ সমাধি অবস্থা। লব্ধ্বা=প্রাপ্য, সততাভ্যাসপরিপাকেন সংপাদ্য, সতত অভ্যাসদ্বারা প্রাপ্ত হইয়া। অপরং লাভং=লাভান্তরং, অন্য কোন প্রকার লাভ। ন মন্যতে—ন চিন্তয়তি, মনে করেন না। যস্মিন্=পরমাত্মসুখময়ে নির্বৃত্তিকচিত্তা-বস্থা বিশেষে, আত্মানন্দ পূর্ণ সমাধি অবস্থাতে। স্থিতঃ=অবস্থিতঃ, অবস্থিত হইলে। গুরুণা দুঃখেন=শস্ত্রপাতাদিনিমিত্তেন মহতাপি দুঃখেন, শস্ত্রাঘাত ইত্যাদি দুঃসহ দুঃখদ্বারা। ন বিচাল্যতে=ন অভিভূয়তে, অভিভূত হন না।

যোগী যৎকালে সমাধিতে আত্মার স্বীয়রূপে অবস্থান করেন তৎকালে তিনি যে অপরিমিত আত্মানন্দ উপভোগ করেন তাহার সহিত পার্থিব বিষয় ভোগ সম্ভূত কোন আনন্দ কি লাভের তুলনা হইতে পারে না। তিনি উক্ত আনন্দ পার্থিব সকল আনন্দ-লাভহইতে ও অধিকতর মনে করেন।

তং বিদ্যাদ্দুঃখ সংযোগ, বিয়োগং যোগসংজ্ঞিতম্।
স নিশ্চয়েন যোক্তব্যঃ, যোগোঽ নির্ব্বিণ্ণচেতসা ॥ ২৩ ॥
সংকল্পপ্রভবান্ কামান্, ত্যক্ত্বা সর্ব্বানশেষতঃ।
মনসৈবেন্দ্রিয়গ্রামং, বিনিয়ম্য সমন্ততঃ ॥ ২৪ ॥

দ্বয়োঃ অন্বয়ঃ।

তং দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতং বিদ্যাৎ। সঃ যোগঃ অনির্ব্বিণ্ণ-চেতসা সংকল্পপ্রভবান্ সর্ব্বান্ কামান্ অশেষতঃ ত্যক্ত্বা ইন্দ্রিয়গ্রামং মনসা এব সমন্ততঃ বিনিয়ম্য নিশ্চয়েন যোক্তব্যঃ ॥ ২৩ ॥ ২৪ ॥

এইরূপ অবস্থাকে দুঃখসংস্পর্শশূন্য যোগ বলিয়া জানিবে। সেই যোগ, নির্ব্বিকার চিত্তে বিষয় বাসনা প্রভৃত সর্ব্বপ্রকার কামনা বিশেষরূপে পরিত্যাগ করিয়া ইন্দ্রিয়গণকে মনঃশক্তিদ্বারাই সম্যক্ প্রকারে বশীভূত করিয়া নিশ্চয় বুদ্ধিদ্বারা ক্রমে ক্রমে অনুষ্ঠান করিবে ॥ ২৩ ॥ ২৪ ॥

23, 24. This mental condition is known by the appellation of "Yog free from pains." This Yog is to be practised with a mind free from all sorrows, with a total resignation of all desires springing from the cravings of the heart, and with the senses entirely subdued by the steady power of the will.

স্মৃতি বলিতেছেন,—

"কৃতং কৃত্যং প্রাপ্তং প্রাপণীয়ং, আত্মলাভান্ন পরং বিদ্যতে"।

যাহা করা হইয়াছে এবং যাহা করিতে হইবে, যাহা প্রাপ্ত হওয়া গিয়াছে ও যাহা প্রাপ্ত হওয়া যাইবে তাহা কিছুই আত্মলাভ হইতে শ্রেষ্ঠ নয়। অর্থাৎ আত্মলাভই শ্রেষ্ঠতম।

সমাধি অবস্থায় অবস্থান কালে অস্ত্রাঘাত পুত্রবিয়োগ প্রভৃতি দুঃসহ দুঃখদ্বারাও যোগী বিচলিত হন না। কারণ যে অন্তঃকরণদ্বারা আমরা বাহ্যিক সুখ দুঃখের অনুভব করি, তাহা পরমাত্মায় সমাধিস্থ থাকিলে যোগী বাহ্যজ্ঞান শূন্য হন সুতরাং তিনি কোন প্রকার সুখ বা দুঃখের অনুভব করিতে পারেন না ॥ ২২ ॥

22. This verse completes the description of the *Samadhi* state. This condition is the highest perfection which the spiritual or Raj-Yog can bestow on man. When in *Samadhi* he is said to reach that enchanted castle which is the true state of the soul (স্বরূপ) In this stage the impressions of the lower world cannot affect him. He becomes a new man and breathes a new existence. He sees his mind reflected in an endless ether (ákásh) and enjoys bliss supreme. He looks down on all that this world can bestow.

স্বামী। তং ইতি। যঃ এবম্ভূতঃ অবস্থাবিশেষঃ তং দুঃখসংযোগবিয়োগং যোগসংজ্ঞিতং বিদ্যাৎ। দুঃখশব্দেন দুঃখমিশ্রিতং বৈষয়িকং সুখং অপি গৃহ্যতে। দুঃখস্য সংযোগেন—সংস্পর্শমাত্রেণ অপি, বিয়োগঃ যস্মিন্ তং অবস্থাবিশেষং যোগসংজ্ঞিতং—যোগ শব্দবাচ্যং, জানীয়াৎ। পরমাত্মনি ক্ষেত্রজ্ঞস্য যোজনং যোগঃ। যদ্বা দুঃখস্য সংযোগেন বিয়োগঃ এব শূরে কাতরশব্দবৎ বিরুদ্ধলক্ষণয়া যোগঃ উচ্যতে। কর্ম্মণি তু যোগশব্দঃ তদুপায়ত্বাৎ ঔপচারিকঃ ইতি ভাবঃ। যস্মাৎ এবং মহাফলঃ যোগঃ তস্মাৎ সঃ এব যত্নতঃ অভ্যসনীয়ঃ ইতি আহ, সঃ ইতি সার্দ্ধেন। সঃ যোগঃ নিশ্চয়েন—শাস্ত্রাচার্য্যোপদেশজনিতেন, যোক্তব্যঃ—অভ্যসনীয়ঃ, যদ্যপি শীঘ্রং ন সিধ্যতি তথাপি অনির্ব্বিণ্ণেন—নির্ব্বেদরহিতেন, চেতসা যোক্তব্যঃ, দুঃখবুদ্ধ্যা প্রযত্ন শৈথিল্যং—নির্ব্বেদঃ।

স্বামী। কিঞ্চ সংকল্পপ্রভবান্ ইতি। সংকল্পাৎ প্রভাবঃ যেষাং তান্ যোগপ্রতিকূলান্ সর্ব্বান্ কামান্ অশেষতঃ—সবাসনান্ ত্যক্ত্বা মনসা এব বিষয়দোষদর্শিনা সর্ব্বতঃ প্রসরন্তং ইন্দ্রিয় সমূহং বিশেষেণ নিয়ম্য যোগঃ যোক্তব্যঃ ইতি পূর্ব্বেণ অন্বয়ঃ ॥ ২৩ ॥ ২৪ ॥

তং=যঃ এবং ভূতোঽবস্থা বিশেষস্তং, এইরূপ অবস্থাবিশিষ্ট যোগকে। দুঃখসংযোগ বিয়োগং=দুঃখৈঃ সংযোগো দুঃখসংযোগঃ তেন বিয়োগো দুঃখসংযোগবিয়োগঃ তং দুঃখ সংযোগ বিয়োগং, দুঃখ সংস্পর্শ রহিত অর্থাৎ দুঃখ শূন্য। সংজ্ঞিতং=বিয়োগ শব্দার্থমপি বিরোধিলক্ষণয়া যোগশব্দবাচ্যং, বিপরীত লক্ষণদ্বারা যোগশব্দবাচ্য। বিদ্যাৎ=জানীয়াৎ, জানিবে। স যোগঃ=এবম্ভূতো যোগঃ, এই প্রকার যোগ। অনির্ব্বিণ্ণচেতসা=ন নির্ব্বিণ্ণং অনির্ব্বিণ্ণং তচ্চেত স্তেন নির্ব্বেদরহিতেন চেতসা চিত্তেন, বিকারশূন্য চিত্তদ্বারা। সংকল্প প্রভবান্ সর্ব্বান্ কামান্=যোগ প্রতিকূলান্ বাসনাজাতান্, যোগ প্রতিকূল সকল প্রকার ভোগবাসনাসংজাত কামনাসকল। অশেষতঃ ত্যক্ত্বা=সম্পূর্ণরূপেণ পরিত্যজ্য, নিঃশেষরূপে পরিত্যাগ করিয়া। ইন্দ্রিয়গ্রামং=ইন্দ্রিয়সমূহং, ইন্দ্রিয় সমুদায়। মনসা এব=বিবেকযুক্তেন মনসা এব, নিত্যানিত্য বিবেকবুদ্ধিদ্বারা। সমন্ততঃ বিনিয়ম্য=সর্ব্ব স্মাৎ নিয়মনং কৃত্বা, সম্যক্ প্রকারে বশীভূত করিয়া। নিশ্চয়েন=শাস্ত্র ও গুরূপদেশবাক্যে সম্পূর্ণরূপে নির্ভর করিয়া দৃঢ় প্রযত্নসহকারে। যোক্তব্যঃ=অভ্যসনীয়ঃ, অনুষ্ঠান করিবে।

ভগবান্ এই অধ্যায়ের বিংশতি শ্লোকহইতে দ্বাবিংশতি শ্লোকদ্বারা যে সম্প্রজ্ঞাত সমাধিযোগের অবস্থা বর্ণন করিলেন তাহা এয়োবিংশ শ্লোকে আরম্ভ করিয়া পঞ্চবিংশ শ্লোকে উপসংহার করিবেন। দুঃখ সংস্পর্শ শূন্য এই সমাধিযোগ, বিকারশূন্য হৃদয়ে বিষয় ভোগবাসনা সংজাত সর্ব্বপ্রকার কামনা সম্যক্ প্রকারে পরিত্যাগ করিয়া, সমস্ত ইন্দ্রিয়গণের নিত্যানিত্য বিবেক বুদ্ধিদ্বারা সংযমপূর্ব্বক শাস্ত্রাচার্য্যোপদেশে সম্পূর্ণরূপে নির্ভর করিয়া, প্রশান্তচিত্তে অনুষ্ঠান করিবে ॥ ২৩ ॥ ২৪ ।

23, 24. The mental condition which was being described in the three preceding verses is here concluded with the remark that this Yog

শনৈঃ শনৈ রুপরমেৎ, বুদ্ধ্যা ধৃতিগৃহীতয়া।
আত্মসংস্থং মনঃ কৃত্বা, ন কিঞ্চিদপি চিন্তয়েৎ ॥ ২৫ ॥

ধৃতিগৃহীতয়া বুদ্ধ্যা। মনঃ আত্মসংস্থং কৃত্বা শনৈঃ শনৈঃ উপরমেৎ, কিঞ্চিৎ অপি ন চিন্তয়েৎ ॥ ২৫ ॥

ধৈর্য্যশালিনী বুদ্ধিদ্বারা মনকে ব্রহ্মস্থ করিয়া ক্রমে ক্রমে সকল বিষয়-হইতে নিবৃত্ত করিবে। যোগ কালে অন্য কোন বিষয়ে কিঞ্চিন্মাত্র ও চিন্তা করিবেক না ॥ ২৫ ॥

25. Under the guidance of a patient will step by step the mind should be freed from the objective world and concentrated to the contemplation of Brahma. At this stage the mind should think of nothing else.

or spiritual union may be styled in a negative and in an affirmative way. In the negative form it is called "Yog free from any conjunction of pain." In the affirmative form it is called "a spiritual union of ineffable bliss." These two verses describe how this Yog is to be practised. (*i*) The mind is to be free from all impressions of pain, sorrow and misery. (*ii*) All passions and desires born of "*Sankalpa*" (সঙ্কল্প) *i. e.* resolution to do an act, are to be entirely abandoned. (*iii*) The mind thus restrained by 'বুদ্ধিঃ' (spiritual soul) and perseverance should think of nothing else but **Brahma.** This latter condition of the mind has been described in the succeeding verse.

স্বামী। যদি তু প্রাক্তনকর্ম্মসংস্কারেণ মনঃ বিচলেৎ তর্হি ধারণয়া স্থিরীকুর্য্যৎ ইতি আহ, শনৈঃ ইতি। ধৃতিঃ—ধারণা, তয়া গৃহীতয়া—বশীকৃতয়া, বুদ্ধ্যা আত্মসংস্থং—আত্মনি এব সম্যক্ স্থিতং, নিশ্চলং মনঃ কৃত্বা উপরমেৎ, তৎ তু শনৈঃ শনৈঃ—অভ্যাসক্রমেণ, নতু সহসা। উপরম স্বরূপং আহ, ন কিঞ্চিৎ অপি চিন্তয়েৎ নিশ্চলে মনসি স্বয়ং এব প্রকাশমান-পরমানন্দনির্বৃতঃ ভূত্বা আত্মধ্যানাৎ অপি ন নিবর্ত্তেত ইত্যর্থঃ ॥ ২৫ ॥

ধৃতিঃ—ধৈর্য্যং, ধারণা। গৃহীতয়া=বশীকৃতয়া, বশীভূত করিয়া। বুদ্ধ্যা=বিবেক বুদ্ধিদ্বারা। আত্মসংস্থং কৃত্বা=আত্মৈব সর্ব্বং ন ততোঽন্যৎ কিঞ্চিদস্তি ইত্যেবং আত্ম-সংস্থং, আত্মন্যেব সম্যক্ স্থিতং নিশ্চলং মনঃ কৃত্বা, পরমাত্মাচিন্তাতে মনকে সম্যক্‌রূপে নিহিত করিয়া। শনৈঃ শনৈঃ=অভ্যাসক্রমেণ নতু সহসা, ক্রমেং অভ্যাসদ্বারা সহসা নহে। উপরমেৎ=(উপ+রম্=নিবৃত্তি) নিবৃত্তো ভবেৎ, বিরত হইবে। কিঞ্চিৎ অপি ন চিন্তয়েৎ=নিশ্চলে মনসি স্বয়মেব প্রকাশমান পরমানন্দ নির্বৃতো ভূত্বা

যতো যতো নিশ্চলতি, মনশ্চঞ্চল মস্থিরম্।
ততস্ততো নিয়ম্যৈতৎ, আত্মন্যেব বশং নয়েৎ ॥ ২৬ ॥

চঞ্চলং অস্থিরংমনঃ যতঃ যতঃ নিশ্চলতি, ততঃ ততঃ এতৎ নিয়ম্য আত্মনিএব বশং নয়েৎ ॥ ২৬ ॥

স্বভাবতঃ চঞ্চল ও অস্থির মনঃ যে যে বিষয়ে বিচরণ করিতেছে সেই সেই বিষয়হইতে তাহাকে প্রতিনিবৃত্ত করিয়া আত্মাতেই স্থির করিবেক ॥ ২৬ ॥

26. Wherever the restless and unsteady mind roameth, thence should it be brought back and concentrated to the contemplation of the supreme soul.

আত্মধ্যানাদপি ন নিবর্ত্তেত, আত্মবিষয়েই হউক বা অনাত্ম বিষয়েই হউক কোন প্রকার চিত্তবৃত্তির উৎপাদন করিবে না।

পূর্ব্বশ্লোকে সম্প্রজ্ঞাত সমাধির বিষয় বর্ণন করিয়া ভগবান্ এইশ্লোকে অসম্প্রজ্ঞাত সমাধির বিষয় কীর্ত্তন করিতেছেন। সম্প্রজ্ঞাত সমাধি লাভ হইলে যোগী ক্রমে ক্রমে ধৈর্য্যশালিনী বিবেকবুদ্ধিদ্বারা স্বীয় মনকে বশীভূত করিয়া অসম্প্রজ্ঞাত সমাধি যোগানুষ্ঠান করিতে আরম্ভ করিবেন। এই যোগকালে জ্ঞান, জ্ঞেয়, জ্ঞাত, এই ত্রিবিধ বিষয়হইতে মনকে তিরোহিত করিয়া এক পরমানন্দময় অবস্থায় আত্মা অবস্থান করেন। যিনি সম্প্রজ্ঞাত যোগানুষ্ঠান করিয়াছেন তিনি অসম্প্রজ্ঞাত যোগ কাহাকে বলে তাহাও উপলব্ধি করিতে পারেন, কারণ সম্প্রজ্ঞাত যোগের ভূমিকা উত্তীর্ণ হইলেই যোগী অসম্প্রজ্ঞাত যোগের ভূমিকায় পদার্পণ করেন। এই যোগকালে ধৈর্য্য ও ব্যবসায়াত্মিকা বুদ্ধিদ্বারা স্বভাবতঃ চঞ্চল মনকে বশীভূত করিতে হইবেক। কি উপায়দ্বারা মনকে বিক্ষেপশূন্য করিতে হয় তাহা ভগবান্ পরশ্লোকে বর্ণন করিতেছেন ॥ ২৫ ॥

25. This Yog divides itself into two parts, viz. conscious and unconscious. The preceding verses described what is called conscious or "*Samprajnata* Yog" ; this verse describes what is called unconscious or *Asamprajnata* Yog, wherein the Yogee loses all consciousness about himself or the object of his thinking. This is an inexpressible trancic state of the soul in which it is immersed in Ananda or ecstacy.

স্বামী। এবং অপি রজোগুণবশাৎ যদি মনঃ প্রচলেৎ তর্হি পুনঃ প্রত্যাহারেণ বশীকুর্য্যাৎ ইতি আহ, যতঃ ইতি। স্বভাবতঃ চঞ্চলং—ধার্য্যমাণং অপি, অস্থিরং, মনঃ যং যং বিষয়ং প্রতি নির্গচ্ছতি, ততঃ ততঃ প্রত্যাহৃত্য আত্মনি এব স্থিরং কুর্য্যাৎ ॥ ২৬॥

চঞ্চলং—স্বভাবদোষান্মনশ্চঞ্চলং, বিক্ষেপাভিমুখং, স্বভাবতঃ বহির্মুখ গমনশীল। যতঃ-যতঃ=যস্মাৎ যস্মাৎ নিমিত্তাৎ শব্দাদেঃ বিষয়াৎ, শব্দাদি বিক্ষেপজনক যে যে বিষয়হইতে। নিশ্চলতি=লীনং সৎ সমাধিবিরোধিনীং নিদ্রাখ্যাং বৃত্তিং উৎপাদয়তি, বাহ্যবিষয়ে প্রধাবিত হইয়া প্রমাদ, বিপর্য্যয়, বিকল্প, নিদ্রা, স্মৃতি ইত্যাদি উৎপন্ন করিতেছে। ততঃ ততঃ=তস্মাৎ শব্দাদেঃ নিমিত্তাৎ, সেই সেই শব্দাদি বিষয়হইতে। নিয়ম্য—নবৃত্তিকং কৃত্বা প্রত্যাহৃত্য, প্রতিনিবৃত্ত করিয়া। আত্মনি এব=স্বপ্রকাশ পরমানন্দঘনে, স্বপ্রকাশ চৈতন্যময় ঈশ্বরে। বশং নয়েৎ=নিরুন্ধ্যাৎ, নিরুদ্ধ করিবে।

রজোগুণের প্রাধান্যবশতঃ মনঃ যদি সমাধিযোগবিরোধী বাহ্যবিষয়ে বিচরণ করিতে প্রধাবিত হয় তবে প্রাণায়াম প্রত্যাহারদ্বারা পূর্ব্বপ্রারব্ধ বশতঃ অস্থির মনকে প্রতিনিবৃত্ত করিয়া দৃঢ়রূপে আত্মচিন্তায় রত করিবেক। পূর্ব্বজন্মের স্মৃতি এবং বর্ত্তমান জন্মের প্রমাদ, বিপর্য্যয়, বিকল্প ও নিদ্রাদ্বারা আকৃষ্ট হইয়া মনঃ সর্ব্বদাই চঞ্চল ও অস্থির হইয়া থাকে। এই জন্য ভগবান্ মনকে স্বভাবতঃ চঞ্চল বলিয়া কীর্ত্তন করিলেন। বাস্তবিক মনের নৈসর্গিক ধর্ম্ম অচাঞ্চল্য, কিন্তু কথিত কারণে সর্ব্বদা চঞ্চল অবস্থায় থাকে। ধীর মহাত্মাগণ পূর্ব্বপ্রারব্ধবশাৎ অস্থির মনকে বাহ্যবিষয়হইতে প্রতিনিবৃত্ত করিয়া আত্ম-চিন্তায় রত করিয়া থাকেন। এইরূপে নিবৃত্তিমার্গ অবলম্বন করিলে শনৈঃ শনৈঃ মনঃ ঈশ্বর চিন্তায় পরমানন্দ লাভ করিবেক। প্রমাদ, বিপর্য্যয় ইত্যাদি কাহাকে বলে তজ্জন্য পাঠক পাতঞ্জল যোগসূত্রের সমাধিপাদ পাঠ করিবেন॥ ২৬॥

26. The mind is naturally steady and restful. But in consequence of past associations and external attractions it becomes unsteady and restless. These associations are partly the effects of actions done in previous births and partly of the mental training obtained in the present birth. It is impossible for a man to fix his mind on Brahma, unless he has the will—power to make it steady. A wandering mind should be restrained as we rein a stumbling horse. By this process the will-power will be gradually strengthened.

প্রশান্তমনসং হ্যেনং, যোগিনং সুখ মুত্তম্।
উপৈতি শান্তরজসং, ব্রহ্মভূতমকল্মষম্ ॥ ২৭ ॥

উত্তমং সুখং (কর্ত্তৃ) হি, শান্তরজসং প্রশান্তমনসং অকল্মষং ব্রহ্মভুতং এনং যোগিনং উপৈতি ॥ ২৭ ॥

উত্তম সুখে এইরূপ অভ্যাসদ্বারা রজোগুণ বিহীন, প্রশান্তচেতাঃ, নিষ্পাপী, ব্রহ্মভাবাপন্ন, যোগীকে আশ্রয় করে ॥ ২৭ ॥

27. By this exercise the Yogee becometh free from his earthly nature, his heart resteth at peace with its own thoughts, he becometh sinless, and eventually his soul united with Brahma he enjoyeth happiness supreme.

স্বামী। এবং প্রত্যাহারাদিভিঃ পুনঃ পুনঃ মনঃ বশীকুর্ব্বন্তং রজোগুণক্ষয়ে সতি যোগসুখং প্রাপ্নোতি ইতি আহ, প্রশান্তমনসং ইতি। এবং—উক্তপ্রকারেণ, শান্তং রজঃ যস্য তং, অতএব প্রশান্তং মনঃ যস্য তং এনং নিকল্মষং ব্রহ্মত্বং প্রাপ্তং যোগিনং উত্তমং সুখং সমাধিসুখং স্বয়ং এব উপৈতি—প্রাপ্নোতি। ২৭।

এনং=এবং প্রত্যাহার বশাৎ যোগিনং, এইরূপ পুনঃ পুনঃ প্রত্যাহারদ্বারা বশীকৃতমনা যোগীকে। শান্তরজসং=প্রক্ষীণমোহাদিক্লেশরজসং, রজস্তমঃ প্রভৃতি ক্লেশ রহিত। প্রশান্তমনসং=প্রকর্ষেণ শান্তং মনো যস্য, প্রকর্ষেণ শান্তং নির্বৃত্তিকতয়া নিরুদ্ধং সংস্কারমাত্রশেষং মনো যস্য, নিবৃত্তি মার্গাবলম্বন করিয়া যাহারা মনঃশান্তিলাভ করিয়াছে। অকল্মষং=সংসারহেতুধর্ম্মাধর্ম্মবর্জ্জিতং, পাপশূন্য, নিষ্পাপী। ব্রহ্মভূতং=জীবন্মুক্তং ব্রহ্মৈব সর্ব্বং ইত্যেবং নিশ্চয়বন্তং, ব্রহ্মরূপত্ব প্রাপ্ত। উত্তম সুখং=নিরতিশয় সমাধিসুখং। উপৈতি=প্রাপ্নোতি, লাভ করিয়া থাকেন।

মনকে বশীকৃত করিতে পারিলে কি ফললাভ হয় তাহা ভগবান্ এই শ্লোকে কীর্ত্তন করিতেছেন। মনকে পুনঃ পুনঃ প্রত্যাহারদ্বারা বাহ্য জগৎহইতে প্রতি নিবৃত্ত করিয়া পরমেশ্বর চিন্তায় রত করিলে প্রথমতঃ যোগীর মনহইতে রজস্তমঃপ্রভৃতিগুণ তিরোহিত হইয়া সাত্ত্বিকগুণের প্রাধান্য হয়। তদনন্তর তিনি শান্তিলাভ করিয়া পাপশূন্য হন। এই অবস্থায় যোগী সমস্তই ব্রহ্মময় দর্শন করিয়া ইহ জীবনেই জীবন্মুক্তি লাভ করেন। ভগবান্ চতুর্দ্দশ অধ্যায়ে গুণত্রয়বিভাগযোগের সপ্তম শ্লোকে রজোগুণের বর্ণনা করিয়াছেন। জীবাত্মা এইগুণদ্বারা কর্ম্মশৃঙ্খলে আবদ্ধ হন। শনৈঃ শনৈঃ বাহ্য জগৎহইতে মনকে বিরত করিলে মানব শান্তি পূর্ণ ও নিষ্পাপ হইয়া "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এই মহাবাক্যের তাৎপর্য্য দিব্যচক্ষে দর্শন করিয়া ইহ জীবনেই মুক্ত হন। ২৭।

যুঞ্জন্নেবং সদাত্মানং, যোগী বিগতকল্মষঃ।
সুখেন ব্রহ্মসংস্পর্শং, অত্যন্তং সুখমশ্নুতে ॥ ২৮

যোগী সদা আত্মানং যুঞ্জন্ বিগতকল্মষঃ (সন্) সুখেন ব্রহ্মসংস্পার্শং অত্যন্তং সুখং অশ্নুতে ॥ ২৮ ॥

যোগী এইরূপ মনকে বশীভূত করিয়া পাপশূন্য হইয়া অনায়াসে ঈশ্বর-সন্দর্শন জনিত নিরতিশয় আনন্দ উপভোগ করেন ॥ ২৮ ॥

28. In this way by constantly subduing his mind the Yogee becometh free from all sins, and having easily surmounted all difficulties finally enjoyeth happiness supreme in the blessed union of his spirit with Brahma.

27. By thus drilling the will, the neophyte gradually succeeds in subduing what is called his earthly nature, "Rajasa." This "Rajasa" is the second quality of the triune Nature, which has been explained in Verse 7, Book XIV. Then his mind aspires to a higher existence. He becomes full of peaceful thoughts, and all sinful desires leave him. Eventually he sees the spirit of Brahma and enjoys supreme happiness.

স্বামী। ততঃ কৃতার্থঃ ভবতি ইতি আহ, যুঞ্জন্ ইতি। এবং—অনেন প্রকারেণ, সর্ব্বদা আত্মানং—মনঃ, যুঞ্জন্—বশীকুর্ব্বন্, বিশেষেণ সর্ব্বাত্মনা বিগতং কল্মষং যস্য সঃ যোগী সুখেন—অনায়াসেন, ব্রহ্মণঃ সংস্পর্শঃ—অবিদ্যানিবর্ত্তকঃ সাক্ষাৎকারঃ, তৎ অত্যন্তং—এব সর্ব্বোত্তমং সুখং, অশ্নুতে জীবন্মুক্তঃ ভবতি ইত্যর্থঃ ॥ ২৮ ॥

ব্রহ্ম সংস্পর্শং=জীবাত্ম পরমাত্মনোরৈক্যং, জীবাত্মার সহিত পরমাত্মার যোগ। এই যোগে মানব পরমানন্দ লাভ করেন। এবং=উক্ত প্রকারেণ। সদা=সর্ব্বদা। আত্মানং=মনঃ, মনকে। যুঞ্জন্=বশীকুর্ব্বন্, বশীভূত করিয়া। বিগতকল্মষঃ=বিগতমনঃসংসারহেতু-ধর্ম্মাধর্ম্মরহিতঃ, বিগত পাপ। সুখেন=অনায়াসেন, সকলপ্রকার বিঘ্ন অতিক্রম করিয়া। (যোগ বিঘ্নকর বিষয় সকল টীকাতে লিখিত হইল)। ব্রহ্মসংস্পর্শং=ব্রহ্মণা পরেণ সংস্পর্শো যস্য তৎ ব্রহ্মসংস্পর্শং, যে সুখের পরব্রহ্মের সাক্ষাৎকার হইয়াছে তাদৃশ সুখকেই ব্রহ্ম সংস্পর্শ সুখ বলে। অত্যন্তং=উৎকৃষ্টং। অশ্নুতে=প্রাপ্নোতি, লাভ করিয়া থাকেন।

যোগী এইরূপ সমাধি যোগের অনুষ্ঠান করিয়া কি অনির্ব্বচনীয় সুখ লাভ করেন তাহাই ভগবান্ বর্ণন করিতেছেন। সমাধি যোগদ্বারা মনকে সর্ব্বদা ঈশ্বরার্পিত করিয়া যোগী পাপশূন্য হন। হৃদয়ে কোন প্রকার পাপচিন্তা উদয় হইবা মাত্র তাহাকে বিনষ্ট করিয়া ঈশ্বরে অর্পণের নাম "ঈশ্বর প্রণিধানং" ইহা একটী ক্রিয়া যোগ। পাতঞ্জল

সর্ব্বভূতস্থ মাত্মানং, সর্ব্বভূতানি চাত্মনি।
ঈক্ষতে যোগযুক্তাত্মা, সর্ব্বত্র সমদর্শনঃ ॥ ২৯ ॥

যোগযুক্তাত্মা, সর্ব্বত্র সমদর্শনঃ আত্মানং সর্ব্বভূতস্থং, সর্ব্বভুতানি চ আত্মনি ঈক্ষতে ॥ ২৯ ॥

যোগদ্বারা সমাহিত চিত্ত সর্ব্বত্র সমদর্শী যোগী স্বীয় আত্মাকে সকল প্রাণি-মধ্যে, এবং স্বীয় আত্মাতে সর্ব্বপ্রাণী দর্শন করেন ॥ ২৯ ॥

29. The man whose mind, under the influence of Yog, has been united with God, seeth all with an equal eye. He seeth his own soul in all the objects of creation, and in his soul he seeth the whole creation.

সূত্রের দ্বিতীয় পাদের প্রথম শ্লোক। এই ক্রিয়াযোগদ্বারা সমাধি অনুষ্ঠান হয় ও নিম্ন-লিখিত সমাধির অন্তরায় সকলহইতে অনায়াসে উত্তীর্ণ হওয়া যায়। প্রথম ব্যাধি= সকল প্রকার পীড়াদি, ২য় স্ত্যান=সমাধি যোগকালে আসনাদি করিবার অক্ষমতা, ৩য় সংশয়=পরমাত্মা ও জীবাত্মার শক্তি সম্বন্ধে সন্দেহ, ৪র্থ প্রমাদ=মোহ অনিত্যচিন্তা, ৫ম আলস্য=উদ্যোগের অভাব, ৬ষ্ঠ অবিরতি=অসম্পূর্ণ মনের বাসনা, ৭ম ভ্রান্তি দর্শন= অসত্য বিষয়ের অপরোক্ষানুভূতি, অনিত্য বিষয় দর্শন ইত্যাদি, ৮ম অলব্ধ ভূমিকত্ব— যোগকালে মনের একাগ্রতার অভাব, ৯ম অনবস্থিতত্ব=যোগকালে যত্নের অভাব। উক্ত প্রকার ক্রিয়া যোগদ্বারা এই সকল যোগ বিঘ্নকর অন্তরায়হইতে যোগী ক্রমে ক্রমে উত্তীর্ণ হইয়া সমগ্রবিশ্বে ঈশ্বরময় সন্দর্শন জনিত পরম ব্রহ্মানন্দ উপভোগ করেন ॥ ২৮ ॥

28. The difficulties mentioned in the verse have been enumerated in the Bengali notes. By constantly restraining his mind the Yogee gradually overcomes the difficulties and finally enjoys great happiness. He perceives the spirit of Brahma in all created objects which he sees again in himself.

স্বামী। ব্রহ্মসাক্ষাৎকারং এব দর্শয়তি, সর্ব্বভূতস্থং ইতি। যোগেন অভ্যস্যমানেন যুক্তাত্মা—সমাহিতচিত্তঃ, সর্ব্বত্র সমং ব্রহ্ম এব পশ্যতি ইতি তথা স্বং আত্মানং অবিদ্যাকৃত-দেহাদিপরিচ্ছেদশূন্যং সর্ব্বভূতেষু—ব্রহ্মাদিস্থাবরান্তেষু অবস্থিতং পশ্যতি তানি চ আত্মনি অভেদেন পশ্যতি ॥ ২৯ ॥

যোগযুক্তাত্মা=যোগেন নির্ব্বিচারবৈশারদ্যরূপেণ যুক্তঃ, প্রসাদং প্রাপ্তঃ আত্মা অন্তঃকরণং যস্য স যোগ যুক্তাত্মা, সমাধিযোগানুষ্ঠানদ্বারা সমস্ত সৃষ্টবস্তুতে পার্থক্য বিচার-শূন্য হইয়া যাঁহার অন্তঃকরণ প্রসাদলাভ করিয়াছে তাঁহাকে যোগযুক্তাত্মা বলে। সর্ব্বত্র

যো মাং পশ্যতি সর্ব্বত্র, সর্ব্বং চ ময়ি পশ্যতি।
তস্যাহং ন প্রণশ্যামি, স চ মে ন প্রণশ্যতি ॥ ৩০

যঃ মাং সর্ব্বত্র পশ্যতি, সর্ব্বং চ ময়ি পশ্যতি, অহং তস্য ন প্রণশ্যামি, সঃ চ মে ন প্রণশ্যতি ॥ ৩০ ॥

যিনি আমাকে সমস্ত স্থানে দর্শন করেন, এবং আমাতে সমস্ত দেখেন, আমি তাঁহার অদৃশ্য হইনা, এবং তিনিও আমার অদৃশ্য হন না ॥ ৩০ ॥

30. He who seeth Me everywhere, and in Me seeth all, to him I am never unseen and he is never unseen to me.

সমদর্শনঃ=সর্ব্বেষু ব্রহ্মাদি স্থাবরান্তেষু বিষয়েষু সর্ব্বভূতেষু সমং নির্ব্বিশেষং বিক্রিয়ারহিতং ব্রহ্মাত্মৈকত্ববিষয়ং দর্শনং জ্ঞানং যস্য সঃ, সমস্ত সৃষ্টবস্তুতে নির্ব্বিশেষে যাঁহার ব্রহ্মের একত্ব জ্ঞান। আত্মানং—স্বং আত্মানং, স্বীয় আত্মাকে। সর্ব্বভূতস্থং—সর্ব্বেষু ভূতেষু স্থিতং, সমগ্র সৃষ্টবস্তুতে অবস্থিত। সর্ব্বভূতানি=ব্রহ্মাদীনি স্তম্বপর্য্যন্তানি, ব্রহ্মহইতে স্তম্ব পর্য্যন্ত। আত্মনি—আত্মাতে। ঈক্ষতে—অভেদেন পশ্যতি, অভেদরূপে দর্শন করেন।

পূর্ব্ব শ্লোকের লিখিত "সুখ মত্যন্তং" কি প্রকার তাহা এইশ্লোকে ভগবান্ বিস্তার করিতেছেন। যোগিমহাত্মা প্রথমতঃ সর্ব্বত্র সমদর্শন করিয়া সমগ্র সৃষ্ট বস্তুতে নিজ আত্মাকে অবস্থিত দর্শন করেন। এই সম্বন্ধে পাঠক পাতঞ্জলে সমাধি পাদের ৪৭। ৪৮ শ্লোক পাঠ করিলে ইহাই বুঝিতে পারিবেন যে, ভগবান্ শ্রীকৃষ্ণ এই শ্লোকে নির্ব্বিচার সমাধির কথা উল্লেখ করিতেছেন। ভগবান্ এই অধ্যায়ের অষ্টাবিংশ শ্লোকহইতে দ্বাত্রিংশ শ্লোক পর্য্যন্ত যোগের চরমাবস্থা কীর্ত্তন করিলেন। যোগী প্রথমতঃ সমস্ত পশু, পক্ষী, কীট, পতঙ্গাদিতে স্বীয় আত্মা অবস্থিত দেখিয়া তদনন্তর যোগের পূর্ব্বসীমায় আরোহন করিয়া নিজ আত্মাতে সমস্ত ব্রহ্মাণ্ড অবলোকন করেন। এই অবস্থা লাভ করিলে যোগী ঈশ্বর সন্দর্শন করেন। ঋগ্বেদের প্রারম্ভে লিখিত আছে "একোহহং বহু স্যাং প্রজায়েতি" আমি এক, প্রজার সৃষ্টির জন্য বহু হইব। সমাধিদ্বারাও সমস্ত এক ঈশ্বরের বিস্তার এইরূপ দিব্য প্রতীয়মান হইবেক ॥ ২৯ ॥

29. This refers to the union of *Pratyagatma* (monad) with *Paramatma* (Logos) *i. e.* to the identity of the Jiba with Ishwara. This is realized in the final stage of the *Samadhi* Yog. Under its holy influence the Yogee perceives his own spirit in all the objects of creation from the insignificant insect to the mighty man. Gradually as he advances in his upward career, he sees the whole creation within himself. Then the Yogee actually realizes within himself the fact that this universe is but an expansion of God.

স্বামী। এবংভূতাত্মজ্ঞানে চ সর্ব্বভূতাত্মতয়া মদুপাসনং মুখ্যং কারণং ইতি আহ, যঃ ইতি। মাং—পরমেশ্বরং, সর্ব্বত্র—ভূতমাত্রে, যঃ পশ্যতি, সর্ব্বং চ—প্রাণিমাত্রং, ময়ি যঃ পশ্যতি তস্য অহং ন প্রণশ্যামি—অদৃশ্যঃ ন ভবামি, সঃ চ মম অদৃশ্যঃ ন ভবতি, প্রত্যক্ষঃভূত্বা কৃপাদৃষ্ট্যা তং বিলোক্য অনুগৃহ্নামি ইত্যর্থঃ ॥ ৩০ ॥

যঃ=আত্মৈকত্বদর্শী, ব্রহ্মাকার দর্শনকারী। মাং=পরমেশ্বরং সর্ব্বস্যাত্মানং, সকলের আত্মস্বরূপ পরমেশ্বরকে। সর্ব্বত্র=সর্ব্বেষু ভূতেষু, সকলভূতে। ময়ি=সর্ব্বাত্মনি, সকলের আত্মাস্বরূপ আমাতে। অহং=ঈশ্বরঃ। ন প্রণশ্যামি=ন পরোক্ষতাং গমিষ্যামি, অদৃশ্য হইনা। ন প্রণশ্যতি=ন পরোক্ষো ভবতি, অপ্রত্যক্ষ হয় না।

পূর্ব্বশ্লোকে জীবাত্মার কথা উল্লিখিত হইয়া এইশ্লোকে পরমাত্মার কথা উল্লেখ হইতেছে। সমাধিযোগকালে জীবাত্মা ঈশ্বরকে দর্শন করিলে ঈশ্বর ও তাঁহাকে দর্শন করেন। অর্থাৎ মানব তৎকালে ব্রহ্মত্ব প্রাপ্ত হন।

শ্রুতিবলিয়াছেন—

" অবিদ্বাং স্তু স্বাত্মান মপি সন্তং ভগবন্তং ন পশ্যতি, অতো ভগবান্ পশ্যন্নপি তং ন পশ্যতি স এনং অবিদিতো ন ভুনক্তি "।

অজ্ঞানব্যক্তি স্বীয় আত্মারূপী ভগবান্‌কে দেখিতে পায় না, সুতরাং ভগবান্ তাহাকে দেখিতে পাইয়াও দেখেন না। সেই অজ্ঞ, ঈশ্বরকে বিদিত হইতে না পারিয়া পরম সুখভোগ করিতে সমর্থ হয় না।

"মাং" এবং "ময়ি" শব্দে পরমাত্মরূপী বাসুদেবকে বুঝিতে হইবে। মানবরূপধারী শ্রীকৃষ্ণকে বুঝিতে হইবে না ॥ ৩০ ॥

30. The *Samadhi* Yog is complete, when the two distinct processes are completed, viz. (*i*) when the devotee sees Brahma in all the objects of creation and (*ii*) when in God he seeth the whole universe. Then Jiba sees Ishwara and Ishwara sees Jiba. Their mental acquaintance becomes perfect. This is called the *Turya* or fourth stage of *Samadhi* Yog. At this stage the Yogee exclaims, "I see my God everywhere in this vast creation. When I look around, I see Him. When I look within me, I see Him. I hold communion with Him and He converseth with me. I am one with my God."

সর্ব্বভূতস্থিতং যো মাং, ভজত্যেকত্বমাস্থিতঃ।
সর্ব্বথা বর্ত্তমানোঽপি, স যোগী ময়ি বর্ত্ততে ॥ ৩১ ॥

যঃ একত্বং আস্থিতঃ (সন্) সর্ব্বভূতস্থিতং মাং ভজতি, সঃ যোগী সর্ব্বথা বর্ত্তমানঃ অপি ময়ি বর্ত্ততে ॥ ৩১ ॥

যিনি অদ্বৈতভাবাপন্ন হইয়া সর্ব্বভূত স্থিত আমাকে ভজনা করেন সেই যোগী সকল অবস্থাতেই আমাতে অবস্থান করেন ॥ ৩১ ॥

31. He who worshippeth Me as the One pervading all, ever liveth in Me, in whatsoever condition he may be.

স্বামী। ন চ এবংভূতঃ বিধিকিঙ্করঃ স্যাৎ ইতি আহ, সর্ব্বভূতস্থিতং ইতি। সর্ব্বভূতেষু স্থিতং মাং অভেদং আস্থিতঃ—আশ্রিতঃ, যঃ ভজতি, সঃ যোগী—জ্ঞানী, সন্ সর্ব্বথা কর্ম্ম পরিত্যাগেন অপি, বর্ত্তমানঃ ময়ি এব বর্ত্ততে—মুচ্যতে, নতু ভ্রশ্যতি ইত্যর্থঃ ॥ ৩১ ॥

যঃ=সমভাবাপন্ন যোগী, সর্ব্বাত্মৈকত্বদর্শী। সর্ব্বভূতস্থিতং=সর্ব্বেষু ভূতেষু, অধিষ্ঠিততয়া স্থিতং, সর্ব্বভূতে অধিষ্ঠিত। মাং=সর্ব্বানুস্যূতং সন্মাত্রং ঈশ্বরং। একত্বং=অত্যন্তং অভেদং, অভিন্ন, ভেদশূন্য। আস্থিতঃ=ঘটাকাশো মহাকাশ ইত্যত্রেবোপাধিভেদনিরাকরণেন নিশ্চয়েন যঃ স্থিতঃ। ঘটাকাশ ও মহাকাশ কেবল উপাধিভেদমাত্র বাস্তবিক অভিন্নতাদৃশ। ভজতি=অহং ব্রহ্মাস্মীতি বেদান্তবাক্যজেন সাক্ষাৎকারেণাপরোক্ষধীর্ভবতি, জীবাত্মা ও পরমাত্মা অভিন্ন, ইহা অবগত হইয়া তাহা অনুভব করেন। স যোগী=ব্রহ্মাহমস্মীতি বিদ্বান্, আমিই ব্রহ্ম এইরূপ জ্ঞানী। সর্ব্বথা=সর্ব্বপ্রকারৈঃ, যেন কেনাপি রূপেণ, সর্ব্বপ্রকার অবস্থাতেই। বর্ত্তমানোঽপি=ব্যবহরন্নপি, স্বাত্মানং সর্ব্বভূতানি চ পশ্যন্, স্বীয় আত্মায় এবং সকল ভূতে অবলোকন করিয়া। ময়ি বর্ত্ততে=মামেব পশ্যতি, স্বাত্মনি সর্ব্বভূতেষু চ সর্ব্বদা মৎসমমেব পশ্যতি, স্বীয় আত্মায় এবং সর্ব্বভূতে পরমাত্মার অভিন্নরূপ সন্দর্শন করেন।

কিজন্য উক্ত অদ্বৈতযোগী সর্ব্বদাই বাসুদেবকে লাভ করিতে সক্ষম, তাহাই ভগবান্ এই শ্লোকে বিস্তার করিতেছেন। তিনি অদ্বৈতভাবে "তৎ" পদার্থকে "ত্বং" পদার্থের সহিত অভিন্নভাবে স্বীয় আত্মাতে ও সর্ব্বভূতে অবলোকন করিয়া সমস্ত ব্রহ্মাণ্ড পরমাত্মার প্রপঞ্চ সন্দর্শন করিয়া থাকেন। এবম্বিধ যোগী সকল প্রকার অবস্থাতেই ব্রহ্মে অবস্থিত থাকেন ॥ ৩১ ॥

31. This is simply an amplification of the idea expressed in the foregoing verse. 'The devotee while in *Samadhi* sees the one indivisible Being (বিরাট মূর্ত্তি) as pervading all. In whatever condition the devotee may be placed, he lives always in Brahma.

আত্মৌপম্যেন সর্ব্বত্র, সমং পশ্যতি যোঽর্জ্জুন।
সুখং বা যদি বা দুঃখং, স যোগী পরমো মতঃ ॥ ৩২ ॥

ভোঃ অর্জ্জুন! যঃ সুখং বা দুখং বা যদি সর্ব্বত্র আত্মৌপম্যেন পশ্যতি সঃযোগী পরমঃ মতঃ ॥ ৩২ ॥

হে অর্জ্জুন! যে ব্যক্তি সকল প্রাণিজগতের সুখ অথবা দুঃখ নিজের ন্যায় অনুভব করেন তিনিই সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ যোগী ॥ ৩২ ॥

32. O Arjuna! in my opinion he is the best of Yogees who feeleth like his own the pains and pleasures of all created beings.

স্বামী। এবঞ্চ মাং ভজতাং যোগিনাং মধ্যে সর্ব্বভূতানুকম্পী শ্রেষ্ঠঃ ইতি আহ। আত্মৌ পম্যেন—স্বসাদৃশ্যেন, যথা মম সুখং প্রিয়ং, দুঃখং চ অপ্রিয়ং, তথা অন্যেষাং অপি ইতি সর্ব্বত্র সমং পশ্যন্ সুখং এব সর্ব্বেষাং যঃ বাঞ্ছতি ন তু কস্য অপি দুঃখং সঃ যোগী শ্রেষ্ঠঃ মম অভিমতঃ ইত্যর্থঃ ॥ ৩২ ॥

আত্মৌপম্যেন—স্বসাদৃশ্যেন, আত্মতুলনায়। সমং=তুল্যং। সর্ব্বত্র=সর্ব্বভূতেষু। সুখং বা যদি বা দুঃখং=(বাশব্দশ্চার্থে) যথা মম ইষ্টং তথা সর্ব্বপ্রাণিনাং সুখং বা যচ্চ মমঅনিষ্টং তথা সর্ব্বপ্রাণিনাং দুঃখং, আমার যাহাতে সুখ সকল প্রাণির ও তাহাতে সুখ, এবং আমার যাহাতে দুঃখ সকল প্রাণির তাহাতে দুঃখ। পশ্যতি=ন কস্যচিৎ প্রতিকূলং আচরতি। স যোগী=এবং অহিংসকঃ যোগী তাদৃশ হিংসাশূন্য যোগী। পরমঃ=সর্ব্ব-যোগিনাং মধ্যে উৎকৃষ্টঃ সমস্ত যোগিগণের শ্রেষ্ঠ।

সর্ব্বভূতে অভিন্নভাবে অবস্থান করিলে যোগী সর্ব্বদাই পরমাত্মাকে ভজনাকরেন। এইরূপ যোগিগণের মধ্যে তিনিই শ্রেষ্ঠ যোগী যিনি নিজের সুখ দুঃখের ন্যায় সমস্ত প্রাণি-জগতের সুখ দুঃখ অনুভব করেন। তিনি জগতের বিরাট দেহ, অথবা বিশ্বাত্মার মূর্তিকে নিজ দেহের ন্যায় জ্ঞান করিয়া থাকেন। কোন প্রাণীর দুঃখ হইলে তিনি তাহা নিজ দুঃখের ন্যায় এবং কোন প্রাণীর সুখ হইলে তিনি তাহা নিজ সুখের ন্যায় অনুভব করেন। যেরূপ কোন ব্যক্তিরই নিজের অনিষ্টবাসনা হয় না, তদ্রূপ এই শ্রেষ্ঠ যোগী কোন জীবের অনিষ্ট ইচ্ছা করেন না, তিনি নিজের মঙ্গলের ন্যায় সমগ্র প্রাণীর মঙ্গল বাসনা করেন। ৩২॥

32. In this strain Jesus Christ said "Love your enemies, bless them that curse you, do good to them who hate you and pray for them who despitefully use you and persecute you." The difference is that while Christ confined his love to human beings only, Srikrishna's love was for

অর্জ্জুন উবাচ।

যোঽয়ং যোগস্ত্বয়া প্রোক্তঃ, সাম্যেন মধুসূদন।
এতস্যাহং ন পশ্যামি, চঞ্চলত্বাৎ স্থিতিং স্থিরাম্ ॥ ৩৩ ॥

অর্জ্জুনঃ উবাচ।

ভোঃ মধুসূদন! ত্বয়া সাম্যেন অয়ং যঃ যোগঃ প্রোক্তঃ, অহং (চিত্তস্য) চঞ্চলত্বাৎ এতস্য (যোগস্য) স্থিরাং স্থিতিং ন পশ্যামি ॥ ৩৩ ॥

অর্জ্জুন কহিলেন।

হে মধুসূদন! আপনাকর্ত্তৃক মনের সমতাদ্বারা এইযে আত্মযোগের বিষয় বর্ণিত হইল, চিত্তের চাঞ্চল্যবশতঃ এই যোগের দীর্ঘকাল স্থায়িত্বের কোন ও সম্ভাবনা দেখিতেছি না ॥ ৩৩ ॥

ARJUNA SAID:

33. O Destroyer of demons! I find it impossible, on account of the restlessness of the mind, to sustain for any length of time this Yog based on equality which thou hast described.

the whole animated creation. This love is the natural outcome of that Yog wherein the seer sees the Spirit of Brahma in all created things. As you feel pain whenever any portion of your body is hurt, so does the seer feel pains whenever any injury is done to a living creature in the world. This is the highest stage of Yog and has been considered superior to asceticism, wisdom and good work.

স্বামী। উক্তলক্ষণস্য যোগস্য অসম্ভবং মন্বানঃ অর্জ্জুনঃ উবাচ, যঃ ইতি। সাম্যেন-মনসঃ লয়বিক্ষেপশূন্যতয়া কেবলাত্মাকারাবস্থানেন, যঃ অয়ং যোগঃ ত্বয়া প্রোক্তঃ এতস্য-যোগস্য, স্থিরাং—দীর্ঘকালাং, স্থিতিং ন পশ্যামি, মনসঃ চঞ্চলত্বাৎ ॥ ৩৩ ॥

অয়ং যঃ = সমদৃষ্টিলক্ষণঃ পরমো যোগঃ, সর্ব্বত্র সমদৃষ্টিলক্ষণাক্রান্ত এই পরম যোগ। অহং = অস্মদ্বিধঃ, অন্যো বা যোগাভ্যাসনিপুণঃ, আমাদিগের ন্যায় ব্যক্তি, কিংবা অন্য কোন যোগাভ্যাসতৎপর। চিত্তস্য চঞ্চলত্বাৎ = মনসশ্চঞ্চলত্বাৎ, মনের চাঞ্চল্য বশতঃ। এতস্য = উক্তস্য সর্ব্বমনোবৃত্তিনিরোধলক্ষণস্য, ভবদ্বর্ণিত সকল-মনোবৃত্তিলয়লক্ষণযুক্ত যোগের। স্থিরাং = দীর্ঘকালানুবর্ত্তিনীং, দীর্ঘকাল ব্যাপী। স্থিতিং = বিদ্যমানতাং, স্থায়িত্ব। ন পশ্যামি = ন সম্ভাবয়ামি, সম্ভব দেখিতেছি না।

সর্ব্বত্র সমদৃষ্টিসম্পন্ন সমাধি যোগের বিষয় যাহা ভগবান্ উনবিংশ শ্লোকে আরম্ভ

চঞ্চলং হি মনঃ কৃষ্ণ, প্রমাথি বলবদ্দৃঢ়ম্।
তস্যাহং নিগ্রহং মন্যে, বায়োরিব সুদুষ্করম্ ॥ ৩৪ ॥

ভোঃ কৃষ্ণ! মনঃ হি চঞ্চলং প্রমাথি, বলবৎ, দৃঢ়ং। অহং তস্য নিগ্রহং বায়োঃইব সুদুষ্করং মন্যে ॥ ৩৪ ॥

হে কৃষ্ণ! আমাদিগের মনঃ অত্যন্ত চঞ্চল দেহ ও ইন্দ্রিগণের ক্ষোভকারক, অজেয় এবং এতদূর বিষয়াসক্ত যে সেই মনের নিগ্রহ আমাদিগের পক্ষে বায়ু নিগ্রহের ন্যায় দুঃসাধ্য বলিয়া বিবেচনা হইতেছে ॥ ৩৪ ॥

34. O Krishna ! the mind is restless, it causeth misery to the body and its organs, it is hard to restrain and it is firmly attached to the enjoyments of the world. I find it as impossible to restrain it as the wind.

করিয়া দ্বাত্রিংশ শ্লোক পর্য্যন্ত কীর্ত্তন করিলেন তাহা সাংসারিক লোকের পক্ষে কার্য্যে পরিণত হওয়া নিতান্ত অসম্ভব ইহাই মনে করিয়া অর্জ্জুন ভগবান্‌কে জিজ্ঞাসা করিলেন ভগবন্! আপনি যে সমতাসম্পন্ন সমাধি যোগের বিষয় বলিলেন তাহা কি প্রকারে চঞ্চলমনাঃ অস্মদ্বিধ লোককর্ত্তৃক অনুষ্ঠিত হইতে পারে তাহা আমি বুঝিতে পারিলাম না। আমাদিগের মনঃ সর্ব্বদাই চঞ্চল ও বিক্ষেপপূর্ণ। কি স্বপ্নে কি জাগরণে সর্ব্বদাই বাহ্যিক বিষয়ে প্রধাবিত হইতেছে। এইরূপ চঞ্চল মনঃ কি প্রকারে সমস্তবৃত্তি নিরোধপূর্ব্বক সমাধিযোগের অনুষ্ঠান করিতে পারে? বিশেষতঃ শত্রু, মিত্র, সুখ, দুঃখ, পাপ পুণ্য, ইত্যাদি বিরুদ্ধলক্ষণাক্রান্ত বিষয়ে কি প্রকারে সমতা জ্ঞান হইতে পারে? ভগবন্! আপনি যে কঠিন যোগের কথা উল্লেখ করিলেন উহা মানব জাতির অনুষ্ঠেয় হইতে পারে না। তবে মানবহইতে যাঁহারা উচ্চতর অচঞ্চলমনাঃ জীব তাঁহারা দীর্ঘকাল এইরূপ যোগের অনুষ্ঠান করিলে সিদ্ধ হইতে পারে ॥ ৩৩ ॥

33. This *Samadhi* Yog or the union of the individual soul with the Supreme Soul, which has been described from verses 29 to 32 and which springs from an all-pervading sense of equality, is difficult to be practised by men whose minds are continually running after external objects. Finding this difficulty of steadying the mind, for any considerble time, to the contemplation of God Arjuna puts this question. This *Samadhi* Yog has two principal ingredients viz. (*i*) it is based on equality in which the seer sees all with an equal eye. Pleasures and pains, happiness and misery, friends and foes, virtue and vice cannot disturb the serene equanimity of his mind. To the Yogee these are all the same. (*ii*) It requires prolonged concentration of the mind to the contemplation of God undisturbed by the objective world.

স্বামী। এতৎ স্ফুটয়তি চঞ্চলং ইতি। চঞ্চলং—স্বভাবেন এব চপলং, কিঞ্চ প্রমাথি—প্রমথনশীলং, দেহেন্দ্রিয় ক্ষোভকরং ইত্যর্থঃ। কিঞ্চ বলবৎ-বিচারেণ অপি জেতুং অশক্যং, কিঞ্চ দৃঢ়ং—বিষয় বাসনানুবিদ্ধিতয়া দুর্ভেদং, অতঃ যথা আকাশে দোধূয়মানস্য বায়োঃ কুম্ভাদিষু নিরোধনং, অশক্যং তথা অহং তস্য—মনসঃ, নিগ্রহং—নিরোধং, সুদুষ্কর'—সর্ব্বথা কর্ত্তুমশক্যং, মন্যে॥ ৩৪॥

কৃষ্ণ—(কৃষ=আকর্ষণ করা) ভক্তজনপাপাদিদোষকর্ষণাৎ, ভক্তজনের পাপাদি আকর্ষণদ্বারা বিনাশ করেন বলিয়া। পাপীদিগের ত্রাণকর্ত্তা।

"কৃষিভূর্বাচকঃ শব্দঃ, ণশ্চ নিবৃতিবাচকঃ।
তয়োরৈক্যাদ্ভবেদ্ব্রহ্ম, কৃষ্ণ ইত্যভিধীয়তে"॥

হি—যস্মাৎ, যে হেতু। মনঃ—সর্ব্বেন্দ্রিয় প্রবর্ত্তক অন্তঃকরণ বৃত্তি। চঞ্চলং—স্বভাবেনৈব চপলং, স্বভাবতঃ অস্থির অর্থাৎ একবিষয়ে অধিকক্ষণ স্থির রাখা যায় না। প্রমাথি—প্রমথনশীলং, শরীরং ইন্দ্রিয়াণি চ বিক্ষিপতি পরবশীকরোতি, শরীর এবং ইন্দ্রিয়গণের ক্ষোভ কারক। বলবৎ=প্রবলং ন কেনচিন্নিরন্তু' শক্যং দুর্নিবারত্বাৎ, অত্যন্ত বলবান্, কোনরূপে জয় করা যায় না, অজেয়। দৃঢ়ং—বিষয়বাসনাসহস্রানুস্যূততয়া ভেত্তুমশক্যং তন্তুনালবদচ্ছেদ্যং, বিষয় বাসনারূপ সহস্র অচ্ছেদ্য তন্তুদ্বারা আবদ্ধ। নিগ্রহং=নিরোধং, নিবৃত্তি করা। বায়োরিব সুদুষ্করং=যথাকাশে দোধূয়মানস্য বায়োঃ কুম্ভাদিষু নিরোধন মশক্যং তথা তস্য মনসো নিগ্রহং সুদুষ্করং সর্ব্বথা কর্ত্তুমশক্যং, অনন্তাকাশচারী বায়ুর যেরূপ কলসী মধ্যে নিরোধ অসম্ভব তদ্রূপ মনের সর্ব্বদা নিরোধ সম্ভবপর নহে। মন্যে=সম্ভাবয়ামি, বোধ করি।

সমভাবাপন্ন সমাধিযোগ কিজন্য মনুষ্যের চঞ্চল মনদ্বারা অনুষ্ঠেয় অসম্ভব তাহার বিস্তারে অর্জ্জুন বলিতেছেন। মানবের মনঃ, প্রকৃতি এবং প্রারব্ধ জনিত এতই চঞ্চল যে তাহাকে অধিককাল একতানতা করা এক প্রকার অসম্ভব কার্য্য। মনঃ চঞ্চল এবং তজ্জন্য শরীর ও ইন্দ্রিয়গণের অত্যন্ত ক্লেশদায়ক, এবং তজ্জন্য ক্লিষ্ট ইন্দ্রিয়গণ ও শরীরদ্বারা জয় করা অসম্ভব, এবং তজ্জন্য উহা অচ্ছেদ্য নাগপাশের ন্যায় আত্মাকে কর্ম্মজালে নিবদ্ধ রাখে। যেমন অনন্ত আকাশচারী বায়ুকে কলসী মধ্যে নিরুদ্ধ করা অসম্ভব, তদ্রূপ সর্ব্বদা সকল বিষয় ভোগাসক্ত সমগ্রবিশ্ব সঞ্চারি মনকে অধিকক্ষণ পরমাত্মায় সংযোজিত রাখা অসম্ভব কার্য্য। অর্জ্জুন যোগী ছিলেন না তজ্জন্য তাঁহার নিকট বিক্ষেপশূন্য আত্ম-ধ্যান অত্যন্ত কঠিন বলিয়া বোধ হইয়াছিল। বাস্তবিক পক্ষে যে সকল মহাত্মা অষ্টাঙ্গ-যোগ সাধনপূর্ব্বক জীবন্মুক্ত হইয়াছেন, তাঁহাদিগের নিকট এই বিক্ষেপশূন্য সমাধিযোগ নিশ্বাস প্রশ্বাসের ন্যায় স্বাভাবিক কার্য্যমধ্যে পরিগণিত হইয়া থাকে॥ ৩৪॥

34. An untrained mind causes pain to the body; for the influence of the mind on the body is too well known to require any description here. When the mind runs after an object, it is difficult to check it.

শ্রীভগবানুবাচ।

অসংশয়ং মহাবাহো, মনো দুর্নিগ্রহং চলম্।
অভ্যাসেন তু কৌন্তেয়, বৈরাগ্যেণ চ গৃহ্যতে ॥ ৩৫ ॥

শ্রীভগবান্ উবাচ।

ভোঃ মহাবাহো! মনঃ অসংশয়ং দুর্নিগ্রহং চলং তু (কিন্তু) হে কৌন্তেয় অভ্যাসেন বৈরাগ্যেণ চ (মনঃ) গৃহ্যতে ॥ ৩৫ ॥

ভগবান্ কহিলেন।

হে মহাবাহো! মনঃ নিঃসন্দেহই অত্যন্ত অজেয় ও চঞ্চল, কিন্তু হে কুন্তীনন্দন! অভ্যাস ও বৈরাগ্যদ্বারাই মনকে নিরুদ্ধ করিতে হইবেক ॥ ৩৫ ॥

SRIKRISHNA SAID:

35. O Prince of mighty arm! the mind no doubt is restless and hard to restrain. But O son of Kunti! it should be checked by practice and indifference to earthly objects.

The very attempt to restrain it makes the hold stronger, till at last we give up the task as a hopeless one. It loves to roam amongst the vanities of the world, and it requires a strong will and long practice to restrain it.

স্বামী। তৎ উক্তং চঞ্চলাদিকং অঙ্গীকৃত্য এব মনোনিগ্রহোপায়ং শ্রীভগবান্ উবাচ, অসংশয়ং ইতি। চঞ্চলত্বাদিনা মনঃ নিরোদ্ধুং অশক্যং ইতি যৎ বদসি এতৎ নিঃসংশয়ং এব, তথাপি তু অভ্যাসেন—পরমাত্মাকারয়া বৃত্ত্যা বিষয়বৈতৃষ্ণ্যেন চ গৃহ্যতে। অভ্যাসেন লয়-প্রতিবন্ধাৎ বৈরাগ্যেণ চ বিক্ষেপপ্রতিবন্ধাৎ উপরতবৃত্তিকং সৎ পরমাত্মাকারেণ পরিণতং তিষ্ঠতি ইত্যর্থঃ। তৎ উক্তং যোগশাস্ত্রে।

মনসো বৃত্তিশূন্যস্য, ব্রহ্মাকারতয়া স্থিতিঃ।
যা সম্প্রজ্ঞাত নামাসৌ, সমাধিরভিধীয়তে ॥ ৩৫ ॥

মহাবাহো = মহান্তৌ সাক্ষাৎ মহাদেবেনাপি সহ কৃতপ্রহরণৌ বাহূ যস্য ইতি নিরতিশয়-মুৎকর্ষং সূচয়তি, মহাদেবের সহিত যিনি বাহুবলে অস্ত্র শস্ত্রাদিদ্বারা যুদ্ধ করিয়া জয় লাভ করিয়াছিলেন, সেই অর্জ্জুনকর্ত্তৃক এই উৎকৃষ্ট আত্মযোগানুষ্ঠিত হইবে, "মহাবাহু" শব্দ ব্যবহার করিয়া ভগবান্ ইহাই ইঙ্গিত করিলেন। অসংশয়ং = নিঃসংশয়ং, নিঃসন্দেহ। দুর্নিগ্রহং = অজেয়ং, অপরাজেয়। চলং = চঞ্চলং, অত্যন্ত চপল। তু = কিন্তু। কৌন্তেয় = পিতৃস্বস্রপুত্রত্বমবশ্যং ময়া সুখী কর্ত্তব্যঃ ইতি স্নেহসংবন্ধ সূচনেন আশ্বাসয়তি;

অসংযতাত্মনা যোগো দুষ্প্রাপ ইতি মে মতিঃ।
বশ্যাত্মনা তু যততা, শক্যোঽবাপ্তু মুপায়তঃ ॥ ৩৬ ॥

অসংযতাত্মনা যোগঃ দুষ্প্রাপঃ ইতি মে মতিঃ, বশ্যাত্মনা যততা তু উপায়তঃ (যোগঃ) অবাপ্তুং শক্যঃ ॥ ৩৬ ॥

অসংযতচিত্ত ব্যক্তির আত্মযোগ দুষ্প্রাপ্য ইহা আমার মত, কিন্তু সংযত-চিত্ত যোগিকর্ত্তৃক অভ্যাস ও বৈরাগ্যপ্রভাবে প্রযত্নাতিশয়ে এইযোগ লাভ হইতে পারে ॥ ৩৬ ॥

36. In my opinion this Yog is hard to be attained by him whose mind is not under his perfect control. But he whose mind is subdued, can obtain this Yog by continual practice and indifference.

তুমি আমার পিতৃস্বসার পুত্র, আমার উপদেশ বাক্যদ্বারা তুমি এই সুদুষ্করকার্য্য করিতে পারিবে ইহাই "কৌন্তেয়" শব্দদ্বারা ভগবান্ ইঙ্গিত করিলেন। অভ্যাসেন=ক্রমেণ, ক্রমে ক্রমে। বৈরাগ্যেণ=দোষদর্শনাভাসাৎ বিষয়েষু বৈতৃষ্ণ্যং বৈরাগ্যং তেন, পার্থিব বিষয়ে দোষদর্শন করিয়া তাহাতে বিতৃষ্ণার নাম বৈরাগ্য তদ্দ্বারা। গৃহ্যতে=নিরুধ্যতে, নিগৃহীত হইয়া থাকে।

মনঃ অতিচল ইহা স্বীকার করিয়া তাহাকে কি কি উপায়দ্বারা স্থির করা যাইতে পারে তাহা ভগবান্ এই শ্লোকদ্বারা অর্জ্জুনকে বুঝাইতেছেন। তিনি দুইটী উপায় নির্দ্দেশ করিলেন যথা অভ্যাস, ও বৈরাগ্য। ভগবান্ পতঞ্জলিও বলিয়াছেন "অভ্যাস বৈরাগ্যাভ্যাং তন্নিরোধঃ, সমাধিপাদে ১২শ সূত্রে। মধুসূদন সরস্বতী তাঁহার টীকায় অধ্যাত্মবিদ্যালাভ, সাধুসঙ্গ, বাসনাপরিত্যাগ এবং প্রাণস্পন্দনিরোধ মনোনিরোধের এই চতুর্ব্বিধ উপায় নির্দ্ধারণ করিয়াছেন। ধর্ম্মশাস্ত্র অধ্যয়ন করিলে এই প্রপঞ্চ জগতে সর্প-জ্ঞান তিরোহিত হইয়া প্রকৃত রজ্জুজ্ঞান উৎপন্ন হয়। তখন মনঃ ক্রমে ক্রমে পার্থিব বিষয় পরিত্যাগ করিয়া ঈশ্বরে প্রধাবিত হয়। তদনন্তর সাধুসঙ্গদ্বারা উক্তজ্ঞান পরিমার্জ্জিত করিয়া কার্য্যে পরিণত করিতে পারাযায়। ক্রমেবাসনা পরিত্যাগ এবং প্রাণায়ামদ্বারা প্রাণ বায়ু জয় করিতে পারিলে মনের স্থিরতা সম্পাদিত হয়। প্রথমতঃ অভ্যাস এবং তাহার পরে বৈরগ্যদ্বারা মনকে নিগৃহীত করাযায় তাহাই ভগবান্ ইঙ্গিত করিলেন ॥ ৩৫ ॥

35. Self-control is the principal means whereby the mind is to be diverted from worldly objects and concentrated to the contemplation of God. This is to be gained gradually. A perfect indifference to worldly objects helps this practice considerably. By these two means the mind is to be steadied and directed to God.

স্বামী। এতাবান্ তু ইহ নিশ্চয়ঃ ইতি আহ, অসংযতাত্মনা ইতি। উক্তপ্রকারেণ অভ্যাসবৈরাগ্যাভ্যাং অসংযতঃ আত্মা—চিত্তং, যস্য তেন যোগঃ দুষ্প্রাপঃ—প্রাপ্তুমশক্যঃ, অভ্যাসবৈরাগ্যাভ্যাং বশঃ—বশবর্ত্তী, আত্মা—চিত্তং, যস্য তেন পুরুষেণ পুনঃ চ অনেন এব উপায়েন প্রযত্নং কুর্ব্বতা যোগঃ প্রাপ্তুং শক্যঃ॥ ৩৬॥

অসংযতাত্মনা=অভ্যাস বৈরাগ্যাভ্যাং ন সংযতঃ আত্মা অন্তকরণং যেন, অভ্যাস ও বৈরাগ্যদ্বারা যৎকর্ত্তৃক চিত্ত সংযত হয় নাই। যোগঃ=মনোবৃত্তিনিরোধঃ। দুষ্প্রাপঃ=দুঃখেনাপি প্রাপ্তুং ন শক্যতে, কষ্টেও যাহা লাভ করা যায় না। মে মতিঃ=প্রারব্ধ কর্ম্মকৃতাৎ চিত্তচাঞ্চল্যাৎ ইতি চেৎ ত্বং বদসি তত্র মম সম্মতিঃ, নিজকর্ম্মফল বশতঃ চিত্ত চাঞ্চল্য জন্মে যাহা তুমি বলিতেছ তাহা আমি স্বীকার করিলাম। বশ্যাত্মনা=আত্মবৈরাগ্যপরিপাকেণ বাসনাক্ষয়ে সতি বশ্যঃ স্বাধীনো বিষয়পারতন্ত্র্যশূন্যঃ আত্মা অন্তঃকরণং যস্য তেন, অভ্যাস ও বৈরাগ্যদ্বারা যাঁহাদিগের মনঃ বশীভূত হইয়াছে তাঁহাদ্বারা। উপায়তঃ= যথোক্তাৎ উপায়াৎ, উক্ত অভ্যাস ও বৈরগ্য এইদ্বিবিধ উপায়দ্বারা। যততা=যতমানেন (আর্ষঃ প্রয়োগঃ) ভূয়োপি প্রযত্নং কুর্ব্বতা, পুনঃ পুনঃ যিনি যত্ন করেন। আবাপ্তুং শক্যঃ= সমদর্শনরূপো যোগঃ প্রাপ্তুংশক্যঃ, সমদর্শনরূপ সমাধিযোগ লাভ হইতে পারে।

মানবের মনঃ স্বভাবতঃ চঞ্চল ইহা অর্জ্জুন বলিয়াছেন, তদুত্তরে ভগবান্ বলিতেছেন যে মানবের মনঃ চঞ্চল আমি স্বীকার করিলাম, কিন্তু এই চঞ্চলতা ইহার প্রকৃতিসিদ্ধ গুণ নহে। নিজ কর্ম্মফল বশতঃ চিত্তের এইরূপ চঞ্চলতা হইয়া থাকে। অভ্যাস ও বৈরাগ্যদ্বারা যাহাদিগের মনের চঞ্চলতা নিবারিত না হয় তাহাদিগকর্ত্তৃক এই আত্মযোগ লব্ধ হয় না। পক্ষান্তরে উক্ত দ্বিবিধ উপায়দ্বারা যাঁহাদিগের মনঃ সংযত হইয়াছে তাঁহারা বিশেষ যত্ন করিলে উক্তযোগ লাভ করিতে সমর্থ হন। অস্থির মনকে বশীভূত করিবার নানা উপায় পাতঞ্জল দর্শনে বর্ণিত হইয়াছে, তন্মধ্যে অভ্যাস ও বৈরাগ্য সর্ব্বপ্রধান। উক্ত অভ্যাস যত্নপূর্ব্বক অনেক দিন করিতে পারিলে দৃঢ় হয়। যে যে বিষয়ে মনঃ প্রধাবিত হয় তাহাহইতে মনকে আকর্ষণ করিয়া ধ্যেয় বস্তুতে সংযোজিত করিতে হইবেক। সৎচিন্তা ও সৎকার্য্যদ্বারা মনকে বিশুদ্ধ করিতে পারিলে এক পরম বৈরাগ্য উদয় হয় উক্ত পরম বৈরাগ্য বলে পার্থিব বিষয় ভোগেচ্ছা ক্রমে ক্রমে মনহইতে বিদূরিত হয়। পরে দেশের জন্য এবং লোকসংগ্রহার্থে উপকার করিতে ইচ্ছাহয়। এবং তদনন্তর মনঃ ক্রমে২ বশীভূত হইয়া অনায়াসে ঈশ্বরে সংযোজিত হয়। ৩৬।

36. There are several methods to control the mind. Patanjal mentions eight principal methods, vide English translation of Patanjal philosophy. The two principal are practice and indifference to worldly objects. Srikrishna says to the following effect. "Leaving aside men who do not practise self-control, those who practise it, do not always succeed in obtaining this Yog. It can be obtained by him only who continually practises self-control with a perfect indifference to worldly

অর্জ্জুন উবাচ।

অযতিঃ শ্রদ্ধয়োপেতঃ, যোগাচ্চলিতমানসঃ।
অপ্রাপ্য যোগসংসিদ্ধিং, কাং গতিং কৃষ্ণ গচ্ছতি ॥ ৩৭ ॥

অর্জ্জুনঃ উবাচ।

ভোঃ কৃষ্ণ! শ্রদ্ধয়া উপেতঃ যোগাৎ চলিতমানসঃ অযতিঃ যোগ সংসিদ্ধিং অপ্রাপ্য কাং গতিং গচ্ছতি? ॥ ৩৭ ॥

অর্জ্জুন কহিলেন।

হে কৃষ্ণ! শ্রদ্ধাযুক্ত হইয়া যোগহইতে বিচলিত মনাঃ অসংযত ব্যক্তি যোগ সিদ্ধি করিতে অপারগ হইলে সে কি গতি প্রাপ্ত হয় ॥ ৩৭ ॥

ARJUNA SAID:

37. O Krishna! what befalleth him who pursueth this devotion (Yog) with faith, but for want of sufficient care faileth to secure the final end?

---

objects. The nature of this practice becomes difficult or easy according to the nature of the work done in this and in previous births."

স্বামী। অভ্যাস বৈরাগ্যাভাবেন কথঞ্চিৎ অপ্রাপ্তসম্যগ্‌জ্ঞানঃ কিং ফলং প্রাপ্নোতি ইতি অর্জ্জুনঃ উবাচ, অযতিঃ ইতি। প্রথমং শ্রদ্ধয়া উপেতঃ এব যোগে প্রবৃত্তঃ, নতু মিথ্যাচারতয়া, ততঃ পরং তু অযতিঃ—সম্যক্ ন যততে শিথিলাভ্যাসঃ ইত্যর্থঃ। তথা যোগাৎ চলিতং মানসং—বিষয়প্রবণং চিত্তং, যস্য মন্দবৈরাগ্যঃ ইত্যর্থঃ। এবং অভ্যাস বৈরাগ্যশৈথিল্যাৎ যোগস্য সংসিদ্ধিং—ফলং জ্ঞানং, অপ্রাপ্য কাং গতিং প্রাপ্নোতি ॥ ৩৭ ।

শ্রদ্ধয়া—গুরুবেদান্তবাক্যেষু বিশ্বাস বুদ্ধিরূপয়া, গুরুবেদন্তবাক্যে বিশ্বাস বুদ্ধিদ্বারা। উপেতঃ=যুক্তঃ,। যোগাৎ=শ্রবণমননিদিধ্যাসনাদি পরিপাকলব্ধ জম্মন তত্ত্ব সাক্ষাৎকারাৎ, শ্রবণ মনন নিদিধ্যাসন পরিপাক জন্য ব্রহ্মসাক্ষাৎ কার হইতে। চলিত মানসঃ= চলিতং তৎফলং অপ্রাপ্তং মানসং যস্য সঃ, যাহার মনঃ যোগের ফল লাভ করিতে অসমর্থ তিনি। অযতিঃ—যোগমার্গে অপ্রযত্নবান্; যোগলাভ করিবার জন্য যিনি বিশেষ প্রযত্ন করেন নাই। যোগসংসিদ্ধিং—যোগফলং সম্যক্ দর্শনং, সম্যক্ দর্শনরূপ যোগ ফল। কাং গতিং গচ্ছতি—কাং গতিং প্রাপ্নোতি, কি গতি প্রাপ্ত হয়।

সাধারণ লোকের পক্ষহইতে স্বল্পাধিকারীর জন্য অর্জ্জুন এইপ্রশ্ন করিলেন। যে সকল মহাত্মা সৎকর্ম্মফলজনিত সমাধিযোগ লাভ করিতে সমর্থ হন তাঁহাদিগের কথা পূর্ব্বে

কচ্চিন্নোভয়বিভ্রষ্টঃ, ছিন্নাভ্রমিব নশ্যতি।
অপ্রতিষ্ঠো মহাবাহো, বিমূঢ়ো ব্রহ্মণঃ পথি ॥ ৩৮ ॥

ভোঃ মহাবাহো! ব্রহ্মণঃ পথি বিমূঢ়ঃ অপ্রতিষ্ঠঃ উভয়বিভ্রষ্টঃ সন্ ছিন্নাভ্রংইব নশ্যতি কচ্চিৎ ন (নশ্যতি) ॥ ৩৮ ॥

হে মহাবাহো! আত্মজ্ঞান লাভে অসমর্থ এবং কর্ম্মানুষ্ঠানদ্বারা মোক্ষ-লাভে অপারগ ব্যক্তি জ্ঞান ও কর্ম্মমার্গহইতে স্খলিত হইয়া ছিন্ন মেঘের ন্যায় কি বিনষ্ট হয় না? ॥ ৩৮ ॥

38. O Almighty! is not such a person strayed from the paths of knowledge and action alike, doomed to destruction like a detached piece of cloud tossed by the wind?

বর্ণিত হইয়াছে। কিন্তু যাঁহারা শ্রদ্ধাবান্ হইয়াও চিত্তের চঞ্চলতা প্রযুক্ত ব্রহ্মসাক্ষাৎকাররূপ যোগফল লাভকরিতে অসমর্থ হন তাঁহাদিগের কি গতি হয় তাহাই অর্জ্জুন জিজ্ঞাসা করিলেন। এইস্থলে অর্জ্জুন ভগবান্‌কে কৃষ্ণ বলিয়া সম্বোধন করিলেন কারণ শ্রীকৃষ্ণ অগতির গতি ও পাপীর সর্ব্বপাপহারী ॥ ৩৭ ॥

37. It is the lot of a chosen few to obtain the final emancipation by the union of the soul with the Supreme Soul. But what becomes of the others who follow the upward way to salvation, but owing to effects of deeds done in previous births become incapable of obtaining the final goal?

স্বামী। প্রশ্নাভিপ্রায়ং বিবৃণোতি কচ্চিৎ ইতি। কর্ম্মণাং ঈশ্বরে অর্পিতত্বাৎ অনমুষ্ঠানাৎ চ তাবৎ কর্ম্মফলং স্বর্গাদিকং ন প্রাপ্নোতি যোগানিষ্পত্তেঃ চ মোক্ষং ন প্রাপ্নোতি এবং উভয়স্মাৎ ভ্রষ্টঃ অপ্রতিষ্ঠঃ—নিরাশ্রয়ঃ, ব্রহ্মপ্রাপ্ত্যুপায়ে পথি—মার্গে, বিমূঢ়ঃ সন্ কচ্চিৎ—কিং, ন নশ্যতি কিংবা নশ্যতি ইত্যর্থঃ। নাশে দৃষ্টান্তঃ—যথা ছিন্নং অভ্রং পূর্ব্বস্মাৎ অভ্রাৎ বিশ্লিষ্টঃ অভ্রান্তরং চ অপ্রাপ্তং সৎ মধ্যে এব বিলীয়তে তদ্বৎ ইতি ॥ ৩৮ ॥

মহাবাহো=মহান্তঃ সর্ব্বেষাং ভক্তানাং সর্ব্বোপদ্রবনিবারণসমর্থাঃ পুরুষার্থচতুষ্টয়রূপাশ্চ বাহবো যস্য তাদৃশ, সকলভক্তগণের সর্ব্বপ্রকার উপদ্রব নিবারণ সমর্থ এবং চতুর্ব্বিধ পুরুষার্থ প্রদাতা শ্রীকৃষ্ণ। ব্রহ্মণঃ পথি=ব্রহ্মপ্রাপ্তিমার্গে, আত্মজ্ঞানলাভের উপায়ে। বিমূঢ়ঃ=বিচিত্তঃ, অনুৎপন্ন ব্রহ্মাত্মৈক্য সাক্ষাৎকারঃ, ব্রহ্মদর্শন লাভে অসমর্থ।

অপ্রতিষ্ঠঃ = প্রাপ্তয়ে নিরাশ্রয়ঃ, দেবযান পিতৃযান মার্গগমন হেতুভ্যাং উপাসনাকর্ম্মভ্যাং প্রতিষ্ঠাভ্যাং সাধনাভ্যাং রহিতঃ, দেবযান গমনের উপায় "উপাসনা" এবং পিতৃযান গমনের উপায় "কর্ম্ম" এই উভয় প্রকার মার্গহইতে বিভ্রষ্ট। উভয়বিভ্রষ্টঃ = উপাসনানাং সর্ব্বেষাং কর্ম্মণাঞ্চ পরিত্যাগাৎ এতাদৃশোভয় বিভ্রষ্টঃ, উপাসনা এবং কর্ম্ম এই উভয়বিধ মার্গ-হইতে স্খলিত। ছিন্নাভ্রং = বায়ুনা চ্ছিন্নং মেঘং, বায়ুদ্বারা ছিন্ন ভিন্ন মেঘ।

এইরূপ অক্ষম ব্যক্তি যোগানুষ্ঠানদ্বারা ব্রহ্মলাভ অথবা কর্ম্মানুষ্ঠানদ্বারা স্বর্গাদিলাভ করিতে না পারিয়া বায়ু বিতাড়িত ছিন্নমেঘের ন্যায় মহাবিপদ্গ্রস্ত হয় কিনা, অর্থাৎ জ্ঞান ও কর্ম্মযোগ ভ্রষ্ট হইয়া মুক্তিলাভে অসমর্থ হন কিনা অর্জ্জুন ভগবান্‌কে জিজ্ঞাসা করিলেন। যেমন বায়ুদ্বারা বিতাড়িত মেঘমালা জলদান না করিয়া আকাশ মার্গে বিঘূর্ণিত হয় তদ্রূপ চঞ্চল মনদ্বারা বিপথগামী মুমুক্ষু জ্ঞান ও কর্ম্মমার্গহইতে বিচ্যুত হইয়া জন্মমরণরূপ আবর্ত্তে বিঘূর্ণিত হয়। এই সন্দেহ নিরাকরণমানসে অর্জ্জুন ভগবান্‌কে উক্ত প্রশ্ন করিলেন॥ ৩৮॥

38. In the opinion of Arjuna the pursuit of Yog is a dangerous task. A man who knows nothing of this Yog, but does his work to satisfy his selfish ends, is considered happier than the man who aspires to a higher state of existence and striving hard to attain it fails to reach it eventually for want of sufficiently strong will-power. This point strikes Arjuna and he puts this question for his satisfaction. The word "Mahabaho" literally means a man of puissant arms. But according to the commentators the word when applied to Srikrishna, the saviour of mankind, means one who is all-powerful *i. e.* mighty enough to grant salvation to human kind. The man who fails to obtain the fruits of Yog is likened to a piece of cloud which by the force of wind is first detached from the main body of the cloud and then tossed in the sky until it disappears altogether. Here the wind is compared to the mind which on account of its restlessness prevents the neophyte from attaining Yog. A man who succeeds in Yog is compared to a cloud which defying the wind forms into a thick mass of water vapour and pouring down water which blesses all, eventually disappears. A successful Yogee does good to all by his "Karma" and having blessed all obtains his final deliverance. The unsuccessful devotee like the tossed-up cloud failing to gain "Karma" and knowledge is engulfed in ruin *i. e.* all his labours end in nothing and he is compelled to run a cycle of births.

এতন্মে সংশয়ং কৃষ্ণ, ছেত্তুমর্হস্যশেষতঃ।
ত্বদন্যঃ সংশয়স্যাস্য, ছেত্তা নহ্যুপপদ্যতে॥ ৩৯॥

ভোঃ কৃষ্ণ! মে এতৎ সংশয়ং (ত্বং) অশেষতঃ ছেত্তুং অর্হসি, হি অস্য সংশয়স্য ছেত্তা ত্বদন্যঃ ন উপপদ্যতে॥ ৩৯॥

হে কৃষ্ণ! আমার এই সংশয় সম্পূর্ণরূপে অপনয়ন করিতে আপনিই যোগ্য। যেহেতু মহাশয় ভিন্ন অন্য কেহই এই সংশয় ছেদন করিতে সমর্থ নহে॥ ৩৯॥

39. O Krishna! thou alone art capable of entirely dispelling my doubts on this point. For there is no one else who can remove them.

স্বামী। ত্বয়া এব সর্ব্বজ্ঞেন অয়ং মম সন্দেহঃ নিরসনীয়ঃ যতঃ অন্যঃ তু এতৎসন্দেহনিবর্ত্তকঃ ন অস্তি ইতি আহ এতৎ ইতি। এতৎ—এতং, ছেত্তা নিবর্ত্তকঃ, স্পষ্টং অন্যৎ॥ ৩৯॥

মে=মম, আমার। এতৎ=এতং (আর্ষ প্রয়োগঃ) পূর্ব্বোপদর্শিতং, পূর্ব্বে যাহা কথিত হইয়াছে। সংশয়ং=সন্দেহং, সন্দেহ। অশেষতঃ=সংশয়মূলাধর্ম্মাদ্যুচ্ছেদেন, সংশয়ের মূলকারণ উচ্ছেদপূর্ব্বক। ছেত্তুং=অপনেতুং, অপনয়ন করিতে। অর্হসি=সমর্থোঽসি, সমর্থ। হি=যস্মাৎ, যে হেতু। অস্য সংশয়স্য=যোগভ্রষ্টপরলোকগতিবিষয়স্য সংশয়স্য, যোগভ্রষ্টব্যক্তির পরলোক গমন সম্বন্ধে সংশয়ের। ত্বৎ অন্যঃ=ত্বৎ পরমেশ্বরাৎ সর্ব্বজ্ঞাৎ শাস্ত্রকৃতঃ পরমগুরোঃ কারুণিকাৎ, অন্যঃ অনীশ্বরত্বেন অসর্ব্বজ্ঞঃ কশ্চিৎ ঋষির্ব্বা দেবো বা অন্যঃ, তুমি পরমেশ্বর, তুমি ব্যতীত অন্য কোন ঋষি কি দেবতা। ন উপপদ্যতে=ন সম্ভবতি, সম্ভব হয় না।

অর্জ্জুন ভগবান্‌কে ঈশ্বরজ্ঞানে কৃষ্ণ সম্বোধন করত বলিলেন আমি যোগশাস্ত্রে কি তাদৃশ কার্য্যে অধিকারী নহি, শাস্ত্রে কি কার্য্যে পটুতা না থাকিলে পরিস্ফুটরূপে প্রশ্নও করিতে পারা যায় না। প্রশ্নদ্বারা মনের গভীরতরভাবসকল ব্যক্ত করিতে না পারিলে অন্তর্য্যামী ভিন্ন তাদৃশ সংশয়চ্ছেদ করিতে কেহই সমর্থ নহে। অতএব আপনি মদীয় প্রশ্নের উদ্দেশ্য স্বয়ং অবধারণপূর্ব্বক দয়াপরবশ হইয়া শিষ্যজ্ঞানে পূর্ব্বোক্ত প্রশ্নোত্তর প্রদান করিলে আমি কৃতার্থম্মন্য হইব॥ ৩৯॥

39. The doubt is "what happens in the after life of the neophyte who fails to obtain the fruits of Yog owing to his incapacity but not owing to any want of faith?" This is a most important question,

শ্রীভগবানুবাচ।

পার্থ নৈবেহ নামুত্র, বিনাশ স্তস্য বিদ্যতে।
নহি কল্যাণকৃৎ কশ্চিৎ, দুর্গতিং তাত গচ্ছতি ॥ ৪০

শ্রীভগবান্ উবাচ।

ভোঃ পার্থ ন ইহ ন এব অমুত্র তস্য বিনাশঃ বিদ্যতে, ভোঃ তাত! কল্যাণকৃৎ কশ্চিৎ (অপি) দুর্গতিং ন গচ্ছতি ॥ ৪০ ॥

ভগবান্ কহিলেন।

হে পার্থ। ইহলোকে কি পরলোকে এইরূপ লোকের বিনাশ হয় না। কারণ হেতাত! যে ব্যক্তি সতত শুভ কার্য্যের অনুষ্ঠান করেন তাঁহার কোন দুর্গতি হয় না ॥ ৪০ ॥

SRIKRISHNA SAID:

40. O Partha! no evil can befall such a man in this or in the life to come. For, O my son! the man who doth good, never goeth to an evil place.

স্বামী। অত্র উত্তরং শ্রীভগবান্ উবাচ, পার্থ ইতি সার্দ্ধৈঃ চতুর্ভিঃ। ইহ—লোকে, বিনাশঃ—উভয় ভ্রংশাৎ পাতিত্যং, অমুত্র—পরলোকে, বিনাশঃ—নরকপ্রাপ্তিঃ, তৎ উভয়ং তস্য ন অস্তি এব, যতঃ কল্যাণকৃৎ—শুভকারী, কশ্চিৎ অপি দুর্গতিং ন গচ্ছতি, অয়ং চ শুভকারী শ্রদ্ধয়া যোগে প্রবৃত্তত্বাৎ। তাত ইতি লোকরীত্যা উপলালয়ন্ সম্বোধয়তি ॥ ৪০ ॥

তস্য—যোগভ্রষ্টস্য, যোগভ্রষ্ট ব্যক্তির। ইহ—মর্ত্তলোকে, এই লোকে। অমুত্র= পরস্মিন্ লোকে, জন্মান্তরে, পরলোকে। বিনাশঃ=নিকৃষ্টা গতিঃ। তাত=পুত্র স্থানীয়স্য শিষ্যস্য তাতেতি সম্বোধনং কৃপাতিশয়সূচনার্থং, পুত্রতুল্য শিষ্যের সম্বোধন বাক্য। হি= যস্মাৎ, যে হেতু। কল্যাণকৃৎ—শুভকৃৎ, শুভকার্য্যানুষ্ঠানকারী। দুর্গতিং=কুৎসিতাং গতিং, অপকৃষ্ট গতি।

অর্জ্জুন ভগবান্ শ্রীকৃষ্ণকে জগৎগুরু মনে করিয়া এইপ্রশ্ন করিয়াছিলেন। তদুত্তরে ভগবান্ তাহাকে তাত বলিয়া সম্বোধন করিলেন। কারণ পুত্রতুল্য শিষ্যগণ গুরুর নিকট তাত ঈদৃশ সম্বোধনের উপযুক্ত পাত্র। যোগভ্রষ্ট ব্যক্তির কি গতি হইয়া থাকে, জন্মান্তরে সে নিরয়গামী হয় কিনা? এই আশঙ্কা নিবারণ জন্য ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। তিনি বলিলেন অর্জ্জুন! যে ব্যক্তি শ্রদ্ধা ও ভক্তিদ্বারা আত্মজ্ঞান লাভের জন্য যোগানুষ্ঠান করে সে যোগভ্রষ্ট হইলে ও কদাপি পরজন্মে নিকৃষ্টগতি লাভ করে না তাহার কারণ শুভেচ্ছু ব্যক্তির কখন ও অশুভ হয় না। যিনি মঙ্গল বীজবপন করেন তিনি কখনও অমঙ্গল ফল প্রাপ্ত হন না ॥ ৪০ ॥

প্রাপ্য পুণ্যকৃতাং লোকান্ উষিত্বা শাশ্বতীঃ সমাঃ।
শুচীনাং শ্রীমতাং গেহে, যোগভ্রষ্টোঽভিজায়তে ॥ ৪১ ॥

যোগভ্রষ্টঃ পুণ্যকৃতাং লোকান্ প্রাপ্য (তত্র) শাশ্বতীঃ সমাঃ উষিত্বা শুচীনাং শ্রীমতাং গেহে অভিজায়তে ॥ ৪১ ॥

যোগভ্রষ্ট ব্যক্তি পুণ্যকারীদিগের স্থান প্রাপ্ত হইয়া অনেক বৎসর তথায় বাস করিয়া পরে পবিত্রাত্মা ধনবান্ ব্যক্তির গৃহে জন্ম গ্রহণ করেন ॥ ৪১ ॥

41. He who faileth in Yog, cometh after death into the abode of the virtuous and dwelling there for countless years, is born again in a pious and rich family.

40. There are four means of attaining salvation, viz. (*i*) pursuit after truth, (*ii*) faith in the wisdom of God, (*iii*) acquisition of knowledge, and (*iv*) abnegation of self. The neophyte who pursues these means, however weak or irresolute his attempts may be, can never go to an evil place in this or in the life to come. Because a man who aspires to a higher existence and centres his happiness in his "self" where passions are unknown, can never be unhappy. One who sows sugarcane, can never reap the bitter *Nim*, however sickly his plants might be.

স্বামী। তর্হি কিং অসৌ প্রাপ্নোতি ইতি অপেক্ষায়াং আহ, প্রাপ্য ইতি। পুণ্যকারিণাং—অশ্বমেধাদি যাজিনাং, লোকান্ প্রাপ্য তত্র শাশ্বতীঃ সমাঃ—বহূন্ সংবৎসরান্, উষিত্বা—বাসসুখং অনুভূয়, শুচীনাং—সদাচারাণাং, শ্রীমতাং—ধনিনাং, গেহে সঃ যোগভ্রষ্টঃ জন্ম প্রাপ্নোতি ॥ ৪১ ॥

যোগভ্রষ্টঃ = যোগমার্গপ্রবৃত্তঃ সর্ব্বকর্ম্মসংন্যাসী বেদান্ত শ্রবণাদি কুর্ব্বন্ অন্তরালে ম্রিয়মাণঃ কশ্চিৎ, কশ্চিৎ পূর্ব্বোপচিতভোগবাসনা প্রাদুর্ভাবাৎ বিষয়েভ্যঃ স্পৃহয়তি তয়োঃ প্রথমঃ, যোগভ্রষ্ট ব্যক্তিরা দ্বিবিধ, যাহারা যোগমার্গে প্রবৃত্ত হইয়া অল্পায়ুবশতঃ যোগসিদ্ধি করিতে অপারগ হইয়াছেন তাঁহারা প্রথম। যাঁহারা পূর্ব্বজন্মার্জ্জিত বিষয় ভোগ বাসনা জন্য যোগসিদ্ধি করিতে অপারগ হইয়াছেন তাঁহারা দ্বিতীয়, ইহাদিগের মধ্যে প্রথমশ্রেণীর ব্যক্তিগণের বিষয় ভগবান্ এইশ্লোকে কীর্ত্তন করিতেছেন। পুণ্যকৃতাং = অশ্বমেধাদিযাজিনাং, অশ্বমেধপ্রভৃতি যজ্ঞানুষ্ঠাতৃগণের। লোকান্ = ব্রহ্মলোকান্, উপাসনাদি মার্গদ্বারা ব্রহ্মলোক। শাশ্বতীঃ = (শশ্বৎ = অবিনশ্বর) ব্রহ্মপরিমাণেনাক্ষয়াঃ, ব্রহ্মার আয়ুপরিমাণ। সমাঃ—

অথবা যোগিনামেব, কুলে ভবতি ধীমতাম্।
এতদ্ধি দুর্ল্লভতরং, লোকে জন্ম যদীদৃশম্ ॥ ৪২

অথবা (সঃ) ধীমতাং যোগিনাং এব কুলে ভবতি, হি ঈদৃশং যৎ জন্ম এতৎ লোকে দুর্ল্লভতরং ॥ ৪২ ॥

অথবা তিনি জ্ঞান সম্পন্ন যোগীদিগের কুলে জন্মগ্রহণ করেন, কারণ এই-রূপ যে জন্ম পরিগ্রহ তাহা ইহ লোকে অত্যন্ত দুর্ল্লভ ॥ ৪২ ॥

42. Or he taketh his birth in the family of pious Brahmans who practise devotion. For in this world such a rebirth is hard to obtain.

সংবৎসরান্। উষিত্বা=বাসমনুভূয়, ভোগবাস করিয়া। শুচীনাং=শুদ্ধানাং, শুদ্ধাত্মা-দিগের। শ্রীমতাং=ধনিনাং, ধনিদিগের। গেহে=কুলে। অভিজায়তে=জন্ম প্রাপ্নোতি, জন্মগ্রহণ করেন।

যোগভ্রষ্ট ব্যক্তির গতি কি প্রকার হয় তাহা ভগবান্ বিশেষ করিয়া এইশ্লোকে নির্দ্দেশ করিতেছেন। অশ্বমেধাদি যজ্ঞানুষ্ঠান করিয়া মহাত্মাগণ যে ব্রহ্মলোক প্রাপ্ত হন যোগ-ভ্রষ্টব্যক্তি অনায়াসে উক্ত ব্রহ্মলোকে গমন করিয়া ব্রহ্মার আয়ুপরিমাণ অর্থাৎ অনেক বৎসর তথায় অবস্থান করিয়া পবিত্র ধনিদিগের কুলে জন্মগ্রহণ করেন ॥ ৪১ ॥

41. Srikrishna explains more clearly the future of the Yogee who fails in his Yog. Such men are divided into two classes, viz. (*i*) those who fail on account of short life and (*ii*) those who fail owing to an unsubdued mind. The case of the first class of Yogees is referred to in this verse. The soul of such a man after death goes to the happy region where dwell the souls of the virtuous. In that region of the just, his soul lives for measureless years. "শাশ্বতী সমা" means the years which compose one day of Brahma. When this period is over, his soul takes its birth in the family of a rich and virtuous man.

স্বামী। অল্পকালাভ্যস্তযোগভ্রংশে গতিবিশেষং উক্ত্বা চিরাভ্যস্তযোগভ্রংশে পক্ষান্তরং আহ অথবা ইতি। যোগনিষ্ঠানাং ধীমতাং জ্ঞানিনাং এব কুলে জায়তে নতু পূর্ব্বোক্তানাং অনারূঢ়যোগানাং কুলে। এতৎজন্ম স্তৌতি, ঈদৃশং জন্ম এতৎ হি লোকে দুর্ল্লভতরং মোক্ষহেতুত্বাৎ ॥ ৪২ ॥

ধীমতাং—বুদ্ধিমতাং, ব্রহ্মবিদ্যাবতাং, ব্রহ্মবিদ্যাসম্পন্ন জ্ঞানীদিগের। যোগিনাং= যোগনিরতানাং দরিদ্রাণাং ব্রাহ্মণানাং, যোগ নিরত দরিদ্র ব্রাহ্মণদিগের। ভবতি—জায়তে,

তত্র তং বুদ্ধিসংযোগং, লভতে পৌর্ব্বদেহিকম্।
যততে চ ততো ভূয়ঃ, সংসিদ্ধৌ কুরুনন্দন ॥ ৪৩ ॥

ভোঃ কুরুনন্দন! (সঃ) তত্র তং পৌর্ব্বদেহিকং বুদ্ধিসংযোগং লভতে, ততঃ চ সংসিদ্ধৌ ভূয়ঃ যততে ॥ ৪৩ ॥

হে কুরুনন্দন! এই দুই প্রকার জন্মে যোগভ্রষ্ট ব্যক্তি পূর্ব্বজন্মার্জ্জিত আত্মজ্ঞানসাধিনী বুদ্ধি লাভ করেন। এবং তদনন্তর অধিকতর যত্নের সহিত মোক্ষলাভের নিমিত্ত চেষ্টা করেন ॥ ৪৩ ॥

43. O Descendant of Kuru! in these re-births the unsuccessful Yogee regaineth the devotional knowledge he acquired in his previous births and then with renewed vigor he pursueth his emancipation.

জন্ম প্রাপ্ত হন। হি=যস্মাৎ, যে হেতু। ঈদৃশং যৎ জন্ম=সর্ব্বপ্রমাদ কারণশূন্যং জন্ম, যোগবিনাশকর কারণকূটশূন্য জন্ম। লোকে=ইহ লোকে। দুর্ল্লভতরং=দুঃখেন লভ্যতরং, শুকাদিবৎদুর্ল্লভতরং দুর্ল্লভাদপি দুর্ল্লভং, শুকদেবাদির ন্যায় অত্যন্ত দুর্ল্লভ।

যোগভ্রষ্ট ব্যক্তি ধনীদিগের কুলে জন্মগ্রহণ করেন। অথবা তদপেক্ষা দুর্ল্লভতর দরিদ্র ব্রহ্মবিদ্যাবিশিষ্ট ব্রাহ্মণদিগের কুলে জন্মগ্রহণ করিয়া অতিশীঘ্রই সিদ্ধিলাভ করিয়া থাকেন। ধনবান্‌দিগের কুলে জন্মগ্রবণ করা অপেক্ষা দরিদ্র যোগীদিগের কুলে জন্মগ্রহণ করা শ্রেষ্ঠতর। কারণ ধনীদিগের গৃহে স্রক্, চন্দন, বিলাসিনীপ্রভৃতি নানাবিধ যোগান্তরায় আছে, কিন্তু সর্ব্বপ্রমাদ শূন্য ব্রহ্মবিদ্যাসম্পন্ন দরিদ্রব্রাহ্মণদিগের গৃহে জন্ম হইলে যোগভ্রষ্ট ব্যক্তি অনায়াসেই মুক্তিলাভ করিতে সক্ষম হন। এই জন্য শেষোক্ত প্রকার জন্ম পূর্ব্বাপেক্ষা অধিক শ্রেষ্ঠ এবং তজ্জন্য সুদুর্ল্লভ ॥ ৪২ ॥

42. This verse refers to the case of those Yogees who failed owing to uncontrolled mind. For this class of men the best opportunity is given and they are born in the family of poor Brahman devotees. The temptations which surround the house of a rich man can never find place in the family of a poor Brahman, and hence the unsuccessful neophyte receives a better opportunity to complete his Yog.

স্বামী। ততঃ কিং অতঃ আহ, তত্র ইতি সার্দ্ধেন। সঃ তত্র—দ্বিপ্রকারে অপি জন্মনি, পূর্ব্বদেহভবং পৌর্ব্বদেহিকং তং এব ব্রহ্মবিষয়য়া বুদ্ধ্যা সংযোগং লভতে, ততঃ চ ভূয়ঃ-অধিকং, সংসিদ্ধৌ—মোক্ষে, প্রযত্নং করোতি ॥ ৪৩ ॥

পূর্ব্বাভ্যাসেন তেনৈব,ক্রিয়তে হ্যবশোঽপি সঃ।
জিজ্ঞাসুরপি যোগস্য, শব্দ ব্রহ্মাতিবর্ত্ততে ॥ ৪৪

সঃহি পূর্ব্বাভ্যাসেন এব অবশঃ অপি (ব্রহ্মনিষ্ঠঃ) ক্রিয়তে। যোগস্য জিজ্ঞাসুঃ অপি শব্দব্রহ্ম অতি বর্ত্ততে ॥ ৪৪ ॥

যে হেতু তিনি পূর্ব্বাভ্যাসবলে প্রযত্নব্যতিরেকেই যোগানুষ্ঠান করিয়া থাকেন, যোগের তত্ত্বানুসন্ধান করিয়াই বেদোক্ত কর্ম্মানুষ্ঠান না করিয়াও জ্ঞান নিষ্ঠা লাভ করেন ॥ ৪৪ ॥

44. Because propelled by the strength of his former practice, he worketh for devotion and passeth beyond the rituals prescribed in the Vedas by the simple process of enquiry.

তত্র=দ্বিপ্রকারেপি জন্মনি, এই দুই প্রকার জন্মে। পৌর্ব্বদেহিকং=পূর্ব্বস্মিন্ দেহেভবং, পূর্ব্বজন্মার্জ্জিত। বুদ্ধিসংযোগং=ব্রহ্মবিষয়বুদ্ধ্যা সংযোগং, ব্রহ্মজ্ঞানসাধিনী বুদ্ধির সংযোগ। লভতে=প্রাপ্নোতি, লাভ করেন। ততঃ=তল্লাভানন্তরং, তাহা লাভের পর। ভূয়ঃ=বহুতরং, অধিকতর। সংসিদ্ধৌ=সংসিদ্ধি নিমিত্তং, মোক্ষলাভার্থে। যততে=প্রযত্নং করোতি, যত্নবান্ হন।

যোগভ্রষ্ট ব্যক্তি এই উভয় প্রকার জন্মে পূর্ব্বজন্মার্জ্জিত ব্রহ্মজ্ঞান লাভ করিয়া অধিকতর প্রযত্নসহকারে মোক্ষলাভার্থে যত্নবান্ হন। মনুষ্যের মৃত্যুতে কেবল স্থূল দেহের বিনাশ হয় মাত্র, সূক্ষ্ম কি কারণ শরীরের বিনাশ হয় না। যোগভ্রষ্ট ব্যক্তি নূতন দেহ লাভ করিয়া পূর্ব্বজন্মার্জ্জিত ব্রহ্মবিদ্যা বলে অধিকতর প্রযত্ন সহকারে মোক্ষলাভ করিতে যত্নবান্ হন। ভগবান্ কুরুনন্দন বলিয়া অর্জ্জুনকে সম্বোধন করিয়া ইহাই ইঙ্গিত করিলেন যে তুমিও যোগভ্রষ্ট, ধনীর গৃহে জন্মগ্রহণ করিয়াছ বিশেষ চেষ্টা করিলে তুমিও মুক্তিলাভ করিতে সক্ষম হইবে ॥ ৪৩ ॥

43. The aspirant for Yog who was unsuccessful, soon regains the progress he made in his previous births. King Kuru who was the ancestor of the royal family of Hastinapur was a pious and powerful monarch. Srikrishna by addressing Arjuna as a descendant of King Kuru, reminds him that his birth in such a family clearly indicates that he is one of these unsuccessful spirits and that he ought to complete the Yog in which he must have made a considerable progress in his former life. A soul in its passage through manyfold births, never loses its acquired impressions and in its upward journey never runs over a trodden course. It starts from the point where the career was broken. This explains the diversity of character and intellect of persons.

স্বামী। তত্র হেতুঃ পূর্ব্বাভ্যাসেন ইতি, তেন এব=পূর্ব্বদেহকৃতাভ্যাসেন, অবশঃ অপি—কুতশ্চিৎ অন্তরায়াৎ অনিচ্ছন্ অপি, সঃ ক্রিয়তে বিষয়েভ্যঃ পরাবৃত্য ব্রহ্মনিষ্ঠঃ ক্রিয়তে, তৎ এবং পূর্ব্বাভ্যাসবশেন প্রযত্নং কুর্ব্বন্ শনৈঃ মুচ্যতে ইতি ইমং অর্থং কৈমুতিক ন্যায়েন স্পষ্টয়তি জিজ্ঞাসুঃ ইতি সার্দ্ধেন। যোগস্য স্বরূপং জিজ্ঞাসুঃ এব কেবলং নতু প্রাপ্ত-যোগঃ এবংভূতঃ যোগে প্রবিষ্টমাত্রঃ অপি পাপবশাৎ যোগভ্রষ্টঃ অপি শব্দব্রহ্ম—বেদং, অতিবর্ত্ততে—বেদোক্ত-কর্ম্ম-ফলানি অতিক্রামতি, তেভ্যঃ অধিকং ফলং প্রাপ্য মুচ্যতে ইত্যর্থঃ ॥ ৪৪ ॥

হি=যস্মাৎ, যে হেতু। পূর্ব্বাভ্যাসেন=প্রাগর্জ্জিতজ্ঞানসংস্কারেণ, পূর্ব্বজন্মার্জ্জিতজ্ঞান সংস্কার দ্বারা। অবশঃ অপি ক্রিয়তে=যোগজোপি সংস্কারোঽভিভূয়ত এব স্বয়মেব কার্য্যমারভতে, পূর্ব্বজন্মার্জ্জিত যোগের সংস্কার বশতঃ বিনা প্রযত্নে আপনিই যোগে রত হন। যোগস্য=মোক্ষসাধনজ্ঞানবিষয়স্য, মোক্ষসাধন জ্ঞানবিষয়ের। জিজ্ঞাসুঃ=জ্ঞাতু-মিচ্ছুঃ, আত্মতত্ত্বজ্ঞানের জিজ্ঞাসু অর্থাৎ অনুসন্ধানকারী। শব্দ ব্রহ্ম=(শব্দ+ব্রহ্মন্, শব্দাত্মক ব্রহ্ম অর্থাৎ বেদ) বেদোক্ত কর্ম্মানুষ্ঠান ফলং। অতিবর্ত্ততে=অতিক্রম্য তিষ্ঠতি, কর্ম্মাধিকারাতিক্রমেণ জ্ঞানাধিকারী ভবতি, কর্ম্মানুষ্ঠান না করিয়াও জ্ঞাননিষ্ঠা লাভ করেন। দরিদ্রজ্ঞাননিষ্ঠাসম্পন্ন ব্রাহ্মণের গৃহে জন্মগ্রহণ করিলে যোগসাধনের কোন বিঘ্ন তথায় উপস্থিত না থাকায় যোগভ্রষ্ট ব্যক্তি অনায়াসেই মোক্ষলাভ করিতে পারেন। কিন্তু যোগভ্রষ্ট ব্যক্তি শ্রীমন্ত মহারাজ চক্রবর্ত্তী ধনীদিগের কুলে জন্ম গ্রহণ করিলে তথায় ভোগ বিলাসের বহুবিধ সামগ্রী দ্বারা পরিবেষ্টিত হওয়ায় কিরূপে মুক্তিলাভ করিতে পারেন? অর্জ্জুনের এবংবিধ আশঙ্কা নিরাকরণমানসে অন্তর্য্যামী ভগবান্ এই শ্লোকের অবতারণা করিলেন। পূর্ব্বজন্মার্জ্জিত কার্য্যরাশি পরজন্মে এতই তীব্র শক্তি প্রকাশ করে যে ধনিগৃহে কামিনীকাঞ্চনদ্বারা পরিবেষ্টিত থাকিয়াও যোগভ্রষ্ট কর্ম্মকাণ্ডীয় বেদ লিখিত কর্ম্মানুষ্ঠান না করিয়াও কেবলমাত্র আত্মজ্ঞানের তত্ত্বানুসন্ধান করিয়াই জ্ঞাননিষ্ঠা লাভ করিয়া থাকেন। পূর্ব্বং অধ্যায়ে ইহাই প্রদর্শিত হইয়াছে কর্ম্মযোগের অনুষ্ঠান না করিয়া কোন ও ব্যক্তি জ্ঞাননিষ্ঠা সম্পন্ন হইতে পারেন না। কিন্তু যোগভ্রষ্ট ব্যক্তি বহু জন্মার্জ্জিত কর্ম্মফল দ্বারা ধনীদিগের কুলে জন্ম গ্রহণ করিয়া পুনরায় কর্ম্মানুষ্ঠান ব্যতিরেকে মোক্ষ সাধনোপায় জ্ঞাননিষ্ঠা লাভ করিয়া থাকেন ॥ ৪৪ ॥

44. This verse embodies an answer to an expected question of Arjuna to the following effect. Q.—"I admit that the unsuccessful Yogee who is incarnated in the family of a poor Brahman, has every reason to proceed safely in his upward career; but when he is born in the family of a rich man, how can he pursue his upward life, surrounded as he must be by all the blandishments of a voluptuous life?" Srikrishna replies. A.——"The training in previous life and the effects of deeds performed in it have such a powerful effect in moulding his character

প্রযত্নাদ্‌যতমানস্তু, যোগী সংশুদ্ধকিল্বিষঃ।
অনেকজন্মসংসিদ্ধঃ, ততো যাতি পরাং গতিম্‌ ॥ ৪৫ ॥

যোগী তু প্রযত্নাৎ যতমানঃ সংশুদ্ধকিল্বিষঃ (সন্‌) অনেকজন্মসংসিদ্ধঃ (ভূত্বা) ততঃ পরাং গতিং যাতি ॥ ৪৫ ॥

কিন্তু যে যোগী পূর্ব্ব প্রযত্নহইতেও অধিকতর প্রযত্ন করেন তিনি সর্ব্ব-পাপবিমুক্ত হইয়া, অনেক জন্ম পরম্পরায় সম্যক্‌ জ্ঞান লাভ করিয়া পরিশেষে শ্রেষ্ঠ স্থানে গমন করেন ॥ ৪৫ ॥

45. But the unsuccessful Yogee who pursueth the divine discipline with increased ardour, who is purified of all his sins and who through numerous births attaineth knowledge, eventually reacheth the supreme abode.

---

in his present life that without much effort, as if propelled by previous practice, he pursues his upward life and displays in the midst of trying temptations a high character for purity and nobleness of mind without going through the rituals prescribed in the spoken Vedas". The rituals referrd to include certain acts required for the purification of the mind.

স্বামী। যদা এবং মন্দপ্রযত্নঃ অপি যোগী পরাং গতিং যাতি তদা যঃ তু যোগী প্রযত্নাৎ উত্তরোত্তরং অধিকং যোগে যতমানঃ—যত্নং কুর্ব্বন্‌, যোগেন এব সংশুদ্ধকিল্বিষঃ—নির্ধূত-পাপঃ, সঃ অনেকেষু জন্মসু উপচিতেন যোগেন সংসিদ্ধঃ সম্যক্‌ জ্ঞানী ভূত্বা, ততঃ শ্রেষ্ঠাং গতিং যাতি ইতি কিং বক্তব্যং ইত্যর্থঃ ॥ ৪৫ ॥

প্রযত্নাৎ = পূর্ব্বকৃতপ্রযত্নাৎ, পূর্ব্বকৃতপ্রযত্নহইতে। যতমানঃ = প্রযত্নাতিরেকং কুর্ব্বন্‌, অধিকতর প্রযত্ন সহকারে। সংশুদ্ধকিল্বিষঃ = ধৌত জ্ঞানপ্রতিবন্ধক পাপমলঃ, তত্ত্বজ্ঞান প্রতিবন্ধকপাপ বিমুক্ত হইয়া। অনেকজন্মসংসিদ্ধঃ = অনেকেষু জন্মসু কিঞ্চিৎ কিঞ্চিৎ সংস্কারজাতং উপচিত্য তেনোপচিতেনানেকজন্মকৃতেন সংসিদ্ধঃ, একএক জন্মে কিছুং দিব্য সংস্কার সঞ্চয় করিয়া অনেক জন্ম পরে। ততঃ = সাধনপরিপাকাৎ, পুণ্য-ফলের পূর্ণ মাত্রা হইলে। পরাং গতিং যাতি = প্রকৃষ্টাং মুক্তিং প্রাপ্নোতি, শ্রেষ্ঠ মুক্তিলাভ করিয়া থাকেন। পূর্ব্বাভ্যাসবশতঃ বিনা প্রযত্নে কামিনীকাঞ্চনপরিবেষ্টিত হইয়াও ধনীদিগের গৃহে জন্ম লাভ করিয়াও যোগভ্রষ্ট কেবলমাত্র আত্মতত্ত্বজিজ্ঞাসু হইয়াই শব্দ ব্রহ্ম অতিক্রম করেন। কিন্তু যে যোগী পূর্ব্বপ্রযত্নহইতেও অধিকতর প্রযত্ন করিয়া যোগাভ্যাস করেন তিনি ধনীদিগের গৃহেই থাকুন বা দরিদ্রদিগের গৃহেই থাকুন অনেক-জন্মসুকৃত ফলে সম্যক্‌ জ্ঞানের পরিপাক হইলে অচিরাৎ মুক্তিলাভ করিয়া থাকেন। এই শ্লোকের "পরাং গতিং" শব্দের অর্থ বুঝা আবশ্যক। নিশ্চয়ার্থে উহার অর্থ শ্রেষ্ঠ

তপস্বিভ্যোঽধিকো যোগী, জ্ঞানিভ্যোঽপি মতোঽধিকঃ।
কর্ম্মিভ্যশ্চাধিকো যোগী, তস্মাদ্ যোগী ভবার্জ্জুন ॥ ৪৬ ॥

ভোঃ অর্জ্জুন! যোগী তপস্বিভ্যঃ অধিকঃ, জ্ঞানিভ্যঃ অপি অধিকঃ (মে) মতঃ, যোগী কর্ম্মিভ্যঃচ অধিকঃ, তস্মাৎ (ত্বং) যোগী ভব ॥ ৪৬ ॥

যোগী ব্যক্তি তপস্বিগণহইতে শ্রেষ্ঠ, আমার মতে জ্ঞানিগণহইতে ও শ্রেষ্ঠ এবং কর্ম্মিগণহহতে ও শ্রেষ্ঠ। অতএব তুমি সেই যোগী হও ॥ ৪৬ ॥

46. I consider the Yogee to be superior to ascetics, more exalted than men of knowledge, and higher than those who are devoted to good works. Therefore shouldst thou be a Yogee.

স্থান। আত্মা যে স্থানে গমন করিলে তাহার পুনর্জ্জন্ম কি বৃথা দেহ ধারণক্লেশ অনুভব করিতে হয় না ও যে স্থানে গমন করিলে আত্মা নির্ম্মল চিদানন্দ লাভ করেন তাহাকেই মুক্তি অথবা নির্ব্বাণ কহে ॥ ৪৫ ॥

45. Having dilated on the effect of previous practice, Srikrishna now speaks generally of all unsuccessful saints and says in effect that those who pursue Yog with increased fervour, no matter whether they are born in the houses of rich or poor men, are sure to obtain deliverance as the result of their previous deeds, because owing to virtuous deeds done in numerous births they are cleansed of all sins and owing to their having obtained the fullness of supreme knowledge gradually collected in numerous births.

The highest goal or supreme abode can only be attained by incessant efforts spread over a series of births. The entire freedom from sinful deeds and sinful thoughts, and the supreme knowledge gradually obtained by action, are the two principal means of reaching the supreme goal or *Nirvana.*

স্বামী ॥ যস্মাৎ এবং তস্মাৎ তপস্বিভ্যঃ ইতি। কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিতপোনিষ্ঠেভ্যঃ অপি, জ্ঞানিভ্যঃ শাস্ত্রবিজ্ঞানবিদ্ভ্যঃ অপি, কর্ম্মিভ্যঃ ইষ্টা পূর্ত্তাদি কর্ম্মকারিভ্যঃ, অপি যোগী শ্রেষ্ঠঃ মম অভিমতঃ তস্মাৎ ত্বং যোগী ভব ॥ ৪৬ ॥

যোগী = জীবন্মুক্তো যঃ স যোগী পরমো মতঃ ইতি প্রাগুপ্তঃ। তপস্বী = কৃচ্ছ্রচান্দ্রায়ণাদি তপঃপরায়ণঃ যাঁহারা কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি তপস্যা করিয়া থাকেন।

বিদ্যয়া তদারোহন্তি, যত্র কামাঃ পরাগতাঃ।
ন তত্র দক্ষিণা যান্তি, না বিদ্বাংসস্তপস্বিনঃ ॥ ইতি শ্রুতেঃ।

যোগিনা মপি সর্ব্বেষাং, মদ্গতেনান্তরাত্মনা।
শ্রদ্ধাবান্ ভজতে যো মাং, স মে যুক্ততমো মতঃ ॥ ৪৭ ॥
ইতি শ্রীমহাভারতে শত সাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং
ভীষ্মপর্ব্বণি শ্রীমদ্ভবদ্গীতাসূপনিষৎসু ব্রহ্মবিদ্যায়াং
যোগশাস্ত্রে শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে ধ্যান-যোগো
নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ ৬ ॥

যঃ শ্রদ্ধাবান্ মদ্গতেন অন্তরাত্মনা মাং ভজতে, সঃ সর্ব্বেষাং যোগিনাং অপি (মধ্যে) যুক্ততমঃ (ইতি) মে মতঃ ॥ ৪৭ ॥
ইতি শ্রীমদ্ভগবদ্গীতান্বয়ে ষষ্ঠে ঽধ্যায়ঃ ॥

যিনি শ্রদ্ধাযুক্ত হইয়া মদ্গত চিত্তদ্বারা আমাকে (পরমেশ্বরকে) উপাসনা করেন তিনিই আমার মতে সকল যোগী হইতে পরম শ্রেষ্ঠ ॥ ৪৭ ॥
বেদব্যাস প্রণীত শতসহস্র শ্লোকপূর্ণ ধর্ম্ম-শাস্ত্রে শ্রীমহাভারত গ্রন্থে ভীষ্মপর্ব্বাধ্যায়ে
বেদের শাখা স্বরূপ শ্রীমদ্ভগবদ্গীতায় শ্রীকৃষ্ণার্জ্জুন সংবাদে যোগশাস্ত্রে
ব্রহ্মবিদ্যায় ধ্যান-যোগ নাম ষষ্ঠাধ্যায় সমাপ্ত ॥

47. In my opinion he is superior to the Yogee who worshippeth me with his spirit full of faith towards Me.

HERE ENDETH BOOK VI OF THE BHAGABATH GITA CALLED THE BOOK OF THE RELIGION BY CONTEMPLATION.

জ্ঞানিভ্যঃ = পরোক্ষজ্ঞানবদ্ভ্যোঽপি মনো নাশ বাসনাক্ষয়াভাবাৎ জীবন্মুক্তেভ্যঃ, তত্ত্বজ্ঞান লাভ করিয়া যিনি মনঃ এবং বাসনা বিনষ্ট করিয়া জীবন্মুক্ত হইয়াছেন তাঁহারা জ্ঞানী। কর্ম্মিভ্যঃ = দক্ষিণাসহিতজ্যোতিষ্টোমাদি কর্ম্মানুষ্ঠায়িভ্যঃ, যাহারা অঙ্গের সহিত জ্যোতিষ্টোমাদি যাগ যজ্ঞ করিয়া থাকেন। তস্মাৎ = অতএব, তজ্জন্য। যোগী ভব = সাধন পরিপাকাৎ তাদৃশো যোগী ভব, সাধন কার্য্যের পরিপাক বশতঃ তাদৃশ যোগী হও। যোগী যে সর্ব্বশ্রেষ্ঠ তাহাই ভগবান্ এই শ্লোকে নির্দ্দেশ করিলেন। এই অধ্যায়ের দ্বাবিংশ শ্লোকে শ্রেষ্ঠ যোগী কাহাকে বলে তাহা নির্দ্দিষ্ট হইয়াছে। "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইহাই যোগের চরম সীমা। উক্ত অবস্থায় তুমি আমি কিছু মাত্র ভেদ থাকেনা, আব্রহ্মস্তম্ব-পর্য্যন্ত কোন একটী বিরাট দেহে সূক্ষ্ম রূপে পরমাত্মা অনুস্যূত রহিয়াছেন ইহা প্রতীয়মান হয়। কোন একটী বস্তুর সুখ বা দুঃখ, হইলে যোগীর নিজ দেহের সুখ ও দুঃখের ন্যায় বোধ হয় এইরূপ যোগী, তপস্বিগণ, কর্ম্মিগণ এবং জ্ঞানিগণ অপেক্ষা শ্রেষ্ঠ। তপস্যা ও কর্ম্মদ্বারা জ্ঞান লাভ হইয়া থাকে। জ্ঞানের চরম সীমায় আরোহণ করিলে জ্ঞানী যোগী হইয়া থাকেন ॥ ৪৬ ॥

46. The superior Yogee here alluded to has been explained in verse 32 of this Book. The reader is referred to the foot-notes of that verse.

স্বামী। যোগিনাং অপি যমনিয়মাদিপরাণাং মধ্যে মদ্ভক্তঃ শ্রেষ্ঠঃ ইতি আহ যাগিনাং অপি ইতি। মদ্গতেন—ময়ি আসক্তেন, অন্তরাত্মানা—মনসা, যঃ মাং—পরমেশ্বরং, শ্রদ্ধাযুক্তঃ সন্ ভজতে সঃ যোগযুক্তেভ্যঃ শ্রেষ্ঠঃ মম সম্মতঃ, অতঃ মদ্ভক্তঃ ভব ইতি ভাবঃ।

আত্মযোগ মবোচবদ্যঃ, ভক্তিযোগ শিরোমণিম্।
তং বন্দে পরমানন্দং, মাধবং ভক্ত সেবধিম ॥ ৪৭ ॥
ইতি শ্রীধর স্বামি কৃত টীকায়াং ধ্যান-যোগো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥

শ্রদ্ধাবান্—শ্রদ্ধধানঃ, মৎপ্রিয়ত্বেন ক্ষণমাত্র বিয়োগাসহনতয়া মৎপ্রাপ্তি প্রবৃত্তৌ, পরমাত্মা রূপী ভগবান্ শ্রীকৃষ্ণের প্রতি যাঁহার অবিচলিত ভক্তি। মদ্গতেনান্তরাত্মনা ময়ি বাসুদেবে সমাহিতান্তঃকরণেন, আমি বাসুদেব রূপী পরমাত্মা আমাতে যাহার অন্তঃকরণ সমাহিত। মাং=নারায়ণং ঈশ্বরং সগুণং নির্গুণং বা, সগুণ বা নির্গুণ ঈশ্বরকে। ভজতে=সেবতে, সততং চিন্তয়তি, সর্ব্বদা সেবা করেন। যুক্ততমঃ=সর্ব্বেভ্যঃ সমাহিত—চিত্তেভ্যো যুক্তেভ্যঃ শ্রেষ্ঠঃ সকল সমাহিতচিত্ত যোগীর মধ্যে শ্রেষ্ঠ। ভগবান্ ষষ্ঠঅধ্যায় উপসংহার কালে ভক্তিযোগের প্রাধান্য প্রদর্শন করিবার জন্য "ত্বং" পদার্থের ব্যাখ্যা শেষ করিয়া তৎপদার্থের ব্যাখ্যার সূচনা করিলেন। যে তিনটী স্তবকে গীতারত্ন প্রস্তুত হইয়াছে তন্মধ্যে ভগবান্ ভক্তি রূপ মহারত্ন মধ্য ষট্‌কে সংস্থাপিত করিয়া ভক্তির মাহাত্ম্য সম্যক্ রূপে প্রদর্শন করিলেন। গীতা "তত্ত্বমসি,, মহাবাক্যের বিস্তার। তৎ ত্বং অসি এই তিন পদের মধ্যে গীতার প্রথম ষট্‌কে ত্বং অর্থাৎ জীবাত্মা, দ্বিতীয় ষট্‌কে তৎ অর্থাৎ পরমাত্মা এবং তৃতীয় ষট্‌কে অসি অর্থাৎ হও ইহাই বর্ণিত হইল। ইহার মধ্যে তৎ অর্থাৎ ভক্তিযোগকে মধ্যে সংস্থাপিত করিয়া ত্বং এবং অসি অর্থাৎ কর্ম্মযোগ এবং জ্ঞান যোগকে উভয় পার্শ্বে সন্নিবিষ্ট করিয়া পরম কারুণিক ভগবান্ শ্রীকৃষ্ণ লোকের পরিত্রাণ জন্য তৃতীয় স্তবকে এই মহারত্ন সংঘটিত করিলেন ॥ ৪৭ ॥

ইতি গীতার্থ প্রবোধ নামক বাঙ্গালা ভাষ্যের ষষ্ঠ অধ্যায় সমাপ্ত ॥ ৬ ॥

47. Srikrishna concludes the sixth Book by placing the "man of Faith" above all. He who has full faith in God, who never thinks of his self, who worships God in all his external manifestations and whose heart is full of the divine spirit (of God) is greater than a Yogee. Here ends the first canto of this celestial song which is composed of three cantoes, each canto containing six Books. The second canto com-

mencing with Book seventh will dwell on "what is God." This last verse therefore gives a hint of the subject of the next canto. The arrangement of the cantoes is exceedingly beautiful. The song has been compared to a basket having three compartments. Faith or "*Bhakti*" is placed in the middle, while action (কর্ম্ম) and knowledge (জ্ঞান) have been placed on the two sides. The first canto ends with discussion on what man is.

HERE ENDS BOOK VI OF THE ENGLISH COMMENTARY ON BHAGABATH GITA.